৪। মন্ত্রণালয়/ বিভাগসমূহ তাহাদের আর্থিক ক্ষমতার মধ্যে যতটুকু সঙ্গত বিবেচনা করিবে ততটুকু সংযুক্ত বিভাগ, অধিদপ্তর ও অধঃস্তন অফিসসমূহকে অর্পণ করিতে পারিবে। সকল সরকারি অফিসে পুনঃক্ষমতা অর্পণের ক্ষেত্রে সমরূপতা (Uniformity) আনয়নের উদ্দেশ্যে অর্থ বিভাগ কর্তৃক পুনঃক্ষমতা অর্পণের (Sub-delegation) একটি নতুন নমুনা (Model) অর্থ বিভাগের ৭-৩-২০০০ খ্রিস্টাব্দ তারিখের অম/ অবি/ ব্যঃনিঃ-১/ ডিপি-১/ ২০০০/ ৬৩ নম্বর স্মারক অনুযায়ী জারি করা হইয়াছে। ইহার আলোকে মন্ত্রণালয়/ বিভাগসমূহ পুনঃক্ষমতা অর্পণ করিতে পারিবে।

৫। সময় সময় পরিবর্তন সাপেক্ষে ফান্ডামেন্টাল ও সাপ্লিমেন্টারী রুলস, জেনারেল ফিন্যান্সিয়াল রুলস, ট্রেজারি রুলস ইত্যাদির আওতায় মন্ত্রণালয়/ বিভাগসমূহকে যে আর্থিক ক্ষমতা অর্পণ করা হইয়াছে তাহারা উহ প্রয়োগ করিতে থাকিবে।

৬। সংযোজিত তালিকায় বর্ণিত বিষয়াদি ব্যতীত প্রচলিত নিয়ম/ পদ্ধতি অনুযায়ী যে সকল বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের সহিত পরামর্শ করিবার আবশ্যকতা রহিয়াছে সেই সকল বিষয় অর্থ বিভাগে প্রেরণ না করিয়া প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সহিত পরামর্শ করিবে।

৭। অর্পিত ক্ষমতার আওতাভুক্ত সকল বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগ সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মঞ্জুরি আদেশ জারি করিবে। উক্ত আদেশে নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে:

ক) এই অফিস স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতার আওতায় মঞ্জুরি আদেশ জারি করা হইয়াছে; এবং

খ) অনুমোদিত বাজেটে এতদুদ্দেশ্যে অর্থ বরাদ্দ রাখা হইয়াছে এবং উহা থোক বরাদ্দ আকারে রাখা হয় নাই। এইরূপ ক্ষেত্রে মঞ্জুরি আদেশ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করিবার প্রয়োজন হইবে না।

৮। সংযোজিত তালিকায় অন্তর্ভুক্ত সংলগ্নীর আইটেমসমূহের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগসমূহ কর্তৃক জারিকৃত মঞ্জুরি আদেশসমূহ অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কিত হওয়ার পর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর প্রেরণ করিতে হইবে।

৯। বাজেটে অর্থ বরাদ্দ করা হয় নাই অথবা বাজেটে যে অর্থ বরাদ্দ করা হইয়াছে তাহা অপর্যাপ্ত হইলে এইরূপ ক্ষেত্রে অতিরিক্ত অর্থ দাবীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিবার সময় অর্থ বিভাগের ৭-৩-২০০০ খ্রিস্টাব্দ তারিখের অম/ অবি/ ব্যঃনিঃ-১/ ডিপি-১/ ২০০০/ ৬২ নম্বর পরিপত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১০। এই অফিস স্মারকের মাধ্যমে প্রদত্ত আর্থিক ক্ষমতা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

সংযুক্তি: বর্ণনামতে।

ড. আকবর আলি খান
সচিব
অর্থ বিভাগ।

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/২০০০/৬৪(৭০০০)

তারিখ: ৭-৩-২০০০ ইং / ২৪-১১-১৪০ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

ফিরোজ আহমেদ
উপ-সচিব (ব্যঃ নিঃ)
অর্থ বিভাগ।

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
২) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩) সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ
৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫) মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৬) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৭) মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রীগণের একান্ত সচিব
৮) অর্থ বিভাগের সকল শাখা।

সংলগ্নী

## অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াদির তালিকা

১। সংশ্লিষ্ট অর্থ বৎসর বহির্ভূত যে কোন আর্থিক অঙ্গীকার।

২। বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব।

৩। অনুমোদিত বাজেট সুনির্দিষ্টভাবে বরাদ্দ নাই এইরূপ অনাবর্তক ব্যয়ের প্রস্তাব।

৪। ক) শ্রেণীবিন্যাস চার্টের সংজ্ঞা অনুসারে অর্থনৈতিক কোডের বেতন ও ভাতা শ্রেণী হইতে অন্য অর্থনৈতিক শ্রেণীতে পুনঃউপযোজন।

খ) এক দায়যুক্ত ব্যয় হইতে দায়যুক্ত নয় এমন ব্যয়ে অথবা অপর দায়যুক্ত ব্যয়ে পুনঃউপযোজন।

৫। ক) পদ সৃষ্টি।

খ) অস্থায়ী পদ সংরক্ষণ।

গ) পদের বেতনক্রম, মর্যাদা/ পদবীর পরিবর্তন।

ঘ) পদ স্থায়ীকরণ।

ঙ) ওয়ার্কচার্জড/ কন্টিনজেন্ট কর্মচারীদের নতুন নিয়োগ অথবা নিয়মিত প্রতিষ্ঠানে আনায়ন।

৬। বাজেটে সুনির্দিষ্টভাবে বরাদ্দ নাই এইরূপ সকল পূর্ত কাজের জন্য নতুন ব্যয়ের প্রস্তাব।

৭। প্রাক-স্বাধীনতাকালের আর্থিক দাবী।

৮। সময় বিশেষে সম্পাদিত কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে ২৫০০/- টাকার ঊর্ধ্বে অথবা একই বৎসরে এক বারের অধিক সম্মানী প্রদান।

৯। বেতন ও ভাতাদি, ভ্রমণ ও বদলি সংক্রান্ত ব্যয়, ভবিষ্য তহবিল, পেনশন ও আনুতোষিক নিয়ন্ত্রণকারী বিধিবিধান ও অন্যান্য আর্থিক বিধিবিধান সম্বলিত আদেশসমূহ ইত্যাদির ব্যাখ্যা।

১০। বেতন ও ভাতাদি সম্পর্কিত চাকরির শর্তাদির পরিবর্তন।

১১। কর, শুল্ক, ফি, সেস আরোপ সংক্রান্ত প্রস্তাবসহ সরকারি প্রাপ্তির উপর প্রভাব ফেলে এমন যে কোন প্রস্তাব।

১২। প্রাথমিক নিয়োগের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রযোজ্য বর্ধিত বেতন ব্যতীত আগাম বর্ধিত বেতন মঞ্জুর।

১৩। বাজেট বরাদ্দ বহির্ভূত অনুদান মঞ্জুর।

১৪। স্থায়ী অগ্রিম বা ইমপ্রেস্ট বহির্ভূত ৩০ (ত্রিশ) হজার টাকার অতিরিক্ত অগ্রিম উত্তোলন।

১৫। বাজেট বরাদ্দ এবং মুদ্রণ, লেখ সামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট সামগ্রীর অপ্রাপ্যতা সনদ প্রাপ্তি সাপেক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) হাজার টাকার মনোহারী দ্রব্যাদি স্থানীয়ভাবে ক্রয়।

১৬। মিটিং/ কনফারেন্স/ প্রশিক্ষণ কোর্সের প্রতিটি অনুষ্ঠানে হাল্কা আপ্যায়নের জন্য জনপ্রতি ১২ (বার) টাকা এবং মোট ৬০০/- (ছয়শত) টাকার অধিক ব্যয়।

১৭। জালিয়াতি, গাফিলতি অথবা অন্যান্য কারণে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক অনাদেয় ক্ষতি অবলোপন।

১৮। সরকারি কর্মচারীকে প্রদত্ত অনাদেয় ঋণ/ অগ্রিম এবং/ অথবা ঋণ/ অগ্রিমের অর্জিত সুদ অবলোপন।

১৯। ক) বিদেশে সরকারিভাবে ভ্রমণকারী কেবিনেট মন্ত্রী কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ২০০ (দুইশত) মার্কিন ডলারের অধিক ব্যয়।

খ) বিদেশে সরকারিভাবে ভ্রমণকালে প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৪০০ (চারশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ১৫০ (একশত পঞ্চাশ) মার্কিন ডলারের অধিক ব্যয়।

গ) প্রতিনিধি দলের প্রধান হিসাবে সচিব/ ভারপ্রাপ্ত সচিব কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৩০০ (তিনশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ১০০ (একশত) মার্কিন ডলারের অধিক ব্যয়।

২০। বিদেশে নিয়োজিত সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের ভাতাদি নির্ধারণ।

২১। আর্থিক সংশ্লেষ সম্বলিত বিষয়াবলী, বিশেষতঃ দ্বিপাক্ষিক/ আন্তর্জাতিক সমঝোতা স্মারক/ চুক্তি/ ট্রিটি সম্পাদন, আমদানী ও রপ্তানী নীতি প্রণয়ন, বিনিয়োগ নীতি প্রণয়ন, মূল্যনীতি প্রণয়ন, শ্রম নীতি প্রণয়ন, বৈদেশিক কর্ম সংস্থান নীতি ও শুল্ক নীতি নির্ধারণ।

২২। মন্ত্রণালয়/ বিভাগ/ ডিপার্টমেন্ট/ ডাইরেক্টরেটের অধীনস্থ অফিসসমূহের হিসাব সংকলন পদ্ধতির পরিবর্তন।

২৩। ঋণ সংগ্রহ (Floation of Loan) সংক্রান্ত যাবতীয় বিষয়।

২৪। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাজেট বহির্ভূত আর্থিক সংশ্লেষ সম্বলিত অন্য যে কোন বিষয়।

২৫। অর্থ বিভাগের সাথে পরামর্শক্রমে থোক বরাদ্দের ব্যবহার সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত না হওয়া পর্যন্ত এরূপ বরাদ্দের বিভাজন অনুমোদন।

২৬। সরকারি কার্যবিধিমালায় বর্ণিত প্রকৃত অথবা সম্ভাব্য সরকারি রাজস্বের পরিত্যাগ, মওকুফ বা রাজস্ব ধার্যকরণ (Assignment of revenue) কিংবা ইহার বিপরীতে অঙ্গীকার প্রদান।

২৭। জেনারেল ফাইন্যান্সিয়াল রুলস (জিএফআর) ট্রেজারি রুলস এন্ড সাবসিডিয়ারী রুলসসহ অর্থ ব্যয় সংক্রান্ত প্রচলিত বিধি-বিধানসমূহ শিথিল করিবার প্রয়োজন আছে এমন অর্থ ব্যয়ের প্রস্তাব।

# আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ
## (Sub-Delegation of Financial Powers)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/২০০০/৬৩

তারিখ: ৭-৩-২০০০ খ্রিঃ / ২৪-১১-১৪০৬ বঃ

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগের অধীন Attached Department এবং অধঃস্তন অফিসের প্রধানকে অধিকতর ক্ষমতা Sub-delegation প্রদান সম্পর্কিত।**

সরকারের বাজেট ও হিসাব পদ্ধতিতে নতুন শ্রেণীবিন্যাস প্রবর্তনসহ অর্থ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ সংস্কার কার্যক্রম বাস্তবায়নের ফলে আর্থিক ক্ষমতার Sub-delegation এ পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। বিভাগীয় প্রধান ও অধঃস্তন অফিসের প্রধানকে প্রশাসনিক কার্যসম্পাদনে ইতোপূর্বে যে পরিমাণ আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে অধিকাংশ ক্ষেত্রেই তাহা বর্তমানে অপর্যাপ্ত বলিয়া প্রতীয়মান হইতেছে। তাই সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাহাতে প্রশাসনিক কার্যক্রম অধিকতর স্বাধীনতার সঙ্গে দ্রুত সম্পাদন করিতে পারেন, সেই উদ্দেশ্যে ২৯শে জুলাই ১৯৮৫ তারিখের ও.এম. নং এমএফ (ইসি-১) ডিপি-৪/ ৮৫/ ১৫৮ নং স্মারকটি বাতিলক্রমে এতদসঙ্গে যুক্ত আর্থিক ক্ষমতার Sub-delegation মডেলটি জারি করা হইল।

২। বাতিলকৃত উপরিউক্ত Sub-delegation মডেলের ন্যায় নতুন মডেলটিতে মন্ত্রণালয়/ বিভাগের অধীন (Attached Department) এবং অধঃস্তন অফিসসমূহের প্রধানকে সুনির্দিষ্ট আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে। অধঃস্তন অফিসসমূহের প্রধানকে ক্যাটাগরি-১, ক্যাটাগরি-২, ক্যাটাগরি-৩ এই ৩টি শ্রেণীতে ভাগ করা হইয়াছে। বিভাগীয়/ আঞ্চলিক পর্যায়ের অফিসমূহ ক্যাটাগরি-১, জেলা পর্যায়ের অফিসসমূহ ক্যাটাগরি-২, উপজেলা/ থানা পর্যায়ের অফিসসমূহ ক্যাটাগরি-৩ পর্যায়ের অন্তর্ভুক্ত হইবে। শুধুমাত্র আর্থিক ক্ষমতা প্রয়োগের উদ্দেশ্যে এইরূপ শ্রেণী নির্ধারণ করা হইয়াছে। ইহার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তার পদমর্যাদার (Status) কোন সম্পর্ক নাই।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ এই মডেল অনুসরণপূর্বক উহার অধীন বিভাগীয় প্রধান এবং অধঃস্তন অফিস প্রধানের মধ্যে আর্থিক ক্ষমতা অর্পণ করিয়া আদেশ জারি করিবেন। এই আদেশের কপি মহা হিসাব নিয়ন্ত্রক, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে। প্রয়োজনবোধে কোন কর্মকর্তা কোন্ ক্যাটাগরিভুক্ত হইবেন তাহা উল্লেখপূর্বক আদেশ জারি করিবেন।

৪। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, সরকারি বিশেষ আদেশ বলে ইতোমধ্যে যে সমস্ত কর্মকর্তাকে বিশেষ আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে তাঁহারা উহা যথারীতি প্রয়োগ করিবেন। তবে সংযোজিত মডেলে প্রদর্শিত কোন আইটেমের আর্থিক ক্ষমতা যদি বিশেষ আদেশে প্রদত্ত ঐ আইটেমের ক্ষমতার চাইতে বেশী হয় সেই ক্ষেত্রে এই মডেলে প্রদর্শিত ক্ষমতা সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োগ করিতে পারিবেন।

৫। Sub-delegation আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে যে, মডেলে বর্ণিত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা পূর্ণ ক্ষমতাবান। তবে এই ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, সরকারি আদেশ/ নির্দেশ যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট আইটেমের অনুকূলে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ থাকিতে হইবে।

৬। অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিম্নোক্ত বিষয়সমূহ সম্পর্কেও সতর্কতা অবলম্বন করিতে হইবে:

ক) যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে ঠিক সেই উদ্দেশ্যেই উহা ব্যয় করিতে হইবে।

খ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, সরকারি/ আদেশ/ নির্দেশ ইত্যাদি কঠোরভাবে অনুসরণ করিতে হইবে। এই ক্ষেত্রে লক্ষ্য রাখিতে হইবে যে, কোন ক্ষেত্রেই যেন প্রকৃত প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় করা না হয়।

গ) বাজেটে বিভিন্ন আইটেম/ কোডের অনুকূলে বরাদ্দকৃত অর্থের মধ্যেই প্রকৃত ব্যয় সীমাবদ্ধ রাখিতে হইবে।

ঘ) অর্থ মন্ত্রণালয়ের পূর্বসম্মতি ব্যতীত বার্ষিক/ সম্পূরক বাজেটে প্রাপ্তির প্রত্যাশায় কোন ব্যয় করা যাইবে না।

ঙ) সকল শ্রেণীর প্রাপ্তি ও ব্যয় সঠিকভাবে শ্রেণীবিন্যাসপূর্বক যথাযথ হিসাব কোডের অধীনে দেখাইতে হইবে।

চ) প্রত্যেক মাসের শেষে সংশ্লিষ্ট অডিট অফিসের সঙ্গে আয়-ব্যয়ের হিসাব সমন্বয় করিতে হইবে।

ছ) অডিট আপত্তি দ্রুততার সঙ্গে নিষ্পত্তি করিতে হইবে; এবং

জ) অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে হিসাব ও আর্থিক বিবরণী/ রিপোর্টসমূহ নির্ভুলভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করিতে হইবে।

৭।   এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

সংযুক্তি: আর্থিক ক্ষমতার Sub-delegation এর নতুন মডেল।

ড. আকবর আলি খান
সচিব
অর্থ বিভাগ।

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/২০০০/৬৩(৭০০০)

তারিখ: ৭-৩-২০০০ খ্রিঃ / ২৪-১১-১৪০৬ বঃ

---------------------------------------------
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

ফিরোজ আহমেদ
উপ-সচিব (ব্যঃ নিঃ)
অর্থ বিভাগ।

বিতরণ:

১)   মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
২)   মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩)   সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ
৪)   চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫)   সকল বিভাগীয় প্রধান।
৬)   মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৭)   মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৮)   মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রীগণের একান্ত সচিব।
৯)   অর্থ বিভাগের সকল শাখা।

## আর্থিক ক্ষমতা Sub-delegation এর নতুন মডেল

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | অস্থায়ী পদ সৃষ্টি | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ২। | পদ বিলুপ্তিকরণ | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩। | বাজেট বরাদ্দের পুনঃউপযোজন | একই অর্থনৈতিক কোড রেঞ্জের মধ্যে পুনঃউপযোজন করা যাইবে। তবে শর্ত থাকে যে,<br>ক) বেতন কোড হইতে অন্য কোন কোডে পুনঃউপযোজন করা যাইবে না;<br>খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে পুনঃউপযোজন সীমিত রাখিতে হইবে;<br>গ) পরবর্তী অর্থ বৎসরে একই ব্যয়ের পুনরাবৃত্তির সম্ভাবনা রহিয়াছে এমন কোন ক্ষেত্রে পুনঃউপযোজন করা যাইবে না। | শূন্য | শূন্য | শূন্য |
| ৪। | অনুন্নয়ন বাজেটে নতুন পূর্ত কাজের চুক্তি অনুমোদন/ সম্পাদন | প্রতি ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকা | প্রতি ক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা | শূন্য | শূন্য |
| ৫। | অনুন্নয়ন বাজেটে অন্যান্য নতুন ব্যয়ের প্রশাসনিক অনুমোদন | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে ২.০০ লক্ষ টাকা | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে ৫০ হাজার টাকা | শূন্য | শূন্য |
| ৬। | সরকারি সম্পত্তির নিষ্পত্তি:<br>ক) ব্যবহারের অযোগ্য/ পরিত্যক্ত ভবন বিক্রয়/ ভাঙ্গিয়া ফেলা/ ধ্বংস করা | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| | খ) সম্পত্তি ব্যবহারের অযোগ্য ঘোষণা | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত। | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৫০ হাজার টাকা পর্যন্ত। | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৩০ হাজার টাকা পর্যন্ত। | শূন্য |
| | গ) ব্যবহারের অযোগ্য দ্রব্য সামগ্রী বিক্রয়। | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ৫০ হাজার টাকা পর্যন্ত | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২৫ হাজার টাকা পর্যন্ত |
| | ঘ) সরকারি ভূমি ইজারা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২০ হাজার টাকা পর্যন্ত। |
| | ঙ) ক্যান্টিন ইজারা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ১০ হাজার টাকা পর্যন্ত। |
| | চ) অন্যান্য ভাড়া ইজারা আদায়। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২০ হাজার টাকা পর্যন্ত। |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭। | জালিয়াতি/ গাফিলতি, চুরি অথবা অন্যান্য কারণে ভান্ডার বা সরকারি অর্থের অনাদেয় মূল্য অবলোপন। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৩০ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ১০ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৫ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ২৫০০/- টাকা পর্যন্ত। |
| ৮। | আপীল দাখিলের প্রস্তাবনা নাই এইরূপ ক্ষেত্রে আদালতের রায়/ আদেশ অথবা প্রচলিত বিধি অনুযায়ী অর্থ প্রত্যার্পণ আদেশ প্রদানের ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | শূন্য |
| ৯। | সরকারি কর্মকর্তা/ কর্মচারীর স্বাধীনতা পূর্ব দাবীসমূহ ছাড়া বকেয়া দাবী অনুসন্ধানের ক্ষমতা। | বিভাগীয় প্রধানের স্বীয় দাবী ব্যতীত অনধিক ১৫ বৎসরের বকেয়া দাবীসমূহ। | দপ্তর প্রধানের স্বীয় দাবী ব্যতীত অনধিক ৬ বৎসরের বকেয়া দাবীসমূহ। | দপ্তর প্রধানের স্বীয় দাবী ব্যতীত অনধিক ৩ বৎসরের বকেয়া দাবীসমূহ। | শূন্য |
| ১০। | সরবরাহ ও সেবার আওতাধীন (অর্থনৈতিক কোড ৪৮০০-৪৮৯৯ এর আওতায়) আইটেম ব্যয়ের মঞ্জুরী। | | | | |
| | ক) কোন আইটেমে সুনির্দিষ্ট বরাদ্দ থাকিলে | প্রচলিত আর্থিক বিধি-বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | প্রচলিত আর্থিক বিধি-বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | প্রচলিত আর্থিক বিধি-বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | প্রচলিত আর্থিক বিধি-বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| | খ) কোন আইটেমে সুনির্দিষ্ট বরাদ্দ না থাকিলে | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিভাজনে অনুযায়ী এবং প্রচলিত বিধি-বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিভাজনে অনুযায়ী এবং প্রচলিত বিধি | বিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিভাজনে অনুযায়ী এবং প্রচলিত বিধি |
| ১১। | মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসনের আওতাধীন আইটেমসমূহের ব্যয় মঞ্জুরী:<br>ক) সরকারি যানবাহন মেরামত। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে বৎসরে ১টি যানবাহনের ক্ষেত্রে অনূর্ধ্ব ৫০ হাজার টাকা। তবে শর্ত থাকে যে,<br>১) সরকারি যানবাহন কারখানা কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে যে, তাহারা উক্ত মেরামত করিতে অসমর্থ<br>২) এতদসংশ্লিষ্ট প্রচলিত বিধিবিধান ও সরকারি আদেশ নির্দেশ অনুসরণ করিতে হইবে<br>৩) উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী এড়াইবার উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাইবে না। | কলাম-৩ এর (২) ও (৩) এর শর্ত পালন সাপেক্ষে অনূর্ধ্ব ২৫ হাজার টাকা | কলাম-৩ এর (২) ও (৩) এর শর্ত পালন সাপেক্ষে অনূর্ধ্ব ১৫ হাজার টাকা | কলাম-৩ এর (২) ও (৩) এর শর্ত পালন সাপেক্ষে অনূর্ধ্ব ১০ হাজার টাকা |
| | খ) যন্ত্রপাতি, ইকুইপমেন্ট, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র মেরামত। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে অনূর্ধ্ব ১৫০০/- টাকা। |
| | গ) বাইসাইকেল মেরামত। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা |
| | ঘ) ভাড়া করা ভবন/ রিকুইজিশন করা ভবন মেরামত। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, ভাড়ার চুক্তি/ রিকুইজিশন আইন অনুযায়ী মেরামতের দায়িত্ব সরকার কর্তৃক বহনযোগ্য হইতে হইবে। | কলাম-৩ এর শর্তে অনধিক ২৫০০/- টাকা | কলাম-৩ এর শর্তে অনধিক ১৫০০/- টাকা | শূন্য |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২। | মূলধন ব্যয়ের অধীন আইটেমসমূহের ব্যয়ের মঞ্জুরি/ অনুমোদন: | | | | |
| | ক) যানবাহন ক্রয় | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| | খ) পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ অফিস সরঞ্জামাদি/ আসবাবপত্রের ক্রয় চুক্তি অনুমোদন। | এককালীন ৫০ হাজার টাকা পর্যন্ত। নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকিতে হইবে<br>২) রেগুলেশন ২০০৩, এর বাস্তবায়ন প্রসিডিউর, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন প্রসিডিউর এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে<br>৩) উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাইবে না। | এককালীন ১৫০০০ টাকা পর্যন্ত কলাম-৩ এর শর্ত সাপেক্ষে | এককালীন ১০০০০ টাকা পর্যন্ত কলাম-৩ এর শর্ত সাপেক্ষে | এককালীন ৫০০০ টাকা পর্যন্ত কলাম-৩ এর শর্ত সাপেক্ষে |
| | গ) কম্পিউটার/ কম্পিউটার সফটওয়্যার/ কম্পিউটার যন্ত্রাংশ ক্রয়। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, ভাড়ার চুক্তি/ রিকুইজিশন আইন অনুযায়ী মেরামতের দায়িত্ব সরকার কর্তৃক বহনযোগ্য হইতে হইবে। | ৩ নং কলামে-উল্লেখিত শর্ত পালন সাপেক্ষে অনধিক ২০ হাজার টাকা | ৩ নং কলামে-উল্লেখিত শর্ত পালন সাপেক্ষে অনধিক ১০ হাজার টাকা | শূন্য |
| | ঘ) বাইসাইকেল ক্রয়। | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, ভাড়ার চুক্তি/ রিকুইজিশন আইন অনুযায়ী মেরামতের দায়িত্ব সরকার কর্তৃক বহনযোগ্য হইতে হইবে। | ৩ নং কলামে-উল্লেখিত শর্তাবলী পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | ৩ নং কলামে-উল্লেখিত শর্তাবলী পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | শূন্য |
| ১৩। | সাহায্য, মঞ্জুরির আওতাধীন আইটেমসমূহের ব্যয় মঞ্জুরী:<br>ক) বৃত্তি প্রদান। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| | খ) অনুদান মঞ্জুরি (Grant-in-Aid) | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ১৪। | কোন পদে টাইম স্কেলে নিয়োগপ্রাপ্ত অফিসিয়েটিং সরকারি কর্মকর্তা/ কর্মচারীর প্রারম্ভিক বেতন নির্ধারণ। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ১৫। | বিভাগীয় পরীক্ষা সংশ্লিষ্ট কাজের জন্য বিধি অনুসারে সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে সম্মানী প্রদান। | অনূর্ধ্ব ১,০০০/-টাকা | শূন্য | শূন্য | শূন্য |
| ১৬। | ফি সংশ্লিষ্ট কাজে নিযুক্তির মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, কোন একক ক্ষেত্রে ১,০০০/- টাকা এবং বৎসরে ২,০০০/- টাকার অধিক হইবে না। | শূন্য | শূন্য | শূন্য |
| ১৭। | ভ্রমণ ভাতা বিল দাখিলের নির্ধারিত সময়সীমা শিথিল। | অগ্রিম নেওয়া না হইলে পূর্ণ ক্ষমতা। অগ্রিম নেওয়া হইলে ভ্রমণের১২ মাসের মধ্যে উত্তোলিত অগ্রিম সমন্বয় করিতে হইবে। অন্যথায় অগ্রিম আদায়যোগ্য হইবে। | ৩নং কলামে উল্লেখিত শর্তাবলী পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | শূন্য | শূন্য |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৮। | বাসস্থানের অভাব, ছেলে-মেয়েদের লেখা-পড়া চিকিৎসাগত অথবা মানবিক কারণে বদলিকৃত স্থানে বদলির ৬ মাসের মধ্যে যোগদান করিতে না পারিলে সেই ক্ষেত্রে ভ্রমণ ভাতা বিল দাখিলের সময়সীমা শিথিল। | অনূর্ধ্ব এক বছর। তবে শর্ত থাকে যে,<br>১) বাসস্থানের অভাব, ছেলে-মেয়েদের লেখা-পড়া, চিকিৎসাগত অথবা মানবিক কারণে পরিবারকে স্থানান্তর করিতে অসমর্থ হইলে,<br>২) অগ্রিম উত্তোলনের ৬ মাসের মধ্যে ফেরৎ প্রদান করিলে | ৩ নং কলামের অনুরূপ | শূন্য | শূন্য |
| ১৯। | বদলিকৃত কর্মকর্তা/ কর্মচারীর বদলিকৃত কর্মসহলে পরিবারের কোন সদস্যের যোগদানের সময়সীমা ১মাস শিথিল। | পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, বদলিল আদেশ জারির পর সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর পরিবারকে বদলিকৃত স্থানে ভ্রমণ করিতে হইবে। | ৩ নং কলামের অনুরূপ | শূন্য | শূন্য |
| ২০। | সরকার কর্তৃক গঠিত কমিশন/ কমিটির বেসরকারি সদস্য ও বিদেশী বিশেষজ্ঞদের ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতার মঞ্জুরী। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ২১। | যোগাযোগ ব্যবস্থার বিচ্ছিন্নতার কারণে কোথাও অবস্থানে বাধ্য হইলে সেই ক্ষেত্রে দৈনিক ভাতা মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | শূন্য |
| ২২। | নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে অনূর্ধ্ব এক বৎসরের অসাধারণ ছুটির মঞ্জুরি। | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা। তবে এই ক্ষেত্রে তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে হইবে। | শূন্য | শূন্য |
| ২৩। | চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর ছুটি মঞ্জুরি | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ২৪। | বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুরি। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ২৫। | বিভিন্ন প্রকার ভবিষ্য তহবিল **(Provident Fund)** হইতে সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে অগ্রিম মঞ্জুরি। | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা। তবে এই ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান ও সরকারি আদেশ/ নির্দেশ পালন করিতে হইবে। | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা। তবে এই ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান ও সরকারি আদেশ/ নির্দেশ পালন করিতে হইবে এবং তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে হইবে। | ৪নং কলামের অনুরূপ। | ৪নং কলামের অনুরূপ। |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২৬। | নির্দিষ্ট সময় পর্যন্ত ভবিষ্য তহবিল হইতে উত্তোলিত অগ্রিম আদায় স্থগিতের অনুমতি। | স্বীয় ব্যতীত অনূর্ধ্ব ২ বছরের জন্য একটি মাত্র অগ্রিম আদায় স্থগিতের ক্ষমতা। | স্বীয় ব্যতীত অনূর্ধ্ব ১ বছরের জন্য একটি মাত্র অগ্রিম আদায় স্থগিতের ক্ষমতা। | শূন্য | শূন্য |
| ২৭। | যানবাহন ক্রয় অগ্রিম উত্তোলনের এক মাসের মধ্যে যানবাহন ক্রয়ের সময় সীমা শিথিল। | অনূর্ধ্ব তিন মাস পর্যন্ত সময়সীমা বৃদ্ধির পূর্ণ ক্ষমতা। | অনূর্ধ্ব দুই মাস পর্যন্ত সময়সীমা বৃদ্ধির পূর্ণ ক্ষমতা। | অনূর্ধ্ব এক মাস পর্যন্ত সময়সীমা বৃদ্ধির পূর্ণ ক্ষমতা। | শূন্য |
| ২৮। | মৃত সরকারি কর্মকর্তা/ কর্মচারীর পরিবারের সদস্যদেরকে উত্তরাধিকার সনদপত্র এবং অপ্রাপ্ত বয়স্ক উত্তরাধিকারীর ক্ষেত্রে অভিভাবকত্বের সনদপত্র দাখিল সাপেক্ষে ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত অর্থ প্রদানের ক্ষমতা অর্পণ। | প্রত্যেকের হিস্যাব পরিমাণ অনূর্ধ্ব ৫০০০/- টাকা হইলে ক্ষতিপূরণ মুচলেকা (Indemnity Bond) দাখিল সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | প্রত্যেকের হিস্যা পরিমাণ অনূর্ধ্ব ৩০০০/- টাকা হইলে ক্ষতিপূরণ মুচলেকা (Indemnity Bond) দাখিল সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | প্রত্যেকের হিস্যার পরিমাণ অনূর্ধ্ব ২০০০/- টাকা হইলে ক্ষতিপূরণ মুচলেকা (Indemnity Bond) দাখিল সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | প্রত্যেকের হিস্যাব পরিমাণ অনূর্ধ্ব ১০০০/- টাকা হইলে ক্ষতিপূরণ মুচলেকা (Indemnity Bond) দাখিল সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। |
| ২৯। | বৈধ উত্তরাধিকারী নির্ধারণের প্রশ্নে | আইন মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ। | শূন্য | শূন্য |
| ৩০। | চাকরির ধারাবাহিকতার ঘাটতি প্রমার্জন। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩১। | পেনশনের জন্য চাকরির ঘাটতি প্রমার্জন। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩২। | বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত আর্থিক মঞ্জুরি। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩৩। | স্থায়ী/ অস্থায়ী সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে ঋণ/ অগ্রিম প্রদান। | বাজেটে বরাদ্দ থাকা সাপেক্ষে স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা।<br>তবে শর্ত থাকে যে,<br>১) তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে হইবে<br>২) এই ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান ও সরকারি আদেশ/ নির্দেশ পালন করিতে হইবে। | শূন্য | শূন্য | শূন্য |
| ৩৪। | একই সাথে একাধিক পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/ কর্মচারীকে দায়িত্ব ভাতা মঞ্জুরি। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩৫। | পেনশন মঞ্জুরি। | নিরীক্ষা অফিসের রিপোর্ট সাপেক্ষে স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা।<br>এই ক্ষেত্রে তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে হইবে। | ৩নং কলামের অনুরূপ। | ৩নং কলামের অনুরূপ। | শূন্য |
| ৩৬। | পেনশনের বিনিময় মূল্য পরিশোধ (Commutation of Pension) | পূর্ণ ক্ষমতা। তবে তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর পেনশন মঞ্জুরির ক্ষমতা প্রাপ্ত হইতে হইবে। | পূর্ণ ক্ষমতা। তবে তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর পেনশন মঞ্জুরির ক্ষমতা প্রাপ্ত হইতে হইবে। | পূর্ণ ক্ষমতা। তবে তাহাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর পেনশন মঞ্জুরির ক্ষমতা প্রাপ্ত হইতে হইবে। | শূন্য |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৭। | সরকারি দায়িত্ব পালনের কারণে উদ্ভুত/ দায়েরকৃত দেওয়ানী/ ফৌজদারী অভিযোগের বিষয়ে জবাব প্রদানে বাধ্য হইলে এই ক্ষেত্রে ভ্রমণ ভাতা মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা |
| ৩৮। | সাময়িকভাবে বরখাস্তকৃত সরকারি কর্মকর্তা/ কর্মচারীর স্বীয় ব্যতীত বিভাগীয় তদন্তে উপস্থিত হওয়ার প্রয়োজন হইলে এই ক্ষেত্রে ভ্রমণ ভাতা মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা |
| ৩৯। | ভ্রমণকালে দৈনিক ভাতা প্রদানের ক্ষেত্রে বিধি অনুসারে ধারাবাহিকভাবে ১০দিন অবস্থানের সময়সীমা হইতে অব্যাহতি প্রদান। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | শূন্য | শূন্য |
| ৪০। | কাজে যোগদানের সম্ভাবনা নাই মেডিকেল কমিটি কর্তৃক এইরূপ রিপোর্ট প্রাপ্তির পর সরকারি কর্মকর্তা/ কর্মচারীর ছুটি মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | শূন্য |
| ৪১। | চিকিৎসক কর্তৃক প্রদত্ত সামর্থ্য সনদপত্র (Certificate of Fitness) গ্রহণ। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা |
| ৪২। | ভ্রমণ ভাতা অগ্রিম মঞ্জুরি। | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | পূর্ণ ক্ষমতা | শূন্য |
| ৪৩। | দুই বা ততোধিক পদে একজন সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে নিয়োগ প্রদান। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৪৪। | উত্তোলিত/ গৃহীত ভবিষ্য তহবিল অগ্রিম আদায়ের ক্ষেত্রে ২৪টির অধিক কিস্তি সংখ্যা নির্ধারণ। | স্বীয় ব্যতীত অনূর্ধ্ব ৪৮টি মাসিক কিস্তি পর্যন্ত বর্ধিতকরণের ক্ষমতা। | স্বীয় ব্যতীত অনূর্ধ্ব ৩৬টি মাসিক কিস্তি পর্যন্ত বর্ধিতকরণের ক্ষমতা। | শূন্য | শূন্য |
| ৪৫। | ভূমি অধিগ্রহণ (এল, এ) প্রাক্কলন মঞ্জুরি। | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৪৬। | বেসরকারি/ বিদেশী ব্যক্তির উপস্থিতিতে অনুষ্ঠিত সভা/ সম্মেলন/ প্রশিক্ষণ কোর্স এবং বোর্ড কমিটি/ কমিশন ইত্যাদির সভায় আপ্যায়ন ব্যয় | জনপ্রতি ১২/-টাকা হারে অনূর্ধ্ব ৩০০/- টাকা। | শূন্য | শূন্য | শূন্য |

# অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত হইতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে জারিকৃত পরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

## পরিপত্র

নং-অম/অবি/ব্যাঃনিঃ-১/ডিপি-১/২০০০/৬২

তারিখ: ২৪-১১-১৪০৬ বঙ্গাব্দ
৭-৩-২০০০ খ্রিস্টাব্দ

**বিষয়: বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রসঙ্গে।**

নির্দেশিত হইয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯২(১) (খ) এর প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করিতেছি। সংবিধানের উক্ত অনুচ্ছেদ অনুসারে বাৎসরিক বাজেটে অপ্রত্যাশিত ব্যয় বরদ্দের ব্যবস্থা রাখা হইয়া থাকে। বাজেটে অর্থ সংস্থান রাখা হয় নাই অথবা বাজেটে সংস্থানকৃত অর্থ নিঃশেষিত হইয়া গিয়াছে এমন কোন কার্যের জন্য অতিরিক্ত অর্থের অপরিহার্য প্রয়োজন দেখা দিলে অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত হইতে অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য অর্থ বিভাগে এই সব প্রস্তাব প্রেরণ করিবার সময় প্রচলিত নিয়ম অনুযায়ী সচিবালয় নির্দেশিকা-১৯৭৬ এর ২৯০ অনুচ্ছেদ অনুসরণ করিতে হয়। কিন্তু অভিজ্ঞতায় দেখা যায় যে, প্রায় বেশীর ভাগ ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক সচিবালয় নির্দেশিকার উক্ত অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রস্তাব প্রণয়ন ও উপস্থাপন করা হয় না। অনেক ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাতের বাজেট বরাদ্দকে সংশ্লিষ্ট অর্থ বৎসরের অতিরিক্ত প্রয়োজন পূরণের সঞ্চিতি (Reserve) হিসাবে গণ্য করে। এই ক্ষেত্রে অতিরিক্ত চাহিদার বৈশিষ্ট্য বিশেষতঃ যে কাজের জন্য অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হইয়াছে তাহা প্রকৃতই অনির্দিষ্ট ও অপ্রত্যাশিত ধরণের কিনা উহা বিবেচনা করা হয় না। এই সকল প্রস্তাবের মধ্যে অনেক প্রস্তাব থাকে যাহা গ্রহণ করা হইলে অন্য যে সকল প্রস্তাব জনস্বার্থে অগ্রাধিকার পাওয়া আবশ্যক সেইগুলি যেমন বিবেচনা করা সম্ভব হয় না তেমনি ইহার ফলে অনাকাঙ্ক্ষিত বাজেট ঘাটতি কিংবা উভয় প্রকার পরিস্থিতির সৃষ্টি হইতে পারে।

২। বর্ণিত অবস্থায়, প্রেক্ষাপট বিবেচনায় অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত হইতে অর্থ বরাদ্দের জন্য অথবা বাজেটে অর্থ বরাদ্দ করা হয় নাই এইরূপ ক্ষেত্রে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ কালে আর্থিক বিধি-বিধান, আদেশ/ নির্দেশ ইত্যাদি কঠোরভাবে অনুসরণ করিতে হইবে। এইরূপ ক্ষেত্রে বাজেট বরাদ্দ বহির্ভূত অতিরিক্ত ব্যয়ের উদ্দেশ্যে অর্থ বরাদ্দের জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে:

ক) কোন মন্ত্রণালয়/ বিভাগ হইতে উত্থাপিত হউক কিংবা ইহার অধীনস্ত সংযুক্ত দপ্তর (Attached Department) অধিদপ্তর/ পরিদপ্তর/ অধঃস্তন অফিস/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে উত্থাপিত হউক, অতিরিক্ত বরাদ্দের সকল প্রস্তাবই সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক অনুমোদিত ও স্বাক্ষরিত স্বয়ংসম্পূর্ণ সার-সংক্ষেপ আকারে প্রেরণ করিতে হইবে।

খ) সার-সংক্ষেপে নিম্নোক্ত বিষয়াদি সম্পর্কে সুস্পষ্ট তথ্য থাকিতে হইবে:

১) বিস্তারিত বিভাজনসহ বর্তমান অর্থ বৎসরের এবং আগামী অর্থ বৎসরসমূহের আবর্তক ও অনাবর্তক উভয় প্রকারের ব্যয়;

২) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান কেন রাখা হয় নাই এবং বাজেট প্রাক্কলন প্রণয়নকালে যথাসময়ে এই ধরণের ব্যয় কেন অনুমান করা যায় নাই তাহার কারণসহ প্রস্তাবের পূর্ণাংগ যৌক্তিকতা;

৩) নিম্নোক্ত তথ্যাদিসহ যে বাজেট মঞ্জুরীর বিপরীতে প্রস্তাবিত ব্যয় বিকলনযোগ্য তাহার বিশ্লেষণঃ

(অ) ইতোমধ্যে বাজেটে যে বরাদ্দ দেওয়া হইয়াছে তাহার কোড ভিত্তিক বিবরণ;

(আ) উল্লেখিত কোডের বিপরীতে ইতোমধ্যে যে ব্যয় নির্বাহ করা হইয়াছে তাহার বিবরণ;

(ই) অর্থ বৎসরের অবশিষ্ট সময়ের জন্য উল্লেখিত কোডের বিপরীতে ব্যয়ের যে সকল অংগীকার এবং পরিকল্পনা রহিয়াছে অথবা ইতোমধ্যে মঞ্জুরি প্রদান করা হইয়াছে তাহার বিবরণ;

(ঈ) উপরের (ই) উপ-অনুচ্ছেদে উল্লিখিত কতিপয় পরিকল্পিত (Contemplated) ব্যয় পরিহার করিয়া অথবা হ্রাস করিয়া কেন প্রস্তাবিত ব্যয় সংকুলান করা যাইবে না তাহার কারণ;

(উ) প্রস্তাবিত ব্যয় পরবতী বৎসর পর্যন্ত কেন স্থগিত রাখা যাইবে না তাহার যৌক্তিক ব্যাখ্যা।

গ) প্রস্তাবটি প্রাপ্তির পর অর্থ বিভাগ উহার যৌক্তিকতা পরীক্ষা করিবে। অপরিহার্যতার নিরিখে প্রস্তাবটি গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইলে অর্থ বিভাগ প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান করিবে। এই ব্যয় 'অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা' হইতে অথবা বিদ্যমান বরাদ্দের মধ্যে উপযোজনের মাধ্যমে অথবা যথাসময়ে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা অনুসরণপূর্বক 'সম্পূরক মঞ্জুরি' প্রদানের মাধ্যমে মিটানো হইবে তাহা অর্থ বিভাগ সুনির্দিষ্টভাবে নির্ধারণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে অবহিত করিবে। অতঃপর প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ অর্থ বিভাগের সম্মতিক্রমে ব্যয় মঞ্জুরি সরকারি আদেশ জারি করিবে। উক্ত মঞ্জুরি আদেশে বাজেট অনুবিভাগে

পৃষ্ঠাঙ্কন থাকিতে হইবে।

ঘ) উপরিউক্ত (ক) এবং (খ) উপ-অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ ব্যতীত কোন প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হইলে তাহা বিবেচনা ব্যতিরেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ পাঠানো হইবে।

৩। সকল মন্ত্রণালয়/ বিভাগসমূহকে উপরি-উক্ত পদ্ধতি সম্পর্কে তাহাদের অধীনস্ত সকল সংযুক্ত দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর/ অধঃস্তন সংস্থাকে অনুগ্রহপূর্বক অবহিত করিবার অনুরোধ জানানো যাইতেছে।

এম. নুরুন নবী
যুগ্ম-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩। সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।

# আর্থিক ক্ষমতা অর্পণ
## (DELEGATION OF FINANCIAL POWERS)
## ও
# আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ
## (SUB-DELEGATION OF FINANCIAL POWERS)

অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ
৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

# আর্থিক ক্ষমতা অর্পণ
## (DELEGATION OF FINANCIAL POWERS)
## ও
# আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ
## (SUB-DELEGATION OF FINANCIAL POWERS)

অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ / ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

## সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পত্র পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | আর্থিক ক্ষমতা অর্পণ<br>(Delegation of Financial Powers) | |
| ২। | আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ<br>(Sub-Delegation of Financial Powers) | |
| ৩। | অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত হইতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে জারিকৃত পরিপত্র | |

# আর্থিক ক্ষমতা অর্পণ
# (Delegation of Financial Powers)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/২০০০/১২ তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ / ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগকে প্রদত্ত আর্থিক ক্ষমতার সংশোধন (অনুন্নয়ন)।**

নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, অর্থ বিভাগ কর্তৃক গত ৭-৩-২০০০০ তারিখে জারিকৃত অম/ অবি(ব্যঃনিঃ-১) ডিপি-১/ ২০০০/ ৬৪ নং অফিস স্মারকমূলে প্রশাসনিক কার্যক্রমের সহিত সামঞ্জস্য রাখিয়া মন্ত্রণালয়/ বিভাগসমূহকে আর্থিক ক্ষমতা অর্পণের এক আদেশ জারি করা হয়।

২। উপরিউক্ত আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ জারির পর ইতোমধ্যে দীর্ঘ সময় অতিবাহিত হইয়াছে। এই দীর্ঘ সময়ে সরকারের প্রশাসনিক কার্যক্রমে উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হইয়াছে। সম্প্রতি ক্রয় সংক্রান্ত নীতি ও পদ্ধতি সংস্কার কার্যক্রমের অধীনে বর্তমান সময়ের প্রয়োজন মেটানোর উপযোগী করিয়া The Public Procurement Regulations, 2003 এবং Regulations এর Implementation Procedure জারি করা হইয়াছে। এতদ্ব্যতীত কতিপয় বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগকে প্রদত্ত আর্থিক ক্ষমতা অপর্যাপ্ত বলিয়া প্রতীয়মান হইতেছে। এই প্রক্ষাপটে প্রশাসনিক কাজকর্ম দ্রুততার সহিত সম্পাদনের সুবিধার্থে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে অধিকতর আর্থিক ক্ষমতা প্রদানের লক্ষ্যে উপরিউক্ত অফিস স্মারকটি বাতিলপূর্বক এই অফিস স্মারকটি জারি করা হইল। যে সকল বিষয় অর্থ বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে হইবে তাহার একটি সংশোধিত তালিকা সংলগ্নী আকারে এই স্মারকের সহিত সংযুক্ত করা হইল।

৩। মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব (ভারপ্রাপ্ত সচিব ইহার অন্তর্ভুক্ত) তাঁহার মন্ত্রণালয়/ বিভাগ, সংযুক্ত বিভাগ (Attached Department), অধিদপ্তর এবং অধঃস্তন অফিসসমূহের প্রাপ্তি এবং মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত বাজেট মঞ্জুরি হইতে যে ব্যয় নির্বাহ হইবে সেই বিষযে মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন এবং নিম্নোক্ত অনুশাসনসমূহ প্রতিপালন নিশ্চিত করিবেনঃ-

ক) তাঁহার মন্ত্রণালয়/ বিভাগ, সংযুক্ত বিভাগ (Attached Department), অধিদপ্তর কিংবা অধঃস্তন অফিসসমূহকে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয় সেই উদ্দেশ্যেই তাহা যেন ব্যয়িত হয়;

খ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেন প্রচলিত বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ করা হয়। লক্ষ্য রাখিতে হইবে যে কোন ক্ষেত্রেই যেন প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় করা না হয়। সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেককে এইরূপ সতর্কতা অবলম্বন করিতে হইবে যেইরূপ সতর্কতা সাধারণ বিচক্ষণতা সম্পন্ন একজন ব্যক্তি তাহার নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে করিয়া থাকেন;

গ) বাজেটে বিভিন্ন কোডের বিপরীতে বরাদ্দকৃত অর্থের মধ্যে যেন প্রকৃত ব্যয় সীমাবদ্ধ রাখা হয়;

ঘ) অর্থ বিভাগের পূর্ব সম্মতি ব্যতিরেকে সম্পূরক মঞ্জুরি পাওয়া যাইবে এই প্রত্যাশায় যেন কোন অর্থ ব্যয় করা না হয়:

ঙ) সকল প্রকার প্রাপ্তি ও ব্যয় যেন সঠিক কোডে শ্রেণীবিন্যাসপূর্বক হিসাবভুক্ত করা হয়;

চ) প্রতিমাসে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক ব্যয়িত অর্থের হিসাব সংক্রান্ত যে সকল তথ্য প্রদান করা হয় তাহার সহিত যাহাতে হিসাবের সঙ্গতি (Reconciliation) বিধান করা হয়। যে সকল মন্ত্রণালয়/ বিভাগের হিসাব বিভাগীয়করণ করা হইয়াছে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা নিয়মিত তাঁহার হিসাবের সহিত ঐ সকল মন্ত্রণালয়/ বিভাগের অধঃস্তন অফিসসমূহের হিসাবের সঙ্গতি বিধানের ব্যবস্থা করিবেন।

চ) অডিট আপত্তির যেন দ্রুতত নিষ্পত্তি করা হয়

৪। মন্ত্রণালয়/ বিভাগসমূহ তাহাদের আর্থিক ক্ষমতার মধ্যে যতটুকু সঙ্গত বিবেচনা করিবে ততটুকু সংযুক্ত বিভাগ, অধিদপ্তর ও অধঃস্তন অফিসসমূহকে অর্পণ করিতে পারিবে। সকল সরকারি অফিসে পুনঃক্ষমতা অর্পণের ক্ষেত্রে সমরূপতা (Uniformity) আনয়নের উদ্দেশ্যে অর্থ বিভাগ কর্তৃক পুনঃক্ষমতা অর্পণের (Sub-delegation) একটি নতুন নমুনা (Model) অর্থ বিভাগের ২১-১০-১৪১১ বঙ্গাব্দ ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ তারিখের অম/ অবি/ ব্যঃনিঃ-১/ ডিপি-১/ ২০০০/ ১৩ নম্বর স্মারক অনুযায়ী জারি করা হইয়াছে। ইহার আলোকে মন্ত্রণালয়/ বিভাগসমূহ পুনঃক্ষমতা অর্পণ করিতে পারিবে।

৫। সময় সময় পরিবর্তন সাপেক্ষে ফান্ডামেন্টাল ও সাপ্লিমেন্টারী রুলস, জেনারেল ফিন্যান্সিয়াল রুলস, ট্রেজারি রুলস ইত্যাদির আওতায় মন্ত্রণালয়/ বিভাগসমূহকে যে আর্থিক ক্ষমতা অর্পণ করা হইয়াছে তাহারা উহ প্রয়োগ করিতে

থাকিবে।

৬। সংযোজিত তালিকায় বর্ণিত বিষয়াদি ব্যতীত প্রচলিত নিয়ম/ পদ্ধতি অনুযায়ী যে সকল বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের সহিত পরামর্শ করিবার আবশ্যকতা রহিয়াছে সেই সকল বিষয় অর্থ বিভাগে প্রেরণ না করিয়া প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সহিত পরামর্শ করিবে।

৭। অর্পিত ক্ষমতার আওতাভুক্ত সকল বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগ সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মঞ্জুরি আদেশ জারি করিবে। উক্ত আদেশে নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে:

ক) এই অফিস স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতার আওতায় মঞ্জুরি আদেশ জারি করা হইয়াছে; এবং

খ) অনুমোদিত বাজেটে এতদুদ্দেশ্যে অর্থ বরাদ্দ রাখা হইয়াছে এবং উহা থোক বরাদ্দ আকারে রাখা হয় নাই। এইরূপ ক্ষেত্রে মঞ্জুরি আদেশ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করিবার প্রয়োজন হইবে না।

৮। সংযোজিত তালিকায় অন্তর্ভুক্ত সংলগ্নীর আইটেমসমূহের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগসমূহ কর্তৃক জারিকৃত মঞ্জুরি আদেশসমূহ অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কিত হওয়ার পর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর প্রেরণ করিতে হইবে।

৯। বাজেটে অর্থ বরাদ্দ করা হয় নাই অথবা বাজেটে যে অর্থ বরাদ্দ করা হইয়াছে তাহা অপর্যাপ্ত হইলে এইরূপ ক্ষেত্রে অতিরিক্ত অর্থ দাবীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিবার সময় অর্থ বিভাগের ২১-১০-১৪১১ বঙ্গাব্দ/ ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ তারিখের অম/ অবি/ ব্যঃনিঃ-১/ ডিপি-১/ ২০০০/ ১৪ নম্বর পরিপত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১০। এই অফিস স্মারকের মাধ্যমে প্রদত্ত আর্থিক ক্ষমতা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

সংযুক্তি: বর্ণনামতে।

জাকির আহমেদ খান
সচিব
অর্থ বিভাগ।

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/২০০০/১২/(৫০০০)

তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ / ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

দিলরুবা
উপ-সচিব-১ (ব্যঃ নিঃ)
অর্থ বিভাগ।

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
২) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩) সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ
৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫) মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৬) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৭) মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রীগণের একান্ত সচিব
৮) অর্থ বিভাগের সকল শাখা।

সংলগ্নী

## অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াদির তালিকা

১। সংশ্লিষ্ট অর্থ বৎসর বহির্ভূত যে কোন আর্থিক অঙ্গীকার।

২। বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব।

৩। অনুমোদিত বাজেট সুনির্দিষ্টভাবে বরাদ্দ নাই এইরূপ অনাবর্তক ব্যয়ের প্রস্তাব।

৪। ক) শ্রেণীবিন্যাস চার্টের সংজ্ঞা অনুসারে অর্থনৈতিক কোডের বেতন ও ভাতা শ্রেণী হইতে অন্য অর্থনৈতিক শ্রেণীতে পুনঃউপযোজন।

খ) এক দায়যুক্ত ব্যয় হইতে দায়যুক্ত নয় এমন ব্যয়ে অথবা অপর দায়যুক্ত ব্যয়ে পুনঃউপযোজন।

৫। ক) পদ সৃষ্টি।

খ) অস্থায়ী পদ সংরক্ষণ।

গ) পদের বেতনক্রম, মর্যাদা/ পদবীর পরিবর্তন।

ঘ) পদ স্থায়ীকরণ।

ঙ) ওয়ার্কচার্জড/ কন্টিনজেন্ট কর্মচারীদের নতুন নিয়োগ অথবা নিয়মিত প্রতিষ্ঠানে আনায়ন।

৬। বাজেটে সুনির্দিষ্টভাবে বরাদ্দ নাই এইরূপ সকল পূর্ত কাজের জন্য নতুন ব্যয়ের প্রস্তাব।

৭। প্রাক-স্বাধীনতাকালের আর্থিক দাবী।

৮। সময় বিশেষে সম্পাদিত কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে ২৫০০/- টাকার উর্ধ্বে অথবা একই বৎসরে এক বারের অধিক সম্মানী প্রদান।

৯। বেতন ও ভাতাদি, ভ্রমণ ও বদলি সংক্রান্ত ব্যয়, ভবিষ্য তহবিল, পেনশন ও আনুতোষিক নিয়ন্ত্রণকারী বিধিবিধান ও অন্যান্য আর্থিক বিধিবিধান সম্বলিত আদেশসমূহ ইত্যাদির ব্যাখ্যা।

১০। বেতন ও ভাতাদি সম্পর্কিত চাকরির শর্তাদির পরিবর্তন।

১১। কর, শুল্ক, ফি, সেস আরোপ সংক্রান্ত প্রস্তাবসহ সরকারি প্রাপ্তির উপর প্রভাব ফেলে এমন যে কোন প্রস্তাব।

১২। প্রাথমিক নিয়োগের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রযোজ্য বর্ধিত বেতন ব্যতীত আগাম বর্ধিত বেতন মঞ্জুর।

১৩। বাজেট বরাদ্দ বহির্ভূত অনুদান মঞ্জুর।

১৪। স্থায়ী অগ্রিম বা ইমপ্রেস্ট বহির্ভূত ১.০০ (এক) লক্ষ টাকার অতিরিক্ত অগ্রিম উত্তোলন।

১৫। বাজেট বরাদ্দ এবং মুদ্রণ, লেখ সামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট সামগ্রীর অপ্রাপ্যতা সনদ প্রাপ্তি সাপেক্ষে ১.০০ (এক) লক্ষ টাকার মনোহারী দ্রব্যাদি স্থানীয়ভাবে ক্রয়।

১৬। মিটিং/ কনফারেন্স/ প্রশিক্ষণ কোর্সের প্রতিটি অনুষ্ঠানে হাল্কা আপ্যায়নের জন্য জনপ্রতি ১২ (বার) টাকা এবং মোট ৬০০/- (ছয়শত) টাকার অধিক ব্যয়।

১৭। জালিয়াতি, গাফিলতি অথবা অন্যান্য কারণে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক অনাদেয় ক্ষতি অবলোপন।

১৮। সরকারি কর্মচারীকে প্রদত্ত অনাদেয় ঋণ/ অগ্রিম এবং/ অথবা ঋণ/ অগ্রিমের অর্জিত সুদ অবলোপন।

১৯। ক) বিদেশে সরকারিভাবে ভ্রমণকারী কেবিনেট মন্ত্রী কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ২০০ (দুইশত) মার্কিন ডলারের অধিক ব্যয়।

খ) বিদেশে সরকারিভাবে ভ্রমণকালে প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৪০০ (চারশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ১৫০ (একশত পঞ্চাশ) মার্কিন ডলারের অধিক ব্যয়।

গ) প্রতিনিধি দলের প্রধান হিসাবে সচিব/ ভারপ্রাপ্ত সচিব কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৩০০ (তিনশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীন অন্যান্য ব্যয় বাবদ ১০০ (একশত) মার্কিন ডলারের অধিক ব্যয়।

২০। বিদেশে নিয়োজিত সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের ভাতাদি নির্ধারণ।

২১। আর্থিক সংশ্লেষ সম্বলিত বিষয়াবলী, বিশেষতঃ দ্বিপাক্ষিক/ আন্তর্জাতিক সমঝোতা স্মারক/ চুক্তি/ ট্রিটি সম্পাদন, আমদানী ও রপ্তানী নীতি প্রণয়ন, বিনিয়োগ নীতি প্রণয়ন, মূল্যনীতি প্রণয়ন, শ্রম নীতি প্রণয়ন, বৈদেশিক কর্ম সংস্থান নীতি ও শুল্ক নীতি নির্ধারণ।

২২। মন্ত্রণালয়/ বিভাগ/ ডিপার্টমেন্ট/ ডাইরেক্টরেটের অধীনস্থ অফিসসমূহের হিসাব সংকলন পদ্ধতির পরিবর্তন।

২৩। ঋণ সংগ্রহ (Floation of Loan) সংক্রান্ত যাবতীয় বিষয়।

২৪। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাজেট বহির্ভূত আর্থিক সংশ্লেষ সম্বলিত অন্য যে কোন বিষয়।

২৫। অর্থ বিভাগের সাথে পরামর্শক্রমে থোক বরাদ্দের ব্যবহার সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত না হওয়া পর্যন্ত এরূপ বরাদ্দের বিভাজন অনুমোদন।

২৬। সরকারি কার্যবিধিমালায় বর্ণিত প্রকৃত অথবা সম্ভাব্য সরকারি রাজস্বের পরিত্যাগ, মওকুফ বা রাজস্ব ধার্যকরণ (Assignment of revenue) কিংবা ইহার বিপরীতে অঙ্গীকার প্রদান।

২৭। জেনারেল ফাইন্যান্সিয়াল রুলস (জিএফআর) ট্রেজারি রুলস এন্ড সাবসিডিয়ারী রুলসসহ অর্থ ব্যয় সংক্রান্ত প্রচলিত বিধি-বিধানসমূহ শিথিল করিবার প্রয়োজন আছে এমন অর্থ ব্যয়ের প্রস্তাব।

# আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ
# (Sub-Delegation of Financial Powers)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

নং-অম/অবি/ব্যাঃনিঃ-১/ডিপি-১/২০০০/১৩

তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ
৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগের অধীন Attached Department এবং অধঃস্তন অফিসের প্রধানকে অধিকতর ক্ষমতা Sub-delegation প্রদান সম্পর্কিত।**

সম্প্রতি ক্রয় সংক্রান্ত নীতি ও পদ্ধতি সংস্কার কার্যক্রমের অধীনে বর্তমান সময়ের প্রয়োজন মেটানোর উপযোগী করিয়া The Public Procurement Regulations, 2003 এবং Implementation Procedure জারি করা হইয়াছে। সরকারের বাজেট ও হিসাব পদ্ধতিতে নতুন শ্রেণীবিন্যাস প্রবর্তনসহ অর্থ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ সংস্কার কার্যক্রম বাস্তবায়নের ফলে আর্থিক ক্ষমতার Sub-delegation এ পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। বিভাগীয় প্রধান ও অধঃস্তন অফিসের প্রধানকে প্রশাসনিক কার্যসম্পাদনে ইতোপূর্বে যে পরিমাণ আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে অধিকাংশ ক্ষেত্রেই তাহা বর্তমানে অপর্যাপ্ত বলিয়া প্রতীয়মান হইতেছে। তাই সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাহাতে প্রশাসনিক কার্যক্রম অধিকতর স্বাধীনতার সঙ্গে দ্রুত সম্পাদন করিতে পারেন, সেই উদ্দেশ্যে ৭-৩-২০০০ তারিখের অম/ অবি/ ব্যাঃনিঃ-১/ ডিপি-১/ ২০০০/ ৬৩ নং স্মারকটি বাতিলক্রমে এতদসঙ্গে যুক্ত আর্থিক ক্ষমতার Sub-delegation মডেলটি জারি করা হইল।

২। বাতিলকৃত উপরিউক্ত Sub-delegation মডেলের ন্যায় নতুন মডেলটিতে মন্ত্রণালয়/ বিভাগের অধীন (Attached Department) এবং অধঃস্তন অফিসসমূহের প্রধানকে সুনির্দিষ্ট আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে। অধঃস্তন অফিসসমূহের প্রধানকে ক্যাটাগরি-১, ক্যাটাগরি-২, ক্যাটাগরি-৩ এই ৩টি শ্রেণীতে ভাগ করা হইয়াছে। বিভাগীয়/ আঞ্চলিক পর্যায়ের অফিসমূহ ক্যাটাগরি-১, জেলা পর্যায়ের অফিসসমূহ ক্যাটাগরি-২, উপজেলা/ থানা পর্যায়ের অফিসসমূহ ক্যাটাগরি-৩ পর্যায়ের অন্তর্ভুক্ত হইবে। শুধুমাত্র আর্থিক ক্ষমতা প্রয়োগের উদ্দেশ্যে এইরূপ শ্রেণী নির্ধারণ করা হইয়াছে। ইহার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তার পদমর্যাদার (Status) কোন সম্পর্ক নাই।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ এই মডেল অনুসরণপূর্বক উহার অধীন বিভাগীয় প্রধান এবং অধঃস্তন অফিস প্রধানের মধ্যে আর্থিক ক্ষমতা অর্পণ করিয়া আদেশ জারি করিবেন। এই আদেশের কপি মহা হিসাব নিয়ন্ত্রক, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে। প্রয়োজনবোধে কোন কর্মকর্তা কোন্ ক্যাটাগরিভুক্ত হইবেন তাহা উল্লেখপূর্বক আদেশ জারি করিবেন।

৪। পূর্তকাজ সম্পাদন, পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয় চুক্তির ক্ষেত্রে সংযুক্ত ছকে বর্ণিত আর্থিক ক্ষমতা ২৫ কোটি টাকা পর্যন্ত মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের এবং ২৫ কোটি টাকর ঊর্ধ্বে ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটির অনুমোদন প্রয়োজন হইবে। অনুরূপভাবে পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে এই স্মারকে বর্ণিত আর্থিক ক্ষমতা ৫ কোটি টাকা পর্যন্ত মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের এবং ৫ কোটি টাকার ঊর্ধ্বে ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটির অনুমোদন প্রয়োজন হইবে।

৫। প্রতি অর্থবছরের শুরুতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়নপূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তাঁহার দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হইতে যে অনুমোদন গ্রহণ করা হইবে তাহা প্রশাসনিক অনুমোদন হিসাবে বিবেচিত হইবে।

৬। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, সরকারি বিশেষ আদেশ বলে ইতোমধ্যে যে সমস্ত কর্মকর্তাকে বিশেষ আর্থিক ক্ষমতা প্রদান করা হইয়াছে তাঁহারা উহা যথারীতি প্রয়োগ করিবেন। তবে সংযোজিত মডেলে প্রদর্শিত কোন আইটেমের আর্থিক ক্ষমতা যদি বিশেষ আদেশে প্রদত্ত ঐ আইটেমের ক্ষমতার চাইতে বেশী হয় সেই ক্ষেত্রে এই মডেলে প্রদর্শিত ক্ষমতা সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োগ করিতে পারিবেন।

৭। Sub-delegation আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে যে, মডেলে বর্ণিত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা পূর্ণ ক্ষমতাবান। তবে এই ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, সরকারি আদেশ/ নির্দেশ যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট আইটেমের অনুকূলে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ থাকিতে হইবে।

৮। অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিম্নোক্ত বিষয়সমূহ সম্পর্কেও সতর্কতা অবলম্বন করিতে হইবে:

ক) যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে ঠিক সেই উদ্দেশ্যেই উহা ব্যয় করিতে হইবে।

খ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, সরকারি/ আদেশ/ নির্দেশ ইত্যাদি কঠোরভাবে অনুসরণ করিতে হইবে। এই ক্ষেত্রে লক্ষ্য রাখিতে হইবে যে, কোন ক্ষেত্রেই যেন প্রকৃত প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় করা না

হয়।

গ) বাজেটে বিভিন্ন আইটেম/ কোডের অনুকূলে বরাদ্দকৃত অর্থের মধ্যেই প্রকৃত ব্যয় সীমাবদ্ধ রাখিতে হইবে।

ঘ) অর্থ মন্ত্রণালয়ের পূর্বসম্মতি ব্যতীত বার্ষিক/ সম্পূরক বাজেটে প্রাপ্তির প্রত্যাশায় কোন ব্যয় করা যাইবে না।

ঙ) সকল শ্রেণীর প্রাপ্তি ও ব্যয় সঠিকভাবে শ্রেণীবিন্যাসপূর্বক যথাযথ হিসাব কোডের অধীনে দেখাইতে হইবে।

চ) প্রত্যেক মাসের শেষে সংশ্লিষ্ট অডিট অফিসের সঙ্গে আয়-ব্যয়ের হিসাব সমন্বয় করিতে হইবে।

ছ) অডিট আপত্তি দ্রুততার সঙ্গে নিষ্পত্তি করিতে হইবে; এবং

জ) অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে হিসাব ও আর্থিক বিবরণী/ রিপোর্টসমূহ নির্ভুলভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করিতে হইবে।

৯। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

সংযুক্তি: আর্থিক ক্ষমতার Sub-delegation এর নতুন মডেল।

জাকির আহমেদ খান<br>সচিব<br>অর্থ বিভাগ।

নং-অম/অবি/ব্যঃনিঃ-১/ডিপি-১/১৩/(৫০০০)

তারিখ: ২১-১০-১৪১১ বঙ্গাব্দ / ৩-২-২০০৫ খ্রিস্টাব্দ

---------------------------------------------

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

দিলরুবা<br>উপ-সচিব-১ (ব্যঃ নিঃ)<br>অর্থ বিভাগ।

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
২) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩) সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ
৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫) সকল বিভাগীয় প্রধান।
৬) মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৭) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৮) মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রীগণের একান্ত সচিব।
৯) অর্থ বিভাগের সকল শাখা।

## আর্থিক ক্ষমতা Sub-delegation এর নতুন মডেল

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | অস্থায়ী পদ সৃষ্টি | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ২। | পদ বিলুপ্তিকরণ | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| ৩। | বাজেট বরাদ্দের পুনঃউপযোজন | একই অর্থনৈতিক কোড রেঞ্জের মধ্যে পুনঃউপযোজন করা যাইবে। তবে শর্ত থাকে যে,<br>ক) বেতন কোড হইতে অন্য কোন কোডে পুনঃউপযোজন করা যাইবে না;<br>খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে পুনঃউপযোজন সীমিত রাখিতে হইবে;<br>গ) পরবর্তী অর্থ বৎসরে একই ব্যয়ের পুনরাবৃত্তির সম্ভাবনা রহিয়াছে এমন কোন ক্ষেত্রে পুনঃউপযোজন করা যাইবে না। | শূন্য | শূন্য | শূন্য |
| ৪। | অনুন্নয়ন বাজেটে নতুন পূর্ত কাজের চুক্তি অনুমোদন/ সম্পাদন | প্রতি ক্ষেত্রে ১.০০ কোটি টাকা | প্রতি ক্ষেত্রে ১৫.০০ লক্ষ টাকা | প্রতি ক্ষেত্রে ৭.০০ লক্ষ টাকা | প্রতি ক্ষেত্রে ৩.০০ লক্ষ টাকা |
| ৫। | অনুন্নয়ন বাজেটে অন্যান্য নতুন ব্যয়ের প্রশাসনিক অনুমোদন | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে ৮.০০ লক্ষ টাকা | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে ২.০০ লক্ষ টাকা | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে ৫০ হাজার টাকা | শূন্য |
| ৬। | সরকারি সম্পত্তির নিষ্পত্তি:<br>ক) ব্যবহারের অযোগ্য/ পরিত্যক্ত ভবন বিক্রয়/ ভাঙ্গিয়া ফেলা/ ধ্বংস করা | শূন্য | শূন্য | শূন্য | শূন্য |
| | খ) সম্পত্তি ব্যবহারের অযোগ্য ঘোষণা | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত। | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৫০ হাজার টাকা পর্যন্ত। | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে ৩০ হাজার টাকা পর্যন্ত। | শূন্য |
| | গ) ব্যবহারের অযোগ্য দ্রব্য সামগ্রী বিক্রয়। | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ৫০ হাজার টাকা পর্যন্ত | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২৫ হাজার টাকা পর্যন্ত |
| | ঘ) সরকারি ভূমি ইজারা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২০ হাজার টাকা পর্যন্ত। |
| | ঙ) ক্যান্টিন ইজারা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ১০ হাজার টাকা পর্যন্ত। |
| | চ) অন্যান্য ভাড়া ইজারা আদায়। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | এক বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে ২০ হাজার টাকা পর্যন্ত। |

| ক্রমিক নং | আইটেম | বিভাগীয় প্রধান | অধঃস্তন অফিসসমূহ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাটাগরি-১ এর কর্মকর্তা | ক্যাটাগরি-২ এর কর্মকর্তা | ক্যাটাগরি-৩ এর কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭। | জালিয়াতি/ গাফিলতি, চুরি অথবা অন্যান্য কারণে ভান্ডার বা সরকারি অর্থের অনাদেয় মূল্য অবলোপন। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৩০ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ১০ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৫ হাজার টাকা পর্যন্ত। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ২৫০০/- টাকা পর্যন্ত। |
| ৮। | আপীল দাখিলের প্রস্তাবনা নাই এইরূপ ক্ষেত্রে আদালতের রায়/ আদেশ অথবা প্রচলিত বিধি অনুযায়ী অর্থ প্রত্যার্পণ আদেশ প্রদানের ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | শূন্য |
| ৩৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদন | প্রযোজ্য নয় *২ | প্রযোজ্য নয় *২ | ক) দেশের অভ্যন্তরে প্রতিক্ষেত্রে এককালীন ২ লক্ষ টাকা পর্যন্ত<br>খ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য প্রতিক্ষেত্রে এককালীন ৫লক্ষ টাকা পর্যন্ত, Public Procurement Regulations, 2003 প্রবিধান ২০ (২) এবং Appendix-A এর সংস্থানসহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত পিসিপি/ পিপি/ টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বাৎসরিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন ২০০৩, উহার বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩৫ | অধস্তন কর্মকর্তাদের নিকট অধিকতর আর্থিক ক্ষমতা হস্তান্তর | মন্ত্রণালয়/ বিভাগ/ হেডস অব ডিপার্টমেন্টস/ প্রকল্প পরিচালক প্রয়োজন মনে করলে অর্থ বিভাগকে অবহিত রেখে উপর্যুক্তভাবে তাদের উপর অর্পিত ক্ষমতা তাদের অধীনস্থ কর্মকর্তার নিকট অর্পণ করতে পারবেন। তবে ক্রমিক নং-৫ এ বর্ণিত ইমপ্রেস্ট সংক্রান্ত ক্ষমতা অধীনস্থ কর্মকর্তার নিকট অর্পণ করা যাবে না এবং প্রকল্প পরিচালকের নীচে কোন কর্মকর্তার নিকট ইমপ্রেস্ট প্রদান করা যাবে না। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৩৬ | ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, গবেষণা কার্যক্রম, সামাজিক উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্দের জিওবি এবং আরপিএ (জিওবি এর মাধ্যমে) অংশ থেকে অগ্রিম অনুমোদন। | ক্রমিক নং ৩৩ ও ৩৭ এ বর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয় প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত অগ্রিম উত্তোলনের অনুমোদন দিতে পারবে। | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **৫০.০০** (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **৩০.০০** (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **২০.০০** (বিশ হাজার) টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **১৫.০০** (পনের হাজার) টাকা পর্যন্ত |

[১] পূর্তকাজ সম্পাদন ও পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে ২৫ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে ৫ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি অনুমোদন করবে।
* [২] মন্ত্রণালয়/ বিভাগ কিংবা সংস্থা/ প্রতিষ্ঠানের নিজস্ব প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

**৩৭। উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় বিভিন্ন কর্তৃপক্ষকে নিম্নবর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবে:**

১) বিদ্যমান আর্থিক ও প্রাসংগিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে।

২) সংশ্লিষ্ট পিসিপি/ পিপি/ টিএপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য/ আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং উহার বিপরীতে বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে।

৩) যে সকল সেব বা সরবরাহ সংগ্রহ করা হবে তার নির্দিষ্ট পরিমাণ এ সংখ্যা পিসিপি/ পিপি/ টিএপিপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে।

৪) বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রীমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না।

৫) অর্থ বছরের ৩০ শে জুনের মধ্যে অথবা কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে

৬) সকল হিসাব সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে সম্পন্ন করতে হবে।

৭) অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেঙ্গে ভেঙ্গে ক্রয় করা যাবে না।

৮) পিপি অনুযায়ী ও বাজেট বরাদ্দের মধ্যেই অর্থ ব্যয় করা হয়েছে কিনা এবং পুনর্ভরণ দাবী দাখিল ও গ্রহণ সঠিক সময়ে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে প্রকৃত খরচ ও পুনর্ভরনের ত্রৈমাসিক প্রতিবেদন অর্থ বিভাগের উন্নয়ন উইং হতে জারিকৃত ৫/১২/৯৯ ইং তারিখের পত্রানুসারে প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।

৯) প্রশাসনিক মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে গৃহীত অগ্রিম এর সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগে জুলাই মাসে প্রেরণ করবেন।

১০) ০২/০৬/৯৪ ইং তারিখের অম/অবি/ উঃগঃশাঃ/ ৩/ ৯৪/ ৩৬০ নম্বর স্মারকে উল্লেখিত বিষয়গুলি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা (অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়সমূহের তালিকা) সম্মতির জন্য অবশ্যই অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

১১) ডসা/ কোনটাসা/ সেফ/ ইমপ্রেস্ট পদ্ধতিতে অর্থ ব্যবহারের জন্য বিধি ও পদ্ধতি অবশ্যই পালন করতে হবে।

১২) উন্নয়ন সহযোগির নির্দেশনা, প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই পালন করতে হবে এবং উপরে বর্ণিত নীতিমালা ও পদ্ধতির সাথে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

১৩) অর্থ বিভাগের পরিপত্র এবং **Public Procurement Regulations-2003** অনুসরণে দরপত্র অনুমোদনের ক্ষেত্রে **Ceiling** অনুযায়ী মন্ত্রিসভা কমিটি/ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের পূর্বানুমোদন নিতে হবে।

**<u>সংযোজনী-১</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২ তারিখ: ১১/০৯/২০০৪

## পরিপত্র

**বিষয়: গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা প্রদান।**

ক্রয় সংক্রান্ত নীতি ও পদ্ধতির সংস্কার কার্যক্রমের অধীনে আধুনিক ও বর্তমান সময়ের প্রয়োজন মেটানোর উপযোগী করে সরকার ইতোমধ্যে The Public Procurement Regulations, 2003 এবং Regulations এর Implementation Procedures জারি করেছে। উক্ত Regulations এবং Procedures এর 57 (2) ও (3) ধারায় ক্রয় সংক্রান্ত সার্বিক সংস্কার কার্যক্রমের সাথে সঙ্গতি রেখে ক্রয় চুক্তি অনুমোদন/ সম্পাদনের আর্থিক ক্ষমতা অর্পণ, পুনর্বিন্যাস ও সময়-সময়ে হাল নাগাদকরণের সংস্থান রাখা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে ক্রয় কার্যক্রমসমূহ প্রকল্প বাস্তবায়ন আরো গতিশীল ও কার্যকর করার উদ্দেশ্যে সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিগত ০৪-০৫-১৯৯৪ তারিখের স্মারক নং ম.প.ক্রয়-৩ (৩)/ ৯২/১০৩ এর মাধ্যমে জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণের সিদ্ধান্তটি বাতিল করে গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/ সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য নিম্নলিখিতভাবে আর্থিক ক্ষমতা প্রদান করেছে:

| ক্রমিক নং | ক্রয়/ সংগ্রহের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| **ক. সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/ সম্পাদনের ক্ষেত্রে:** | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (ক্রমিক নং ২ এ উল্লেখিত সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এ ধরনের অন্য সকল কর্পোরেশন/ সংস্থা) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় যথা: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/ বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/ বাংলাদেশ পেট্রোরিয়াম কর্পোরেশন/ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ ঢাকা ওয়াসা/ ঢাকা সিটি কর্পোরেশন/ বেসামরিক বিমান চলাচর কর্তৃপক্ষ/ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ১২ কোটি টাকা পর্যন্ত | ১২ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী পর্যায়) | ২৫ কোটি টাকা পর্যন্ত | ২৫ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি | ২৫ কোটি টাকার উর্ধ্বে | ২৫ কোটি টাকার উর্ধ্বে |
| **(খ) পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণঃ** | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (১) এর অনুরূপ) | ২ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (২) এর অনুরূপ) | ২ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী পর্যায়) | ৫ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি | ৫ কোটি টাকার উর্ধ্বে | ৫ কোটি টাকার উর্ধ্বে |

২। পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদনের এই আর্থিক ক্ষমতা কেবলমাত্র অনুমোদিত উন্নয়ন/ অনুন্নয়ন বাজেটে বরাদ্দ থাকাসহ রেগুলেশন ২০০৩, রেগুলেশন ২০০৩ এর বাস্তবায়ন প্রসিডিউর, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন প্রসিডিউর এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন সাপেক্ষে প্রযোজ্য হবে।

৩। পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণ এর মূল্য যাই হোক না কেন সুবিধা প্রদান চুক্তি (Concession Contact: BOO. BOT, BOOT ইত্যাদি) লীজ (Lease), সরবরাহকারী ঋণ (Suppliers' Credit) এবং ক্রেতা

ঋণ (Buyers Credit) এর আওতায় সম্পাদিত সকল চুক্তি অনুমোদন/ সম্পাদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৪। ক) অনুচ্ছেদ **১** এ বর্ণিত বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়ে প্রদত্ত আর্থিক ক্ষমতায় কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্নের কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার একটি নমূনা/ মডেল এতদসংক্রান্ত সংযুক্ত করা হল (সংযোজনী-ক)। নমূনা/ মডেল অনুসরণে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা অনতিবিলম্বে তাদের সকল স্তরের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণের আদেশ জারি করবে। যাতে প্রয়োজন অনুসারে নমূনা/ মডেলে উল্লেখিত কর্মকর্তাসহ অন্যান্য ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকেও আর্থিক ক্ষমতা অর্পণ করা যাবে।

খ) যে সকল কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা ইতোমধ্যে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেছে এবং উক্ত আর্থিক ক্ষমতা যদি নমূনা/ মডেলে বর্ণিত আর্থিক ক্ষমতা হতে অধিক হয়ে থাকে তবে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে বিদ্যমান আর্থিক ক্ষমতা বহাল/ বলবৎ থাকবে।

গ) যে সকল কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এখনও তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করে নাই বা অর্পণ করে থাকলেও তা নমূনা/ মডেলে বর্ণিত ক্ষমতা হতে কম, সে সকল কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা নমূনা/ মডেলে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে উন্নীত বা পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশের সাথে সংরক্ষিত চুক্তিতে অর্ন্তভুক্ত আর্থিক ক্ষমতা ব্যবহারের নীতি ও পদ্ধতির সাথে এ আদেশ এবং নমূনা/ মডেলে বর্ণিত নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশের নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

৫। মন্ত্রণালয়/ বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান এবং বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচারক/ ব্যবস্থাপকগণ এ স্মারকের মাধ্যমে তাদের অর্পিত আর্থিক ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে তাদের অধীনস্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ কর্মকর্তাগণকে অর্পণ করতে পারবেন। এ আর্থিক ক্ষমতা অর্পণকালে কোন কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা প্রয়োজন অনুসারে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নমূনা/ মডেলে বর্ণিত ক্ষমতার চেয়ে অধিক আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবে।

৬। প্রতি অর্থ বৎসরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annal Procurment Plan) প্রণয়নপূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তার দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হতে যে অনুমোদন গ্রহণ করা হবে তাই প্রশাসনিক অনুমোদন হিসেবে বিবেচিত হবে।

৭। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২(১০০) তারিখ: ১১/০৯/২০০৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, --------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য, --------------------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, --------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

আশীষ কুমার সরকার
সিনিয়র সহকারী সচিব

## সংযোজনী-ক

কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্ন কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation-এর নমুনা/ মডেল:

**১। উন্নয়ন খাত:**

| ক্রমিক নং | পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় শ্রেণীর কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| **ক) পূর্ত কাজ (নির্মাণ/ স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে:** | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৭ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৫ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৩ কোটি টাকা পর্যন্ত |
| **খ) পণ্য/ যন্ত্রপাতি/ মালামাল/ সরঞ্জামাদি/ সংগ্রহের ক্ষেত্রে:** | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৫ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৩ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ১ কোটি টাকা পর্যন্ত |
| **গ) পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে:** | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ১ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | নাই |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | নাই |
| | *১ বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলর গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন। | |
| **ঘ) টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে:** [রেগুলেশন ২০০৩ এর প্রবিধান ২০ (১) অনুসরণে] | | |
| ১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| **ঙ) টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে:** [রেগুলেশনস্ ২০০৩ এর প্রবিধান ১৮ (২) অনুসরণে] | | |
| ১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) পণ্য/ যন্ত্রপাতি: ১৫ হাজার টাকা পর্যন্ত<br>খ) ভৌত সেবা: ৫০ হাজার টাকা পযর্ন্ত |

| ক্রমিক নং | পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরমর্শক সেবা গ্রহণের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় শ্রেণীর কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) পণ্য/ যন্ত্রপাতি: ১৫ হাজার টাকা পর্যন্ত<br>খ) ভৌত সেবা: ৫০ হাজার টাকা পযর্ন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) পণ্য/ যন্ত্রপাতি: ১৫ হাজার টাকা পর্যন্ত<br>খ) ভৌত সেবা: ৫০ হাজার টাকা পযর্ন্ত |

**২। অনুন্নয়ন খাত:**

| ক্রমিক নং | ক্রয়/ সংগ্রহের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | ছোট কার্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা | বড় কার্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা |
| **ক.পূর্তকাজ (নির্মাণ/ স্থাপনা) এর ক্ষেত্রে:** | | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| **খ. পণ্য/ যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে:** | | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ১ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| **গ. পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে:** | | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| **ঘ. টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে:** [রেগুলেশন ২০০৩ এর প্রবিধান ২০ (১) অনুসরণে] | | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২ লক্ষ টাকা পর্যন্ত | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ | ২ লক্ষ টাকা পর্যন্ত | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| **ঙ. টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে:** [রেগুলেশন ২০০৩ এর প্রবিধান ১৮ (২) অনুসরণে] | | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান { ক) পণ্য/ যন্ত্রপাতি:<br>খ) ভৌত সেবা: | ১৫ হাজার টাকা পর্যন্ত<br>৫০ হাজার টাকা পর্যন্ত | ১৫ হাজার টাকা পর্যন্ত<br>৫০ হাজার টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ { ক) পণ্য/ যন্ত্রপাতি:<br>খ) ভৌত সেবা: | ১৫ হাজার টাকা পর্যন্ত<br>৫০ হাজার টাকা পর্যন্ত | ১৫ হাজার টাকা পর্যন্ত<br>৫০ হাজার টাকা পর্যন্ত |

*২ জাতীয় বেতন স্কেলের ৫ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবা-১/বিবিধ-৪৬/০৭/৯৯২ তারিখ: ২১/০১/১৪১৫ বাং / ০৪/০৫/২০০৮ ইং

## অফিস স্মারক

**বিষয়: উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস, প্রকল্প পরিচালকবৃন্দকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Power) পুনঃনির্ধারণ।**

সূত্র: অম/অবি/উঃবা-১/বিবিধ-৭৬/০২/৮৩৮, তারিখ-২২/১২/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারিকৃত পুস্তিকার ৫ ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হল:

| আর্থিক ক্ষমতা পুস্তিকার ক্রঃ নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্ধ্বে, ৫০ কোটি টাকা পযর্ন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পযর্ন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫ | ইমপ্রেস্ট অনুমোদন | মন্ত্রণালয়/ বিভাগ প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে ক-শ্রেণী, খ-শ্রেণী ও গ-শ্রেণীর প্রকল্প পরিচালকদের জন্য যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা পর্যন্ত ইমপ্রেস্ট মঞ্জুর করতে পারবে:<br>১) ইমপ্রেস্টের অর্থ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা পুস্তিকার ৩৭নং আইটেমে উল্লেখিত সাধারণ শর্ত পালনপূর্বক ব্যবহার করা যাবে।<br>২) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে চূড়ান্তভাবে ইমপ্রেস্ট সমন্বয় করতে হবে এবং আর কোন ইমপ্রেস্ট উত্তোলন করা যাবে না। | নাই | নাই | নাই | নাই |

ক। সূত্রে উল্লিখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

খ। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

মাহমুদুল হক ভুইয়া
যুগ্ম সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য, ------------------------------ বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবাঃ১/বিবিধ-৪৬/০৭/৯৯৩ তারিখ: ২১/০১/১৪১৫ বঃ / ০৪/০৫/২০০৮ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস, প্রকল্প পরিচালকবৃন্দকে অর্পিত আর্থিক ক্ষমতায় (Delegation of Financial Powers) পুনঃনির্ধারণ।**

সূত্র: নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৮৩৮, তারিখ-২২/১২/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারিকৃত পুস্তিকার ৪, ১২ ও ২৮ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হল:

ক। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

খ। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

মাহমুদউল হক ভুঁইয়া
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, -------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য -------------------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

| আর্থিক ক্ষমতা পুস্তিকার ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণী (২০ কোটি টাকা পযর্ন্ত ৫০ কোটি টাকার উর্ধ্বে) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পযর্ন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪ | সকল পূর্তকাজ সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদন*১ | পূর্ণ ক্ষমতা (৫০ কোটি টাকা পর্যন্ত)<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত পিসিসি/ পিপি/ টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বাৎসরিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৮ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৬ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) |
| ১২ | প্রকল্প বাস্বায়নের জন্য পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয় চুক্তি অনুমোদন/ সম্পাদন*১ (যন্ত্রপাতি বলতে ৯ (ক) ১০ (ক) এবং ১৩-১৬তে উল্লেখিত সরঞ্জামাদি/ যন্ত্রপাতি/ মালামাল বুঝাবে না) | পূর্ণ ক্ষমতা (৫০ কোটি টাকা পর্যন্ত)<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত পিসিসি/ পিপি/ টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বাৎসরিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ২ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) |
| ২৮ | পরামর্শক সেবা গ্রহণের চুক্তি অনুমোদন/ সম্পাদন*১ | পূর্ণ ক্ষমতা (১০ কোটি টাকা পর্যন্ত)<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত পিসিসি/ পিপি/ টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বাৎসরিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ২ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | নাই | নাই |

*১ পূর্তকাজ সম্পাদন ও পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ/ উপদেষ্টা পরিষদ কমিটি অনুমোদন করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯৪ তারিখ: ২১/০১/১৪১৫ বঃ / ০৪/০৫/২০০৮ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমুহের পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২, তারিখ: ১১/০৯/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পরিপত্রে গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ সরঞ্জামাদি ক্রয়/ চুক্তি সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক পুনঃনির্ধারণ করা হয়েছে:

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরন ও অনুমোদকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| *ক. সকল পূর্তকাজ/ পণ্য মালামাল/ যন্ত্রপাতি ক্রয়/ সম্পাদনের ক্ষেত্রে:* | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (ক্রমিক নং-২ এ উল্লেখিত সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এ ধরনের অন্য সকল কর্পোরেশন/ সংস্থা) | ২০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, যথা: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/ বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ ঢাকা ওয়াসা/ ঢাকা সিটি কর্পোরেশন/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। | ২৪ কোটি টাকা পর্যন্ত | ২৪ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা পর্যায়) | ৫০ কোটি টাকার পর্যন্ত | ৫০ কোটি টাকার পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/ উপদেষ্টা কমিটি | ৫০ কোটি টাকার উর্ধ্বে | ৫০ কোটি টাকার উর্ধ্বে |
| খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ: | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (উপরের ক (১) এর অনুরূপ) | ৪ কোটি টাকার উর্ধ্বে | ২ কোটি টাকার উর্ধ্বে |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (উপরের ক (২) এর অনুরূপ) | ৪ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা পর্যায়) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/ উপদেষ্টা কমিটি | ১০ কোটি টাকার উর্ধ্বে | ১০ কোটি টাকার উর্ধ্বে |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের ৪ অনুচ্ছেদে বর্ণিত মডেলের উন্নয়ন খাত (ক,খ,গ) এবং অনুন্নয়ন খাত (ক,খ,গ) অনুরূপভাবে সংশোধনপূর্বক এতদসঙ্গে সংযুক্ত করা হয়েছে (সংযোজনী- ক)। মডেলের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

৩। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৪। পুনঃনির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

মাহমুদউল হক ভুঁইয়া
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য ---------------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

**সংযোজনী-ক**

## কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্ন কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation-এর নমুনা/ মডেল:

**উন্নয়ন খাত:**

| ক্রমিক নং | পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয় পরামর্শক সেবা গ্রহণের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় উভয় শ্রেণীর কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| **ক.** | **পূর্ত কাজ (নির্মাণ/ স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে** | পুনঃনির্ধারিত |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ১৪ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৮ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়েজিত)*১ | ৬ কোটি টাকা পর্যন্ত |
| **খ.** | **পণ্য/ যন্ত্রপাতি/ মালামাল/ সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে** | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৬ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়েজিত)*১ | ২ কোটি টাকা পর্যন্ত |
| **গ.** | **পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে:** | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ১ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | নাই |
| ৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়েজিত)*১ | নাই |

*১ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাঁদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসারেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

**২। অনুন্নয়ন খাত:**

| ক্রমিক নং | ক্রয়/ সংগ্রহের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা স্বায়ত্তশাসিত সংস্থা | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
| **ক.** | **পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে** | পুনঃনির্ধারিত | পুনঃনির্ধারিত |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৪ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ*২ | ১ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| **খ.** | **পণ্য/ যন্ত্রপাতি/ মালামাল/ সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে** | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ*২ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| **গ.** | **পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে:** | | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ*২ | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |

*২ জাতীয় বেতন স্কেলের ৫ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাবৃন্দ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। ৫ম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রকারী ৫ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

নং-অম/অবি/বা-১১/বিবিধ-৪৬/২০০৭/৩৭৯ তারিখ: ৩০/০৭/২০০৯ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা অর্পণ প্রসঙ্গে।**

সূত্র: অম/অবি/উবা-১/ বিবিধ-৪৬/০৭/৯৯৪, তারিখ: ০৪/০৫/২০০৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে বর্ণিত আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ সংক্রান্ত পত্রের অনুবৃত্তিক্রমে সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে সকল পূর্তকাজ/ পণ্য মালামাল/ যন্ত্রপাতি ক্রয়/ সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক প্রদান/ পুনঃনির্ধারণ করা হয়েছে:

| ক্রমিক নং | ক্রয়/ সংগ্রেহের ধরন ও অনুমোদকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| *ক. সকল পূর্তকাজ/ পণ্য মালামাল/ যন্ত্রপাতি ক্রয়/ সম্পাদনের ক্ষেত্রে:* | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (ক্রমিক নং-২ এ উল্লেখিত সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এ ধরনের অন্য সকল কর্পোরেশন/ সংস্থা) | ২০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায়, যথা: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/ বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ ঢাকা ওয়াসা/ ঢাকা সিটি কর্পোরেশন/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। | ২৪ কোটি টাকা পর্যন্ত | ২৪ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা পর্যায়) | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৫০ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/ উপদেষ্টা কমিটি | ৫০ কোটি টাকার উর্ধ্বে | ৫০ কোটি টাকার উর্ধ্বে |
| খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ: | | | |
| ১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (উপরের ক (১) এর অনুরূপ) | ৪ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (২) এর অনুরূপ) | ৪ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা পর্যায়) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/ উপদেষ্টা কমিটি | ১০ কোটি টাকার উর্ধ্বে | ১০ কোটি টাকার উর্ধ্বে |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃনির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কাজী শফিকুল আযম
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, --------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য --------------------------------------বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

নং-অম/অবি/বা-১১/বিবিধ-৪৬/০৭/৯৫ তারিখ: ০৭/০৩/২০১০

# পরিপত্র

**বিষয়: গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/ সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরমর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: অম/অবি/উবা-১/ বিবিধ-৪৬/০৭/৯৯৪, তারিখ: ০৪/০৫/২০০৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বিগত ০৪/০৫/২০০৮ তারিখে অম/অবি/উবা-১/ বিবিধ-৪৬/০৭/৯৯৪ নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের সংশ্লিষ্ট ক (৩) এবং খ (৩) অনুচ্ছেদে বর্ণিত অংশে মন্ত্রী/ উপদেষ্টা শব্দাবলীর পর নিম্নরূপে **প্রধান নির্বাচন কমিশনার** যুক্ত হবে:

| ক্রমিক নং | ক্রয়/ সংগ্রহের ধরন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| ক. সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/ সম্পাদনের ক্ষেত্রে: | | | |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা/ **প্রধান নির্বাচন কমিশনার** পর্যায়) | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৫০ কোটি টাকা পর্যন্ত |
| খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ: | | | |
| ৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী/ উপদেষ্টা/ **প্রধান নির্বাচন কমিশনার** পর্যায়) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |

**বিজয় ভট্টাচার্য্য**
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেগাও, ঢাকা।
৩। সচিব, --------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য --------------------------------------বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, --------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৮৯ তারিখ: ১৭/০৪/২০১১

## অফিস স্মারক

**বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস/ প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers) পুনঃনির্ধারণ।**

সূত্র: অম/অবি/উবা-১/বিধি-৭৬/০২/৮৩৮, তারিখ: ২২/১২/২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত মন্ত্রণালয়/ বিভাগ/ হেডস অব ডিপার্টমেন্টস/ প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারিকৃত পুস্তিকার ৮, ১২ ও ৩৪ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা সরকার কর্তৃক নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে:

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্ধ্বে ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | মনিহারী দ্রব্যাদি ক্রয় অনুমোদন | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্ত নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভক্ত থাকতে হবে।<br>৩) পিপিও-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩২ | টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে: {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৮১(১), বিধি-৮২(১) ও বিধি-৭৬(১)(ট) এর সংশোধন অনুযায়ী} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিও-২০০৬, পিপিআর-২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভক্ত থাকতে হবে।<br>৩) পিপিও-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্ধ্বে ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদন {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯(১), বিধি-৮২(১) এবং বিধি ৮৮(১) এর সংশোধন অনুযায়ী} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বাংলাদেশের বৈদেশিক মিষনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবা: এককালীন ১৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিও-২০০৬, পিপিআর-২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষে:<br>১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভক্ত থাকতে হবে।<br>৩) পিপিও-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

*২ মন্ত্রণালয়/ বিভাগ কিংবা সংস্থা/ প্রতিষ্ঠানের নিজস্ব প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

শাহাবুদ্দিন আহমদ
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেগাও, ঢাকা।
৩। সচিব, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য ---------------------------------------------------- বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। ---------------------------------------------------- (সকল কর্মকর্তা), অর্থ বিভাগ।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৯০ তারিখ: ১৭/০৪/২০১১

**বিষয়: গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/ সম্পাদনের বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: অম/অবি/উবা-১/বিবিধ-৭৬/০২/৬৮২, তারিখ: ১১/০৯/২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পরিপত্রে গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা- স্বায়ত্তশাসিত/ সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ সরঞ্জামাদি ক্রয়/ চুক্তিসম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation এর নমুনা/ মডেল এর উন্নয়ন ও অনুন্নয়ন খাতে টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় এবং টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক পুনঃনির্ধারণ করা হয়েছে:

**উন্নয়ন খাত:**

| ক্রমিক নং | বিষয় | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা |
|---|---|---|
| ঘ. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে: {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯ (১), বিধি-৮২ (১) ও বিধি-৬৯ (৬) (খ) অনুসরণে} | |
| ১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার ঊর্ধ্বে ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার ঊর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়েজিত) | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ঙ. | টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে: {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৮১ (১), বিধি-৮২ (১) ও বিধি-৭৬ (১) (ট) অনুসরণে} | |
| ১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার ঊর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়েজিত) | ক) স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |

| ক্রমিক নং | বিষয় | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা |
|---|---|---|
| ২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| ৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ক) স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |

**অনুন্নয়ন খাতঃ**

| ক্রমিক নং | বিষয় | আর্থিক ক্ষমতা-ছোট কর্পোরেশন/বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
|---|---|---|
| ঘ. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে: {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৬৯ (১), বিধি-৮২ (১) ও বিধি-৬৯ (৬) (খ) অনুসরণে} | |
| ১) | কর্পোরেশ/ সংস্থার নির্বাহী প্রধান | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ | ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ঙ. | টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে: {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৮১ (১), বিধি-৮২ (১) ও বিধি-৭৬ (১) (ট) ও বিধি ৮৮ (২) অনুসরণে} | |
| ১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ক) স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঙ) জাতীয় পতাকাবাহী বাহনের জন্য বাংলাদেশের বাইরে জ্বালানী তেল, যন্ত্রাংশ ক্রয় বা জরুরী ধরণের মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ৫০ লক্ষ টাকা পর্যন্ত। |

| ক্রমিক নং | বিষয় | আর্থিক ক্ষমতা-ছোট কর্পোরেশন/বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
|---|---|---|
| ২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ | ক) **স্বল্প মূল্যের পণ্য/ যন্ত্রপাতি:** প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>খ) **ভৌত সেবা:** প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>গ) **বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ:** প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) **জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়:** প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমতিক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

শাহাবুদ্দিন আহমদ
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য ---------------------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। ---------------------------------------------------- (সকল কর্মকর্তা) অর্থ বিভাগ।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

# এলসি খোলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট শাখা-১

নং-অম/অবি/উবা-১/বিবিধ-৭২/০১(অংশ)/১৪৭৮ তারিখ: ০৯/০৮/২০০৫ খ্রিঃ

অর্থ বিভাগের ০১/০৭/২০০৪ তারিখে জারিকৃত অম/অবি/উন্নয়ন-১/ বিবিধ-৭২/০১/৬২৬ নং স্মারক বাতিলক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত সংস্থা সরকারের/ সংস্থার নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য এবং রাজস্ব বাজেটের আওতায় ২ (দুই) মিলিয়ন মার্কিন ডলার বা তদূর্ধ্ব বৈদেশিক মুদ্রা ব্যয়/ এলসি খোলার পূর্বে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়কে আহবায়ক করে গঠিত এতদসংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

২। ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ আবদুল মজিদ
যুগ্ম-সচিব (উন্নয়ন বাজেট)
অর্থ বিভাগ

বিতরণ:
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
২। সদস্য (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সচিব, ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(১৫)/২০০৮/৩১৩

তারিখ: ০৫/০৪/২০০৮ খ্রিঃ
২২/১২/১৪১৪ বঃ

**বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে এবং রাজস্ব বাজেটের আওতায় বৈদেশিক মুদ্রা ব্যয়/ এলসি খোলার উর্ধ্বসীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সরকার অর্থ বিভাগের গত ০৯.০৮.২০০৫ তারিখে জারিকৃত অম/অবি/উবা-১/ বিবিধ-৭২/ (অংশ)/ ১৪৭৮ নং স্মারক বাতিলক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত সংস্থা সরকারের/ সংস্থার নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে এবং রাজস্ব বাজেটের আওতায় ৫ (পাঁচ) মিলিয়ন মার্কিন ডলারের উর্ধ্বে বৈদেশিক মুদ্রা ব্যয়/ এলসি খোলার পূর্বে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়কে আহবায়ক করে গঠিত এতদসংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

২। ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।

আরাস্তু খান
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ:

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

The Government has decided, in consultation with IDA, to introduce a Convertible Taka Special Account (CONTASA) for IDA aided autonomous bodies. It is, however, to be noted that on going projects funded by IDA for which SAFE accounts has been in operation since 1985 shall not come under the purview of CONTASA until a renew has been completed by the Government and IDA and both parties are in agreement to change the status of projects currently operation under SAFE to allow them to operate under CONTASA. The following procedures shall be applicable for the operation of CONTASA.

**1. Opening of the Account:**

a) With prior approval of the Finance Division and wehre permitted by the IDA Development Credit Agreement, one project Executing Agency may open under the title of the project one CONTASA WITH A COMMERCIAL BANK (Explanation where more than one project executive agencies are involved, each such agency can open one such CONTASA). CONTASA will be interest bearing and convertible to foreign exchange axstipulated in 2(i).

b) The specimen signature of the Project Implementing Authority/Project Director responsible for operating the account shall have to be attested by the Head of the Deptt./Agency and the Administrative Ministry/Division in the specimen signature card of the Bank.

c) In cases where several drawing authorities are involved in a CONTASA, the Administrative Ministry/Division may in appropriate cases, authorize them for drawing from the CONTASA under intimation to the Finance Division. In such cases, too, the procedure (b) shall have to be flollowed.

**2. Procedure for depositing to and fund utilization from CONTASA:**

a) Immediately after the deposit of foreign currency by IDA with the Bangladesh Bank the latter shall transfer the Taka equivalent to the commercial bank for crediting the same to the CONTASA of the project.

b) The Finance Division shall issue authorization showing budget allocation against the project in the project aid head at the beginning of each financial year. This authorization will show the respective head of account and the break up of the fund for different phases of implementation of the same project given by the Administrative Ministry/Division. The Administrative Ministry/Division could revise this break-up, if necessary, and have revised authority issued by the Finance Division reflecting the original authorization.

c) In cases where expenditure in addition to the authorization is necessary, the Administrative Ministry/Division may incur such additional expenditure with prior permission and authorization from the Finance Division. The total expenditure, including the among of additional expenditure, shall not exceed the amount available in the projects CONTASA.

d) In case of Project Concept Paper (PCP) approved/ unapproved projects permission from the Planning Commission and Finance Division will be needed for issuing authorization.

e) Project Director/Project Implementing Authority shall not pay any bill from CONTASA. Unless authorization or additional authorization as the case may be issued from the Finance Division against the project.

f) Payment from CONTASA shall be made on the basis of work done goods supplied consultants services and training provided (for payment in foreign currency, please see (j) below.

g) However, advance payment stipulated in the respected contracts would be made from CONTASA for any work to be done goods to be supplied, consultants services and training to be provided so specified in the Development Credit Agreement/ Project Agreement or agreement.

h) The bill against which payment could be made available from CONTASA shall contain attestation of the Project Director/Project Implementing Authority in services and training provided. The Project Director/Project Implementing Authority shall maintain accounts of each bill in a separate ledger.

i) The commercial bank shall send a month-wise report concerning CONTASA maintained with them to the Project Implementing Agency. Administrative Ministry/Division, concerned Chief Accounts Officer and the Finance Division in the first week of the following month. The Project Implementing Agency shall prepare a statement of expenditure based on such report/account showing the head of account and shall send it to the necessary entries in the Government Account according to the report.

j) All project expenditure eligible for IDA financing in local currency and any expenditure in foreign currency up to US$ 50,000.00 equivalent or less shall be met from CONTASA. The limits would be agreed with IDA for new IDA project to be negotiated which require a CONTASA account based on the total amount of each project.

k) Proceeds of all IDA Credit converted into Taka for deposit in CONTASA shall be freely convertible and may be used to meet eligible expenditure in Taka as well as in foreign currency subject to the provision stipulated in para ‘2(I)’ above.

**3. General Conditions:**

a) Project Implementing Agency/Project Implementing Unit (PIU) must submit claims in Taka for reimbursement for the bills paid on monthly basis to IDA immediately after the end of each month. The implementing agency must reconcile the bank statement and submit both the reconciliation and bank statements will replenishment applications, in accordance with the intervals specified in IDA’s disbursement letter for each project.

b) All expenditure/ payment under CONTASA shall be incurred/ made as per approved project proforma (PP) and terms and conditions of FCA and Project Agreement.

c) At the end of the financial, year Administrative Ministry/Division shall issue an adjustment G.O. in respect of Autonomous and Semi-Autonomous bodies showing therein project-wise ADP allocation, revised ADP allocation, Taka received under CONTASA and expenditure thereof up to 30th June. If such G.O. is not issued by the 31st July, no fund from CONTASA can be used thereafter.

d) CONTASA shall be audited every year by the Foreign Aided Projects Audit Department of the Government.

e) Instruction regarding interest accrued and bank charges in respect of CONTASA shall be issued separately at a later date.

**Md. Shareef Ullah**
**Joint Secretary**

**Distribution:**

1. Comptroller & Auditor General, Bangladesh
2. Governor, Bangladesh Bank, Dhaka
3. Controller General of Accounts, Bangladesh
4. Director, Directorate of Audits, Foreign Aided Projects
   AG Bhaban, Segunbagicha, Dhaka
5. Director, Foreign Aid Budget & Accounts Branch, ERD.
6. The Chief Accounts Officer of all concerned Ministries.
7. All Officers of this Wing.

(ইমপ্রেস্ট তহবিল পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপন)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF
**BANGLADESH**
**MINISTRY OF FINANCE**
Finance Division
**Development Wing**

No. MF/FD/DRS/25/92(P-1)141(200) Dated: 25-4-1993

From: Mr. Md. Shareef Ullah
Joint Secretary (Dev)

To: The Secretary/Addl.Secretary-in-Charge of
…………………………….Ministries/Divisions

**Subject: Operational procedure for enhanced Imprest Account Facility under ADB Loans**

1. The undersigned is directed to say that the Government of Bangladesh and the Asian Development Bank (ADB), have agreed to enhance the use of existing Imprest Account facility to a more comprehensive facility, similar to the World Bank's SAFE. Such Imprest Account will cover all loan categories (except for unallocated and service charge during construction), both foreign and local expenditures. In principle, all new ADB loans will adopt the Imprest Account Procedures, if executing agency's accounting and administrative capability is satisfactory to ADB. ADB's Statements of Expenditure (SOE) procedures should be combined with Imprest Accounts to facilitate replenishment/liquidation. Detailed Procedures of Imprest Accounts of Expenditure will be included in ADB's disbursement letter which will be sent to the concerned parties after signing of Loan Agreements.

**2. Opening of Imprest Accounts:**

Executing Agency (EA) through their Administrative Ministry/Division, will apply to the Finance Division, Ministry of Finance for permission to open an Imprest Account under new procedure. Finance Division will issue permission and instruct Bangladesh Bank (BB) to open an Imprest Account with (BB). The MOF will designate a Commercial Bank, on the basis of the recommendation of the Administrative Ministry, where a corresponding account to the Imprest Account (Second Stage Imprest Account in local currency) would be opened. Such account in the Commercial Bank will be interest bearing and the interests so earned, will be deposited on the 1 of July every year to the Government Account under the head 24-interest-24-Kha-Foreign Loan Interest Imprest Account. Government departments and agencies having power to issue checks on Government Accounts are not required to open Second Stage Imprest Accounts with Commercial Banks.

**3. Government's Budget Allocations.**

FD, MOF will issue, at the beginning of each financial year, an advice to BB informing Annual Development Program (ADP) allocation for all ADP-Financed approved project which have Imprest Accounts and will authorize BB to release funds from Imprest Accounts to the Executing Agencies. Thus BB gets an umbrella authorization for approved projects from FD to release fund and does not have to get FD's clearance as they are within the limit of current year's ADP allocation. EA's have to ensure they do not submit to ADB Withdrawal Applications for advance exceeding current year's ADP allocations.

4. Ceiling of Imprest Fund should, whenever possible, be stated in the loan agreement or in the Minutes of the Loan Negotiations. Otherwise, the amount of the initial advance (3 to 6 months requirement) establishes a requirement. Executing Agencies will submit a Withdrawal application and an Estimate of Expenditure Sheet for initial advance to ADP Headquarters through ADB Bangladesh Resident Office. ADB's Controller's Department in Dhaka possesses the transfer and will advise Executing Agencies accordingly.

5. **Payments of Expenditure:**

Executing Agencies will make

i) all local payments from the Imprest Accounts, and

ii) Foreign Exchange payments (limit US$ 50,000 equivalent per payment from imprest fund held at the Commercial Ban. Imprest fund can be utilized for all kinds of payments and transactions including small letter of credit (L/C) amounting US$ 50,000 or less. Such small L/C transactions can be made between the shipper and the buyer without going through commitment letter procedures. $ 50,000 limit will be reviewed by the Government and the ADB periodically. Procedures for opening/settlement of small L/C and for direct payments in Foreign Exchange will be circulated by Bangladesh Bank.

6. **Liquidation & Replenishment:**

For replenishment, Executing Agencies accumulate payment of documents and then submit withdrawal applications to Bangladesh Resident Office of ADB, in principle on a monthly basis. Withdrawal appalications must be supported by the standard documentation as required under ADB procedures along with the Bank statements of Imprest Account. Bangladesh Resident Office of ADB reviews the applications and sends them to ADB's Controller Departments for replenishment. This process will continue till, (i) amount one year before loan closing date or (ii) the time when the undisbursed balance of the loan becomes twice the amount of the prevailing ceiling of the Imprest fund, whichever come first; after-which, withdrawal applications received will be treated as liquidation against outstanding Imprest Fund.

7. **Programme Loans:**

For Programme Loans, above stated procedures will generally apply.

8. **Audit:**

Imprest Accounts and Statements of Expenditure should be annually audited by the Comptroller and Auditor General (C&AG). Audit of Imprest Accounts and Statements of Expenditure may be carried out as part of the regular annual report of Executing Agency's general accounts and financial statements, but the opinion of that part of the examination relating to Imprest Accounts and statements of Expenditure should be separately set out in the auditor's report.

Joint Secretary (Development)
Finance Division
Ministry of Finance

**Distribution:**

1. Secretary.................Ministry/Division
2. Governor, Bangladesh Bank
3. Comptroller & Auditor General of Bangladesh
4. Controller General of Accounts (CGA)
5. Director, Directorate of Audits, Foreign Aided Projects.
6. Bangladesh Resident Office of ADB.
7. Managing Director....................................Bank
8. All Chief Accounts Officers

(বাণিজ্যিক ব্যাংকে ইমপ্রেস্ট তহবিল পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপন)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH
MINISTRY OF FINANCE
Finance Division
**Development Wing**

No.MF/FD/DRS/85/96/931 Date: 24 October 1996

# CIRCULAR

**Subject: Procedures for Operation of Revised Imprest Accounts for ADB aided Development projects under Govt.Deptts/ Autonomous/ Semi-Autonomous Bodies.**

The Government of the People's Republic of Bangladesh (GOB) in consultation with Asian Development Bank (ADB) have decided to introduce Revised Imprest Accounts with commercial Banks for ADB aided development projects under Government Departments, Autonomous/Semi-Autonomous bodies. It is, however, to be noted that ongoing projects funded by ADB under Imprest Account procedure as per Finance Division's circular No.MF/ FD/ DRS/ 25/92 (P-1)/141(200), dated 25-4-93 shall not come under the purview of Revised Imprest Account procedures. Such Imprest Accounts will cover all loan categories (except for unallocated and service charge during construction), both foreign and local expenditure. All new ADB loans will adopt the Imprest Account Procedures. ADB\rquotas Statements of Expenditure procedures should be combined with Imprest Accounts to facilitate replenishment/liquidation. Detailed Procedures of New Imprest Accounts and Statements of Expenditure will be included in ADB's disbursement letter, which will be sent to the concerned parties after signing of Loan Agreements.

**1. Opening of Imprest Accounts:**

Executing Agencies, through their Administrative Ministry/Division, will apply to the Finance Division, Ministry of Finance for permission to open an Imprest Account under new procedure. Finance Division will issue permission to open an Imprest Account with a commercial Bank, on the basis of the recommendations of the Administrative Ministry (Administrative Ministry/Division will recommend at least three names of Commercial Banks). Such account in the Commercial Bank will be interest bearing and the interests so earned, will be deposited in Taka at the months of January and July every year to the Government Account under the Head '24-interst-24-Kha-Foreign Loan Interest'.

**2. Government's Budget Allocation:**

Finance Division, Ministry of Finance will issue, at the beginning of each financial year, an advice to the Commercial Banks informing Annual Development Programme (ADP) allocation for the project which has Imprest Account and will authorize to release funds from Imprest Accounts to the Executing Agencies. Executing Agencies have to ensure that, they do not submit to ADB withdrawal applications for advance exceeding current year's ADB allocation.

**3. Initial Advance and ceiling:**

Ceiling of Imprest Fund should, whenever possible, be stated in the loan agreement or in the Minutes of the Loan Negotiations. Otherwise, the amount of the initial advance (3 to 6 months requirement) establishes a requirement. Executing Agencies will submit a Withdrawal application and an Estimate of Expenditure Sheet for initial advance to ADB Headquarters through ADB Bangladesh Resident Office. ADB's Controller's Department in Dhaka possesses the transfer and will advise Executing Agencies accordingly.

**4. Payments of Expenditure:**

Executing Agencies will make

i) all local payments from the Imprest accounts, and

ii) Foreign Exchange payments (limit US$ 50,000 equivalent per payment) from imprest fund held at the Commercial Bank. Imprest fund can be utilized for all kinds of payments and transactions including small letter of credit (L/C) amounting US$ 50,000 or less. Such small L/C transactions can be made between the shipper and the buyer without going through commitment letter procedures. $ 50,000 limit will be reviewed by the Government and ADB periodically. Procedures for opening/settlement of small L/C and for direct payments in Foreign Exchange will be circulated by Bangladesh Bank.

**5. Liquidation and Replenishment:**

For replenishment, Executing Agencies accumulate payment documents and then submit withdrawal applications to Bangladesh Resident Office of ADB, in principle on a monthly basis. Withdrawal applications must be supported by the standard documentation as required under ADB procedures along with the Bank statements of Imprest Account. Bangladesh Resident Office of ADB reviews the applications and sends them to ADB's Controller Departments for replenishment. This process will continue till (i) amount one year before loan closing date, or (ii) the time when the undisbursed balance of the loan becomes twice the amount of the prevailing celing of the Imprest fund, whichever come first after-which, withdrawal applications received will be treated as liquidation against outstanding Imprest Fund.

**6. Programme Loans:**

For programme Loans, above stated procedures will generally apply.

**7. Audit:**

Imprest Accounts and Statements of Expenditure should be annually audited by the Comptroller and Auditor General (C&AG). Audit of Imprest Accounts and Statements of Expenditure may be carried out as part of the regular annual audit of Executing Agency general accounts and financial statements, but the opinion of that part of the examination relating to Imprest Accounts and statements of Expenditure should be separately set out in the auditor's report.

Md. Mozammel Huq
Joint Secretary (Development)
Finance Division
Ministry of Finance

**Distribution:**

1. Secretary.............................................Ministry/Division
2. Governor, Bangladesh Bank
3. Comptroller and Auditor General of Bangladesh
4. Controller General of Accounts (CGA)
5. Director, Directorate of Audits, Foreign Aided Projects
6. Bangladesh Resident Office of ADB
7. Managing Director.........................................Bank
8. All Chief Accounts Officers
9. All Officers of Development Wing of Finance Division.

10.

***সংলগ্নী-১৫***

(ডসা (DOSA) তহবিল পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃগঃশাঃ/১০/৯২/৮৪(১০০)  তারিখ: ০৫/০১/১৯৯৩ ইং

**বিষয়: আই,ডি,এ, ক্রেডিট ২৩৯৩-বিডি'র অধীনে বাস্তবায়নাধীন কারিগরী সহায়তা প্রকল্প-৬(টি,এ-৬) এর জন্য ডলার স্পেশাল একাউন্ট (ডসা) পরিচালনা পদ্ধতি।**

**ডলার বিশেষ হিসাব পদ্ধতি পরিচালন ও অর্থ ব্যবহারের নিয়মাবলীঃ**

ক) আই,ডি,এ, ক্রেডিট ২৩৯৩-বিডি'র অধীনে ডলার স্পেশাল একাউন্ট (ডসা) নামে বাংলাদেশ ব্যাংকে ইউ এস ডলারে একটি বিশেষ হিসাব খোলা হইবে এবং আলোচ্য প্রকল্প(টি,এ-৬) চালুকালীন সময় পর্যন্ত ইহা কার্যকর থাকিবে।

খ) ডলার বিশেষ হিসাবে আই,ডি,এ প্রারম্ভিক জমাসহ পুনর্ভরণের ভিত্তিতে অর্থ জমা করিবে।

গ) আই,ডি,এ বাংলাদেশ ব্যাংকের বিশেষ ডলার হিসাবে সরাসরি বৈদেশিক মুদ্রা জমা দেওয়ার সাথে সাথে বাংলাদেশ ব্যাংক, প্রকল্প পরিচালক, অসবি এবং অর্থ মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগকে অবহিত করিবে।

**অর্থ ব্যবহারের নিয়মাবলী:**

ক) কারিগরী সহায়তা প্রকল্প-৬ এবং উপ প্রকল্পসমূহ এডিপি/সংশোধিত এডিপিতে ঋণচুক্তি নং ২৩৯৩ বিডিসহ প্রতিফলিত করিতে হইবে।

খ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রকল্প পরিচালকের নিকট অথরাইজেশন জারির প্রস্তাব প্রেরণের সময় উপ-প্রকল্পের সংশ্লিষ্ট প্রশাসিনক মন্ত্রণালয়ের খরচের বিভাজন উল্লেখপূর্বক প্রকল্প সাহায্য অংশের বৈদেশিক মুদ্রা ও টাকাংশ স্পষ্টভাবে উল্লেখ করিবে। উপ প্রকল্পের প্রশাসনিক মন্ত্রণালয় হইতে প্রাপ্ত বিভাজনের ভিত্তিতে অথরাইজেশন জারির জন্য প্রকল্প পরিচালক (অসবি), অর্থ বিভাগকে অনুরোধ করিবেন। প্রয়োজনবোধে সামগ্রিক বাজেট বরাদ্দের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় এই বিভাজন সংশোধন করিতে পারিবে। তবে অসবিকে অবগত করাইতে হইবে।

গ) প্রকল্প পরিচালক হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অর্থ বিভাগ প্রতি অর্থ বছরে উপপ্রকল্পসমূহের বিপরীতে উন্নয়ন বাজেটে প্রদর্শিত প্রকল্প সাহায্য হিসাবে দেখানো বরাদ্দের অথরাইজেশন জারি করিবে।

ঘ) সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেট বরাদ্দের তুলনায় অতিরিক্ত অর্থ ব্যয়ের প্রয়োজন হইলে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনের পূর্ব অনুমোদনসহ প্রকল্প পরিচালককে অবহিত করিবেন। তদনুযায়ী সংশোধিত অথরাইজেশন জারি করিবার জন্য প্রকল্প পরিচালক অর্থ বিভাগকে অনুরোধ করিবেন।

ঙ) অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে অথরাইজেশন জারির পূর্বে পরিকল্পনা কমিশনের সম্মতি লাগিবে।

চ) অর্থ বিভাগ হইতে প্রকল্পের বিপরীতে অথরাইজেশন জারি না হওয়া পর্যন্ত প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ডসা হইতে কোন অর্থ ব্যয় করিতে পারিবেন না।

ছ) যে বিলের বিপরীতে ডসা হিসাব হইতে অর্থ পরিশোধ করা হইবে তাহাতে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে। প্রতিটি বিলের উপ প্রকল্প কর্তৃপক্ষ উপ প্রকল্পের জন্য নির্দিষ্ট পৃথক লেজার সংরক্ষণ করিবেন।

জ) বাংলাদেশ ব্যাংক ডসা সংক্রান্ত আদান প্রদানের মাসিক প্রতিবেদন প্রকল্প পরিচালক, বিশ্বব্যাংকের স্থানীয় অফিসে পরবর্তী মাসের ২য় সপ্তাহে প্রেরণ করিবে। এই প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া প্রকল্প পরিচালক পরবর্তীতে বিশ্বব্যাংকের নিকট পুনর্ভরণ দাবী করিবেন। প্রতি বছর ৩০ জুন উপপ্রকল্পওয়ারী খরচের একটি প্রতিবেদন প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট সি,এ,ও কে প্রদান করিবেন যাহা সংশ্লিষ্ট সিএও সরকারি হিসাবে প্রতিফলন করিবেন।

ঝ) 'ডসা' হইতে বৈদেশিক মুদ্রা ও টাকাংশে ব্যয় করা যাইবে তবে টাকাংশ ব্যয়ের সময় চলতি বিনিময় হার অনুযায়ী ডলারকে টাকায় রুপান্তর করিতে হইবে।

ঞ) অনুমোদিত বিল পরিশোধের জন্য ১৫ দিন পূর্বে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প পরিচালকের নিকট বিল পেশ করিবেন। প্রকল্প পরিচালক তাহা পরীক্ষা করিয়া প্রয়োজনীয় অর্থ পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করিবেন। প্রকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করিবেন। প্রকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পত্রের অনুলিপি সংশ্লিষ্ট উপ প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

ট) বিল পরিশোধের পরে মাসিক ভিত্তিতে প্রকল্প পরিচালক পুনর্ভরণের জন্য উন্নয়ন সহযোগিদের নিকট মার্কিন ডলারে দাবী পেশ করিবেন।

ঠ) ‘ডসা’র মাধ্যমে সম্পাদিত সকল খরচাদি ও লেনদেন সংশ্লিষ্ট অনুমোদিত প্রকল্প ছক ঋণচুক্তি/প্রকল্প চুক্তিতে বর্ণিত শর্তাদি অনুযায়ী করিতে হইবে।

ড) সরকারের বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট দস্তর কর্তৃক ডসা এবং এর অধীনে পরিচালিত কারিগরী সহায়তা প্রকল্প-৬ এর উপপ্রকল্পসমূহ প্রতি বছর অডিট করিতে হইবে। অডিট হইয়াছে এই মর্মে অর্থ বিভাগকে এবং আই,ডি,এ-কে অবহিত করিতে হইবে।

ঢ) কারিগরী সহায়তা প্রকল্প-৬ এর সকল বর্তমান ও ভবিষ্যৎ উপ প্রকল্পের জন্য ডসা পদ্ধতি কার্যকর থাকিবে।

ণ) দাতা সংস্থা, অর্থ বিভাগ এবং অসবি হইতে কারিগরী সহায়তা প্রকল্প-৬ সংক্রান্ত যে সকল আদেশ জারি করা হইবে প্রকল্প পরিচালক তাহা উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

**এম শরীফ উল্যাহ**
যুগ্ম সচিব(উন্নয়ন)
অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ

নং-অম/অবি/উঃ-১/উন্নয়ন-১/বিবিধ-৭২/০১/৩৬১ তারিখ: ৫/১১/২০০১

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে এখন হইতে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত সংস্থাকে সরকারের/সংস্থার নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য (সাপ্লায়ার্স ক্রেডিট সহ) বা রাজস্ব বাজেটের আওতায় এক মিলিয়ন মার্কিন ডলার বা তদূর্ধ্ব বৈদেশিক মুদ্রা ব্যয়/এলসি খোলার পূর্বে নিম্নবর্ণিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণ করিতে হইবে:

| | | | |
|---|---|---|---|
| ১) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | আহবায়ক |
| ২) | সদস্য, প্রোগ্রামিং, পরিকল্পনা কমিশন | : | সদস্য |
| ৩) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ | : | সদস্য |

অর্থ বিভাগ বাছাই কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে। এই বিষয়ে সকল প্রস্তাব যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

শেখ এ, কে, মোতাহার হোসেন
উপ-সচিব(উন্নয়ন)।

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
২) সদস্য(প্রোগ্রামিং), পরিকল্পনা কমিশন।
৩) সচিব, অর্থ বিভাগ।
৪) সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।

* অর্থ বিভাগের ০১/০৭/২০০৪ তারিখের আদেশে উহা সংশোধন করে ৫ (পাঁচ) মিলিয়ন ডলার করা হয়েছে (সংলগ্নী-৪৩)।

***সংলগ্নী-১৭***

## (বার্ষিক রিকনসিলিয়েশন প্রতিবেদনের নমুনা)

সকল মন্ত্রণালয়/ বিভাগের অধীন বিভিন্ন সরকারি অধিদপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিগত------------ অর্থ বছরে বছরের অর্থ অবমুক্তি ব্যয়, ও অব্যয়িত অর্থ সমর্পণ/ সরকারি কোষাগারে জমা দেওয়ার বিবরণীঃ

| মন্ত্রণালয়ের নাম | বাস্তবায়নকারী সংস্থা | প্রকল্পের নাম | বিগত...........সালের বাজেট বরাদ্দ | | | | | বিগত..........সালের অবমুক্তির পরিমাণ | | | | | বিগত..........সালের প্রকৃত ব্যয় | | | | | অব্যয়িত অর্থ সমর্পণ/সরকারি কোষাগারে জমাদানের বিবরণী(কপিসহ) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জিওবি | প্রকল্প সাহায্য | | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | | | মোট | টাকা | পত্র/চালান নং, তাং |
| | | | | **আরপিএ (জিওবি)** | আরপিএ (বিশেষ হিসাব) | ডিপিএ | | | **আরপিএ (জিওবি)** | আরপিএ (বিশেষ হিসাব) | ডিপিএ | | | **আরপিএ (জিওবি)** | আরপিএ (বিশেষ হিসাব) | ডিপিএ | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | |

প্রশাসনিক মন্ত্রণালয়ের সিনিঃ সহঃ সচিব
নাম ও ফোন

প্রকল্প পরিচালকের স্বাক্ষর ও সিল
নাম ও পদবী

(অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন। প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ তার অধীনস্থ সংস্থাসমূহ উপরোক্ত তথ্যাদি সঠিকভাবে বছরান্তে (১৫ই জুলাইয়ের মধ্যে) সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবংঅর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করবে। চেক ইস্যুইং অথরিটির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক উপরোক্ত তথ্যাদি বছরান্তে (১৫ই জুলাই) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ও অর্থ বিভাগে প্রেরণ করবে। মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় উপরোক্ত তথ্যাদি প্রত্যায়নপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করবে ৩১ শে জুলাই এর মধ্যে)

***সংলগ্নী-১৮***

(চেক প্রদানক্ষম সরকারি সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূর্ত ব্যয় রোধ প্রসঙ্গে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়(অর্থ বিভাগ)
বাজেট অনুবিভাগ
শাখা-৩

নং-অম/অবি/বা-৩/বিবিধ-১/৯২/৭১৫ তারিখ: ১২/১২/১৯৯২ইং / ২৮/০৮/১৩৯৯বাং

**বিষয়: চেক প্রদানক্ষম সরকারি সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূত ব্যয় রোধ প্রসঙ্গে।**

অর্থ বিভাগের ১১-১০-৯২ ইং তারিখের স্মারক নং অম/ অবি/ বা-৩/ বিবিধ-১/ ৯২/ ৬৮১ এর মাধ্যমে উপরোক্ত বিষয়ের সহিত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে তাহাদের অনুকূলে বরাদ্দকৃত বাজেট প্রয়োজন অনুযায়ী স্ব-স্ব অধীনস্থ নির্বাহী কর্মকর্তা/ ডিভিশনকে বিভাজন করিয়া দেওয়ার জন্য এবং কোন অবস্থাতেই বিভাজনকৃত/ বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় না করার নির্দেশদানের জন্য অনুরোধ জানানো হয়। এক্ষণে উক্ত আদেশের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ/ নির্বাহী কর্মকর্তা/ ডিভিশন/ অফিস কর্তৃক যথাযথ অনুসরণের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী জারি করা হইল:

ক) বাজেট বিভাজনের অনুলিপি সংশ্লিষ্ট সিএও, পরিচালক হিসাব নিরীক্ষা ও জেলা হিসাব নিরীক্ষা কর্মকর্তাকে প্রেরণ করিতে হইবে।

খ) মাসিক হিসাব বিবরণীর সাথে সাথে বাজেটে বরাদ্দের পরিমাণ উল্লেখপূর্বক মোট ব্যয়ের পরিমাণ জানাইতে হইবে।

গ) প্রত্যেক হিসাবরক্ষণ অফিস বাজেট বরাদ্দ অনুযায়ী বিভাগওয়ারী অডিট রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন। যদি বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় পরিলক্ষিত হয় তবে তাহা তাৎক্ষনিকভাবে অর্থ বিভাগ, প্রশাসনিক মন্ত্রণালয়, বিভাগীয় প্রধান, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং পরিচালক হিসাব নিরীক্ষাকে অবহিত করিতে হইবে।

ঘ) মাসিক হিসাব বিবরণীতে অনিশ্চিত খাতে ডেবিট-ক্রেডিট এর কারণ ও মন্তব্য সন্নিবেশিত করিতে হইবে।

ঙ) ৩০ জুনের মধ্যে অবশ্যই সমর্পণ ও পুনঃউপযোজনের প্রতিবেদন সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান প্রকৌশলী কর্তৃক অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

চ) বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সীমিত রাখার উদ্দেশ্যে বিভিন্ন চেক প্রদানক্ষম কর্মকর্তাগণকে চেক প্রদানের সময় চেকের উল্টা পিঠে নিম্নরূপ প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে।

১) হিসাব খাত.............................

২) মোট বরাদ্দের পরিমাণ.....................

৩) বর্তমান চেকসহ গ্রস ব্যয়ের পরিমাণ..................

৪) অবশিষ্ট........................

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

হাবিবুর রহমান
যুগ্মসচিব (বাজেট)

(চেক প্রদানক্ষম সরকারি সংস্থাসমূহ কর্তৃক বাজেট ব্যয় রোধ প্রসঙ্গে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-৩

নং-অম/অবি/বাঃ-৩/বিবিধ-১/৯৫/৫১১ তারিখ: ২৬/০২/১৯৯৫ ইং

**বিষয়: চেক প্রদানক্ষম সরকারি সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূত ব্যয় রোধ প্রসঙ্গে।**

সাসপেন্স খাতের হিসাব পর্যালোচনায় দেখা যোয় যে, বাজেট বহির্ভূত ব্যয় রোধের লক্ষ্যে এ যাবৎ জারিকৃত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালিত হইতেছে না। এই সম্পর্কিত বিষয়াদি পর্যালোচনাক্রমে পরিস্থিতির অবনতি রোধকল্পে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ নির্বাহী কর্মকর্তা/ ডিভিশন/ অফিস কর্তৃক যথাযথ অনুসরণের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী জারি করা হইল:

ক) অর্থ বিভাগের ১২-১২-১৯৯২ ইং তারিখের অম/ অবি/ বা-৩/ বিবিধ-১/ ৯২/ ৭১৫ নং স্মারকে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং চেকের উল্টা পিঠে বাজেট বরাদ্দ সম্পর্কিত প্রত্যয়ন ছাড়া কোন চেক গ্রহণ করা যাইবে না।

খ) গণপূর্ত বিভাগসহ সকল প্রকৌশল বিভাগ যাহাতে নির্দিষ্ট অর্থ বৎসরের মধ্যে বরাদ্দকৃত অর্থ ব্যয় করিতে পারে সেইজন্য ৩০ এপ্রিলের মধ্যে সকল ডিপার্টমেন্ট তাহাদের কাজের জন্য গণপূর্ত বিভাগকে প্রয়োজনীয় অর্থ ন্যস্ত করিবে এবং উক্ত তারিখের পর গণপূর্ত বিভাগ অন্য ডিপার্টমেন্টের কাজের জন্য কোন অর্থ গ্রহণ করিবে না।

গ) সংশোধিত বাজেটে পূর্ত কাজের বরাদ্দ বৃদ্ধি করা হইবে না।

**উপরোক্ত সিদ্ধান্তসমূহ অনতিবিলম্বে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরাধ করা যাইতেছে।**

মোঃ নুরুন্নবী
যুগ্ম সচিব (বাজেট)

*সংলগ্নী-২০*

(পদ সৃষ্টি ও সংরক্ষণ আদেশের নমুনা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
..................... মন্ত্রণালয়

নং: ................................ তারিখ: ..............................

প্রেরক: ................................
................................

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ অফিসার
...............................মন্ত্রণালয়

**বিষয়: ........... মন্ত্রণালয়াধীন ..........শীর্ষক প্রকল্পের পিসিপি/ পিপি/ টিএপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের পদ সৃষ্টি ও সংরক্ষ প্রসঙ্গে।**

মহোদয়,

অত্র মন্ত্রণালয়/ বিভাগের বিগত .......... স্মারক মোতাবেক ............ মন্ত্রণালয়/ বিভাগের .. .. .. .. .. .. .. .. .. .. .. .. প্রকল্পের (কোড নং- ......) অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত পিসিপি/ পিপি/ টিএপিপি অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে আদিষ্ট হইয়া নিম্নবর্ণিত পদসমূহের .......... তারিখ হইতে........... তারিখ পর্যন্ত সৃষ্টি ও সংরক্ষণের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করিতেছি -

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড | সর্বমোট/ সর্বসাকুল্য বেতন | নিয়োগের পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | অতিরিক্ত দায়িত্ব/ সার্বক্ষণিক |
| ২. | | | | | প্রেষণে |
| ৩. | | | | | সরাসরি |
| ৪. | | | | | নিয়োগ প্রক্রিয়াধীন |
| ৫. | | | | | শূণ্য |

২। এ ব্যয় মঞ্জুরী নং ............ হিসাবের খাত...................... এবং প্রকল্পের জন্য ........ অর্থ বছরের উন্নয়ন বাজেট বরাদ্দ হইতে বহন করা হইবে।

৩। উল্লিখিত প্রকল্পের প্রকল্প পরিচালক আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫. এই আদেশ অর্থ বিভাগের ................................. তারিখের ...................................... নং স্মারকের অধীনে অত্র বিভাগকে/মন্ত্রণালয়কে যে ক্ষমতাপর্ণ করা হইয়াছে সেই অনুসারে জারি করা হইল।

৬. কিস্তি/অতিরিক্ত বরাদ্দের অর্থ অবমুক্তিতে অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগের. ............. তারিখের .............অম/অবি/উঃবাঃ. ...../ ...../ ............. নং স্মারকমূলে (অনুলিপি সংযুক্ত) সম্মতি রয়েছে।

(নাম: )
সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর:-

অনুলিপি: ১। সিনিয়র সহকারী সচিব........................................
উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।
২। সিনিয়র সহকারী প্রধান ........................................
পরিকল্পনা কমিশন।
৩। মহা-ব্যবস্থাপক, সরকারি হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

দ্রষ্টব্যঃ ১. অপ্রাসংগিক অংশ কাটিয়া দিন।
২. অননুমোদিত প্রকল্পের পদ সংরক্ষণে পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের পূর্ব সম্মতির প্রয়োজন হবে। পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগ সম্মতি প্রদানের সময় যদি কোন শর্ত আরোপ করেন তবে তা সরকারি আদেশে উল্লেখ করতে হবে।

***সংলগ্নী-২১***

(বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অগ্রিম অর্থ উত্তোলন সংক্রান্ত স্মারক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৮/৭২ তারিখ: ২৩/২/১৯৯৮ ইং

**বিষয়: বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অগ্রিম অর্থ উত্তোলন প্রসঙ্গে।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের আওতাধীন কিছু কিছু উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ উত্তোলনের নিমিত্তে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হইতেছে। বর্তমানে বলবৎ বিধি অনুযায়ী অর্থ বিভাগের পূর্ব সম্মতি ছাড়া কোন বাস্তবায়নাধীন প্রকল্পের জন্য অগ্রিম অর্থ উত্তোলন করা যায় না। এই সকল প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের সময় যথাযথভাবে প্রেরণ করা হয় না। ফলে প্রস্তাবসমূহ নিষ্পত্তিতে বিলম্ব ঘটিয়া থাকে।

২। এমতাবস্থায় মন্ত্রণালয়/ বিভাগকে প্রয়োজনবোধে নিম্নলিখিত বিষয়াদির উপর সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সুনির্দ্দিষ্ট মতামত এবং সুপারিশসহ অগ্রিম অর্থ উত্তোলনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জ্ঞাপন করা যাইতেছে:

ক) কোন কিস্তির ছাড়কৃত অর্থ হইতে অগ্রিম উত্তোলনের প্রস্তাব করা হইতেছে এবং সংশ্লিষ্ট পিপি/ পিসিপি/ টিএপিপিতে উক্ত প্রস্তাবিত অর্থের সংস্থান আছে কিনা?

খ) অগ্রিম অর্থ উত্তোলনের যৌক্তিকতা;

গ) পূর্বে কোন অর্থ অগ্রিম উত্তোলিত করা হইয়া থাকিলে উহার সমন্বয় করা হইয়াছে কিনা?

ঘ) এতদসম্পর্কিত বিষয়ে সংশ্লিষ্ট সি,এ,ও,র অন্য কোন মতামত।

অরিজিৎ চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব,........................................(সকল মন্তণালয়/ বিভাগ)
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,.................(সকল মন্ত্রণালয়/ বিভাগ)
৪। উন্নয়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৫/৫৮২ তারিখ: ০৮/০৪/২০০২ ইং

উন্নয়ন প্রকল্পে অর্থ অবমুক্তির ক্ষেত্রে বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুযায়ী প্রতি আর্থিক বৎসরের এডিপি/বাজেট ব্যয়ের মোট বরাদ্দ সাধারণ নিয়মে চার কিস্তিতে ভাগ করে অবমুক্ত করা হয়ে থাকে। কিন্তু অর্থ অবমুক্তি এবং ব্যয়ের ক্ষেত্রে এমন একটি সংস্কৃতি গড়ে উঠেছে যে দেখা যায়, অর্থ বছরের উল্লেখযোগ্য সময় অতিক্রান্ত হলেও অর্থ অবমুক্তির উদ্যোগ নেয়া হয় না। অনেক ক্ষেত্রে অর্থ বছরের শেষ মাসে, শেষ সপ্তাহে, এমন কি শেষ কার্যদিবসে অর্থ অবমুক্ত করা হয়। অর্থ অবমুক্তির এই অসময়ানুবর্তিতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নসূচীর সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং এর ফলে অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিধি অনুসরণে অনিয়ম, অপব্যয় এবং অপব্যবহারের সম্ভাবনা থাকে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন বাজেটের বরাদ্দের তামাদি এড়ানোর লক্ষ্যে অর্থ বছরের শেষ প্রান্তে ক্ষেত্র বিশেষে অর্থ অবমুক্তি এবং তড়িঘড়ি করে সাধারণত: সেই অর্থ ব্যয়ের উদ্যোগ নেয়া হয়। এর ফলে উন্নয়ন প্রকল্পের উদ্দেশ্য/কর্মসূচিভিত্তিক বাস্তবায়ন ব্যহত হয়। অধিকন্তু অর্থ বছরের মধ্যে অবমুক্ত অর্থ হতে কোন অর্থ অব্যয়িত থাকলে অর্থ বছরের শেষ কার্যদিবসে বা এর পূর্বে তা সরকারি খাতে সমর্পণ/কোষাগারে ফেরত প্রদানের বিধানটিও অধিকাংশ ক্ষেত্রে অনুসৃত হয় না। লক্ষ্য করা গিয়েছে, অর্থ বছর সমাপ্তির পর অবমুক্ত অর্থ অব্যয়িত রেখে সরকারি কোষাগারে জমা না দিয়ে পরবর্তী অর্থ বছরে সে অর্থ ব্যয় করা হচ্ছে, যা আর্থিক শৃংখলার পরিপন্থী।

২। উন্নয়ন বাজেটে আর্থিক শৃংখলা নিশ্চিত করার লক্ষ্যে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে যা উন্নয়ন বাজেটের সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে:

১) ৩০ জুন এর মধ্যে যে অর্থ ব্যয় করা সম্ভব হবে না সে অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা যাবে না:

২) অর্থ বছরের শেষে অবমুক্ত কোন অর্থ অব্যয়িত থাকলে তা সরকারি খাতে সমর্পণ/কোষাগারে জমা দিয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিবেদন ও চালানের কপি, ব্যাংক হিসাবের বিবরণীসহ পরবর্তী অর্থ বছরের জুলাই মাসের মধ্যে অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগে দাখিল করতে হবে।

৩) অর্থ বিভাগ থেকে অর্থ ছাড়ে সম্মতি দানের ক্ষেত্রে কোন শর্ত আরোপ করা হলে জি,ও তে তা যথাযথভাবে প্রতিফলিত না করা হলে জি,ও, পৃষ্ঠাঙ্কনের জন্য উহা অর্থ বিভাগ কর্তৃক গ্রহণ করা হবে না।

মোহাম্মদ আবদুল মজিদ
উপ-সচিব(উন্নয়ন-১)

বিতরণ:

১। সচিব...............................................মন্ত্রণালয়/ বিভাগ।
২। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,
...............................................(সকল)...........................মন্ত্রণালয়/ বিভাগ।
৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

***সংলগ্নী-২৩***

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৫(অংশ-৩)/৭৬০ তারিখ:-৫/৬/২০০২ ইং

**বিষয়: <u>বাজেট বরাদ্দের অর্থ অবমুক্তি ও ব্যবহার সংক্রান্ত</u>।**

লক্ষ্য করা গিয়েছে যে, কিছু কিছু ক্ষেত্রে বাজেটে বরাদ্দকৃত অর্থের তামাদি এড়ানোর জন্য অর্থ বছরের শেষ পর্যায়ে এসে প্রয়োজনের সাথে সঙ্গতি না রেখে অর্থ অবমুক্ত ও ব্যয় করার উদ্যোগ নেওয়া হয়। প্রতিপালনীয় পদ্ধতি যথাযথ অনুসরণ না করে এভাবে অর্থ ব্যয়ের ফলে সরকারের সীমিত সম্পদের অপব্যবহার, অপচয় এবং নানা অনিয়মের সম্ভাবনা থাকে। সময়ের স্বল্পতাহেতু বরাদ্দকৃত অর্থ দ্বারা কোন কর্মসূচি বাস্তবায়ন সম্ভব না হলে প্রয়োজনে পরবর্তী অর্থ বছরে নতুন বরাদ্দের আওতায় সে সমস্ত কাজ সম্পন্ন করা যায়।কাজেই অপরিহার্য্যতা না থাকা সত্ত্বেও কেবল তামাদি এড়ানোর লক্ষ্যে তাড়াহুড়া করে বৎসরের শেষে অর্থ ব্যয়ের আবশ্যকতা নেই।

২। জাতীয় সংসদে নতুন বাজেট অনুমোদিত হওয়ার পরপরই বরাদ্দ অনুযায়ী অর্থ অবমুক্তি ও ব্যয়ের কর্মসূচি হাতে নেওয়া যেতে পারে এবং প্রচলিত বিধি বিধান অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয় কিস্তি ভিত্তিক সময়সূচী অনুযায়ী অর্থ ছাড় ও ব্যয় নিশ্চিত করতে পারে। কোন কারণে অর্থ বৎসরের শেষে ঐ বৎসরের বরাদ্দের বিপরীতে অর্থ ব্যয় না করার কারণে নতুন অর্থ বছরের বাজেটে কোন প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ অপ্রতুল প্রতীয়মান হলে বিষয়টি অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের নজরে আনলে প্রয়োজনীয় বরাদ্দ দানের বিষয়ও বিবেচনা করা যেতে পারে। কাজেই অত্যাবশ্যকীয়তা না থাকলে অর্থ বৎসরের শেষে অর্থ ব্যয় পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে।

৩। সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে সরকার সিদ্ধান্ত নিয়েছে যে, এখন থেকে দৈবচয়নের ভিত্তিতে নির্ধারিত প্রকল্পে/সংস্থায় অর্থ বৎসরের শেষ তিন মাসে ব্যয়িত অর্থের বিশেষ নিরীক্ষা পরিচালনা করা হবে।

সিদ্দিকুর রহমান চৌধুরী
যুগ্ম-সচিব(উন্নয়ন)
অর্থ বিভাগ।

বিতরণ:
১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ।
২। সচিব,..........................................মন্ত্রণালয়/ বিভাগ।
৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৪। অতিরিক্ত সচিব-১/২, অর্থ বিভাগ।
৫। যুগ্ম-সচিব, উন্নয়ন/বাজেট/প্রশাসন, অর্থ বিভাগ।
৬। উপ-সচিব, উন্নয়ন-১/২/৩/৪, অর্থ বিভাগ।
৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।

*<u>সংলগ্নী-২৪</u>*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ-১

নং অম/অবি/উঃ১/বিবিধ-১/৯৬/২৩৭

তারিখ: ০৮/০৬/২০০০ ইং
২৫/০২/১৪০৭ বাং

**বিষয়: যথাযথ পদ্ধতি অনুসরণ ব্যতিরেকে বিল দাখিলের মাধ্যমে অর্থ উত্তোলন।**

সুত্র: সিএজি অফিসের পত্র নং-সিএজি/পদ্ধতি-১/উন্নয়ন প্রকল্প/৫৪০(খন্ড-৩)/৪৪৭ তারিখ: ১৯/০৪/২০০০ইং

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অফিস সূত্রে বর্ণিত পত্র মারফত জানিয়েছে যে উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচির ক্ষেত্রে প্রয়োজনীয় মঞ্জুরী আদেশ ব্যতীত এবং যথাযথ স্বাভাবিক পদ্ধতি অনুসরণ না করে ট্রেজারি বিধি ২৭ অবলম্বনে হিসাবরক্ষণ অফিসে বিল দাখিলপূর্বক অর্থ উত্তোলন করা হচ্ছে। বিষয়টি অর্থবিভাগে পরীক্ষাপূর্বক এ সম্পর্কে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শুধুমাত্র ভূমিকম্প, বন্যা বা অনুরূপ প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে সৃষ্ট পরিস্থিতিতে জানমাল রক্ষা এবং নিরাপত্তা বিধানের প্রশ্ন জড়িত থাকলে ট্রেজারি রুল ২৭ অবলম্বনে বিল দাখিলপূর্বক অর্থ উত্তোলন করা যাবে।

২. উপযুক্ত বর্ণনানুসারে ট্রেজারি রুল ২৭ অবলম্বনে উন্নয়ন প্রকল্পের আওতায় কোন অর্থ এবং রাজস্ব বাজেটের আওতায় উপরে অনুঃ ১ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কোন অর্থ উত্তোলন আর্থিক বিধির পরিপন্থী হবে। ট্রেজারি বিধি ২৭ অবলম্বন করে যেন উপরে অনুঃ ১ এ বর্ণিত ক্ষেত্র ব্যতিত অন্য কোন ক্ষেত্রে কোন অর্থ উত্তোলন করা না হয় এই বিষয়টি সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়, তাদের অধীনস্থ কর্তৃপক্ষ, প্রকল্প পরিচালক এবং হিসাব মহানিয়ন্ত্রকসহ সকল জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাবৃন্দ নিশ্চিত করবেন।

৩. উপরে বর্ণিত বিষয়াবলী অনুসরণপূর্বক অর্থ উত্তোলন ও ব্যয় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

শেখ. এ. কে মোতাহার হোসেন
উপ সচিব (উন্নয়ন-১)

বিতরণ:
১. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
২. সচিব, ........................................ মন্ত্রণালয়/ বিভাগ
৩. হিসাব মহা নিয়ন্ত্রক/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনেন্স/ অতিরিক্ত মহা নিয়ন্ত্রক, রেল কর্তৃপক্ষ।

***সংলগ্নী-২৫***

(আরপিএ বিশেষ হিসাবের অর্থ ব্যয়ের ত্রৈমাসিক প্রতিবেদনের নমুনা )

................ অর্থবছরে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ত্রৈমাসিক বিবরণী:

১. মন্ত্রণালয়/ বিভাগের নাম ও কোড নম্বর

২. বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নাম ও কোড নম্বর

৩. উন্নয়ন সহযোগির নাম

৪. ................................ মাসের প্রতিবেদন

আরপিএ (বিশেষ হিসাবের মাধ্যমে) পুণর্ভরণের অবস্থাঃ

| | অথরাইজেশন জারির পরিমাণ | | পুনর্ভরণ দাবীর পরিমাণ | | পুনর্ভরণ প্রাপ্তির পরিমাণ | | পার্থক্য | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বর্তমান অর্থ বছরের ................. মাস পর্যন্ত | টাকায় | বৈদেশিক মুদ্রায় | টাকায় | বৈদেশিক মুদ্রায় | টাকায় | বৈদেশিক মুদ্রায় | টাকায় | বৈদেশিক মুদ্রায় |
| ক্রমপুঞ্জিভূত .................. মাস পর্যন্ত | | | | | | | | |

প্রতি স্বাক্ষর
যুগ্ম-সচিব
মন্ত্রণালয়/ বিভাগ

স্বাক্ষরঃ প্রকল্প পরিচালক
(নাম ও পদবী)
(ফোন নং- )

মন্ত্রণালয়ের কর্মকর্তা প্রতিস্বাক্ষর
(নাম, পদবী ও পদবী)

স্বাক্ষরঃ প্রকল্প পরিচালক
(নাম: )
ফোন নং-

দ্রষ্টব্যঃ
১. অক্টোবর, জানুয়ারী, এপ্রিল ও জুন মাসের ১৫তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ব্যয়ের বিবরণী অর্থ বিভাগ ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তরে পেশ করিতে হইবে।
২. প্রত্যেক সংস্থা তাহাদের নিয়ন্ত্রণাধীনে 'আরপিএ' বরাদ্দসম্বলিত সকল প্রকল্পের জন্য একটি একীভূত বিবরণী পেশ করিবেন।
৩. যদি প্রতিবেদনকারী কর্মকর্তা অতিরিক্ত কোন তথ্য প্রদান করিতে চাহেন তবে প্রয়োজনীয় ব্যাখ্যাসহ প্রদান করিবেন।
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক হিসাব নিয়মিত প্রাপ্তির প্রত্যায়ন ব্যতিরেকে অর্থ বিভাগ হতে অথরাইজেশন জারি করা হবে না।

***<u>সংলগ্নী-২৬</u>***

## (স্বায়ত্ত্বশাসিত/ আধা-স্বায়ত্ত্বশাসিত/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জিওবি'র মাধ্যমে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য অবমুক্তির নমুনা সরকারি আদেশ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
................................ মন্ত্রণালয়
................................ বিভাগ

নং .................................. তারিখ: ..................................

প্রেরক: ...............................
...............................

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ অফিসার,
............................... মন্ত্রণালয়।

**বিষয়: উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশের নাম চুক্তি নং ................................. এর অধীনে প্রদত্ত জিওবি'র মাধ্যমে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের অর্থ অবমুক্তি সংক্রান্ত।**

আমি আদিষ্ট হইয়া উপরে উল্লিখিত প্রকল্পের বিপরীতে বর্তমান বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে জিওবি'র মাধ্যমে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য বাবদ বরাদ্দ হইতে ............................ সংস্থার অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করিতেছি।

| বাস্তবায়ন কারী সংস্থার নাম ও কোড নং | প্রকল্পের নাম ও কোড নং | অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ | ঋণের অর্থের পরিমাণ | বিনিয়োগের অর্থের পরিমাণ | অনুদানের অর্থের পরিমাণ | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের ............................................ উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ............................ মন্ত্রণালয়ের (নাম ও কোড নং ......................................) প্রকল্প (নাম ও কোড নং ................................................) অর্থনৈতিক কোড নং ................... হইতে বহন করা হইবে।

২. নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই অর্থ অনুদান/ বিনিয়োগ/ ঋণ হিসাবে মঞ্জুর করা হইল:

ক. বার্ষিক ................ হারে (কথায় ..........................................................) সাময়িকভাবে এই ঋণের উপর সুদ দিতে হইবে।

খ. বার্ষিক ....................... টি (কথায় ..........................................) সমান বাৎসরিক ষান্মাষিক কিস্তিতে আসল ও সুদ পরিশোধ করিতে হইবে।

গ. ঋণের টাকা তোলার তারিখ হইতে ..................... বৎসর পর এই ঋণের টাকা আদায়যোগ্য। প্রথম ................ বৎসর পর্যন্ত আহরিত টাকার উপর কেবল সুদ দিতে হবে।

৩. প্রত্যায়ন করা যাইতেছে যেঃ

১) বর্তমান বৎসরের বাজেট বরাদ্দ হইতে ১ম/ ২য় কিস্তি পর্যন্ত টাকা .......................... (কথায় ...........................) অর্থাৎ ছাড়কৃত অর্থের শতকরা ৭৫ভাগ অথবা তাহা অপেক্ষা বেশী অর্থ পূর্ণভরণের জন্য দাতা সংস্থা/ দেশের নিকট দাবী পেশ করা হইয়াছে।

২) ১ম/ ২য় কিস্তি পর্যন্ত টাকা ............................ (কথায় ................................) অবমুক্ত করা হইয়াছে এবং তাহা হইতে টাকা .................................... (কথায় ......................................) অর্থাৎ ছাড়কৃত অর্থের শতকরা ৭৫ভাগের কম অর্থ পুনর্ভরণেরজন্য দাতা দেশের নিকট দাবী করা হইয়াছে। সেই কারণেই অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হইতেছে।

৩) প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং দাতা সংস্থা/ দেশের সহিত সম্পাদিত চুক্তিতে শর্তমোতাবেক এই অর্থ ব্যয় করিতে হইবে।

(নাম: )
সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব
ফোন:

অনুলিপি: ১। সিনিয়র সহকারী সচিব.......................................
উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।
২। সিনিয়র সহকারী প্রধান .......................................
পরিকল্পনা কমিশন।
৩। মহা-ব্যবস্থাপক, সরকারি হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

---

দ্রষ্টব্য: ১. অপ্রাসংগিক অংশ কাটিয়া দিন
২. অর্থবিভাগের অনুমোদিত পরিবর্তন ব্যতিত অন্যান্য ক্ষেত্রে ঋণের জন্য ষ্ট্যান্ডার্ড লগ্নী/ পূণলগ্নী শর্ত প্রযোজ্য হইবে।
৩. ঋণ হিসাবে প্রদত্ত অর্থের ক্ষেত্রে স্থানীয় বাস্তবায়নকারী সংস্থার জন্য অর্থনৈতিক কোড নং ৭০৩৭ এবং অন্যান্য সংস্থার ক্ষেত্রে ৭৩০১ অর্থনৈতিক কোড উল্লেখ করতে হবে। প্রকল্পের বরাদ্দের অনুদান বাবদ প্রদানযোগ্য রাজস্ব অংশের জন্য অর্থনৈতিক কোড ৫৯০০ অথ নৈতিক কোড সাহায্য মঞ্জুরী অধীনে ব্যবহার করতে হবে। এবং অনুদান বাবদ প্রদানযোগ্য মূলধন অংশের জন্য ৭২০০ অর্থনৈতিক কোড উল্লেখ করতে হবে।

*সংলগ্নী-২৭*

(ডিএসএল পরিশোধের ত্রৈমাসিক প্রতিবেদনের নমুনা)

**বিষয়: ......................... অর্থ বৎসরের ১ম/ ২য়/ ৩য়/ ৪র্থ কিস্তির ডিএসএল আদায়ের ত্রৈমাসিক বিবরণী**

| সংস্থার নাম | | বর্তমান বৎসরের ডিএসএল প্রাপ্য | | | বর্তমান/ কিস্তিতে আদায়কৃত ডিএসএল | | গত অর্থবছরে মোট ডিএসএল) | | বর্তমান বৎসরে ডিএসএল -এর জের | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৈদেশিক ঋণ | স্থানীয় মুদ্রায় ঋণ | নগদ জমা | সমন্বয় | মোট | নগদ জমা | সমন্বয় | মোট | বৈদেশিক ঋণ | স্থানীয় মুদ্রায় ঋণ | মোট |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১. | আসলঃ | | | | | | | | | | | |
| | সুদঃ | | | | | | | | | | | |
| ২. | আসলঃ | | | | | | | | | | | |
| | সুদঃ | | | | | | | | | | | |
| ৩. | আসলঃ | | | | | | | | | | | |
| | সুদঃ | | | | | | | | | | | |
| ৪. | আসলঃ | | | | | | | | | | | |
| | সুদঃ | | | | | | | | | | | |
| | মোটঃ | | | | | | | | | | | |

মন্ত্রণালয়ের কর্মকর্তা প্রতিস্বাক্ষর
(নাম, পদবী ও পদবী)

স্বাক্ষর
(নাম: প্রকল্প পরিচালক)
ফোন নং-

দ্রষ্টব্য: ৭, ৮ ও ৯ নং কলামে যে হিসাব প্রদান করা হইবে তাহাতে ৪, ৫ ও ৬ নং কলামের অন্তর্ভূক্ত থাকিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ, শাখা-৩

নং-অম/অবি/উঃ-৩/পউবো-১৬/৯৮(অংশ-১)/২৭৪ তারিখ: ১৯/০৬/২০০০ইং

**বিষয়: উন্নয়ন প্রকল্পের আওতায় লোকবল নিয়োগ ও বেতন প্রদান প্রসঙ্গে।**

অর্থ বিভাগের স্মারক নং অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬/ ৩২০ তারিখ ০৩/০৭/১৯৯৭ইং, সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম/ সওব্য/ টিম-৪(২) উঃ প্রঃ নিঃ/ ৪৭/ ৯৭/-১৮৮ তারিখ ২১/০৮/১৯৯৭ইং এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের স্মারক নং পরি/ সমন্বয়-২/ ১৫/ ৯৪/ ২২৯ তারিখ ১০/০৬/১৯৯৯ইং এর মাধ্যমে ১লা জুলাই ১৯৯৭ইং থেকে চালুকৃত প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসহ) লোকবল নিয়োগ এবং সাকুল্য (Consolidated pay) বেতন প্রদানের বিধি ও পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।

২। উর্পযুক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে কোন কোন ক্ষেত্রে প্রকল্প দলিলে স্কেল ভিত্তিক লোক নিয়োগের ব্যবস্থা অন্তভূর্ক্ত করা হচ্ছে। উপরে অনুচ্ছেদ নং-১ -এ উল্লেখিত স্মারকসমূহ অনুসারে ১লা জুলাই, ১৯৯৭ইং থেকে চালু সকল প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসহ) লোকবল নিয়োগ ও সাকুল্য বেতন প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হল।

শেখ, এ, কে, মোতাহার হোসেন
উপ সচিব (উন্নয়ন-১)

বিতরণ:

১. সচিব, .................................... মন্ত্রণালয়, ঢাকা।
২. মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩. হিসাব মহানিয়ন্ত্রক।
৪. উন্নয়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।

***সংলগ্নী-২৯***

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৬৭ তারিখ: ২২/০৪/২০০১ খ্রি:

## পরিপত্র

**বিষয়: উন্নয়ন প্রকল্পে সাকুল্য ও স্কেলভিত্তিক জনবল নিয়োগ প্রসঙ্গে।**

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে নিয়োগ, মেয়াদকাল ও জনবলের বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

১। ১লা জুলাই ১৯৯৭ থেকে শুরু হওয়া সকল প্রকল্পের (দ্বিতীয়, তৃতীয় বা পরবর্তী পর্যায়ের প্রকল্পসহ) লোকবলকে, নিম্নে অনুচ্ছেদ নং ২তে বর্ণিত ক্ষেত্র ব্যতিত, সাকুল্য বেতনে নিয়োগ করতে হবে। সংযোজনী - ক তে প্রদর্শিত সাকুল্য বেতন কাঠামো অনুযায়ী বিভিন্ন গ্রেডে নিয়োজিত লোকবলকে বেতন প্রদান করতে হবে। প্রকল্প সমাপ্তির পর সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ অর্থ বিভাগের অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬/ ৪১৬ তারিখ: ১৪-১০-১৯৯৭ স্মারক অনুযায়ী আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

২। প্রকল্পে অন্তর্ভুক্ত শিক্ষক ও চিকিৎসক পদের মধ্যে যে সকল পদ প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ার যোগ্য ঐ সকল পদে সাকুল্য বেতনের পরিবর্তে স্কেল ভিত্তিক লোকবল নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ধরনের ব্যতিক্রম করার জন্য ঐ সকল পদ ও পদের সংখ্যা প্রকল্প সারপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং একনেক (ECNEC) থেকে এ ধরনের ব্যতিক্রমের জন্য প্রতিক্ষেত্রে অনুমোদন নিতে হবে। বিষয়টি একনেক (ECNEC) সভার কার্যবিবরণীতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়নের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ করা হল।

সমর চন্দ্র সিনহা
উপ-সচিব।
ফোন- ৮৬১৮৩৯৫

১। মন্ত্রি পরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান মন্ত্রির কার্যালয়।
২। সচিব, ------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৩। সদস্য (সকল),-------------------------------বিভাগ,পরিকল্পনা কমিশন।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা, বাংলাদেশ।
৫। সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৬৭ তারিখ: ২২/০৪/২০০১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:
১। অর্থ মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ঢাকা, বাংলাদেশ।

মোঃ আবদুল হালিম
সিনিয়র সহকারী সচিব

*সংযোজনী - ক*

## সংশোধিত সাকুল্যে বেতন নির্ধারণী ছক

| গ্রেড | প্রারম্ভিক বেতন | বাড়ি ভাড়া | চিকিৎসা ভাতা | মোট সাকুল্যে বেতন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড নং-১ | ১৫,০০০ | ৬০০০.০০ | ২০০.০০ | ২১,২০০.০০ |
| গ্রেড নং-২ | ১২,৯০০ | ৫,১৬০.০০ | ২০০.০০ | ১৮,২৬০.০০ |
| গ্রেড নং-৩ | ১১,৭০০ | ৪,৬৮০.০০ | ২০০.০০ | ১৬,৫৮০.০০ |
| গ্রেড নং-৪ | ১০,৭০০ | ৪,২৮০.০০ | ২০০.০০ | ১৫,১৮০.০০ |
| গ্রেড নং-৫ | ৯,৫০০ | ৪,০৫০.০০ | ২০০.০০ | ১৩,৭৫০.০০ |
| গ্রেড নং-৬ | ৭,২০০ | ৩,২৪০.০০ | ২০০.০০ | ১০,৬৪০.০০ |
| গ্রেড নং-৭ | ৬,১৫০ | ২,৭৬৮.০০ | ২০০.০০ | ৯,১১৮.০০ |
| গ্রেড নং-৮ | ৪,৮০০ | ২,১৬০.০০ | ২০০.০০ | ৭,১৬০.০০ |
| গ্রেড নং-৯ | ৪,৩০০ | ১,৯৩৫.০০ | ২০০.০০ | ৬,৪৩৫.০০ |
| গ্রেড নং-১০ | ৩,৪০০ | ১,৭০০.০০ | ২০০.০০ | ৫,৩০০.০০ |
| গ্রেড নং-১১ | ২,৫৫০ | ১,২৭৫.০০ | ২০০.০০ | ৪,০২৫.০০ |
| গ্রেড নং-১২ | ২,৩৭৫ | ১,১৮৮.০০ | ২০০.০০ | ৩,৭৬৩.০০ |
| গ্রেড নং-১৩ | ২,২৫০ | ১,১২৫.০০ | ২০০.০০ | ৩,৫৭৫.০০ |
| গ্রেড নং-১৪ | ২,১০০ | ১,০৫০.০০ | ২০০.০০ | ৩,৩৫০.০০ |
| গ্রেড নং-১৫ | ১,৯৭৫ | ৯৯০.০০ | ২০০.০০ | ৩,১৬৫.০০ |
৪। সদস্য, -------------------------------------- বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। -------------------------------------- (সকল কর্মকর্তা), অর্থ বিভাগ।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

# প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত ব্যয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/ বা-১২/ বিবিধ-৯৫/০৮/১০৫৩ তারিখ: ২৭/০৫/২০০৮ ইং।

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/ দপ্তর/ পরিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়ের হার নির্ধারণ প্রসঙ্গে।**

অর্থ বিভাগ কর্তৃক ২২ ডিসেম্বর, ২০০৪ এ জারিকৃত Delegation of Finance Power for Development Projects-শীর্ষক পুস্তিকার প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনার জন্য প্রকল্প দলিলে কোন হার ও নীতিমালা না থাকলে সেক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ ফি, আপ্যায়ন হার ইত্যাদি বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনক্রমে পরিপত্র জারির বিধান রয়েছে।

উন্নয়ন প্রকল্প সুষ্টুভাবে বাস্তবায়নের সুবিধার্থে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ/ অধিদপ্তর/ দপ্তর/ পরিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন যে সকল উন্নয়ন প্রকল্পের প্রকল্প দলিলে প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ-এর জন্য বাজেট বরাদ্দ আছে কিন্তু এ সংক্রান্ত কর্মকান্ডের জন্য আইটেম ভিত্তিক কোন হার নির্ধারণ করা নেই, সে সকল প্রকল্পের উক্ত কর্মকান্ডগুলো বাস্তবায়নের জন্য প্রকল্পের অর্থায়নে উৎস নির্বিশেষে সাধারণ ক্যাটাগরীর কতিপয় ক্ষেত্রে নিম্নরূপ হার নির্ধারণ করা হলো এবং কিছু কিছু বিশেষ ক্ষেত্রে প্রকল্পের প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তাকে ক্ষমতা অর্পণ করা হলো:

| আইটেম | নির্ধারিত হার (টাকায়) |
|---|---|
| **১। প্রশিক্ষণ:** | |
| **ক) প্রশিক্ষণার্থী:** | |
| ১) জনপ্রতি দৈনিক ভাতা (স্থানীয়) | ১৫০-২০০/- |
| ২) জনপ্রতি দৈনিক ভাতা (বহিরাগত) | ২০০-৫০০/- |
| ৩) জনপ্রতি দৈনিক যাতায়াত ভাতা (স্থানীয়) | ৭০-১০০/- |
| ৪) জনপ্রতি যাতায়াত ভাতা (বহিরাগত) –এককালীন | প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে সে হার নির্ধারণ করতে হবে। |
| **খ) রিসোর্স পার্সন/ প্রশিক্ষক** | |
| ১) ঘন্টা প্রতি হার | ৫০০/- |
| ২) জনপ্রতি দৈনিক ভাতা (বহিরাগত) | প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে। |
| ৩) জনপ্রতি যাতায়াত ভাতা (বহিরাগত) -এককালীন | |
| **গ) কোর্স পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে)** | |
| ১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন | ৩০০০/- |
| **ঘ) কোর্স কোঅর্ডিনেটর (প্রযোজ্য ক্ষেত্রে)** | |
| ১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন | ২০০০/- |
| **ঙ) আপ্যায়ন** | |
| ১) রিফ্রেসমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১ বার এবং সারাদিন ব্যাপী হলে ২ বার রিফ্রেশমেন্ট-এর ব্যবস্থা করা যাবে) | ২৫/- |
| **চ) উদ্বোধনী/ সমাপনী দুপুরের খাবার/ রাতের খাবার জনপ্রতি** | উপজেলা- ১৫০/-<br>জেলা শহর- ১৭৫/-<br>ঢাকাসহ অন্যান্য বিভাগী শহর- ২০০/- |
| **২। সেমিনার/ ওয়ার্কশপ** | |
| ক) রিফ্রেসমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১ বার এবং সারাদিনব্যাপী হলে ২ বার রিফ্রেসমেন্ট-এর ব্যবস্থা করা যাবে) | ২৫/- |
| খ) দুপুরের খাবার জনপ্রতি | উপজেলা- ১৫০/-<br>জেলা শহর- ১৭৫/-<br>ঢাকাসহ অন্যান্য বিভাগী শহর- ২০০/-<br>জাতীয়/ আন্তর্জাতিক সেমিনার/ |

| আইটেম | | নির্ধারিত হার (টাকায়) |
|---|---|---|
| | | ওয়ার্কশপের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে। |
| গ) | অনধিক ৩ ঘন্টাব্যাপী সেমিনার/ ওয়ার্কশপের জন্য শুধুমাত্র রিফ্রেসমেন্ট-এর ব্যবস্থা করতে হবে। | |

৩। স্থান নির্বিশেষে এ ধরণের প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপের জন্য হলভাড়া, সাউন্ড সিস্টেম, ব্যানার, স্টেশনারী, ব্যাগ ইত্যাদি প্রকল্পের প্রকৃত প্রয়োজন অনুযায়ী কৃচ্ছতা অবলম্বনের মাধ্যমে প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক নির্ধারণ করতে হবে।

৪। উপর্যুক্ত আইটেমের বাহিরে প্রকল্পের বিশেষত্ব অনুযায়ী অন্য কোন আইটেমের হার অর্থ বিভাগকে অবহিত রেখে প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে নির্ধারণ করতে হবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

মাহমুদ উল হক ভূঁইয়া
যুগ্ম-সচিব (বাজেট-২)
ফোন: ৭১৬৪৪৮৪

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৪। সচিব, --------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সদস্য, --------------------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৪.২০১০-৪৬১ তারিখ: ০৪/১০/২০১০

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/ দপ্তর/ পরিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়ের হার সংক্রান্ত।**

অর্থ বিভাগ কর্তৃক ২২ ডিসেম্বর, ২০০৪ এ জারিকৃত Delegation of Financial Power for Development Projects-শীর্ষক পুস্তিকায় প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনার জন্য প্রকল্প দলিলে কোন হার ও নীতিমালা না থাকলে সেক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ ফি, আপ্যায়ন হার ইত্যাদি বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনক্রমে পরিপত্র জারি করার বিধান রয়েছে।

উন্নয়ন প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের সুবিধার্থে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/ দপ্তর/ পরিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন যে সকল উন্নয়ন প্রকল্পের প্রকল্প দলিলে প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ-এর জন্য বাজেট বরাদ্দ আছে কিন্তু এ সংক্রান্ত কর্মকান্ডের জন্য আইটেম ভিত্তিক কোন হার নির্ধারণ করা নাই, সে সকল প্রকল্পের উক্ত কর্মকান্ডগুলো বাস্তবায়নের জন্য প্রকল্পের অর্থায়নের উৎস নির্বিশেষে সাধারণ ক্যাটাগরির কতিপয় ক্ষেত্রে নিম্নরূপ হার নির্ধারণ করা হলো এবং কিছু কিছু বিশেষ ক্ষেত্রে প্রকল্পের প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তাকে ক্ষমতা অর্পণ করা হলো:

| আইটেম | নির্ধারিত টাকার হার |
|---|---|
| ১। প্রশিক্ষণ: | |
| ক) প্রশিক্ষণার্থী: | |
| ১) জনপ্রতি দৈনিক ভাতা (স্থানীয়) | ২০০-৩০০/- |
| ২) জনপ্রতি দৈনিক ভাতা (বহিরাগত) | ৩০০-৩৭৫/- |
| ৩) জনপ্রতি দৈনিক যাতায়াত ভাতা (স্থানীয়) | ১০০-১৫০/- |
| ৪) জনপ্রতি দৈনিক যাতায়াত ভাতা (বহিরাগত) এককালীন | প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে। |
| খ) রিসোর্স পার্সন/ প্রশিক্ষক | |
| ১) ঘন্টা প্রতি হার | ৮৫০/- |
| ২) জনপ্রতি দৈনিক ভাতা (বহিরাগত) | প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে। |
| ৩) জনপ্রতি দৈনিক যাতায়াত ভাতা (বহিরাগত) এককালীন | |
| গ) কোর্স পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন | ৪৫০০/- |
| ঘ) কোর্স অর্ডিনেটর (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন | ৩০০০/- |
| ঙ) আপ্যায়ন | |
| ১) রিফ্রেশমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১ বার এবং সারাদিন ব্যাপী হলে ২ বার রিফ্রেশমেন্ট-এর ব্যবস্থা করা যাবে) | ৪০/- |
| চ) উদ্বোধনী/ সমাপনী দুপুরের খাবার/ রাতের খাবার জনপ্রতি | উপজেলা ২০০/-<br>জেলা শহার ২৫০/-<br>ঢাকাসহ অন্যান্য বিভাগীয় শহর ৩০০/- |
| ২। সেমিনার/ ওয়ার্কশপ | |
| ক) রিফ্রেশমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১ বার এবং সারাদিন ব্যাপী হলে ২ বার রিফ্রেশমেন্ট-এর ব্যবস্থা করা যাবে) | ৪০/- |
| খ) দুপুরের খাবার জনপ্রতি | উপজেলা ২০০/-<br>জেলা শহার ২৫০/-<br>ঢাকাসহ অন্যান্য বিভাগীয় শহর ৩০০/-<br>জাতীয়/ আন্তর্জাতিক সেমিনার/ ওয়ার্কশপের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে। |
| গ) অনধিক ৩ ঘন্টাব্যাপী সেমিনার/ ওয়ার্কশপের জন্য শুধুমাত্র রিফ্রেশমেন্ট-এর ব্যবস্থা করতে হবে। | |

৩। স্থান নির্বিশেষে এ ধরনের প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপের জন্য হল ভাড়া, সাউন্ড সিস্টেম, ব্যানার, স্টেশনারী, ব্যাগ ইত্যাদি প্রকল্পের প্রকৃত প্রয়োজন অনুযায়ী কৃচ্ছ্র অবলম্বনের মাধ্যমে প্রকল্পের পরিচালক কর্তৃক নির্ধারণ করতে হবে।

৪। উপর্যুক্ত আইটেমের বাইরে প্রকল্পের বিশেষত্ব অনুযায়ী অন্য কোন আইটেমের হার ডিপিপিতে বরাদ্দ সাপেক্ষে অর্থ বিভাগকে অবহিত রেখে প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে নির্ধারণ করতে হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শাহাবুদ্দিন আহমদ
যুগ্ম-সচিব (বাজেট-২)
ফোন: ৭১৬৯৯৮৪

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৪। সচিব, --------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সদস্য, --------------------------------------- বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২,
বাজেট শাখা-১২

নং-অম/অবি/বা-১২/বিবিধ-৬৫/০৭(অংশ)/১০৪০ তারিখ: ০৮/০২/১৪১৫ বঃ
২২/০৫/২০০৮ ইং

## পরিপত্র

**বিষয়: উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ প্রসঙ্গে।**

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, জিডিপির শতকরা হারে অনুন্নয়ন ব্যয়ের পরিমাণ উন্নয়ন ব্যয়ের তুলনায় ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সাম্প্রতিক কালে অনুন্নয়ন ব্যয়ের পরিমাণ দাড়িয়েছে উন্নয়ন ব্যয়ের দ্বিগুণেরও বেশী। অনুন্নয়ন ব্যয় বৃদ্ধির এ ধারা অব্যহৃত থাকলে অদূর ভবিষ্যতে উন্নয়ন কর্মসূচির জন্য প্রয়োজনীয় অর্থায়নে সমস্যা সৃষ্টি হতে পারে এবং ফলশ্রুতিতে দ্রুত দারিদ্র নিরসন ও উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের নিমিত্ত মানব সম্পদ উন্নয়নসহ সামাজিক ও ভৌত অবকাঠামো উন্নয়নে সরকারের যে বিনিয়োগ দরকার তা বাধাগ্রস্থ হতে পারে।

২। অনুন্নয়ন ব্যয় ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার অন্যতম প্রধান কারণ উন্নয়ন প্রকল্পের পদ/ জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর। অধিকাংশ ক্ষেত্রে রাজস্ব বাজেটভুক্ত জনবল দ্বারাই উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্ভব হলেও উন্নয়ন প্রকল্পে নতুন জনবল নিয়োগ করা হয়। প্রকল্প সমাপ্তির সাথে সাথে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের নিয়োগ অবসানের কথা তাকলেও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রত্যাশা সৃষ্টি হয় এবং অনেক সময় অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হয়।

৩। উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ভবিষ্যতে বাস্তবায়িতব্য প্রকল্প সমাপ্তি পর রাজস্ব বাজেটের উপর চাপ যাতে ন্যূনতম পর্যায়ে থাকে সে লক্ষ্যে এখন থেকে উন্নয়ন প্রকল্পসমূহ সম্ভাব্য সকল ক্ষেত্রে রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত জনবল দ্বারা বাস্তবায়ন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) উন্নয়ন প্রকল্প নতুন জনবল নিয়োগের পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের পদসমূহ পূরণ করতে হবে;

খ) উন্নয়ন প্রকল্পের কোন পদ সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করা সম্ভব না হলে এ জাতীয় পদে সমধর্মী দপ্তর/ সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগের ব্যবস্থা করা যেতে পারে;

গ) উন্নয়ন প্রকল্পের কোন পদে সরাসরি নিয়োগ আবশ্যক হলে কেন সংশ্লিষ্ট পদটি/ পদসমূহ রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীদের মদ্য থেকে প্রেষণে নিয়োগ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করা সম্ভব নয় তার ব্যাখ্যা এবং সরাসরি নিয়োগের যৌক্তিকতা নতুন প্রকল্পের পদ/ জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভায় উপস্থাপন করতে হবে;

ঘ) নতুন প্রকল্পের পদ/ জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি পদ সৃষ্টির প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করে প্রেষেণে নিয়োগযোগ্য পদ এবং সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক পদ সৃষ্টির সুপারিশ প্রদান করবে।

৪। উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হল।

৫। এ আদেশ আবিলম্বে কার্যকর হবে।

মাহমুদউল হক ভুঁইয়া
যুগ্ম-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপনিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
৩। সচিব ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সভাপতি/ সদস্য, নতুন প্রকল্পের জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি।

# উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে জনবল স্থানান্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উন্নয়ন উইং

নং-অম/উন্নয়ন-৯/হিসাব-১২/৮৬-৮৭/২৮৮ তারিখ: ১৭-১০-১৩৯৩ / ৩১-০১-১৯৮৭

প্রাপক: সচিব
সংস্থাপন মন্ত্রণালয়

**বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তর এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রসঙ্গে।**

জনাব

আমি আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তর ও প্রক্রিয়া সহজতর ও ত্বরান্বিতকরণার্থে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:

ক) অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত পদসমূহের মধ্যে যে সকল পদ প্রকল্প বাস্তবায়নকালে অন্ততঃ একবার পূরণ করা হইয়াছে (অর্থাৎ পরে সাময়িকভাবে শূন্য থাকিতেও পারে) এবং যে পদসমূহ সমন্বন্ধে অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের (সঙ্গঠন ও ব্যবস্থাপনা উপ-বিভাগ) অভিন্ন সম্মতি রহিয়াছে এবং যে পদসমূহ সংশ্লিষ্ট সংস্থা/ বিভাগের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতেই অন্তর্ভুক্ত করা সম্ভব, সেই সকল পদসমূহ সরাসরি রাজস্ব বাজেটে স্থানান্তর/ সৃষ্টি করা যাইবে এবং তাহার জন্য রাষ্ট্রপতির সচিবালয়ের অনুমোদন প্রয়োজন হইবে না।

খ) যে সকল পদসমূহ স্থানান্তরে অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের (সঙ্গঠন ও ব্যবস্থাপনা উপ-বিভাগ) অভিন্ন সম্মতি রহিয়াছে কিন্তু সেই পদসমূহ সংস্থা/ বিভাগের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে অংগীভূত করা সম্ভব নহে অথবা অনুমোদিত সাংগঠনিক কাঠামোর সহিত সামঞ্জস্যপূর্ণ নহে, সেই সকল পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তর করিতে রাষ্ট্রপতির সচিবালয়ের অনুমোদনের প্রয়োজন হইবে।

গ) যে সকল পদসমূহ স্থানান্তরে অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের (সঙ্গঠন ও ব্যবস্থাপনা উপ-বিভাগ) মধ্যে মতানৈক্য রহিয়াছে তাহাও চূড়ান্ত সিদ্ধান্তের জন্য রাষ্ট্রপতির সচিবালয়ে প্রেরণ করিতে হইবে।

২। প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ের জারিকৃত ৯-১১-১৯৮৬ তারিখের ১৬১/ কমন/ বাস্তবায়ন-৩-১ নং স্মারকে বর্ণিত পদ্ধতি/ নির্দেশাবলী যতাযথভাবে পালন করিতে হইবে।

কাজী সামসুল আলম
যুগ্ম-সচিব
অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ

নং-অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬ তারিখ: ২৯ আশ্বিন, ১৪০৪ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর, ১৯৯৭ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

অর্থ বিভাগের ৩-৭-৯৭ ইং তারিখের অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬/ ৩২০ ও ৩২১ নং স্মারক দুইটির অনুবৃত্তিক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যেঃ-

ক) যে সকল প্রকল্পে ইতোমধ্যে সাকুল্যে বেতন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ করা হয়েছে তারা প্রকল্প সমাপ্তিতে প্রতি বৎসর (১২ মাস) চাকরির জন্য ২ (দুই) মাসের সাকুল্যে বেতনের সমপরিমাণ অর্থ আর্থিক সাহায্য হিসেবে পাবেন। এ ধরনের সুবিধা কেবলমাত্র সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যারা প্রকল্প সমাপ্তির পর রাজস্ব বাজেটের নিয়মিত পদে নিযুক্ত হবেন তারা আর্থিক সাহায্য পাবেন না।

খ) প্রকল্প সমাপ্তির পর কোন কর্মকর্তা/ কর্মচারীর চাকরির মেয়াদে কোন ভগ্নাংশ হলে সে ক্ষেত্রে তাঁরা আনুপাতিক হারে আর্থিক সুবিধা পাবেন।

গ) এই সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংকুলান সংশ্লিষ্ট প্রকল্পের পিসিপি/ পিপি/ টিএপিপি তে অন্তর্ভুক্ত করেতে হবে এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা উহা নিশ্চিত করবে।

উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ জ্ঞাপন করা হল।

মোঃ মোজাম্মেল হক
যুগ্ম-সচিব (উন্নয়ন)
ফোন:-৮৬৪৪৮৪
৩৭৪৪ (ব্লু)

বিতরণ:
১। সচিব, -------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৩। সদস্য, -------------------------------------- (সকল) পরিকল্পনা কমিশন।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:-

নং-অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬ তারিখ: ২৯ আশ্বিন, ১৪০৪ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর, ১৯৯৭ খ্রিষ্টাব্দ

১। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।

অরিজিৎ চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৬০৬৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ।

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/১২৯ তারিখ: ১৬-১২-১৪০৬বাং / ৩০-৩-২০০০ ইং

## পরিপত্র

সরকারি খাতে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করিতে বর্তমানে দীর্ঘ সময় লাগিয়া যায়। ইহাতে বিভিন্ন ধরণের সমস্যার সৃষ্টি হইতেছে। এই বিলম্ব ও সমস্যা পরিহারে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, এখন হইতে সরকারি খাতে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর বিষয়ে নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ রাজস্ব বাজেটে স্থানান্তরযোগ্য পদের প্রস্তাব প্রকল্প সমাপ্তির অন্ততঃ ছয়মাস পূর্বে যুগপৎভাবে সংস্থাপন মন্ত্রণালয়ের ওএন্ডএম উইং এবং অর্থ বিভাগের উন্নয়ন উইংয়ে প্রেরণ করিবে। মন্ত্রণালয়ের প্রস্তাবে রাজস্ব বাজেটে স্থানান্তরযোগ্য জনবলের যৌক্তিকতা, ন্যূনতম জনবলের সংখ্যা এবং প্রতিষ্ঠানটির প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোসহ (যদি থাকে) বিশ্লেষণধর্মী একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবনা থাকিতে হইবে। প্রস্তাবে সুস্পষ্টভাবে আরও উল্লেখ থাকিতে হইবে যে, সমাপ্ত প্রকল্পটির জনবলের বেতন ভাতাদি পরিশোধের উদ্দেশ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বা নতুন পর্যায় (phase) হিসাবে এডিপি ভুক্তির প্রস্তাব করা হইবে না। প্রস্তাবে কি কি তথ্য থাকা প্রয়োজন এই বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় এক মাসের মধ্যে একটি চেক লিষ্ট তৈয়ারী করিয়া অর্থ বিভাগসহ সকল মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। অর্থ বিভাগ উক্ত চেক লিষ্ট পাওয়ার পর অর্থ মন্ত্রণালয়ের সহিত সম্পৃক্ত বিষয়ে আরেকটি চেক লিষ্ট প্রস্তুত করিয়া ৬ সপ্তাহের মধ্যে পরিপত্র আকারে সকলের জ্ঞাতার্থে জারি করিবে। প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তাবে উপরি-উক্ত চেক লিষ্ট/ পরিপত্রে বর্ণিত তথ্যাদি থাকিবে।

২) প্রশাসনিক মন্ত্রণালয় হইতে প্রস্তাব প্রাপ্তির পর সংস্থাপন মন্ত্রণালয় ১ মাসের মধ্যে অর্থ বিভাগে তাহাদের মতামত/ সুপারিশ প্রেরণ করিবে। এই সময়কাল ২ মাস অতিক্রান্ত হইলে উক্ত প্রস্তাবে সংস্থাপন মন্ত্রণালয়ের কোন আপত্তি নাই মর্মে অর্থ বিভাগে (স্থায়ী কমিটি) গণ্য করিবে। উল্লেখ্য যে অনুচ্ছেদ (১) এ বর্ণিত চেক লিষ্টের তথ্যসহ প্রস্তাব না পাওয়া গেলে এই সময়সীমা প্রযোজ্য হইবে না। তবে চেক লিষ্টের কি কি তথ্য পাওয়া যায় নাই তা সংস্থাপন মন্ত্রণালয়, প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগ প্রস্তাব প্রাপ্তির এক মাসের মধ্যে অবহিত করিবে। পরবর্তী সময়ে চেক লিষ্ট অনুসারে তথ্যাদি পাওয়ার পর হইতে উপরি-উক্ত সময়সীমা গণ্য করা হইবে।

৩) অর্থ বিভাগ (স্থায়ী কমিটি) প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তাব প্রাপ্তির পর সংস্থাপন মন্ত্রণালয় হইতে নির্ধারিত ১ মাসের মধ্যে সুপারিশ পাইলে সুপারিশ প্রাপ্তির ১ মাসের মধ্যে এবং কোন সুপারিশ না পাইলে বা সংস্থাপন মন্ত্রণালয় হইতে কোন দ্বিমত সংবলিত পত্র না পাইলে প্রশাসনিক মন্ত্রণালয় প্রেরিত প্রস্তাব প্রাপ্তির তারিখ হইতে ৩ মাসের মধ্যে তাহাদের সিদ্ধান্ত চূড়ান্ত করিয়া সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে। অর্থ বিভোগের সম্মতির ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় সরকারি আদেশ জারি করিবে। এখানে উল্লেখ্য যে, অর্থ বিভাগ কর্তৃক অনুচ্ছেদ (১) এ বর্ণিত জারিযোগ্য পরিপত্র অনুসারে তথ্যাদি না পাওয়া গেলে তাহাও অর্থ বিভাগ প্রশাসনিক মন্ত্রণালয় এবং সংস্থাপন মন্ত্রণালয়কে প্রস্তাব প্রাপ্তির ১ মাসের মধ্যে অবহিত করিবে। পরবর্তী সময়ে উক্ত পরিপত্র অনুসারে তথ্যাদি পাওয়ার পর হইতে উল্লিখিত সময়সীমা গণ্য করিতে হইবে।

৪) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য আইএমইডি কর্তৃক প্রকল্প সমাপ্তি প্রতিবেদনের প্রয়োজন হইবে না।

৫) শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান সর্ম্পকিত প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় প্রকল্প বাস্তবায়ন সমাপ্তির অনধিক এক বৎসর কিন্তু অন্তত ছয় মাস পূর্ব হইতে সংস্থাপন ও অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করিবে।

উল্লেখ্য যে, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির ২৬-১-২০০০ ইং তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের অনুসরণে এ পরিপত্র জারি করা হইল।

সিদ্দিকুর রহমান চৌধুরী
যুগ্ম-সচিব (উন্নয়ন)।

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/১২৯ তারিখ: ১৬-১২-১৪০৬বাং / ৩০-৩-২০০০ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। সচিব, ---------------------------------------সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৩। সদস্য, --------------------------------------- সকল পরিকল্পনা কমিশন।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/ অতিরিক্ত মহা পরিচালক (অর্থ) বাংলাদেশ রেলপথ কর্তৃপক্ষ।
৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৬। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ আবদুস সালাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬/(অংশ-২)/৩৩৫ তারিখ: ২৪/৯/২০০১ খ্রিঃ

**বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তাব অর্থ বিভাগে পাবার পর তার প্রক্রিয়াকরণ পদ্ধতি সহজতর করা হয়েছে এবং স্বল্পতম সময়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অর্থ বিভাগের এতদসংক্রান্ত স্থায়ী কমিটি পুনর্গঠন করে ১৩-৯-০১ তারিখে অতিঃ সচিব-১ এর সভাপতিত্বে উচ্চ ক্ষমতা সম্পন্ন স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে:

ক) রাজস্ব বাজেটে স্থানান্তর ও সৃষ্টিযোগ্য পদ সংখ্যা নির্বাচন।

খ) স্থানান্তরযোগ্য পদের বেতন স্কেল নির্ধারণ।

গ) কোন কোন শর্তের ভিত্তিতে পদ স্থানান্তর হবে তা নির্ধারণ।

২। রাজস্ব খাতে স্থানান্তরযোগ্য পদ সম্পর্কিত সামগ্রিক বিষয়বালী স্থায়ী কমিটি কর্তৃক বিবেচনার সুবিধার্থে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ থেকে পদ স্থানান্তরের প্রস্তাব অর্থ বিভাগে (উন্নয়ন অনুবিভাগ) প্রেরণকালে এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত কাগজপত্র ও অন্যান্য তথ্য থাকা প্রয়োজন। এখন থেকে সংযুক্ত তালিকা অনুযায়ী এবং তালিকায় উল্লেখিত সকল সংলগ্নীসহ রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তাব অর্থ বিভাগে (উন্নয়ন অনুবিভাগ) প্রেরণ করা আবশ্যক। উল্লেখ্য, স্কেল নির্ধারণসহ পদ স্থানান্তর সংক্রান্ত প্রস্তাবটি প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক অনুমোদিত হতে হবে এবং প্রস্তাবের সাথে প্রেরিত কাগজপত্রাদি ফটোকপি হলে তা সত্যায়িত হতে হবে।

৩। স্থায়ী কমিটির সভায় বিবেচনার জন্য নির্ধারিত কাগজপত্রাদি সঠিকবাবে পাবার পর পর উন্নয়ন অনুবিভাগ তার এক সেট করে বাস্তবায়ন অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ ও বাজেট অনুবিভাগে প্রেরণ করবে যাতে সংশ্লিষ্ট অনুবিভাগের যুগ্ম-সচিব পদ সৃষ্টি এবং বেতন স্কেল নির্ধারণসহ সকল বিষয়ে পূর্ব প্রস্তুতিসহ স্থায়ী কমিটির সভায় যোগদান করতে পারেন।

৪। স্থায়ী কমিটির সুপারিশসমূহ অর্থ সচিব কর্তৃক অনুমোদনের পর তাতে রাজস্ব খাতের পদ অবলুপ্তির বিষয় জড়িত থাকলে তা উন্নয়ন অনুবিভাগ কর্তৃক প্রশাসনিক মন্ত্রণালয়কে জানানো হবে। প্রশাসনিক মন্ত্রণালয় অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতিসহ সংশ্লিষ্ট পদের বিলুপ্তি আদেশ জারি করে তা অর্থ বিভাগে (উন্নয়ন অনুবিভাগ) প্রেরণ করবে। পদ বিলুপ্তি আদেশ পাবার পর রাজস্ব কাতে স্থানান্তরযোগ্য সকল পদের বেতন স্কেল উল্লেখসহ পদ স্থানান্তর সংক্রান্ত সম্মতিপত্র অর্থ বিভাগ থেকে জারি করা হবে।

৫। অর্থ বিভাগ (ব্যয়-নিয়ন্ত্রণ অনুবিভাগ) কর্তৃক পদ স্থানান্তরের সম্মতিপত্র জারিপূর্বক তা সংশ্লিষ্ট সকল অফিসে প্রেরণ করা হবে। এই সম্মতিপত্রে বর্ণিত শর্তাবলী অন্তর্ভুক্তিপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় রাজস্ব বাজেটে পদ সৃষ্টির আদেশ জারি করবে এবং তা পৃষ্ঠাঙ্কনের জন্য ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করবে। পদ সৃষ্টির আদেশ সকল শর্তাবলী অন্তর্ভুক্তিসহ সঠিকভাবে জারি হয়ে থাকলে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ তা পৃষ্ঠাঙ্কনপূর্বক সংশ্লিষ্ট সকল অফিসের নিকট প্রেরণ করবে।

৬। উপর্যুক্তভাবে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব খাতে স্তানান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

শেখ এ,কে, মোতাহার হোসেন
উপ-সচিব(উঃ-১)।

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্য্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব ------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। অতিঃ সচিব (বাজেট-১/ ২), অর্থ বিভাগ।
৫। যুগ্ম-সচিব (উঃ)/ উপ-সচিব/ সিনিয়র সহঃ সচিব/ সহঃ সচিব উন্নয়ন ------, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/(অংশ-২)/৩৪০ তারিখ: ০৩/১০/২০০১ খ্রিঃ

**বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব বাজেটে পদ স্থানান্তর প্রসঙ্গে।**

সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরের বর্তমান প্রচলিত প্রক্রিয়ায় একাধিকবার একই বিষয়ে অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগের সম্মতির জন্য নথি প্রেরণ করতে হয়। এ পদ্ধতিতে দীর্ঘ সময় অতিবাহিত হয় এবং সংশ্লিষ্ট দপ্তরের কাজ-কর্ম বাস্তবায়নে সমস্যা দেখা দেয় ও স্থানান্তরযোগ্য পদে কর্মরত লোকবলের বেতন-ভাতা পেতে জটিলতার সম্মুখীন হতে হয়। যে ক্ষেত্রে পদ স্থানান্তরযোগ্য হবে তা দীর্ঘ জটিল প্রক্রিয়ায়র পরিবর্তে স্বল্পতম সময়ে সহজতর পদ্ধতির মাধ্যমে চূড়ান্ত করার লক্ষ্যে এখন থেকে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:-

১) অর্থ বিভাগ (উন্নয়ন অনুবিভাগ) এর স্যারক নং- অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬(অংশ-২)/ ৩৩৫ তারিখ- ২৪/৯/২০০১ খ্রিঃ অনুযায়ী উন্নয়ন অনুবিভাগে স্থায়ী কমিটির কাগজপত্র প্রাপ্তির পর পরই উন্নয়ন অনুবিভাগ তার একসেট করে বাজেট অনুবিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ ও ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করবে। ব্যয় নিয়ন্ত্রণ, বাজেট, বাস্তবায়ন, উন্নয়ন অনুবিভাগ স্থায়ী কমিটির জন্য আবশ্যক কাগজপত্র পাবার পর অভ্যন্তরীণভাবে পরীক্ষা করবে যাতে করে স্থায়ী কমিটির সভায় প্রয়োজনীয় পূর্ণাঙ্গ তথ্য, কাগজপত্র ও প্রস্তুতির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভবপর হয়।

২) উন্নয়ন অনুবিভাগ থেকে স্থায়ী কমিটির জন্য কাগজপত্র পাবার পর বাস্তবায়ন অনুবিভাগ ১৫ (পনের) দিনের মধ্যে বেতন স্কেল নির্ধারণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবে যাতে স্থায়ী কমিটির সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভবপর হয়।

৩) স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীতে রাজস্ব খাতে স্থানান্তরযোগ্য পদের পদবী, বেতন স্কেল এবং পদ সৃষ্টির শর্তাবলীসহ অন্যান্য প্রাসংগিক বিষয়সমূহ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। স্থায়ী কমিটির সবার সুপারিশ অনুসারে স্থানান্তরযোগ্য পদসংখ্যা ও এতদসংক্রান্ত শর্তাবলী ইত্যাদি বিষয়ে নথির মাধ্যমে অর্থ সচিবের অনুমোদন গ্রহণ করতে হবে।

৪) স্থায়ী কমিটির সুপারিশ অর্থ সচিব কর্তৃক অনুমোদনের পর তাতে রাজস্ব খাতের পদ অবলুপ্তির বিষয় জড়িত থাকলে তা উন্নয়ন অনুবিভাগ কর্তৃক প্রশাসনিক মন্ত্রণালয়কে জানানো হবে। প্রশাসনিক মন্ত্রণালয় অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতিসহ সংশ্লিষ্ট পদের বিলুপ্তি আদেশ জারি করে তা অর্থ বিভাগে (উন্নয়ন অনুবিভাগ) প্রেরণ করবে।

৫) পদ অবলুপ্তি আদেশ পাবার পর (যে ক্ষেত্রে প্রযোজ্য) অর্থ সচিব কর্তৃক অনুমোদিত পদসংখ্যা, শর্তাবলী ইত্যাদি অন্তর্ভুক্তিপূর্বক রাজস্ব বাজেটে পদ সৃষ্টির সম্মতিপত্রের খসড়া উন্নয়ন অনুবিভাগ প্রস্তুত করবে এবং তা ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করবে।

৬) উন্নয়ন অনুবিভাগ থেকে রাজস্ব বাজেটে পদ স্থানান্তরের সম্মতিপত্রের খসড়া পাবার পর সে অনুযায়ী ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ পদ স্থানান্তরের সম্মতিপত্র জারিপূর্বক তা প্রশাসনিক মন্ত্রণালয় ও উন্নয়ন অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকল অফিসে প্রেরণ করবে।

৭) প্রশাসনিক মন্ত্রণালয় ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক জারিকৃত পত্রে বর্ণিত শর্তাবলী অন্তর্ভুক্তিপূর্বক রাজস্ব বাজেটে পদ সৃষ্টির আদেশ জারি করবে এবং তা পৃষ্ঠাঙ্কনের জন্য ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করবে। পদ সৃষ্টির আদেশ সকল শর্তাবলী অন্তর্ভুক্তিসহ সঠিকভাবে জারি হয়ে থাকলে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ তা পৃষ্ঠাঙ্কনপূর্বক বাস্তবায়ন অনুবিভাগ, বাজেট অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকল অফিসের নিকট প্রেরণ করবে।

৮) উপর্যুক্ত পদ্ধতি অনুসরণের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

শেখ এ,কে, মোতাহার হোসেন
উপ-সচিব
অর্থ বিভাগ।

বিতরণ:

১। অতিঃ সচিব (বাজেট-১/ ২), অর্থ বিভাগ।
২। যুগ্ম-সচিব, বাজেট/ ব্যয় নিয়ন্ত্রণ/ বাস্তবায়ন/ উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।
৩। উন্নয়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।

সদয় অবগতির জন্য অনুলিপি:-

অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়-৪ অধিশাখা

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেঃ)/০৭/৪৭ তারিখ: ২৪-০৩-০৮ খ্রিঃ

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইম স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নথি নং সম(বিধি-৩)/বিবিধ-৩০/০৬

উপর্যুক্ত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী নির্দেশক্রমে জানাচ্ছে যে, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান করার অবকাশ নাই। এ প্রসঙ্গে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের ০২-০৩-২০০৮ তারিখের অম/ অবি/ বাশাঃ২/-৫-বিধি-১(উঃ)/ ২০০৬/ ২১ নং স্মারকটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেঃ)/০৭/৪৭ তারিখ: ২৪-০৩-০৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করা হলো।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায় শাখা -৪

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেল)/২০০৭/৯১ তারিখ: ১৫-১২-২০০৯ খ্রিঃ

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইম স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেঃ)/০৭/৪৭, তারিখ: ২৪-০৩-২০০৮ খ্রিঃ
২) হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়ের ৯-৯-২০০৮ তারিখের স্মারক নং সিজিএ/পদ্ধতি-১/উন্নয়ন/৪৭০/৪০৪
৩) হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়ের ২০-৪-২০০৮ তারিখের স্মারক নং সিজিএ/ পদ্ধতি-২/ খন্ড-৫(১৬)/ ২০০৬-০৭/৮৩২
৪) সংস্থাপন মন্ত্রণালয়ের ছায়ানথি নম্বর-সম(বিবিধ-৩ অধিঃ)-বিবিধ-৩০/২০০৬/২৫৯, ১২-৭-২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের টাইম স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক জটিলতা, আর্থিক শৃংখলা বজায় রাখার লক্ষ্যে অর্থ বিভাগের নিম্নলিখিত ব্যাখ্যা/ সিদ্ধান্ত প্রদান করা হলো:-

ক) প্রকল্পের চাকরিতে থাকাকালীন সময়ে প্রকল্পের ব্যবস্থাপনায় যদি কোন কর্মকর্তা/ কর্মচারীকে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান করা হয়ে থাকে এবং তৎপর পেনশনে গিয়ে থাকেন তা কর্তন বা বর্তনযোগ্য এমন মতামত/ বক্তব্য অর্থ বিভাগ থেকে জারিকৃত ২৪-৩-২০০৮ তারিখের অম/ অবি/ (বাস্ত-৪)/ বিবিধ-২০(উঃস্কেঃ)/ ০৭/ ৪৭নং স্মারকে বলা হয়নি।

খ) প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকালের সহিত রাজস্বখাতের চাকরিকাল যুক্ত/ গণনা করে অর্থাৎ প্রকল্পের ও রাজস্বখাতের চাকরির সমষ্টির ভিত্তিতে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদেয় নয়।

গ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জেষ্ঠ্যতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর ৫(৬) অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্প থেকে রাজস্বখাতেস্থানান্তরের পর শুধুমাত্র রাজস্বখাতের চাকরিকাল গণনা করে জ্যেষ্টতার ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী এতদসংক্রান্ত বিধি-বিধান অনুসরণে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদেয় হবে।

মতিউর রহমান
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেল)/২০০৭/৯১ তারিখ: ১৫-১২-২০০৯ খ্রিঃ

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ
সেগুনবাগিচা, ঢাকা।

মতিউর রহমান
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬(অংশ-১)/৭০৭ তারিখ: ৩০/০৯/২০০৪ ইং

**বিষয়: জুলাই/১৯৯৭ এবং তদপরবর্তীতে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তর এবং থোক বরাদ্দ থেকে বেতন-ভাতা প্রদান প্রসঙ্গে।**

১। উপর্যুক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ২১/৮/১৯৯৭ইং তারিখে জারিকৃত সম/ সওব্য/ টিম-৪ (২)/ উঃপ্রঃনিঃ/ ৪৭/৯৭-১৮৮ এবং অর্থ বিভাগ হতে ০৯/০৯/২০০১ ইং তারিখে জারিকৃত অম/অবি/ উঃ-১/ বিবিধ-৫২/৯৬ (অংশ-১)/৩২৪ নং পরিপত্রের বিধান অনুযায়ী ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হতে শুরু হওয়া প্রকল্পের জনবল সাকুল্য বেতন ও চুক্তিভিত্তিক নিয়োগের বিধান রয়েছে। নিয়োগ চুক্তির শর্ত অনুযায়ী প্রকল্পের জনবলের অনুকূলে দেয়া নিয়োগপত্রই প্রকল্প-শেষে অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে। অর্থাৎ প্রকল্প-শেষে জনবল আর কর্মরত নেই বলে গণ্য হবে।

২। উপরোক্ত অবস্থা বিদ্যমান থাকা সত্ত্বেও জুলাই/৯৭ এবং তদপরবর্তীতে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তর বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক সংস্থাপন মন্ত্রণালয় হতে সম্মতি গ্রহণক্রমে অর্থ বিভাগে পদ স্থানান্তর এবং থোক বরাদ্দ হতে বেতন-ভাতা প্রদানের প্রস্তাব প্রেরণ করা হচ্ছে। উপরোল্লিখিত বিদ্যমান নীতিগত সিদ্ধান্তের আলোকে ঐসব ক্ষেত্রে অর্থ বিভাগের অসম্মতি জানাতে হচ্ছে।

৩। ইতোমধ্যে জুলাই/৯৭ তদপরবর্তীতে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তর বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সুপারিশক্রমে পুনঃ পর্যালোচনা করে রাজস্ব কাঠামো 'নূতন পদ সৃষ্টির' আংগিকে সুপারিশ করার জন্য অর্থ বিভাগ হতে সংস্থাপন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এ অবস্থায় জুলাই/৯৭ এবং তদপরবর্তীতে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ স্থানান্তর এবং থোক বরাদ্দ হতে বেতন-ভাতার প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ না করে এ জাতীয় সমাপ্ত প্রকল্পের মাধ্যমে সৃষ্ট স্থাপনা কিংবা সৃজিত কর্মসূচি রাজস্ব খাতে টেকসই (Sustain) করার লক্ষ্যে, যৌক্তিকতার ভিত্তিতে, প্রয়োজনবোধে নতুন পদ সৃষ্টির জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে পদ সৃজনের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আশীষ কুমার সরকার
সিনিয়র সহকারী সচিব

বিতরণ:
১। সচিব
আইআরডি/ ইআরডি/ মন্ত্রণালয়/ বিভাগ।
স্থানীয় সরকার বিভাগ/ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা/
অর্থবিভাগ (যুগ্ম-সচিব-ব্যাংকিং)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২

নং-অম/অবি/বা-১২/বিবিধ-৫২/৯৬/১৭৪২ তারিখ: ১২/০২/২০০৬ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

১৯৯৭ সালের পূর্বে শুরু হয়ে সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা করে সুপারিশ প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ২২/০১/২০০৩ তারিখের স্মারক নং মপবি/ কঃবিঃশাঃ/ সক-০১/২০০৩/২৭ সূত্রে গঠিত এ সংক্রান্ত সচিব কমিটির স্থলে সরকার নিম্নরূপ স্থায়ী কমিটি পুনর্গঠন করেছে।

ক) কমিটি গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব | অর্থ বিভাগ | সভাপতি |
| ২. | যুগ্ম সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা) | সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্ম-সচিব | সংশ্লিষ্ট মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | যুগ্ম-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শণ) | অর্থ বিভাগ | সদস্য |
| ৫. | যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি) | অর্থ বিভাগ | সদস্য |
| ৬. | যুগ্ম-সচিব (বাজেট-২) | অর্থ বিভাগ | সদস্য-সচিব |

খ) কমিটির কার্যপরিধি:

কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার ১৯৯৭ সালের পূর্বে শুরু হয়ে সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাব নিরীক্ষা করে রাজস্বখাতে স্থানান্তরযোগ্য পদসমূহের বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করবে।

২। স্থায়ী কমিটির সুপারিশ মাননীয় অর্থ ও পরিকর্পনা মন্ত্রীর অনুমোদন গ্রহণ প্রয়োজন হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

মাহমুদউল হক ভুঁইয়া
যুগ্ম-সচিব (বাজেট-২)

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

বিতরণ:
১. অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ।
২. যুগ্ম সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা), সংস্থাপন মন্ত্রণালয়।
৩. যুগ্ম-সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়।
৪. যুগ্ম-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শণ), অর্থ বিভাগ।
৫. যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি), অর্থ বিভাগ।
৬. যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ।

অনুলিপি:
১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩. সংস্থাপন সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
৪. আইএমইডি সচিবের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৪
www.mof.gov.bd

নং-অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/উঃ স্কেঃ/২০০৭/(অংশ)/৭৪ তারিখ: ২২/০৯/২০১১ খ্রিঃ।

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.২১১.০১৫.০১.০০.০০৯.২০১০-৫৯ তাং ০৩/০২/২০১১ খ্রিঃ।
২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.০১৫.০০.০০.০২১.২০১১-২৬৪ তাং ২৮/০৭/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এসআরও হিসেবে জারিকৃত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর বিধি-৬ এ বর্ণিত আছে 'নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।' এ বিধিতে প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে কিছু বলা হয়নি। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে পূর্বে প্রদত্ত মতামত/ ব্যাখ্যা যথার্থ। (অর্থ বিভাগের সিদ্ধান্তের অনুলিপি সংযুক্ত)।

উল্লেখ্য যে, 'টাইম স্কেল' ও 'সিলেকশন গ্রেড' আর্থিক সুবিধা হলেও বেতন, ছুটি এবং পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের সাথে এর কোন সম্পর্ক নেই। কারণ 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রাপ্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট কতিপয় বিধি-বিধান/ পদ্ধতি অনুসরণীয়। সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদটি রাজস্বখাতের পদ হতে হয়। রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি রাজস্বখাতে নিয়মিতকরণের তারিখ থেকে নির্দিষ্ট সময়কাল গণনা করে চাকরির সন্তোষজনক রেকর্ড এবং এসএসবি/ডিপিসি-এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রদান করা হয়। উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মরত কর্মচারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে প্রায়োগিক হলেও টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রকল্পের চাকরিকাল গণনাযোগ্য নহে।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' এর আওতায় উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে 'টাইমস্কেল' এবং 'সিলেকশন গ্রেড' প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ইতোপূর্বেকার মতামত/ ব্যাখ্যা যথার্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত বিধিমালার সাথে সাংঘর্ষিক কিংবা অসঙ্গতিপূর্ণ নয় মর্মে নির্দেশক্রমে পুনরায় জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

জিনাত আরা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬১৪৩১

১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৪
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১৫৪.০২৮.৩২.০১.০০৫.২০১১.৪০৭ তারিখ: ৩১.১০.২০১১

**বিষয়: জুলাই' ১৯৯৭ মাসে বা পরবর্তীতে শুরু হওয়া উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সময়ে নতুন পদ সৃজন সংক্রান্ত।**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯.০৯.২০০১ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী ১লা জুলাই ১৯৯৭ তারিকের পর শুরু হওয়া উন্নয়ন প্রকল্পসমূহের জনবল সরাসরি রাজস্বখাতে স্থানান্তরের সুযোগ নেই। অন্যদিকে অর্থ বিভাগের ৩০.০৯.২০০৪ তারিখে জারিকৃত অম/ অবি/ উবা-১/ বিবিধ-৫২/ ৯৬(অংশ-১)/ ৭০৭ নং স্মারক সম্বলিত এক পরিপত্রে (কপি সংযুক্ত) জুলাই ১৯৯৭ এবং তৎপরবর্তী সময়ে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের মাধ্যমে সৃষ্ট স্থাপনা কিংবা সৃজিত কর্মসূচি রাজস্বখাতে টেকসই (sustain) করার লক্ষ্যে যৌক্তিকতার ভিত্তিতে নতুন পদ সৃজনের বিধান রাখা হয়েছে। সে মোতাবেক জুলাই, ১৯৯৭ মাসে বা পরবর্তীতে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখতে হলে প্রশাসনিক মন্ত্রণালয় নতুন পদ সৃজনের প্রস্তাব করতে পারে। এ ক্ষেত্রে পদ্ধতি হল যে, প্রশাসনিক মন্ত্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশসহ পদ সৃজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করবে। এরূপ প্রস্তাব অর্থ বিভাগ পরীক্ষা-নিরীক্ষা করে তার ওপর প্রয়োজনীয় সম্মতি প্রদান করবে। পরবর্তী পর্যায়ে এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণের প্রয়োজন হবে।

সাম্প্রতিক সময়ে লক্ষ করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয় হতে জুলাই' ১৯৯৭ মাসে বা এর পরবর্তী সময়ে শুরু হওয়া উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তরের কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বর্ণিত পরিপত্রে ব্যত্যয় ঘটিয়ে প্রথমেই মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হচ্ছে এবং উক্ত অনুমোদনসহ তা অর্থ বিভাগে প্রেরণ করা হচ্ছে যা একই সাথে সরকারের Rules of Business- 1996 (Revised up to January 2010)- এর ১০ ও ১৩ ধারারও পরিপন্থী। উল্লেখ্য যে, Rules of Business-এ বিবৃত বিধির ব্যত্যয় ঘটানোর বিষয়টি উল্লেখ করে গত ৬ মে ২০০৯ তারিখে তৎকালীন মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব বরাবর লিখিত উপানুষ্ঠানিক পত্রেও আলোচ্য বিধিমালার দিক-নির্দেশনা অনুসরণের অনুরোধ জানানো হয় (কপি সংযুক্ত)। তা সত্ত্বেও এখনও এ ধরণের ব্যত্যয় হচ্ছে।

এমতাবস্থায়, এ ধরণের প্রস্তাব প্রেরণের প্রাক্কালে প্রশাসনিক মন্ত্রণালয়সমূহকে অর্থ বিভাগের ৩০/০৯/২০০৪ তারিখের উক্ত পরিপত্র অনুসরণ এবং প্রশাসনিক শৃংখলা রক্ষার্থে Rules of Business-এর বিধান অনুরণ নিশ্চিত করে পদ সৃজনের কার্যক্রম গ্রহণের পরামর্শ নির্দেশক্রমে অবহিত করা হলো।

নুসরাত জাবীন বানু
উপসচিব (পরিচিতি-৫৮৯১)
ফোন: ৯৫৭০০৩৫
Email: nusratj@finance.gov.bd

বিতরণ:
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব/ ভারপ্রাপ্ত সচিব ---------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৪. অর্থ বিভাগের সকল কর্মকর্তা ----------------------------------।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগে।

# আউট সোর্সিং নীতিমালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ-৫, অধিশাখা

নং-অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ তারিখ: ০৭-০৮-২০০৮ ইং।

**বিষয়: আউট সোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা।**

সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বিভিন্ন কর্পোরেশন এবং প্রকল্পসমূহে আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের লক্ষ্যে এতদবিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন, যথা:

১। **সংক্ষিপ্ত শিরনাম।**- এ নীতিমালা আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা।**- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায়-

ক) কর্তৃপক্ষ বলতে সেবা গ্রহণকারী সংস্থার নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে। প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের পিপি/ডিপিপি/টিএপিপিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে;

খ) স্বীকৃত প্রতিষ্ঠান বলতে সরকার বা সরকার কর্তৃক প্রদত্ত ক্ষমতাসম্পন্ন কোন প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত রেজিস্টার্ড প্রতিষ্ঠান বুঝাবে;

গ) নিয়োগবিধি বলতে সেবা গ্রহণকারী কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিমালা/প্রবিধিমালা বুঝাবে।

**সেবাগ্রহণের ক্ষেত্রে:**

৩। **আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণযোগ্য হবে:**

ক) আউট সোর্সিং এর মাধ্যমে যে সব পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে ঐসব পদের মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট নিয়োগবিধিতে এবং প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পে পিপি/ডিপিপি/টিএপিপিতে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে;

খ) যে সমস্ত পদ আউট সোর্সিং এর জন্য চিহ্নিত হবে সে সকল পদে স্থায়ী, অস্থায়ী বা সাময়িক কোনরূপ নিয়োগ দেয়া যাবে না;

গ) সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে যে কোন সংস্থা আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ করতে পারবে;

ঘ) কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে আউট সোর্সিং এর মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর যে কোন পদের সেবা গ্রহণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে পারবে।

৪। **সেবা গ্রহণের মেয়াদ:-** দৈনিক/ মাসিক/ বাৎসরিক ভিত্তিতে প্রতিযোগিতামূলক মূল্যে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সেবা গ্রহণ করা যাবে।

৫। **নিয়োগের জন্য বয়সসীমা:-**আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ৪র্থ শ্রেণীর সমপর্যায়ের জনবলের বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০ (ষাট) বছর হবে। ৪র্থ শ্রেণী ব্যতীত অন্যান্য নিয়োগ বিধিমালায় অনুরূপ পদের জন্য নির্ধারিত সর্বনিম্ন বয়সসীমা প্রযোজ্য হবে। তবে সর্বোচ্চ বয়সসীমা অনধিক ৬০ (ষাট) বছর হবে।

৬। **সেবা গ্রহণের ক্ষেত্রে যোগ্যতা:-**

ক) এমএলএসএস এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ এবং চতুর্থ শ্রেণীর অন্যান্য পদের ক্ষেত্রে শিক্ষাপত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

খ) গাড়ীচালক এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।

গ) তৃতীয় শ্রেণীর অন্যান্য পদের ক্ষেত্রে কর্তৃপক্ষের সেবা প্রদানকারী জনবল নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণ করতে হবে।

তবে শর্ত থাকে যে এ যোগ্যতা নিয়োগ বিধিমালার অনুরূপ পদের জন্য নির্ধারিত যোগ্যতার চেয়ে কম হবে না।

৭। **সেবা গ্রহণের শর্ত:-আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে,**

ক) কোন ব্যক্তি বিশেষের সাথে কর্তৃপক্ষের চুক্তি (Contract) হবে না। স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা যাবে না;

খ) আউট সোর্সি এর পদগুলো কি ধরনের হবে, এর নিয়োগ যোগ্যতা, বয়স, শারীরিক/মানসিক সুস্থতা ইত্যাদি পদ সৃষ্টির জি,ও-তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন ক্ষেত্রে জি,ও-তে এগুলোর উল্লেখ না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ অনুরূপ পদ রয়েছে এমন কোন নিয়োগ বিধিমালা এবং এতদবিষয়ে সরকার কর্তৃক অনুমোদিত/জারিকৃত নির্দেশনা অনুসরণ করে নিয়োগ যোগ্যতা নির্ধারণ করতে হবে;

গ) যে সকল পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে সে সকল পদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিসহ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কিত জি,ও থাকতে হবে।

ঘ) পদ সৃষ্টির জি,ও-তে যে সংখ্যক পদ আউট সোর্সিং এর জন্য সৃষ্টি করা হবে তার অধিক লোকবলের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণ করা যাবে না।

ঙ) ড্রাইভারের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণের ক্ষেত্রে গাড়ীসহ ড্রাইভারের সেবা গ্রহণকে অগ্রধিকার প্রদান করতে হবে;

চ) আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

ড. মোহাম্মদ তারেক
সচিব
অর্থ বিভাগ

নং-অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ তারিখ: ০৭-০৮-২০০৮ ইং।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়/সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৬। মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

তহমিনা বেগম
উপ-সচিব-২ (ব্যঃনিঃ)

# অধ্যায়- ৩: বাজেট ও মধ্যমেয়াদী বাজেট

## সূচিপত্র


| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ০১ | | **সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯** | | 09-07-2009 | ২৭১ |
| ০২ | | **বাজেট কমিটি** | | | |
| | ০১ | 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি' নামে নতুন স্থায়ী কমিটি গঠন | অম/অবি/বাউ/উঃউঃ- ১/সম্পদ কমিটি(২)/৮৯/৮৮ | 19-09-1990 | ২৭৯ |
| | ০২ | 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি'-এর গঠন ও কার্যপরিধি পুনর্বিন্যাস | অম/অবি/বা- ১/বাজেট(০৮)/২০০৫/১৭০৯ | 14-08-2005 | ২৮০ |
| | ০৩ | 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির কারিগরী কমিটি' পুনর্গঠন করে 'মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরী কমিটি' নামে একটি নতুন কমিটি গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কমিটির গঠন ও কার্যপরিধি | অম/অবি/বা- ১/বাজেট(০৮)/২০০৫/১৭১০ | 14-08-2005 | ২৮২ |
| | ০৪ | 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' নামে একটি নতুন কমিটি গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পুনর্বিন্যাসকৃত কমিটির গঠন ও কার্যপরিধি (Terms of reference) | অম/অবি/বা- ১/বাজেট(০৪)/২০০৫/১৮০৩ | 22-08-2005 | ২৮৪ |
| | ০৫ | 'সামষ্টিক অর্থনৈতিক কাঠামো সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ' গঠন ও কার্যপরিধি | অম/অবি/বা- ১/বাজেট(৩৬)/২০০৫/১৮১৯ | 28-08-2005 | ২৮৭ |
| | ০৬ | 'মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়সীমা নির্ধারণ ও বাজেট প্রাক্কলন পরীক্ষা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ' নামে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ওয়ার্কিং গ্রুপের গঠন ও কার্যপরিধি | অম/অবি/বা- ১/বাজেট(৩৬)/২০০৫/১৮২০ | 28-08-2005 | ২৮৯ |
| | ০৭ | 'বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ- কমিটি' নামে 'মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরি কমিটি'র একটি উপ- কমিটি গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ- কমিটি- এর গঠন ও কার্যপরিধি | অম/অবি/বা- ১/বাজেট(৩৬)/২০০৫/৮৬ | 23-02-2006 | ২৯১ |
| ০৩ | | **স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনবল সৃজন সংক্রান্ত কমিটি** | | | |
| | ০১ | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের রাজস্ব খাতে পদ সৃজনের প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য কমিটি গঠন | অম/অবি/(প্র- ১)/সার্কুলার- ০১/২০০৬/১৭৬ | 10-05-2006 | ২৯৪ |
| | ০২ | স্ব- শাসিত/ রাষ্ট্রায়ত্ত/ বিধিবদ্ধ সংস্থা ও ইহার অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের পদ সৃষ্টি, পদ অবলোপন, পদ রুপান্তর এবং স্থায়ীকরণ প্রসঙ্গে। | নংঅম/অবি/মনিঃ/পদ/স্থায়ী/সৃষ্টি/কমিটি/২০০৬/৯৯২ | 02-05-2006 | ২৯৫ |
| ০৪ | | **কর্মসূচি নিয়োগ ও অন্যান্য প্রস্তাব যাচাই সংক্রান্ত টাস্কফোর্স** | | | |
| | ০১ | রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য উন্নয়ন কর্মসূচিসমূহের জনবল, যানবাহন ও অফিস সরঞ্জাম এবং পরামর্শক নিয়োগের প্রস্তাব যাচাই সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি পুনর্গঠন প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/নীতি(২)/২০০৩/৩৪৩ | 04-04-2004 | ২৯৭ |
| | ০২ | সরকার প্রতিশ্রুত বিভিন্ন সংস্কার কর্মসূচি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির গঠন ও কার্যপরিধি। | ০৭.১০১.০২৪.০০.০০.২৭.২০০৮- ৩৫৩ | 21-05-2012 | ২৯৯ |
| ০৫ | | **আর্থিক তথ্য প্রবাহের মান উন্নয়ন সংক্রান্ত টাস্কফোর্স** | | | |
| | | সরকারের রাজস্ব ও ব্যয় (এডিপিসহ), বহিঃঅর্থায়ন, নন- ব্যাংক অভ্যন্তরীণ অর্থায়ন, সরকার কর্তৃক সার্ভিসযোগ্য দেনা প্রভৃতি ক্ষেত্রে মাসিক ভিত্তিতে অধিকতর নির্ভরযোগ্য তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে একটি টাস্কফোর্স গঠন | অম/অবি/বাউ- ১/বিবিধ(৪০)/২০০১/১৫২৭ | 25-11-2001 | ৩০১ |
| ০৬ | | **অর্থ বিভাগের বিভিন্ন কমিটি** | | | |
| | | অর্থ বিভাগের বিভিন্ন কমিটিতে সভাপতি মনোনয়ন প্রসঙ্গে। | ০৭.০৮৩.০৩২.০৪.০০.০৩৪.২০১০- ৩৩১ | 17-06-2010 | ৩০৩ |
| ০৭ | | **কমিটিতে যোগদান** | | | |
| | ০১ | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে গঠিত টেন্ডার/ কনভেনশন/ পারচেজ কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি যোগদান প্রসঙ্গে। | অম/অবি(প্র- ৩)/বিবধ- ২৮/৮৬/১১০০ | 06-11-2000 | ৩০৫ |
| | ০২ | পদ সৃষ্টি বা অফিস সরঞ্জামাদি অন্তর্ভুক্তির প্রস্তাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগের সম্মতি প্রদানের লক্ষ্যে আয়োজিত সভায় অর্থ বিভাগের প্রতিনিধি প্রেরণ। | অম/অবি/ব্যঃনিঃ- ৬/বিবিধ- ৫/২০০১/২১৪ | 13-07-2005 | ৩০৬ |
| ০৮ | | **কর্মসূচি** | | | |
| | ০১ | রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচিসমূহের অর্থ ছাড়ের পদ্ধতি প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/নীতি(১)/২০০৪/২৯৭৫ | 18-11-2004 | ৩০৮ |
| | ০২ | ১০.০০ কোটি (দশ কোটি) টাকার অধিক ব্যয় সম্বলিত উন্নয়ন কর্মসূচি রাজস্ব বাজেট হতে অর্থায়নের প্রস্তাব প্রেরণ না করা প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/নীতি(১)/২০০৪/৮৭৩ | 17-04-2005 | ৩০৯ |
| | ০৩ | অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রক্রিয়াকরণ, অনুমোদন/ সংশোধন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নীতিমালা। | অম/অবি/বা- ১/নীতি(০১)/২০০৬/৯৩৬ | 17-10-2007 | ৩১০ |
| | ০৪ | অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রক্রিয়াকরণ, অনুমোদন/ সংশোধন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নীতিমালা। | ০৭.১০৩.০১৮.০০.০০.০০১.২০১০- ২৪৭ | 22-07-2010 | ৩১৭ |

| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ০৯ | | **কর্মকর্তা- কর্মচারীগণের বিভিন্ন ঋণ ও অগ্রিম** | | | |
| | ০১ | গৃহ নির্মাণ ও মোটর গাড়ী অগ্রিম প্রদানের নীতিমালা | অম/অবি/বাউ(উঃউঃ২)/বিবিধ(৭)/৯০/৭৩৪ | 20-10-1990 | ৩২৬ |
| | ০২ | সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের গৃহ নিমার্ণ/ মোটরগাড়ী/ মোটরসাইকেল ও অন্যান্য পরিবহণ/ বাই- সাইকেল অগ্রিম ঋণ সংক্রান্ত। | অম/অবি/বাউ(উঃউঃ- ২)/১৯৪- ঋণ ও অগ্রিম(৫০)/৯৬/৭৭৫ | 30-09-1996 | ৩২৮ |
| | ০৩ | সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের মটর সাইকেল ক্রয় অগ্রিম ঋণ সংক্রান্ত। | অম/অবি/(উঃউঃ- ২)/৯৯৪- ঋণ ও অগ্রিম(৩৯)/৯৫/(অংশ)/৩৪ | 23-09-1997 | ৩২৯ |
| | ০৪ | মোটরগাড়ী, মোটরসাইকেল ও সাইকেল অগ্রিম বরাদ্দ সংক্রান্ত। | অম/অবি/(উঃউ- ৩)এ(১)/৮৯(অংশ)/১২৯৬ | 17-12-1989 | ৩৩০ |
| | ০৫ | কম্পিউটার অগ্রিম প্রদানের নীতিমালা | অম/অবি/বাউ- ১/১এম(৪৯)/৯৮/৩৭২ | 26-08-1999 | ৩৩১ |
| | ০৬ | সরকারি কর্মকর্তাগণের কম্পিউটার ক্রয় অগ্রিম ঋণ প্রদান সংক্রান্ত। | অম/অবি/বাউ- ১/১এম(৪৯)/৯৮/৪১২ | 23-09-1999 | ৩৩৩ |
| | ০৭ | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুরী সম্পর্কিত। | অম/অবি/(বা- ২)/১ই- বিবিধ(২)/৯৫/১২(১০০) | 16-01-2001 | ৩৩৪ |
| | ০৮ | সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের গৃহ নির্মাণ/ মটর গাড়ী/ মটর সাইকেল/ কম্পিউটার/ বাই সাইকেল ঋণ ও অগ্রিম সংক্রান্ত। | নং- অম/অবি/বা- ১/বিবিধ(৪৭)/২০০৭/১০৫৫ | 04-12-2007 | ৩৩৫ |
| | ০৯ | মোটরগাড়ী অগ্রিম ঋণ গ্রহণের জন্য মূল বেতন ১৫,০০০ টাকা নির্ধারণ | অম/অবি/বাশা- ২/বিবিধ(০১)/২০০৯/১৮৪ | 30-03-2011 | ৩৩৬ |
| ১০ | | **মেরামত ও সংরক্ষণ** | | | |
| | | সরকারের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন ভৌত অবকাঠামোসমূহের সুষ্ঠু মেরামত ও সংরক্ষণ নিশ্চিতকরণ প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(৪৬)/২০০২/১৯৮৫ | 10-12-2002 | ৩৩৮ |
| ১১ | | **চাঁদা প্রদান** | | | |
| | ০১ | বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৪ | 24-05-2003 | ৩৪০ |
| | ০২ | বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৫ | 24-05-2003 | ৩৪৪ |
| | ০৩ | বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে। | অম/অবি/বাউ- ১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৭ | 24-05-2003 | ৩৪৫ |
| ১২ | | **অর্থ ছাড়করণ** | | | |
| | ০১ | রাজস্ব বাজেটের আওতায় স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড়ের পদ্ধতি সহজীকরণ প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(২২)/২০০৫/১৭৯৯ | 21-08-2005 | ৩৪৮ |
| | ০২ | রাজস্ব বাজেটের আওতায় স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড়ের পদ্ধতি সহজীকরণ প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(২২)/২০০৫/৭৮৯ | 06-08-2009 | ৩৫০ |
| ১৩ | | **বিল দাখিল/ বিল দাখিলের সময়সীমা** | | | |
| | ০১ | সরবরাহ ও সেবা খাতের আওতায় বিদুৎ, টেলিফোন, পানি, ভূমিকর, পৌরকর, গ্যাস ইত্যাদি বিল সময়মত পরিশোধ প্রসঙ্গে | অম/অবি/বা- ১/বাজেট(৩২)/২০০৬/১০৭৭ | 13-12-2007 | ৩৫২ |
| | ০২ | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ দরপ্তরসমূহের জুন/ ০২ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে অর্থ বরাদ্দ এবং বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার নিকট DSL বাবদ সরকারের পাওনা আদায়/ সমন্বয় প্রসঙ্গে। | অম/অবি/বাজেট- ১১/২০০২/১৭০(৭১) | 15-05-2004 | ৩৫৩ |
| | ০৩ | ২০০৫- ০৬ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত ০৩/০৫/২০০৬ তারিখের স্মারক নং- অম/ অবি/ বা- ১/ বিবিধ (০৯)/ ২০০৬/ ৩৬৮ সংশোধন প্রসঙ্গে। | অম/অবি/বা- ১/বিবিধ(৯)/২০০৬/৪৬২ | 01-06-2006 | ৩৫৪ |
| | ০৪ | ২০০৬- ০৭ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত। | অম/অবি/বিবিধ(০৯)/২০০৬/৩৭৫ | 09-04-2007 | ৩৫৬ |
| | ০৫ | ২০০৯- ১০ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি এবং বিল দাখিলের সময়সীমা বৃদ্ধি। | ০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০- ২৭২ | 02-06-2010 | ৩৫৮ |
| | ০৬ | ২০০৯- ১০ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দালিখ ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত। | ০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০- ৪১৪ | 09-08-2010 | ৩৫৯ |
| | ০৭ | উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত। | ০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০- ১৮০ | 29-04-2012 | ৩৬০ |

| | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১৪ | **সরকারি কর্মচারীর ঋণ মওকুফ** | | | |
| ০১ | চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/ কর্মকর্তা/ কর্মচারীদের উত্তরাধীকারীর নিকট অথবা সম্পূর্ণ মানসিক প্রতিবন্ধী বা পঙ্গু হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্থ কর্মকর্তা/ কর্মচারীদের নিকট থেকে অনাদায়ী এবং সহজে আদায়যোগ্য নয় এমন গৃহ নির্মাণ, গৃহ মেরামত, মোটারকার, মটরসাইকেল, বাই- সাইকেল এবং কম্পিউটার ঋণের অপরিশোধিত অংশ, সুদ বা দন্ড সুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালা। | অম/অবি/বা- ৬/০৯৩৮- ৬২০১(১)/০৬/৮৭১ | 28-03-2007 | ৩৬৩ |
| ১৫ | **সমীক্ষা/ নিরীক্ষা** | | | |
| ০১ | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দকৃত নিরীক্ষা/ সমীক্ষা ফি ব্যবহারের দিক নির্দেশনা। | অম/অবি/বা- ১/নীতি(০২)/২০০৬/৫১২ | 22-05-2007 | ৩৬৬ |
| ১৬ | **ব্যয় বরাদ্দ** | | | |
| ০১ | কর ভবন নির্মাণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুকূলে জমি রেজিষ্ট্রেশন ও ষ্ট্যাম্প ডিউটি পরিশোধ থেকে অব্যাহতি সংক্রান্ত। | অম/অবি/বা- ৬/এনবিআর- ২/৯৮- ৯৯/অংশ- ১/৫৩৩ | 05-04-2009 | ৩৭০ |
| ০২ | সরকারি প্রতিষ্ঠানের এক বিভাগ থেকে অন্য বিভাগে জমি হস্তান্তরের ক্ষেত্রে GFR-280 এর বিধান যথাযথভাবে অনুসরণ করা প্রসঙ্গে। | ০৭.১০১.০১৮.০০.০০.১৪.২০১০- ২৫১ | 08-04-2010 | ৩৭১ |
| ১৭ | **থোক বরাদ্দ হতে বেতন** | | | |
| | থোক বরাদ্দ হতে বেতন ভাতা প্রদান সংক্রান্ত। | অম/অবি/বাজেট- ১১/বিবিধ- ৩৮/০৪/৩০৭ | 04-06-2009 | ৩৭৩ |
| ১৮ | **জনবল ও নতুন ব্যয়ের প্রস্তাব** | | | |
| ০১ | বিভিন্ন বিভাগ/ মন্ত্রণালয় থেকে রাজস্বখাতে পদ সৃষ্টি/ সংরক্ষণ/ নিয়মিতকরণ/ স্থায়ীকরণ, পদবী পরিবর্তন, নতুন ব্যয়ের প্রস্তাব, অতিরিক্ত বরাদ্দ ইত্যাদি আর্থিক সংশ্লেষ সম্বলিত প্রস্তাব (Cheeklist) | অম/অবি/ব্যঃনিঃ- ৬/বিবিধ- ১/২০০০/২৫৮ | 12-12-2000 | ৩৭৫ |
| ০২ | সরকারি সম্পদ ব্যবহারে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ব্যয় হ্রাস প্রসঙ্গে। | অম/অবি/ব্যঃনিঃ- ৬/বিবিধ- ২/২০০৯/২০০ | 10-06-2009 | ৩৭৭ |
| ১৯ | **গাড়ির মূল্য নির্ধারণ** | | | |
| ০১ | বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৫৬.০২৬.০৬২.০০.০১.২০০৪- ৩৭৯ | 26-09-2009 | ৩৮০ |
| ০২ | বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে। | অম(অবি)/ব্যঃনিঃ- ৬/বিবিধ- ০১/২০০৪/৩৮৪ | 30-09-2009 | ৩৮১ |
| ০৩ | বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪- ৬২০ | 28-11-2011 | ৩৮২ |
| ২০ | **রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান** | | | |
| ০১ | বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা- স্বায়ত্তশাসিত সংস্থা এবং পাবলিক সেক্টর কর্পোরেশনসমূহকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদানের সংশোধিত শর্তাবলী | অম/অবি/উঃ- ১/বিবিধ- ১৩/০৪/৩৬৮ | 17-03-2004 | ৩৮৬ |
| ০২ | বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা- স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানীসমূহকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদানের সংশোধিত শর্তাবলী। | ০৭.১১৪.০৩১.৩৬.০০.০০৭.২০১১.৪৩ | 21-03-2011 | ৩৯৩ |
| ২১ | **বাজেট ও মধ্যমেয়াদি বাজেট** | | | |
| ০১ | ২০০৭- ০৮ অর্থ বছরের সংশোধিত এবং ২০০৮- ০৯ অর্থ বছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রস্তাবিত বাজেট প্রাক্কলনসমূহের প্রাথমিক পরীক্ষার ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা এবং আগামী ২০০৮- ০৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের প্রথম সংস্করণ চূড়ান্তকরণ। | অম/অবি/বা- ১/বাজেট(৩৬)/২০০৬/৬০ | 27-01-2008 | ৪০১ |
| ০২ | মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের ২০০৭- ০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন) প্রণয়ন | অম/অবি/বা- ১/বাজেট(৩৭)২০০৭/৭৩ | 29-01-2008 | ৪০৪ |
| ০৩ | মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো প্রণয়ন। | অম/অবি/বাজেট- ৪৩/২০০৯/৯৯০ | 05-11-2009 | ৪০৬ |
| ০৪ | মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমুহের বাজেট কাঠামো প্রণয়ন। | ০৭.১০১.০২০.০০.০০.০৩১.২০১০- ৭৩০ | 28-11-2010 | ৪১০ |
| ০৫ | মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০১১- ১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১২- ১৩, ২০১৩- ১৪, ২০১৪- ১৫ ও ২০১৫- ১৬ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত। | ০৭.১০১.০২০.০০.০০.১৫.২০১০- ৩৩৫ | 30-03-2011 | ৪৩৫ |
| ০৬ | মন্ত্রণালয়/ বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ। | ০৭.১০১.০২০.০০.০০.০৩১.২০১০- ৭৯২ | 01-11-2011 | ৪৫২ |
| ০৭ | মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের ২০১১- ১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) প্রণয়ন। | ০৭.১০১.০২০.০০.০০.০১৫.২০১১- ৮১৬ | 28-11-2011 | ৪৮১ |

# অধ্যায়-৩

# বাজেট ও মধ্যমেয়াদি বাজেট

# সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ৯, ২০০৯**

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৯ই জুলাই, ২০০৯/ ২৫শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৯ই জুলাই, ২০০৯ (২৫ শে আষাঢ়, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

২০০৯ সনের ৪০নং আইন

সরকারি অর্থের রক্ষণাবেক্ষণ, সংযুক্ত তহবিলে অর্থ প্রদান বা উহা হইতে অর্থ প্রত্যাহার অথবা প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অর্থ প্রদান বা উহা হইতে অর্থ প্রত্যাহার এবং তৎসংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে বিধানকল্পে প্রণীত আইন।

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৫ অনুচ্ছেদ অনুযায়ী সরকারি অর্থের রক্ষণাবেক্ষণ, সংযুক্ত তহবিলে অর্থ প্রদান বা উহা হইতে অর্থ প্রত্যাহার অথবা প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অর্থ প্রদান বা উহা হইতে অর্থ প্রত্যাহার, বাজেট ঘাটতি ও সরকারি ঋণ ধারণযোগ্য পর্যায়ে রাখা, আন্তঃপ্রজন্ম সমতা নিশ্চিত করা, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতার উন্নয়ন এবং বাজেট প্রণয়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং তদসংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদদ্বারা নিম্নরূপ আইন করা হইল:

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—

১) এই আইন সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

১) **'অর্থ বছর'** অর্থ সংবিধানের ১৫২ অনুচ্ছেদের উল্লিখিত অর্থ বছর;

২) **'অর্থ বিভাগ'** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ;

৩) **'অন্যান্য প্রতিষ্ঠান'** অর্থ সংবিধানের ৮৮ অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয়ের সহিত সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান;

৪) **'অপচয়'** অর্থ বার্ষিক বাজেটে যে উদ্দেশ্যে (purpose) অর্থ বরাদ্দ প্রদান করা হইয়াছে সে উদ্দেশ্যে অর্থ ব্যয় অথবা ব্যবহার না করিয়া অন্য কোন উদ্দেশ্যে অর্থ ব্যয় অথবা ব্যবহার করা;

৫) **'ঋণ গ্রহণ'** অর্থ সরকার কর্তৃক বাংলাদেশের অভ্যন্তরে অথবা বাহির হইতে অর্থ সংগ্রহ, যাহা ফেরত প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে;

৬) **'ঋণ প্রদান'** অর্থ সরকার কর্তৃক কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা স্থানীয় সরকার প্রতিষ্ঠান অথবা কোন সরকারি কর্মচারী অথবা কোন ব্যক্তিকে সুদযুক্ত অথবা সুদমুক্তভাবে নির্দিষ্ট মেয়াদে অর্থ প্রদান, যাহা গ্রহীতার নিকট হইতে আদায়ের বাধ্যবাধকতা রহিয়াছে;

৭) **'গ্যারান্টি'** অর্থ কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান অথবা স্থানীয় সরকার প্রতিষ্ঠান অথবা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অভ্যন্তরীণ অথবা বহিঃউৎস হইতে গৃহীত ঋণের আসল ও সুদ এবং এতদসংক্রান্ত

অন্য কোন চার্জ আংশিক অথবা সম্পূর্ণরূপে পরিশোধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অসমর্থ হইলে সরকার কর্তৃক তাহা পরিশোধের নিশ্চয়তা প্রদান, এবং সরকার কর্তৃক প্রদত্ত কাউন্টার গ্যারান্টিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

৮) **'দপ্তর'** অর্থ কোন মন্ত্রণালয় অথবা বিভাগের অধীন কোন সংযুক্ত দপ্তর বা পরিদপ্তর বা অধিদপ্তর;

৯) **'দায়যুক্ত ব্যয়'** সংবিধানের ৮৮ অনুচ্ছেদের বিধান অনুযায়ী তহবিলের উপর দায়যুক্ত ব্যয়;

১০) **'নির্ধারিত'** অর্থ বিধি দ্বারা নির্ধারিত, তবে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক লিখিত আদেশ দ্বারা নির্ধারিত;

১১) **'নির্বাহী কর্তৃপক্ষ'** অর্থ প্রধানমন্ত্রী, ক্ষেত্রমত, প্রধান উপদেষ্টা অথবা কোন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, ক্ষেত্রমত, উপদেষ্টা অথবা প্রতিমন্ত্রী অথবা অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান;

১২) **'প্রচ্ছন্ন দায়'** অর্থ কোন সংস্থা অথবা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত ঋণের বিপরীতে সরকার কর্তৃক গ্যারান্টি প্রদান করা হইয়াছে এমন ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা অথবা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ঋণ পরিশোধে ব্যর্থতাজনিত কারণে সরকারের উপর আরোপিত হইতে পারে এমন সম্ভাব্য দায়;

১৩) **'প্রজাতন্ত্রের সরকারি হিসাব'** অর্থ সংবিধানের ৮৬ অনুচ্ছেদে উল্লিখিত প্রজাতন্ত্রের সরকারি হিসাব;

১৪) **'প্রধান খাত**' অর্থ অর্থ মন্ত্রণালয়, বিভাগ বা অন্যান্য প্রতিষ্ঠানের সমুদয় আয় অথবা ব্যয় বরাদ্দ সম্বলিত খাত, এবং কোন বিশেষ প্রকৃতির ব্যয় বরাদ্দ সম্বলিত খাতও ইহার অন্তর্ভুক্ত হইবে;

১৫) **'বাজেট ঘাটতি'** অর্থ সংযুক্ত তহবিলে ঋণ বাবদ প্রাপ্তি ব্যতীত মোট প্রাপ্তি অপেক্ষা উক্ত তহবিল হইতে ঋণের আসল বাবদ পরিশোধ ব্যতীত মোট পরিশোধ বেশী হইবার কারণে উদ্ভূত ঘাটতি;

১৬) **'বার্ষিক বাজেট'** অর্থ সংবিধানের ৮৭ অনুচ্ছেদে উল্লিখিত বার্ষিক আর্থিক বিবৃতি; এবং সংবিধানের ৮৯ অনুচ্ছেদে উল্লিখিত মঞ্জুরী দাবীসহ অন্যান্য বাজেট দলিলও ইহার অন্তর্ভুক্ত হইবে;

১৭) **'বাংলাদেশ ব্যাংক'** অর্থ Bangladesh Bank Order, 1972 (President Order No. 127 of 1972) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ব্যাংক;

১৮) **'মধ্যমেয়াদী বাজেট'** অর্থ সরকারের নীতি ও উদ্দেশ্যের সঙ্গে বাজেট বরাদ্দের এবং বাজেট বরাদ্দের সংঙ্গে কর্মকৃতির (performance) যোগসূত্র প্রতিষ্ঠার ব্যবস্থা সম্বলিত তিন অর্থ বৎসর মেয়াদি বাজেট যাহাতে সরকারের আয় ও ব্যয়ের বাজেট বৎসরের প্রাক্কলন এবং তৎপরবর্তী দুই বৎসরের প্রক্ষেপণ অন্তর্ভুক্ত থাকিবে;

১৯) **'মূলধন ব্যয়'** অর্থ এমন কোন ব্যয় অথবা বিনিয়োগ, যাহা হইতে এক বৎসরের অধিককাল উপকার অথবা সেবা পাওয়া যাইবে;

২০) **'রাজস্ব ব্যয়'** অর্থ কর, লেভী বা শুল্ক অথবা এতদসম্পর্কিত অন্য কোন চার্জ এবং কর বর্হিভূত অন্যান্য খাত হইতে সংগৃহীত অর্থ যাহা সংযুক্ত তহবিলে জমা করিতে হইবে;

২১) **'রাজস্ব ব্যয়'** অর্থ সরকারের আবর্তক প্রকৃতির চলতি ব্যয়;

২২) **'সংবিধান'** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;

২৩) **'সংস্থা'** অর্থ আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত অথবা রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অথবা স্থানীয় সরকার প্রতিষ্ঠান;

২৪) **'সংযুক্ত তহবিল'** অর্থ সংবিধানের ৮৪ অনুচ্ছেদে বর্ণিত সংযুক্ত তহবিল।

২৫) **'সরকারি ঋণ'** অর্থ সরকার কর্তৃক অভ্যন্তরীণ এবং বহিঃখাত হইতে গৃহীত ঋণ ও ঋণের স্থিতি;

২৬) **'হিসাবরক্ষণ কার্যালয়'** অর্থ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, মন্ত্রণালয় বা বিভাগ বা অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, জেলা হিসাবরক্ষণ কার্যালয় এবং উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়।

## দ্বিতীয় অধ্যায়

## আর্থিক ব্যবস্থাপনা

৩। **আর্থিক ব্যবস্থাপনা**।—

১) সরকার সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতার উন্নতি সাধন এবং বার্ষিক বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখার জন্য কার্যকর সকল ব্যবস্থা গ্রহণ করিবে।

২) সরকার সুষ্ঠু আর্থিক ও সরকারি ঋণ ব্যবস্থাপনার লক্ষ্যে নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিবে এবং ঋণের স্থিতি পরিশোধযোগ্য সীমার মধ্যে রাখিবার উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যবস্থাপনাসমূহ গ্রহণ করিবে, যথা:-

ক) অভ্যন্তরীণ উৎস হইতে সংগৃহীত ঋণের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস করা এবং উক্ত উৎস হইতে সংগৃহীত বার্ষিক ঋণের পরিমাণ সহনীয় পর্যায়ে রাখা;

খ) সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টিজনিত প্রচ্ছন্ন দায় (contingent liability) ধারণযোগ্য পর্যায়ে রাখা; এবং

গ) অভ্যন্তরীণ ও বহিঃউৎস হইতে গৃহীত সরকারি ঋণের স্থিতির পরিমাণ মোট দেশজ উৎপাদনের শতকরা অংশ হিসাবে প্রতি বৎসর ক্রমান্বয়ে হ্রাস করা।

৩) দৈনন্দিন নগদ অর্থের চাহিদা পূরণ করিবার জন্য সরকার বাংলাদেশ ব্যাংক হইতে নির্ধারিত সীমার মধ্যে উপায়-উপকরণ অগ্রিম গ্রহণ করিতে পারিবে এবং উপায়-উপকরণ অগ্রিম গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত সীমা অতিক্রম করিলে, বাংলাদেশ ব্যাংক হইতে অতিরিক্ত অর্থ ওভার ড্রাফট হিসাবে গ্রহণ ব্যতিত সরকার বাংলাদেশ ব্যাংক হইতে কোন ঋণ গ্রহণ করিতে পারিবে না।

৪) উপ-ধারা (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, বাংলাদেশ ব্যাংক, নির্ধারিত সময়সীমা পর্যন্ত, সরকার কর্তৃক জারিকৃত প্রাইমারী সিকিউরিটিসমূহ যেমন, ট্রেজারি বিল, বন্ড প্রভৃতি ক্রয় করিতে পারিবে।

৫) সরকার, নির্ধারিত পদ্ধতিতে, বাজেট ঘাটতি, অভ্যন্তরীণ উৎস ও বহিঃউৎস হইতে গৃহীত ঋণ এবং গ্যারান্টিজনিত প্রচ্ছন্ন দায় ইত্যাদির বার্ষিক লক্ষ্যমাত্রা, অভ্যন্তরীণ ও বহিঃউৎস হইতে গৃহীত ঋণের স্থিতি-সীমা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রাইমারী সিকিউরিটি ক্রয়ের সময়সীমা নির্ধারণ করিবে।

৪। **অর্থ বরাদ্দে সমতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ**।—

সরকার, জনস্বার্থে, অর্থ বরাদ্দের ক্ষেত্রে অধিকতর সমতা ও স্বচ্ছতা নিশ্চিত করিবে এবং উক্ত উদ্দেশ্যে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করিবে:

ক) আঞ্চলিক সমতা নিশ্চিতকরণ;

খ) নারী-পুরুষের সমতা নিশ্চিতকরণ;

গ) দারিদ্র নিরসন সংক্রান্ত কার্যক্রমে ক্রমান্বয়ে অধিক অর্থ বরাদ্দ প্রদান;

ঘ) সংস্থাসমূহকে অনুদান, ভর্তুকি, ঋণ ইক্যুইটি ইত্যাদি বাবদ প্রদত্ত অর্থ বাজেটে যথাসম্ভব সুস্পষ্টভাবে প্রদর্শন; এবং

ঙ) অর্থ বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত তথ্যাদি সকল মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক তাহাদের ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা।

৫। **আর্থিক ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধি**।—

সরকার, নির্ধারিত পদ্ধতিতে, সুষ্ঠ ও কার্যকর আর্থিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে এবং উক্তরূপে শিক্ষিত এবং প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের দক্ষতা, অভিজ্ঞতা ও সেবোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করিবে।

## তৃতীয় অধ্যায়

## সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাব

৬। **সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণ**।—

অর্থ বিভাগ সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করিবে।

৭। **সংযুক্ত তহবিলে অর্থ জমা ও প্রত্যাহার**।—

১) সংযুক্ত তহবিলে নিম্নবর্ণিত অর্থ সংগৃহীত পদ্ধতিতে জমা করিবে হইবে, যথা:-

ক) সংবিধানের ৮৪(১) অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সংগৃহীত সকল ঋণ, ঋণ পরিশোধ হইতে প্রাপ্ত সকল অর্থ; এবং

খ) সরকার কর্তৃক প্রাপ্ত সকল অনুদান।

২) অর্থ বিভাগ সংযুক্ত তহবিলের জন্য একটি উপযুক্ত ও কার্যকর ব্যবস্থাপনা এবং ব্যাংকিং হিসাব পদ্ধতি প্রতিষ্ঠা করিবে।

৮। **সংযুক্ত তহবিল হইতে প্রত্যার্পণ ও ফেরতযোগ্য অর্থ উত্তোলন**।—

রাজস্ব আহরণকারী কোন দপ্তর কর্তৃক কর, লেভী অথবা এতদসম্পর্কিত অন্য কোন চার্জ বাবদ প্রাপ্ত অর্থ সংযুক্ত তহবিলে জমা করিবার পর সংশ্লিষ্ট দপ্তর উক্ত তহবিল হইতে আইনগতভাবে প্রত্যর্পন ও ফেরৎযোগ্য প্রয়োজনীয় অর্থ সংযুক্ত তহবিল হইতে উত্তোলন করিতে পারিবে।

৯। **প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অর্থ জমা ও উক্ত হিসাব হইতে অর্থ পরিশোধ**।—

১) সংযুক্ত তহবিলে জমাকৃত অর্থ ব্যতীত সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত অন্য সকল অর্থ সংবিধানের ৮৪(২) অনুচ্ছেদের বিধান অনুযায়ী প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হইবে।

২) অর্থ বিভাগ প্রজাতন্ত্রের সরকারি হিসাব অর্থ জমা ও পরিশোধের বাৎসরিক প্রাক্কলন প্রস্তত করিবে এবং উক্ত হিসাবে অর্থ জমা বা উক্ত হিসাব হইতে অর্থ পরিশোধ নির্ধারিত পদ্ধতিতে পরিবীক্ষণ করিবে।

## চতুর্থ অধ্যায়

## বাজেট ব্যবস্থাপনা

১০। **বাজেট**।—

১) অর্থ মন্ত্রী, প্রত্যেক অর্থ বৎসর আরম্ভ হইবার পূর্বে বার্ষিক বাজেট সংসদে পেশ করিবেন।

২) বার্ষিক বাজেটে দায়যুক্ত ব্যয় হইতে অন্যান্য ব্যয় পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

৩) বার্ষিক বাজেটে অন্যান্য ব্যয় হইতে রাজস্ব খাতের ব্যয় পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

৪) অর্থ মন্ত্রী বার্ষিক বাজেটের সঙ্গে একটি মধ্যমেয়াদি বাজেট সংসদে পেশ করিবেন এবং মধ্যমেয়াদি বাজেটে সরকারের আয় ও ব্যয়ের বাজেট-বৎসরের প্রাক্কলন ছাড়াও তদপরবর্তী দুই বৎসরের প্রক্ষেপন অন্তর্ভুক্ত থাকিবে।

৫) মধ্যমেয়াদি বাজেটে সরকারের নীতি ও উদ্দেশ্যের সঙ্গে অর্থ বরাদ্দ এবং অর্থ বরাদ্দের সঙ্গে মন্ত্রণালয় বা বিভাগসময়হের কর্মকৃতির (performance) যোগসূত্র প্রদর্শন করিতে হইবে।

১১। **নীতি বিবৃতি (policy Statement)**।—

সরকার, প্রতি বৎসর বার্ষিক বাজেটের সঙ্গে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির উপর একটি নীতি বিবৃতি সংসদে পেশ করিবে, যাহাতে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে-

ক) অন্তর্নিহিত অনুমানসমূহের (underlying assumptions) বিশ্লেষণসহ অর্থনীতির প্রবৃদ্ধি-সম্ভাবনার পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক সূচকসমূহের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা;

খ) সরকারের কৌশলগত অগ্রাধিকারসমূহ, আর্থিক নীতি (Fiscal Policy) অনুদানসহ (যদি প্রযোজ্য হয়) রাজস্ব আয়, বাজেট ঘাটতি ও বাজেট ঘাটতির অর্থ্যায়ন;

গ) অভ্যন্তরীণ ও বহিঃউৎস হইতে ঋণ সংগ্রহ কৌশলের মূল্যায়ন, অভ্যন্তরীণ ও বহিঃউৎস হইতে ঋণ গ্রহণের লক্ষ্যমাত্রা, পদ্ধতি ও মাধ্যম, বহিঃঋণের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময় ঝুঁকি, সংস্থাসমূহের জন্য প্রদত্ত ঋণ বা গ্যারান্টির পরিমাণ এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য গ্যারান্টির পরিমাণ ইত্যাদি।

১২। **সংশোধিত বাজেট**।—

১) অর্থ মন্ত্রী, প্রয়োজনে প্রত্যেক অর্থ বৎসরে একটি সংশোধিত বাজেট সংসদে পেশ করিবেন।

২) সংশোধিত বাজেট, যথাসম্ভব, প্রত্যেক বৎসরের মার্চ মাসের মধ্যে পেশ করিতে হইবে।

৩) সংশোধিত বাজেট পেশ করিবার ক্ষেত্রে সংবিধানের ৮৭, ৮৮, ৮৯ ও ৯০ অনুচ্ছেদের বিধানবলী অনুসরণ করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, সংবিধানের ৯১ অনুচ্ছেদ অনুযায়ী একটি সম্পূরক আর্থিক বিবৃতি বা অতিরিক্ত আর্থিক বিবৃতিও সংসদে পেশ করিতে হইবে।

১৩। **বাজেট বরাদ্দ সম্পর্কে অবহিতকরণ ও অর্থ ছাড়**।—

১) বার্ষিক বা সংশোধিত বাজেট অনুমোদিত হইবার পর অর্থ বিভাগ, দায়যুক্ত ব্যয়সহ অনুমোদিত বরাদ্দ সম্পর্কে প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়সমূহকে সত্তর অবহিত করিবে।

২) প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ উহাদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ অধীনস্থ নিয়ন্ত্রণকারী অথবা ব্যয়ন কর্মকর্তাদের মধ্যে, নির্ধারিত পদ্ধতিতে, পুনঃবরাদ্দের. পুনঃবরাদ্দের ব্যবস্থা করিবে।

৩) প্রকাশিত মন্ত্রণালয় বা বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত পদ্ধতি অনুসরণে বাজেট বা, ক্ষেত্রমত, সংশোধিত বাজেট অনুযায়ী অর্থ অবমুক্ত অথবা ছাড় করিবে।

১৪। **অর্থ স্থানান্তর ও পুনঃউপযোজন**।—

১) সংসদের পূর্বানুমোদন ব্যতিরেকে অপ্রত্যাশিত ব্যয় খাত ব্যতীত এক মঞ্জুরী হইতে অন্য কোন মঞ্জুরীর বিপরীতে এবং দায়যুক্ত ব্যয় হইতে অন্যান্য ব্যয়ে অর্থ স্থানান্তর অথবা পুনঃউপযোজন করা যাইবে না।

২) অর্থ বিভাগের সম্মতি ব্যতিরেকে কোন প্রধান খাতের অন্তর্ভুক্ত রাজস্ব ব্যয় হইতে মূলধন ব্যয়ে অথবা মূলধন ব্যয় হইতে রাজস্ব ব্যয়ে অথবা বেতন ও ভাতা শ্রেণী হইতে অন্য কোন শ্রেণীতে কোন অর্থ পুনঃউপযোজন করা যাইবে না।

১৫। **বাজেট পরিবীক্ষণ**।—

১) সরকার, বাজেট বাস্তবায়নের অগ্রগামী নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে নির্দেশমালা প্রণয়ন করিতে পারিবে।

২) সকল মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান, নির্ধারিত পদ্ধতিতে, উহাদের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করিবে।

৩) সকল মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান, নির্ধারিত পদ্ধতিতে, উহাদের আর্থিক ও অ-আর্থিক কর্মসম্পাদনের উপর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং প্রকাশ করিবে।

৪) অর্থ মন্ত্রী, বাজেট নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব সংগ্রহ এবং ব্যয়ের গতিধারা ত্রৈমাসিক ভিত্তিক পর্যালোচনা করিবেন এবং উক্ত পর্যালোচনার ফলাফল এবং করণীয় সম্পর্কিত প্রতিবেদন সংসদের পরবর্তী অধিবেশনে উপস্থাপন করিবেন।

১৬। **বাজেট ব্যবস্থাপনা কমিটি**।—

১) বাজেট ব্যবস্থাপনার লক্ষ্যে সকল মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানে প্রধান হিসাবদানকারী অফিসারের (Principal Accounting Officer) সভাপতিত্বে একটি বাজেট ব্যবস্থাপনা কমিটি থাকিবে এবং উক্ত কমিটির কার্যক্রমে সহায়তা করিবার জন্য এক বা একাধিক ওয়ার্কিং গ্রুপ গঠন করা যাইবে।

২) সরকারের কৌশলগত উদ্দেশ্য ও নীতি বিশ্লেষণ ও মন্ত্রণালয় বা বিভাগভিত্তিক নীতি প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য প্রকল্প বা কর্মসূচি গ্রহণ এবং বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাজে প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং দক্ষতা অর্জনের লক্ষ্যে সরকার সকল মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানে একটি বাজেট ব্যবস্থাপনা অনুবিভাগ বা অধিশাখা বা শাখা প্রতিষ্ঠা করিবে।

১৭। **আর্থিক হিসাব সংরক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন**।—

১) সকল প্রধান হিসাবদানকারী অফিসার নির্ধারিত পদ্ধতিতে স্ব স্ব মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব সংরক্ষণ করিবেন এবং উক্ত হিসাব সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক রক্ষিত হিসাবের সহিত নিয়মিতভাবে সঙ্গতিসাধন করিবেন।

২) প্রধান হিসাবদানকারী অফিসার অর্থ বৎসর শেষ হইবার পর বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন করিবেন এবং নিরীক্ষা প্রত্যয়নের জন্য উহা মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বরাবরে প্রেরণ করিবেন।

৩) সুষ্ঠু পরিবীক্ষণ নিশ্চিত করিবার জন্য হিসাবরক্ষণ কার্যালয় মাসিক এবং ত্রৈমাসিক আর্থিক তথ্য ও উপাত্ত সম্বলিত প্রতিবেদন প্রণয়ন করিয়া অর্থ বিভাগে প্রেরণ করিবে এবং অর্থ বিভাগ উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া প্রয়োজনে বিশ্লেষণ সম্বলিত প্রতিবেদন প্রকাশ করিবে।

৪) হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয়, সরকারের সাংবৎসরিক প্রাপ্তি, পরিশোধ এবং বিভিন্ন প্রকারের স্থিতি সম্বলিত বার্ষিক আর্থিক হিসাব প্রণয়নপূর্বক নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর নিকট উপস্থাপন করিবেন।

## পঞ্চম অধ্যায়

## প্রধান হিসাবদানকারী অফিসার এবং নির্বাহী কর্তৃপক্ষ

১৮। **প্রধান হিসাবদানকারী অফিসার (Principal Accounting Officer)**।—

১) প্রত্যেক মন্ত্রণালয় বা বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানে একজন প্রধান হিসাবদানকারী অফিসার থাকিবে।

২) মন্ত্রণালয় বা বিভাগের সচিব সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের প্রধান হিসাবদানকারী অফিসারের দায়িত্ব পালন করিবেন।

৩) অন্যান্য প্রতিষ্ঠান, অর্থ বিভাগের সহিত পরামর্শক্রমে, উহার একজন কর্মকর্তাকে উক্ত প্রতিষ্ঠানের প্রধান হিসাবদানকারী অফিসার হিসাবে দায়িত্ব প্রদান করিবেন।

১৯। **প্রধান হিসাবদানকারী অফিসারের দায়িত্ব ও কর্তব্য**।—

প্রধান হিসাবদানকারী অফিসারের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:-

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানে দক্ষ ও স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিতকরণ;

খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানের সম্পদের কার্যকর ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;

গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীনস্থ দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানসমূহের সকল আর্থিক ব্যয় নির্বাহের ক্ষেত্রে ইহার যথার্থতা (bonafide) এবং সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রতিপালন করা হইয়াছে কিনা উহা নিশ্চিকরণ;

ঘ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আহরণযোগ্য সকল রাজস্ব সংগ্রহের এবং অননুমোদিত ও অপচয়মূলক ব্যয় প্রতিরোধের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

ঙ) নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক বাজেট প্রণয়ন করা হইয়াছে কিনা এবং সরকারের কৌশলগত উদ্দেশ্য পূরণকল্পে এবং মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানের নীতি বাস্তবায়নে অগ্রাধিকার ভিত্তিতে যথাযথ বরাদ্দ প্রদান করা হইয়াছে কিনা উহা নিশ্চিকরণ;

চ) সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণ।

২০। **নির্বাহী কর্তৃপক্ষের আর্থিক দায়িত্ব**।—

১) নির্বাহী কর্তৃপক্ষ তাহার নিয়ন্ত্রণাধীন মন্ত্রণালয় বা বিভাগ বা অন্যান্য ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এই আইনের বিধানসমূহ এবং অন্যান্য আর্থিক বিধি প্রতিপালন নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

২) নির্বহী কর্তৃপক্ষ আর্থিক সংশ্লেষ রহিয়াছে এইরূপ যে কোন সিদ্ধান্ত প্রচলিত সকল বিধি-বিধান পালনপূর্বক অবশ্যই লিখিতভাবে গ্রহণ নিশ্চিত করিবেন।

## ষষ্ঠ অধ্যায়

## ঋণ ও গ্যারান্টি

২১। **ঋণ সংগ্রহ**।—

১) সরকার, দেশের অভ্যন্তর অথবা বহিঃউৎস হইতে ঋণ সংগ্রহ করিতে পারিবে।

২) সরকারের পক্ষে ঋণ সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানসমূহ ব্যতীত অন্য কোন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর বা সংস্থা কোন প্রকার ঋণ সংগ্রহ করিতে পারিবে না।

৩) সরকার নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ঋণ সংগ্রহ করিতে পারিবে, যথা:-

ক) বাজেট ঘাটতির অর্থায়ন;

খ) কোন প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়ন;

গ) কোন সংস্থায় পুনঃলগ্নী;

ঘ) পূর্বে গৃহীত ঋণের পরিশোধ অথবা মেয়াদ উত্তীর্ণের কারণে কোন ঋণের অর্থায়ন; এবং

ঙ) সংসদ কর্তৃক অনুমোদিত অন্য যে কোন উদ্দেশ্য।

২২। **গ্যারান্টি**।—

সরকারের পক্ষে অর্থ বিভাগ ব্যতীত অন্য কোন মন্ত্রণালয় বা বিভাগ কোন প্রকার গ্যারান্টি প্রদান করিতে পারিবে না।

## সপ্তম অধ্যায়

## আর্থিক অসদাচরণ

২৩। **আর্থিক অসদাচরণ**।—

১) কোন সরকারি কর্মকর্তা অথবা কর্মচারী এই আইনের অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে-

ক) ইচ্ছাকৃতভাবে অথবা অবহেলাজনিত কারণে ব্যর্থ হইলে, অথবা

খ) কোন অননুমোদিত বা অপচয়মূলক ব্যয় নির্বাহ বা ব্যয় নির্বাহের আদেশ প্রদান করিলে, অথবা কোন আর্থিক ব্যয় নির্বাহের ক্ষেত্রে ইহার যথার্থতা (bonafide) এবং সংশ্লিষ্ট আইন বিধি-বিধান যথাযথ অনুসরণ করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিতে ব্যর্থ হইলে তিনি আর্থিক অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

২) উপ-ধারা (১) এর অধীন আর্থিক অসদাচরণের জন্য অভিযুক্ত সরকারি কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য আইন বা প্রযোজ্য বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

## অষ্টম অধ্যায়

## বিবিধ

২৪। **বিধি প্রণয়নের ক্ষমতা**।—

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৫। **জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা**।—

এই আইনের কোন বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, সরকার অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা দিতে পারিবে।

২৬। **বিদ্যমান বিধি ও আদেশসমূহের প্রয়োগ**।—

এই আইনের কোন বিধানের সহিত অসঙ্গতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিদ্যমান বিধি, প্রবিধান, ম্যানুয়াল, কোড ও আদেশ, এই আইনের অধীন নতুন বিধি, প্রবিধান ম্যানুয়াল, কোড প্রণয়ন বা আদেশ জারি না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে।

২৭। **মূল পাঠ এবং ইংরেজী পাঠ**।—

এই আইনের মূল পাঠ বাংলাতে হইবে এবং ইংরেজীতে অনূদিত উহার একটি নির্ভরযোগ্য পাঠ থাকিবে:

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

প্রণব চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
সচিব (দায়িত্বপ্রাপ্ত)

# বাজেট কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উপায় ও উপকরণ শাখা-১

## বিজ্ঞপ্তি

নং-অম/অবি/বাউ/উঃউঃ-১/সম্পদ কমিটি(২)/৮৯/৮৮ তারিখ: ১৯-৯-৯০ ইং / ৩-৬-৯৭ বাং

বিজ্ঞপ্তি নং- এসসি-৪/ ৪৮/ ৫৯ তারিখ ১৬/২/৮৫ ইং এর মাধ্যমে গঠিত সম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটি পুনর্গঠন করিয়া ‘বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি’ নামে নুতন স্থায়ী কমিটি গঠন করিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কমিটির গঠন ও কার্যপরিধি/ অনুসন্ধান সূচী (Terms of reference) নিম্নরূপ হইবে:

১) **গঠন:**

| | | |
|---|---|---|
| অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী | - | সভাপতি |
| সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| সচিব, বহিঃসম্পদ বিভাগ | - | সদস্য |
| সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| সচিব, খাদ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| গভর্নর, বাংলাদেশ ব্যাংক | - | সদস্য |
| সদস্য, কার্যক্রম, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় | - | সদস্য |
| চেয়ারম্যান, ট্যারিপ কমিশন | - | সদস্য |
| অতিরিক্ত সচিব, বাজেট, অর্থ বিভাগ | - | সদস্য-সচিব |

২) **কার্যপরিধি/ অনুসন্ধান সূচী (Terms of reference):**

১) বাজেটে অন্তর্ভুক্ত সরকারের কর ও কর বহিঃর্ভূত রাজস্ব এবং অন্যান্য আয় পর্যালোচনা এবং উহা আদায়ের পরিস্থিতি পর্যালোচনা করা।
২) বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বৈদেশিক সাহায্যের প্রাক্কলন পর্যালোচনা ও এ বিষয়ে পরিকল্পনা কমিশনকে পরামর্শ প্রদান।
৩) বাজেটে ব্যয় প্রস্তাবসমূহের অগ্রগতি বিবেচনা করা।
৪) আয় ও ব্যয় পরিস্থিতি আনুপাতিক হারে না হলে উহার কারণ নির্ণয় এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ;
৫) রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে কর ও কর বহির্ভূত আয়ের সামঞ্জস্য বিধান এবং নতুন আয়ের ক্ষেত্র বিবেচনা।
৬) কর প্রস্তাবসমূহের আর্থিক ও অর্থনৈতিক প্রতিক্রিয়া বিবেচনা এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ।
৭) আগামী অর্থ বছরের ব্যয়ের প্রাক্কলনের ভিত্তিতে আয় বৃদ্ধির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ।
৮) আয় ও ব্যয়ের সামঞ্জস্য বিধান সাপেক্ষে ব্যয় প্রস্তাবসমূহের জন্য প্রাধিকার নির্ণয়ের নীতি প্রণয়ন;
৯) উপরোক্ত বিষয়গুলোর সাহিত সম্পৃক্ত অন্যান্য বিষয়।

২। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। কমিটি অন্ততঃ দুই মাসে একবার বৈঠকে বসিবে।

সৈয়দ আমির উল-মূলক
যুগ্ম-সচিব (বাজেট)

**বিতরণ:**

১। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।
২। সচিব, অর্থ বিভাগ।
৩। সচিব, বহিঃসম্পদ বিভাগ।
৪। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৬। সচিব, শিল্প মন্ত্রণালয়।
৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৮। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
৯। সদস্য, কার্যক্রম, পরিকল্পনা কমিশন।
১০। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
১১। সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়।
১২। চেয়ারম্যান, ট্যারিফ কমিশন।
১৩। অতিরিক্ত সচিব, বাজেট, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ শাখা-১

## বিজ্ঞপ্তি

নং-অম/অবি/বা-১/বাজেট(০৮)/২০০৫/১৭০৯ তারিখ: ১৪-০৮-২০০৫ খ্রিঃ / ৩০-০৪-১৪১২ বঃ

অর্থ বিভাগের গত ১৯/০৯/৯০ তারিখের বিজ্ঞপ্তি নং-অম/ অবি/ বাউ/ উঃউঃ-১/ সম্পদ কমিটি (২)/৮৯/৮৮-এর মাধ্যমে গঠিত 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি'-এর গঠন ও কার্যপরিধি পুনর্বিন্যাস করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কমিটির পুনর্বিন্যাসিত গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:-

গঠন:

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৩. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৫. | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ৭. | সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৮. | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৯. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ | সদস্য-সচিব |

কার্যপরিধি:

১. সম্পদের প্রাপ্যতা নিরূপণ ও বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
২. সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো অনুমোদন;
৩. মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা (Preliminary Indicative Expenditure Ceiling) ও প্রাথমিক আয়ের লক্ষ্যমাত্রা (Preliminary Revenue Target) অনুমোদন;
৪. বাজেট পরিপত্রের সঙ্গে প্রদেয় সম্ভাব্য ব্যয়সীমা (Indicative Expenditure Ceiling) এবং আয়ের লক্ষ্যমাত্রা (Revenue Target) অনুমোদন ;
৫. মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক ব্যয়সীমা ও আয়ের লক্ষ্যমাত্রাসহ মধ্যমেয়াদি বাজেট কাঠামো চূড়ান্তকরণ এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন ও প্রয়োজন হলে তা সংশোধন/ পরিবর্তন করা;
৬. সরকারের আয় ও ব্যয় পরিস্থিতি পর্যালোচনা এবং আয় ও ব্যয় আনুপাতিক হারে না হলে তার কারণ নির্ণয় এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ;
৭. আয় ও ব্যয়ের সামঞ্জস্য বিধান সাপেক্ষে ব্যয় প্রস্তাবসমূহের জন্য অগ্রাধিকার নির্ণয়ের নীতি প্রণয়ন;
৮. মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি বাস্তবায়নের জন্য অর্থ বিভাগ, পরিকল্পনা বিভাগ/ কমিশন এবং অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগসমূহকে সার্বিক দিক নির্দেশনা প্রদান;
৯. মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি বাস্তবায়ন পর্যায়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের মধ্যে কোন বিষয়ে মতদ্বৈততার উদ্ভব হলে এর নিষ্পত্তি করা;
১০. মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরি কমিটি কর্তৃক পেশকৃত বিষয়াদির নিষ্পত্তি এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান;
১১. উল্লিখিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ বাজেট মনিটরিং ও সম্পদ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভায় মিলিত হবে। তবে প্রয়োজন হলে কমিটির সভাপতির অনুমোদনক্রমে যে কোন সময় কমিটির জরুরী সভা আহবান করা যাবে।

ডঃ মোহাম্মদ তারেক
যুগ্ম-সচিব (বাজেট)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ:

১। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।

৩। সচিব, অর্থ বিভাগ।
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৫। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৬। সচিব, পরিকল্পনা বিভাগ।
৭। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৮। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৯। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ শাখা-১

নং-অম/অবি/বা-১/বাজেট(০৮)/২০০৫/১৭১০ তারিখ: ১৪-০৮-২০০৫খ্রিঃ / ৩০-০৪-১৪১২বঃ

অর্থ বিভাগের গত ১৯/০৯/৯০ তারিখের বিজ্ঞপ্তি নং-অম/ অবি/ বাউ/ উঃউঃ-১/ সম্পদ কমিটি (২)/ ৮৯/ ৮৭-এর মাধ্যমে গঠিত 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির কারিগরী কমিটি' পুনর্গঠন করে 'মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরী কমিটি' নামে একটি নতুন কমিটি গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কমিটির গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:-

গঠন:

| | | |
|---|---|---|
| ১. | সচিব, অর্থ বিভাগ | সভাপতি |
| ২. | সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা বিভাগ | বিকল্প সভাপতি |
| ৩. | বিভাগীয় প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৪. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ | সদস্য |
| ৫. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ | সদস্য |
| ৬. | যুগ্ম-সচিব (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ | সদস্য |
| ৭. | পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনসমূহের ১ জন করে প্রতিনিধি (যুগ্ম-প্রধানের নীচে নয়) | সদস্য |
| ৮. | পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের ১ জন প্রতিনিধি (যুগ্ম-প্রধানের নীচে নয়) | সদস্য |
| ৯. | পরিচালক (বৈদেশিক সাহায্য হিসাব), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ১০. | জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | সদস্য |
| ১২. | উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | সদস্য-সচিব |

কার্যপরিধি:

১) মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো ও বাজেট কাঠামো অনুযায়ী জাতীয় বাজেট প্রণয়ন কাজের সার্বিক সমন্বয় ও পরিবীক্ষণ;

২) সরকারের আয় ও ব্যয় পরিস্থিতির বিশদ ও ক্রমাগত পর্যালোচনা এবং এ বিষয়ে বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির নিকট প্রতিবেদন উপস্থাপন;

৩) অনুমোদিত সময়সূচি অনুযায়ী মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির বিভিন্ন পর্যায়ের কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা;

৪) মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংক্রান্ত বিষয়ে মন্ত্রিসভা, জাতীয় অর্থনৈতিক পরিষদ এবং বাজেট মনিটরিং ও সম্পদ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও নিশ্চিত করা;

৫) মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি বাস্তবায়ন পর্যায়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের মধ্যে কোন বিষয়ে মতদ্বৈততার উদ্ভব হলে এর নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ এবং কোন কারণে নিষ্পত্তি সম্ভব না হলে বিষয়টি বাজেট মনিটরিং ও সম্পদ কমিটিতে উপস্থাপন;

৬) অনুমোদিত বাজেট অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক আয় ও ব্যয়ের অগ্রগতি মনিটর করা;

৭) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বাজেট প্রক্রিয়ার বিভিন্ন বিষয় পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে এক বা একাধিক উপ কমিটি গঠন;

৮) উল্লিখিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। কমিটি প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে। তবে প্রয়োজন হলে যে কোন সময় কমিটির জরুরী সভা আহবান করা যাবে। তাছাড়া, প্রয়োজনবোধে সংশ্লিষ্ট যে কোন মন্ত্রণালয়কে কমিটির সভায় প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ জানানো যাবে।

ডঃ মোহাম্মদ তারেক
যুগ্ম-সচিব (বাজেট)
ফোন: ৭১৬৫২৯০

**<u>বিতরণ:</u>**

১। সচিব, অর্থ বিভাগ।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৪। সদস্য, কৃষি ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো, পরিকল্পনা কমিশন।
৭। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৮। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৯। বিভাগীয় প্রধান কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
১০। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
১১। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
১২। যুগ্ম-সচিব (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ।
১৩। পরিচালক (বৈদেশিক সাহায্য হিসাব), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
১৪। অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়।
১৫। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/বা-১/বাজেট(০৪)/২০০৫/১৮০৩

তারিখ: ২২-০৮-২০০৫খ্রিঃ / ০৭-০৫-১৪১২বঃ

বিগত ৩১/১০/১৯৯৫ তারিখে জারিকৃত অর্থ বিভাগের স্মারক নং-অম/ অবি/ বাউ/ সঃব্যঃমঃসাঃ-১/৪/৯৫/১৫৭-এর প্রেক্ষিতে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে গঠিত 'বাজেট কমিটি'-এর গঠন ও কার্যপরিধি পুনর্বিন্যাস করে 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' নামে একটি নতুন কমিটি গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পুনর্বিন্যাসকৃত কমিটির গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:-

**কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | সচিব/মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা | সভাপতি |
| ২. | রাজস্ব বাজেট ও উন্নয়ন বাজেটের সঙ্গে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | সদস্য |
| ৩. | পরিকল্পনা উইং/ সেলের প্রধান | সদস্য |
| ৪. | প্রধান প্রধান দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণ (অনধিক ৬ জন) | সদস্য |
| ৫. | অর্থ বিভাগের সংশ্লিষ্ট উপ-সচিব | কারিগরী সদস্য |
| ৬. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট উপ-প্রধান | কারিগরী সদস্য |
| ৭. | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৮. | বাজেট ওয়ার্কিং গ্রপের প্রধান | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

১. রাজস্ব আয় এবং অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়সহ মন্ত্রণালয়/ বিভাগের সার্বিক বাজেট ব্যবস্থাপনা;

২. কৌশলগত উদ্দেশ্য (strategic objectives) এবং অগ্রাধিকারের ভিত্তিতে মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রস্তুত করা;

৩. দারিদ্র নিরসন কৌশল পত্র অথবা সংশ্লিষ্ট নীতি নির্ধারণী দলিলে অন্তর্ভুক্ত মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কর্মসূচি/ প্রকল্প চিহ্নিত করা এবং চিহ্নিত কর্মসূচি/ প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ণয় করা;

৪. সরকারের নীতি নির্ধারক পর্যায় থেকে প্রাপ্ত সম্পদ সীমার (Resource Ceiling) মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা অনুসরণ করে মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট প্রাক্কলন প্রণয়ন করা;

৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক পেশকৃত মাসিক হিসাবের সঙ্গতিসাধন (reconciliation of accounts) এবং উক্ত হিসাবের ভিত্তিতে অনুমোদিত বাজেটের বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং দপ্তর/ সংস্থা/ প্রকল্পওয়ারী এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারী ব্যয় মাসিক ভিত্তিতে মনিটর করা, প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা এবং বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় তা নিশ্চিত করা;

৬. আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী যে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ পুনঃউপযোজন করতে ক্ষমতাবান সে সকল ক্ষেত্রে পুনঃউপযোজন প্রস্তাবসমূহ পরীক্ষা করে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ এবং যে সকল ক্ষেত্রে পুনঃউপযোজন প্রস্তাবে অর্থ বিভাগ/ পরিকল্পনা কমিশনের সম্মতি প্রয়োজন সে সকল ক্ষেত্রে প্রস্তাবটি অর্থ বিভাগ/ পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে বিশদভাবে পরীক্ষা করা এবং সুপারিশ প্রদান করা;

৭. মন্ত্রণালয়/ বিভাগের কর্মসম্পাদন পরিমাপের জন্য মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং উপযুক্ত কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) উদ্ভাবন এবং এ সকল লক্ষ্যমাত্রা এবং কর্মকৃতি নির্দেশক হালনাগাদকরণ;

৮. পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত কর্মসম্পাদন মনিটর করা এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা;

৯. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ (Internal and Statutory) নিরীক্ষা প্রতিবেদনসমূহ পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;

১০. মন্ত্রণালয়/ বিভাগের আর্থিক ও অ-আর্থিক (Financial and Non-financial) কর্মসম্পাদনের উপর প্রতি বছর একটি প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা;

১১. একই সেক্টরের আওতাধীন অভিন্ন কর্মসূচিসমূহ সম্পর্কে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়সমূহের সঙ্গে আলোচনা ও ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সমন্বয়কারী হিসেবে কাজ করা।

২। উল্লেখ্য, বাজেট ব্যবস্থাপনা কমিটিকে সহায়তা করার জন্য মন্ত্রণালয়/ বিভাগের সচিব মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহ থেকে উপযুক্ত কর্মকর্তাগণকে নিয়ে একটি বাজেট ওয়ার্কিং গ্রুপ গঠন করবেন। কমিটির সভাপতি প্রয়োজন মনে করলে দারিদ্র নিরসন কৌশলপত্রের সাথে বাজেটের যোগসূত্র প্রতিষ্ঠা, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মসম্পাদন পরিমাপের উদ্দেশ্যে কর্মকৃতি নির্দেশক (performance indicator) স্থাপন - এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করতে পারবেন। এ ছাড়া মন্ত্রণালয়/ বিভাগের অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহ তাদের স্ব স্ব বাজেট বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন এবং মনিটর করার জন্য নিজস্ব বাজেট ব্যবস্থাপনা কমিটি গঠন করবে। দপ্তর/ সংস্থাসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটির গঠন ও কার্যপরিধি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ নির্ধারণ করবে।

৩। বাজেট ব্যবস্থাপনা কমিটি মধ্যমেয়াদি বাজেট প্রণয়নের বিভিন্ন পর্যায়ে বছরে অন্ততঃ সাতটি সভায় মিলিত হবে। তবে, প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহবান করতে পারবেন। কমিটির সভার কার্যবিবরণী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে এবং অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন নিয়মিতভাবে বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম মনিটর করবে।

৪। বর্ণিত অবস্থায়, নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ জানানো হলো:

ক) ইতোপূর্বে গঠিত বাজেট কমিটি বাতিলপূর্বক ১নং অনুচ্ছেদে বর্ণিত গঠন কাঠামো ও কার্যপরিধি অনুযায়ী ‘বাজেট ব্যবস্থাপনা কমিটি’ নামে একটি নতুন কমিটি গঠন;

খ) বাজেট ব্যবস্থাপনা কমিটিকে সহায়তা করার জন্য মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহ থেকে উপযুক্ত কর্মকর্তাগণকে নিয়ে একটি বাজেট ওয়ার্কিং গ্রুপ গঠন;

গ) মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহকে তাদের স্ব স্ব বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন এবং মনিটর করার জন্য নিজস্ব বাজেট ব্যবস্থাপনা কমিটি গঠনের নির্দেশ প্রদান।

৫। উল্লেখ্য, যে সকল মন্ত্রণালয়/ বিভাগ এখনো মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি প্রবর্তিত হয়নি, সে সকল মন্ত্রণালয়/ বিভাগের ক্ষেত্রে বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধির সংশ্লিষ্ট অংশসমূহ আপাতত প্রযোজ্য হবে না। তবে বাজেট প্রাক্কলন অর্থ বিভাগে প্রেরণের পূর্বে অবশ্যই বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত হতে হবে।

ডঃ মোহাম্মদ তারেক
যুগ্ম-সচিব (বাজেট)
ফোন: ৭১৬৫২৯০

<u>বিতরণ:</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৪। সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
১০। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সটিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩৪। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১। সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২। সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪। সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৪৯। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫১। সদস্য, কৃষি ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫৩। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো, পরিকল্পনা কমিশন।
৫৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫৬। অতিরিক্ত সচিব,প্রশাসন,অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়।
৫৭। হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫৮। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
৫৯। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬০। যুগ্ম-সচিব (বাজেট), অর্থ বিভাগ।
৬১। যুগ্ম-সচিব (উন্নয়ন), অর্থ বিভাগ।
৬২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------------------------------- মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বাজেট (৩৬)/২০০৫/১৮১৯

তারিখ: ২৮-০৮-২০০৫খ্রিঃ / ১৩-০৫-১৪১২বঃ

## পরিপত্র

মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনীয় সামষ্টিক অর্থনৈতিক কাঠামো প্রণয়ন/ হালনাগানকরণ সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে 'সামষ্টিক অর্থনৈতিক কাঠামো সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ' নামে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ওয়ার্কিং গ্রুপের গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:-

**গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ | সভাপতি |
| ২. | পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সংশ্লিষ্ট যুগ্ম-প্রধান | বিকল্প সভাপতি |
| ৩. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | যুগ্ম-সচিব, সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | সদস্য |
| ৫. | জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একজন প্রতিনিধি | সদস্য |
| ৮. | অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৯. | মুদ্রানীতি এবং আন্তর্জাতিক লেনদেনের ভারসাম্য (BOP) এবং বিনিময় হার নীতির (Exchange Rate Policy) সঙ্গে সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংকের দুইজন প্রতিনিধি | সদস্য |
| ১০. | পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | জাতীয় সঞ্চয় পরিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ১২. | উপ-সচিব (বাজেট-১) | সদস্য-সচিব |

প্রয়োজনবোধে কমিটি সংশ্লিষ্ট বিষয়ের উপর কোন বিশেষজ্ঞকে সদস্য হিসেবে কো-অপট করতে পারবে।

**কার্যপরিধি:**

১) মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো প্রণয়ন অথবা হালনাগাদকরণের লক্ষ্যে সাম্প্রতিক অর্থনৈতিক প্রবণতা ও ভবিষ্যত গতি প্রকৃতি সম্পর্কে বিশ্লেষণ;

২) একটি মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতিকাঠামো (Medium Term Macroeconomic Policy Framework) প্রস্তুত করা;

৩) মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক মডেল ব্যবহারের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক পূর্বাভাস প্রদানের ক্ষেত্রে মডেলে ব্যবহৃত ধারণা/ অনুমানসমূহের বিশদ বিশ্লেষণ ও যৌক্তিকতা উপস্থাপন এবং মডেল থেকে প্রাপ্ত প্রক্ষেপণসমূহ পর্যালোচনা করা;

৪) মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের সম্ভাব্য গতি প্রকৃতি ও মধ্যমেয়াদে রাজস্ব আদায়ের উপর সাম্প্রতিক রাজস্ব নীতির সম্ভাব্য প্রতিক্রিয়া বিশ্লেষণ;

৫) কর রাজস্ব এবং কর ব্যতীত প্রাপ্তির প্রধান প্রধান খাতওয়ারি মধ্যমেয়াদি প্রক্ষেপণ;

৬) সামষ্টিক অর্থনৈতিক নীতি ও রাজস্ব নীতির সঙ্গে মুদ্রানীতি এবং বিনিময় হার নীতির সামঞ্জস্যতা পরীক্ষা এবং এ সংক্রান্ত প্রক্ষেপণ;

৭) বৈদেশিক সহায়তা সংক্রান্ত বিষয়াদি/ কৌশল বিশ্লেষণ এবং বৈদেশিক সহায়তা ব্যবস্থাপনার উপর মধ্যমেয়াদি বাজেট কাঠামোর প্রভাব পর্যালোচনা;

৮) বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ;

৯) অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের কাঠামো ও ঋণ ব্যবস্থাপনা কৌশল পর্যালোচনা এবং মধ্যমেয়াদি ঋণ পরিশোধ প্রক্ষেপণ;

১০) সরকারের সার্বিক ব্যয়নীতি পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সামগ্রিক ব্যয় (aggregate expenditure) প্রক্ষেপণ।

এ আর এম নজমুস ছাকিব
উপ-সচিব (বাজেট-১)

ফোন: ৭১৬৮৯৮৯

**বিতরণ:**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক (বাংলাদেশ ব্যাংকের দুই জন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন যুগ্ম-প্রধান-কে মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৬। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৭। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
৮। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
৯। যুগ্ম-সচিব, (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ।
১০। মহা-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
১১। পরিচালক, জাতীয় সঞ্চয় পরিদপ্তর (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
১২। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**বাজেট অনুবিভাগ শাখা-১**

নং-অম/অবি/বা-১/বাজেট(৩৬)/২০০৫/১৮২০ তারিখ: ২৮-০৮-২০০৫খ্রিঃ / ১৩-০৫-১৪১২বঃ

## পরিপত্র

মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় বাজেট প্রণয়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক খসড়া ব্যয়সীমা নির্ধারণ এবং বাজেট প্রাক্কলন পরীক্ষা সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে 'মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়সীমা নির্ধারণ ও বাজেট প্রাক্কলন পরীক্ষা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ' নামে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ওয়ার্কিং গ্রুপের গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:-

**গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ | সভাপতি |
| ২. | যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ | সদস্য |
| ৩. | যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ; আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ; কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ; ভৌত অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগের ১ জন করে প্রতিনিধি | সদস্য |
| ৫. | বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট অর্থ বিভাগের সকল উপ-সচিব | সদস্য |
| ৬. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

১) নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রেখে মধ্যমেয়াদি ব্যয় পর্যালোচনাঃ
- বিগত বছরসমূহের ব্যয়ের ধারা;
- অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র নিরসন এবং জেন্ডার বৈষম্য দূরীকরণের উপর সম্পদ বন্টনের প্রভাব;
- সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা সংস্কার;
- অর্থনৈতিক শ্রেণী অনুযায়ী ব্যয়ের প্রক্ষেপণ।

২) সেক্টর/মন্ত্রণালয়ভিত্তিক ব্যয় অগ্রাধিকার নির্ধারণঃ
- কৌশলগত অগ্রাধিকার এবং আন্তঃখাত/মন্ত্রণালয়ভিত্তিক সম্পদ বন্টনের সাথে সম্পৃক্ত বিষয়সমূহ;
- সেক্টরের অন্তর্ভুক্ত অগ্রাধিকারপ্রাপ্ত ব্যয় কর্মসূচিসমূহ;
- সম্পদ বন্টন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করে এমন অন্যান্য বিষয়;

৩) সেক্টর/মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়সীমা নির্ধারণঃ
- যৌক্তিকতা উপস্থাপনসহ সেক্টর/মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়সীমা নির্ধারণ;
- মন্ত্রণালয়ভিত্তিক ব্যয়সীমার বিভাজন প্রস্তুত এবং উক্ত বিভাজনের যৌক্তিকতা উপস্থাপন:

৪) মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পেশকৃত বাজেট প্রাক্কলনসমূহ পরীক্ষাঃ
- মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পেশকৃত বাজেট প্রাক্কলনসমূহ অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন কর্তৃক পরীক্ষা সমন্বয়;
- অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন কর্তৃক বাজেট প্রাক্কলন পরীক্ষা মনিটর করা যাতে তা মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি এবং সরকারি নীতি ও কৌশলের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।

এ আর এম নজমুস ছাকিব
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

**বিতরণ:**

১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৩। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ

বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।

৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।

৫। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।

৬। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।

৭। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।

৮। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।

৯। যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন, অর্থ বিভাগ।

১০। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।

১১। উপ-সচিব (বাজেট-২/৩/৪/৫/৬), অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

## পরিপত্র

নং-অম/ অবি/ বা-১/ বাজেট (৩৬)/২০০৫/৮৬ তারিখ: ২৩-০২-২০০৬ খ্রিঃ / ১১-১১-১৪১২ বঃ

'বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ-কমিটি' নামে 'মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরি কমিটি'র একটি উপ-কমিটি গঠন করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ-কমিটি-এর গঠন ও কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ হবে:

**গঠন:**

| | | |
|---|---|---|
| ১) | অতিরিক্ত সচিব (বাজেট), অর্থ বিভাগ | সভাপতি |
| ২) | যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | সদস্য |
| ৩) | যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ | সদস্য |
| ৪) | সচিব (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ | সদস্য |
| ৫) | পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ ও বিভাগসমূহের একজন করে প্রতিনিধি (যুগ্ম-প্রধানের নীচে নয়) | সদস্য |
| ৬) | পরিচালক (সমন্বয়), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| ৭) | পরিচালক (ফাবা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৮) | অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | সদস্য |
| ৯) | উপ-সচিব (বাজেট-১) | সদস্য-সচিব |

উল্লেখ্য, প্রয়োজন বোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের এক বা একাধিক প্রতিনিধি এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাবে।

**কার্যপরিধি**

১. মন্ত্রণালয়/ বিভাগওয়ারী এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারী রাজস্ব আদায়ের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটর করা এবং প্রকৃত রাজস্ব আদায় লক্ষ্যমাত্রার তুলনায় ১০ শতাংশের কম হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এর কারণ উদঘাটন এবং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

২. অনুমোদিত বাজেটের বিপরীতে মন্ত্রণালয়/ বিভাগওয়ারী এবং অর্থনৈতিক শ্রেণী বিন্যাসওয়ারী অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় বিশেষ করে সরবরাহ ও সেবা এবং মেরামত ও সংরক্ষণ ব্যয়ের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটর করা;

৩. যে উদ্দেশ্যে বাজেটে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে সে বাবদ অর্থ ব্যয় করা হচ্ছে কি না এবং সুনির্দিষ্ট অর্থ বরাদ্দ না থাকা সত্ত্বেও কোন কাজে অর্থ ব্যয় করা হচ্ছে কি না তা মনিটর করা এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা;

৪. দারিদ্র নিরসন এবং জেন্ডার বৈষম্য নিরসনমূলক কর্মসূচি/ প্রকল্পসহ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রধান প্রধান কর্মসূচি/ প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

৫. কোন মন্ত্রণালয়/ বিভাগের ক্ষেত্রে প্রতি কোয়ার্টার এর জন্য নির্ধারিত ব্যয় এবং প্রকৃত ব্যয়ের মধ্যে ব্যাপক অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এর কারণ উদঘাটন এবং এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

৬. অনুমোদিত বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় তা নিশ্চিত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা;

৭. মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে প্রতিফলিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রার (Output Target) বিপরীতে প্রকৃত কর্মসম্পাদন মনিটর করা এবং কোন মন্ত্রণালয়/ বিভাগের প্রকৃত কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার তুলনায় অস্বাভাবিক পরিমাণে কম হলে এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এর কারণ উদঘাটন এবং যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

৮. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী/ সিদ্ধান্ত নিয়মিতভাবে

পর্যালোচনা;

৯. উপ-কমিটির সভার আলোচনার একটি সার-সংক্ষেপ নিয়মিতভাবে মধ্যমেয়াদি বাজেট সমন্বয় ও কারিগরী কমিটি'র সভায় উপস্থাপন করা;

১০. যে সকল বিষয় মাননীয় অর্থ মন্ত্রীর গোচরীভূত করা প্রয়োজন সে সকল বিষয় চিহ্নিত করা এবং তাঁর নিকট উপস্থাপনের ব্যবস্থা করা।

বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ-কমিটি প্রতিমাসে অন্তত একবার সভায় মিলিত হবে। তবে প্রয়োজন হলে মাসে একাধিক সভার আয়োজন করা যাবে। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ বাজেট বাস্তবায়ন মনিটরিং উপ-কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

এ আর এম নজমুস ছাকিব
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ:

১। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
২। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৪। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৫। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (একজন প্রতিনিধি মনোনয়ন করে অর্থ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৭। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
৮। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
৯। যুগ্ম-সচিব, সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ।
১০। পরিচালক (সমন্বয়), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১১। পরিচালক (ফাবা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১২। অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।

# স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনবল সৃজন সংক্রান্ত কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন শাখা-১

নং-অম/অবি/ (প্র-১)/ সার্কুলার-০১/২০০৬/১৭৬ তারিখ: ২৭/০১/১৪১৩ বাং / ১০/০৫/২০০৬ইং

## অফিস আদেশ

স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের রাজস্ব খাতে পদ সৃজনের প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হইল:

| | | |
|---|---|---|
| ১) অতিরিক্ত সচিব (স্থায়ী কমিটির সভাপতি) | - | সভাপতি |
| ২) মহাপরিচালক, মনিটরিং সেল | - | সদস্য |
| ৩) যুগ্ম-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ) | - | সদস্য |

২। স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ১৯৯৭ সালের পূর্বে শুরু হইয়া সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পের পদ/ জনবল খাতে স্থানান্তরের প্রস্তাবসমূহ অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ বা-১০/ বিবিধ-৫২/৯৬/১৭৪২, তারিখ: ১২/০২/২০০৬ এর মাধ্যমে গঠিত পুনর্গঠিত স্থায়ী কমিটি পরীক্ষাকরতঃ সুপারিশ করবে।

মোঃ মোখলেছুর রহমান
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
ফোন: ৭১৬৮৬৫৭

বিতরণ:
১। সকল অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ।
২। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
৩। সকল যুগ্ম-সচিব, অর্থ বিভাগ।
৪। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
মনিটরিং সেল
ভবননং-৬ (২১ তলা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/মনিঃ/পদ/স্থায়ী/সৃষ্টি/কমিটি/২০০৬/৯৯২ তারিখ: ০২.০৫.০৬

**বিষয়: স্ব-শাষিত/ রাষ্ট্রায়ত্ত/ বিধিবদ্ধ সংস্থা ও ইহার অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের পদ সৃষ্টি, পদ অবলোপন, পদ রুপান্তর এবং স্থায়ীকরণ প্রসঙ্গে।**

স্ব-শাষিত/ রাষ্ট্রায়ত্ত/ বিধিবদ্ধ সংস্থা ও ইহার অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের পদ সৃষ্টি, পদ অবলোপন, পদ রুপান্তর এবং স্থায়ীকরণের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রদানের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে অর্থ বিভাগের একটি কমিটি গঠন করা হয়েছে।

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | আহবায়ক |
| ২। | উপ-সচিব, বাজেট অনুবিভাগ-১/ ২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য |
| ৩। | উপ-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য |
| ৪। | সংস্থার সহিত সংশ্লিষ্ট মনিটরিং সেলের পরিচালক/ ফিনানসিয়াল এনালিষ্ট/ গবেষণা কর্মকর্তা | সচিব |

ডঃ নারায়ণ চন্দ্র সিংহ
গবেষণা কর্মকর্তা
ফোন: ৯৫৫১২৫৫

বিতরণ:
১। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক-১, পরিচালক/ফিনানসিয়াল এনালিষ্ট/গবেষণা কর্মকর্তা, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

# কর্মসূচি নিয়োগ ও অন্যান্য প্রস্তাব যাচাই সংক্রান্ত টাস্কফোর্স

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/বা-১/নীতি(২)/২০০৩/৩৪৩ তারিখ: ০৪/০৪/২০০৪ খ্রিঃ / ২১/১২/১৪১০ বঃ

## পরিপত্র

**বিষয়: রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য উন্নয়ন কর্মসূচিসমূহের জনবল, যানবাহন ও অফিস সরঞ্জাম এবং পরামর্শক নিয়োগের প্রস্তাব যাচাই সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।**

রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য নির্দিষ্টকৃত কর্মসূচিসমূহের সুষ্ঠু ও পরিকল্পিত বাস্তবায়ন যাতে বাধাগ্রস্থ না হয় এবং এরূপ কর্মসূচির অর্থায়নের সিদ্ধান্ত যাতে প্রচলিত বিধি-বিধানের পরিপন্থী না হয় সে লক্ষ্যে কোন কর্মসূচি রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা সংক্রান্ত একটি পরিপত্র অর্থ বিভাগ হতে ইতোমধ্যে জারি করা হয়েছে (নং-অম/ অবি/ বা-১/ নীতি (২)/ ২০০৩/ ২৪০১, তাং-৩০-১১-২০০৩)। উক্ত পরিপত্রে রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য কর্মসূচিতে কোন জনবল নিয়োগ, যানবাহন ক্রয় ও পরামর্শক নিয়োগ সাধারণভাবে নিরুৎসাহিত করা হয়েছে। অপরিহার্য ক্ষেত্রে জনবল নিয়োগ, যানবাহন ও অন্যান্য অফিস সরঞ্জাম সংগ্রহ এবং পরামর্শক নিয়োগের প্রয়োজনীয়তা যাচাইয়ের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১) | অতিরিক্ত সচিব-৩, অর্থ বিভাগ | সভাপতি |
| ২) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব | সদস্য |
| ৩) | যুগ্ম-সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা), সংস্থাপন মন্ত্রণালয়/তার প্রতিনিধি | সদস্য |
| ৪) | অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের সংশ্লিষ্ট উপ-সচিব | সদস্য |

২। উপরিউক্ত কমিটির কার্যপরিধি শুধুমাত্র জনবল, যানবাহন, অন্যান্য অফিস সরঞ্জামাদি ও পরামর্শকের প্রয়োজনীয়তা যাচাইয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে এর আওতা এবং কার্যপরিধি বৃদ্ধি করে নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১) | অতিরিক্ত সচিব-৩, অর্থ বিভাগ | সভাপতি |
| ২) | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান | সদস্য |
| ৩) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব | সদস্য |
| ৪) | যুগ্ম-সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা), সংস্থাপন মন্ত্রণালয়/তার প্রতিনিধি | সদস্য |
| ৫) | যুগ্মসচিব (বাজেট), অর্থ বিভাগ | সদস্য |
| ৬) | যুগ্ম-সচিব (উন্নয়ন), অর্থ বিভাগ | সদস্য |
| ৭) | উপ-অর্থনৈতিক উপদেষ্টা (পলিসি), অর্থ বিভাগ | সদস্য |
| ৮) | অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের সংশ্লিষ্ট উপ-সচিব | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি (Terms of reference)**

ক) সমষ্টিক অর্থনৈতিক উন্নয়ন/ দারিদ্র বিমোচন কর্মসূচির আলোকে রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য কর্মসূচির গ্রহণযোগ্যতা পরীক্ষা করা।
খ) এডিপিভুক্ত প্রকল্পের সাথে প্রস্তাবিত কর্মসূচির দ্বৈততা আছে কিনা তা পরীক্ষা করা।
গ) অপরিহার্য ক্ষেত্রে জনবল নিয়োগ, যানবাহন ও অন্যান্য অফিস সরঞ্জাম সংগ্রহ এবং পরামর্শক নিয়োগের প্রয়োজনীয়তা যাচাইসহ কর্মসূচির বিভিন্ন Component এর আর্থিক সংশ্লেষ পরীক্ষা করা।
ঘ) কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য co-opt করতে পারবে।

কমিটি প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হবে। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

আরাস্ত খান
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, অডিট হাউজ, কাকরাইল, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নং-অম/অবি/বা-১/নীতি(২)/২০০৩/৩৪৩

তারিখ: ০৪/০৪/২০০৪ খ্রিঃ
২১/১২/১৪১০ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব-৩, অর্থ বিভাগ।
৩। যুগ্ম-সচিব (বাজেট), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।
৪। যুগ্ম-সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।
৫। যুগ্ম-সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ-অর্থনৈতিক উপদেষ্টা (পলিসি), অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭। উপ-সচিব (বাজেট-১/২/৩), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

আরাস্তু খান
উপ-সচিব (বাজেট-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ শাখা-১

## বিজ্ঞপ্তি

নং-০৭.১০১.০২৪.০০.০০.২৭.২০০৮-৩৫৩

তারিখ: ২১.০৫.২০১২ খ্রিঃ / ০৭.০২.১৪১৯ বঃ

সরকার প্রতিশ্রুত বিভিন্ন সংস্কার কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে 'সরকারের সংস্কার কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি' নামে নিম্নরূপ একটি কমিটি গঠন করা হল:

**ক) গঠন (Composition):**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ | আহ্বায়ক |
| ২. | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| ৩. | বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | জাতীয় রাজস্ব বোর্ডের ২ জন প্রতিনিধি | সদস্য |
| ৫. | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| ৬. | বিদ্যুৎ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| ৭. | কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| ৮. | মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ | সদস্য |
| ৯. | উপ সচিব (বাজেট- ১), অর্থ বিভাগ | সদস্য-সচিব |

**খ) কার্যপরিধি (Terms of Reference):**

১. সম্পদের প্রাপ্যতা নিরূপণ ও বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
২. সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো অনুমোদন;

দিলারা বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৬
dilarab@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
(একজন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
২. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(একজন যুগ্ম-সচিবকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
(দুইজন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৪. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(একজন যুগ্ম-সচিবকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৫. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(একজন যুগ্ম-সচিবকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(একজন যুগ্ম-সচিবকে কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ
৮. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপ সচিব (বাজেট- ১), অর্থ বিভাগ

# আর্থিক তথ্য প্রবাহের মান উন্নয়ন সংক্রান্ত টাস্কফোর্স

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বাউ-১/বিবিধ(৪০)/২০০১/১৫২৭

তারিখ: ২৫-১১-২০০১ খ্রিঃ
১১-০৮-১৪০৮ বঃ

**প্রজ্ঞাপন**

সরকারের রাজস্ব ও ব্যয় (এডিপিসহ), বহিঃঅর্থায়ন, নন-ব্যাংক অভ্যন্তরীণ অর্থায়ন, সরকার কর্তৃক সার্ভিসযোগ্য দেনা প্রভৃতি ক্ষেত্রে মাসিক ভিত্তিতে অধিকতর নির্ভরযোগ্য তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ একটি টাস্কফোর্স গঠন করা হলো:

**সরকারের আর্থিক তথ্য প্রবাহের মান-উন্নয়ন সংক্রান্ত টাস্কফোর্স**

| | | |
|---|---|---|
| ১) | যুগ্ম-সচিব (বাজেট), অর্থ বিভাগ | আহবায়ক |
| ২) | মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ | সদস্য |
| ৩) | মহাব্যবস্থাপক, মুদ্রা ব্যবস্থাপনা ও হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৪) | পরিচালক (ফাবা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৫) | পরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ৬) | জনাব আরাস্তু খান, উপ-সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৭) | জনাব আবদুল জব্বার খান, উপপ্রধান, কার্যক্রম ও সমন্বয় বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৮) | অতিরিক্ত পরিচালক, জাতীয় সঞ্চয় পরিদপ্তর | সদস্য |
| ৯) | জনাব মোঃ মহিউদ্দীন খান, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ১০) | উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব) | সদস্য |
| ১১) | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |

২। টাস্কফোর্সের কার্যপরিধি ও দায়িত্বাবলী নিম্নরূপঃ

ক) সরকারের রাজস্ব ও ব্যয় (এডিপিসহ), বহিঃঅর্থায়ন, নন-ব্যাংক অভ্যন্তরীণ অর্থায়ন, সরকার কর্তৃক সার্ভিসযোগ্য দেনা প্রভৃতি ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল এজেন্সি/ সংস্থা/ দপ্তর কর্তৃক মাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ/ প্রকাশ নিশ্চিত করা;

খ) উক্তরূপে সংগৃহীত/ দাখিলকৃত তথ্য-উপাত্ত পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে সঙ্গতি বিধান করা; এবং

গ) সরকারের আর্থিক তথ্য-উপাত্ত সংগ্রহ/ প্রকাশের ক্ষেত্রে মান-উন্নয়নের জন্য সুপারিশ পেশ করা।

৩। টাস্কফোর্স মাসে অন্ততঃ একটি সভায় মিলিত হবে।

৪। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের বাজেট-১ শাখা টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারি মুদ্রাণালয় (বিজিপ্রেস)
তেজগাঁও, ঢাকা।

# অর্থ বিভাগের বিভিন্ন কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www/mof.gov.bd

নং-০৭.০৮৩.০৩২.০৪.০০.০৩৪.২০১০-৩৩১ তারিখ: ১৭ জুন, ২০১০

**বিষয়: অর্থ বিভাগের বিভিন্ন কমিটিতে সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অর্থ বিভাগের অতিরিক্ত সচিবদ্বয়কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কমিটির সভাপতি হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির নাম |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ইমদাদুল হক<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | ১) মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে পদ/ লোকবলের সংখ্যা নির্ধারণ সংক্রান্ত কমিটি।<br>২) জুলাই/১৯৯৭ এর পূর্বে শুরু হয়ে শেষ হওয়া প্রকল্পসমূহের পদ স্থানান্তর বিষয়ে পুনগঠিত স্থায়ী কমিটি। |
| ২ | সৈয়দ মন্‌জুরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | ১) রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য উন্নয়ন কর্মসূচির প্রস্তাব যাচাই সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি।<br>২) বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী নির্বাচন কমিটি। |

খলিল আহমদ
সিনিয়র সহকারী সচিব
৭১৬৮১৩৪
akhalil@finance.gov.bd

নং-০৭.০৮৩.০৩২.০৪.০০.০৩৪.২০১০-৩৩১ তারিখ: ১৭ জুন, ২০১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। জনাব মোঃ ইমদাদুল হক, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ।
২। সৈয়দ মন্‌জুরুল ইসলাম, অতিরিক্ত সচি, অর্থ বিভাগ।
৩। যুগ্ম-সচিব (সকল) --------------------------------------, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১/৩/১১), অর্থ বিভাগ।
৫। অর্থ সচিবের একান্ত সচিব।
৬। অফিস কপি।

# কমিটিতে যোগদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www/mof.gov.bd

নং-অম/অবি(প্র-৩)/বিবিধ-২৮/৮৬/১১০০ তারিখ: ৬-১১-২০০০ ইং

## সার্কুলার

**বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে গঠিত টেন্ডার/ কনভেনশন/ পারচেজ কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি যোগদান প্রসঙ্গে।**

সূত্র: ১) অম/অবি(প্র-৩)/বিবিধ-২/অংশ-১/৮৪/৪৮৭ তারিখ: ২৮-৭-৮৫ইং।
২) অম/অবি(প্র-৩)/বিবিধ-২৮/৮৬/৮৮১ তারিখ: ৮-১১-৮৬ইং।

সূত্রোল্লিখিত সার্কুলারে এই মর্মে সকল মন্ত্রণালয়/ বিভাগকে অবহিত করা হইয়াছে যে, মন্ত্রণালয়/ বিভাগকে যথেষ্ট আর্থিক ক্ষমতা অর্পণ করায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের টেন্ডার/ কনভেনশন/ পারচেজ কমিটিতে অর্থ বিভাগের কোন প্রতিনিধি থাকিবে না। উক্ত সার্কুলার জারির পরও বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ হইতে বর্ণিত কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হইতেছে। যদি কোন মন্ত্রণালয়/ বিভাগ মনে করে যে, উল্লিখিত কমিটিতে বিশেষ ক্ষেত্র হিসাবে অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করিবার প্রয়োজনীয়তা রহিয়াছে তাহা হইলে কমিটি গঠনের পূর্বে অর্থ বিভাগের সহিত পরামর্শক্রমে এই ধরণের কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করিতে হইবে।

মোঃ আমিনুল ইসলাম খান
উপ-সচিব (প্র-২)

বিতরণ:
১। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন অনুবিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা- ৬

নং-অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-৫/২০০১/২১৪ তারিখ: ১৩-০৭-২০০৫ ইং

**বিষয়: পদ সৃষ্টি বা অফিস সরঞ্জামাদি অন্তর্ভুক্তির প্রস্তাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগের সম্মতি প্রদানের লক্ষ্যে আয়োজিত সভায় অর্থ বিভাগের প্রতিনিধি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সরকারি অফিসের জন্য নতুন পদ সৃষ্টি এবং টিওএণ্ডই'তে সরঞ্জামাদি অন্তর্ভুক্তির জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের সঙ্গঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে যে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় তাতে অর্থ বিভাগের প্রতিনিধি প্রেরণের জন্য সংস্থাপন মন্ত্রণালয় থেকে অনুরোধ জানানো হয়। সরকারি প্রতিষ্ঠানের পদ সৃষ্টি ও টিওএণ্ডই'তে সরঞ্জামাদি অন্তর্ভুক্তির ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতির পর অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতির প্রয়োজন হয়। অর্থ বিবাগের প্রতিনিধি সংস্থাপন মন্ত্রণালয়ের সভায় উপস্থিত থেকে তাৎক্ষণিকভাবে একরকম মতামত দিয়ে পরে ভিন্ন মতামত দেয়া সমীচীন নয়। ফলে একই বিষয়ে দ্বৈত ভূমিকা সৃষ্টি হওয়ার আশংকা থেকে যায়।

এমতাবস্থায়, অর্থ বিভাগ মনে করে যে, উক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি প্রদানের জন্য আয়োজিত সভায় অর্থ বিভাগের প্রতিনিধি উপস্থিতির প্রয়োজন নেই। চাহিদা উত্থাপনকারী মন্ত্রণালয়ের প্রস্তাব, বিদ্যমান সাংগঠনিক কাঠামো, পদসোপান ইত্যাদি বিবেচনায় নিয়ে সংস্থাপন মন্ত্রণালয় নিজেদের মতামত প্রদান করতে পারে।

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩০

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

নং-অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-৫/২০০১/২১৪ তারিখ: ১৩-০৭-২০০৫ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১) যুগ্ম-সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
২) উপ-সচিব (ব্যঃনিঃ ১/ ২)
৩) সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (ব্যঃনিঃ ১/ ২/ ৩/ ৪/ ৫/ ও ৭, অর্থ বিভাগ।
৪) যুগ্ম-সচিব (ব্যঃনিঃ ও পঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৫) অফিস কপি।

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩০

# কর্মসূচি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/নীতি(১)/২০০৪/২৯৭৫

তারিখ: ১৮-১১-২০০৪ খ্রিঃ
০৪-০৮-১৪১১ বঃ

**বিষয়: রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচিসমূহের অর্থ ছাড়ের পদ্ধতি প্রসঙ্গে।**

রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচিসমূহের অর্থ ছাড়ের পদ্ধতি নিম্নরূপভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) রাজস্ব বাজেট হতে কর্মসূচিসমূহের অর্থ ছাড়ের ক্ষেত্রে উন্নয়ন বাজেটের অর্থ ছাড়ের পদ্ধতি অনুসরণ করতে হবে;

খ) রাজস্ব বাজেটে উন্নয়ন কর্মসূচিসমূহের অনুকূলে থোক বরাদ্দ হিসাবে বরাদ্দকৃত অর্থের বিভাজনে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে; এবং

গ) রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ক্ষেত্রে প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য Delegation of Financial Power প্রযোজ্য হবে।

মোঃ আমিনুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য, -------------------------------------বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ডাকা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

নং-অম/অবি/বা-১/নীতি(১)/২০০৪/২৯৭৫

তারিখ: ১৮-১১-২০০৪ খ্রিঃ
০৪-০৮-১৪১১ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। যুগ্ম-সচিব (উন্নয়ন), অর্থ বিভাগ।
২। উপসচিব (উন্নয়ন-১/২/৩), অর্থ বিভাগ।
৩। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত অর্থ সচিব-৩ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৬। যুগ্মর- সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭। উপসচিব (বাজেট-১/২/৩) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

মোঃ আমিনুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/বা-১/নীতি(১)/২০০৪/৮৭৩

তারিখ: ১৭/০৪/২০০৫ খ্রিঃ
০৪/০১/১৪১২ বং

## পরিপত্র

**বিষয়: ১০.০০ কোটি (দশ কোটি) টাকার অধিক ব্যয় সম্বলিত উন্নয়ন কর্মসূচি রাজস্ব বাজেট হতে অর্থায়নের প্রস্তাব প্রেরণ না করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রসঙ্গে রাজস্ব বাজেট হতে অনধিক ১০.০০ কোটি (দশ কোটি) টাকা ব্যয় সম্বলিত পৌণঃপুণিক/ আবর্তক প্রকৃতির উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করাই যুক্তিযুক্ত। কাজেই ১০.০০ কোটি (দশ কোটি) টাকার অধিক ব্যয় সম্বলিত উন্নয়ন কর্মসূচি রাজস্ব বাজেট হতে অর্থায়নের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আমিনুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৬৬৯

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ................................ মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং-অম/অবি/বা-১/নীতি(০১)/২০০৬/৯৩৬

তারিখ: ১৭/১০/২০০৭ খ্রিঃ / ০২/০৭/১৪১৪ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধনের নীতিমালা।**

অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধনের বিষয়ে ইতোপূর্বে সময়ে সময়ে জারিকৃত নীতিমালার পরিবর্তে নিম্নে বর্ণিত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

২. কর্মসূচি প্রক্রিয়াকরণ

২.১ কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে 'অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নেকৃত কর্মসূচির প্রস্তাব (Proposal/Proforma for Programme Financed from the Non-Development Budget-PPNB)' 'পিপিএনবি' শীর্ষক ছক (সংযোজনী-ক) ব্যবহার করতে হবে। কর্মসূচি সনাক্ত করার পর বাস্তবায়নকারী অধিদপ্তর/ সংস্থা নির্দিষ্ট ছকে প্রস্তাব প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে। কর্মসূচির মোট ব্যয় ১০.০০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

২.২ নির্ধারিত ছকে প্রস্তাব পাওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ নিম্নবর্ণিত বিষয়সমূহ পরীক্ষা করে দেখাবেঃ

ক) কর্মসূচির নির্ধারিত ছক যথাযথভাবে পূরণ এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি প্রদান করা হয়েছে কিনা;

খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) অন্তর্ভুক্ত কোন প্রকল্পের সাথে প্রস্তাবিত কর্মসূচির দ্বৈততা আছে কিনা;

২.৩ উপর্যুক্ত বিষয়সমূহ পরীক্ষার পর কর্মসূচিটি গ্রহণযোগ্য বিবেচিত হলে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটিতে (BMC) উপস্থাপন করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ পরীক্ষা করবে:

ক) জাতীয় দারিদ্র নিরসন কৌশল অথবা অনুরূপ কোন জাতীয় কৌশল/ পরিকল্পনা এবং/ অথবা মন্ত্রণালয়/ বিভাগের নিজস্ব নীতি নির্ধারণী দলিলে বর্ণিত কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রস্তাবিত কর্মসূচিটি গ্রহণ/ বাস্তবায়নের আবশ্যক কিনা;

খ) কর্মসূচির প্রাক্কলিত অংগভিত্তিক (Component) ব্যয় বিদ্যমান বাজার মূল্য অথবা মন্ত্রণালয়/ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন অনুরূপ অন্যান্য প্রকল্প/ কর্মসূচির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা;

গ) কর্মসূচির জনবল এবং সংগ্রহ পরিকল্পনা (Procurement Plan) এবং সকল অংগভিত্তিক ব্যয়ের আর্থিক সংশ্লেষ।

২.৪ বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রস্তাবিত কর্মসূচিটি বিবেচনার পর পিপিএনবি সংশোধনের প্রয়োজন হলে বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা এতে প্রয়োজনীয় সংশোধন করবে এবং সংশোধিত পিপিএনবি মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি প্রস্তাবিত কর্মসূচিটি অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণের জন্য সুপারিশ করলে কর্মসূচিটি অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ অর্থ বিভাগে প্রেরণ করবে। পিপিএনবির সাথে ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

২.৫ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ থেকে অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ বাজেট উক্ত প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করবে। অর্থ বিভাগে প্রাপ্ত প্রস্তাব ত্রুটিপূর্ণ ও তথ্য উপাত্তের দিক অসম্পূর্ণ বিবেচিত হলে এবং অনুন্নয়ন বাজেট হতে অথ্যায়নকৃত কর্মসূচি অনুমোদনের জন্য সুপারিশ প্রদানের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে উপস্থাপন সঠিক হবে না মর্মে যুগ্ম-সচিব (বাজেট)/ অর্থ সচিব পর্যায়ে সিদ্ধান্ত গৃহীত হলে প্রস্তাবটির ত্রুটি/ অসম্পূর্ণতাসমূহের বর্ণনাসহ প্রয়োজনীয় সংশোধনের জন্য অর্থ বিভাগ প্রস্তাব প্রাপ্তির ১৫ কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ অনুরোধ জানাবে। এ জাতীয় ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে প্রস্তাবটি ফেরৎ পাওয়ার পরবর্তী ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ তা সংশোধন করে পুনরায় অর্থ বিভাগে প্রেরণ করবে।

২.৬ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রাপ্ত অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির মূল/ সংশোধিত প্রস্তাবটি ত্রুটিমুক্ত ও যথাযথ বিবেচিত হলে অর্থ বিভাগ তা বিবেচনার জন্য এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে উপস্থাপন করবে। কমিটি প্রস্তাবিত কর্মসূচিটি অনুমোদনের জন্য সুপারিশ করলে অর্থ বিভাগ তা মাননীয় অর্থমন্ত্রী/ উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করবে। তবে অর্থ সচিব প্রয়োজনীয় মনে করলে কোন কর্মসূচি

অনুমোদনের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় কমিটির কোন সুপারিশ পুনঃপরীক্ষার জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করতে পারবেন। মাননীয় অর্থমন্ত্রী/ উপদেষ্টার অনুমোদিত হওয়ার পরবর্তী ১০ কার্য দিবসের মধ্যে অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্ত অনুমোদন পত্র জারি করবে। তবে আন্তঃমন্ত্রণালয় কমিটি কোন কর্মসূচি অনুমোদনের জন্য সুপারিশ না করলে সেক্ষেত্রে বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে পরবর্তী ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে অবহিত করা হবে।

৩. কর্মসসূচির মেয়াদকাল

কর্মসূচির মেয়াদকাল সাধারণত তিন বছরের মধ্যে সীমাবদ্ধ বিশেষ ক্ষেত্রে এবং কর্মসূচির প্রকৃতি বিবেচনায় এই মেয়াদকাল তিন বছরের বেশী হতে পারে।

৪. জনবল

কর্মসূচি সুষ্ঠু বাস্তবায়নের জন্য অপরিহার্য ক্ষেত্রে পিপিএনবিতে প্রয়োজনীয় সংখ্যক পদের সংস্থান রাখা যাবে। তবে এরূপ পদে কোনক্রমেই সরাসরি কোন জনবল নিয়োগ করা যাবে না। সংশ্লিষ্ট বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা অথবা অন্য কোন সরকারি দপ্তর/ সংস্থা থেকে প্রেষণে নিয়োগের মাধ্যমে এ সকল পদ পূরণ করতে হবে।

৫. যানবাহন

কর্মসূচির আওতায় কোন প্রকার যানবাহন ক্রয়ের সংস্থাপন রাখা যাবে না। প্রকৃত প্রয়োজন অনুযায়ী দৈনিক/ মাসিক ভিত্তিতে যানবাহন ভাড়া নেওয়া যেতে পারে।

৬. মেরামত ও সংরক্ষণ

কর্মসূচির অংগভিত্তিক ব্যয় হিসাবে মেরামত ও সংরক্ষণ থাতে কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। তবে প্রয়োজন বোধে শুধুমাত্র মেরামত ও সংরক্ষণ কাজের জন্য কোন কর্মসূচি গ্রহণ করা হলে এ বাবদ প্রয়োজনীয় অর্থ সংস্থাপনের প্রস্তাব করা যাবে।

৭. প্রশিক্ষণ

কর্মসূচির আওতায় সাধারণভাবে বৈদেশিক প্রশিক্ষণ নিরুৎসাহিত করা হবে। যৌক্তিক ক্ষেত্রে দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ/ সেমিনার/ শিক্ষা সফরের সংস্থান রাখা যেতে পারে।

৮. পিপিআর ও প্রচলিত বিধিবিধান অনুসরণ

কর্মসূচির আওতায় সকল দ্রব্য/ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন (পিপিআর) বিধানাবলী অনুসরণ করতে হবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত আর্থিক ও অন্যান্য বিধি-বিধান কোন ব্যতিক্রম ছাড়াই প্রতিপালন করতে হবে।

৯. কর্মসূচি পরিচালক

প্রতিটি কর্মসূচির জন্য স্বতন্ত্র পরিচালক নিয়োগ করতে হবে। মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার কোন উপযুক্ত কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব হিসাবে কর্মসূচি পরিচালকের দায়িত্ব প্রদান করা যেতে পারে। কর্মসূচি পরিচালক হিসাবে এমন কর্মকর্তা নিয়োগ প্রদান করতে হবে যেন তিনি সমগ্র কর্মসূচির মেয়াদকাল একনাগাড়ে কাজ করতে পারেন।

১০. কর্মসূচি সংশোধন

রাজস্ব বাজেটের আওতায় প্রস্তাবিত কর্মসূচি স্বল্প ব্যয়ে এবং স্বল্প সময়ে বাস্তবায়িত হবে বিধায় কর্মসূচি প্রণয়নের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যেন অনুমোদনের পরে তা সংশোধনের প্রয়োজন না হয়। তবে যৌক্তিক কারণে মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্মসূচির অঙ্গভিত্তিক (Component wise) ব্যয় ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে সবোর্চ্চ এক বছর পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করতে পারবে। কর্মসূচির মেয়াদ এক বছরের বেশী বৃদ্ধির প্রয়োজন হলে বা ব্যয় বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে তিন মাস পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ যৌক্তিকতাসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ গ্রহণক্রমে অর্থ বিভাগ অনুমোদন প্রদান করবে। উল্লেখ্য, কর্মসূচির অংগভিত্তিক (Component) বরাদ্দ পরিবর্তনের ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।

এ আর এম নজমুস ছাকিব
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা) সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সকল যুগ্ম-সচিব, অর্থ বিভাগ।
৭। সকল উপ সচিব, বাজেট অনুবিভাগ ১/২, অর্থ বিভাগ।
৮। সকল সিনিয়র সহকারী সচিব বাজেট অনুবিভাগ ১/২, অর্থ বিভাগ।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/ বিভাগ।

সংযোজনী-ক

## অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির প্রস্তাব (PPNB)

১. প্রস্তাবিত কর্মসূচির নাম:
২. বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাঃ
৩. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগঃ
৪. প্রস্তাবিত কর্মসূচির বাস্তবায়ন কালঃ
৫. প্রস্তাবিত কর্মসূচির উদ্দেশ্য ও যৌক্তিকতাঃ
(বিস্তারিতভাবে প্রয়োজনে পৃথক শটে বর্ণনা করতে হবে এবং ইতোপূর্বে প্রস্তাবিত কর্মসূচি/ প্রকল্পের কোন পর্যায় উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়িত হয়ে থাকলে IMED কর্তৃক প্রণীত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে)
৬. NSAPR বা মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রার সাথে প্রস্তাবিত কর্মসূচির সংশ্লিষ্টতাঃ

৭। প্রস্তাবিত কর্মসূচির আওতায় গৃহীতব্য কার্যক্রমসমূহের (Activities) এবং কার্যক্রমসমূহের সম্ভাব্য ফলাফল (Output)/ প্রভাব (Outcome):

| কার্যক্রম | ফলাফল (Output)/ প্রভাব (Outcome) |
|---|---|
| | |
| | |

৮। প্রস্তাবিত কর্মসূচির প্রাক্কলিত ব্যয়: -------------------------------------- (লক্ষ টাকায়)

৯। মোট কর্মসূচি ব্যয়ের অর্থনৈতিক শ্রেণীবিন্যাস*

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ | ব্যয় | মোট কর্মসূচি ব্যয়ের শতকরা অংশ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

* সংযোজনী-১ এ প্রদত্ত ছকে অর্থনৈতিক কোডওয়ারী বার্ষিক ব্যয় বিভাজন প্রদান করতে হবে।

১০। মোট কর্মসূচি ব্যয়ের বছরওয়ারী বিভাজন

(লক্ষ টাকায়)

| বছর | বছরের মোট ব্যয় | মোট কর্মসূচি ব্যয়ের শতকরা অংশ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১১। কর্মসূচির আওতায় সৃষ্টির জন্য প্রস্তাবিত পদসমূহ

| ক্রমিক নং | প্রস্তাবিত পদের নাম | সংখ্যা | বেতন স্কেল | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |

* সকল পদ অতিরিক্ত দায়িত্বে/ প্রেষণে পূরণ করতে হবে।

১২। কর্মসূচির আওতায় সংগ্রহ পরিকল্পনা (Procurement Plan):

১৩.১ অফিস সরঞ্জাম/যন্ত্রপাতি

| ক্রমিক নং | সরঞ্জাম/যন্ত্রপাতির বিবরণ | প্রস্তাবিত সংখ্যা | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার রাজস্বখাতে সংগ্রহীত অনুরূপ সরঞ্জামের সংখ্যা | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার উন্নয়নখাতে সংগ্রহীত অনুরূপ সরঞ্জামের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৩.২ পরামর্শক

| পরামর্শক পদের নাম | পরামর্শকের সংখ্যা | জন মাস | মাসিক সম্মানী | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |

১৩.৩ নির্মাণ*

| নির্মাণ কাজের ধরন (অফিস ভবন/ আবাসিক ভবন/ সড়ক/ অন্যান্য) | মোট আয়তন (বর্গ ফুট) | মোট নির্মাণ ব্যয় | প্রতি বর্গ ফুটের নির্মাণ ব্যয় | প্রতিকিলোমিটার নির্মাণ ব্যয় (রাস্তার ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

* বিস্তারিত প্লান (নকশা) এবং প্রাক্কলন পৃথকভাবে সংযোজন করতে হবে।

১৪. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য

| প্রশিক্ষণের ধরন | মেয়াদ | স্থান | ব্যয় | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

১৫. আইটেমওয়ারী আর্থিক (Financial) ও ভৌত (Physical) লক্ষ্যমাত্রা (সংযোজনী-২ এ প্রদর্শিত ছকে বিবরণ প্রদান করুন)

১৬. প্রস্তাবিত কর্মসূচি কোন কোন এলাকায় বাস্তবায়ন করা হবে?

**ঐ এলাকার সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা কর্তৃক আর কিকি কর্মসূচি বাস্তবায়াধীন রয়েছে?**

----------------------------------------------------------
বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা প্রধানের স্বাক্ষর ও সীল

------------------------------------------------------------
মন্ত্রণালয়/ বিভাগের সচিবের সুপারিশসহ স্বাক্ষর ও সীল

## সংযোজনী-১

প্রস্তাবিত কর্মসূচির প্রাক্কলিত ব্যয়:

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোডসহ আইটেম | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর | মোট | মোট কর্মসূচি ব্যয়ের শতকরা অংশ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| সর্বমোট: | | | | | | | |

## বছরওয়ারী ভৌত এবং আর্থিক লক্ষ্যমাত্রা

কর্মসূচির নাম:

মন্ত্রণালয়/ বিভাগের নাম:

(লক্ষ টাকায়)

| বাজেট খাত | অর্থনৈতি ককোড | কোডের বিবরণ | সর্বমোট ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা | | | | প্রথম বছর | | | দ্বিতীয় বছর | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পরিমাণ | অঙ্গ-ভিত্তিক ব্যয় | সর্বমোট ব্যয় | ওয়েট | আর্থিক | ভৌত | | আর্থিক | ভৌত | |
| | | | | | | | | অঙ্গ ভিত্তিক শতকরা ব্যয় | কর্মসূচির শতকরা ব্যয় | | অঙ্গভিত্তিক শতকরা ব্যয় | কর্মসূচির শতকরা ব্যয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| (ক) রাজস্ব ব্যয় | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| (খ) মূলধন ব্যয় | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | | | | | | | | | | |

প্রত্যেক অঙ্গের Weight (ওয়েট) $= \dfrac{\text{প্রত্যেক সংশ্লিষ্ট অঙ্গের প্রাক্কলিত ব্যয়}}{\text{সকল ভৌত অঙ্গের সর্বমোট ব্যয়}}$

ভ্যত অঙ্গভিত্তিক শতকরা ব্যয় $= \dfrac{\text{প্রত্যেক বছরের পরিমাণ/ সংখ্যার লক্ষ্যমাত্রা}}{\text{কর্মসূচির মেয়াদে সংশ্লিষ্ট অঙ্গের সর্বমোট পরিমাণ/ সংখ্যা}} \times ১০০$

কর্মসূচির ভৌত শতকরা ব্যয় = প্রত্যেক অঙ্গের ওয়েট × অঙ্গের শতকরা হার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং-০৭.১০৩.০১৮.০০.০০.০০১.২০১০-২৪৭ তারিখ: ২২/০৭/২০১০

## পরিপত্র

**বিষয়: অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রক্রিয়াকরণ, অনুমোদন/ সংশোধন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নীতিমালা।**

অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য কমর্সূচি প্রক্রিয়াকরণ, অনুমোদন/ সংশোধন, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়নের বিষয়ে ইতোপূর্বে সময়ে সময়ে জারিকৃত নীতিমালার পরিবর্তে নিম্নে বর্ণিত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

**২.০ কর্মসূচি প্রক্রিয়াকরণ**

২.১ কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির প্রস্তাব (Proposal/ Proforma for Programme Financed from the Non-Development Budget-PPNB) পিপিএনবি শীর্ষক ছক (সংযোজনী-ক) ব্যবহার করতে হবে। কর্মসূচি সনাক্ত করার পর বাস্তবায়নকারী অধিদপ্তর/ সংস্থা নির্দিষ্ট ছকে প্রস্তাব প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে।

২.২ অনুন্নয়ন বাজেটের আওতায় প্রণীত কর্মসূচির মোট ব্যয় সাধারণভবে ১০.০০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রস্তাবিত কর্মসূচির প্রতিটি আইটেমের বরাদ্দ বিস্তারিত বাজেট কোড (১৩ ডিজিট) অনুযায়ী পৃথকভাবে প্রদর্শন করতে হবে (সংযোজনী-খ মোতাবেক)।

২.৩ বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা হতে নির্ধারিত ছকে প্রস্তাব পাওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ নিম্নবর্ণিত বিষয়সমূহ নিশ্চিত করবে:

ক) কর্মসূচির নির্ধারিত ছক যথাযথভাবে পূরণ এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি প্রদান;

খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) অন্তর্ভুক্ত কোন প্রকল্পের সাথে প্রস্তাবিত কর্মসূচির দ্বৈততা পরিহার করা;

গ) চলমান কর্মসূচির সাথে প্রস্তাবিত কর্মসূচির দ্বৈততা পরিহার করা; এবং

ঘ) কর্মসূচির জন্য নির্ধারিত অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত।

২.৪ উপর্যুক্ত বিষয়সমূহ পরীক্ষার পর কর্মসূচিটি গ্রহণযোগ্য বিবেচিত হলে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটিতে (BMC) উপস্থাপন করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ পরীক্ষা করবে:

ক) জাতীয় কৌশল/ পরিকল্পনা এবং/ অথবা মন্ত্রণালয়/ বিভাগের নিজস্ব নীতি নির্ধারণী দলিলে বর্ণিত কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রস্তাবিত কর্মসূচিটি গ্রহণ/ বাস্তবায়নের আবশ্যকতা;

খ) কর্মসূচির প্রাক্কলিত অংগভিত্তিক (Component) ব্যয় বিদ্যমান বাজার মূল্য অথবা মন্ত্রণালয়/ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন অনুরূপ অন্যান্য প্রকল্প/ কর্মসূচির সাথে সামঞ্জস্যতা;

গ) মন্ত্রণালয়ে বাজেট কাঠামোর (MBF) মধ্য মেয়াদি ব্যয় পরিকল্পনায় প্রস্তাবিত কর্মসূচিটির অগ্রাধিকার তালিকাভুক্তি; এবং

ঘ) কর্মসূচির জনবল এবং সংগ্রহ পরিকল্পনা (Procurement Plan) এবং সকল অংগভিত্তিক ব্যয়ের আর্থিক সংশ্লেষ।

২.৫ বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রস্তাবিত কর্মসূচিটি বিবেচনার পর পিপিএনবি সংশোধনের প্রয়োজন হলে বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা এতে প্রয়োজনীয় সংশোধন করবে এবং সংশোধিত পিপিএনবি মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি প্রস্তাবিত কর্মসূচিটি অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণের জন্য সুপারিশ করলে কর্মসূচিটি অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ অর্থ বিভাগে প্রেরণ করবে। পিপিএনবির সাথে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি সংযুক্ত করতে হবে।

২.৬ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ থেকে অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট শাখা/ অধিশাখা উক্ত প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করবে। প্রাপ্ত প্রস্তাব ত্রুটিপূর্ণ ও তথ্য উপাত্তের দিক অসম্পূর্ণ বিবেচিত হলে এবং অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচি অনুমোদনের লক্ষ্যে সুপারিশ

প্রদানের গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে উপস্থাপন সঠিক হবে না মর্মে যুগ্ম-সচিব/ অর্থ সচিব পর্যায়ে সিদ্ধান্ত গৃহীত প্রস্তাবটির ত্রুটি/ অসম্পূর্ণতাসমূহের বর্ণনাসহ প্রয়োজনীয় সংশোধনের জন্য অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ অনুরোধ জানাবে। এছাড়াও, প্রস্তাবিত কর্মসূচিটি এ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে অর্থ বিভাগ তা প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ পাঠাবে।

২.৭ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রাপ্ত অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির মূল/ সংশোধিত প্রস্তাবটি ত্রুটিমুক্ত যথাযথ বিবেচিত হলে অর্থ বিভাগ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তা বিবচেনার জন্য এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে একটি স্বয়ংসম্পূর্ণ নোটসহ উপস্থাপন করবে।

২.৮ কমিটি প্রস্তাবিত কর্মসূচির অনুমোদনের জন্য সুপারিশ করলে অর্থ বিভাগ তা মাননীয় অর্থ মন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করবে। তবে অর্থ সচিব প্রয়োজনীয় মনে করলে কোন কর্মসূচি অনুমোদনের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় কমিটি কোন সুপারিশ পুনঃপরীক্ষার জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করতে পারবেন। মাননীয় অর্থ মন্ত্রী কর্তৃক অনুমোদিত হওয়ার পরবর্তী ৭ (সাত) কার্য দিবসের মধ্যে অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্ত অনুমোদন পত্র জারি করা হবে। তবে আন্তঃমন্ত্রণালয় কমিটি কোন কর্মসূচি অনুমোদনের জন্য সুপারিশ না করলে সেক্ষেত্রে বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে পরবর্তী ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে অবহিত করা হবে।

### ৩.০ কর্মসূচির আওতা

৩.১ সরকারের কৌশলগত উদ্দেশ্যে ও মন্ত্রণালয়ের নিজস্ব নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং তা অর্জনে সহায়ক কেবল মাত্র এরূপ কমসূচিই গ্রহণ করা যাবে। নিম্নে বর্ণিত এক বা একাধিক বৈশিষ্ট প্রস্তাবিত কর্মসূচির থাকতে হবে।

ক) স্বল্প ব্যয়ে উন্নয়নমূলক কার্য সম্পাদন;

খ) দারিদ্র বিমোচনমূলক কার্যক্রম;

গ) প্রবৃদ্ধি সহায়ক কার্যক্রম; এবং

ঘ) মানব সম্পদ উন্নয়নমূলক কার্যক্রম।

৩.২ অনুন্নয়ন বাজেটের আওতায় নিম্নে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রক্রিয়াকরণ করা যেতে পারে:

ক) বৈজ্ঞানিক ও উদ্ভাবনী গবেষণা;

খ) কম্পিউটার হার্ডওয়ার/ সফটওয়ার সংগ্রহ/ উন্নয়ন এবং LAN/ WAN স্থাপন এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ;

গ) নির্মাণ ও পূর্ত কাজ;

ঘ) বিদ্যমান স্থাপনাসমূহের মেরামত ও সংরক্ষণ/ পূর্ত কাজের নতুন তফসিলসহ ; এবং

ঙ) বিশেষায়িত যন্ত্রপাতি সংগ্রহ/ মেরামত।

৪.০ **কর্মসূচির প্রস্তাব প্রেরণের সময়সীমা:** বিশেষ ক্ষেত্র ছাড়া রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন কর্মসূচি বাস্তব লক্ষ্যে সংশ্লিষ্ট অর্থ বছরের প্রথম প্রান্তিকের (জুলাই থেকে সেপ্টেম্বর) মধ্যে এ সংক্রান্ত প্রস্তাব অবশ্যই অর্থ বিভাগে করতে হবে।

৫.০ **কর্মসূচির মেয়াদকালঃ** কর্মসূচির মেয়াদকাল সাধারণত তিন বছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচির মাধ্যমে গ্রহীত কার্যক্রম সম্পন্ন করতে হবে। তবে, কর্মসূচির প্রকৃতি ও বিবেচনায় এ মেয়াদকাল ক্ষেত্র বিশেষে তিন বছরের বেশী হতে পারে।

৬.০ **জনবলঃ** কর্মসূচি বাস্তবায়নের জন্য অপরিহার্য ক্ষেত্রে পিপিএনবিতে প্রয়োজনীয় সংখ্যক পদের সংস্থান রাখা যাবে। তবে এরূপ পদে কোনক্রমেই সরাসরি কোন জনবল নিয়োগ করা যাবে না। বাস্তবায়নকারী সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা অথবা অন্য কোন সরকারি দপ্তর/ সংস্থা থেকে প্রেষণে নিয়োগ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে এ সকল পদ পূরণ করতে হবে।

৭.০ **যানবাহনঃ** কর্মসূচির আওতায় কোন প্রকার যানবাহন ক্রমের সংস্থাপন রাখা যাবে না। তবে, প্রকৃত প্রয়োজন অনুযায়ী দৈনিক/ মাসিক ভিত্তিতে যানবাহন ভাড়া নেওয়া যেতে পারে।

৮.০ **মেরামত ও সংরক্ষণঃ** কর্মসূচির অংগভিত্তিক ব্যয় হিসাবে ‘মেরামত ও সংরক্ষণ’ খাতে কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। তবে প্রয়োজন বোধে শুধুমাত্র মেরামত ও সংরক্ষণ কাজের জন্য কোন কর্মসূচি গ্রহণ করা হলে এ বাবদ প্রয়োজনীয় অর্থ সংস্থানের প্রস্তাব করা যাবে।

৯.০ **প্রশিক্ষণ:** কর্মসূচির আওতায় সাধারণভাবে বৈদেশিক প্রশিক্ষণ নিরুৎসাহিত করা হবে। যৌক্তিক ক্ষেত্রে দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ/ সেমিনার/ শিক্ষা সফরের সংস্থান রাখা যেতে পারে।

**১০.০ কর্মসূচির বাস্তবায়ন, অর্থ ছাড় ও ব্যবহার**

১০.১ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ বাজেট বরাদ্দের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মসূচির তিন কিস্তির সমপরিমাণ অর্থ একত্রে ছাড় করতে পারবে এবং সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী শেষ কিস্তিতে অর্থ ছাড় করতে পারবে।

১০.২ কর্মসূচির আওতায় সকল প্রকার পণ্য/ সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রচলিত আর্থিক ও অন্যান্য প্রশাসনিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

১০.৩ মাসিক এডিপি সমন্বয় সভায় কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

১০.৪ কর্মসূচি বাস্তবায়ন সমাপ্তির পর একটি সমাপ্তি প্রতিবেদন কর্মসূচির পরিচালক প্রণয়ন করবেন এবং তা অর্থ সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সচিবের নিকট প্রেরণ করবেন।

১১.০ **কর্মসূচি পরিচালকঃ** প্রতিটি কর্মসূচির জন্য স্বতন্ত্র পরিচালক নিয়োগ করতে হবে। মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার কোন উপযুক্ত কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব হিসাবে কর্মসূচি পরিচালকের দায়িত্ব প্রদান করা যেতে পারে। কর্মসূচি পরিচালক হিসাবে এমন কর্মকর্তা নিয়োগ প্রদান করতে হবে যেন তিনি সমগ্র কর্মসূচির মেয়াদকালে একনাগাড়ে কাজ করতে পারেন।

**১২.০ কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন**

১২.১ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা অনুবিভাগ/ অধিশাখা রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরীবিক্ষণ করবে। বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন (সংযোজনী -ঘ অনুযায়ী) ত্রৈমাসিক ভিত্তিতে BMC সভায় বিবেচনার জন্য উপস্থাপন করা হবে এবং এর একটি অনুলিপি অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগে প্রেরণ করতে হবে।

১২.২ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ প্রয়োজনবোধে স্বতন্ত্র প্রতিষ্ঠানের মাধ্যমে কর্মসূচির পরিবীক্ষণ ও মূল্যায়ন করাতে পারবে এবং এ বাবদ প্রয়োজনীয় অর্থ মন্ত্রণালয়ের অডিট/ সমীক্ষা ফি হতে মেটানো যাবে।

১২.৩ অর্থ বিভাগের আওতাধীন অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ বিভিন্ন কর্মসূচি পরীবিক্ষণ ও মূল্যায়ন করবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন অর্থ সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সচিবের নিকট প্রেরণ করবে।

**১৩.০ কর্মসূচি সংশোধন**

১৩.১ অনুন্নয়ন বাজেটের আওতায় প্রস্তাবিত কর্মসূচি স্বল্প ব্যয়ে এবং স্বল্প সময়ে বাস্তবায়িত হবে বিধায় কর্মসূচি প্রণয়নের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যেন অনুমোদনের পরে তা সংশোধনের প্রয়োজন না হয়। তবে যৌক্তিক কারণে মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্মসূচির অঙ্গভিত্তিক (Component wise) ব্যয় ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে সবোর্চ্চ একবছর পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

১৩.২ কর্মসূচির ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ গ্রহণক্রমে অর্থ বিভাগ অনুমোদন প্রদান করবে। এরূপ সংশোধনের ক্ষেত্রে কর্মসূচির মোট ব্যয় ১০.০০ কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলন করা যাবেনা। তবে, কর্মসূচির অংগভিত্তিক (Component) বরাদ্দ পরিবর্তনের ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।

১৪.০ যথাযথভাবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

আব্দুর রউফ তালুকদার<br>
উপ-সচিব (বাজেট-১)<br>
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-সচিব (সঙ্গঠন ও ব্যবস্থাপনা) সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সকল যুগ্ম-সচিব, অর্থ বিভাগ।
৭। সকল উপ সচিব, বাজেট অনুবিভাগ ১/ ২, অর্থ বিভাগ।
৮। সকল সিনিয়র সহকারী সচিব বাজেট অনুবিভাগ ১/ ২, অর্থ বিভাগ।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/ বিভাগ।

সংযোজনী-ক

## অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির প্রস্তাব (PPNB)

১. প্রস্তাবিত কর্মসূচির নাম:

২. বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাঃ

৩. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগঃ

৪. প্রস্তাবিত কর্মসূচির বাস্তবায়ন কালঃ

৫. প্রস্তাবিত কর্মসূচির উদ্দেশ্য ও যৌক্তিকতাঃ

(বিস্তারিতভাবে প্রয়োজনে পৃথক শীটে বর্ণনা করতে হবে এবং ইতোপূর্বে প্রস্তাবিত কর্মসূচি/ প্রকল্পের কোন পর্যায় উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়িত হয়ে থাকলে IMED কর্তৃক প্রণীত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে)

৬. মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রার সাথে প্রস্তাবিত কর্মসূচির সংশ্লিষ্টতাঃ

৭. প্রস্তাবিত কর্মসূচির আওতায় গৃহীতব্য কার্যক্রমসমূহের (Activities) সম্ভাব্য ফলাফল (Output):

| ফলাফল নির্দেশক | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর |
| ১। নির্দেশক-ক | | | | |
| ২। নির্দেশক-খ | | | | |
| ৩। নির্দেশক-গ | | | | |

৮. প্রস্তাবিত কর্মসূচির প্রাক্কলিত ব্যয়ঃ -------------------------------------- (লক্ষ টাকায়)

৯. মোট কর্মসূচি ব্যয়ের অর্থনৈতিক শ্রেণীবিন্যাস*

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ | ব্যয় | মোট কর্মসূচি ব্যয়ের শতকরা অংশ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

* সংযোজনী-খ এ প্রদত্ত ছকে অর্থনৈতিক কোডওয়ারী বার্ষিক ব্যয় বিভাজন প্রদান করতে হবে।

১০. মোট কর্মসূচি ব্যয়ের বছরওয়ারী বিভাজন ও ব্যয় পরিকল্পনা

(লক্ষ টাকায়)

| | ব্যয় পরিকল্পনা | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর | | | | ২য় বছর | | | | ৩য় বছর | | | |
| প্রান্তিক | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ |
| মোট ব্যয় | | | | | | | | | | | | |
| মোট বরাদ্দের শতকরা হার | | | | | | | | | | | | |

১১। কর্মসূচির আওতায় সৃষ্টির জন্য প্রস্তাবিত পদসমূহ

| ক্রমিক নং | প্রস্তাবিত পদের নাম | সংখ্যা | বেতন স্কেল | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |

* সকল পদ অতিরিক্ত দায়িত্বে/ প্রেষণে পূরণ করতে হবে।

**১২। কর্মসূচির আওতায় সংগ্রহ পরিকল্পনা (Procurement Plan):**

১২.১ অফিস সরঞ্জাম/ যন্ত্রপাতি

| ক্রমিক নং | সরঞ্জাম/ যন্ত্রপাতির বিবরণ | প্রস্তাবিত সংখ্যা | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার রাজস্ব খাতে সংগ্রহীত অনুরূপ সরঞ্জামের সংখ্যা | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার উন্নয়ন খাতে সংগ্রহীত অনুরূপ সরঞ্জামের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১২.২ পরামর্শক

| পরামর্শক পদের নাম | পরামর্শকের সংখ্যা | জন মাস | মাসিক সম্মানী | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |

১২.৩ নির্মাণ*

| নির্মাণ কাজের ধরন (অফিস ভবন/ আবাসিক ভবন/ সড়ক/ অন্যান্য) | মোট আয়তন (বর্গ ফুট) | মোট নির্মাণ ব্যয় | প্রতি বর্গ ফুটের নির্মাণ ব্যয় | প্রতিকিলোমিটার নির্মাণ ব্যয় (রাস্তার ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

* বিস্তারিত প্লান (নকশা) এবং প্রাক্কলন পৃথকভাবে সংযোজন করতে হবে।

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য

| প্রশিক্ষণের ধরন | মেয়াদ | স্থান | ব্যয় | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

১৪। আইটেমওয়ারী আর্থিক (Financial) ও ভৌত (Physical) লক্ষ্যমাত্রা (সংযোজনী-গ এ প্রদর্শিত ছকে বিবরণ প্রদান করুন)

১৫। প্রস্তাবিত কর্মসূচি কোন কোন এলাকায় বাস্তবায়ন করা হবে? ঐ এলাকার সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা কর্তৃক আর কী কী কর্মসূচি বাস্তবায়াধীন রয়েছে?

-----------------------------------------------------
বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা প্রধানের স্বাক্ষর ও সীল

-----------------------------------------------------
মন্ত্রণালয়/ বিভাগের সচিবের সুপারিশসহ স্বাক্ষর ও সীল

সংযোজনী-খ

**প্রস্তাবিত কর্মসূচির প্রাক্কলিত ব্যয়:**

| বিস্তারিত বাজেট কোড (১৩ ডিজিট) | আইটেম | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | মোট বছর | মোট কর্মসূচি ব্যয়ের শতকরা অংশ |
|---|---|---|---|---|---|---|
| ৩-০৯০০-০০০০-৪৫০১ | অফিসারদের বেতন | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| সর্বমোট: | | | | | | |

সংযোজনী-গ

## বছরওয়ারী ভৌত এবং আর্থিক লক্ষ্যমাত্রা

**কর্মসূচির নাম:**

**মন্ত্রণালয়/ বিভাগের নাম:**

(লক্ষ টাকায়)

| বাজেট খাত | অর্থনৈতিক কোড | সর্বমোট ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা | | | | প্রথম বছর | | | দ্বিতীয় বছর | | | তৃতীয় বছর | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | অঙ্গভিত্তিক ব্যয় | সর্বমোট ব্যয় | Weight (ওয়েট) | আর্থিক | ভৌত | | আর্থিক | ভৌত | | আর্থিক | ভৌত | |
| | | | | | | | অঙ্গভিত্তিক শতকরা ব্যয় | কর্মসূচির শতকরা ব্যয় | | অঙ্গভিত্তিক শতকরা ব্যয় | কর্মসূচির শতকরা ব্যয় | | অঙ্গভিত্তিক শতকরা ব্যয় | কর্মসূচির শতকরা ব্যয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (ক) রাজস্ব ব্যয় | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| (খ) মূলধন ব্যয় | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | | | | | | | | | | | | |

$$\text{প্রত্যেক অঙ্গের Weight (ওয়েট)} = \frac{\text{প্রত্যেক সংশ্লিষ্ট অঙ্গের প্রাক্কলিত ব্যয়}}{\text{সকল ভৌত অঙ্গের সর্বমোট ব্যয়}}$$

$$\text{ভ্যত অঙ্গভিত্তিক শতকরা ব্যয়} = \frac{\text{প্রত্যেক বছরের পরিমাণ/ সংখ্যার লক্ষ্যমাত্রা}}{\text{কর্মসূচির মেয়াদে সংশ্লিষ্ট অঙ্গের সর্বমোট পরিমাণ/ সংখ্যা}} \times ১০০$$

$$\text{কর্মসূচির ভৌত শতকরা ব্যয়} = \text{প্রত্যেক অঙ্গর Weight (ওয়েট)} \times \text{অঙ্গের শতকরা হার}$$

**<u>সংযোজনী-ঘ</u>**

<u>কর্মসূচি বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন</u>

ক) অর্থ ব্যবহার

| | ব্যয় পরিকল্পনা | | | | | | | | | | | | প্রকৃত ব্যয়* | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর | | | | ২য় বছর | | | | ৩য় বছর | | | | ১ম বছর | | | | ২য় বছর | | | | ৩য় বছর | | | |
| প্রান্তিক | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ |
| মোট বরাদ্দের শতকরা হার | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

* প্রান্তিক ভিত্তিক প্রকৃত ব্যয় ১৫% এর কম হলে পৃথকভাবে তার ব্যাখ্যা প্রদান করতে হবে।

খ) বাস্তব অগ্রগতি

| অংগভিত্তিক ব্যয়ের | মূল পরিকল্পনা** | | | | | | | | | | | | প্রকৃত অর্জন*** | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর | | | | ২য় বছর | | | | ৩য় বছর | | | | ১ম বছর | | | | ২য় বছর | | | | ৩য় বছর | | | |
| প্রান্তিক | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ১ম | ২য় | ৩য় | ৪র্থ |
| ১। | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২। | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪। | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

* পরিমাপের যথাযথ একক নির্ণয় করতে হবে।
* প্রান্তিক ভিত্তিক প্রকৃত অর্জন ১০% এর কম হলে পৃথকভাবে তার ব্যাখ্যা প্রদান করতে হবে।

গ) প্রাক্কলিত ফলাফর (Output Target)

| ফলাফল নির্দেশক | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | | | প্রকৃত অর্জন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর |
| ১। নির্দেশক-ক | | | | | | | |
| ২। নির্দেশক-খ | | | | | | | |
| ৩। নির্দেশক-গ | | | | | | | |

# কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন ঋণ ও অগ্রিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ

নং-অম/অবি/বাউ(উঃউঃ২)/বিবিধ(৭)/৯০/৭৩৪ তারিখ: ২০-১০-১৯৯০ খ্রিঃ

অর্থ বিভাগ হইতে ২১-১০-৮৯ইং তারিখে জারিকৃত অম(ব্যাংনি-১) ডিপি-৩/ ৮৭/ ২৬৯ নং স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, গৃহ নির্মাণ ও মোটর গাড়ী অগ্রিম প্রদানের বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বিবেচিত হইবে এবং অগ্রিম প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করিতে হইবে।

**নীতিমালা**

১। অর্থ বিভাগ হইতে অর্থ বৎসরের শুরুতেই বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ তাহাদের অধীনস্থ দপ্তর/ পরিদপ্তর/ অধিদপ্তরসমূহের বাজেট বরাদ্দ জানাইয়া সকল সি,এ,ও/ এবং প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে পত্র জারি করা হইবে।

২। বাজেট বরাদ্দের (বিভাজন অনুসারে) অতিরিক্ত ব্যয় করা চলিবে না। সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধি করা হইবে না।

৩। সকল দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর তাহাদের আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে জমা দিবেন।

৪। মন্ত্রণালয়/ বিভাগ পেশকৃত আবেদনপত্রগুলি পরীক্ষা নিরীক্ষা করিবেন এবং পূর্ব নির্ধারিত নীতির ভিত্তিতে বাজেট বরাদ্দের ভিত্তিতে মঞ্জুরীপত্র প্রদান করিবেন।

৫। কোন অস্থায়ী কর্মচারীর চাকরিকাল ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হইলে অগ্রিম পাওয়ার যোগ্য হইবে না। আবেদনপত্রের সাথে অবশ্যই দুইজন স্থায়ী কর্মচারী হইতে জামানতপত্র (Surity Bond) দাখিল করিতে হইবে।

৬। চব্বিশ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৮০,০০০/- (আশি হাজার) টাকা অথবা নির্মিত গৃহের পূর্বধার্য্যকৃত মূল্য অথবা পূর্বানুমিত নির্মাণ ব্যয় যাহা কম হইবে তাহাই কোন সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে তাহার কর্মস্থলে বসবাসের জন্য গৃহক্রয় অথবা গৃহনির্মাণ অথবা জমি ক্রয় ও গৃহনির্মাণের জন্য মঞ্জুর করা যাইতে পারে।

৭। প্রদত্ত গৃহ নির্মাণ অগ্রিম সর্বোচ্চ ১২০ মাসিক কিস্তিতে আদায় করিতে হইবে। অগ্রিমের প্রথম কিস্তি উত্তোলনের দ্বাদশ মাসের বেতন গ্রহণের পর হইতে আদায় শুরু হইবে।

৮। কোন সরকারি কর্মকর্তা/ কর্মচারী তাঁহার কর্মজীবনে একবারে অধিক গৃহ নির্মাণ অগ্রিম পাইবেন না। গৃহ নির্মাণ অগ্রিমের অর্থ সুদসহ পরিশোধ হইয়া গেলে মেরামত অগ্রিম পাইতে পারেন। সংশ্লিষ্ট সি,এ,ও অফিস হইতে অবশ্যই অগ্রিম পরিশোধ সংক্রান্ত সনদ দাখিল করিতে হইবে। পূর্বে গৃহীত গৃহ নির্মাণ অগ্রিম কিংবা ইহার সুদের কোন অংশ অনাদায়ী থাকিলে গৃহ মেরামত অগ্রিম মঞ্জুর করা যাইবে না।

৯। গৃহ মেরামত অগ্রিম হিসেবে বার মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা অথবা পূর্বানুমিত মেরামত ব্যয় যাহা কম হইবে মঞ্জুর করা যাইতে পারে। উক্ত অগ্রিম সর্বোচ্চ ৬০ মাসিক কিস্তিতে আদায় করিতে হইবে। অগ্রিম উত্তোলনের পর প্রথম মাসের বেতন গ্রহণের পর হইতে আদায় শুরু হইবে।

১০। যে সরকারি কর্মকর্তার/ কর্মচারীর বয়স ৪৫ বৎসর হইয়াছে কিংবা যিনি ২০ বৎসর সরকারি চাকরি করিয়াছেন, অবসর গ্রহণের পর তিনি যেখান বসবাস করিবেন বলিয়া স্থির করিয়াছেন, সেখানে গৃহ নির্মাণের জন্য অগ্রিম মঞ্জুর করা যাইতে পারে।

১১। বার মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা অথবা মোটর গাড়ীর পূর্বানুমিত বা পূর্বধার্য্যকৃত মূল্যের যাহা কম হইবে তাহাই কোন সরকারি কর্মকর্তাকে মোটর গাড়ী অগ্রিম হিসাবে মঞ্জুর করা যাইতে পারে। তবে মূল বেতন ৩,০০০/- (তিন হাজার) কমের কোন সরকারি কর্মকর্তাকে মোটর গাড়ী অগ্রিম মঞ্জুর করা যাইবে না। অগ্রিম উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হইতে সর্বাধিক ৬০ (ষাট) মাসিক কিস্তিতে উক্ত অগ্রিম আদায় করিতে হইবে।

১২। যে জমির উপর গৃহ নির্মাণ করা হইবে অবশ্যই তাহাতে আবেদনকারীর স্বত্ব থাকিবে এবং প্রচলিত বিধিমতে স্বত্ব সংক্রান্ত কাগজপত্র দাখিল করিতে হইবে। সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশ ছাড়া কোন অগ্রিম প্রদান করা যাইবে না এবং অগ্রিমের অর্থ যাহাতে সুদসহ পরিশোধ করা হয় তাহার জন্য অফিস প্রধানকে খেয়াল রাখিতে হইবে।

১৩। মঞ্জুরীকৃত অগ্রিম ২টি কিস্তিতে প্রদান করিতে হইবে। ১ম কিস্তির পরিমাণ মঞ্জুরীকৃত সমুদয় অর্থের ৬০% এর বেশী হইবে না। দ্বিতীয় কিস্তি প্রদানের আগে অবশ্যই সংশ্লিষ্ট জমির বন্ধকী দলিল (Mortgage Deed)

সরকারের অনুকূলে সম্পাদিত হইতে হইবে। দ্বিতীয় কিস্তির আবেদনের সাথে প্রথম কিস্তিতে প্রদত্ত অর্থের হিসাব প্রদান করিতে হইবে।

১৪। ক্যাডার সার্ভিসের অফিসার যে মন্ত্রণালয়ে/ বিভাগে কর্মরত আছেন সেই মন্ত্রণালয়/ বিভাগের বরাদ্দ হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন। তবে এইক্ষেত্রে অগ্রিম প্রদানের মঞ্জুরী আদেশের অনুলিপি অবশ্যই ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করিতে হইবে। অবস্য সচিবালয় ও প্রশাসনিক ক্যাডারের অফিসারদের জন্য প্রচলিত পদ্ধতি অনুযায়ী সংস্থাপন মন্ত্রণালয় হইতে অগ্রিম মঞ্জুরীর আদেশ জারি হইবে।

১৫। ডেপুটেশনে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী যে মন্ত্রণালয়/ সংস্থার অধীনে কর্মরত রহিয়াছেন সেখানে হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন, তবে এই উদ্দেশ্যে তাহার মূল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইতে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে। অগ্রিম গ্রহণের মহজুরী পত্রের অনুলিপিও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে প্রদান করিতে হইবে। স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব আইনে ডেপুটেশনে নিযুক্ত ব্যক্তিকে অগ্রিম প্রদানের বিধান তাকিলে সংশ্লিষ্ট কর্মকর্তা ডেপুটেশনাধীন সংস্থা হইতে অগ্রিম উত্তোলন করিতে পারিবেন। এ ক্ষেত্রেও মূল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে এবং মঞ্জুরপত্রের অনুলিপি উক্ত কর্তৃপক্ষকে দিতে হইবে।

১৬। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অগ্রিমের উপর বার্ষিক শতকরা ১০.৭৫ টাকা সুদের হার বহাল থাকিবে। কিস্তি অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হইলে ১২.২৫ টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করিতে হইবে। ক্রয়কৃত জমি সরকারের অনুকূলে বন্ধক প্রদান করা না হইলে বা ব্যর্থ হইলে ১ম কিস্তিতে প্রদত্ত টাকা ১২.২৫% হারে সুদেমূলে এককালীন আদায় করিতে হইবে।

১৭। মঞ্জুরী আদেশ জারির পর উহার দুইটি অনুলিপি পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে। অর্থ বিভাগ মনে করিলে সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষার জন্য চাহিতে পারেন। মঞ্জুরী আদেশসমূহ পৃষ্ঠাঙ্কনের জন্য এক সঙ্গে অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

১৮। অগ্রিম মঞ্জুরীর এবং উসুলের সকল দায়িত্ব এখন প্রশাসনিক মন্ত্রণালয়ের। দলিলগুলি সঠিকভাবে সম্পাদন করা, সঠিক হিসাব রাখা এবং বরাদ্দ অর্থের মধ্যে মঞ্জুরী সীমিত রাখিবার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় নিশ্চিত করিবে।

১৯। অগ্রিমের আবেদন বিবেচনা/ পরীক্ষাকালে অবশ্যই বি,এফ,আর/ জি,এফ,আর, এ উল্লেখিত অগ্রিম সংক্রান্ত নিয়মাবলী ও অত্র বিষয়ে অর্থ বিভাগ হইতে জারিকৃত নির্দেশাবলি যথাযথ প্রতিপালিত হইতে হইবে। যদি কোন ক্ষেত্রে বর্তমান নীতিমালা পূর্ববর্তী কোন আদেশের পরিপন্থী হয় তবে বর্তমান নীতিমালাই চূড়ান্ত হিসাবে বিবেচিত হইবে।

২। ১৯৯০-৯১ অর্থ সালের গৃহ নির্মাণ ও মোটর গাড়ী বাবদ বাজেট বরাদ্দ ও মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্ত পরিদপ্তর/ দপ্তর ওয়ারী বিভাজন এদতসঙ্গে সংযুক্ত করা হইল।

মোঃ আমজাদ হোসেন
সিনিয়র সহকারী সচিব

বিতরণ

১। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
২। মহা হিসাব নীরিক্ষক ও নিয়ন্ত্রক।
৩। হিসাব মহা নিয়ন্ত্রক।
৪। সকল পরিদপ্তর/ দপ্তর প্রধান।
৫। সকল সিএও।
৬। অর্থ বিভাগের সকল যুগ্ম সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।
৭। বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উপায় ও উপকরণ-২ শাখা

নং-অম/অবি/বাউ(উঃউঃ-২)/১৯৪-ঋণ ও অগ্রিম(৫০)/৯৬/৭৭৫ তারিখ: ১৫-০৬-১৪০৩ বঃ / ৩০-০৯-১৯৯৬ খ্রিঃ

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের গৃহ নিমার্ণ/মোটরগাড়ী/মোটরসাইকেল ও অন্যান্য পরিবহন/ বাই-সাইকেল অগ্রিম ঋণ সংক্রান্ত।**

নির্দেশিত হয়ে অর্থ বিভাগের ২০-১০-৯০ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ (উঃউঃ-২)/ বিবিধ (৭)/৯০/৭৩৪ স্মারকের আংশিক সংশোধন ও অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, গৃহ নির্মাণ, মোটারগাড়ী, মোটর সাইকেল ও অন্যান্য পরিবহণ/ বাই-সাইকেল অগ্রিম ঋণ প্রদানের পরিমাণ/ সীমা সরকার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করলোঃ-

ক) গৃহ নির্মাণ অগ্রিম ২৪ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৮০,০০০/- (আশি হাজার) টাকার স্থলে ৩৬ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ১.২০ লক্ষ (একলক্ষ বিশ হাজার) টাকা এবং গৃহ মেরামত বাবদ ১২ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চর্লিশ হাজার) টাকার স্থলে ১৮ মাসের মূল বেতনের সমান/ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অগ্রিম ঋণ হিসাবে নির্ধারণ করা হল। গৃহ নির্মাণ ঋণ সর্বোচ্চ ১২০ মাসিক কিস্তি এবং গৃহ মেরামত সর্বোচ্চ ৬০ (ষাট) মাসিক কিস্তিতে আদায়যোগ্য।

খ) মোটর গাড়ী অগ্রিম ঋণের ক্ষেত্রে ১২ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার স্থলে ১২ মাসের মূল বেতনের সমান/ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অগ্রিম ঋণ হিসাবে নির্ধারণ করা হল। সর্বাধিক মাসিক কিস্তি ৬০ (ষাট) মাসিক কিস্তিতে উক্ত অগ্রীম ঋণ আদায়যোগ্য। যে সকল কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা তদূর্ধ্ব কেবলমাত্র তারাই এ ঋণ পাওয়ার যোগ্য।

গ) মোটর সাইকেল অগ্রিম ঋণ ১২,০০০/- (বার হাজার) টাকার স্থলে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা নির্ধারণ করা হল। এ ঋণ সর্বাধিক মাসিক কিস্তি ৪৮ মাসিক কিস্তিতে আদায়যোগ্য। যে সকল কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা বা তদূর্ধ্ব কেবলমাত্র তারাই এ ঋণ পাওয়ার যোগ্য।

ঘ) বাই- সাইকেল অগ্রিম ঋণ ১,২০০/- (বার শত) টাকার স্থলে ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্ধারণ করা হল। এ ঋণ সর্বাধিক মাসিক কিস্তি ৩০ (ত্রিশ) মাসিক কিস্তিতে আদায়যোগ্য।

ঙ) পূনঃনির্ধারিত ঋণ ও অগ্রীমের পরিমাণ/ সীমা এবং সুদের হার ১লা জুলাই, ১৯৯৬ ইং তারিখ হতে কার্যকর হবে। তবে, ১৯৯৬-৯৭ সালের আগে যারা অগ্রিম ঋণ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে অগ্রিম ঋণের সময়সীমা প্রযাজ্য হবে না।

চ) ১৯৯৬-৯৭ অর্থ বছর হতে যারা অগ্রিম ঋণ গ্রহণ করবেন তাদের সবার ক্ষেত্রে নয়া সুদের হার কার্যকর হবে। ১৯৯৬-৯৭ সালের পূর্বে গৃহীত ঋণ ও অগ্রিমের ক্ষেত্রে ০১-০৭-১৯৯৬ ইং তারিখে কিংবা পরবর্তীতে প্রদেয় সুদের ক্ষেত্রে নয়া হার প্রযোজ্য হবে। তবে, উক্ত তারিখের পূর্বে প্রদেয় কিন্তু অপ্রদত্ত সুদের ক্ষেত্রে নয়া হার প্রযোজ্য হবে না।

ছ) আলোচ্য অগ্রিম ঋণসমূহের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক ২০-১০-৯০ ইং তারিখের জারিকৃত স্মারকের বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত সকল অগ্রিম ঋণের ক্ষেত্রে বার্ষিক ১০% হারে সুদ প্রযোজ্য হবে। কিস্তি অনুযায়ী অগ্রিম ঋণ পরিশোধে ব্যর্থ হলে ১১% চক্রবৃদ্ধি হারে দন্ড সুদ আদায়যোগ্য।

একে এম আজিজুল হক
সিনিয়র সহকারী সচিব

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৩। সচিব, --------------------------------------সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সি,জিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সকল পরিদপ্তর/দপ্তর প্রধান --------------------------------------।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------।
৭। বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
৮। জনাব --------------------------------------।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
উঃ উঃ-২ শাখা।

নং-অম/অবি/বাউ(উঃউ-২)/১৯৪-ঋণ ও অগ্রিম(৩৯)/৯৫/(অংশ)/৩৪ তারিখ: ২৩/৯/৯৭ ইং

**বিষয়: সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের মটর সাইকেল ক্রয় অগ্রিম ঋণ সংক্রান্ত।**

অর্থ বিভাগের ৩০/০৯/৯৬ ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ(উঃউঃ-২)/ ১৯৪ ঋণ ও অগ্রিম(৫০)/ ৯৬/ ৭৭৫ সংখ্যক স্মারকের আংশিক সংশোধনপূর্বক মটর সাইকেল ক্রয় অগ্রিম ঋণের বিষয়টি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হ'ল।

ক) মটর সাইকেল ক্রয় অগ্রিম ঋণ বিদ্যমান ২৫,০০০/- টাকার স্থলে ৩৫,০০০/- টাকায় উন্নীত করা হ'ল।

খ) কিস্তির সংখ্যা বিদ্যমান ৪৮ থেকে বৃদ্ধি করে ৬০ এ উন্নীত করা হ'ল।

গ) এ সুবিধা সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

ঘ) অর্থ বিভাগ কর্তৃক ৩০/৯/৯৬ ইং তারিখে জারিকৃত এতদসংক্রান্ত স্মারকে বর্ণিত অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে।

মোঃ আব্দুল লতিফ
সহকারী সচিব

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।
২। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
৩। সচিব ------------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ---------------------------------------------------।
৬। সকল সিঃ সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
উপায় ও উপকরণ শাখা-৩

নং-অম/অবি/বাউ(উঃউ-৩)৩এ(১)/৮৯(অংশ)/১২৯৬

তারিখঃ ০৩/০৯/৯৬ বাং
১৭/১২/৮৯ ইং

**বিষয়: মোটর গাড়ী, মোটর সাইকেল ও সাইকেল অগ্রিম বরাদ্দ সংক্রান্ত।**

উপরিউক্ত বিষয় সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সমস্ত কর্মকর্তা-কর্মচারী মোটর গাড়ী/ মোটর সাইকেল/ সাইকেল অগ্রিম গ্রহণ করিয়া সুদাসলসহ সমস্ত দায়দেনা পরিশোধপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে বিমোচনপত্র লাভ করিয়াছেন/ করিবেন তাঁহারা দ্বিতীয় বার উল্লেখিত অগ্রিম গ্রহণের যোগ্য হইবেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

এ, আর ধল
উপ-সচিব

বিতরণ:
১। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
২। কম্পোট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), বাংলাদেশ, ঢাকা।
৩। সকল বিভাগীয় কমিশনার।
৪। সকল জেলা প্রশাসক।
৫। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ ঢাকা।
৭। পরিচালক (পূর্ত), বাংলাদেশ, ঢাকা।
৮। পরিচালক (ডাক, তার ও দুলাপনী), বাংলাদেশ, ঢাকা।
৯। সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ, ঢাকা।
১০। পরিচালক, স্থানীয় রাজস্ব হিসাব নিরীক্ষা পরিদপ্তর।
১১। সকল জেলা জজ।
১২। সকল জেলা হিসাব কর্মকর্তা।
১৩। সকল অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ

নং- অম/অবি/বাউ-১/১এম(৪৯)/৯৮/৩৭২

তারিখঃ ২৬/০৮/১৯৯৯ খ্রিঃ
১১/০৫/১৪০৬ বং

সরকারি কর্মকর্তাগণের কম্পিউটার ব্যবহারে দক্ষতা বৃদ্ধির স্বার্থে সরকার কম্পিউটার ক্রয়ের জন্য আগ্রহী কর্মকর্তাগণকে অগ্রিম প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়েছেন। এই অগ্রিম প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করিতে হইবে:

**নীতিমালা:**

১. অর্থ বিভাগ হইতে অর্থ বৎসরের শুরুতেই বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ ও তাহাদের অধীনস্থ দপ্তর/পরিদপ্তরসমূহের বাজেট বরাদ্দ জানাইয়া সি.এ.ও এবং প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে পত্র জারি করা হইবে।

২. বাজেট বরাদ্দের (বিভাজন অনুসারে) অতিরিক্ত ব্যয় করা চলিবেনা। সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধি করা হইবে না।

৩. সকল দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর তাহাদের আবেদন পত্রসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে জমা দিবেন।

৪. মন্ত্রণালয়/ বিভাগে পেশকৃত আবেদনপত্রগুলি পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং পূর্বনির্ধারিত নীতি অনুসরণ করিয়া বাজেট বরাদ্দের ভিত্তিতে মঞ্জুরী পত্র প্রদান করিবেন।

৫. বেতনস্কেল নির্বিশেষে সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কম্পিউটার অগ্রিম প্রদানের জন্য আবেদন করিতে পারিবেন। তবে কোন অস্থায়ী কর্মকর্তা অগ্রিম পাওয়ার যোগ্য হইবে না। আবেদনপত্রের সাথে অবশ্যই দুইজন স্থায়ী কর্মকর্তা হইতে জামানতপত্র (Surety Bond) দাখিল করিতে হইবে।

৬. কম্পিউটার, স্ট্যাবিলাইজার ও প্রিন্টার ক্রয়ের জন্য একজন কর্মকর্তাকে ১২ (বার) মাসের মূল বেতন অথবা সর্বোচ্চ ৬০,০০০/- টাকা অগ্রিম ঋণ প্রদান করা যাইবে।

৭. প্রদত্ত অগ্রিম ঋণ সর্বোচ্চ ৬০ (ষাট) মাসিক কিস্তিতে আদায় করিতে হইবে। অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হইতে কিস্তি আদায় শুরু হইবে।

৮. কোন সরকারি কর্মকর্তা একবার কম্পিউটার অগ্রিম ঋণ গ্রহণের পরবর্তী ১০ (দশ) বছরের মধ্যে পুনরায় কম্পিউটার অগ্রিম ঋণের জন্য আবেদন করিতে পারিবেন না।

৯. ১২ (বার) মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৬০,০০০/-(ষাট হাজার) টাকা অথবা কম্পিউটারের পূর্ব ধার্যকৃত মূল্য, যাহা কম হইবে তাহাই; কোন সরকারি কর্মকর্তাকে কম্পিউটার ক্ররে অগ্রিম হিসাবে মঞ্জুর করা যাইতে পারে।

১০. সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশ ছাড়া কোন অগ্রিম প্রদান করা যাইবে না এবং অগ্রিমের অর্থ যাহাতে সুদসহ পরিশোধ করা হয় তাহার জন্য অফিস প্রধানকে খেয়াল রাখিতে হইবে। মঞ্জুরীকৃত অগ্রিমের অর্থ উত্তোলনের পরবর্তী ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কম্পিউটার ক্রয়ের প্রমাণ্য কাগজপত্র অগ্রিম মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে। সংশ্লিষ্ট কর্মকর্তা কম্পিউটার ক্রয়ের প্রামাণ কাগজ পত্র পেশ করিতে ব্যর্থ হইলে অথবা কম্পিউটার ক্রয়ের জন্য মঞ্জুরীকৃত অগ্রিমের অর্থ কম্পিউটার ক্রয়ের পরিবর্তে অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয়/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১. ক্যাডার সার্ভিসের অফিসার যে মন্ত্রণালয়/ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সেই মন্ত্রণালয়/ বিভাগের বরাদ্দ হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন। তবে এই ক্ষেত্রে অগ্রিম প্রদানের মঞ্জুরী আদেশের অনুলিপি অবশ্যই কর্মকর্তা যে মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত আছেন সেখানে প্রেরণ করিতে হইবে। ক্যাডার বর্হিভূত কর্মকর্তাগণ স্বীয় মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ পরিদপ্তর/ অধিদপ্তর-এর বরাদ্দ হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবে।

১২. স্বায়ত্তশাসিত সংস্থার ডেপুটেশনে নিয়োজিত কর্মকর্তাদের ক্ষেত্রে যদি সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব আইনে ডেপুটেশনে নিযক্তু ব্যক্তিকে অগ্রিম প্রদানের বিধান থাকে তবে সংশ্লিষ্ট কর্মকর্তা ডেপুটেশনাধীন সংস্থা হইতে অগ্রিম উত্তোলন করিতে পারিবেন। এক্ষেত্রে মূল নিয়ন্ত্রণাধীন কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে এবং মঞ্জুরী পত্রের অনুলিপি উক্ত কর্তৃপক্ষকে দিতে হইবে।

১৩. পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অগ্রিমের উপর সুদের হার হইবে বার্ষিক শতকরা ১০.০০ টাকা। কিস্তি অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হইলে বার্ষিক শতকরা ১১.০০ টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করিতে হইবে।

১৪. মঞ্জুরী আদেশ জারির পর উহার দুইটি অনুলিপি পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে। অর্থ বিভাগ মনে করিলে সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষার জন্য চাহিতে পারেন। মঞ্জুরী আদেশসমূহ পৃষ্ঠাঙ্কনের জন্য এক সঙ্গে অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

১৫. অগ্রিম মঞ্জুরীর এবং উসুলের সকল দায়িত্ব প্রশাসনিক মন্ত্রণালয়ের। সংশ্লিষ্ট দলিল পত্র সঠিকভাবে সম্পাদন করিয়া

সঠিক হিসাব রাখা এবং বরাদ্দকৃত অর্থের মধ্যে মঞ্জুরী সীমিত রাখিবার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় নিশ্চিত করিবেন।

১৬. অগ্রিমের এবদন বিবেচনা/পরীক্ষাকালে অবশ্যই, জি,এফ,আর এ উল্লিখিত অগ্রিম সংক্রান্ত নিয়মাবলী ও অর্থ বিভাগ হইতে জারিকৃত নির্দেশাবলী যথাযথ প্রতিপালন করিতে হইবে।

১৭. যে সকল কর্মকর্তাকে কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ প্রদান করা হইবে, তাঁহাদের জন্য সংস্থাপন মন্ত্রণালয়/ পিএসিসি'তে ১৫ দিনের Orientation training-এর ব্যবস্থা করিবে। প্রশিক্ষণ কোর্সে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন তাহাদের স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগ হইতে সংস্থাপন মন্ত্রণালয় পিএসিসি'তে পাঠাইতে হইবে।

মোঃ আমজাদ হোসেন
উপ সচিব (বাজেট-১)

সচিব,
.............................................................
...................................... মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ

নং- অম/অবি/বাউ-১/১এম(৪৯)/৯৮/৪১২

তারিখঃ ০৮/০৬/২০০০ বাং
২৩/০৯/১৯৯৯ ইং

**বিষয়: সরকারি কর্মকর্তাগণের কম্পিউটার ক্রয় অগ্রিম ঋণ প্রদান সংক্রান্ত।**

অর্থ বিভাগের ২৬-০৮-১৯৯৯ ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ-১/ ১এম(৪৯)/ ৯৮/ ৩৭২ সংখ্যক স্মারকের ১১ নং অনুচ্ছেদটি নিম্নরূপে সংশোধন করা হ'ল:

১১. ক্যাডার সার্ভিসের অফিসার যে মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত আছেন সেই মন্ত্রণালয়/ বিভাগের বরাদ্দ হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন। তবে এই ক্ষেত্রে অগ্রিম প্রদানের মঞ্জুরী আদেশের অনুলিপি অবশ্যই ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করিতে হইবে। অবশ্য প্রশাসন ক্যাডারের অফিসারদের জন্য প্রচলিত পদ্ধতি অনুযায়ী সংস্থাপন মন্ত্রণালয় হইতে অগ্রিম মঞ্জুরী আদেশ জারি করিতে হইবে। ক্যাডার বর্হিভূত কর্মকর্তাগণ স্বীয় মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর এর বরাদ্দ হইতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন।

মোঃ আমজাদ হোসেন
উপ সচিব (বাজেট-১)

সচিব,
..............................................................
....................................... মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, বাজেট শাখা- ২

নং-অম/অবি/(বা-২)/১ই-বিবিধ(২)/৯৫/১২(১০০) তারিখ: ১৬-০১-২০০১ ইং

**বিষয়: ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুরি সম্পর্কিত।**

সরকারি কর্মকর্তাগণের কম্পিউটার ব্যবহারে দক্ষতা বৃদ্ধির স্বার্থে প্রথম শ্রেণীর কর্মকর্তাদের ন্যায় কম্পিউটার ক্রয়ে আগ্রহী দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের অনুকূলেও সরকার নিম্নোক্ত শর্তসাপেক্ষে কম্পিউটার অগ্রিম প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন:

ক) ন্যূনপক্ষে প্রাথমিক পর্যায়ের কম্পিউটার প্রশিক্ষণ নেই এমন কোন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুর করা যাবে না।

খ) কম্পিউটার, স্টাবিলাইজার ও প্রিন্টার ক্রয়ের জন্য একজন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে ৫০,০০০/- টাকা অগ্রিম প্রদান করা যাবে।

গ) প্রদত্ত অগ্রিম সর্বোচ্চ ৫০ কিস্তিতে আদায়যোগ্য হবে। অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কিস্তি আদায় শুরু হবে।

ঘ) কম্পিউটার অগ্রিমের জন্য দাখিলযোগ্য আবেদন পত্রের সাথে অগ্রিম গ্রহণেচ্ছুক কর্মকর্তাকে এ মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে যে, কম্পিউটার অগ্রিম গ্রহণের পরও গৃহীত সকল অগ্রিম পরিশোধের মাসিক কিস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার মূল বেতনের এক-তৃতীয়াংশের অধিক হবে না এবং অগ্রিম মঞ্জুরীর পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয়কে এতদ্‌বিষয়ে নিশ্চিত হতে হবে।

২। কম্পিউটার অগ্রিম সংক্রান্ত ২৬/৮/৯৯ ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ-১/ ১এম(৪৯)/ ৯৮/ ৩৭২ নং স্মারকে বর্ণিত কম্পিউটার অগ্রিমের পরিমাণ ৬০,০০০/- টাকার স্থলে ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা নির্বিশেষে ৫০,০০০/- টাকায় এবং অগ্রিম আদায় ৬০ কিস্তির স্থলে ৫০ কিস্তিতে পুনঃনির্ধারণ করা হলো।

৩। এতদ্ব্যতীত, কম্পিউটার অগ্রিম সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-৮-৯৯ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ-১/ ১এম(৪৯)/ ৯৮/ ৩৭২ এবং ২৩-৯-৯৯ ইং তারিখের স্মারক অম/ অবি/ বাউ-১/১এম(৪৯)/ ৯৮/ ৪১২-তে বর্ণিত নীতিমালার অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মোস্তা গাউছুল হক
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৬১২৯২৩

সচিব
..................................................
..................................................
..................................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(৪৭)/২০০৭/১০৫৫

তারিখ: ০৪-১২-২০০৭ খ্রিঃ
২০-০৮-১৪১৪ বঃ

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের গৃহ নির্মাণ/ মটর গাড়ী/ মটর সাইকেল/ কম্পিউটার/ বাই সাইকেল ঋণ ও অগ্রিম সংক্রান্ত।**

সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের গৃহ নির্মাণ/ মটর গাড়ী/ মটর সাইকেল/ কম্পিউটার/ বাই সাইকেল ক্রয়ের নিমিত্ত ঋণ ও অগ্রিম প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অপরিবর্তিত রেখে মঞ্জুরি আদেশ জারীর সুবিধার্থে সরকার চলতি ২০০৭-০৮ অর্থ বছর হতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) সকল মন্ত্রণালয়/ বিভাগের অনুকূলে বরাদ্দকৃত গৃহ নির্মাণ অগ্রিম/ মটর গাড়ী অগ্রিম/ মটর সাইকেল অগ্রিম/ কম্পিউটার অগ্রিম/ বাই সাইকেল অগ্রিমের বিপরীতে প্রদর্শিত # # (ডাবল হ্যাস) চিহ্ন প্রত্যাহার করা হল;

খ) মন্ত্রণালয়/ বিভাগ প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণ ও অগ্রিম খাতে বরাদ্দকৃত অর্থ বিভাজনপূর্বক অধীনস্থ দপ্তর/ বিভাগ/ জেলা পর্যায়ে ন্যস্ত করতে পারবে;

গ) বিভিন্ন প্রকার ঋণ ও অগ্রিম সংক্রান্ত মঞ্জুরি আদেশসমূহ পৃষ্ঠাংকণের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে না;

ঘ) ঋণ ও অগ্রিম সংক্রান্ত প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করে মঞ্জুরি আদেশ জারী করতে হবে;

ঙ) কোন অবস্থাতেই বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত মঞ্জুরি আদেশ জারী করা যাবে না। সর্বমোট মঞ্জুরি বাজেটে প্রাক্কলিত বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে; এবং

চ) বরাদ্দকৃত অর্থ হতে মঞ্জুরি প্রদানকৃত অর্থের হিসাব পরবর্তীতে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আবদুর রহিম খান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-২
Website: www.mof.gov.bd

নং- অম/অবি/বাশা-২/বিবিধ(০১)/২০০৯/১৮৪

তারিখঃ ৩০/০৩/২০১১ খ্রিঃ
১৬/১২/১৪১৭ বং

**বিষয়: বিভিন্ন বিষয়ে ৩টি অগ্রিম গ্রহণের পর ৪র্থ অগ্রিম গ্রহণের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: নং-৪২.০৩২.০০২.০২.০০.০০৪.২০১০-১৪৮০, তারিখঃ ১৪/১২/২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক ৩০/০৯/১৯৯৬ তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ(উঃউঃ-২)/ ১৯৪- ঋণ ও অগ্রিম (৫০)/ ৯৬/ ৭৭৫ তারিখে জারিকৃত সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ/ মোটর গাড়ী/ মোটর সাইকেল ও অন্যান্য পরিবহণ/ বাই-সাইকেল অগ্রিম ঋণ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী 'যে সকল কর্মকর্তা-কর্মচারীর মূল বেতন ৬,০০০/- টাকা বা তদূর্ধ্ব কেবলমাত্র তাঁরাই এ ঋণ পাওয়ার যোগ্য'। সে মোতাবেক জাতীয় বেতনস্কেল, ১৯৯১ অনুযায়ী ঐ সময়ে ৭ম গ্রেডে (৪১০০-৬৫০০/-) চাকরিরত কর্মকর্তা-কর্মচারীগণ যাঁদের মূল বেতন ৬,০০০/- টাকা ছিল, জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী উক্ত স্কেলের Corresponding Scale ১৫০০০-২৬২০০/- টাকা নির্ধারণ করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে যেহেতু প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল গফুর সরদার-এর বর্তমান বেতন স্কেল ৮০০০-১৬৫৪০/- টাকা এবং উপরিল্লিখিত ১৫০০০-২৬২০০/- টাকার স্কেলের তুলনায় কম সেহেতু তাঁর অনুকূলে মোটর কার অগ্রিম ঋণ প্রদানের কোন সুযোগ নেই।

মোহাম্মদ ওয়ালিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৩০৮

সচিব,
পানিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মেরামত ও সংরক্ষণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(৪৬)/২০০২/১৯৮৫ তারিখ: ১০/১২/২০০২ খ্রিঃ / ২৬/০৮/১৪০৯ বঃ

## পরিপত্র

**বিষয়: সরকারের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন ভৌত অবকাঠামোসমূহের সুষ্ঠু মেরামত ও সংরক্ষণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সরকারের নিজস্ব অর্থায়নে কিংবা ক্ষেত্র বিশেষ বৈদেশিক সহায়তায় নির্মিত ব্যয়বহুল ও জনগুরুত্বসম্পন্ন স্থাপনা যথা-অফিস ভবন, আবাসিক ভবন, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, খাদ্য গুদাম, সড়ক ও মহাসড়ক, সেতু প্রভৃতির ব্যবহার উপযোগিতা অক্ষুণ্ন রাখার স্বার্থে এসব স্থাপনার নিরবিচ্ছিন্ন সুষ্ঠু রক্ষণাবেক্ষণ অপরিহার্য। সরকারের সম্পদের সীমাবদ্ধতা স্বত্বেও এ সব স্থাপনার নিয়মিত সংরক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের কার্যকারিতা নিয়ে সংশয় ও অস্পষ্টতা রয়েছে। তাছাড়া, অভিজ্ঞতায় দেখা যায় যে, এ ধরণের বরাদ্দের সিংহভাগ সাধারণভাবে অর্থ বছরের শেষ ত্রৈমাসিক পর্যায়ে ব্যয়িত হয়; পূববর্তী ত্রৈমাসিকসমূহের ব্যয়ের পরিমাণ নিতান্তই কম থাকে। অধিকন্তু, বরাদ্দকৃত অর্থের ভৌগলিক ও স্থাপনানির্ভর বন্টনের ক্ষেত্রে বাস্তব চাহিদার আলোকে সমতামূলক নীতি অনুসরণ করা হয় কিনা তা নিয়েও স্বচ্ছতার অভাব রয়েছে।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, পুলিশ অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর, ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট, খাদ্য অধিদপ্তর ও সিএমএমইউ-এর নিয়ন্ত্রণাধীন সরকারি ভৌত অবকাঠামোসমূহের নির্মাণোত্তর রক্ষণাবেক্ষণের মান-উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

ক) এখন হতে সংশ্লিষ্ট স্থাপনার রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত দপ্তর কোন নির্দিষ্ট অর্থ বছরে মেরামত ও সংরক্ষণ খাতের আওতায় সম্পাদনযোগ্য কাজসমূহের বিস্তারিত বিবরণ সংবলিত একটি তালিকা বছর শুরুর পূর্বেই চূড়ান্ত করবে এবং উক্ত তালিকার একপ্রস্থ অনুলিপি অর্থ বিভাগে পেশ করবে;

খ) সরকারি স্থাপনার বার্ষিক রক্ষণাবেক্ষণ কর্মসূচি প্রণয়নকালে সংশ্লিষ্ট স্থাপনাসমূহের নির্মাণকাল, নির্মাণ ব্যয়, আয়তন, স্থাপত্য কিংবা অনুরূপ অন্যান্য বৈশিষ্ট ইত্যাদির উপর যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে;

গ) সার্বিক সম্পদ পরিস্থিতির আলোকে এ বাবদ যে অর্থ বরাদ্দ করা হবে তা শুধুমাত্র তালিকাভুক্ত কাজের বিপরীতে এবং বছরব্যাপি সামঞ্জস্যপূর্ণ অনুপাতে সংশ্লিষ্ট অধিদপ্তর ব্যয় করবে, তবে মোট বরাদ্দের অনধিক ১০% থোক আকারে সংরক্ষিত রাখা হবে, যা সংশ্লিষ্ট অর্থ বছরে উদ্ভূত অনির্ধারিত/ জরুরী চাহিদা মিটানোর লক্ষ্যে কেস-টু-কেস ভিত্তিতে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় করা যাবে;

ঘ) অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যৌথভাবে বরাদ্দকৃত অর্থের বন্টন ও ব্যয় সম্পাদন প্রক্রিয়া মনিটর এবং নিরীক্ষা করা হবে।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট খাতের বরাদ্দ নির্দিষ্টভাবে নির্ধারণের সুবিধার্থে চলতি অর্থ বছরে সম্পাদনযোগ্য (ইতিমধ্যে সম্পাদিত কার্যাদিসহ) রক্ষণাবেক্ষণ কর্মসূচি এবং আগামী অর্থ বছরে সম্পাদনের প্রয়োজনীয়তা রয়েছে এমন রক্ষণাবেক্ষণ কর্মসূচির বিষয়টি বিস্তারিত তালিকা আগামী ১৫ই ফেব্রুয়ারী/২০০৩ ইং তারিখের মধ্যে অর্থ বিভাগে সরবরাহ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৬১০৬৬৯

বিতরণ:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বারাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# চাঁদা প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৪

তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ
১০-০২-১৪১০ বঃ

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে।**

বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদানের বাস্তব উপযোগিতা যাচাইয়ের জন্য গঠিত সচিব কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, নিম্নলিখিত আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান অব্যাহত থাকবে:

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ১। | পররাষ্ট্র মন্ত্রণালয় | কমনওয়েলথ সচিবালয়, মার্লবোরো হাউজ পলমল, লন্ডন, যুক্তরাজ্য |
| ২। | ঐ | ইসলামী সম্মেলন সংস্থা, জেদ্দা, সৌদি আরব |
| ৩। | ঐ | জাতিসংঘ, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| ৪। | ঐ | জাতিসংঘ শান্তিরক্ষার কার্যক্রম এবং ট্রাইব্যুনাল, জাতিসংঘ সচিবালয়, নিউইয়র্ক |
| ৫। | ঐ | অর্গানাইজেশন ফর প্রহিভিশন অব কেমিক্যাল ওয়িপন্স, নেদারল্যান্ড |
| ৬। | ঐ | প্রভিশনাল টেকনিক্যাল সেক্রেটারিয়েট ফর দি কমপ্রিহেসিভ নিউক্লিয়ার টেষ্টব্যান চুক্তি সংস্থা, ভিয়েনা অষ্ট্রিয়া |
| ৭। | ঐ | নিউক্লিয়ার নন প্রলিফারেশন চুক্তি রিভিউ কনফারেন্স, জেনেভা, সুইজারল্যান্ড |
| ৮। | ঐ | কমিটি অন রেসিয়াল ডিসক্রিমিনেশন, জাতিসংঘ প্লাজা, নিউইয়র্ক |
| ৯। | ঐ | দক্ষিণ এশিয় আঞ্চলিক সহযোগিতা (সার্ক), কাঠমুন্ডু, নেপাল |
| ১০। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | এডিবি, ম্যানিলা ফিলিপাইন |
| ১১। | ঐ | ইউ,এস,এ,আই,ডি, যুক্তরাষ্ট্র |
| ১২। | ঐ | ইউ,এন,ডি,পি-সদর দপ্তর, নিউইয়র্ক |
| ১৩। | ঐ | ইউ,এন,ডি,পি-স্থানীয় দপ্তর, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা |
| ১৪। | ঐ | জাতিসংঘের সেচ্ছাসেবক বাহিনী, বন, জার্মানী |
| ১৫। | ঐ | জাতিসংঘের পরিবেশ প্রকল্প, নাইরোবী কেনিয়া |
| ১৬। | ঐ | ইউনিসেফ, নিউইয়র্ক, ইউ,এস, এ |
| ১৭। | ঐ | জাতিসংঘের জনসংখ্যা বিষয়ক কার্যক্রম |
| ১৮। | ঐ | ইউএন ফান্ড ফর ড্রাগ এবিউজ কন্ট্রোল, ভিয়েনা, অষ্ট্রিয়া |
| ১৯। | ঐ | জাতিসংঘ নারী উন্নয়ন তহবিল, নিউইয়র্ক |
| ২০। | ঐ | কারিগরী সহযোগিতার জন্য কমনওয়েলথ তহবিল, শ্রীলংকা |
| ২১। | ঐ | সিংগাপুর-কলম্বো প্লান ষ্টাফ কলেজ, ম্যানিলা, ফিলিপাইন |
| ২২। | ঐ | আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল |
| ২৩। | ঐ | ইসলামিক উন্নয়ন ব্যাংক, জেদ্দা, সৌদি আরব |
| ২৪। | ঐ | আইডিবি এর দীর্ঘ মেয়াদী বাণিজ্যিক প্রকল্প, জেদ্দা, সৌদি আরব |
| ২৫। | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | United Nations Centre for Human Settlements, নাইরোবি, কেনিয়া |
| ২৬। | শিল্প মন্ত্রণালয় | ইন্টান্যাশনাল অর্গানাইজেশন ফর ষ্টান্ডার্ডারাইজেশন (আইএসও) জেনেভা |
| ২৭। | ঐ | ওয়ার্ল্ড ইনটেলেকচুয়াল প্রপার্টি অর্গানাইজেশন (ওয়াইপো), জেনেভা, সুইজারল্যান্ড |
| ২৮। | ঐ | এশিয়ান প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), টোকিও, জাপান |
| ২৯। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | কমনওয়েলথ ইয়ুথ ডেভেলপমেন্ট প্রোগ্রাম, মার্লবোরো হাউজ, লন্ডন |
| ৩০। | শিক্ষা মন্ত্রণালয় | ইউনেস্কো (UNESCO), প্যারিস, ফ্রান্স |
| ৩১। | জাতীয় রাজস্ব বোর্ড, আইআরডি, অর্থ মন্ত্রণালয় | কলম্বো-প্ল্যান ব্যুরো ড্রাগ এডভাইজারি প্রোগ্রাম, কলম্বো শ্রীলংকা |
| ৩২। | ঐ | কমনওয়েলথ এসোসিয়েশন অব ট্যাক্স এডমিনিষ্ট্রেশন, লন্ডন, ইউ,কে |
| ৩৩। | ঐ | ওয়ার্ল্ড কাষ্টমস্ অর্গানাইজেশন, ব্রাসেলস |
| ৩৪। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | কমনওয়েলথ ম্যাজিষ্ট্রেট ও জাজেস এসোসিয়েশন, লন্ডন |
| ৩৫। | ঐ | কমনওয়েলথ লিগ্যাল এডভাইজারি সার্ভিসেস, লন্ডন |
| ৩৬। | ঐ | এশিয়ান-আফ্রিকান লিগ্যাল কনসালটেটিভ কমিটি, লন্ডন |
| ৩৭। | কৃষি মন্ত্রণালয় | Food & Agriculture Organization |
| ৩৮। | ঐ | Centre for Agriculture & Bio-Science International (CABI), লন্ডন |
| ৩৯। | ঐ | Centre for Grains Pulses, Roots & Tubers (CGPRT), ইন্দোনেশিয়া |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ৪০। | ঐ | International Seed Testing Association (ISTA), জুরিখ, সুইজারল্যান্ড |
| ৪১। | ঐ | Asia-pacific Association of Agriculture Research Institute (APAARI), ব্যাংকক, থাইল্যান্ড |
| ৪২। | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | Commonwealth Science fund, যুক্তরাষ্ট্র |
| ৪৩। | ঐ | Asia & Pacific Centre for Transfer of Technology, নয়াদিল্লি, ভারত |
| ৪৪। | ঐ | COMSTECH, ইসলামাবাদ,পাকিস্তান |
| ৪৫। | ঐ | Commission on Science and Technology for sustainable Development in the South, ইসলামাবাদ |
| ৪৬। | ঐ | IAEA, ভিয়েনা, অষ্ট্রিয়া |
| ৪৭। | ঐ | TCF, ভিয়েনা, অষ্ট্রিয়া |
| ৪৮। | জাতীয় সংসদ সচিবালয় | আন্তঃসংসদীয় ইউনিয়ন (আইপিইউ), জেনেভা |
| ৪৯। | ঐ | কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশন (সিপিএ), লন্ডন, যুক্তরাষ্ট্র |
| ৫০। | স্থানীয় সরকার বিভাগ | কমনওয়েলথ লোকাল গভর্ণমেন্ট ফোরাম, লন্ডন |
| ৫১। | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | ইন্টান্যাশনাল ষ্টেটিস্টিক্যাল ইনষ্টিটিউট, নেদারল্যান্ড |
| ৫২। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) জেনেভা |
| ৫৩। | ঐ | ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম), জেনেভা |
| ৫৪। | ঐ | ইসলামিক ইনষ্টিটিউট অব টেকনোলজি, গাজীপুর (আই আই টি) বাংলাদেশ (ও, আই,সি এর একটি প্রতিষ্ঠান) |
| ৫৫। | বাণিজ্য মন্ত্রণালয় | Global System of Trade Performance (GSTP) জেনেভা |
| ৫৬। | ঐ | বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউ টি ও), জেনেভা |
| ৫৭। | মৎস ও পশু সম্পদ মন্ত্রণালয় | Network & Aquaculture Centre (নাকা), ব্যংকক, থাইল্যান্ড |
| ৫৮। | প্রতিরক্ষা মন্ত্রণালয় | বিশ্ব আবহাওয়া সংস্থা, জেনেভা |
| ৫৯। | ঐ | Technical Support Unit (TSU), ব্যংকক, থাইল্যান্ড |
| ৬০। | ঐ | বৃটিশ কমনওয়েলথ এক্স সার্ভিসেস লীগ |
| ৬১। | ঐ | আন্তজার্তিক হাইড্রোগ্রাফিক সংস্থা (আইএইচও) |
| ৬২। | পরিবেশ ও বন মন্ত্রণালয় | Montreal Protocol on Substances that Deplete Ozone Layer, নাইরোবি, কেনিয়া |
| ৬৩। | ঐ | Basel Convention of the Control of the Transboundary Movement of Hazardous Waste and their Disposal, জেনেভা, সুইজারল্যান্ড |
| ৬৪। | ঐ | United Nations Framework Convention of Climate Change (UNFCCC), বন, র্জামানী |
| ৬৫। | ঐ | Convention of Biology Diversity (CBD), মন্ট্রিয়াল, কানাডা |
| ৬৬। | ঐ | United Nations Environment Programme (UNEP),নাইরোবি, কেনিয়া |
| ৬৭। | ঐ | United Nations Convention to Combat Desertification (UNCCD), বন |
| ৬৮। | ঐ | Convention of wetlands RAMSAR, জেনেভা, সুইজারল্যান্ড |
| ৬৯। | ঐ | Global Tiger Forum (GTF),নয়াদিল্লি, ভারত |
| ৭০। | পাট মন্ত্রণালয় | International Agreement on Jute & Jute Products, ঢাকা, বাংলাদেশ |
| ৭১। | যোগাযোগ মন্ত্রণালয় | Permanent International Association of Road Congress (PIARC), প্যারিস, ফ্রান্স |
| ৭২। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | পাটনার্স ইন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (পিপিডি), ঢাকা, বাংলাদেশ |
| ৭৩। | ঐ | বিশ্ব স্বাস্থ্য সংস্থা, জেনেভা, সুইজারল্যান্ড |
| ৭৪। | ঐ | ইন্টারন্যাশনাল কাউন্সিল অন ম্যানেজমেন্ট অব পপুলেশন প্রোগ্রাম (আইসিউএমপিপি), কুয়ালালামপুর, মালয়শিয়া |
| ৭৫। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আন্তর্জাতিক অপরাধ পুলিশ সংস্থা (ইন্টারপোল), লিয়ন, ফ্রান্স |
| ৭৬। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | পার্বত্য উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক কেন্দ্র (ইসিমড), কাঠমুন্ডু, নেপাল |
| ৭৭। | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটর মন্ত্রণালয় | বিশ্ব পর্যটন সংস্থা মাদ্রিদ, স্পেন |
| ৭৮। | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | International Telecommunications Union (ITU) জেনেভা, সুইজারল্যান্ড |
| ৭৯। | ঐ | Universal Postal Union (UPU), বার্ণ, সুইজারল্যান্ড |
| ৮০। | ঐ | Asia Pacific Telecommunity (APT), ব্যাংকক, থাইল্যান্ড |
| ৮১। | ঐ | Asia Pacific Postal Union (APPU), ম্যানিলা, ফিলিপাইন |
| ৮২। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সিরডাপ, ঢাকা, বাংলাদেশ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ৮৩। | খাদ্য মন্ত্রণালয় | Association of Food & Agriculture Marketing Agencies in Asia & the Pacific (AFMA), ব্যাংকক, থাইল্যান্ড |
| ৮৪। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | এশিয়ান টেনিস ফেডারেশন হংকং |
| ৮৫। | ঐ | আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (এসোসিয়েট সদস্য), লন্ডন |
| ৮৬। | ঐ | আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (পূর্ণ) |
| ৮৭। | ঐ | এশিয়ান রোয়িং ফেডারেশন, পাকিস্তান |
| ৮৮। | ঐ | আন্তর্জাতিক রোয়িং ফেডারেশন, সুইজারল্যান্ড |
| ৮৯। | ঐ | আন্তর্জাতিক ড্রাগণ বোর্ড হংকং |
| ৯০। | ঐ | এশিয়ান ড্রাগণ বোর্ড, চীন |
| ৯১। | ঐ | সেন্ট্রাল এশিয়ান রোয়িং, পাকিস্তান |
| ৯২। | ঐ | এশিয়ান টেবিল টেনিস ইউনিয়ন, চীন |
| ৯৩। | ঐ | আন্তর্জাতিক টেবিল টেনিস ফেডারেশন, যুক্তরাষ্ট্র |
| ৯৪। | ঐ | কনফেডারেশন অব এশিয়া ডি-রোলার স্কেটিং, জাপান |
| ৯৫। | ঐ | আন্তর্জাতিক ডি-রোলার স্কেটিং, স্পেন |
| ৯৬। | ঐ | এশিয়ান ক্যারাম ফেডারেশন, মালদ্বীপ |
| ৯৭। | ঐ | আন্তর্জাতিক ক্যারাম ফেডারেশন, ভারত |
| ৯৮। | ঐ | সার্ক ব্রিজ এসোসিয়েশন, ঢাকা |
| ৯৯। | ঐ | এশিয়া, আফ্রিকা ও মধ্যপ্রাচ্য ব্রিজ ফেডারেশন, পাকিস্তান |
| ১০০। | ঐ | বিশ্ব ব্রিজ ফেডারেশন, প্যারিস |
| ১০১। | ঐ | আন্তর্জাতিক ব্যাডমিন্টন ফেডারেশন, যুক্তরাজ্য |
| ১০২। | ঐ | এশিয়ান সাইক্লিং ফেযারেশন, মালয়শিয়া |
| ১০৩। | ঐ | ইউনিয়ন সাইক্লিং ইন্টারন্যাশনাল, সুইজারল্যান্ড |
| ১০৪। | ঐ | এশিয়ান ফুটবল ফেডারেশন মালয়শিয়া |
| ১০৫। | ঐ | ফেডারেশন ইন্টারন্যাশনাল দি ফুটবল এসোসিয়েশন, সুইজারল্যান্ড |
| ১০৬। | ঐ | এশিয়ান এমেচার কাবাডি ফেডারেশন, শ্রীলংকা |
| ১০৭। | ঐ | দক্ষিণ এশিয়ান কাবাডি ফেডারেশন, ভারত |
| ১০৮। | ঐ | আন্তর্জাতিক ও আঞ্চলিক স্কোয়াস রেকেট ফেডারেশন, মালয়শিয়া |
| ১০৯। | ঐ | এশিয়ান হকি ফেডারেশন, মালয়শিয়া |
| ১১০। | ঐ | আন্তর্জাতিক হকি ফেডারেশন, বেলজিয়াম |
| ১১১। | ঐ | বিশ্ব হকি ম্যাগাজিন (চার বছর অন্তর), ব্রাসেলস্ |
| ১১২। | ঐ | ফেডারেশন অব এশিয়ান এমেচার বক্সিং, সিংগাপুর |
| ১১৩। | ঐ | এমেচার ইন্টারন্যাশনাল বক্সিং এসোসিয়েশন,আমেরিকা |
| ১১৪। | ঐ | এমেচার বক্সিং এসোসিয়েশন অব কমনওয়েলথ, সিংগাপুর |
| ১১৫। | ঐ | এশিয়ান বডি বিল্ডিং ফেডারেশন, সিংগাপুর |
| ১১৬। | ঐ | ইন্টারন্যাশনাল ফেডারেশন অব বডি বিল্ডিং কানাডা |
| ১১৭। | ঐ | কমনওয়েলথ বডি বিল্ডিং ফেডারেশন, সিংগাপুর |
| ১১৮। | ঐ | সাউথ এশিয়ান বডি বিল্ডিং ফেডারেশন, ভারত |
| ১১৯। | ঐ | বিশ্ব দাবা ফেডারেশন, সুইজারল্যান্ড |
| ১২০। | ঐ | এশিয়ান বাস্কেটবল কনফেডারেশন, মালয়শিয়া |
| ১২১। | ঐ | আন্তর্জাতিক বাস্কেটবল ফেডারেশন, জার্মানী |
| ১২২। | ঐ | সাউথ এশিয়ান বাস্কেটবল এসোসিয়েশন |
| ১২৩। | ঐ | এশিয়ান জিমনাষ্টিক এসোসিয়েশন |
| ১২৪। | ঐ | আন্তর্জাতিক জিমনাষ্টিক ফেডারেশন, সুইজারল্যান্ড |
| ১২৫। | ঐ | জুডো ইউনিয়ন অব এশিয়া, ফিলিপাইন |
| ১২৬। | ঐ | ইন্টারন্যাশনাল জুডো ফেডারেশন, কোরিয়া |
| ১২৭। | ঐ | কমনওয়েলথ জুডো এসোসিয়েশন, যুক্তরাজ্য |
| ১২৮। | ঐ | ওয়ার্ল্ড কারাতে ফেডারেশন, জাপান |
| ১২৯। | ঐ | এশিয়ান ইউনিয়ন অব কারাতে অর্গানাইজেশন, জাপান |
| ১৩০। | ঐ | এশিয়ান শ্যুটিং ফেডারেশন, সিংগাপুর |
| ১৩১। | ঐ | ইন্টারন্যাশনার শ্যুটিং স্পোর্টস ফেডারেশন, জার্মানী |
| ১৩২। | ঐ | এশিয়ান এমেচার সুইমিং ফেডারেশন, ঢাকা |
| ১৩৩। | ঐ | আন্তর্জাতিক সাঁতার সংস্থা, সুইজারল্যান্ড |
| ১৩৪। | ঐ | সাউথ এশিয়ান সুইমিং ফেডারেশন, নেপাল |
| ১৩৫। | ঐ | এশিয়ান হ্যান্ডবল ফেডারেশন, সাফাত, কুয়েত |
| ১৩৬। | ঐ | আন্তর্জাতিক হ্যান্ডবর ফেডারেশন, সুইজারল্যান্ড |
| ১৩৭। | ঐ | কমনওয়েলথ হ্যান্ডবল এসোসিয়েশন, লন্ডন, যুক্তরাজ্য |
| ১৩৮। | ঐ | দক্ষিণ এশিয়ান হ্যান্ডবল ফেডারেশন, ভারত |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ১৩৯। | ঐ | এশিয়ান ভলিবল কনফেডারেশন,চীন |
| ১৪০। | ঐ | আন্তর্জাতিক ভলিবল ফেডারেশন, সুইজারল্যান্ড |
| ১৪১। | ঐ | আন্তর্জাতিক ৭টি সংস্থার সদস্য (সাময়িক), ৫টি সংস্থা লন্ডনে, ২টি জাপানে |
| ১৪২। | ঐ | আন্তর্জাতিক তায়কোয়ানডো ফেডারেশন, কোরিয়া |
| ১৪৩। | ঐ | এশিয়ান ভারত্তোলন ফেডারেশন, সিংগাপুর |
| ১৪৪। | ঐ | আন্তর্জাতিক ভারত্তোলন ফেডারেশন, হাঙ্গেরী |
| ১৪৫। | ঐ | সিআইএসএস, ডেনমার্ক |
| ১৪৬। | ঐ | আইসিএসসি, নেদারল্যান্ড |
| ১৪৭। | ঐ | এডিপিএসসি, অস্ট্রেলিয়া |
| ১৪৮। | ঐ | আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল |
| ১৪৯। | ঐ | এশিয়ান এমেচার এথলেটিক ফেডারেশন, সিংগাপুর |
| ১৫০। | ঐ | আন্তর্জাতিক এমেচার এথলেটিক ফেডারেশন, ফ্রান্স |
| ১৫১। | ঐ | সাউথ এশিয়ান এথলেটিক ফেডারেশন, পাকিস্তান |
| ১৫২। | ঐ | এশিয়ান রেসলিং ফেডারেশন, দক্ষিণ কোরিয়া |
| ১৫৩। | ঐ | আন্তর্জাতিক রেসলিং ফেডারেশন (ফলা), সুইজারল্যান্ড |
| ১৫৪। | ঐ | ওয়ার্ল্ড ট্রেডিশনাল মার্শাল আর্ট ফেডারেশন, লন্ডন |
| ১৫৫। | ঐ | ফেডারেশন অব ট্রেডিশনাল মার্শাল আর্ট, লসএঞ্জেলাস |
| ১৫৬। | ঐ | অল ইন্ডিয়া ফেডারেশন অব ট্রেডিশনাল মার্শাল আর্ট, ভারত |
| ১৫৭। | ঐ | এশিয়ান কনফেডারেশন অন বিলিয়ার্ড স্পোর্টস, ঢাকা |
| ১৫৮। | ঐ | ইন্টারন্যাশনাল বিলিয়ার্ড এন্ড স্নুকার ফেডারেশন, আয়ারল্যান্ড |
| ১৫৯। | ঐ | এশিয়ান খো খো ফেডারেশন, ভারত |
| ১৬০। | ঐ | এশিয়ান ব্যাডমিন্টন ফেডারেশন |
| ১৬১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | এআরডিও, নয়াদিল্লি, ভারত |

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

নং-অম/অবি/বা-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৪/১(১৪)

তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ / ১০-০২-১৪১০ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা........., বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৫ তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ / ১০-০২-১৪১০ বঃ

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে।**

বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদানের বাস্তব উপযোগিতা যাচাইয়ের জন্য গঠিত সচিব কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, নিম্নলিখিত আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় চাঁদা প্রদান অব্যাহত থাকবে তবে চাঁদার পরিমাণ হ্রাস করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে:

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ১। | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | Third World Academy of Science ত্রিয়েস্ত, ইতালী |
| ২। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ঃ | আন্তর্জাতিক নৌ-সংস্থা, লন্ডন |
| ৩। | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ঃ | CTO, লন্ডন |
| ৪। | শিক্ষা মন্ত্রণালয় | ISESCO, রাবাত মরক্কো |
| ৫। | -ঐ- | কমনওয়েলথ অব লার্নিং (COL) কানাডা |
| ৬। | মৎস ও পশু সম্পদ মন্ত্রণালয়ঃ | BOBP, ব্যাংকক, থাইল্যান্ড |

২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সংস্থাসমূহে প্রদেয় চাঁদার পরিমাণ হ্রাস করার লক্ষ্যে অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ফলাফল সম্পর্কে অর্থ বিভাগকে অবহিত করতে অনুরোধ জানানো যাচ্ছে।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

বিতরনঃ
সচিব/ভারপ্রাপ্ত সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ

নং-অম/অবি/বা-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৫ তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ / ১০-০২-১৪১০ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা........., বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বাউ-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৭

তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ
১০-০২-১৪১০ বঃ

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান প্রসঙ্গে।**

বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদানের বাস্তব উপযোগিতা যাচায়ের জন্য গঠিত সচিব কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, নিম্নবর্ণিত আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় চাঁদা প্রদান করবার প্রয়োজন নেইঃ

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | সংস্থার নাম ও প্রধান কার্যালয় |
|---|---|---|
| ১। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ক্যাপিটাল উন্নয়ন তহবিল, নিউইয়র্ক, ইউ,এস, এ |
| ২। | ঐ | জাতিসংঘ শিল্প উন্নয়ন তহবিল, ভিয়েনা, অষ্ট্রিয়া |
| ৩। | ঐ | কমনওয়েলথ ফাউন্ডেশন, লন্ডন |
| ৪। | ঐ | দক্ষিণ ও দক্ষিন-পূর্ব এশিয়ার কারিগরী সহযোগিতা, লন্ডন |
| ৫। | ঐ | বাংলাদেশ-কলম্বো প্লান শিক্ষার্থীদের কারিগরী সহায়তা |
| ৬। | ঐ | টোকিওর এশীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান, টোকিও, জাপান |
| ৭। | ঐ | এশিয়া প্যাসিফিক উন্নয়ন কেন্দ্র, কুয়ালালামপুর, মালয়শিয়া |
| ৮। | কৃষি মন্ত্রণালয় | International Tropical fruits Network (ITFNct) |
| ৯। | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | NAM S &T Centre নয়াদিল্লি, ভারত |
| ১০। | | Islamic Foundation for Science, Technology and Development, জেদ্দা, সৌদি আরব। |
| ১১। | | ICGFI, ভিয়েনা, অষ্ট্রিয়া |
| ১২। | বাণিজ্য মন্ত্রণালয় | Islamic Centre for Development of Trade (ICDT), ক্যাসাব্ল্যাংক, মরক্কো |
| ১৩। | পরিবেশ ও বন মন্ত্রণালয় | South Asia Scas Action Plan (SASAP), কলম্বো, শ্রীলংকা |
| ১৪। | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | প্যাসিফিক এশিয়া ট্রাভেল এসোসিয়েশন, সানফ্রান্সিসকো, ইউএসএ |
| ১৫। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | Research Centre for Islamic History Art and Culture, ইস্তাম্বুল |
| ১৬। | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ন্যাশনাল ফিজিক্যাল প্লানিং প্রজেক্ট (ফেইজ-১), ইউ,এন,ডি,পি |
| ১৭। | | আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট(ফেইজ-১), ইউ,এন,ডি,পি |
| ১৮। | | ন্যাশনাল ফিজিক্যাল প্লানিং প্রজেক্ট(ফেইজ-২), ইউ,এন,ডি,পি, ইউ,এন,সি,এইচ,এস |
| ১৯। | | আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট(ফেইজ-২), ইউ,এন,ডি,পি |
| ২০। | | হাউজিং ডেভেলপমেন্ট প্রজেক্ট, ইউ.এন.ডি.পি,ইউ.এন.সি.এইচ.এস |
| ২১। | | আরবান এন্ড সেন্টার সেক্টর রিভিউ প্রজেক্ট, ইউ.এন.ডি.পি, ইউ.এন.সি.এইচ.এস |
| ২২। | জাতীয় সঞ্চয় পরিদপ্তর, আইআরডি, অর্থ মন্ত্রণালয় | আন্তর্জাতিক সঞ্চয় ব্যাংক ইনস্টিটিউট (বর্তমানে ওয়ার্ল্ড সেভিংস ব্যাংক ইনস্টিটিউট), জেনেভা |
| ২৩। | | আন্তর্জাতিক সঞ্চয় ব্যাংক ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ব্যাংকক |
| ২৪। | মৎস ও পশু সম্পদ মন্ত্রণালয় | Office International Dcs Epizootcs (O/E),প্যারিস, ফ্রাঙ্ক |

২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে এবং উপরোক্ত সিদ্ধান্তের আলোকে যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

বিতরণ: সচিব/ভারপ্রাপ্ত সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ।

নং-অম/অবি/বাউ-১/বিবিধ(১৩)/২০০২/১৯৭৭

তারিখ: ২৪-০৫-২০০৩ খ্রিঃ / ১০-০২-১৪১০ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা........., বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

মোহাম্মদ আবুল কালাম
সিনিয়র সহকারী সচিব

# অর্থ ছাড়করণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(২২)/২০০৫/১৭৯৯

তারিখ: ২১-০৮-২০০৫ খ্রিঃ / ০৬-০৫-১৪১২ বঃ

## পরিপত্র

**বিষয়: রাজস্ব বাজেটের আওতায় স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড়ের পদ্ধতি সহজীকরণ প্রসংঙ্গে।**

বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের অধীনস্থ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের ফান্ড ছাড়করণে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে অধিকতর ক্ষমতা প্রদান এবং অর্থ ছাড়করণের প্রচলিত পদ্ধতি সংস্থারপূর্বক সরকার নিম্নরূপ পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ অধীনস্থ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ শুধুমাত্র বিভাজন অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করবে।

খ) অর্থ বিভাগ সাহায্য মঞ্জুরী বাবদ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদন করবে। অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত বিভাজন অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ সরকারি আদেশ জারি করবে এবং তা সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে পৃষ্ঠাঙ্কন করার জন্য অর্থ বিভাগে প্রেরণ করবে।

গ) অর্থ বিভাগের অনুমোদিত বিভাজন অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম, ২য় এবং ৩য় কিস্তি পর্যন্ত কিস্তির সময়কালে কিস্তিওয়ারী ছাড় করবে। এ অর্থ ছাড়ের সরকারি আদেশে অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কন (Endorsement) প্রয়োজন হবে না।

ঘ) অর্থ বিভাগের অনুমোদিত বিভাজন অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক সরকারি আদেশ জারি করা হলে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা তদানুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

ঙ) তৃতীয় কিস্তি পর্যন্ত ছাড়কৃত অর্থের প্রকৃত ব্যয়ের প্রতিবেদনসহ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ চতুর্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করবে। অর্থ বিভাগ অনুমোদিত বিভাজন অনুযায়ী চতুর্থ কিস্তির অর্থ ছাড়ে সম্মতি প্রদান করবে এবং এক্ষত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক জারিকৃত অর্থ ছাড়ের সরকারি আদেশে অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কনের প্রয়োজন হবে।

চ) সংশোধিত বাজেটে কোন স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দের হ্রাস/ বৃদ্ধি ঘটলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ সংশোধিত বিভাজনসহ (চতুর্থ কিস্তিসহ সম্পূর্ণ অর্থ) চতুর্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করবে। অর্থ বিভাগ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের সংশোধিত বিভাজন প্রস্তাব অনুমোদন করবে এবং চতুর্থ কিস্তির অর্থ ছাড়ে সম্মতি প্রদান করবে। এক্ষেত্রে সংশোধিত বিবাজন এবং চতুর্থ কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত সরকারি আদেশদ্বয়ে অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কনের (Endorsement) প্রয়োজন হবে।

ড. মোহাম্মদ তারেক
যুগ্ম-সচিব (বাজেট)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৪. সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বংলানগর, ঢাকা।
৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
১০. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১২. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সটিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩৪. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৪৯. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৫১. সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
৫২. রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ........................................... মন্ত্রণালয়/ বিভাগ।

নং-অম/অবি/বা-১/বিবিধ(২২)/২০০৫/১৭৯৯/১(৬)

তারিখ: ২১-০৮-২০০৫ খ্রিঃ / ০৬-০৫-১৪১২ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। যুগ্ম-সচিব (বাজেট), অর্থ বিভাগ।
২। যুগ্ম-সচিব (উন্নয়ন), অর্থ বিভাগ।
৩। উপ-সচিব (বাজেট-১/২/৩), অর্থ বিভাগ।
৪। উপ-সচিব (উন্নয়ন-১/২/৩), অর্থ বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), উন্নয়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।

**মোঃ আমিনুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/ বা-১/ বিবিধ(২২)/২০০৫/৭৮৯

তারিখ: ০৬/০৮/২০০৯ খ্রিঃ
২২/০৪/১৪১৬ বঃ

**বিষয়: রাজস্ব বাজেটের আওতায় স্বায়ত্তশাসিত সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড়ের পদ্ধাতি সহজীকরণ প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের ২১-০৮-২০০৫ তারিখের অম/অবি/ বা-১/ বিবিধ (২২)/২০০৫/১৭৯৯ নং পরিপত্র

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের নিয়ন্ত্রাধীন স্বায়ত্তশাসিত/ বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অনুকূলে রাজস্ব বাজেটের আওতায় সাহায্য মঞ্জুরী হিসেবে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণের প্রয়োজন নেই। ২১.০৮.২০০৫ তারিখের অম/অবি/ বা-১/ বিবিধ (২২)/২০০৫/১৭৯৯ নং পরিপত্রের অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

রণজিৎ কুমার চক্রবর্তী
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, শিক্ষা মন্বত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, মৎস ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

# বিল দাখিল/ বিল দাখিলের সময়সীমা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বাজেট(৩২)/২০০৬/১০৭৭ তারিখ: ১৩/১২/২০০৭ খ্রিঃ / ২৯/০৮/১৪১৪ বঃ

**বিষয়: সরবরাহ ও সেবা খাতের আওতায় বিদুৎ, টেলিফোন, পানি, ভূমিকর, পৌরকর, গ্যাস ইত্যাদি বিল সময়মত পরিশোধ প্রসঙ্গে।**

সকল সরকারি অফিস/ দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার সরবরাহ ও সেবা খাতের আওতায় বিদ্যুৎ, টেলিফোন, পানি, ভূমিকর, পৌরকর, গ্যাস ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য প্রত্যেক আর্থিক বছরে নিয়মিত বাজেট বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। বাজেট সভায় আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে এই খাতের বরাদ্দ নিরূপন করা হয়। কাজেই কোন আর্থিক বছরে বিদ্যুৎ বিলসহ অন্যান্য Utility বিল বকেয়া থাকার অবকাশ নেই। এতদসত্ত্বেও বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট বিদ্যুৎ বিল অপরিশোধিত থাকার চিত্র অর্থ বিভাগের গোচরিভূত হচ্ছে। যথাযথভাবে বরাদ্দ প্রস্তাব উপস্থাপন এবং প্রাক্কলিত বরাদ্দ যথাসময়ে ব্যবহার নিশ্চিত করা গেলে এ খাতে বকেয়া থাকবে না।

২। চলতি ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের বাজেট আলোচনা সভা অনুষ্ঠানের লক্ষ্যে ইতোমধ্যে বাজেট প্রাক্কলন ফরম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করা হয়েছে। বিদ্যুৎ বিলসহ সকল Utility বিল পরিশোধের প্রত্যয়নসহ বাজেট প্রাক্কলন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৩। বিষয়টি অতীব জরুরী হিসেবে গণ্যকরত বাজেট প্রাক্কলনের সাথে বিদ্যুৎ বিলসহ সকল Utility বিল পরিশোধ করা হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদানের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আরাস্তু খান
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ:
১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।

খোন্দকার এহতেশামুল কবীর
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৮৭৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১১

নং-অম/অবি/বাজেট-১১/২০০২/১৭০(৭১)

তারিখ: ০১ জৈষ্ঠ ১৪১১ বঃ
১৫ মে, ২০০৪ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ দরপ্তরসমূহের জুন/০২ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে অর্থ বরাদ্দ এবং বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার নিকট DSL বাবদ সরকারের পাওনা আদায়/ সমন্বয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরসমূহের জুন/২০০২ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে চলতি ২০০৩-০৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে সর্বমোট ১৬৭,৮৭,৮৫,০০০/- (একশত সাতষট্টি কোটি সাতাশি লক্ষ পঁচাশি হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়েছে। বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার প্রাপ্য বকেয়া এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের অনুকুলে (সচিবালয় অংশে) বরাদ্দকৃত অতিরিক্ত অর্থের পরিমাণ পরিশিষ্ট-ক এ দেখানো হলো। জুন/২০০২ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহ অনুসরণ করতে হবে।

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ২০/০৫/২০০৪ তারিখের মধ্যে তার অধীনস্থ অপারেশনাল ইউনিটসমূহের মধ্যে বকেয়ার ভিত্তিতে বরাদ্দকৃত অর্থ পুনঃবরাদ্দ করবে এবং অর্থ বিভাগ ও বিদ্যুৎ বিল বিভাগকে অবহিত করবে;

খ) সংশ্লিষ্ট বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাসমূহের মধ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) -এর কাছে সরকারের কোন DSL বকেয়া নেই বিধায় কেবলমাত্র আরইবি-এর বকেয়া বাবদ অর্থ নগদ পরিশোধ করা যাবে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি), ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (ডেসা) এবং ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই কোঃ লিঃ (ডেসকো) -এর প্রাপ্য বকেয়ার বিপরীতে কোন নগদ অর্থ পরিশোধ না করে নিচের (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুযায়ী বকেয়া বিদ্যুৎ বিল বাবদ প্রদেয় অর্থ এ সকল সংস্থার কাছে সরকারের প্রাপ্য ডিএসএল এর সাথে সমন্বয় করতে হবে;

গ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসসমূহ বিভিন্ন সরকারি অফিস কর্তৃক পেশকৃত বকেয়া বিদ্যুৎ বিল যথানিয়মে পাস করবে, কিন্তু কোন চেক/এডভাইস ইস্যু করার পরিবর্তে বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাসমূহকে বিদ্যুৎ বিল প্রদানের প্রমাণ স্বরূপ সার্টিফিকেট প্রদান করবে। মাঠ পর্যায়ে জেলা/ উপজেলা হিসাবরক্ষণ অফিসসমূহের ক্ষেত্রে মন্ত্রণালয়ভিত্তিক বকেয়া পরিশোধের সার্টিফিকেট ইস্যু করতে হবে এবং ইস্যুকৃত সার্টিফিকেটের কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ করতে হবে। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা প্রাপ্ত সার্টিফিকেট প্রদর্শিত বকেয়া বিদ্যুৎ বিলের টাকার অংকের পরিমাণ একত্র করে তার নিজ অফিসে পরিশোধকৃত বকেয়া বিদ্যুৎ বিলের টাকার অংকের সাথে মিলিয়ে বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার অনুকূলে সমপরিমাণ DSL বাবদ জমা হিসাবে রেকর্ডভুক্ত করে হিসাবের প্রয়োজনীয় সমন্বয় দেখাবেন এবং অর্থ বিভাগের যুগ্ম-সচিব (উন্নয়ন) বরাবরে DSL আদায় বাবদ প্রত্যায়নপত্র প্রেরণ করবেন।

২। প্রসঙ্গত উল্লেখ্য, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে ২০০২-০৩ অর্থ বছরের সংশোধিত বাজেটেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহ এবং বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাসমূহের সাথে আলোচনাক্রমে বকেয়ার সম্মত পরিমাণের ভিত্তিতে অর্থ বরাদ্দ করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা গেছে যে, অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও কোন কোন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক সমুদয় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়নি। চলতি ২০০৩-০৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য বরাদ্দকৃত অর্থে যাতে উল্লিখিত পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক সমুদয় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ ককরা হয় সে বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

রমেন্দ্র নাথ বিশ্বাস
সিনিয়র সহকারী সচিব
দূরভাষঃ ৭১৭২১৮৪

বিতরণ:

১। সচিব, --------------------------------------, মন্ত্রণালয়/ বিভাগ।
২। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বিবিধ(৯)/২০০৬/৪৬২

তারিখ: ০১/০৬/২০০৬ খ্রিঃ
১৮/০২/১৪১৩ বঃ

## পরিপত্র

**বিষয়: ২০০৫-০৬ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত ০৩/০৫/২০০৬ তারিখের স্মারক নং-অম/অবি/বা-১/বিবিধ (০৯)/২০০৬/৩৬৮ সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রের অর্থ অবমুক্তি, বিল দাখিল ইত্যাদি বিষয়ে যে সময়সীমা নির্ধারণ করা হয়েছিল তা বিশেষতঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণে বিলম্ব হবার কারণে নতুনভাবে নির্ধারণ করার প্রয়োজন দেখা দিয়েছে।

২। বর্ণিত অবস্থায়, ২০০৫-০৬ অর্থ বছরে সরকারি আর্থিক ব্যবস্থাপনায় শৃংখলা বজায় রাখার প্রয়োজনে পুনঃনির্ধারিত সময়সীমা নিম্নরূপে নির্ধারিত হয়েছে:

ক) উন্নয়ন বাজেটের চতুর্থ/ শেষ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের শেষ সময়সীমা ০৮ই জুন, ২০০৬;

খ) উন্নয়ন বাজেটের আপত্তিকৃত নথি অর্থ বিভাগে প্রেরণের শেষ সময়সীমা ১১ই জুন, ২০০৬;

গ) উন্নয়ন বাজেটের সকল প্রক্রিয়া সম্পন্ন করে অর্থ অবমুক্তির আদেশ জারির শেষ সময়সীমা ১৩ই জুন, ২০০৬;

ঘ) উন্নয়ন ও অনুন্নয়ন উভয়খাতে নতুন ব্যয় বিল দাখিলে সর্বশেষ তারিখ ১৫ই জুন, ২০০৬;

ঙ) উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলে সর্বশেষ তারিখ ২০ই জুন, ২০০৬;

চ) উন্নয়ন ও অনুন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যু করার কাজ অবশ্যই ২৯শে জুন, ২০০৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

ছ) ১৪ই জুন, ২০০৬ তারিখ পর্যন্ত ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ ৩০শে জুন, ২০০৬ এবং ১৫ই জুন হতে ৩০শে জুন, ২০০৬ তারিখের মধ্যে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ ১৫ই জুলাই, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকবে;

**ব্যাখ্যা:** ট্রেজারি বিধিমালার এস.আর ৮৫ অনুযায়ী পূর্বে নিরীক্ষিত চেকের মেয়াদ ইস্যুর তারিখ হতে তিন মাস বহাল থাকে। ট্রেজারি বিধিমালার উক্ত বিধির কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করে এ আদেশ বলে ১৫ই জুন, ২০০৬ তারিখের পূর্বে অর্থাৎ ১ এপ্রিল, ২০০৬ থেকে ১৪ জুন, ২০০৬ পর্যন্ত সময়কালে ইস্যুকৃত চেকের মেয়াদ তিন মাসের স্থলে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বলবৎ থাকবে।

জ) যে সব ক্ষেত্রে বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ব্যবস্থা রয়েছে সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া অবশ্যই ৩০শে জুন, ২০০৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে; যে ক্ষেত্রে ৩০শে জুন, ২০০৬ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সে ক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি বছরে স্থাপিত এলসি,র বিপরীতে আগামী অর্থ সালে পরিশোধ্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন ২২ শে জুন, ২০০৬ তারিখের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে; এবং

ঝ) ৩০শে জুন, ২০০৬ তারিখের পর চলতি অর্থ বছরের বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানী এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে না।

৩। এসব ব্যবস্থা মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা নির্বিশেষে প্রযোজ্য হবে এবং এসবের বাস্তবায়ন অনুসরণ করার জন্য অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা সমন্বয়ে গঠিত পরিদর্শণ দল কর্তৃক হিসাবরক্ষণ কার্যালয়, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক শাখা পরিদর্শন করা হবে।

আরাস্তু খান
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

**বিতরণ:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/ এ, ঢাকা।

৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, ---------------------------------------।
৭। বিভাগীয় কমিশনার ---------------------------------------।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। মহাপরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক ও টেলিফোন, বাংলাদেশ, ঢাকা।
১১। মহাপরিচালক, রেলওয়ে হিসাব নিরীক্ষা, চট্টগ্রাম।
১২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।

নং-অম/অবি/বা-১/বিবিধ (৯)/২০০৬/৪৬২

তারিখ: ০১/০৬/২০০৬ খ্রিঃ
১৮/০২/১৪১৩ বঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর প্রধান।
২। সকল জেলা প্রশাসক।
৩। সকল উপজেলা নির্বাহী অফিসার।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সকল বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক।
৬। সকল জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৭। সকল মন্ত্রণালয়/ বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা।
৮। সকল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোহাম্মদ আলতাফ-উল-আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বিবিধ(০৯)/২০০৬/৩৭৫ তারিখ: ০৯-০৪-২০০৭ খ্রিঃ / ২৬-১২-১৪১৩ বঃ

**পরিপত্র**

**বিষয়: ২০০৬-০৭ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।**

অর্থ বছরের শেষ দিকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর নিরীক্ষা কর্তৃপক্ষ যাতে পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে পারে সে লক্ষ্যে বিগত কয়েক বছর যাবত সংশোধিত বাজেটের আওতায় বছর শেষে নিয়মিত ও ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ নির্ধারণপূর্বক পরিপত্র জারি করা হয়ে আসছে।

২। নিয়মিত ও ফেরত বিল দাখিলের এরূপ সময়সীমা নির্ধারণের অপর একটি মুখ্য উদ্দেশ্য হচ্ছে, অর্থ বছরের শেষদিকে দাকিলকৃত নিয়মিত ও ফেরত বিলসমূহ যথাযথভাবে নিষ্পত্তির জন্য পর্যাপ্ত সময় দেয়া যাতে সংশ্লিষ্ট অর্থ বছরের বরাদ্দকৃত অর্থের বিপরীতে বিল নিষ্পত্তি, চেক জারি ও পরিশোধ সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যেই সম্পন্ন করা হয়।

৩। অর্থ বছেরের শেষ দিকে অস্বাভাবিক বর্ধিত হারে ব্যয় করা হলে সরকারের নগদ অর্থ ব্যবস্থাপনায় অনাকাঙ্খিত সমস্যার সৃষ্টি হতে পারে এবং সরকারি হিসাব ও নদগ পরিস্থিতির মধ্যে সমন্বয় সাধন দুরূহ হয়ে পড়ে।

৪। বর্ণিত অবস্থায়, অর্থ বছেরর শেষ ব্যয় বিল দাখিল, চেক ইস্যু ও চেক নগদায়নের ক্ষেত্রে কঠোর শৃঙ্খলা বজায় রাখার প্রয়োজনে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হ'ল:

| ক্রমিক নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১. | উন্নয়ন বাজেটের আওতায় কোন অর্থ অবমুক্তির সময়সীমা | ৩১ মে, ২০০৭ |
| ২. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ১০ জুন, ২০০৭ |
| ৩. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ১৪ জুন, ২০০৭ |
| ৪. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০০৭ |
| ৫. | ১৪ই জুন, ২০০৭ তারিখ পর্যন্ত ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ | ২৮ জুন, ২০০৭ |
| ৬. | ১৪ই জুন, ২০০৭ তারিকের পরদিন হতে ২৮শে জুন, ২০০৭ তারিখের মধ্যে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ | ১৫ জুলাই, ২০০৭ |
| ৭. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০০৭ |
| ৮. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সে ক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি বছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছের পরিশোধিতব্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ | ২১ জুন, ২০০৭ |
| ৯. | বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০০৭ |

৫। উপর্যুক্ত ছকে বর্ণিত সময়সীমা মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা নির্বিশেষে প্রযোজ্য হবে এবং এসবের বাস্তবায়ন অনুসরণ করার জন্য অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা সমন্বয়ে গঠিত পরিদর্শন দল কর্তৃক হিসাবরক্ষণ কার্যালয়, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক শাখা পরিদর্শন করা হবে।

৬। ট্রেজারি বিধিমালার এস.এর. ৮৫ অনুযায়ী পূর্ব নিরীক্ষিত চেকের মেয়াদ এতদসঙ্গে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন মতে স্থগিত করা হ'ল।

৭। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

আরাস্ত খান
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
৫। সচিব, -----------------------------------------------------।
৬। বিভাগীয় কমিশনার, --------------------------------------------------।
৭। হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৯। মহা-পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক ও টেলিফোন, বাংলাদেশ, ঢাকা।
১০। মহা-পরিচালক, রেলওয়ে হিসাব নিরীক্ষা, চট্টগ্রাম।
১১। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।

নং-অম/অবি/বিবিধ(০৯)/২০০৬/৩৭৫ তারিখ: ০৯-০৪-২০০৭ খ্রিঃ / ২৬-১২-১৪১৩ বঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর প্রধান।
২। সকল জেলা প্রশাসক।
৩। সকল উপজেলা নির্বাহী অফিসার।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সকল বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক।
৬। সকল জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৭। সকল মন্ত্রণালয়/ বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা।
৮। সকল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ আবদুর রহিম খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-২

নং-০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-২৭২ তারিখ: ১৯/০২/১৪১৭ বঃ / ০২/০৬/২০১০ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: ২০০৯-১০ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি এবং বিল দাখিলের সময়সীমা বৃদ্ধি।**

সূত্র: নং-০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-১৪০, তারিখ: ২০/০৪/২০১০

সূত্রোক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে ২০০৯-১০ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি এবং বিল দাখিলের সময়সীমা নিম্নোক্তভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হল:

| ক্রমিক নং | বিষয় | সর্বশেষ সময়সীমা |
|---|---|---|
| ১. | অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সর্বশেষ তারিখ | ১০ জুন, ২০১০ |
| ২. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ১৫ জুন, ২০১০ |
| ৩. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২০ জুন, ২০১০ |
| ৪. | জেলা এবং উপজেলা পর্যায়ে সকল প্রকার বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২২ জুন, ২০১০ |

আব্দুর রউফ তালুকদার
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
৫। সচিব, ---------------------------------------।
৬। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-২

নং-০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-৪১৪

তারিখ: ০৯/০৮/২০১০ খ্রিঃ
২৫/০৪/১৪১৭ বং

**বিষয়: ২০০৯-১০ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দালিখ ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের পরিপত্র নং- ০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-১৪০, তাং- ২০/০৪/২০১০ খ্রিঃ

লক্ষ্য করা যাচ্ছে যে, গত ২০০৯-১০ অর্থ বছরে জারিকৃত সূত্রোক্ত পরিপত্রের নির্দেশমতে ইস্যুকৃত চেকসমূহ যথাসময়ে ব্যাংক জমা না দেওয়ার কারণে চেকের মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়। এ পরিপ্রেক্ষিতে চেক প্রাপকগণ যাতে তাঁদের পাওনা থেকে বঞ্চিত না হন সে জন্য সরকার চেক নগদায়নের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) বেতন-ভাতা, পেনশন, জিপি ফান্ড এবং ভ্রমণ সংক্রান্ত ব্যক্তিগত পাওনা পরিশোধের লক্ষ্যে ইস্যুকৃত তামাদি চেকসমূহ চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ৩১ আগস্ট, ২০১০ এর মধ্যে জমা প্রদান করতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হয়ে থাকলে উক্ত চেক বাতিল করে নতুন চেক ইস্যুর ব্যবস্থা গ্রহণ করবে।

খ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লিখিত চেকসমূহের বাইরে অন্যান্য তামাদি চেক পুনরায় ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার বিভাগীয় প্রধান কর্তৃক চেক সময়মত না ভাঙ্গানোর কারণ এবং এ সংক্রান্ত কাজ ও সরবরাহ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রত্যয়নসহ আগামী ৩১ আগস্ট, ২০১০ তারিখের মধ্যে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করতে হবে। তবে ১,০০,০০০/- (এক লক্ষ) বা তদূর্ধ্ব অঙ্কের চেকের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগের সচিব (Principal Accounting Officer) এর প্রত্যয়ন নিতে হবে। ইস্যুকারী কর্তৃপক্ষ আবেদনসমূহ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হলে উক্ত চেক বাতিল করে নতুন চেক জারির ব্যবস্থা গ্রহণ করবে।

০২। সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণ বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাভিত্তিক জমাকৃত মেয়াদোত্তীর্ণ ও নতুন ইস্যুকৃত চেকের তালিকা ৩ মাসের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করবে।

আব্দুর রউফ তালুকদার
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ......................................................................।
৬। বিভাগীয় কমিশনার, ...........................................................................।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল কার্যালয়কে অবহিত করার অনুরোধসহ)।
৮। কন্টোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল কার্যালয়কে অবহিত করার অনুরোধসহ)।
৯। মহাপরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১০। মহাপরিচালক, ডাক, তার ও দূরালাপনি অডিট অধিদপ্তর, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১২। মহাপরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অতিরিক্ত মহাপরিচালক, (অর্থ) বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ..............................................................................।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
Website: www.mof.gov.bd

নং-০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-১৮০

তারিখ: ২৯/০৪/২০১২ খ্রিঃ
১৬/০১/১৪১৯ বঃ

## পরিপত্র

**বিষয়: উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।**

অর্থ বছরের শেষ দিকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর নিরীক্ষা কর্তৃপক্ষ যাতে পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে পারে সে লক্ষ্যে অর্থ বছর শেষে ব্যয় বিল দাখিল, চেক ইস্যু ও চিক নগদায়নের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখার প্রয়োজনে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হ'ল:

| ক্রমিক নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১. | উন্নয়ন বাজেটের আওতায় কোন অর্থ অবমুক্তির সময়সীমা | ৩১ মে, ২০১২ |
| ২. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ১২ জুন, ২০১২ |
| ৩. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ১৭ জুন, ২০১২ |
| ৪. | উন্নয়ন ও অনুন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০১২ |
| ৫. | **১৭ই জুন, ২০১২ তারিখ পর্যন্ত ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ | ২৮ জুন, ২০১২ |
| ৬. | **১৭ই জুন, হতে ২৮শে জুন, ২০১২ তারিখের মধ্যে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ | ১৮ জুলাই, ২০১২ |
| ৭. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০১২ |
| ৮. | যেসব ক্ষেত্রে ২৮শে জুন, ২০১২ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সে ক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি বছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছের পরিশোধিতব্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ | ২১ জুন, ২০১২ |
| ৯. | বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ | ২৮ জুন, ২০১২ |

২। উপর্যুক্ত ছকে বর্ণিত সময়সীমা মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা নির্বিশেষে সকলের ক্ষেত্রেই প্রযোজ্য হবে এবং এসবের বাস্তবায়ন অনুসরণ করার জন্য অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা সমন্বয়ে গঠিত পরিদর্শন দল কর্তৃক হিসাবরক্ষণ কার্যালয়, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক শাখা পরিদর্শন করা হবে।

৩। এ পরিপত্রের নির্দেশনা প্রয়োগের স্বার্থে ট্রেজারী বিধিমালার এ.আর. ৮৫-এর কার্যকারিতা স্থগিত থাকবে।

৪। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

মোঃ হাবিবুর রহমান
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
৫। সচিব, ------------------------------------------------------।
৬। হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, ---------------------------------------------------।
১০। মহা-পরিচালক, রেলওয়ে হিসাব নিরীক্ষা, চট্টগ্রাম।
১১। মহা-পরিচালক, ডাক, তার ও দূরালাপনি অডিট অধিদপ্তর, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১২। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। মহা-পরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। মহা-পরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। মহা-পরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। মহা-পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। মহা-পরিচালক, বাণিজ্য অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। মহা-পরিচালক, দূতাবাসা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। মহা-পরিচালক, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৭.১০২.০১৮.০০.০০.০০১.২০১০-১৮০/১(১০০০)

তারিখ: ২৯/০৪/২০১২ খ্রিঃ / ১৬/০১/১৪১৯ বঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর প্রধান।
২। সকল জেলা প্রশাসক।
৩। সকল উপজেলা নির্বাহী অফিসার।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সকল বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক।
৬। সকল জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৭। সকল মন্ত্রণালয়/ বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা।
৮। সকল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ ওয়ালিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৩০৮

# সরকারি কর্মচারীর ঋণ মওকুফ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-৬

নং-অম/অবি/বা-৬/০৯৩৮-৬২০১(১)/০৬/৮৭১ তারিখ: ১৪-১২-১৪১৩ বং / ২৮-০৩-২০০৭ খ্রিঃ

**বিষয়: চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/ কর্মকর্তা/ কর্মচারীদের উত্তরাধীকারীর নিকট অথবা সম্পূর্ণ মানসিক প্রতিবন্ধী বা পঙ্গু হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্থ কর্মকর্তা/ কর্মচারীদের নিকট থেকে অনাদায়ী এবং সহজে আদায়যোগ্য নয় এমন গৃহ নির্মাণ, গৃহ মেরামত, মোটারকার, মটরসাইকেল, বাই-সাইকেল এবং কম্পিউটার ঋণের অপরিশোধিত অংশ, সুদ বা দন্ড সুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালা।**

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক বিগত ০৯-০৭-০২ ইং তারিখে অম/ অবি/ বা-২/ ০৯৩৮-৬২০১ (১৩)/ ২০০১/ ৭৮০ (১০০) নং স্মারকমূলে জারিকৃত চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী অথবা অক্ষমতা জনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকার ঋণ ও অগ্রিমের অপরিশোধিত আসল ও সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা নির্দেশক্রমে কতিপয় ক্ষেত্রে সংশোধনপূর্বক নিম্নরূপে জারি করা হলো:

<u>নীতিমালাঃ</u>

ক) ঋণ গ্রহীতা সরকারি কর্মকর্তা/ কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতা জনিত কারণে অবসর গ্রহণ করলে গৃহীত ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে। এক্ষেত্রে অবসর প্রস্তুতি ছুটি কালও (এলপিআর) এক্ষেত্রে চাকরিকাল হিসেবে গণ্য হবে।

খ) ঋণ গ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারীর প্রাপ্য পেনশন বিষয়াদি মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হবে না।

গ) আবেদনপত্রসমূহে এককালীন প্রাপ্য গ্র্যাচুইটি পরিশোধ করা হয়েছে কিনা উল্লেখপূর্বক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার সুপারিশসহ প্রেরণ করতে হবে।

ঘ) চাকরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/ কর্মচারী দায়দেনাগ্রস্থ নিঃস্ব পরিবার পরিজন রেখে মৃত্যুবরণ করলে অথবা সম্পূর্ণ মানসিক প্রতিবন্ধী বা পঙ্গু হয়ে অবসর গ্রহণ করলে তাদের ক্ষেত্রে প্রাপ্য সরকারি সুবিধাদি বিবেচনাক্রমে সুদ ও আসল মওকুফযোগ্য হবে।

ঙ) দুস্থ/ অসহায় পরিবার পরিজন রেখে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/ অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর ক্ষেত্রে অপরিশোধিত সুদ সম্পূর্ণ মওকুফযোগ্য হবে।

চ) সুদ ও আসল মওকুফের প্রস্তাব বিবেচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব (প্রশাসন) | সভাপতি |
| ২) যুগ্ম-সচিব (বাজেট) | সদস্য |
| ৩) যুগ্ম-সচিব (প্রশাসন) | সদস্য |
| ৪) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫) সংস্থাপন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬) উপ-সচিব (বাজেট-২) | সদস্য |
| ৭) সিনিয়র সহকারী সচিব (বাজেট-৬) | সদস্য |

ছ) সুদ ও আসল মওকুফের হিসাব একটি রেজিষ্ট্রারে রাখতে হবে। কোন অর্থ বছরে মওকুফের পরিমাণ বাজেটে বরাদ্দকৃত অঙ্কের অতিরিক্ত হবে না। কমিটি প্রতি মাসে একটি সভা করবে।

জ) আসল মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে:

১) সরকার থেকে প্রাপ্য এককালীন আর্থিক সুবিধাদি মোট ৬.৭৫ লক্ষ টাকা বা তদূর্ধ্ব হলে (ঘ) তে উল্লেখিত অবস্থা ব্যতীত সাধারণভাবে আসল মওকুফ বিবেচনায় আনা হবে না;

২) অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেক বা বেশী হলে সম্পূর্ণ আসল মওকুফের বিষয় বিবেচনা করা যেতে পারে। অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেকের কম হলে মৃত ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সিদ্ধান্ত নিবে।

মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৮৩০৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ১৮৯- শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৫। সচিব, (সকল) মন্ত্রণালয়/ বিভাগ --------------------------------------
৬। মহাপরিচালক, --------------------------------------
৭। যুগ্ম-সচিব (প্রশাসন ও সমন্বয়), প্রশাসন অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্ম-সচিব, (বাজেট-১ ও ২) বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক/ কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স, সিজিও ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। জেলা প্রশাসক (সকল) --------------------------------------
১১। উপ-সচিব (সকল), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল) --------------------------------------
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------
১৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) --------------------------------------
১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) --------------------------------------
১৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) --------------------------------------

# সমীক্ষা/ নিরীক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/নীতি(০২)/২০০৬/৫১২

তারিখ: ২২/০৫/২০০৭ খ্রিঃ
০৮/০২/১৪১৪ বঃ

## পরিপত্র

**বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দকৃত নিরীক্ষা/ সমীক্ষা ফি ব্যবহারের দিক নির্দেশনা।**

প্রতিটি মন্ত্রণালয়/ বিভাগ বাজেট বাস্তবায়নকালে সরকারি ব্যয়ের মিতব্যয়িতা (Economy), দক্ষতা (Efficiency) ও কার্যকারিতা (Effectiveness) নিশ্চিত করার জন্য একটি স্বতন্ত্র সত্তা হিসেবে নিরবচ্ছিন্ন পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিচালনা করা আবশ্যক। বাজেট বাস্তবায়নে উৎকর্ষ আনয়নের ক্ষেত্রে এরূপ ব্যবস্থা আন্তর্জাতিকভাবে স্বীকৃত।

০২। মধ্যমেয়াদি বাজেট কাঠামো ব্যবস্থা (Medium Term Budget Framework) প্রবর্তনের ফলে পরিকল্পনা প্রণয়ন, ব্যয়ের অগ্রাধিকার নির্ধারণ ও বাজেট বাস্তবায়নে মন্ত্রণালয়/ বিভাগসমূহের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এতে মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট বাস্তবায়নে সর্বোচ্চ গুণগত মান নিশ্চিত করার জন্য সচিব ও মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার সরাসরি নিয়ন্ত্রণে স্বাধীনভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নিজস্ব রিপোর্টিং ব্যবস্থার প্রয়োজনীয়তা অতীতের তুলনায় বর্তমানে অধিকতর অনুভূত হচ্ছে।

০৩। বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক বাজেটের (রাজস্ব ও উন্নয়ন) আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প ও কর্মসূচিসহ মন্ত্রণালয়/ বিভাগসমূহকে প্রদত্ত সকল বাজেট বরাদ্দের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ, প্রকল্প/ কর্মসূচির ফলপ্রসুতা যাচাই, অভীষ্ট লক্ষ্য অর্জনে সফলতা বিচার, উপযুক্ত সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন ও প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ ইত্যাদি উদ্দেশ্য বিবেচনায় নিয়ে নিরীক্ষা/ সমীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য ২০০৩-০৪ অর্থ বছর হতে মন্ত্রণালয়/ বিভাগসমূহকে 'নিরীক্ষা/ সমীক্ষা ফি' খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হচ্ছে।

০৪। বিগত অর্থবছরসমূহে দেখা গেছে, বিভিন্ন মন্ত্রণালয় 'নিরীক্ষা/ সমীক্ষা ফি' খাতে প্রদত্ত বরাদ্দ ব্যয় করতে পারেনি অথবা বাজেট বরাদ্দের সঠিক উদ্দেশ্য অনুধাবন করতে না পেরে এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে পারেনি। এক্ষণে মন্ত্রণালয়/ বিভাগসমূহ যাতে উক্ত ফি-এর সুষ্ঠু ও কার্যকর ব্যবহার নিশ্চিত করতে পারে, সে লক্ষ্যে নিম্নলিখিত দিকনির্দেশনা অনুসরণ করা যেতে পারে:

ক) **লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

- সরকারি সম্পদের ফলপ্রসূ ব্যবহার নিশ্চিত করা;
- মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় গৃহীত কর্মসূচি/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;
- মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় অন্যান্য ব্যয়ের যথার্থতা যাচাই করা;
- মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব আদায় কার্যক্রম পর্যালোচনা করা;
- স্বতন্ত্র ও স্বাধীন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিপোটিং ব্যবস্থার প্রবর্তন করা; এবং
- নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদনে উল্লিখিত সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/ প্রকল্পসমূহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা।

খ) **নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগ পদ্ধতিঃ**

- Public Procurement Regulation 2003 অনুযায়ী নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও নিয়োগ করতে হবে। এক্ষেত্রে মন্ত্রণালয়ের কার্যপরিধি, প্রকল্প/ কর্মসূচি বিষয়ে নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠানের পেশাগত দক্ষতাকে প্রাধান্য দিতে হবে। প্রয়োজনবোধে একাধিক প্রতিষ্ঠানকে স্ব-স্ব বিশেষায়িত ক্ষেত্রে দক্ষতা বিবেচনায় নিয়োগ করা যাবে।

গ) **নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠানের কর্মপরিধি:**

- কর্মসূচি/ প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি (Financial Progress) ও বাস্তব অগ্রগতি (Physical Progress) পর্যালোচনা;
- কর্মসূচি/ প্রকল্পসমূহের অভীষ্ট লক্ষ্য (Objectives) অর্জনে সফলতা/ ব্যর্থতা সম্পর্কে আলোকপাত;
- কর্মসূচি/ প্রকল্পসমূহের কর্মকৃতি মূল্যায়ন (Performance Evaluation) ;
- রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি বহির্ভূত অন্যান্য ব্যয়ের যথার্থতা যাচাই;

- রাজস্ব আদায় কার্যক্রম, আদায়ের হার ও আওতা বৃদ্ধির ক্ষেত্র নির্ধারণ বিষয়ে মন্তব্য;
- মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্ত দপ্তর/ সংস্থাসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা চিহ্নিত করা ও প্রতিকার বিষয়ে মতামত প্রদান; এবং
- প্রযোজ্য সরকারি আর্থিক বিধি-বিধানসমূহ প্রতিপালন বিষয়ে পর্যালোচনা।

ঘ) **নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদন দাখিল ও প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণঃ**
- নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠান প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক প্রতিবেদন প্রণয়ন করে সচিবের নিকট দাখিল করবে;
- অর্থ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগে নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদনের কপি প্রেরণ করতে হবে;
- মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- মন্ত্রণালয়ের 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' প্রতিবেদনে চিহ্নিত সমস্যা ও সুপারিশসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ বাস্তবায়নে সচিব প্রয়োজনীয় সরকারি আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন; এবং
- নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদনের উপর বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ ও এর আলোকে গৃহীত কার্যক্রমসমূহ অর্থ বিভাগ ও পরিকল্পনা বিভাগকে অবহিত রাখতে হবে।

ঙ) **অর্থ বিভাগ কর্তৃক করণীয়ঃ**
- প্রাপ্ত নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদনসমূহ, প্রতিবেদনের উপর মন্ত্রণালয়সমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটির পর্যালোচনা, সুপারিশ ও গৃহীত কার্যক্রমসমূহ অর্থ বিভাগের পরিদর্শন অধিশাখাসমূহের তত্ত্বাবধানে পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন প্রণয়ন করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শনের কার্যক্রম গ্রহণ করতে পারবে;
- পরিদর্শন অধিশাখাসমূহ এ সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক নথি সংরক্ষণ করবে;
- অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগ কর্তৃক মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট বরাদ্দ প্রক্রিয়ার অংশ হিসেবে আবশ্যিকভাবে পরিদর্শন অধিশাখাসমূহের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত প্রতিবেদনে বর্ণিত সুপারিশসমূহ বিবেচনায় নিবে;
- পরিদর্শন অধিশাখাসমূহ এ সংক্রান্ত কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার স্বার্থে প্রয়োজনবোধে মন্ত্রণালয়/ বিভাগসমূহের ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতি অনুসরণে নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগের উদ্যোগ নিবে; এবং
- পরিদর্শন অধিশাখাসমূহ প্রয়োজনবোধে সরাসরি নিজস্ব ব্যবস্থাপনায় অথবা নিরীক্ষা/ সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে যে কোন কর্মসূচি বা প্রকল্পের নিরীক্ষা/ সমীক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবে।

চ) **পরিকল্পনা কমিশন কর্তৃক করণীয়ঃ**
- পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ নিরীক্ষা/ সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করবে এবং প্রযোজ্য সুপারিশ/মতামত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে;
- প্রতিবেদন পর্যালোচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ মন্ত্রণালয়/ বিভাগ ভিত্তিক নথি সংরক্ষণ করবে এবং আরএডিপি/এডিপি-তে প্রকল্প অন্তর্ভুক্তি বা সম্পদ বন্টনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচি বিবেচনায় নিবে।
- প্রতিবেদনাধীন কর্মসূচিটি চলমান বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত অন্য কোন উন্নয়ন প্রকল্পের সাথে সাংঘর্ষিক বা একই/ অভিন্ন লক্ষ্য অর্জনের জন্য এডিপির বিদ্যমান/ প্রস্তাবিত কোন উন্নয়ন প্রকল্পের সমার্থক হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের নিকট ব্যাখ্যা চাইতে পারবে।
- উন্নয়ন কর্মসূচি প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন পর্যায়ে সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ হয়েছে কি-না তা খতিয়ে দেখতে পারবে।

০৫।০৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত দিকনির্দেশনার আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য মন্ত্রণালয়/ বিভাগসমূহকে অনুরোধ করা যাচ্ছে।

আরাস্তু খান
যুগ্ম-সচিব
বাজেট অনুবিভাগ-১

বিতরণ:

১। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও ঢাকা।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, ------------------------------------- সকল মন্ত্রণালয়/ বিভাগ।

৪। মহা হিসাব নিরীক্ষ ও নিয়ন্ত্রক।
৫। সদস্য (কার্যক্রম বিভাগ), পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড/ট্যারিফ কমিশন।
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়, সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ।
৮। অতিরিক্ত সচিব (ব্যাংকিং), অর্থ বিভাগ।
৯। যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
১০। যুগ্ম-সচিব (স:ঋ:ব্য:), সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ।
১১। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
১২। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স, অতিরিক্ত মহাপরিচালক অর্থ, বাংলাদেশ রেলওয়ে।
১৩। উপ-সচিব (বাজেট-১), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
১৪। উপ-সচিব (বাজেট-), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
১৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
১৬। সিনিয়র সহকারী সচিব (বাজেট-), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।

# ব্যয় বরাদ্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, বাজেট শাখা-৬

নং-অম/অবি/বা-৬/এনবিআর-২/৯৮-৯৯/অংশ-১/৫৩৩ তারিখ: ০৫-০৪-২০০৯ খ্রিঃ

**বিষয়: কর ভবন নির্মাণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুকূলে জমি রেজিষ্ট্রেশন ও ষ্ট্যাম্প ডিউটি পরিশোধ থেকে অব্যাহতি সংক্রান্ত।**

সূত্র: অম/অসবি-২/বাজেট-৩৬/২০০৯-৫৫ তারিখ: ২৬ জানুয়ারী, ২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের বরাতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ডের কর ভবন নির্মানে বরাদ্দকৃত জমির রেজিষ্ট্রেশন খরচ ববাদ অতিরিক্ত বরাদ্দ্ সংক্রান্ত বিষয়ে যুগ্ম-সচিব (বাজেট-১) এর সভাপতিত্বে গত ০২-০৩-২০০৯ তারিখে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইন্সপেক্টর জেনারেল অব রেজিষ্ট্রেশন, সদস্য বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, উপ-সচিব(প্রশা-২), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, উপ-সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগসহ অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। সভায় GFR-এর ২৮০ বিধি এবং রেজিষ্টেশন ম্যানুয়াল অনুযায়ী সরকারি এক বিভাগ থেকে অন্য বিভাগে জমি হস্তান্তরিত হলে রেজিষ্ট্রেশন ও ষ্টাম্প ডিউটি বাবদ অর্থ ব্যয়ের সুযোগ নেই মর্মে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন (সভার রেকর্ড নোটস সংযুক্ত)।

৩। এ পরিপ্রেক্ষিতে কর ভবন নির্মাণের জমি রেজিষ্ট্রেশণ ও ষ্ট্যাম্প ডিউটি পরিশোধ বাবদ অর্থ বিভাগের বিগত ২৭-১১-২০০৮ ইং তারিখের অম/ অবি/ বা-৬/ এনবিআর-২/ ৯৮-৯৯/ ৯৮-৯৯/ অংশ-১/ ৪৬৬ নং স্মারক মূলে জারিকৃত জাতীয় রাজস্ব বোর্ডের অনুকুলে অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে ১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ সংক্রান্ত মঞ্জুরী আদেশ বাতিলক্রমে বিনা খরচে উক্ত রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে শর্ত থাকে যে, স্থানীয় কর প্রদান হতে অব্যাহতি সংক্রান্ত বিষয় স্থানীয় সরকার বিভাগ-এর সংশ্লিষ্ট শাখায় যোগাযোগক্রমে নিষ্পত্তি করতে হবে।

মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৮৩০৬

বিতরণ:
১। সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: জনাব মোঃ আফজাল হোসেন, উপ-সচিব)
২। জনাব মুন্সী নজরুল ইসলাম, আই,জি,আর (চঃদাঃ), ইন্সপেক্টর জেনারেল অব রেজিষ্ট্রেশন, আবদুল গণি রোড, ঢাকা।
৩। জনাব মোঃ ফরিদ উদ্দিন, সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪। জনাব মোঃ আফজাল হোসেন, উপ-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বেগম মোহসিনা ইয়াছমিন, উপ-সচিব (প্র-২), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/বা-৬/এনবিআর-২/৯৮-৯৯/অংশ-১/৫৩৩ তারিখ: ০৫-০৪-২০০৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। যুগ্ম-সচিব (বা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।

মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-০৭.১০১.০১৮.০০.০০.১৪.২০১০-২৫১

তারিখ: ০৮-০৪-২০১০ খ্রিঃ
২৫-১২-১৪১৬ বঃ

**বিষয়: সরকারি প্রতিষ্ঠানের এক বিভাগ থেকে অন্য বিভাগে জমি হস্তান্তরের ক্ষেত্রে GFR-280 এর বিধান যথাযথভাবে অনুসরণ করা প্রসঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ থেকে অন্য কোন বিভাগে জমি হস্তান্তর করা হলে জমির মূল্য ও রেজিস্ট্রেশন ফি বাবদ মূল্য পরিশোধ করা হয়ে থাকে। প্রকৃত পক্ষে সরকারের এক বিভাগ থেকে অন্য বিভাগে জমি হস্তান্তরের ক্ষেত্রে GFR-280 (1) এ উল্লেখ আছে যে, When any land or building is transferred from one department of Government to another, the transfer should be free of charge.

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জমির মূল্য এবং রেজিস্ট্রেশন ফি বাবদ মূল্য পরিশোধ ব্যতিরেকেই সরকারের এক বিভাগ থেকে অন্য বিভাগে জমি হস্তান্তর হবে এবং এরূপ হস্তান্তরের জন্য কোনো অর্থ বরাদ্দের প্রয়োজন হবে না।

মোঃ আবদুর রহিম খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৬৬৯

বিতরণ
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ------------------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪. মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৫. সকল অধিদপ্তর/ দপ্তর/ পরিদপ্তরের প্রধান।
৬. সকল বিভাগীয় কমিশনার।
৭. সকল জেলা প্রশাসক।
৮. সকল উপজেলা/ থানা নির্বাহী অফিসার।

# থোক বরাদ্দ হতে বেতন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২
বাজেট শাখা-১১

**বিষয়:** **থোক বরাদ্দ হতে বেতন ভাতা প্রদান সংক্রান্ত।**

জুলাই ১৯৯৭ এর পূর্বে শুরু হওয়া এবং স্থায়ী কমিটির সিদ্ধান্তের জন্য অপেক্ষমান সমাপ্ত প্রকল্পসমূহের কর্মরত পদের বিপরীতে ইতোপূর্বে ডিসেম্বর ২০০৮ পর্যন্ত রাজস্ব খাতের থোক বরাদ্দ থেকে বেতন-ভাতা প্রদানে বাজেট অনুবিভাগের সুপারিশ করা হয়েছে। এ পর্যায়ে যে সকল প্রকল্প পুনর্গঠিত স্থায়ী কমিটির বিবেচনার জন্য অপেক্ষমান রয়েছে অথবা স্থায়ী কমিটির সভায় উপস্থাপিত হয়েছে কিন্তু অর্থ বিভাগের সম্মতিপত্র এখনও জারি করা হয়নি সে সকল প্রকল্পসমূহের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশকৃত পদের বিপরতে শুধু কর্মরত জনবলের অনুকূলে জানুয়ারী ০৯ হতে মার্চ ০৯ পর্যন্ত সময়ের বেতন-ভাতা থোক বরাদ্দ হতে পরিশোধ করা যেতে পারে। যে সকল সমাপ্ত প্রকল্পের ক্ষেত্রে পুনর্গঠিত স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩১ মার্চ ০৯ এর পূর্বেই অর্থ বিভাগের সম্মতিপত্র জারি করা হবে, সে ক্ষেত্রে সম্মতিপত্র জারির পূর্বদিন পর্যন্ত উক্ত বেতন-ভাতা প্রদেয় হবে। উল্লেখ্য, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত হয়ে থাকলে এবং স্থানান্তিরের অপেক্ষায় থাকলেই কেবল সে ধরনের কর্মকর্তা/ কর্মচারীদের বেতন-ভাতা প্রদেয় হবে।

২। থোক বরাদ্দ হতে অনির্দিষ্টকাল বেতন-ভাতা প্রদান সমীচীন হবে না বিধায় সংশ্লিষ্ট প্রকল্পসমূহের পদ স্থানান্তর/পদ সৃষ্টি (প্রযোজ্যমতে) সহ নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহকে অনুরোধ করতেও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ মফিদুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭২০৩

বিতরণ:

১। উপ-সচিব (বাজেট অনুবিভাগ-১/২/৩/৪/৫/৬), অর্থ বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা ৩), অর্থ বিভাগ।
৩। যুগ্ম-সচিব (বাজেট-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৪। যুগ্ম-সচিব(বাজেট-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

---

ইউ, ও নোট নং-অম/অবি/বাজেট-১১/বিবিধ-৩৮/০৪/৩০৭ তারিখ:০৪/০৬/২০০৯

# জনবল ও নতুন ব্যয়ের প্রস্তাব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬

নং-অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-১/২০০০/২৫৮ তারিখ: ১২-১২-২০০০ ইং

## অফিস আদেশ

১। বিভিন্ন বিভাগ/ মন্ত্রণালয় থেকে রাজস্বখাতে পদ সৃষ্টি/ সংরক্ষণ/ নিয়মিতকরণ/ স্থায়ীকরণ, পদবী পরিবর্তন, নতুন ব্যয়ের প্রস্তাব, অতিরিক্ত বরাদ্দ ইত্যাদি আর্থিক সংশ্লেষ সম্বলিত প্রস্তাব অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করা হয়। কিন্তু বেশ কিছু ক্ষেত্রে এ সকল প্রস্তাবের সাথে প্রয়োজনীয় তথ্যাবলী সম্বলিত কাগজপত্র/ আদেশ নির্দেশ থাকে না। ফলে এসব প্রস্তাবাবলী পরীক্ষার অসম্পূর্ণতা উল্লেখপূর্বক নানাবিধ তথ্য চাওয়া হয়। আবার কোন কোন ক্ষেত্রে একই বিষয়ে একাধিকবার তথ্য চাওয়া হয়। এর ফলে প্রস্তাবাদির উপর সিদ্ধান্ত গ্রহণে যথেষ্ট বিলম্ব ঘটে। প্রস্তাব পাওয়ার সঙ্গে সঙ্গে উহার অসম্পূর্ণতার দিকসমূহ শাখা পর্যায়ে চিহ্নিতপূর্বক প্রস্তাবকারী কর্তৃপক্ষের জানানো হলে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ হতে দ্রুততার সাথে নিষ্পত্তিমূলক সিদ্ধান্ত প্রদান সম্ভব হবে।

২। এতদুদ্দেশ্যে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সকল শাখা পর্যায়ে অনুসরণের জন্য ম্নিবর্ণিত বিষয়ভিত্তিক একটি চেক লিষ্ট (Cheeklist) প্রণয়ন করা হলো।

### চেক লিষ্ট (Cheeklist)

১) পদ সৃষ্টি/ সংরক্ষণ/ স্থায়ীকরণ/ পদবী পরিবর্তন সংক্রান্ত।

ক) নতুন পদ সৃজন ও পদ অবলোপন:
১) সংস্থাপন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগের সম্মতিপত্র দেওয়া;
২) আর্থিক সংশ্লেষের পরিমাণ ও অতিরিক্ত ব্যয় কিভাবে মেটানো হবে তার উল্লেখ;
৩) পদ সৃজনের যৌক্তিকতা ব্যাখ্যা করা হয়েছে কিনা;
৪) সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান/ বিভাগ/ মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোর কপি;
৫) প্রস্তাবটি সংশ্লিষ্ট বিভাগ/ মন্ত্রণালয়ের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা (Principal Accounts Officer) এর অনুমোদনক্রমে প্রেরণ করা হয়েছে কি না;
৬) প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তরের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি, অর্থ বিভাগের স্থায়ী কমিটির সম্মতি ও সংশ্লিষ্ট প্রকল্পের পিপি এবং আই,এম,ই,ডির মূল্যায়ন।

খ) পদ সংরক্ষণ:
১) প্রস্তাবটিতে ন্যূনপক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের যুগ্ম-সচিব-এর অনুমোদন রয়েছে কি না;
২) সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতির কপি;
৩) সংশ্লিষ্ট বছরের পূর্ববর্তী বছরের পদ সংরক্ষণ করা হয়েছে কি না;

গ) পদ স্থায়ীকরণ:
১) সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিপত্র;
২) স্থায়ীকরণের যৌক্তিকতা;
৩) পদগুলো সংশ্লিষ্ট বছরের পূর্ববর্তী বছরে সংরক্ষিত হয়েছে কি না;

ঘ) পদের বেতন, মর্যাদা/ পদবী পরিবর্তন:
১) সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিপত্র;
২) যৌক্তিকতা সম্পর্কিত ব্যাখ্যা;
৩) নিয়োগ বিধির কপি;
৪) সংশ্লিষ্ট সাংগঠনিক কাঠামোর কপি;
৫) আর্থিক সংশ্লেষ ও অতিরিক্ত ব্যয় কিভাবে মিটানো হবে তার উল্লেখ;

২) ওয়ার্কচার্জড/ কন্টিনজেন্ট কর্মচারীদের নিয়মিত প্রতিষ্ঠানে আনয়ন সংক্রান্ত:
১) স্ট্যান্ডিং কমিটির সিদ্ধান্ত ও উক্ত কমিটির সিদ্ধান্তের আলোকে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিপত্র;
২) সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮/০৩/৬৯, ২৩/০১/৮৬ ও ২০/০২/৯০ তারিখের স্মারকের শর্তাদি নিম্নোক্তভাবে প্রতিপালিত হয়েছে কি না;
ক) প্রস্তাবিত পদধারীগণ ২৩-১-৮৬ ইং তারিখে অথবা এর পূর্বে নিয়োগপ্রাপ্ত কিনা;
খ) নিয়মিতকরণের জন্য প্রস্তাবিত কর্মচারীর সংখ্যা বিদ্যমান ওয়ার্কচার্জড কর্মচারীর মোট সংখ্যার ৫০% এর মধ্যে রয়েছে কিনা;
গ) প্রস্তাবাধীন কর্মচারীর চাকরির বয়স ন্যূনতম ১০ বছর হয়েছে কিনা;
ঘ) প্রস্তাবাধীন কর্মচারীর চাকরি বৃত্তান্ত বিশেষ করে জন্ম তারিখ, যোগদানের তারিখ, যোগদানের তারিখে বয়স, নিয়োগপত্র/ সার্ভিস বইয়ের সংশ্লিষ্ট পাতা রয়েছে কিনা;

৩) নতুন ব্যয় প্রস্তাব ও নতুন ব্যয়ের তফসিল সংক্রান্ত:
   ১) ব্যয়ের প্রাক্কলনটি (Estimate) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ও অনুমোদিত হয়েছে কিনা;
   ২) সুনির্দিষ্ট সময়সীমার মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে কিনা;
   ৩) প্রস্তাবটি ব্যয়ের অপরিহার্যতার ব্যাখ্যা রয়েছে কিনা;
   ৪) প্রস্তাবিত প্রক্কলনের আর্থিক সংশ্লেষ।

৪) সরকারি অফিসের জন্য বাড়ী ভাড়াকরণ সংক্রান্ত:
   ১) প্রস্তাবিত অফিস স্পেসের পরিমাণ সরকারি প্রাধিকার অনুসারে রয়েছে কিনা? না থাকলে উহার কারণ;
   ২) অফিসটির কাজের ধরন;
   ৩) প্রস্তাবিত ভাড়ার হার সরকারি ভাড়ার হারের চেয়ে কি পরিমাণ বেশী;
   ৪) বার্ষিক অতিরিক্ত আর্থিক সংশ্লেষের পরিমাণ;
   ৫) প্রস্তাবিত বাড়ী ভাড়ার জন্য পত্রিকায় বিজ্ঞাপন/ কোটেশন/ টেন্ডার আহবান করা হয়ে থাকলে;
   ৬) প্রস্তাবিত বাড়িভাড়া নেয়ার স্বপক্ষে যৌক্তিকতা।
   ৭) সরকারি আবাসন পরিদপ্তরের ছাড়পত্র (নূতন ভাড়ার ক্ষেত্রে)

৫) বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ বরাদ্দ সংক্রান্ত:
   ১) প্রস্তাবটি অর্থ বিভাগের ০৭-০৩-২০০০ ইং তারিখের অম/ অবি/ (ব্যয় নিয়ন্ত্রণ-১)/ ডিপি-১/ ২০০০/ ৬২ পরিপত্র এর ২(ক) ও (খ) মোতাবেক প্রেরণ করা হয়েছে কিনা/ নিম্নোক্ত তথ্যাবলী আছে কিনা?
      ক) প্রস্তাবটির যৌক্তিকতাসহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ-এর মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার (Principal Accounts Officer) কর্তৃক অনুমোদিত ও স্বাক্ষরিত স্বয়ংসম্পূর্ণ সার সংক্ষেপসহ প্রেরিত হয়েছে কিনা;
      খ) চলতি ও আগামী অর্থ বছরসমূহে আবর্তক ও অনাবর্তক ব্যয়ের বিভাজন;
      গ) বাজেটে অর্থের সংস্থান না থাকার কারণ;
      ঘ) বরাদ্দকৃত বাজেটের কোডভিত্তিক বিবরণ ও ব্যয় নির্বাহের বিবরণ;
      ঙ) অর্থ বছরে পরিকল্পিত ব্যয় পরিহার করে প্রস্তাবিত ব্যয় সংকুলান করা যায় কিনা বা পরবর্তী বছর পর্যন্ত প্রস্তাবিত ব্যয় স্থগিত রাখা যায় কিনা, ইত্যাদি।

৬) বকেয়া দাবীসমূহ স্বাধীনতা পূর্বকালীন বকেয়াদাবী:
   ১) বকেয়া দাবীর যৌক্তিকতা এবং ইতোপূর্বে দাবী উত্থাপন না করার কারণ;
   ২) প্রস্তাবটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক অনুমোদিত কিনা।

৩। চেকলিষ্টে বর্ণিত কাগজপত্রাদি সংশ্লিষ্ট প্রস্তাবের সঙ্গে সংযুক্ত না থাকলে শাখা পর্যায়েই আপত্তি উত্থাপনপুর্বক প্রস্তাব প্রেরণকারী বিভাগ/ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৪। উপরোক্ত চেকলিষ্ট মূলতঃ নির্দেশমূলক। চেকলিষ্টে বর্ণিত সার্কুলার/ প্রমাণপত্র/ কাগজপত্রাদি ছাড়াও কোনো প্রস্তাবের আদেশ/ নির্দেশ অনুসারে নথি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সিদ্ধান্তের জন্য উপস্থাপন করতে হবে।

মোঃ আমিনুর রহমান
যুগ্ম-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ)

বিতরণ:
১। ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
২। যুগ্ম-সচিব (ব্যয়ঃনিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬

নং-অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-২/২০০৯/২০০ তারিখ: ১০-০৬-২০০৯ খ্রিঃ / ২৭-০২-১৪১৬ বঃ

# পরিপত্র

**বিষয়: সরকারি সম্পদ ব্যবহারে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ব্যয় হ্রাস প্রসঙ্গে।**

বৈশ্বিক অর্থ নৈতিক মন্দার প্রেক্ষাপটে কর্মসংস্থান সৃষ্টি, সামষ্টিক চাহিদা বৃদ্ধি, সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম ও দারিদ্র নিরসনমূলক বিভিন্ন কায্ক্রমের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য ক্ষেত্রে সরকারি ব্যয় সংকোচন ও কৃচ্ছ্রসাধন প্রয়োজন। এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর/ সংস্থাসমূহের বিভিন্ন প্রকার ব্যয়ের ক্ষেত্রে অপচয় রোধ এবং যৌক্তিকতার নিরিখে পণ্য ও সেবা গ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার নিম্নরূপ নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১। ক) বছরের শুরুতে Procurement Plan এবং সরকারি ভবন/ স্থাপনা/ সড়ক নির্মাণ ও মেরামত/ সংরক্ষণের সুনির্দিষ্ট পরিকল্পনা তৈরী করতে হবে। এই পরিকল্পনায় উল্লেখ থাকবে কোথায় কতটি ভবন/ স্থাপনা/ সড়ক নির্মাণ ও মেরামত/ সংস্কার করা হবে। অর্থ বিভাগ এসব পরিকল্পনা পরীক্ষা নিরীক্ষা করে অর্থ বরাদ্দ/ ছাড় করবে।

খ) প্রতি বছর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কমিটি কর্তৃক স্ট্যান্ডার্ড হার (যেমন প্রতি বর্গফুটের নিমার্ন/ মেরামত ব্যয়, প্রতি কিঃমিঃ সড়কের নির্মাণ/ মেরামত ব্যয়) নির্ধারণ করা যেতে পারে। এক্ষেত্রে কমিটিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধিসহ অন্ততঃদুইজন External Expart থাকতে হবে।

২। ক) সরকারি দপ্তরে ১৬০০ সিসির উর্ধ্বে সিডান গাড়ী এবং ২৭০০ সিসির উর্ধ্বে জীপগাড়ী ব্যবহার করা যাবেনা।

খ) বাজেটে যানবাহন ক্রয়ের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাবে প্রামাণ্য কাগজপত্রসহ নিম্নে বর্ণিত তথ্যগুলো দিতে হবে।

১) ক্রয়ের জন্য প্রস্তাবিত যানবাহন অনুমোদিত টিওএন্ডইতে অন্তর্ভুক্ত আছে কিনা;
২) প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা;
৩) প্রতিস্থাপনের ক্ষেত্রে গাড়ী অকেজো ঘোষণা করে বিক্রি করা হয়েছে কিনা;
৪) গাড়ি অকেজো ঘোষনার প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা।

গ) নতুন ক্রয়কৃত যানবাহন সিএনজি চালিত হতে পারে। সরকারি যানবাহন সিএনজিতে রুপান্তরের জন্য বিদ্যমান নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৩। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করতে হবে।

৪। প্রাধিকার কর্মকর্তাগণের আবাসিক টেলিফোনের ন্যায় সকল দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা স্ব-উদ্যোগে নিয়ন্ত্রণে রাখতে হবে।

৫। সরকারের বিভিন্ন সভা/ সেমিনার উপলক্ষ্যে আপ্যায়ন ব্যয়ের আধিক্য পরিহার করতে হবে।

৬। সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে ঘন ঘন বদলি যথাসম্ভব পরিহার করতে হবে। সচরাচর একই কর্মস্থলে ৩ (তিন) বছর পর্যন্ত চাকরির মেয়াদকাল অনুসরণ করা বাঞ্চনীয়।

৭। ক) বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ, ডিসিপ্লিন ফোর্সেস এবং সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য সকল দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রহরী, মালি এবং ক্লিনার/ সুইপারসহ ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের পরিবর্তে Out Sourcing এর মাধমে সেবা গ্রহণ করার বর্তমান নিয়ম চালু রাখতে হবে।

খ) রাজস্ব বাজেটের আওতাভুক্ত ৪র্থ শ্রেণীর যে সকল পদ অবসর জনিত বা অন্য কোনো কারণে শূন্য হবে সেখানে Out Sourcing করতে হবে।

৮। ক) উন্নয়ন প্রকল্পের জনবল যথাসম্ভব রাজস্ব বাজেটভুক্ত জনবলের মধ্য থেকে প্রেষণের মাধ্যমে নিয়োগ দিতে হবে।

খ) সমাপ্ত প্রকল্পের যানবাহনের জ্বালানী ব্যয় রাজস্বখাত থেকে বহন করা যাবে না।

৯। ক) প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের প্রটোকল প্রদানের ক্ষেত্রে একজনের বেশী কর্মকর্তাকে প্রটোকল কাজে নিয়োগ করা যাবে না।

খ) ভিআইপিদের আগমন উপলক্ষ্যে কোন গেইট/ তোরণ নির্মাণ করা যাবে না।

১০। সরকারি কার্যোপলক্ষ্যে বিদেশ ভ্রমনের ক্ষেত্রে ভ্রমণকারী সদস্য/ কর্মকর্তার সংখ্যা যৌক্তিক (rational) হতে হবে।

১১। ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে আপ্যায়ন ব্যয়ের ক্ষেত্রে মিতব্যয়ী হতে হবে।

খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের বাড়ি ভাড়া বৃদ্ধি ৫% এর বেশী হলে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণের বিধান রয়েছে। এ বিধান প্রতিপালন করতে হবে। এ নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বহাল থাকবে।

ফজলে কবির
অতিরিক্ত সচিব (সানি)

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেগগাও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, কাকরাইল, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৬। সচিব, -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ
(অধীনস্থ সকল দপ্তরকে নির্দেশনার প্রদানের অনুরোধ করা হলো।)
৭। বিভাগীয় কমিশনার (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। অতিরিক্ত মহা পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১৮। অফিস কপি।

# গাড়ীর মূল্য নির্ধারণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬
www.mof.gov.bd

নং-০৭.১৫৬.০২৬.০৬২.০০.০১.২০০৪-৩৭৯ তারিখ: ২৬/০৯/২০১০ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে গাড়ীর মূল্য বৃদ্ধি পাওয়ায় পুনরায় বিভিন্ন কোম্পানীর (প্রগতি ইন্ডাষ্ট্রিজ, নাভানা, র্যাগস, মাল্টিমোড ট্রান্সপোর্ট, প্যাসিফিক মটরস, উত্তরা মটরস) জীপ, কার, বাস, মিনিবাস, মাইক্রোবাস, মটরসাইকেল ও পিক-আপ এর মূল্য সংগ্রহ করে উক্ত তুলনামূলক মূল্য পর্যালোচনায় নিম্নোক্তভাবে গাড়ির মূল্য পুনঃনির্ধারণ করা হলো:-

| | | | | |
|---|---|---|---|---|
| ১) | জীপ | = | ৪৭.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ২) | কার | = | ২৪.০০ লক্ষ টাকা (১৬০০ সিসির উর্ধ্বে নয়) | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৩) | মাইক্রোবাস | = | ২৫.৫০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৪) | পিক-আপ (সিংগেল ক্যাবিন) | = | ২২.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |
| ৫) | পিক-আপ (ডাবল ক্যাবিন) | = | ২৫.৭৫ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |
| ৬) | মটর সাইকেল | = | ১.৫০ লক্ষ টাকা (১২৫ সিসি) | |

এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরসমূহের যানবাহন ক্রয়ে অনুমতিসহ উপরোক্ত মতে অর্থ বরাদ্দ প্রদানের জন্য ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের সকল শাখাসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

বিলকিস জাহান রিমি
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৫০৭৩০
ই-মেইলঃ bilquisj@finance.gov.bd

বিতরণ:
১। যুগ্ম-সচিব (বাজেট-১/ ২), অর্থ বিভাগ।
২। উপ-সচিব-১/ ২/ ৩ (ব্যাঃনিঃ), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৩। উপ-সচিব (ব্যাঃনিঃ ১/ ২/ ৩/ ৪/ ৫ ও ৮ অধিশাখা), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব, (ব্যাঃনিঃ ৩,৬ ও ৭), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৫। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব (বাঃ ও ব্যাঃনিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭। যুগ্ম-সচিব (ব্যাঃনিঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬
www.mof.gov.bd

নং-অম(অবি)/ব্যঃনিঃ-৬/বিবিধ-০১/২০০৪/৩৮৪ তারিখ: ৩০/০৯/২০০৯ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে গাড়ীর মূল্য বৃদ্ধি পাওয়ায় পুনরায় বিভিন্ন কোম্পানীর (নিশান (প্যাসিফিক), র্যাগস (মিতস্যুবিশি) লিঃ, প্রগতি ইন্ডাষ্ট্রিজ ও নাভানা লিঃ) নিকট হতে কার, জীপ, মাইক্রোবাস ও পিক-আপ এর মূল্য সংগ্রহ করে উক্ত তুলনামূলক মূল্য পর্যালোচনায় নিম্নোক্তভাবে গাড়ির মূল্য পুনঃনির্ধারণ করা হলো:-

| | | | | |
|---|---|---|---|---|
| ১) | জীপ | = | ৪০.৫০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ২) | কার | = | ১৬.৫০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৩) | মাইক্রোবাস | = | ২৪.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৪) | পিক-আপ (সিংগেল ক্যাবিন) | = | ২০.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |
| ৫) | পিক-আপ (ডাবল ক্যাবিন) | = | ২৪.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |

এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরসমূহের যানবাহন ক্রয়ে অনুমতিসহ উপরোক্ত মতে অর্থ বরাদ্দ প্রদানের জন্য ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের সকল শাখাসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

বিলকিস জাহান রিমি
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৫০৭৩০
ই-মেইলঃ bilquisj@finance.gov.bd

১। উপ-সচিব-১/ ২/ ৩ (ব্যঃনিঃ), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
২। উপ-সচিব (ব্যঃনিঃ ১/ ২/ ৪/ ৫/ ৭/ ৮ ও ৯ অধিশাখা), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সহকারী সচিব, (ব্যঃনিঃ ৩ ও ৬), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৪। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব (সাঃনিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৬। যুগ্ম-সচিব (ব্যঃনিঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭। অপিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬
www.mof.gov.bd

নং- ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪-৬২০ তারিখ: ২৮/১১/২০১১ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন ধরনের গাড়ির মূল্য নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে গাড়ীর মূল্য বৃদ্ধি পাওয়ায় পুনরায় বিভিন্ন কোম্পানীর (প্রগতি ইন্ডাষ্ট্রিজ, নাভানা, রেংগস, প্যাসিফিক মটরস, উত্তরা মটরস) জীপ, মাইক্রোবাস, মটরসাইকেল ও পিক-আপ এর মূল্য সংগ্রহ করে উক্ত তুলনামূলক মূল্য পর্যালোচনায় নিম্নোক্তভাবে গাড়ির মূল্য পুনঃনির্ধারণ করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১) | কার | = ২৪.০০ লক্ষ টাকা (১৬০০ সিসির উর্ধ্বে নয়) | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ২) | জীপ | = ৫৩.৭০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৩) | পিক-আপ (সিংগেল ক্যাবিন) | = ২৮.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |
| ৪) | পিক-আপ (ডাবল ক্যাবিন) | = ৫১.০০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফিসহ)। |
| ৫) | মাইক্রোবাস | = ২৭.৫০ লক্ষ টাকা | (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি করভারশন ফি সহ)। |
| ৬) | মটর সাইকেল | = ১.৫০ লক্ষ টাকা | (১২৫ সিসি) |

এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরসমূহের যানবাহন ক্রয়ে অনুমতিসহ উপরোক্ত মতে অর্থ বরাদ্দ প্রদানের জন্য ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের সকল শাখাসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

মহম্মদ রবিউল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৫০৭৩০
ই-মেইলঃ mabiul@finance.gov.bd

১। যুগ্ম-সচিব (বাজেট- ১/২), অর্থ বিভাগ।
২। উপ-সচিব-১/ ২/ ৩ (ব্যঃনিঃ), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৩। উপ-সচিব (ব্যঃনিঃ ১/ ২/ ৪ ও ৫ অধিশাখা), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব, (ব্যঃনিঃ ৩, ৬ ও ৭), ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৫। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব (বাঃ ও ব্যঃনিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭। যুগ্ম-সচিব (ব্যঃনিঃ ও প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৮। অফিস কপি।

# রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান

# স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী

# (LENDING AND RELENDING TERMS OF LOCAL CURRENCY/ FOREIGN LOANS)

অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
অর্থ মন্ত্রণালয়
[www.gobfinance.org]

# স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী

# (LENDING AND RELENDING TERMS OF LOCAL CURRENCY/ FOREIGN LOANS)

অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট অনুবিভাগ
অর্থ মন্ত্রণালয়
[www.gobfinance.org]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট অনুবিভাগ

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-১৩/০৪/৩৬৮ তারিখ: ১৭/০৩/২০০৪ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং পাবলিক সেক্টর কর্পোরেশনসমূহকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদানের সংশোধিত শর্তাবলী।**

সরকার বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং পাবলিক সেক্টর কর্পোরেশনসমূহকে স্থানীয় মুদ্রায় প্রদত্ত ঋণ, বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর সুদের হার এবং শর্তাবলী পুনঃর্বিবেচনা করে একটি সংশোধিত নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। সংশোধিত নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে এবং চলতি ও নতুন উভয় ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে চলতি বৈদেশিক ঋণের ক্ষেত্রে বৈদেশিক ঋণ চুক্তি অনুযায়ী সহায়ক ঋণের শর্তাবলী পরিবর্তনের জন্য উন্নয়ন সহযোগীর সম্মতির প্রয়োজন হলে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীর সম্মতিক্রমে তা কার্যকর করা হবে।

৩। ঋণ গ্রহণকারী সংস্থাসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীর প্রয়োজনীয় সম্মতি গ্রহণের উদ্যোগ গ্রহণ করবে এবং সে অনুযায়ী সংশ্লিষ্ট সহায়ক ঋণ চুক্তি সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

৪। এ বিষয়ে পূর্বে জারিকৃত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হ'ল।

মোহাম্মদ আবদুল মজিদ
যুগ্ম-সচিব (উন্নয়ন বাজেট)

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৫। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ মহাপরিচালক (সকল সংস্থা) ---------------------------------------।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

## Lending and Relending Terms for Public Investment

(Autonomous Bodies/Semi-Autonomous Bodies/ Sector Corporations)

| **Sector/ Corporation** | **Interest on Local Currency Loan (%)** | **Interest on Foreign Currency Loan (%)** | **Repayment period including grace period** | **Remarks** |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| **1. Industry** | | | | |
| a) Large Scale | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) For fertilizer industries the interest rate on relending of foreign loans will be 4.5%.<br>ii) Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government.<br>iii) Generally the government should not finance in any manufacturing unit except Research & Development (R&D) purpose. For R&D project government may provide grant. |
| b) Small Scale | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) For units producing goods exclusively for export, interest rate may be reduced to 3.5 on foreign loan.<br>ii) Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| **2. Transportation/ Communication** | | | | |
| a) Bangladesh Biman. | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| b) BRTC | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| c) B.S.C. | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| d) BIWTC | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| e) BIWTA | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | i) BIWTA takes up projects on consideration of social welfare or public interests which may not be commercially viable all such projects should be financed on the basis of grants. However, when it executes revenue earning projects, the terms of financing should be the same as applicable to BIWTC.<br>ii) Debt: equity ratio shall be 67:33 to 60:40 as may be determined by the Government. |
| f) Bangladesh Railway | 2 | --- | --- | According to the Railway Act, all Government investments are at a constant rate of return at 2%. For foreign currency loan, the rate of interest and other terms and conditions stipulated in the Cardit Agreements shall apply. |

| Sector/ Corporation | Interest on Local Currency Loan (%) | Interest on Foreign Currency Loan (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| g) T & T Board | 2 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| **3. Port** | | | | |
| a) Chittagong Port Authority | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | Government would encourage to finances all project from internally generated resources. |
| b) Mongla Port Authority | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | Government would encourage to finances all project from internally generated resources. |
| **4. Utilities/ Service cum Commercial:** | | | | |
| a) Bangladesh Power Development Board | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | Debt: equity ratio shall continue to be 40:60. |
| b) Bangladesh Rural Electrification Board. | 0 | **0.75% during moratorium period. 2% during repayment period.** | 30 Years (Grace Period 5 Years) | Local currency investment will continue to be treated as grant unitl further orders. |
| c) WASA, Dhaka (Sewerage and water Supply). | 4 | 5 | 20 Years (Grace Period 5 Years) | Recovery of full cost should be justified (investment and operation). But because of Public interest in terms of urbanization/ human settlement, larger equity participation or limited grants by Government may be considered in appropriate cases. |
| d) WASA, Chittagong (Sewerage and water Supply). | 4 | 5 | 20 Years (Grace Period 5 Years) | Recovery of full cost should be justified (investment and operation). But because of Public interest in terms of urbanization/ human settlement, larger equity participation or limited grants by Government may be considered in appropriate cases. |
| e) BOGMC and its subsidiaries | 4 | 5 | 15 Years (Grace Period 3 Years) | i) These terms should apply only for transmission and distribution projects.<br>ii) Debt: equity ratio shall be in the region of 60:40 and 67:33. |
| **5. Agriculture, Forest, Fisheries and Water Resources:** | | | | |
| a) Flood Control and Irrigation (BWDB) | ----- | ----- | ----- | The present practice of financing on grant basis may continue. Loan financing may be considered in future in the context of administration of water rates e.g. collection procedures assessment rates, etc. |
| b) Bangladesh Forest Industries Development Corporation. | ----- | ----- | ----- | In principle the government should not finance in this sub-sector except Research & Development purpose. For R&D programme government may provide grant. |
| c) Bangladesh Fisheries Development Corporation. | ----- | ----- | ----- | In principle the government should not finance in this sub-sector except Research & Development purpose. For R&D programme government may provide grant. |

| Sector/ Corporation | Interest on Local Currency Loan (%) | Interest on Foreign Currency Loan (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| d) Agricultural co-operative, and Rural Development projects | ----- | ----- | ----- | i) For infrastructure projects financing should be no the basis of grants;<br>ii) For credit programmes interest rate and other terms will depend on general interest rate policy of the Bangladesh Bank. |
| **6. Urban Development Projects:** | | | | |
| a) RAJUK<br>b) CDA<br>c) KDA<br>d) RTDA<br>e) DCC<br>f) CCC<br>g) KCC<br>h) RCC<br>i) BCC<br>j) SCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) These conditions should apply to area/ residential estates development schemes which serve primarily/ mainly high income urban groups. Such schemes may be financed on 100% loan.<br>ii) For infrastructure projects government should provide the entire amount as grant.<br>iii) For projects with infrastructural and commercial components, Government may determine the proportions of grant and loan depending on their relative weights in the total project cost.<br>iv) For low-income housing or projects having important social welfare implications, Government may consider appropriate mix of loan and grants. |
| **7. Exploration of Natural Resources:** | | | | |
| Exploration of Natural Resources | --- | --- | --- | These projects bear high risk and uncertainly. Such projects should, therefore, continue to be financed on grant basis. But the cost of exploration should be reflected in the sale price of such resources if and when commercially viable extraction/ production becomes possible. |
| **8. Tourism/ Service Industry:** | | | | |
| a) Parjatan Corporation. | 5 | 6 | 15 Years (Grace Period 3 Years) | i) BPC's projects should have short gestation period.<br>ii) When projects for infrastructural development are undertaken at the instance of Government loan and grant may be mixed in proportions corresponding with the relative importance of infrastructural and commercial components in the total cost of the projects. Government will determine the appropriate mix. |

**<u>General Conditions</u>**:

1) For Aided Projects relending terms (rates of interest, repayment period, grace period etc.) will be as agreed in the negotiated Credit Agreement.

2) Relending rates indicated here will not apply in case of Suppliers Credit where it could be arranged in more favourable terms and conditions. Concerned institution/ Corporation will bear foreign exchange risk to reply the loan as per Credit Agreement.

3) Grace period may be varied when the gestation period of a Project is longer with or without changing the repayment period.

4) Feasibility studies should normally be undertaken by Autonomous Bodies and Public corporations out of their own resources. In appropriate cases Government may also direct such agencies to undertake feasibility studies for various projects. In the later case, funds will be provided by the Government as grant.

Muhammad Abdul Mazid
Joint Secretary (Development Budget)
Finance Division
Ministry of Finance

# স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী

# (LENDING AND RELENDING TERMS OF LOCAL/ FOREIGN CURRENCY LOANS)

অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
অর্থ মন্ত্রণালয়

[www.gobfinance.rog]

# স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী

# (LENDING AND RELENDING TERMS OF LOCAL/ FOREIGN CURRENCY LOANS)

অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
অর্থ মন্ত্রণালয়

[www.mof.gov.bd]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
ওয়েবসাইট: www.mof.gov.bd

নং-০৭.১১৪.০৩১.৩৬.০০.০০৭.২০১১.৪৩

তারিখ: ০৭ চৈত্র, ১৪১৭ বঃ
২১ মার্চ, ২০১১ খ্রিঃ

**বিষয়: বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়াত্ত কোম্পানীসমূহকে স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদানের সংশোধিত শর্তাবলী।**

সরকার বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়াত্ত কোম্পানীসমূহকে স্থানীয় মুদ্রায় প্রদত্ত ঋণ, বৈদেশিক মুদ্রায় ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর সুদের হার এবং শর্তাবলী পুনঃনির্ধারণপূর্বক একটি সংশোধিত নীতিমালা প্রণয়ন করেছে।

২। এ পরিপত্র জারির পূর্ববর্তী সময়ে সম্পাদিত সকল ঋণের লগ্নী/ পুনঃলগ্নীর ক্ষেত্রে অর্থ বিভাগের ১৭/০৩/২০০৪ তারিখের অম/অবি/ উঃ-১/ বিবিধ-১৩/ ০৪/ ৩৬৮ নং পরিপত্রে বর্ণিত শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৩। সংশোধিত নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে এবং তা পরিপত্র জারির পরবর্তী সময়ে সম্পাদিতব্য নতুন ঋণের লগ্নী/ পুনঃলগ্নীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

কাজী শফিকুল আযম
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। বাংলাদেশ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, কাকরাইল, ঢাকা।
৪। সচিব ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৫। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৭। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ মহাপরিচালক (সকল সংস্থা) ---------------------------------------।

নং-০৭.১১৪.০৩১.৩৬.০০.০০৭.২০১১.৪৩

তারিখ: ০৭ চৈত্র, ১৪১৭ বঃ
২১ মার্চ, ২০১১ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে:
১। অতিরিক্ত মহা পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।

টি, কে, এম মোশফেকুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৫৪৯৬

## Lending and Relending Terms for Public Investment

(State Owned Enterprises/ Autonomous Bodies/
Semi-Autonomous Bodies/ State Owned Companies)

### A. State Owned Enterprises:

| Corporation | Interest on lending (GoB loan) (%) | Interest on relending (Foreign loan) (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| **1. Sector: Industry** | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 |
| BCIC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) For fertilizer industries the interest rate on relending of foreign loans will be 4.5%.<br>ii) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government. |
| BJMC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| BSEC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| BSFIC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| BTMC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| BFIDC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Others | ----- | ----- | ----- | Government will determine lending/ relending terms on a case-by-case basis considering the above mentioned terms and conditions. |
| **2. Sector: Power, Gas and Water** | | | | |
| WASA | 4 | 5 | 20 Years (Grace Period 5 Years) | Recovery of full cost should be justified (investment and operation). But because of Public interest in terms of urbanization/ human settlement, larger equity participation or limited grants by Government may be considered in appropriate cases. |
| Bangladesh Power Development Board | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | Debt: equity ratio shall continue to be 40:60 |
| PETROBANGLA and its subsidiaries | 4 | 5 | 15 Years (Grace Period 3 Years) | i) Debt: equity ratio shall ranged from 67:33 to 60:40.<br>ii) These terms should apply only for transmission, production, mining and distribution projects. |
| **3. Sector: Transportation and Communication** | | | | |
| BSC | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government. |
| BIWTC | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | |
| BRTC | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | |
| Chittagong Port Authority | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | Government would encourage financing all projects from internally generated resources. |
| Mongla Port Authority | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| **4. Sector: Commercial** | | | | |
| BPC and its Subsidiaries | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be |

| Corporation | Interest on lending (GoB loan) (%) | Interest on relending (Foreign loan) (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| TCB | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | determined by the Government. |
| **5. Sector: Agriculture, Fisheries and Rural Development** | | | | |
| BADC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.<br>ii) For infrastructural projects financing should be on the basis of grants.<br>iii) For credit programs interest rate and other terms will depend on general interest rate policy of the Bangladesh Bank. |
| Bangladesh Fisheries Development Corporation | 4 | 5 | 20 Years (Grace Period 5 Years) | i) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.<br>ii) For Research and Development Programme Government may provide grant. |
| Others | ----- | ----- | ----- | Government will determine lending/ relending terms on a case-by-case basis considering the above mentioned terms and conditions. |
| **6. Sector: Infrastructure** | | | | |
| RAJUK | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) These conditions should apply to area/ residential estates development schemes which serve primarity/ mainly high income urban groups. Such schemes may be financed on 100% loan.<br>ii) For projects with infrastructural and commercial components, Government may determine the proportions of grant and loan depending on their relative weights in the total project cost. |
| CDA | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| KDA | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| RDA | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Others | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| National Housing Authority | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | iii) For low income housing, infrastructure or projects having important social welfare implications. Government may consider appropriate mix of loans and grants. |
| **7. Sector: Service** | | | | |
| Bangladesh Freedom Fighters Welfare Trust | 4 | 5 | 15 Years (Grace Period 3 Years) | i) Projects should have short gestation period.<br>ii) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.<br>iii) When projects for infrastructural development are undertaken, for instance, Government loan and grant may be mixed in properties |
| BFDC | 5 | 6 | 15 Years (Grace Period 3 Years) | |
| Bangladesh Parjatan Corporation | 5 | 6 | 15 Years (Grace Period 3 Years) | |

<table>
<tr><th>Corporation</th><th>Interest on lending (GoB loan) (%)</th><th>Interest on relending (Foreign loan) (%)</th><th>Repayment period including grace period</th><th>Remarks</th></tr>
<tr><td>1</td><td>2</td><td>3</td><td>4</td><td>5</td></tr>
<tr><td>Bangladesh Civil Aviation Authority</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 3 Years)</td><td>corresponding with the relative importance of infrastructural and commercial components in the total cost of the projects. Government will determine the appropriate mix.</td></tr>
<tr><td>BIWTA</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td>i) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.<br>ii) When projects having important social welfare/ Public interests which may not be commercially viable, should be financed on the basis of grants. However, when it executes revenue earning projects, the terms of financing should be the same as applicable to BIWTC.</td></tr>
<tr><td>BSCIC</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td>Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.</td></tr>
<tr><td>BEPZA</td><td>6</td><td>7</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td>Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.</td></tr>
<tr><td>Bangladesh Water Development Board</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td>The present practice of financial for Flood Control and Irrigation projects on grants basis may continue. Loan financing may be considered in future in the context of administration of water rates e.g. collection procedures assessment rates etc.</td></tr>
<tr><td>Bangladesh Tea Board</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td>Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.</td></tr>
<tr><td>Bangladesh Handloom Board</td><td>4</td><td>5</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td rowspan="3">i) Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.<br>ii) When projects having important social welfare/ Public interests which may not be commercially viable, should be financed on the basis of grants.</td></tr>
<tr><td>Bangladesh Sericulture Board</td><td>4</td><td>5</td><td>15 Years (Grace Period 2 Years)</td></tr>
<tr><td>BSRTI</td><td>4</td><td>5</td><td>15 Years (Grace Period 2 Years)</td></tr>
<tr><td>EPB</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td rowspan="3">Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.</td></tr>
<tr><td>Bangladesh Bridge Authority</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td></tr>
<tr><td>BTRC</td><td>6</td><td>7</td><td>15 Years (Grace Period 2 Years)</td></tr>
<tr><td>BERC</td><td>5</td><td>6</td><td>15 Years (Grace Period 2 Years)</td><td rowspan="2">Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government.</td></tr>
<tr><td>Bangladesh Rural Electrification Board</td><td>2</td><td>0.75% during moratorium period. 2% during repayment period</td><td>33 Years (Grace Period 8 Years)</td></tr>
</table>

| Corporation | Interest on lending (GoB loan) (%) | Interest on relending (Foreign loan) (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| Others | ---- | ---- | ---- | Government will determine lending/ relending terms on a case-by-case basis. |
| **B. Autonomous Bodies** | | | | |
| DCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | i) These conditions should apply to area/ residential estates development schemes which serve primary/ mainly high income urban groups. Such schemes may be financed on 100% loan.<br>ii) For projects with infrastructural and commercial components, Government may determine the proportions of grant and loan depending on their relative weights in the total project cost.<br>iii) For low income housing, infrastructure or projects having important social welfare implications, Government may consider appropriate mix of loans and grants. |
| CCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| KCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| RCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| BCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| SCC | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Pourashave (Category-A) | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Pourashave (Category-B) | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Pourashave (Category-C) | 5 | 6 | 20 Years (Grace Period 5 Years) | |
| Others | ---- | ---- | --- | Government will determine lending/ relending terms on a case-by-case basis considering the above mentioned terms and conditions. |
| **C. State Owned Companies** | | | | |
| **1. Financial (Banks and others)** | ---- | ---- | ---- | i) For credit programmes interest rate and other terms will depend on general interest rate policy of the Bangladesh Bank.<br>ii) Government will determine lending/ terms on a case-by-case basis. Terms mentioned will also be considered to determine relending terms. |
| **2. Non-Financial State Qwned Corporation** | | | | |
| Biman Bangladesh Airlines Ltd. | 5 | 6 | 20 Years (Grace Period 2 Years) | Debt: equity ratio shall be ranged from 67:33 to 60:40 as may be determined by the Government. |
| BTCL | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | |
| Tele Talk | 5 | 6 | 15 Years (Grace Period 2 Years) | |
| DPDC | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | Debt: equity ratio shall continue to be 40:60 |
| DESCO | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | |
| NWPDC | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | |
| EGCB | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | |

| Corporation | Interest on lending (GoB loan) (%) | Interest on relending (Foreign loan) (%) | Repayment period including grace period | Remarks |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| PGCB | 3 | 4 | 20 Years (Grace Period 5 Years) | |
| Others | ---- | ---- | ---- | Lending/ Relending rates for State Owned Companies as well as terms on repayment period will be determined by the Government on a case-by-case basis. For that, Government will consider company's capital structure and its nature of business. Terms mentioned in loan agreements will also be considered to determine relending terms. |

**General Conditions**:

a) For Aided Projects relending terms (rates of interest, repayment period, grace period etc.) will be as agreed in the negotiated Credit Agreement (if there is any).

b) Relending rates indicated here will not apply in case of Suppliers Credit where it could be arranged in more favourable terms and conditions. Concerned institution/ Corporation will bear foreign exchange risk to reply the loan as per Credit Agreement.

c) Grace period may be varied when the gestation period of a Project is longer with or without changing the repayment period. No principal or interest payment is to be made during grace period. But interest will accrue during the grace period and will be taken into consideration while fixing amortization schedule.

d) Feasibility studies should normally be undertaken by Autonomous Bodies and Public corporations out of their own resources. In appropriate cases Government may also direct such agencies to undertake feasibility studies for various projects. In the later case, funds will be provided by the Government as grant.

e) At present, the Lending & Relending terms are not applicable for Bangladesh Railway (BR) because it is considered as a Government Directorate and Foreign Loans are given to BR as grants from the Government. For possible future operation of BR as a Corporate Body, all Government investments will be at a constant rate of return at 2% according to the Railway Act. For Foreign currency loan, the rate of interest and other terms and conditions stipulated in the Credit Agreements shall apply.

Kazi Shafiqul Azam
Joint Secretary (Budget-1)
Finance Division
Ministry of Finance

**Name of State Owned Enterprises/ Autonomous Bodies/**
**<u>Semi-Autonomous Bodies/ State Owned Companies</u>**

| | | |
|---|---|---|
| BADC | : | Bangladesh Agriculture Development Corporation |
| BCC | : | Barisal City Corporation |
| BCIC | : | Bangladesh Chemical Industries Corporation |
| BEPZA | : | Bangladesh Export Processing Zone Authority |
| BERC | : | Bangladesh Energy Regulation Commission |
| BFDC | : | Bangladesh Film Development Corporation |
| BFIDC | : | Bangladesh Forest Industries Development Corporation |
| BIWTA | : | Bangladesh Inland Water Transport Authority |
| BIWTC | : | Bangladesh Inland Water Transport Corporation |
| BJMC | : | Bangladesh Jute Mills Corporation |
| BPC | : | Bangladesh Petroleum Corporation |
| BPDB | : | Bangladesh Power Development Board |
| BR | : | Bangladesh Railway |
| BREB | : | Bangladesh Rural Electrification Board |
| BSE | : | Bangladesh Shipping Corporation |
| BSCIC | : | Bangladesh Small and Cottage Industries Corporation |
| BSEC | : | Bangladesh Steel and Engineering Corporation |
| BSFIC | : | Bangladesh Sugar and Food Industries Corporation |
| BSRTI | : | Bangladesh Sericulture Research and training Institute |
| BTCL | : | Bangladesh Telecommunication Company Limited |
| BTMC | : | Bangladesh Textile Mills Corporation |
| BTRC | : | Bangladesh Telecommunication Regulatory Commission |
| CCC | : | Chittagang City Corporation |
| CDA | : | Chittagang Development Authority |
| DCC | : | Dhaka City Corporation |
| DESCO | : | Dhaka Electric Supply Company Ltd. |
| DPDC | : | Dhaka Power Distribution Company |
| EGCB | : | Electricity Generation Company of Bangladesh |
| EPB | : | Export Promotion Bureau |
| KCC | : | Khulna City Corporation |
| KDA | : | Khulna Development Authority |
| NHA | : | National Housing Authority |
| NWPDC | : | North West Power Distribution Company |
| PGCB | : | Power Grid Company of Bangladesh Limited |
| RCC | : | Rajshahi City Corporation |
| RAJUK | : | Rajdhani Unnayan Kartipakkaha |
| RDA | : | Rajshahi Development Authority |
| SCC | : | Sylhet City Corporation |
| TCB | : | Trading Corporation of Bangladesh |
| WASA | : | Water and Sewerage Authority |

# বাজেট ও মধ্যমেয়াদি বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-অম/অবি/বা-১/বাজেট(৩৬)/২০০৬/৬০

তারিখ: ২৭-০১-২০০৮ খ্রিঃ / ১৪-১০-১৪১৪ বঃ

**বিষয়: ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত এবং ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রস্তাবিত বাজেট প্রাক্কলনসমূহের প্রাথমিক পরীক্ষার ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের প্রথম সংস্করণ চূড়ান্তকরণ।**

প্রতি অর্থ বছরের ন্যায় এ বছরও সরকারের সার্বিক সম্পদ প্রাপ্যতা ও অগ্রাধিকার নীতির নিরীখে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রাক্কলন পরীক্ষা করা হবে। বর্তমানে রাজস্ব প্রাপ্তির হার বিবেচনায় চলতি ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের রাজস্ব বাজেটে অন্তর্ভুক্তির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রস্তাবিত ব্যয় প্রাক্কলনসমূহ সতর্কতার সাথে নিবিড়ভাবে পর্যালোচনার নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা অনুসৃত হবে:-

২। **সামষ্টিক প্রেক্ষাপট:**

ক) বাজেট বরাদ্দ প্রদানকালে Value For Money নীতির সর্বোচ্চ প্রতিফলন নিশ্চিত করতে হবে এবং বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা থেকে প্রাপ্ত প্রস্তাবিত প্রাক্কলন পরীক্ষা-নিরীক্ষাকালে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালার বাজেট সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

খ) National Strategy for Accelerated Poverty Reduction (NSAPR) -এর আওতায় গৃহীত কর্মসূচিসমূহের দিকে লক্ষ্য রেখে অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ যেমন অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র বিমোচন ও নারী উন্নয়নের জন্য যে সকল খাত রয়েছে সে সকল খাতকে গুরুত্ব দিতে হবে।

গ) Medium Term Macroeconomic Framework-এর দিকে লক্ষ্য রেখে বাজেট ঘাটতি ও সামষ্টিক অর্থনৈতিক সূচকে যে নির্দেশনা প্রদান করা হয়েছে বাজেট বরাদ্দের ক্ষেত্রে তার প্রতিফলন দেখাতে হবে।

ঘ) সকল মন্ত্রণালয়/ বিভাগের জন্য সংশোধিত ২০০৭-০৮ অর্থ বছরের এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের সম্ভাব্য মোট ব্যয় কী হবে তা গত কয়েক বছরের Trend ও বিভিন্ন খাতে সরকারের অগ্রাধিকারের দিকে লক্ষ্য রেখে বরাদ্দ নির্ধারণ করতে হবে।

ঙ) সরকারের আয় বৃদ্ধির সহায়ক খাতসহ দারিদ্র নিরসনমূলক খাতগুলোকে অগ্রাধিকার দিয়ে বাজেট বরাদ্দ করতে হবে।

চ) সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।

৩। **সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা (TO&E):**

ক) অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকার (TO&E) -র ভিত্তিতে বেতন-ভাতা ও যানবাহন সংশ্লিষ্ট খাতে ন্যূনতম প্রয়োজন অনুযায়ী বরাদ্দ ধরতে হবে এবং TO&E-তে অন্তর্ভুক্ত/ উল্লেখ নেই এমন কোন জনবল/যানবাহনের জন্য কোনক্রমেই বরাদ্দ ধরা যাবে না। জ্বালানীখাতে বরাদ্দের ক্ষেত্রে পেট্রোল সিএনজি ও ডিজেল চালিত যানবাহনের ধরন ও সংখ্যা পৃথকভাবে নিরূপণপূর্বক তদনুযায়ী বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

খ) ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে যানবাহন ক্রয় বাবদ বরাদ্দ ধরার ক্ষেত্রে প্রস্তাবিত যানবাহন নতুন না প্রতিস্থাপন সে বিষয়ে নিশ্চিত হতে হবে। প্রতিস্থাপনের ক্ষেত্রে পুরাতন যানবাহনটি বিধি মোতাবেক অচল/অকেজো ঘোষণার পর বিষয়টি নিষ্পত্ত করা হয়েছে-এ মর্মে প্রামাণ্য কাগজপত্র থাকতে হবে, বিশেষ করে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সুপারিশ ব্যতীত নতুন গাড়ী ক্রয় কিংবা পুরাতন গাড়ী প্রতিস্থাপনের জন্য কোন বরাদ্দ ধরা যাবে না।

৪। **বেতন-ভাতাদি:**

কর্মকর্তা/ কর্মচারীদের বেতন-ভাতাদি বরাদ্দের ক্ষেত্রে স্বাভাবিক অবসর/ জনবল সুষমকরণের ফলে হ্রাসকৃত জনবলের বেতন/ভাতা বাবদ কোন অর্থ যাতে প্রাক্কলনে অন্তর্ভুক্ত না হয় তা নিশ্চিত করতে হবে। কোন অবস্থাতেই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেই এমন নতুন জনবল নিয়োগের অনুকূলে কোন অর্থ বরাদ্দ প্রদান করা যাবে না। এছাড়াও নিম্নোক্ত ভাতাদির বিষয়ে নিম্নরূপ নীতি অনুসৃত হবে:

ক) **কর্মকর্তা/ কর্মচারীদের বেতন:** সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক সরবরাহকৃত বিগত অর্থ বছরের প্রকৃত ব্যয়ের নিরীখে প্রয়োজনবোধে ২০০৭-০৮ সংশোধিত বাজেটে বেতন-ভাতা প্রাক্কলন হ্রাস/ বৃদ্ধি এবং তার উপর আরো ৬% বৃদ্ধি ধরে আগামী অর্থ বছরের বাজেট নির্ধারণ করা যেতে পারে। তবে এক্ষেত্রে এলপিআর বাবদ বরাদ্দকৃত অর্থ বাদ দিয়ে তার উপর উল্লিখিত বৃদ্ধি যোগ করে বরাদ্দ নির্ধারণ করতে হবে।

খ) **অবসর ভাতা:** চলতি ২০০৭-০৮ এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরে যে সব কর্মকর্তা/ কর্মচারী অবসর গ্রহণ করবেন তাদের সংখ্যা সঠিকভাবে নিরূপণপূর্বক ছুটি নগদায়ন বাবদ প্রয়োজনীয় অর্থ মূল বেতনের সাথে যোগ করতে হবে।

গ) **পেনশন:** মন্ত্রণালয়/ বিভাগওয়ারী পেনশন সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করার কাজ শুরু করা হয়েছে। এর সুষ্ঠু বাস্তাবয়নের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ-এর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা-কে হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয় হতে তথ্যাদি নিয়ে একটি পূর্ণাঙ্গ বাস্তব চাহিদা নিরূপণ করবে এবং সে মতে ২০০৮-০৯ অর্থ বছরে বরাদ্দ প্রদর্শন করতে হবে।

ঘ) **বাড়ী ভাড়া ভাতা:** ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেটের ক্ষেত্রে চলতি বছরের বাড়ী ভাড়া ভাতা খাতে সর্বশেষ মাস পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাজেট নির্ধারণ করতে হবে। ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটের ক্ষেত্রে সংশোধিত বাজেটের উপর ৫% বৃদ্দি ধরে বরাদ্দ নির্ধারণ করতে হবে।

ঙ) **শ্রান্তি বিনোদন ভাতা:** ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে কর্মকর্তা ও কর্মচারীর ধার্যকৃত বেতনের ১/৩৬ ভাগ এবং ২০০৮-০৯ অর্থ বছরে কর্মকর্তা ও কর্মচারীর ধার্যকৃত বেতনের ১/৩৬ ভাগ শ্রান্তি বিনোদন ভাতা হিসাবে নিধারণ করা যেতে পারে।

চ) **উৎসব ভাতা:** সংশোধিত ২০০৭-০৮ বাজেটে কর্মকর্তা ও কর্মচারীদের ধার্যকৃত বেতনের ১/৬ এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে কর্মকর্তা ও কর্মচারীদের ধার্যকৃত বেতনের ১/৬ ভাগ উৎসব ভাতা বাবদ ধরতে হবে।

ছ) **চিকিৎসা ভাতা:** কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে চলতি অর্থ বছরের (২০০৭-০৮) সংশোধিত বাজেটে মাথাপিছু বার্ষিক ৬,০০০ টাকা হারে এবং আগামী ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে মাথাপিছু বার্ষিক ৬,০০০ টাকা হারে চিকিৎসা ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে।

জ) **টিফিন ভাতা:** কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে বার্ষিক ১২০০ টাকা হারে বরাদ্দ ধরতে হবে।

ঝ) **যাতায়াত ভাতা:** সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতিস্বাক্ষরিত বিগত অর্থ বছরের (২০০৬-০৭) প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে ও ২০০৮-০৯ অর্থ বছরের বাজেট নির্ধারণ করতে হবে।

ঞ) **অন্যান্য ভাতা:** জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর আওতায় নতুন হারে ভাতা প্রচলিত নিয়মে প্রাপ্য হার এবং বিগত অর্থ বছরের (২০০৬-০৭) প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ধরতে হবে।

৫। **<u>সরবরাহ ও সেবা:</u>**

১. ব্যয় সংকোচনের জন্য অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী সরবরাহ ও সেবা খাতের যে সকল আইটেমগুলোর বরাদ্দ ১০% কর্তন করার কথা বলা হয়েছে চলতি অর্থ বছরের (২০০৭-০৮) সংশোধিত বাজেট বরাদ্দের ক্ষেত্রে তা আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।
২. চলতি ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত ও আগামী ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে সরবরাহ ও সেবা খাতের বরাদ্দ বৃদ্ধির সুযোগ খুবই সীমিত। পক্ষান্তরে, সরবরাহ ও সেবা খাতের যে কোন উপখাতে বরাদ্দ আরও হ্রাসের যৌক্তিকতা দৃষ্টিগোচর হলে তা বিবেচনায় আনতে হবে।
৩. বকেয়া দাবী পরিশোধের জন্য অর্থ বরাদ্দ বিবেচনাকালে গত অর্থ বছর ও পূর্ববর্তী বছরসমূহে বকেয়া পরিশোধের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যবহার বিবেচনায় রাখতে হবে।
৪. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ অধীনস্ত কর্মকর্তাদের আয়কর পরিশোধিত হয়েছে মর্মে নিশ্চয়তা প্রদান করবে।

৬। **<u>মেরামত ও পূর্ত কাজ:</u>**

চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে এ খাতে অতিরিক্ত বরাদ্দ পরিহার করতে হবে। তবে মেরামত ও পূর্ত কাজের জন্য বরাদ্দ প্রদান/ ব্যয়ের বিষয়ে বাস্তবায়িতব্য বিভিন্ন কর্মসূচির অগ্রাধিকার নির্ধারণের বিষয়টি সচিবালয় নির্দেশমালা এবং জিএফআর-এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী সঠিকভাবে পরীক্ষা করতে হবে।

৭। **<u>নতুন ব্যয়/ অতিরিক্ত বরাদ্দ:</u>**

নতুন ব্যয়/ অতিরিক্ত বরাদ্দ দাবী পৃথকভাবে প্রদর্শন করা না হলে এবং দাবীর পক্ষে বিস্তারিত তথ্য সন্নিবেশিত না থাকলে বরাদ্দ ধরা যাবে না। নতুন ব্যয়ের প্রস্তাব সচিবালয় নির্দেশমালা এবং জিএফআর-এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরীক্ষা করতে হবে।

৮। **<u>অপ্রত্যাশিত ব্যয়ঃ</u>**

অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে প্রদত্ত অতিরিক্ত বরাদ্দ চলতি ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে সমন্বয়পূর্বক প্রদর্শন নিশ্চিত করবে।

৯। **উন্নয়ন কর্মসূচীঃ**

বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এর অনুকূলে রাজস্ব বাজেটের আওতায় অনুমোদিত উন্নয়ন কর্মসূচিগুলোর অনুকূলে চলতি ২০০৭-০৮ অর্থ বছরে রাজস্ব বাজেট ৬৬০২ বিশেষ কর্মসূচি খাতে থোক বরাদ্দ হতে অনুমোদিত বরাদ্দ সংশ্লিষ্ট কোডের বিপরীতে সংশোধিত বাজেটে প্রতিফলন নিশ্চিত করতে হবে।

১০। চলতি অর্থ বছরের (২০০৭-০৮) সংশোধিত এবং আগামী অর্থ বছরের (২০০৮-০৯) বাজেট প্রণয়নের ক্ষেত্রে বর্ণিত নীতিমালা অনুসারে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রাপ্ত প্রস্তাবিত প্রাক্কলন পরীক্ষা-নিরীক্ষা ও বাজেটের ১ম সংস্করণ চূড়ান্তকরণের কার্যাবলী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের বাজেট সভার ১৫দিন পূর্বে সম্পন্ন করে তা প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য বাজেট অনুবিভাগ-১ ও বাজেট অনুবিভাগ-২ এর সকল সিনিয়র সহকারী সচিব এবং প্রশাসনিক কর্মকর্তা-কে নির্দেশ প্রদান করা হলো।

১১। এ বিষয়ে আর কোন ব্যাখ্যা/তথ্যের প্রয়োজন হলে উপ সচিব (বাজেট-১) এবং সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) -এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আরাস্তু খান
যুগ্ম সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

**বিতরণ: কার্যার্থে -**

১। উপ-সচিব (বাজেট-১/২/৩/৪/৫/৬), বাজেট অনুবিভাগ- ১/২, অর্থ বিভাগ
২। উপ সচিব/ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা ........, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
৩। প্রশাসনিক কর্মকর্তা, বাজেট শাখা ........, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১

নং-অম/অবি/বা-১/বাজেট(৩৭)২০০৭/৭৩

তারিখ: ২৯-০১-২০০৮ খ্রি
১৬-১০-১৪১৪ ব

**বিষয়: মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন) প্রণয়ন।**

মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো চূড়ান্ত করে বাজেট পরিপত্র-২ জারি এবং বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন কিছুটা সময় সাপেক্ষ হবে। চলতি অর্থবছরের বাজেটের সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অবিলম্বে চলতি অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়নের কাজ আরম্ভ করা প্রয়োজন। ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করতে হবে:

**২. সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা**

**২.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা**

১. ২০০৭-০৮ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট অনুন্নয়ন ব্যয়ের মধ্যে মন্ত্রণালয়/ বিভাগের সমুদয় ব্যয় সংকুলানযোগ্য হয়;

২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট অনুন্নয়ন ব্যয়ের মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বিভিন্ন অপারেশন ইউনিট অথবা আইটেমের বরাদ্দ হ্রাস/ বৃদ্ধি করতে পারবে।

৩. ২০০৭-০৮ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ অনুন্নয়ন বাজেটে স্থানান্তর করা যাবে না।

**২.২ রাজস্ব প্রাপ্তির ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন**

রাজস্ব প্রাপ্তির ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-১** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে গত দুই অর্থবছর এবং চলতি অর্থবছরের প্রথম ছয় মাসের রাজস্ব আদায়ের ধারা (Revenue Collection Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তা প্রতিফলিত করতে হবে।

**২.৩ অনুন্নয়ন ব্যয়ের ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন (কর্মসূচি ব্যতীত)**

অনুন্নয়ন ব্যয়ের (কর্মসূচি ব্যতীত) ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-২** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

১) বেতন-ভাতার সংশোধিত প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে সাধারণভাবে বিগত অর্থ বছর (২০০৬-০৭) এবং চলতি অর্থ বছরের (২০০৭-০৮) ১ম ৬ (ছয়) মাসের ব্যয়ের ধারা (Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

২) মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না;

৩) মূল বাজেটে সংস্থান ছিলনা এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ চাওয়া যাবে না;

৪) চলতি অর্থ বছরে অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে এ বছরের সংশোধিত বাজেটে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে;

৫) অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/ বিভাগের নিজস্ব ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;

৬) ব্যয় সংকোচন ও কৃচ্ছ্রতাসাধন সংক্রান্ত অর্থ বিভাগের ০৮-০৯-২০০৫ তারিখের অম/ অবি/ বা-১/ বাজেট (৩১)/২০০৪/১৮৮০ নং পরিপত্রে কতিপয় আইটেমের বরাদ্দ হ্রাস করায় মূল বাজেট হতে হ্রাসকৃত বরাদ্দ বাদ দিয়ে সংশ্লিষ্ট আইটেমসমূহের সংশোধিত বরাদ্দ নির্ধারণ করতে হবে।

**২.৪ রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন**

রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ২০০৭-০৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-৩** ব্যবহার করতে হবে। চলতি অর্থ বছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট কর্মসূচির সকল ব্যয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট

মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অনুমোদিত ব্যয়সীমার মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচির জন্য বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা যেতে পারে। তবে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচির জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে।

**৩. বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/ কাগজপত্র**

অর্থ বিভাগ/ পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদন করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলনসমূহ যেন এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/ পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

**৪. স্পষ্টীকরণ:**

বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/ দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগে স্থাপিত **হেল্প ডেস্ক** কর্মকর্তাগদের সাথে যোগাযোগ করা যেতে পারে। হেল্প ডেস্ক কর্মকর্তাগণের নাম ও ফোন নং **পরিশিষ্ট-১** এ দেয়া হল।

**৫. বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা**

চলতি ২০০৭-০৮ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০০৮ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রসহ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

আরাস্তু খান
যুগ্ম-সচিব (বাজেট-১)

বিতরণ:

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/বা-১/বাজেট(৩৭)২০০৭/৭৩ তারিখ: ২৯-০১-২০০৮ খ্রি / ১৬-১০-১৪১৪ ব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (বাজেট-১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সকল উপ-সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
৯. সংশ্লিষ্ট সকল সিনিয়র সহকারী সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।

এ.আর.এম. নজমুস ছাকিব
উপ-সচিব (বাজেট-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
**বাজেট পরিপত্র-১**

নং-অম/অবি/বাজেট-৪৩/২০০৯/৯৯০ তারিখ: ০৫/১১/২০০৯ খ্রিঃ / ২১/০৭/১৪১৬ বঃ

**বিষয়: মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো প্রণয়ন।**

সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন প্রক্রিয়া তিনটি পর্যায়ে সম্পন্ন হয়। এগুলো হচ্ছে: (১) কৌশলগত পর্যায়, (২) প্রাক্কলন পর্যায় এবং (৩) বাজেট অনুমোদন পর্যায়। বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় এ তিনটি প্রধান পর্যায় কয়েকটি ধাপে বিভক্ত। কৌশগত পর্যায়ের প্রথম ধাপে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ কর্তৃক একটি বাজেট কাঠামো প্রণয়ন/ হালনাগাদ করতে হবে। এ পরিপত্রে বর্ণিত নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট/ বিভাগ বাজেট প্রণয়ন/ হালনাগাদ করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে পেশ করবে। অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের সঙ্গে আলোচনা করে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত প্রতিটি মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো চূড়ান্ত করবে।

২. মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো (MBF) প্রণয়নের উদ্দেশ্য: মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো প্রণয়ন/ হালনাগাদ করার উদ্দেশ্যসমূহ হচ্ছে: (১) সরকারের মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহে প্রতিফলিত কৌশলগত উদ্দেশ্য, নীতি ও অগ্রাধিকারের সঙ্গে বাজেট বরাদ্দের যোগসূত্র প্রতিষ্ঠা করা; (২) মধ্যমেয়াদে প্রাপ্তব্য সম্পদের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের জন্য একটি বাস্তবসম্মত ব্যয় পরিকল্পনা প্রস্তুত করা এবং (৩) বাজেট বরাদ্দ এবং মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহের কর্মসম্পাদগনের মধ্যে যোগসূত্র প্রতিষ্ঠা করা।

৩. প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা এবং আয়ের লক্ষ্যমাত্রা: সংশ্লিষ্ট মন্ত্রেণালয়/ বিভাগসমূহের জন্য নাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (Preliminary Revenue Target) ও প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা (Preliminary Indicative Expenditure Ceiling) সংযোজনী-১ এ সংযুক্ত করা হল। রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক রাজস্ব আহরনের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা সম্পর্কে ধারণা প্রদান করা। প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট মধ্যমেয়াদী কী পরিমাণ সম্পদ পেতে পারে সে সম্পর্কে ধারনা প্রদান করা এবং প্রদত্ত ব্যয়সীমার মধ্যে যাতে অনুন্নয়ন উভয় প্রকার ব্যয় সম্বলিত একটি সমন্বিত বাজেট প্রস্তুত করা যায় তা নিশ্চিত করা। উল্লেখ্য, মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামোতে প্রদর্শিত ব্যয় পরিকল্পনা, বাজেট বাস্তবায়নে দক্ষতা এবং সার্বিক সম্পদ প্রাপ্যতার নিরিখে উল্লেখিত ব্যয়সীমা হ্রাস/ বৃদ্ধি পেতে পারে।

৪. মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামোর গঠন: মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো দুটি প্রধান ভাগে (Parts) এবং ৫টি অংশে (Sections) বিভক্ত থাকবে। প্রথম ভাগ (Part-A) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক এবং দ্বিতীয় ভাগ (Part-B) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রস্তুত করতে হবে। বাজেট কাঠামোর বর্ণনামূলক অংশ প্রস্তুত করার ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি/নির্দেশনা সংযোজনী-২ সংযুক্ত করা হলো। মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামোর প্রথম ও দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত অংশসমূহ এবং ফরমসমূহ নীচের ছকে সংক্ষেপে দেখানো হল:

| **বাজেট কাঠামো-প্রথম ভাগ (মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণ করতে হবে)** | **বাজেট কাঠামো-দ্বিতীয় ভাগ (অধিদপ্তর/ সংস্থা কর্তৃক পূরণ করতে হবে)** |
|---|---|
| অংশ-১: মন্ত্রণালয়/ বিভাগের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলী | অংশ-৫.১: মন্ত্রণালয়/ বিভাগের নিয়ন্ত্রাধীন অধিদপ্তর/ সংস্থার সাম্প্রতিক অর্জন |
| অংশ-২: মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ | অংশ-৫.২: প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য |
| অংশ-৩: দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য | অংশ-৫.৩: ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (Output Indicators and Targets) |
| অংশ-৪: অগ্রাধিকার খাত/ কর্মসূচিসমূহ | অংশ-৫.৪: বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন |
| ফরম-১: মন্ত্রণালয়/ বিভাগের প্রধান কর্মকৃত নির্দেশকসমূহ (Key Performance Indicators) | অংশ-৫.৫: অপারেশনে ইউনিট/ প্রকল্প/ কর্মসূচির তালিকা |
| ফরম-২: রাজস্ব প্রাপ্তির প্রাথমিক প্রাকল্লন | ফরম-৪: অধিদপ্তর/ সংস্থার প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ |
| ফরম-৩: অধিদপ্তর/ সংস্থাওয়ারী ব্যয়সীমা | |

৫. মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো প্রণয়নের প্রক্রিয়াঃ

৫.১ বাজেট কাঠামোর প্রথম ভাগ প্রস্তুত করা: মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগের প্রধান মধ্যমেয়াদি বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন। বাজেট

ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগে কর্মরত কর্মকর্তাগণ মন্ত্রণালয়/ বিভাগের খসড়া বাজেট কাঠামো এবং প্রাক্কলন প্রস্তুত করবেন। যে সকল মন্ত্রণালয়/ বিভাগে এখনও বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগ স্থাপন করা হয়নি সেখানে উন্নয়ন এবং অনুন্নয়ন বাজেটের সাথে ২/৩ জন কর্মকর্তাকে সুনির্দিষ্টভাবে খসড়া বাজেট কাঠামো এবং প্রাক্কলন প্রস্তুত করার দায়িত্ব প্রদান করতে হবে।

৫.২ রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ: বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ ১-৪ এবং ফরম-১ প্রস্তুত করার পর এই পরিপত্রের সঙ্গে উক্ত মন্ত্রণালয়/ বিভাগের জন্য প্রদত্ত রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমার (সংযোজনী-১) ভিত্তিতে মন্ত্রণালয়/ বিভাগের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদান প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (ফরম-২ অনুসরণে) এবং প্রাথমিক ব্যয়সীমা (ফরম-৩ অনুসরণে) নির্ধারণ করতে হবে। সিলিং নির্ধারণের ক্ষেত্রে সংযোজনী-৩ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৫.৩ বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা: রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয় সীমা সহ খসড়া বাজেট কাঠামোর প্রথম ভাগ বাজেট ওয়ার্কিং গ্রুপ বিস্তারিতভাবে পরীক্ষা করবে এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য তাদের সুপারিশ প্রস্তুত করবে।

৫.৪ বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন: বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশসহ বাজেট কাঠামোর প্রথম ভাগ (খসড়া) বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট কাঠামোর প্রথম ভাগের অন্তর্ভুক্ত বিভিন্ন অংশ এবং ফরমসমূহ, বিশেষ করে মিশনস্টেটমেন্ট, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত/ কর্মসূচি এবং রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমা বিস্তোরিতভাবে পরীক্ষা করবে এবং প্রয়োজন বোধে সংশোধন/ পরিমার্জনের পর অনুমোদন করবে।

৫.৫ অধিদপ্তর/ সংস্থাসমূহের বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার অনুরোধ জ্ঞাপন: বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বাজেট কাঠামোর প্রথম অংশ (বিভিন্ন দপ্তর/ সংস্থার ব্যয়সীমাসহ) সকল অধিপ্তর/ সংস্থার নিকট প্রেরণ করবে এবং বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (ফরম-৪ অনুযায়ী প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ) প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানাবে। বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে কেবল ফরম-৪ পূরণ করে মন্ত্রণালয়ে পেশ করার জন্য অনুরোধ জানাতে হবে।

৫.৬ অধিদপ্তর/ সংস্থাসমূহের বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করা: অধিদপ্তর/ সংস্থাসমূহের প্রধান বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন। খসড়া বাজেট কাঠামো এবং বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য প্রত্যেক অধিদপ্তর/ সংস্থা অনুন্নয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা এবং এডিপি/ উন্নয়ন বাজেট প্রণযনের সংঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তাকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করবেন। উল্লিখিত কর্মকর্তাগণ বাজেট কাঠামোর ১য় অংশে এই পরিপত্রে প্রদত্ত দিক নির্দেশনা অনুসরণে (সংযোজনী-২) প্রস্তুত করবেন। বাজেট কাঠামোর ২য় অংশে চিহ্নিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জন/ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহের মধ্য থেকে প্রত্যেক অধিদপ্তর/ সংস্থা উক্ত অধিদপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ চিহ্নিত করে বাজেট কাঠামোর ৫.২ অংশে সন্নিবেশ করবে। বাজেট কাঠামোর ৫.৫ অংশে অধিদপ্তর/ সংস্থার কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসূচি/ প্রকল্পসমূহের তালিকা অগ্রাধিকারের ক্রম অনুযায়ী অন্তর্ভুক্ত থাকবে এবং ফরম-৪ এ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য প্রয়োজনীয় বরাদ্দের পরিমাণ প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, বাজেট কাঠামোর ৫.৫ অংশ এবং ফরম-৪ এ অনুমোদিত কর্মসূচি/ প্রকল্প এবং অননুমোদিত/ সম্ভাব্য কর্মসূচি/ প্রকল্পসমূহের তালিকা পৃথকভাবে দেখাতে হবে।

৫.৭ প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন: মন্ত্রণালয়ের নিয়ন্ত্রাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর ৫ম অংশে প্রস্তুত করার পর সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য ২০১০-১১, ২০১১- ১২ ও ২০১২-১৩ অর্থ বছরের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে। প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে সংযোজনী-৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৫.৮ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ: অধিদপ্তর/ সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ খসড়া বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করে সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য পেশ করবেন। অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি খসড়া বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বিস্তারিতভাবে পরীক্ষা করবে, কোন ক্ষত্রে এ পরিপত্রে প্রদত্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করা হয়ে থাকলে বাজেট কাঠামোর সংশ্লিষ্ট অংশ সংশোধন/ পরিমার্জনপূর্বক চূড়ান্ত করবে।

৫.৯ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ: সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পওয়ারী প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপনসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ চূড়ান্ত করার পর সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার প্রধান তা প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবেন।

৫.১০বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ: অধিদপ্তর/ সংস্থাসমূহ থেকে অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পওয়ারী প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপনসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পাওয়ার পর মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ তা বিস্তারিতভাবে পরীক্ষা করবেন। অধিদপ্তর/ সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার ক্ষেত্রে এ পরিপত্রে প্রদত্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ সংশোধন সম্পন্ন হওয়ার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রাধীন সকল অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রস্তুত বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বাজেট ওয়ার্কি গ্রুপের অনুমোদনের জন্য পেশ করবেন।

৫.১১ মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো চূড়ান্তকরণ: বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বাজেট ওয়ার্কি গ্রুপের অনুমোদিত হওয়ার পর বাজেট কাঠামোর প্রথম ভাগসহ তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি মন্ত্রণালয়/ বিভাগের সামগ্রিক বাজেট কাঠামো অনুমোদন করবে।

৫.১২ বাজেট কাঠামো প্রেরণ: মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ের বাজেট কাঠামো অনুমোদিত হওয়ার পর তা অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়/ ভিবাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, প্রস্তাবিত বাজেট কাঠামো এবং সংশ্লিষ্ট প্রাক্কলন ও প্রক্ষেপনসমূহ যেন এ পরিপত্রে বর্ণিত প্রক্রিয়া/ পদ্ধতি যথযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়। প্রস্তাবিত বাজেট কাঠামোর সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সভাসমূহের কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

৬. দারিদ্র ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য: বাজেট কাঠামোর প্রথম ভাগ (অংশ-৩) মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ দারিদ্র এবং নারী উন্নয়নকে কীভাবে প্রভাবিত করবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ সে বিষয়ে আলোকপাত করবে। কাঠামোর দ্বিতীয় ভাগের ফরম-৪ এর ৯ ও ১০ কলামে যথাক্রমে দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নের উপর গৃহীত সকল কর্মসূচি/ প্রকল্পসমূহের প্রভাব নির্দেশ করতে হবে। মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থাসমূহ প্রতিটি প্রকল্প/ কর্মসূচির মাধ্যমে দারিদ্র নিরসন ও নারী উন্নয়নে মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ ব্যবহার হবে তা উল্লেখ করতে হবে। দারিদ্র ও জেন্ডার সংক্রান্ত তথ্য প্রদানের বিষয়ে বিস্তারিত নির্দেশনা সংযোজনী-৫ এ প্রদান করা হয়েছে।

৭. সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ: বাজেট পরিপত্র-১ জারির পরপরই অর্থ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বাজেট কাঠামো প্রণয়নের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে যাতে তাদের বাজেট কাঠামো প্রণয়নের কাজ শুরু করতে পারেন।

৮. সভার কার্যপত্র: বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার নির্ধারিত তারিখের অন্তত একদিন আগে সভার কার্যপত্র বাজেট ব্যবস্থাপনা কমিটি/ বাজেট ওয়ার্কিং গ্রুপের সকল সদস্যর নিকট প্রেরণ করতে হবে।

৯. বাজেট কাঠামো তৈরীতে গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা: বাজেট পরিপত্র-১ প্রাপ্তির পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং নিয়ন্ত্রনাধীন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা সংযোজনী-৬ এ প্রদর্শন করা হল এবং উক্ত সময়সীমা কঠোরভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

১০. স্পষ্টীকরণ: বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/ দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের হেল্প ডেস্ক কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেরেত পারে। অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম ও ফোন নম্বর সংযোজনী-৭ এ দেয়া হল।

১১. বাজেট কাঠামো পেশ করার সময়সীমা: আগামী **৩১** ডিসেম্বর, ২০০৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ এবং পনিকল্পনা কমিশনের কার্যক্রম কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্ত করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, যদি কোন মন্ত্রণালয়/ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ উন্নয়েন বাজেটের সঙ্গে একাধিক সেক্টর ডিভিশন সংশ্লিষ্ট থাকে তাহলে সংশ্লিষ্ট সকল সেক্টর ডিভিশনে বাজেট কাঠামো প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যাতে বাজেট কাঠামো অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের সচিব ও মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হল।

কাজী শফিকুল আযম
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৫২৯০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, শিক্ষা মন্বত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, মৎস ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবনম মতিঝিল, ঢাকা।
২৪। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, মুক্তযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/বাজেট-৪৩/২০০৯/৯৯০

তারিখ: ০৫/১১/২০০৯ খ্রিঃ
২১/০৭/১৪১৬ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:
১. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

আবদুর রউফ তালুকদার
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬৮৯৮৯

**জরুরী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**বাজেট অনুবিভাগ**

**বাজেট পরিপত্র -১**

নং-০৭.১০১.০২০.০০.০০.০৩১.২০১০-৭৩০ তারিখ: ২৮/১১/২০১০ খ্রিঃ / ১৪/০৮/১৪১৭ বঃ

**বিষয়: মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো প্রণয়ন।**

সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন প্রক্রিয়া তিনটি পর্যায়ে সম্পন্ন হয়। এ গুলো হচ্ছে: (১) কৌশলগত পর্যায়, (২) প্রাক্কলন পর্যায় এবং (৩) বাজেট অনুমোদন পর্যায়। বাজেট প্রণয়ন প্রক্রিয়ার এ তিনটি প্রধান পর্যায় কয়েকটি ধাপে বিভক্ত। কৌশলগত পর্যায়ের প্রথম ধাপে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ কর্তৃক একটি বাজেট কাঠামো প্রণয়ন/ হালনাগাদ করতে হবে। এ পরিপত্রে বর্ণিত নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বাজেট কাঠামো প্রণয়ন/ হালনাগাদ করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে পেশ করবে। অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগেসমূহের সঙ্গে আলোচনা করে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত প্রতিটি মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো চূড়ান্ত করবে।

২. **মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো (MBF) প্রণয়নের উদ্দেশ্য:** মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট কাঠামো প্রণয়ন/ হালনাগাদ করার প্রধান উদ্দেশ্যসমূহ হচ্ছে: (১) সরকারের মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহে প্রতিফলিত কৌশলগত উদ্দেশ্য, নীতি ও অগ্রাধিকারের সঙ্গে বাজেট বরাদ্দের যোগসুত্র প্রতিষ্ঠা করা; (২) মধ্যমেয়াদে প্রাপ্তব্য সম্পদের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য একটি বাস্তবসম্মত ব্যয় পরিকল্পনা প্রস্তুত করা এবং (৩) বাজেট বরাদ্দ এবং মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহের কর্মসম্পাদনের মধ্যে যোগসুত্র প্রতিষ্ঠা করা।

৩. **প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা এবং আয়ের লক্ষ্যমাত্রা:** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের জন্য রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (Preliminary Revenue Target) ও প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা (Preliminary Indicative Expenditure Ceiling) **সংযোজনী-১** এ সংযুক্ত করা হল। রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক রাজস্ব আহরণের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা সম্পর্কে ধারণা প্রদান করা। প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মধ্যমেয়াদে কী পরিমাণ সম্পদ পেতে পারে সে সম্পর্কে ধারণা প্রদান করা এবং প্রদত্ত ব্যয়সীমার মধ্যে যাতে অনুন্নয়ন ও উন্নয়ন উভয় প্রকার ব্যয় সম্বলিত একটি সমন্বিত বাজেট প্রস্তুত করা যায় তা নিশ্চিত করা। উল্লেখ্য, মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামোতে প্রদর্শিত ব্যয় পরিকম্পনা, বাজেট বাস্তবায়নে দক্ষতা এবং সার্বিক সম্পদ প্রাপ্যতার নিরিখে উল্লেখিত ব্যয়সীমা হ্রাস/ বৃদ্ধি পেতে পারে।

৪. **মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামোর গঠন:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো দু'টি প্রধান ভাগে (Parts) এবং ৫টি অংশে (Sections) বিভক্ত থাকবে। প্রথম ভাগ (Part-A) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক এবং দ্বিতীয় ভাগ (Part-B) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রস্তুত করতে হবে। বাজেট কাঠামোর বর্ণনামূলক অংশ প্রস্তুত করার ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি/ নির্দেশনা **সংযোজনী-২** এ সংযুক্ত করা হল। মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামোর প্রথম ও দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত অংশসমূহ এবং ফরমসমূহ নীচের ছকে সংক্ষেপে দেখানো হল:

| **বাজেট কাঠামো-প্রথম ভাগ<br>(মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণ করতে হবে)** | **বাজেট কাঠামো-দ্বিতীয় ভাগ<br>(অধিদপ্তর/ সংস্থা কর্তৃক পূরণ করতে হবে)** |
|---|---|
| **অংশ-১:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি<br>**অংশ-২:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ<br>**অংশ-৩:** দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য<br>**অংশ-৪:** অগ্রাধিকার খাত/ কর্মসূচিসমূহ<br>**ফরম-১:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের | **অংশ-৫.১:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থার সাম্প্রতিক অর্জন<br>**অংশ-৫.২:** প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য<br>**অংশ-৫.৩:** ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (Output Indicators and Targets)<br>**অংশ-৫.৪:** বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন |

| বাজেট কাঠামো-প্রথম ভাগ<br>(মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণ করতে হবে) | বাজেট কাঠামো-দ্বিতীয় ভাগ<br>(অধিদপ্তর/ সংস্থা কর্তৃক পূরণ করতে হবে) |
|---|---|
| প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)<br>**ফরম-২:** রাজস্ব প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ<br>**ফরম-৩:** অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা | **অংশ-৫.৫:** অপারেশন ইউনিট/ প্রকল্প/ কর্মসূচির তালিকা<br>**ফরম-৪:** অধিদপ্তর/ সংস্থার প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ |

**৫. মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো প্রণয়নের প্রক্রিয়াঃ**

**৫.১ বাজেট কাঠামোর প্রথম ভাগ প্রস্তুত করা:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগের প্রধান মধ্যমেয়াদি বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন। বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগে কর্মরত কর্মকর্তাগণ মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের খসড়া বাজেট কাঠামো এবং প্রাক্কলন প্রস্তুত করবেন। যে সকল মন্ত্রণালয়/ বিভাগে এখনও বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/ অনুবিভাগ স্থাপন করা হয়নি সেখানে উন্নয়ন এবং অনুন্নয়ন বাজেটের সাথে সংশ্লিষ্ট ২/৩ জন কর্মকর্তাকে সুনির্দিষ্টভাবে খসড়া বাজেট কাঠামো এবং প্রাক্কলন প্রস্তুত করার দায়িত্ব প্রদান করতে হবে।

**৫.২ রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ:** বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ ১-৪ এবং ফরম-১ প্রস্তুত করার পর এই পরিপত্রের সঙ্গে উক্ত মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমার (সংযোজনী-১) ভিত্তিতে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদান প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (ফরম-২ অনুসরণে) এবং প্রাথমিক ব্যয়সীমা (ফরম-৩ অনুসরণে) নির্ধারণ করতে হবে। সিলিং নির্ধারণের ক্ষেত্রে **সংযোজনী-৩** এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

**৫.৩ বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা:** রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমাসহ খসড়া বাজেট কাঠামোর প্রথম ভাগ বাজেট ওয়ার্কিং গ্রুপ বিস্তারিতভাবে পরীক্ষা করবে এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য তাদের সুপারিশ প্রস্তুত করবে।

**৫.৪ বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন:** বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশসহ বাজেট কাঠামোর প্রথম ভাগ (খসড়া) বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট কাঠামোর প্রথম ভাগের অন্তর্ভুক্ত বিভিন্ন অংশ এবং ফরমসমূহ, বিশেষ করে মিশন স্টেটমেন্ট, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত/ কর্মসূচি এবং রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমা বিস্তারিতভাবে পরীক্ষা করবে এবং প্রয়োজন বোধে সংশোধন/ পরিমার্জনের পর অনুমোদন করবে।

**৫.৫ অধিদপ্তর/ সংস্থাসমূহকে বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার অনুরোধ জ্ঞাপন:** বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বাজেট কাঠামোর প্রথম অংশ (বিভিন্ন দপ্তর/ সংস্থার ব্যয়সীমাসহ) সকল অধিদপ্তর/ সংস্থার নিকট প্রেরণ করবে এবং বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (ফরম-৪ অনুযায়ী প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ) প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানাবে। বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে কেবল ফরম-৪ পূরণ করে মন্ত্রণালয়ে পেশ করার জন্য অনুরোধ জানাতে হবে।

**৫.৬ অধিদপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করা:** অধিদপ্তর/ সংস্থার প্রধান বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন। খসড়া বাজেট কাঠামো এবং বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য প্রত্যেক অধিদপ্তর/ সংস্থা অনুন্নয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা এবং এডিপি/ উন্নয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তাকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করবেন। উল্লিখিত কর্মকর্তাগণ বাজেট কাঠামোর ২য় অংশ এই পরিপত্রে প্রদত্ত দিক নির্দেশনা অনুসরণে (**সংযোজনী-২**) প্রস্তুত করবেন। বাজেট কাঠামোর ২য় অংশে চিহ্নিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জন/ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহের মধ্য থেকে প্রত্যেক অধিদপ্তর/ সংস্থা উক্ত অধিদপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ চিহ্নিত করে বাজেট কাঠামোর ৫.২ অংশে সন্নিবেশ করবে। বাজেট কাঠামোর ৫.৫ অংশে অধিদপ্তর/ সংস্থার কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসূচি/ প্রকল্পসমূহের তালিকা অগ্রাধিকারের ক্রম অনুযায়ী অন্তর্ভুক্ত থাকবে এবং ফরম-৪ এ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য প্রয়োজনীয় বরাদ্দের পরিমাণ প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, বাজেট কাঠামোর ৫.৫ অংশ এবং ফরম-৪ এ অনুমোদিত কর্মসূচি/ প্রকল্প এবং অননুমোদিত/ সম্ভাব্য কর্মসূচি/ প্রকল্পসমূহের তালিকা পৃথকভাবে দেখাতে হবে।

**৫.৭ প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর ৫ম অংশ প্রস্তুত করার পর সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন

করতে হবে। প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে **সংযোজনী-৪** এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

**৫.৮ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ:** অধিদপ্তর/ সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ খসড়া বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করে সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য পেশ করবেন। অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি খসড়া বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বিস্তারিতভাবে পরীক্ষা করবে, কোন ক্ষেত্রে এ পরিপত্রে প্রদত্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করা হয়ে থাকলে বাজেট কাঠামোর সংশ্লিষ্ট অংশ সংশোধন/ পরিমার্জন পুর্বক চূড়ান্ত করবে।

**৫.৯ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ:** সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পওয়ারি প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ চূড়ান্ত করার পর সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার প্রধান তা প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবেন।

**৫.১০ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ:** অধিদপ্তর/ সংস্থাসমূহ থেকে অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পওয়ারি প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পাওয়ার পর মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ তা বিস্তারিতভাবে পরীক্ষা করবেন। অধিদপ্তর/ সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার ক্ষেত্রে এ পরিপত্রে প্রদত্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ সংশোধন সম্পন্ন হওয়ার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রস্তুত বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বাজেট ওয়ার্কিং গ্রুপের অনুমোদনের জন্য পেশ করবেন।

**৫.১১ মন্ত্রণালয় বিভাগের বাজেট কাঠামো চূড়ান্তকরণ:** বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক অনুমোদিত হওয়ার পর বাজেট কাঠামোর প্রথম ভাগসহ তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সামগ্রিক বাজেট কাঠামো অনুমোদন করবে।

**৫.১২ বাজেট কাঠামো প্রেরণ:** মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ের বাজেট কাঠামো অনুমোদিত হওয়ার পর তা অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, প্রস্তাবিত বাজেট কাঠামো এবং সংশ্লিষ্ট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ যেন এ পরিপত্রে বর্ণিত প্রক্রিয়া/ পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়। প্রস্তাবিত বাজেট কাঠামোর সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সভাসমূহের কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

**৬. দারিদ্র্য ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য:** বাজেট কাঠামোর প্রথম ভাগে (অংশ-৩) মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নকে কীভাবে প্রভাবিত করবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ সে বিষয়ে আলোকপাত করবে। বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের ফরম-৪ এর ৯ ও ১০ নং কলামে যথাক্রমে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর গৃহীত সকল কর্মসূচি/ প্রকল্পসমূহের প্রভাব নির্দেশ করতে হবে। মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থাসমূহ প্রতিটি প্রকল্প/ কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নে মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ ব্যবহার হবে তা উল্লেখ করতে হবে। দারিদ্র্য ও জেন্ডার সংক্রান্ত তথ্য প্রদানের বিষয়ে বিস্তারিত নির্দেশনা **সংযোজনী-৫** এ প্রদান করা হয়েছে।

**৭. সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ:** বাজেট পরিপত্র-১ জারির পরপরই অর্থ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বাজেট কাঠামো প্রণয়নের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে যাতে তাঁরা অবিলম্বে বাজেট কাঠামো প্রণয়নের কাজ শুরু করতে পারেন।

**৮. সভার কার্যপত্র:** বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার নির্ধারিত তারিখের অন্তত একদিন আগে সভার কার্যপত্র বাজেট ব্যবস্থাপনা কমিটি/ বাজেট ওয়ার্কিং গ্রুপের সকল সদস্যের নিকট প্রেরণ করতে হবে।

**৯. বাজেট কাঠামো তৈরিতে গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা:** বাজেট পরিপত্র-১ প্রাপ্তির পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা **সংযোজনী-৬** এ প্রদর্শন করা হল এবং উক্ত সময়সীমা কঠোরভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

**১০. স্পষ্টীকরণ:** বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/ দিক নির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের **হেল্প ডেস্ক** কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম ও ফোন নম্বর **সংযোজনী-৭** এ দেয়া হল।

**১১. বাজেট কাঠামো পেশ করার সময়সীমা:** আগামী ৩১ জানুয়ারী, ২০১১ তারিখের মধ্যে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, যদি

কোন মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ উন্নয়ন বাজেটের সঙ্গে একাধিক সেক্টর ডিভিশন সংশ্লিষ্ট থাকে তাহলে সংশ্লিষ্ট সকল সেক্টর ডিভিশনে বাজেট কাঠামো প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যাতে বাজেট কাঠামো অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের সচিব ও মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হল।

**কাজী শফিকুল আযম**
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬ ৫২৯০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গ ভবন, ঢাকা।
৪. সচিব, সংসদ সচিবালয়, শেরে বংলানগর, ঢাকা।
৫. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
৯. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫. সচিব, পরিসংখ্যান বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সটিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩৭. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪. সচিব, খাদ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪৫. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯. সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. রেজিষ্টার, সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৫৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৫৬. সচিব, সেতু বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-০৭.১০১.০২০.০০.০০.০৩১.২০১০-৭৩০

তারিখ: ২৮/১১/২০১০ খ্রিঃ
১৪/০৮/১৪১৭ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

**আবদুর রউফ তালুকদার**
উপ-সচিব (বাজেট-১)
ফোন: ৭১৬ ৮৯৮৯

## প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা

(কোটি টাকায়)

| মন্ত্রণালয়বিভাগ | প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ |
| রাষ্ট্রপতির কার্যালয় | | | | | |
| সংসদ সচিবালয় | | | | | |
| প্রধানমন্ত্রীর কার্যালয় | | | | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | | | | | |
| নির্বাচন কমিশন সচিবালয় | | | | | |
| সংস্থাপন মন্ত্রণালয় | | | | | |
| সরকারি কর্মকমিশন সচিবালয় | | | | | |
| অর্থ বিভাগ | | | | | |
| মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকর কার্যালয় | | | | | |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | | | | | |
| ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | | | | | |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | | | | | |
| পরিকল্পনা বিভাগ | | | | | |
| বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | | | | | |
| পরিসংখ্যান বিভাগ | | | | | |
| বাণিজ্য মন্ত্রণালয় | | | | | |
| পররাষ্ট্র মন্ত্রণালয় | | | | | |
| প্রতিরক্ষা মন্ত্রণালয় | | | | | |
| আইন ও বিচার বিভাগ | | | | | |
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় | | | | | |
| লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | | | | | |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | | | | |
| শিক্ষা মন্ত্রণালয় | | | | | |
| বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | | | | | |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | | | | | |
| সমাজ কল্যাণ মন্ত্রণালয় | | | | | |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | | | | |
| শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | | | | | |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | | | | | |
| তথ্য মন্ত্রণালয় | | | | | |
| সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | | | | |
| ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | | | | | |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | | | | | |
| স্থানীয় সরকার বিভাগ | | | | | |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | | | | | |
| শিল্প মন্ত্রণালয় | | | | | |
| বস্ত্র ও পাট মন্ত্রণালয় | | | | | |
| জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | | | | | |
| কৃষি মন্ত্রণালয় | | | | | |
| মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | | | | | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | | | | | |
| ভূমি মন্ত্রণালয় | | | | | |
| পানি সম্পদ মন্ত্রণালয় | | | | | |
| খাদ্য বিভাগ | | | | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | | | | | |
| সড়ক ও রেলপথ বিভাগ | | | | | |
| নৌ-পরিবহণ মন্ত্রণালয় | | | | | |
| বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | | | | | |
| ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | | | | | |
| পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | | | | | |
| বিদ্যুৎ বিভাগ | | | | | |
| সুপ্রীম কোর্ট | | | | | |
| মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | | | | |
| প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | | | | | |
| দুর্নীতি দমন কমিশন | | | | | |
| সেতু বিভাগ | | | | | |

**মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামোঃ প্রথম ভাগ**

**(সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণ করতে হবে)**

**মন্ত্রণালয়/ বিভাগঃ ---------------------------------------**

## অংশ-১: মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্টঃ

মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট এই অংশে সংক্ষেপে বর্ণনা করতে হবে। মিশন স্টেটমেন্টে মন্ত্রণালয় কী অর্জন করতে চায়, কীভাবে অর্জন করবে এবং কার জন্য অর্জন করতে চায়- এ তিনটি বিষয় তুলে ধরতে হবে।

### ১. ২ মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলিঃ

সরকারের কার্য বন্টন আদেশ (Allocation of Business) অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলি সংক্ষেপে এই অংশে লিপিবদ্ধ করতে হবে। এরূপ কার্যাবলির সংখ্যা সর্বোচ্চ ৮টি তে সীমাবদ্ধ রাখতে হবে।

## অংশ-২: মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

| কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য | প্রধান কার্যক্রমসমূহ (Key Activities) | বাস্তবায়নকারী অধিদপ্তর/ সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| রূপকল্প ২০২১, ৬ষ্ঠ পঞ্চ বার্ষিক পরিকল্পনা এবং/ অথবা মন্ত্রণালয়ের নীতি নির্ধারণী দলিল থেকে মন্ত্রণালয়ের কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্যসমূহ চিহ্নিত করে এ কলামে লিপিবদ্ধ করতে হবে। পরস্পর সম্পর্কযুক্ত কৌশলগত উদ্দেশ্যসমূহ একত্রিত করে তালিকা সংক্ষিপ্ত করা যেতে পারে। | এখানে প্রধান কার্যক্রম বলতে বাজেটে বরাদ্দকৃত অর্থে যে কাজ করা হবে তার বর্ণনাকে বুঝাবে।<br>কৌশলগত উদ্দেশ্য অর্জন/ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রধান কার্যক্রমসমূহ চিহ্নিত করে এই কলামে সন্নিবেশ করতে হবে। এ সকল কার্যক্রম অবশ্যই মন্ত্রণালয়ের মূল কার্যাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। প্রতিটি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে মোট কার্যক্রমের সংখ্যা সর্বোচ্চ ৬টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। | ২ নং কলামে বর্ণিত কার্যক্রমসমূহ যে অধিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হবে তার নাম এ কলামে উল্লেখ করতে হবে। প্রতিটি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে প্রদর্শিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে প্রত্যক্ষ এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে কেবল ঐ সকল অধিদপ্তর/ সংস্থার নাম উল্লেখ করতে হবে। |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

## অংশ-৩: দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

**৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব:**

- উপরের অংশ-২ এর ১ নং কলামে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং এ অংশে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যসমূহ যাতে অভিন্ন হয় তা নিশ্চিত করতে হবে;
- প্রতিটি কৌশলগত উদ্দেশ্য এবং সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ সরকারের দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়ন সংক্রান্ত উদ্দেশ্য পূরণে কীভাবে অবদান রাখবে তা পৃথকভাবে বর্ণনা করতে হবে;
- দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব বর্ণনার ক্ষেত্রে **সংযোজনী-৫** এ প্রদত্ত বিস্তারিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

**৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ:**

চূড়ান্ত বাজেট কাঠামোতে (MBF) দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নে মন্ত্রণালয়/ বিভাগ ভিত্তিক বরাদ্দ সম্বলিত একটি সারণি RCGP ডাটাবেজ থেকে প্রস্তুতপূর্বক এই অংশে সংযোজন করা হবে। বাজেট কাঠামো চূড়ান্তকরণের পর অর্থ বিভাগ কর্তৃক এই সারণি প্রস্তুত করা হবে।

**অংশ-৪: অগ্রাধিকার খাত/ কর্মসূচিসমূহ (Priority Spending Areas/ Programmes)**

| **অগ্রাধিকার খাত/ কর্মসূচিসমূহ** | **সংশ্লিষ্ট কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য** |
|---|---|
| অগ্রাধিকার খাত বলতে কয়েকটি সুনির্দিষ্ট কাজ বা কার্যক্রমের সমন্বয়ে গঠিত কর্মসূচিকে বুঝায় যা কোন প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখে।<br>মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সবচাইতে বেশী অবদান রাখবে এমন ব্যয় খাত/ কর্মসূচিসমূহ চিহ্নিত করে অগ্রাধিকার অনুযায়ী এ কলামে সন্নিবেশ করতে হবে।<br>এ সকল ব্যয় খাত/ কর্মসূচি মন্ত্রণালয়ের মূল কার্যাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে অগ্রাধিকারের ক্রমানুসারে সন্নিবেশ করতে হবে।<br>অগ্রাধিকার খাত/ কর্মসূচির সংখ্যা সর্বোচ্চ ৬টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।<br>একটি অগ্রাধিকার খাত/ কর্মসূচি সম্পর্কে ৪০-৬০ শব্দের একটি অনুচ্ছেদে সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করতে হবে। | এ কলামে প্রত্যেক অগ্রাধিকার খাত/ কর্মসূচির বিপরীতে সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য/ উদ্দেশ্যসমূহ উল্লেখ করতে হবে। |
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |
| ৫. | |
| ৬. | |

**ফরম-১**

## মন্ত্রণালয়/ বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

কলাম-১: মন্ত্রণালয়/ বিভাগের জন্য প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (**KPI**) চিহ্নিত করে এ কলামে সন্নিবেশ করতে হবে। কৌশলগত উদ্দেশ্য অর্জনে পরিমাপযোগ্য **KPI (outcome or higher level output)সমূহ** বর্ণনা করতে হবে। **KPI**’এর সংখ্যা ৪ থেকে ৬ টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

কলাম-২: অংশ-২ এ বর্ণিত সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৩: প্রতিটি কর্মকৃতি নির্দেশক পরিমাপের একক (লক্ষ জন, কিলোমিটার, শতাংশ, লক্ষ টন ইত্যাদি) এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৪: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে ২০০৯-১০ অর্থবছরের লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৫: প্রতিটি নির্দেশকের বিপরীতে ২০০৯-১০ অর্থবছরের প্রকৃত অর্জন এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৬: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে ২০১০-১১ অর্থবছরের লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৭: ২০১০-১১ অর্থবছরের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা সর্বশেষ প্রাপ্ত তথ্য/ অগ্রগতির আলোকে পুনর্নির্ধারণ করা প্রয়োজন হলে সংশোধিত লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করুন। ২০১০-১১ অর্থবছরের মূল লক্ষ্যমাত্রা সংশোধন করার প্রয়োজন নাই বলে প্রতীয়মান হলে মূল লক্ষ্যমাত্রা এ কলামে পুনরুল্লেখ করতে হবে।

কলাম-৮ থেকে ১০: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে আগামী তিন বছরের লক্ষ্যমাত্রা ধার্য করে কলাম ৮-১০ এ সন্নিবেশ করতে হবে।

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | প্রকৃত | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০০৯-১০ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| ১। | | | | | | | | | | | |
| ২। | | | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | | | |
| ৪। | | | | | | | | | | | |
| ৫। | | | | | | | | | | | |
| ৬। | | | | | | | | | | | |

নির্দেশকসমূহ ৬ষ্ঠ পঞ্চ বার্ষিক পরিকল্পনা এবং/ অথবা মন্ত্রণালয়ের নীতি নির্ধারণী দলিলে চিহ্নিত প্রভাব নির্দেশকসমূহের (Outcome Indicators) সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং নীচে বর্ণিত SMART criteria পূরণ করতে হবে:

১. ***S***pecific – the indicator is clearly defined.
২. ***M***easurable – information and data are available.
৩. **A**chievable – the indicator targets are realistically set.
৪. ***R***elevant – the indicator is relevant to the objective
৫. ***T***ime bound - there is a clear timeframe for achieving the target.

## বাজেট কাঠামোঃ দ্বিতীয় ভাগ

**(সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা কর্তৃক পূরণ করতে হবে)**

**অধিদপ্তর/ সংস্থার নাম ---------------------------------------**

### অংশ-৫: অধিদপ্তর/ সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা

**৫.১ সাম্প্রতিক অর্জন:**

অধিদপ্তর/ সংস্থার বিগত তিন বছরের প্রধান অর্জনসমূহের উপর সংক্ষেপে বর্ণনা প্রদান করতে হবে। সাম্প্রতিক অর্জন সংক্রান্ত বর্ণনায় প্রাসঙ্গিক তথ্য/ পরিসংখ্যান অন্তর্ভুক্ত থাকা বাঞ্ছনীয় যাতে উক্ত বর্ণনা থেকে সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার কাজের আওতা এবং অর্জনের পরিমাণ সম্পর্কে ধারণা পাওয়া যায়। এ সংক্রান্ত বর্ণনা ১০০-১২০ শব্দের মধ্যে সীমিত রাখতে হবে।

**৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য:**

| প্রধান কার্যক্রমসমূহ<br>(Key Activities) | কার্যক্রমের সম্ভাব্য ফলাফল<br>(Output Related to the Activity) | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ-২ এ চিহ্নিত কার্যক্রমসমূহের মধ্য থেকে সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হয় এমন কার্যক্রমসমূহ চিহ্নিত করে এই কলামে সন্নিবেশ করতে হবে।<br>প্রধান কার্যক্রমসমূহ বুলেট পয়েন্টের পরিবর্তে ক্রমিক নম্বর দ্বারা চিহ্নিত করতে হবে। | সংশ্লিষ্ট কার্যক্রমের অর্জনযোগ্য ফলাফল এই কলামে লিপিবদ্ধ করতে হবে।<br>ফলাফল (Output) হচ্ছে কোন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রমের পরিমাপযোগ্য ফল। প্রতিটি ফলাফল সংক্রান্ত বর্ণনা ১০-২০ শব্দের মধ্যে সীমিত থাকবে। | বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ-২ এ চিহ্নিত সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের নম্বর এ কলামে উল্লেখ করতে হবে। |
| | | |
| | | |

**৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (Output Indicators and Targets)** t

মধ্যমেয়াদি ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রাসমূহ এই অংশে নিম্নোক্ত সারণিতে সন্নিবেশ করতে হবে। সকল অধিদপ্তর/ সংস্থা এই তথ্য প্রদান করবে।

অধিদপ্তর/ সংস্থার প্রধান কার্যক্রমকে সর্বোচ্চ প্রতিফলিত করে এরূপ সর্বমোট ৫টি ফলাফল নির্দেশক নির্ণয়পূর্বক এই অংশে সন্নিবেশ করতে হবে। তবে যে সকল অধিদপ্তর/ সংস্থার কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর তাৎপর্যপূর্ণ প্রভাব পড়বে সে সকল ক্ষেত্রে দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত পৃথক ২টি নির্দেশক নির্ণয় করতে হবে তবে সর্বমোট নির্দেশকের সংখ্যা ৫টির অধিক হবে না। নির্দেশকসমূহ উপরে ফরম-১ এ বর্ণিত SMART criteria পূরণ করতে হবে। ফলাফল নির্দেশকের ছক পূরণের ক্ষেত্রে অধিদপ্তর/ সংস্থাসমূহকেঃ

- ফলাফল নির্দেশকসমূহের সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করতে হবে;
- প্রতিটি ফলাফল নির্দেশক পরিমাপের একক উল্লেখ করতে হবে;
- প্রতিটি নির্দেশকের বিপরীতে ২০০৯-১০ অর্থবছরের প্রকৃত অর্জন উল্লেখ করতে হবে;
- প্রতিটি ফলাফল নির্দেশকের বিপরীতে ২০১০-১১ অর্থবছরের লক্ষ্যমাত্রা ও সংশোধিত লক্ষ্যমাত্রা (যদি থাকে) উল্লেখ করতে হবে;
- প্রতিটি ফলাফল নির্দেশকের বিপরীতে আগামী তিন বছরের লক্ষ্যমাত্রা কলাম ৬-৮ এ সন্নিবেশ করতে হবে।

| ফলাফল নির্দেশক | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | প্রকৃত | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০০৯-১০ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ১। | | | | | | | | | | |
| ২। | | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | | |
| ৪। | | | | | | | | | | |
| ৫। | | | | | | | | | | |
| ৬। | | | | | | | | | | |

### ৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন

চূড়ান্ত বাজেট কাঠামোতে (MBF) অধিদপ্তর/ সংস্থা ভিত্তিক সংশ্লিষ্ট অর্থবছরের প্রাক্কলন এবং পরবর্তী চার অর্থবছরের প্রক্ষেপণ সম্বলিত বাজেট বরাদ্দের একটি সারণি এই অংশে সংযোজন করা হবে। বাজেট কাঠামো চূড়ান্তকরণের পর অর্থ বিভাগ কর্তৃক এই সারণি প্রস্তুত করা হবে।

### ৫.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পের তালিকা

অধিদপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের সাথে সম্পৃক্ত অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের নাম এই অংশে লিপিবদ্ধ করতে হবে। অধিদপ্তর/ সংস্থার অগ্রাধিকারের ক্রমানুসারে কর্মসূচি/ প্রকল্পের তালিকা নিম্নের সারণিতে সংযুক্ত করতে হবে।

| অপারেশনইউনিটকর্মসূচিপ্রকল্পেরনাম<br>১ | সংশ্লিষ্টপ্রধানকার্যক্রম<br>২ |
|---|---|
| **অপারেশন ইউনিট (অনুন্নয়ন)**<br>অধিদপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুন্নয়ন বাজেটের কোন অপারেশন ইউনিটের আওতায় বাজেটে অর্থ বরাদ্দ প্রদান করা হলে অথবা অর্থ বরাদ্দের প্রয়োজন হলে সংশ্লিষ্ট অপারেশন ইউনিটের নাম উল্লেখ করতে হবে। | · অধিদপ্তর/ সংস্থার কোন কার্যক্রমের সাথে সম্পর্কিত তা উল্লেখ করতে হবে (সেকশন-৫.২ এ বর্ণিত সংশ্লিষ্ট কার্যক্রমের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে) |
| **অনুমোদিত কর্মসূচি/ প্রকল্প ***<br>· অনুমোদিত কর্মসূচি/ প্রকল্প বলতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে এমন চলতি কর্মসূচি/ প্রকল্পকে বুঝাবে। | · সেকশন-৫.২ এ বর্ণিত সংশ্লিষ্ট কার্যক্রমের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে |
| **অননুমোদিত কর্মসূচি/ প্রকল্প ***<br>· অননুমোদিত কর্মসূচি/ প্রকল্প বলতে কর্মসূচির ছক/ প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হয়েছে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা অর্থ বিভাগ/ পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে এমন কর্মসূচি/ প্রকল্পকে বুঝাবে। | · সেকশন-৫.২ এ বর্ণিত সংশ্লিষ্ট কার্যক্রমের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে |
| **সম্ভাব্য কর্মসূচি/ প্রকল্প ***<br>· সম্ভাব্য কর্মসূচি/ প্রকল্প বলতে অধিদপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বলে চিহ্নিত হয়েছে তবে এখনো কর্মসূচির ছক/ প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হয় নি এমন কর্মসূচি/ প্রকল্পকে বুঝাবে। | · সেকশন-৫.২ এ বর্ণিত সংশ্লিষ্ট কার্যক্রমের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে |

*** কর্মসূচি ও প্রকল্প পৃথকভাবে প্রদর্শন করতে হবে।**

সংযোজনী-৩

**রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি**

১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রার ভিত্তিতে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তরসমূহের জন্য রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। সাম্প্রতিক বছরসমূহে সংশ্লিষ্ট দপ্তরের নিজস্ব আয় ও আয়ের উৎস/ আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে প্রাথমিকভাবে চলতি অর্থবছরের বাজেট বরাদ্দকে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি হিসাবে ধরা যেতে পারে।

২) কোন স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সরকারের প্রাপ্য লভ্যাংশ জমা দানের জন্য নির্ধারিত থাকলে সংশ্লিষ্ট সংস্থা থেকে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করতে হবে।

৩) মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য প্রতিবছর প্রয়োজনীয় অর্থের সম্ভাব্য পরিমাণ বিবেচনা করে সচিবালয় অংশ এবং বিভিন্ন অধিদপ্তর/ সংস্থা/ বেসরকারি প্রতিষ্ঠানের ব্যয়সীমা নির্ধারণ করতে হবে।

৪) মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের ব্যয়সীমা এমনভাবে নির্ধারণ করতে হবে যেন তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত প্রাথমিক ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়।

৫) বাজেট বরাদ্দের দক্ষতা যাতে সুস্পষ্টভাবে দৃষ্টিগোচর হয় সে জন্য যতদুর সম্ভব সুনির্দিষ্ট উদ্দেশ্য/ কার্যক্রমের বিপরীতে অর্থ বরাদ্দ করতে হবে। সেকারণে থোক বরাদ্দের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখার চেষ্টা করতে হবে। তবে, অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা নির্ধারণের সময়ে কিছু অর্থ সচিবালয় অংশে সংরক্ষিত রাখা যেতে পারে যাতে করে পরবর্তী পর্যায়ে অধিদপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক পেশকৃত অতিরিক্ত অর্থের চাহিদা পূরণ করা সম্ভব হয়। এই সংরক্ষিত অর্থ সাময়িকভাবে সচিবালয় অংশে থোক হিসাবে রাখতে হবে এবং পরবর্তীতে অধিদপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক বাজেট কাঠামোর অংশ-৫ ও ফরম-৪ মন্ত্রণালয়ে দাখিল করার পর সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পসমূহের জন্য প্রতিবছর প্রয়োজনীয় অর্থের সম্ভাব্য পরিমাণ বিবেচনা করে অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা পুনর্নির্ধারণ করার প্রয়োজন হলে সে ক্ষেত্রে ব্যবহার করতে হবে।

৬) মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের মধ্যে যেসকল সংস্থা সরকারি অনুদানে পরিচালিত হয় এবং চলতি (২০১০-১১) অর্থ বছরের বাজেটে যেসকল সংস্থার জন্য বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে কেবল সে সকল সংস্থাকেই ব্যয়সীমা/ বরাদ্দ নির্ধারণের সময় বিবেচনা করা যাবে। সরকারি অনুদানে পরিচালিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের জন্য ব্যয়সীমা/ বরাদ্দ র্নির্ধারণের সময় সাম্প্রতিক বছরসমূহে সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব আয় ও আয়ের উৎস/ আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে এবং আগামী পাঁচ বছরে সম্ভাব্য নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/ সরকারি অনুদানের পরিমাণ নির্ধারণ করতে হবে।

৭) মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন যে সকল স্বায়ত্তশাসিত সংস্থা বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত হয় এবং যে সকল সংস্থার বাজেট প্রস্তাব অর্থ বিভাগের মনিটরিং সেলে প্রেরণ করতে হয়, ব্যয়সীমা নির্ধারণের সময় সে সকল সংস্থাকে বিবেচনা করার প্রয়োজন নাই। তবে, এ জাতীয় সংস্থার কোন উন্নয়ন প্রকল্প বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত থাকলে অথবা এ জাতীয় কোন সংস্থার জন্য সরকার কর্তৃক কোন ঋণ/ ইক্যুইটি/ ভর্তুকি প্রদানের বিষয়ে যথাযথ পর্যায়ে সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকলে সংশ্লিষ্ট সংস্থার অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে।

৮) চলতি (২০১০-১১) অর্থ বছরের মূল বাজেটে অন্তর্ভুক্ত সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে এসকল প্রতিষ্ঠানের সম্পৃক্ততার আলোকে এবং আগামী পাঁচ বছরে সংশ্লিষ্ট সংস্থার সম্ভাব্য নিজস্ব আয়ের পরিমাণ বিবেচনায় নিয়ে সরকারি অনুদান/ বরাদ্দের পরিমাণ নির্ধারণ করতে হবে।

৯) দারিদ্র্য নিরসন কৌশলপত্র এবং সরকারের অন্যান্য নীতি নির্ধারণী দলিলে উল্লেখিত কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট প্রকল্প/ কর্মসূচি অর্থায়নের জন্য মন্ত্রণালয়ের বাজেট কাঠামো চূড়ান্ত করার পর অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা পুনঃনির্ধারণের প্রয়োজন হতে পারে। সে ক্ষেত্রে, সাময়িক ভাবে সচিবালয় খাতে থোক বাবদ সংরক্ষিত করে রাখা অর্থ পর্যালোচনাপূর্বক ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা পুনঃনির্ধারণ করা যেতে পারে তবে লক্ষ্য রাখতে হবে এরূপ পুনঃনির্ধারিত বরাদ্দ মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত সার্বিক ব্যয়সীমা যেন অতিক্রম না করে।

**অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি**

১) দারিদ্র্য নিরসন কৌশলপত্র এবং সরকারের সংশ্লিষ্ট নীতি নির্ধারণী দলিলে প্রতিফলিত কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্টতার মাত্রা এবং দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয়তা বিবেচনা করে কর্মসূচি/ প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ করতে হবে;

২) অর্থ বরাদ্দের ক্ষেত্রে চলমান অনুমোদিত কর্মসূচি/ প্রকল্পসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে। তবে, কোন অনুমোদিত কর্মসূচি/ প্রকল্প মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট না হলে এ জাতীয় প্রকল্পকে অর্থ বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা যাবে না।

৩) অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন উন্নয়ন কর্মসূচি/ উন্নয়ন প্রকল্পের বিপরীতেও বরাদ্দ প্রদর্শন করা যাবে। তবে, অনুমোদিত না হওয়া পর্যন্ত এ জাতীয় উন্নয়ন কর্মসূচি বা প্রকল্পের জন্য বাজেটে অর্থ বরাদ্দ প্রাপ্তির কোন নিশ্চয়তা থাকবে না।

৪) প্রাথমিক ব্যয় প্রাক্কলনে অন্তর্ভুক্ত কর্মসূচি/ প্রকল্পের জন্য বরাদ্দ নির্ধারণের সময়ে লক্ষ্য রাখতে হবে যেন উক্ত কর্মসূচি/ প্রকল্পের জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা অতিক্রান্ত না হয়।

৫) ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরে সমাপ্ত হয়ে যাবে এমন কোন কর্মসূচি/ প্রকল্পের জন্য বরাদ্দ যাতে কর্মসূচি/ প্রকল্প সমাপ্তির পরবর্তী অর্থ বছরের প্রাক্কলনে অন্তর্ভুক্ত না হয় তা নিশ্চিত করতে হবে।

৬) কোন অধিদপ্তর/ সংস্থার সকল কর্মসূচি/ প্রকল্পের জন্য বরাদ্দ উক্ত অধিদপ্তর/ সংস্থার জন্য প্রদত্ত ব্যয়সীমার মধ্যে সংকুলান করা সম্ভব না হলে সে ক্ষেত্রে প্রথমেই উচ্চ অগ্রাধিকারসম্পন্ন কর্মসূচি/ প্রকল্পসমূহের অর্থায়ন নিশ্চিত করতে হবে এবং অগ্রাধিকার তালিকার ভিত্তিতে কম অগ্রাধিকারসম্পন্ন প্রকল্প/ কর্মসূচি বরাদ্দের পরিমাণ হ্রাস করে প্রদত্ত ব্যয়সীমার মধ্যে সংকুলান করতে হবে। এতেও সম্ভবপর না হলে অপেক্ষাকৃত কম অগ্রাধিকারসম্পন্ন প্রকল্প/ কর্মসূচি বাদ দিয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার প্রদত্ত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলানের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**সংযোজনী-৫**

## দারিদ্র্য ও জেন্ডার সংক্রান্ত ছক এবং ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা

| নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের প্রভাবসমূহ সংক্ষেপে বর্ণনা করতে হবে (৫০ শব্দের অধিক নয়) |
|---|
| • দারিদ্র্য নিরসন কৌশলপত্রে (এনএসএপিআর) বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত কৌশলসমূহের (উদাহরণ: এনএসএপিআর এর পলিসি ম্যাট্রিক্স) সাথে যোগসূত্র;<br>• যেখানে সহজলভ্য, দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা ও শতকরা অনুপাত, বিশেষত দরিদ্র নারীর সংখ্যা যারা কৌশলসমূহের দ্বারা প্রত্যক্ষ প্রভাবিত;<br>• উপর্যুক্ত প্রভাবসমূহ স্বল্প মেয়াদি (উদাহরণ: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় এককালীন সুবিধা) নাকি দীর্ঘমেয়াদি (উদাহরণ: দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ, সরকারি বিনিয়োগ, যার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী/ নারীসমাজ উপকৃত হবে।)<br><br>নোট:<br>১। দারিদ্র্যের সংজ্ঞা নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো Basic Needs Method ব্যবহার করে থাকে। এই Basic Needs Method অনুযায়ী জনগোষ্ঠীর যে অংশ Minimum Basic Need (২১২২ কি. ক্যালোরী/ প্রতি জনে প্রতিদিন) সীমার নীচে তাদেরকে দরিদ্র হিসাবে আখ্যায়িত করা হয়।<br>২। মানব দারিদ্র্য (Human Poverty) মানব উন্নয়নসূচক (HDI) দ্বারা নির্ধারণ করা হয়। এই সূচক নির্ধারণ করতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ইত্যাদিকে বিবেচনা করা হয়। শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি ইত্যাদি প্রাপ্তি মানব দারিদ্র্য হ্রাস করে। |

দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ নিম্নে বর্ণিত হলো। এ সকল মানদন্ড কোন কৌশলের মাধ্যমে যত বেশী প্রতিফলিত হবে, এর প্রভাব তত বেশী শক্তিশালী হবে। উল্লেখ্য, সকল মানদন্ড সকল মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য নাও হতে পারে। প্রযোজ্য মানদন্ডসমূহ ব্যবহার করে বাজেট কাঠামোর অংশ-৩ পূরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি দারিদ্র্য নিরসন অথবা/ ও নারী উন্নয়নের উপর কোন মধ্যমেয়াদি কৌশলের প্রত্যক্ষ প্রভাব নাই বলে প্রতীয়মান হয়, তবে তাও উল্লেখ করতে হবে।

**ক) দারিদ্র্য নিরসনের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহঃ**

১। **কর্মসংস্থান/ আয়বর্ধক কার্যক্রমঃ** দরিদ্র জনগোষ্ঠীর জন্য কি কর্মসংস্থান/ আয় বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি হবে? হলে কিভাবে?

২। **পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থাঃ** সরকার কর্তৃক গৃহীত দারিদ্র্য হ্রাস কর্মসূচির পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা বলবৎ আছে কিনা, থাকলে তা জোরদার করার পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? যদি না থাকে তবে কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জিত হলে পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থার প্রবর্তন হবে কিনা? হলে তা কিভাবে হবে?

৩। **সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তিঃ** দরিদ্র জনগোষ্ঠীর অনুকূলে সরকারি সম্পদ (যেমন: খাস জমি, জলাশয় ও সামাজিক বনায়ন ইত্যাদি) এবং সেবা (যেমন: শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, বিশুদ্ধ পানি ইত্যাদি) প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাবে কিনা এবং পেলে তা কিভাবে?

৪। **তথ্য ও প্রযুক্তি প্রাপ্তির সুযোগ বৃদ্ধি/ তথ্য প্রযুক্তির উন্নয়নঃ** কৃষি, মৎস্য এবং অকৃষিজাত কর্মকান্ডের ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তি প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাবে কিনা বা প্রযুক্তির (আইসিটি সহ) উন্নয়ন ত্বরান্বিত করার প্রয়োজনীয় পদক্ষেপ এবং দরিদ্র জনগোষ্ঠীর মাঝে তা প্রদর্শন ও সম্প্রসারণের ব্যবস্থা নেয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেয়া হয়েছে?

৫। **মানব দক্ষতা বৃদ্ধি:** অনানুষ্ঠানিক অর্থনৈতিক কর্মকান্ডে জড়িত জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেয়া হয়েছে?

৬। **আইন ও নীতিসমূহ প্রণয়ন ও উন্নয়ন:** দরিদ্র জনগোষ্ঠীর অনুকূলে সামাজিক নিরাপত্তা বেষ্টনী, সামাজিক বীমা এবং শ্রমবাজারে প্রবেশ সহজিকরণ সম্পর্কিত আইন ও নীতিসমূহ উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেয়া হয়েছে?

৭। **স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষা প্রদান/ উন্নয়নঃ** দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষার উন্নয়ন কল্পে কোন কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেয়া হয়েছে?

৮। **প্রশিক্ষণ:** দরিদ্র জনগোষ্ঠীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম আছে কিনা থাকলে তা কি এবং কিভাবে নেয়া হয়েছে?

৯। **বিশুদ্ধ পানি ও সেনিটারী লেট্রিন প্রাপ্তিঃ** দরিদ্র জনগোষ্ঠী বিশুদ্ধ পানি ও সেনিটারী লেট্রিন সুবিধাদি প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ/ কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে এ সুবিধাদি তারা পাবে?

১০। **সচেতনতা বৃদ্ধি:** দরিদ্র জনগোষ্ঠীকে তাদের অধিকার ও সেবা প্রাপ্তিতে সচেতনতা বৃদ্ধি ও সর্বোপরি সামাজিক সচেতনতা বৃদ্ধি কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ/ কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কিভাবে/ কোন প্রক্রিয়ায় নেয়া হয়েছে?

১১। **তথ্য প্রযুক্তিতে দরিদ্রদের প্রশিক্ষণ:** তথ্য প্রযুক্তির ক্ষেত্রে দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রাপ্তি ও ব্যবহার বৃদ্ধির জন্য পদক্ষেপ/ কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেয়া হয়েছে?

১২। **দরিদ্রদের ক্ষমতায়নঃ** সমাজে এবং কর্মক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে এবং রাজনৈতিক কাঠামোতে দরিদ্রদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে তাদের ক্ষমতায়ন প্রক্রিয়া উন্নয়ন/ উৎসাহিত করার পদক্ষেপ নেয়া হয়েছে কিনা বা কিভাবে নেয়া হয়েছে?

**খ) নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ:**

১। **স্বাস্থ্য সেবা প্রাপ্তি ও পুষ্টির উন্নয়নঃ** নারীর প্রজনন এবং সাধারণ স্বাস্থ্য সুরক্ষায় সুনির্দিষ্ট এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? এছাড়াও গৃহীত ব্যবস্থাদির দ্বারা মহিলাদের বিশেষতঃ গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের পুষ্টির উন্নিতিসাধন হবে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

২। **সরকারি সম্পদ ও সেবা লাভঃ** নারীর অনুকূলে সরকারি সম্পদ (যেমন: খাসজমি, জলাশয় ও সামাজিক বনায়ন) ও সেবা (যেমন: শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, বিশুদ্ধ পানি ইত্যাদি) প্রাপ্তির সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

৩। **শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তিঃ** নারীর জন্য শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

৪। **নারীর দৈনিক কর্মঘন্টা হ্রাসঃ** নারীর দৈনিক সার্বিক কর্মঘন্টা হ্রাস করতে সক্ষম এমন পদক্ষেপ/ কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে কর্মঘন্টা হ্রাস করতে পারে?

৫। **শ্রম বাজার এবং আয়বর্ধক কর্মকান্ডে নারীর অংশগ্রহণঃ** শ্রম বাজার এবং আয়বর্ধক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

৬। **নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস করাঃ** নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে কিনা অথবা কি কি পদক্ষেপ নেয়ার ফলে নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বিশেষত প্রকৃতিক দুর্যোগের কারণে তাদের সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস পাবে?

৭। **নারীর ক্ষমতায়নঃ** পরিবারে, সমাজে এবং কর্মক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে এবং রাজনৈতিক কাঠামোতে নারীর অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রক্রিয়া উন্নয়ন/ উৎসাহিত করার পদক্ষেপ নেয়া হয়েছে কিনা নেয়া হলে কিভাবে নেয়া হয়েছে?

৮। **বিভিন্ন ফোরামে নারীর অংশগ্রহণঃ** জাতীয় ও আন্তর্জাতিক ফোরামসমূহে নারী সম্পর্কিত বিষয়সমূহ উথাপন/ অন্তর্ভুক্তকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ/ কার্যক্রম নেয়া হয়েছে কিনা বা নেয়া হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

৯। **নারীর নিরাপত্তা ও অবাধ গতিবিধি নিশ্চিত করাঃ** পাবলিক স্পেসসমূহে নারীর অবাধ গতিবিধি নিশ্চিত করা এবং পরিবারে, পাবলিক স্পেসসমূহসহ সমাজে নারীর নিরাপত্তা বিধান নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে কিনা বা নেয়া হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

১০। **পরিবীক্ষণ ও মূল্যায়ণঃ** নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয়সমূহের ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/ পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? নেয়া হলে কিভাবে/ কি প্রক্রিয়ায় নেয়া হয়েছে?

১১। **নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি:** নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা/ পদক্ষেপ নেয়া হয়েছে কিনা (উদাহারণ স্বরূপ, অপ্রাপ্ত বয়সে নারীর বিবাহ/ বাল্য বিবাহ ও যৌতুক প্রথা হ্রাস পাওয়া) ? হলে কিভাবে নেয়া হয়েছে?

১২। **নারীর আইন ও বিচার প্রাপ্তিঃ** আইন ও বিচার প্রাপ্তিতে নারীর অনুকূলে সুযোগ সৃষ্টি বা সুযোগ সম্প্রসারণের জন্য ব্যবস্থা/ পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেয়া হয়েছে?

১৩। **তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণ:** তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণ প্রাপ্তি এবং তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা কিভাবে এই প্রশিক্ষণ প্রাপ্তি ও তা'র ব্যবহার নিশ্চিত হবে?

১৪। **সহিংসতা ও নির্যাতন হ্রাসঃ** নারীর উপর সহিংসতা ও নির্যাতন হ্রাসকল্পে কি পদক্ষেপ/ ব্যবস্থা নেয়া হয়েছে বা কিভাবে পারিবারিক ও পাবলিক স্পেসসমূহে নারীর উপর সহিংসতা/ নির্যাতন হ্রাস করা হবে?

**ফরম ৪ এর কলাম ৯ এবং ১০ পূরণ নির্দেশিকা**

বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের ফরম-৪ এর ৯ ও ১০ নং কলামে যথাক্রমে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর গৃহীত কর্মসূচি/ প্রকল্পসমূহের প্রভাব নির্দেশ করতে হবে। ফরম ৪ ব্যবহার করে অধিদপ্তর/ সংস্থাসমূহ তাদের **সকল** প্রকল্প ও কার্যক্রমসমূহের জন্য সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরী করবে। মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থাসমূহ প্রতিটি প্রকল্প/ কর্মসূচির মাধ্যমে সরাসরি দারিদ্র্য নিরসন (উপরে বর্ণিত ১২ টি মানদন্ডের ভিত্তিতে) এবং নারী উন্নয়নে (উপরে বর্ণিত ১৪ টি মানদন্ডের ভিত্তিতে) মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ ব্যবহার করা হবে তা উল্লেখ করতে হবে। দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে কোন প্রকল্প/ কর্মসূচির যদি সরাসরি কোন প্রভাব না থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কলামে '০' প্রদান করা যেতে পারে। কিন্তু যদি তা দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে লক্ষ্যভিত্তিক হয়ে থাকে তবে সংশ্লিষ্ট কলামে '১০০' প্রদান করতে হবে। অন্যান্য প্রকল্প/ কর্মসূচির ক্ষেত্রে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে বরাদ্দের ভিত্তিতে ১-৯৯% এর মধ্যে যেটি যুক্তিযুক্ত তা প্রদান করতে হবে। দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর প্রকল্প/ কর্মসূচির প্রভাবের মাত্রা (Degree) নির্দেশ করার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ (Factors) বিবেচনা করতে হবে:

| দারিদ্র্য নিরসন/ নারী উন্নয়নের উপর মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ (%) ব্যবহার হবে | প্রভাবের মাত্রা (Degree) নির্দেশ করার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|
| '০' | উপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের ১২ এবং ১৪ টি মানদন্ডের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচি দরিদ্র জনগোষ্ঠী/ নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষ কোন প্রভাব ফেলবে না। |
| '১ - ৩৩' | উপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচিসমূহ দরিদ্র জনগোষ্ঠী/ নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে নূ্যনতম/ স্বল্প প্রভাব ফেলে। |
| '৩৪ - ৬৬' | উপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচিসমূহ দরিদ্র্য জনগোষ্ঠী/ নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে মধ্যম প্রভাব ফেলে। |
| '৬৭ - ৯৯' | উপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচি দরিদ্র জনগোষ্ঠী/ নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে তাৎপর্যপূর্ণ ও টেকসই প্রভাব ফেলে। |
| '১০০' | প্রকল্প/ কর্মসূচিসমূহ যেগুলোর দারিদ্র হ্রাস/ নারীর উন্নয়ন ত্বরান্বিত করার সুনির্দিষ্ট লক্ষ্য রয়েছে এবং নারী সমাজ/ বিভিন্ন দরিদ্র জনগোষ্ঠী প্রকল্প/ কর্মসূচির উপকারভোগী হিসাবে সুস্পষ্টভাবে চিহ্নিত। |

**বাজেট কাঠামো প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা**

| ক্রমিক | গৃহীতব্য পদক্ষেপসমূহ | দায়িত্ব | সময়সীমা |
|---|---|---|---|
| ১. | বাজেট কাঠামোর প্রথম ভাগের (অংশ-১-৪ এবং ফরম-১) খসড়া প্রস্তুত করা | মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ | ২০ ডিসেম্বর |
| ২. | বিভিন্ন অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তুত করা (ফরম-২ ও ফরম-৩) | মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ | ২০ ডিসেম্বর |
| ৩. | অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমাসহ খসড়া বাজেট কাঠামোর প্রথম ভাগ বিস্তারিতভাবে পরীক্ষা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য সুপারিশ প্রস্তুত করা | মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ | ২৩ ডিসেম্বর |
| ৪. | বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমাসহ বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন | মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি | ২৯ ডিসেম্বর |
| ৫. | বাজেট কাঠামোর প্রথম ভাগ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রতিটি অধিদপ্তর/ সংস্থায় প্রেরণ এবং বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য তাদেরকে অনুরোধ জ্ঞাপন | মন্ত্রণালয়/ বিভাগের সংশ্লিষ্ট শাখা | ৩০ ডিসেম্বর |
| ৬. | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের (বাজেট কাঠামোর অংশ-৫) খসড়া প্রস্তুত করা | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ | ১৬ জানুয়ারী |
| ৭. | মন্ত্রণালয়/ বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থা কর্তৃক অপারেশন ইউনিট/ কর্মসূচি/ প্রকল্পওয়ারি খসড়া প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন (ফরম-৪) | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ | ১৬ জানুয়ারী |
| ৮. | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি | ১৭ জানুয়ারী |
| ৯. | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রস্তুত বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ | সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা | ২০ জানুয়ারী |
| ১০. | বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ | মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ | ২৫ জানুয়ারী |
| ১১. | মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো চূড়ান্তকরণ | মন্ত্রণালয়/ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি | ২৭ জানুয়ারী |
| ১২. | বাজেট কাঠামো অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ | ৩১ জানুয়ারী |

## অর্থ বিভাগের হেল্প ডেস্ক* এর কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১. | রাষ্ট্রপতির কার্যালয় | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৪<br>ফোন: ৭১৭২১৮৪ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ২. | সংসদ সচিবালয় | জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস<br>উপ-সচিব, বাজেট - অধিশাখা-৫<br>ফোন: ৭১৬০০৫৯ | |
| ৩. | প্রধানমন্ত্রীর কার্যালয় | জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস<br>উপ-সচিব, বাজেট - অধিশাখা-৫<br>ফোন: ৭১৬০০৫৯ | |
| ৪. | মন্ত্রিপরিষদ বিভাগ | জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস<br>উপ-সচিব, বাজেট - অধিশাখা-৫<br>ফোন: ৭১৬০০৫৯ | |
| ৫. | নির্বাচন কমিশন সচিবালয় | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৪<br>ফোন: ৭১৭২১৮৪ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ৬. | সংস্থাপন মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২<br>ফোন: ৯৫৫০৩০৮ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ৭. | সরকারি কর্মকমিশন সচিবালয় | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২<br>ফোন: ৯৫৫০৩০৮ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ৮. | অর্থ বিভাগ | জনাব খন্দকার এহতেশামুল কবীর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১<br>ফোন: ৭১৬০৬৬৯ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ৯. | মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকর কার্যালয় | জনাব খন্দকার এহতেশামুল কবীর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১<br>ফোন: ৭১৬০৬৬৯ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ১০. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | বেগম ইসমত মাহমুদা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৬<br>ফোন: ৭১৬২৮০৩ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১১. | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জনাব খন্দকার এহতেশামুল কবীর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১<br>ফোন: ৭১৬০৬৬৯ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ১২. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | বেগম ইসমত মাহমুদা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৬<br>ফোন: ৭১৬২৮০৩ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১৩. | পরিকল্পনা বিভাগ | জনাব এস এম মঈনউদ্দীন আহম্মেদ<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৭<br>ফোন: ৯৫৬৩১৮৬ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১৪. | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | জনাব এস এম মঈনউদ্দীন আহম্মেদ<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৭<br>ফোন: ৯৫৬৩১৮৬ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১৫. | পরিসংখ্যান বিভাগ | জনাব এস এম মঈনউদ্দীন আহম্মেদ<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৭<br>ফোন: ৯৫৬৩১৮৬ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১৬. | বাণিজ্য মন্ত্রণালয় | জনাব এ কে এম মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৩<br>ফোন: ৭১৬০৬৭৮ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ১৭. | পররাষ্ট্র মন্ত্রণালয় | বেগম দিলারা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৮<br>ফোন: ৭১৬৮৩০৬ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ১৮. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | জনাব এস এম মঈনউদ্দীন আহম্মেদ<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৭<br>ফোন: ৯৫৬৩১৮৬ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ১৯. | আইন ও বিচার বিভাগ | ডঃ মোঃ গোলাম ফারুক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৩<br>ফোন: ৭১৬৭৩১৪ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ২০. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | বেগম ইসমত মাহমুদা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৬<br>ফোন: ৭১৬২৮০৩ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ২১. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ডঃ মোঃ গোলাম ফারুক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৩<br>ফোন: ৭১৬৭৩১৪ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ২২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | জনাব খন্দকার এহতেশামুল কবীর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১<br>ফোন: ৭১৬০৬৬৯ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ২৩. | শিক্ষা মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২<br>ফোন: ৯৫৫০৩০৮ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ২৪. | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস<br>উপ-সচিব, বাজেট - অধিশাখা-৫<br>ফোন: ৭১৬০০৫৯ | |
| ২৫. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৪<br>ফোন: ৭১৭২১৮৪ | জনাব মোঃ জাহিদুল হক<br>উপ-সচিব (বাজেট-২)<br>ফোন: ৭১৬ ৮৫৬২ |
| ২৬. | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | জনাব সত্যজিত কর্মকার<br>উপ সচিব, বাজেট - অধিশাখা-৯<br>ফোন: ৯৫৫৮৫৮৮ | |
| ২৭. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জনাব সত্যজিত কর্মকার<br>উপ সচিব, বাজেট - ৪<br>ফোন: ৯৫৫৮৫৮৮ | |
| ২৮. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | জনাব এ কে এম মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৩<br>ফোন: ৭১৬০৬৭৮ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ২৯. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | জনাব মোঃ খায়রুল আমীন<br>উপ সচিব, বাজেট - অধিশাখা-১৮<br>ফোন: ৭১৭২১৮৪ | |
| ৩০. | তথ্য মন্ত্রণালয় | বেগম দিলারা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৮<br>ফোন: ৭১৬৮৩০৬ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ৩১. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | বেগম রহিমা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১০<br>ফোন: ৭১৬০০৩২ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ৩২. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | বেগম রহিমা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১০<br>ফোন: ৭১৬০০৩২ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ৩৩. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বেগম রহিমা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১০<br>ফোন: ৭১৬০০৩২ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ৩৪. | স্থানীয় সরকার বিভাগ | জনাব মোঃ মাহমুদুল হাসান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১১<br>ফোন: ৯৫৫৭২০৩ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৩৫. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | জনাব এ কে এম মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৩<br>ফোন: ৭১৬০৬৭৮ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৩৬. | শিল্প মন্ত্রণালয় | জনাব টি কে এম মুশফিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৪<br>ফোন: ৯৫৬৫৪৯৬ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৩৭. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | জনাব টি কে এম মুশফিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৪<br>ফোন: ৯৫৬৫৪৯৬ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৩৮. | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | জনাব এম রায়হান আকতার<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৫<br>ফোন: ৯৫৬৫১৮৪ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৩৯. | কৃষি মন্ত্রণালয় | বেগম নাজমা মোবারক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২০<br>ফোন: ৯৫৬৯৭৫৩ | জনাব<br>উপ-সচিব (বাজেট-৬)<br>ফোন: ৭১৬৮৬৭৯ |
| ৪০. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | বেগম উম্মে রেহানা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৯<br>ফোন: ৯৫৫৬৬৭৬ | জনাব<br>উপ-সচিব (বাজেট-৬)<br>ফোন: ৭১৬৮৬৭৯ |
| ৪১. | পরিবেশ ও বন মন্ত্রণালয় | বেগম নাজমা মোবারক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২০<br>ফোন: ৯৫৬৯৭৫৩ | জনাব<br>উপ-সচিব (বাজেট-৬)<br>ফোন: ৭১৬৮৬৭৯ |

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৪২. | ভূমি মন্ত্রণালয় | জনাব মোঃ খায়রুল আমীন<br>উপ সচিব, বাজেট - অধিশাখা-১৮<br>ফোন: ৭১৭২১৮৪ | |
| ৪৩. | পানি সম্পদ মন্ত্রণালয় | বেগম উম্মে রেহানা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৯<br>ফোন: ৯৫৫৬৬৭৬ | জনাব<br>উপ-সচিব (বাজেট-৬)<br>ফোন: ৭১৬৮৬৭৯ |
| ৪৪. | খাদ্য বিভাগ | জনাব সত্যজিত কর্মকার<br>উপ সচিব, বাজেট - অধিশাখা-৯<br>ফোন: ৯৫৫৮৫৮৮ | |
| ৪৫. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | জনাব সত্যজিত কর্মকার<br>উপ সচিব, বাজেট - অধিশাখা-৯<br>ফোন: ৯৫৫৮৫৮৮ | |
| ৪৬. | সড়ক ও রেলপথ বিভাগ | জনাব সুমন রেজা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৬<br>ফোন: ৯৫৫৪৫১১ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৪৭. | নৌ-পরিবহণ মন্ত্রণালয় | জনাব খ ম কবীরুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৭<br>ফোন: ৯৫৬৮৮২১ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৪৮. | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | জনাব খ ম কবীরুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৭<br>ফোন: ৯৫৬৮৮২১ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৪৯. | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | জনাব খ ম কবীরুল ইসলাম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৭<br>ফোন: ৯৫৬৮৮২১ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৫০. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | জনাব এ কে এম মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৩<br>ফোন: ৭১৬০৬৭৮ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৫১. | বিদ্যুৎ বিভাগ | জনাব এম রায়হান আকতার<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৫<br>ফোন: ৯৫৬৫১৮৪ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |
| ৫২. | সুপ্রীম কোর্ট | ডঃ মোঃ গোলাম ফারুক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৩<br>ফোন: ৭১৬৭৩১৪ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ৫৩. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বেগম দিলারা বেগম<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৮<br>ফোন: ৭১৬৮৩০৬ | ড. মোঃ জাফর উদ্দীন<br>উপ-সচিব (বাজেট-৩)<br>ফোন: ৭১৬ ০২১০ |
| ৫৪. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | জনাব এ কে এম মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৩<br>ফোন: ৭১৬০৬৭৮ | বেগম রুবিনা আমিন<br>উপ-সচিব (বাজেট-৪)<br>ফোন: ৭১৬ ৯৭৮৭ |
| ৫৫. | দুর্নীতি দমন কমিশন | ডঃ মোঃ গোলাম ফারুক<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৩<br>ফোন: ৭১৬৭৩১৪ | জনাব আবদর রউফ তালুকদার<br>উপ-সচিব (বাজেট-১)<br>ফোন: ৭১৬ ৮৯৮৯ |
| ৫৬. | সেতু বিভাগ | জনাব সুমন রেজা<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৬<br>ফোন: ৯৫৫৪৫১১ | বেগম আরফিন আরা<br>উপ-সচিব (বাজেট-৫)<br>ফোন: ৭১৬৮৩৯৫ |

* জনাব আবদুর রউফ তালুকদার, উপ-সচিব (বাজেট-১) হেল্প ডেস্ক এর সমন্বয়কারী (Coordinator) হিসেবে দায়িত্ব পালন করবেন এবং কোন বিষয়ে স্পষ্টীকরণ/ সহায়তার প্রয়োজন হলে তাঁর অধিশাখার আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে।

**পরিকল্পনা কমিশনের হেল্প ডেস্ক এর কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর:**

| ক্রমিক নং | নাম ও পদবী | বিভাগ | ফোন নং |
|---|---|---|---|
| ১. | জনাব বলাই কৃষ্ণ হাজরা<br>উপ-প্রধান | কার্যক্রম বিভাগ | ৯১১ ৭০৫৭ |
| ২. | জনাব মশিউর রহমান<br>সহকারী প্রধান | কার্যক্রম বিভাগ | ৮১১ ৫৪৪২ |
| ৩. | জনাব এ. কে. এম আনিসুর রহমান<br>সহকারী প্রধান | কার্যক্রম বিভাগ | ৮১১ ৫৪৪২ |
| ৪. | বেগম খাদিজা পারভিন<br>সিনিয়র সহকারী-প্রধান | ভৌত অবকাঠামো বিভাগ | ৯১১ ৬৫৫৯ |
| ৫. | জনাব আব্দুল্লাহ খান<br>সিনিয়র সহকারী-প্রধান | ভৌত অবকাঠামো বিভাগ | ৯১১ ৫৮২১ |
| ৬. | জনাব মোঃ এনায়েত হোসেন<br>উপ-প্রধান | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৯১১ ৪৬৬৭ |
| ৭. | জনাব প্রভাস চন্দ্র রায়<br>সিনিয়র সহকারী প্রধান | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৮১১ ৯৯৪১ |
| ৮. | জনাব মোঃ সেলিম<br>সিনিয়র সহকারী প্রধান | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৯১১ ৭৪৮২ |
| ৯. | বেগম ইসমাত জাহান<br>সহকারী প্রধান | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৯১১ ৭০৭৮ |
| ১০. | জনাব মুর্তুজা জুলকারনাইন নোমান<br>সিনিয়র সহকারী প্রধান | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৯১১ ৪৬৫৭ |
| ১১. | জনাব মাহফুজা রহমান<br>সিনিয়র সহকারী প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | ৯১০০৬২৭ |
| ১২. | জনাব মোঃ দীন ইসলাম<br>সিনিয়র সহকারী প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | ৯১১৬৭৫৭ |
| ১৩. | ড. মঞ্জুরুল ইসলাম<br>সিনিয়র সহকারী প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | ৯১১৭১৩০ |

সংযোজনী-৮

**ফরম-২**

**রাজস্ব প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ**
**মন্ত্রণালয়/ বিভাগঃ ---------------------------------------**

| দপ্তরসংস্থা | লক্ষ টাকায় | | | | | | | | মোট রাজস্ব আয়ের শতকরা হারে সংশ্লিষ্ট দপ্তরের হিস্যা | | | | | | ব্যাখ্যামূলক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত আয় | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | |
| | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **রাজস্ব আয়ের প্রাথমিক লক্ষ্যমাত্রা** | | | | | | | | | | | | | | | |
| সচিবালয় | | | | | | | | | | | | | | | |
| অধিদপ্তর-ক | | | | | | | | | | | | | | | |
| অধিদপ্তর-খ | | | | | | | | | | | | | | | |
| অধিদপ্তর-গ | | | | | | | | | | | | | | | |
| **সর্বমোট** | | | | | | | | | | | | | | | |
| লক্ষ্যমাত্রার তুলনায় কম (-)/ গ্ববশী (+) | | | | | | | | | | | | | | | |

## ফরম-৩

**মন্ত্রণালয়/ বিভাগঃ ---------------------------------------**

**অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা/ বরাদ্দ**

| অধিদপ্তর/ সংস্থা/ অপারেশন ইউনিট | লক্ষ টাকায় | | | | | | | | মোট বরাদ্দের শতকরা হারে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার হিস্যা | | | | | | ব্যাখ্যামূলক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত ব্যয় | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | |
| | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/ বিভাগের জন্য প্রদত্ত প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **সচিবালয়** | | | | | | | | | | | | | | | |
| **অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| তন্মধ্যে | | | | | | | | | | | | | | | |
| অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক | | | | | | | | | | | | | | | |
| **মোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **আন্তর্জাতিক সংস্থাসমূহের চাঁদা** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **অধিদপ্তর-ক*** | | | | | | | | | | | | | | | |
| **অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| তন্মধ্যে | | | | | | | | | | | | | | | |
| অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| অননুমোদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| **মোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **অধিদপ্তর-খ*** | | | | | | | | | | | | | | | |

| অধিদপ্তর/ সংস্থা/ অপারেশন ইউনিট | লক্ষ টাকায় | | | | | | | | মোট বরাদ্দের শতকরা হারে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার হিস্যা | | | | | | ব্যাখ্যামূলক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত ব্যয় | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | |
| | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| তন্মধ্যে | | | | | | | | | | | | | | | |
| অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| অননুমোদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| **মোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **সংস্থা-ক** | | | | | | | | | | | | | | | |
| **অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| তন্মধ্যে | | | | | | | | | | | | | | | |
| অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| অননুমোদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| মোট (অনুন্নয়ন+উন্নয়ন) | | | | | | | | | | | | | | | |
| **সংস্থা-খ** | | | | | | | | | | | | | | | |
| **অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| তন্মধ্যে | | | | | | | | | | | | | | | |
| অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| অননুমাদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহের বরাদ্দ | | | | | | | | | | | | | | | |
| **মোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| বেসরকারি সংস্থা/ প্রতিষ্ঠান-ক | | | | | | | | | | | | | | | |
| বেসরকারি সংস্থা/ প্রতিষ্ঠান-খ | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | | | | | | | | | | | | | | | |

| অধিদপ্তর/ সংস্থা/ অপারেশন ইউনিট | লক্ষ টাকায় | | | | | | | | মোট বরাদ্দের শতকরা হারে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার হিস্যা | | | | | | ব্যাখ্যামূলক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত ব্যয় | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | |
| | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **তন্মধ্যে কর্মসূচির জন্য বরাদ** | | | | | | | | | | | | | | | |
| **মোট উন্নয়ন** | | | | | | | | | | | | | | | |
| **তন্মধ্যে** | | | | | | | | | | | | | | | |
| **অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ** | | | | | | | | | | | | | | | |
| **অননুমোদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহের বরাদ্দ** | | | | | | | | | | | | | | | |
| **সর্বমোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | | | | | | | | | | | | | | | |

* কোন অধিদপ্তরের একাধিক অপারশন ইউনিট থাকল প্রত্যেক অপারেশন ইউনিটের বরাদ্দ পৃথকভাব প্রদর্শন করতে হব এবং উক্ত অধিদপ্তরের মোট বরাদ্দও প্রদর্শন করতে হবে।।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
<u>বাজেট অনুবিভাগ-১</u>

## <u>বাজেট পরিপত্র-২</u>

নং-০৭.১০১.০২০.০০.০০.১৫.২০১০-৩৩৫

তারিখ: ৩০/০৩/২০১১ খ্রিঃ
১৬/১২/১৪১৭ বঃ

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং <u>২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত।</u>**

সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত বাজেট কাঠামো (Budget Framework) ইতোমধ্যে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় পর্যালোচনা করা হয়েছে এবং একটি সমন্বিত খসড়া বাজেট কাঠামো প্রস্তুত করা হচ্ছে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়নের পরবর্তী ধাপ হিসেবে বাজেট কাঠামো চূড়ান্তকরণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে।

২. **সম্ভাব্য ব্যয়সীমা:** বাজেট কাঠামোতে প্রদর্শিত ব্যয় পরিকল্পনা, হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোতে (MTMF) প্রক্ষেপিত সর্বমোট ব্যয় এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের জন্য সম্ভাব্য আয় ও ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে, যা **<u>পরিশিষ্ট-১</u>** এ সংযুক্ত করা হল। সম্ভাব্য ব্যয়সীমার ভিত্তিতে আগামী ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। প্রত্যেক মন্ত্রণালয়ের ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের মোট অনুন্নয়ন এবং উন্নয়ন ব্যয় **<u>পরিশিষ্ট-১</u>** এ প্রদর্শিত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন/ প্রক্ষেপণে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক আগামী ৫ অর্থবছরের জন্য বৈদেশিক সহায়তার যে প্রক্ষেপণ (**<u>পরিশিষ্ট -২</u>**) প্রস্তুত করা হয়েছে, সে অনুযায়ী প্রকল্প সাহায্য (PA) ও পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (RPA) প্রতিফলন নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, নিম্নোক্ত ধারণাসমূহের (Assumptions) ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের জন্য ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে:

- জিডিপি প্রবৃদ্ধির সঙ্গে ব্যয় বৃদ্ধির সামঞ্জস্য রাখা, যাতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বর্তমান কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষিত হয়;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং সরকারের নীতি ও অগ্রাধিকারের ভিত্তিতে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিচালনা এবং মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করতে সক্ষম হয়;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহের সাথে সামঞ্জস্যপুর্ণভাবে দারিদ্র্য নিরসন সহায়ক বরাদ্দ বৃদ্ধি করতে সক্ষম হয় এবং দরিদ্র জনগোষ্ঠীকে প্রদেয় সেবার মান ও পরিমাণ বৃদ্ধি পায়; এবং
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বাস্তবায়ন সক্ষমতার (utilization capacity) সীমাবদ্ধতার কারণে যাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ অব্যবহৃত না থাকে।

৩. **মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সম্ভাব্য ব্যয়সীমা সংশোধন/ পুনর্নির্ধারণঃ** অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের ব্যয়সীমা পর্যালোচনা করে কতিপয় বিষয়ে পর্যবেক্ষণ ও পরামর্শ/ দিকনির্দেশনা প্রদান করা হয়। <u>প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য প্রদত্ত মোট সম্ভাব্য ব্যয়সীমা এবং উল্লিখিত নির্দেশনার আলোকে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ব্যয়সীমা সংশোধন/ পুনর্নির্ধারণ করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:</u>

১০) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং দপ্তর/ সংস্থার প্রকৃত বাস্তবায়ন ক্ষমতা বিবেচনা করে ব্যয়সীমা পুনর্নির্ধারণ করতে হবে;

১১) বাজেট বরাদ্দের দক্ষতা যাতে সুস্পষ্টভাবে দৃষ্টিগোচর হয় সেজন্য সুনির্দিষ্ট উদ্দেশ্য/ কার্যক্রমের বিপরীতে অর্থ বরাদ্দ করতে হবে। <u>সাধারণভাবে বাজেটে কোন প্রকার থোক বরাদ্দ রাখা যাবে না;</u>

১২) সরকারি অনুদানে পরিচালিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের জন্য ব্যয়সীমা/ বরাদ্দ পুনর্নির্ধারণের সময় সংশ্লিষ্ট সংস্থার চলতি অর্থবছরের নিজস্ব আয় ও আয়ের উৎস/ আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে। চলতি

অর্থবছরের তুলনায় প্রতি বছর কমপক্ষে **১২** শতাংশ প্রবৃদ্ধি ধরে আগামী পাঁচ বছরের জন্য উক্ত সংস্থার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/ সরকারি অনুদানের পরিমাণ নির্ধারণ করতে হবে;

১৩) সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের পরিমাণ বিবেচনায় নিয়ে ব্যয়সীমা পুনর্নির্ধারণ করতে হবে এবং সরকারি অনুদানের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখতে হবে।

**৪. বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করে মন্ত্রণালয় পেশ করার জন্য অধিদপ্তর/ সংস্থাসমূহকে অনুরোধ জ্ঞাপনঃ** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান উল্লিখিত পদ্ধতি অনুসরণ করে সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার ব্যয়সীমা সংশোধন/ পুনর্নির্ধারণের পর যৌক্তিকতাসহ এ সংক্রান্ত প্রস্তাব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ব্যয়সীমা অনুমোদনের পর উল্লিখিত ব্যয়সীমার মধ্যে ২০১১-১২ অর্থবছরের বিস্তারিত বাজেট প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন করে পেশ করার জন্য নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহকে অনুরোধ জানাতে হবে।

**৫. প্রাক্কলন/ প্রক্ষেপণ প্রস্তুতির ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা:** মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করতে হবে:

**৫.১ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ণের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা**

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা/ অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন তা মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের জন্য উক্ত মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;
- ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণও এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের প্রত্যেক অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য উক্ত মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;
- ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়, অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ফরমে জনবল, পুরুষ/ মহিলা কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা, অফিস সরঞ্জামাদি এবং পুরুষ/ মহিলা উপকারভোগীর সংখ্যা - ইত্যাদি তথ্য যথাযথভাবে সন্নিবেশ করতে হবে।

**৫.২ রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** রাজস্ব প্রাপ্তির ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের জন্য ফরম-১ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে চলতি ২০১০-১১ অর্থবছরের সংশোধিত প্রাক্কলনকে ভিত্তি হিসাবে ধরতে হবে এবং চলতি অর্থবছরের তুলনায় প্রতি বছর কমপক্ষে ১২ শতাংশ প্রবৃদ্ধি ধরে মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তরসমূহের জন্য আগামী পাঁচ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন/ প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনঃনির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

**৫.৩ অনুন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন**

**৫.৩.১ অনুন্নয়ন ব্যয়ের (কর্মসূচি ব্যতীত) প্রাক্কলন এবং প্রক্ষেপণ:** সংশ্লিষ্ট অধিদপ্তর/ অপারেশন ইউনিটের ২০১০-১১ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত/ প্রদর্শিত বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী ফরম-২ ব্যবহার করে উক্ত অধিদপ্তর/ অপারেশন ইউনিটের ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের প্রাক্কলন ও ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। অর্থ বিভাগের পূর্বানুমোদন ব্যতিরেকে ২০১০-১১ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত নেই এমন কোন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে না। ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের অন্তর্ভুক্ত আইটেমওয়ারী ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করার ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) **কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা:** অর্থ বিভাগ কর্তৃক প্রেরিত ছকে প্রস্তুত বেতন ভাতার বিবরণীর ভিত্তিতে প্রত্যেক অপারেশন ইউনিটের আওতায় কর্মরত/ বিদ্যমান কর্মকর্তা/ কর্মচারীদের ২০১১-১২ অর্থবছরের বেতন ও ভাতাদির প্রাক্কলন প্রণয়ন করতে হবে। যে সকল ক্ষেত্রে উল্লিখিত বিবরণী এখনো প্রস্তুত করা সম্ভব হয়নি সে সকল ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে কর্মকর্তা/ কর্মচারীদের বেতন/ ভাতার প্রাক্কলন প্রণয়ন করতে হবে:

১) **কর্মকর্তা/ কর্মচারীদের বেতন:** কর্মকর্তা/ কর্মচারীদের বেতনের প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দের উপর ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে ২০১১-১২ অর্থ বছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে।

২) **বাড়ী ভাড়া ভাতা:** কর্মকর্তা/ কর্মচারীদের বাড়ী ভাড়া প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের

সংশোধিত বরাদ্দের উপর ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে ২০১১-১২ অর্থ বছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে;

৩) **উৎসব ভাতা:** কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৬ ভাগ অর্থ উৎসব ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;

৪) **চিকিৎসা ভাতা:** কর্মকর্তা/ কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ৮,৪০০ টাকা হারে চিকিৎসা ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে;

৫) **টিফিন ভাতা:** নন-গেজেটেড বেসামরিক কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ১,৮০০ টাকা হারে টিফিন ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে। তবে, যে সকল কর্মচারী প্রতিষ্ঠান হতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁদের ক্ষেত্রে টিফিনভাতা প্রযোজ্য হবে না;

৬) **যাতায়াত ভাতা:** চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দ ও প্রাপ্য হার অনুসরণ করে ১১-২০ নং স্কেলভুক্ত কর্মচারীগণের জন্য যাতায়াত ভাতার প্রাক্কলন করতে হবে;

৭) **শ্রান্তি বিনোদন ভাতা:** সাধারণভাবে কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৩৬ ভাগ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরা যেতে পারে;

৮) **অন্যান্য ভাতা:** চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দ ও প্রাপ্য হার অনুসরণ করে অন্যান্য ভাতার ২০১১-১২ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট অর্থবছরসমূহে যেসব কর্মকর্তা/ কর্মচারী **অবসর উত্তর ছুটিতে (পিআরএল)** যাবেন তাদের সংখ্যা ও মূল বেতন এবং এলপিআরকালীন বেতন ও ছুটি নগদায়ন বাবদ প্রয়োজনীয় অর্থ ইত্যাদি তথ্য সম্বলিত একটি পৃথক বিবরণী বাজেট প্রাক্কলনের সাথে সংযোজন করতে হবে।

খ) **অবসরভাতা ও আনুতোষিক:** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/ হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় হতে তথ্যাদি সংগ্রহ করে অবসরভাতা ও আনুতোষিক বাবদ বরাদ্দের বাস্তব চাহিদা নিরূপণ করবেন এবং সে মোতাবেক অবসরভাতা ও আনুতোষিক বাবদ ২০১১-১২ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করতে হবে।

গ) **সরবরাহ ও সেবা:** সাধারণভাবে ২০০৯-১০ অর্থবছরের প্রকৃত ব্যয় এবং চলতি অর্থবছরের প্রথম ৬ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০১১-১২ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের হার/ মূল্য বৃদ্ধি ব্যতিরেকে এ খাতে কোন বর্ধিত বরাদ্দ ধরা যাবে না।

ঘ) **মেরামত ও সংরক্ষণ:** মেরামত ও সংরক্ষণ বাবদ ব্যয়ের প্রাক্কলনের সঙ্গে সংশ্লিষ্ট স্থাপনার নির্মাণ কাল, নির্মাণ ব্যয়, আয়তন এবং যানবাহন/ যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহের বছর, সংখ্যা ইত্যাদি তথ্য সম্বলিত একটি তালিকা প্রস্তুত করে (ফরম-৩ এ প্রদর্শিত ছক অনুযায়ী) প্রাক্কলনের সাথে সংযোজন করতে হবে।

ঙ) **সম্পদ সংগ্রহ/ ক্রয়:** যে সকল সম্পদ সংগ্রহ/ ক্রয় অথবা প্রতিস্থাপন করা হবে তার আনুমানিক মূল্যসহ বিস্তারিত তালিকা সংযুক্ত করতে হবে। সঙ্গঠন ও সরঞ্জাম তালিকায় অন্তর্ভুক্ত নেই এমন কোন যানবাহন/ যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের জন্য বরাদ্দ প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে না। যানবাহন প্রতিস্থাপনের ক্ষেত্রে পুরাতন যানবাহন প্রচলিত বিধি অনুযায়ী অচল/ অকেজো ঘোষণা ও নিষ্পত্তির প্রামাণ্য কাগজপত্র এবং প্রতিস্থাপনের বিষয়ে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ছাড়পত্র প্রস্তাবের সঙ্গে সংযোজন করতে হবে।

চ) উপরের নির্দেশনা অনুসরণে এবং ২০১১-১২ অর্থবছরের প্রাক্কলনের ভিত্তিতে ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো এমনভাবে প্রস্তুত করতে হবে যেন সংশ্লিষ্ট প্রত্যেক অর্থবছরের অনুন্নয়ন ব্যয় অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়।

**৫.৩.২ অনুন্নয়ন বাজেট হতে সাহায্য মঞ্জুরীপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** অনুন্নয়ন বাজেট হতে সাহায্য মঞ্জুরীপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলনে কর্মকর্তা/ কর্মচারীদের বেতন/ ভাতা এবং অন্যান্য আইটেমের চাহিদা নিরূপণের ক্ষেত্রেও উপরের (ক) থেকে (ঙ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সাহায্য মঞ্জুরীর প্রাক্কলন প্রস্তুত করতে হবে। স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ কর্তৃক নির্দিষ্ট ফাংশনাল এবং অপারেশনাল কোডের বিপরীতে বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী ফরম-২ ব্যবহার করে উক্ত সংস্থার ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুতপূর্বক বাজেট ডাটাবেজে (iBAS) এন্ট্রি করতে হবে।

**৫.৪ রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়নের জন্য ফরম-৪ ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। ২০১১-১২ অর্থবছরের বাজেট প্রাক্কলনে সাধারণভাবে অননুমোদিত কর্মসূচির জন্য কোন অর্থ বরাদ্দ করা যাবে না। তবে, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের প্রক্ষেপণে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন উন্নয়ন কর্মসূচির বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে। সংশ্লিষ্ট কর্মসূচির সকল ব্যয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। ২০১০-

১১ থেকে ২০১৩-১৪ অর্থবছরে সমাপ্ত হয়ে যাবে এমন কোন কর্মসূচির জন্য বরাদ্দ যাতে কর্মসূচি সমাপ্তির পরবর্তী অর্থবছরের প্রাক্কলন/ প্রক্ষেপণে অন্তর্ভুক্ত না হয় তা নিশ্চিত করতে হবে।

**৫.৫ বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ**

| **১-সাধারণ অনুন্নয়ন ব্যয়*** ** | | | | | | | | | | | | |
| অফিসারদের বেতন | | | | | | | | | | | | |
| কর্মচারীদের বেতন | | | | | | | | | | | | |
| ভাতাদি | | | | | | | | | | | | |
| সরবরাহ ও সেবা | | | | | | | | | | | | |
| মেরামত ও সংরক্ষণ | | | | | | | | | | | | |
| সাহায্য, মঞ্জুরী | | | | | | | | | | | | |
| সম্পদ সংগ্রহ/ ক্রয় | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| **২-রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি** | | | | | | | | | | | | |
| **অনুমোদিত কর্মসূচিসমূহ *** | | | | | | | | | | | | |
| কর্মসূচি-ক | | | | | | | | | | | | |
| কর্মসূচি-খ | | | | | | | | | | | | |
| **উপমোট** | | | | | | | | | | | | |
| **অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন/ সম্ভাব্য কর্মসূচিসমূহ** | | | | | | | | | | | | |
| কর্মসূচি-ক | | | | | | | | | | | | |
| কর্মসূচি-খ | | | | | | | | | | | | |
| **উপমোট** | | | | | | | | | | | | |
| **মোট অনুন্নয়ন ব্যয় (১+২)** | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| **৩-উন্নয়ন ব্যয়** | | | | | | | | | | | | |
| **অনুমোদিত প্রকল্পসমূহ *** | | | | | | | | | | | | |
| প্রকল্প-ক | | | | | | | | | | | | |
| প্রকল্প-খ | | | | | | | | | | | | |
| **উপমোট** | | | | | | | | | | | | |

| দপ্তরসংস্থা | অংশ ৬২ এ বর্ণিত কার্যক্রমের ক্রমিক নম্বর | লক্ষ টাকায় | | | | | | | | বরাদ্দের কত % দারিদ্র নিরসনে ব্যবহার হবে | বরাদ্দের কত % নারী উন্নয়নে ব্যবহার হবে | ব্যাখ্যা মূলক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকৃত ব্যয় | | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | | | | | | |
| | | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| **অননুমোদিত/ সম্ভাব্য প্রকল্পসমূহ** | | | | | | | | | | | | |
| প্রকল্প-ক | | | | | | | | | | | | |
| প্রকল্প-খ | | | | | | | | | | | | |
| **উপমোট** | | | | | | | | | | | | |
| **মোট উন্নয়ন ব্যয়** | | | | | | | | | | | | |
| **সর্বমোট ব্যয়** | | | | | | | | | | | | |
| *রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পসমূহের নাম অগ্রাধিকারের ক্রম অনুযায়ী উল্লেখ করতে হবে। কর্মসূচি/ প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণের ক্ষেত্রে কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সংশ্লিষ্টতার মাত্রা এবং দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয়তা বিবেচনায় রাখতে হবে। | | | | | | | | | | | | |
| ** মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থাসমূহ প্রতিটি প্রকল্প/ কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নে ২০১১-১২ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের কত শতাংশ সরাসরি ব্যবহার করা হবে তা নির্দিষ্ট করে ০ থেকে ১০০ এর মধ্যে উল্লেখ করতে হবে। এরূপ মূল্যায়নের ক্ষেত্রে সংযোজনী-৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। | | | | | | | | | | | | |
| *** কোন অধিদপ্তরের আওতায় একাধিক অপারেশন ইউনিট থাকলে প্রত্যেক অপারেশন ইউনিটের বরাদ্দ পৃথকভাবে প্রদর্শন করতে হবে। | | | | | | | | | | | | |

**বি.দ্র. প্রকল্প/ কর্মসূচি অগ্রাধিকার ক্রম অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
**বাজেট অনুবিভাগ-১, শাখা-১**

## বাজেট পরিপত্র

নং-০৭.১০১.০২০.০০.০০.০১৫.২০১১-৮১৬

তারিখ: ২৮/১১/২০১১ খ্রিঃ / ১৪/০৮/১৪১৮ বঃ

**বিষয়: মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের ২০১১-১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) প্রণয়ন।**

মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/ বিভাগের চলতি অর্থবছরের বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে চলতি অর্থবছরের সংশোধিত বাজেট সত্ত্বর প্রণয়ন করা প্রয়োজন। ২০১১-১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/ পদ্ধতি অনুসরণ করতে হবে:

### ১.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা

- ২০১১-১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য করতে হবে;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেমের বরাদ্দ হ্রাস/ বৃদ্ধি করতে পারবে।
- ২০১১-১২ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই অনুন্নয়ন বাজেটে স্থানান্তর করা যাবে না।

### ১.২ ২০১১-১২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

২০১১-১২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-১** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে গত দুই অর্থবছরের প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের প্রথম তিন মাসের রাজস্ব আদায়ের ধারা (Revenue Collection Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০১১-১২ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তা প্রতিফলিত করতে হবে।

### ১.৩ ২০১১-১২ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন (কর্মসূচি ব্যতীত) -এর পদ্ধতি

অনুন্নয়ন ব্যয়ের (কর্মসূচি ব্যতীত) ২০১১-১২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-২** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০০৯-১০ এবং ২০১০-১১) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০১১-১২) প্রথম তিন মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০১১-১২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;
- কেবলমাত্র অফিসারদের বেতন ভাতা এবং প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন ভাতা খাতে ২০১১-১২ অর্থবছরের ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০১১-১২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরদপ প্রাক্কলন তৈরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করা যেতে পারে;
- মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না;
- মূল বাজেটে সংস্থান ছিলনা এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না;
- চলতি অর্থ বছরে অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/ বিভাগের অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;

### ১.৪ রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রাক্কলনের পদ্ধতি

রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ২০১১-১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ণের জন্য **ফরম-৩** ব্যবহার করতে হবে। চলতি অর্থ বছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট কর্মসূচির সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট

মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অনুমোদিত ব্যয়সীমার মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচির জন্য বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা যেতে পারে। তবে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচির জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে।

### ১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ উন্নয়ন বাজেট প্রণয়নের পদ্ধতি

২০১১-১২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/ উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য **ফরম-৪** ও **ফরম-৫** (কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং **ফরম-৬** (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথভাবে পূরণ করতে হবে।:

- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/ প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে।
- ২০১১-১২ অর্থবছরের এডিপি বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, ঘূর্ণিঝড় ও বন্যা উত্তর পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০১১-১২ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে; বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;
- 'যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত' অথবা 'এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত' এবং 'বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অংগীকারপ্রাপ্ত প্রকল্প' ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প/ এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব প্রকল্পের ডিপিপি জানুয়ারী, ২০১২ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে না সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না;
- ২০১১-১২ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/ অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লেখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয়নের বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্যচুক্তি স্বাক্ষরিত/ সাহায্য প্রাপ্তি সুনিশ্চিত) প্রকল্পের ক্ষেত্রে ২০১১-১২ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্তে পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবী/ প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;
- ধীর গতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ কর্তন করে দ্রুতত বাস্তবায়ন গতি সম্পন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজনানুগ বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, বন্যা উত্তর পুনর্বাসন এবং ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/ VAT) হার এবং আমদানী পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে।

### ২. বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/ কাগজপত্র

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/ পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

### ৩. স্পষ্টীকরণ

বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/ দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগে স্থাপিত **হেল্প ডেস্ক** কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। হেল্প ডেস্ক কর্মকর্তাগণের নাম ও ফোন নং **পরিশিষ্ট-১** এ দেয়া হল।

**৪. বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা**

চলতি ২০১১-১২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ৩১ ডিসেম্বর, ২০১১ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রসহ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

**শাহাবুদ্দিন আহমদ**
যুগ্ম সচিব (বাজেট-১)
ফোন: ৯৫১১০৫০

সচিব
---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠান

নং-০৭.১০১.০২০.০০.০০.০১৫.২০১১-৮১৬

তারিখ: ২৮/১১/২০১১ খ্রিঃ / ১৪/০৮/১৪১৮ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১) উপ-সচিব (বাজেট-১/২/৩), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
২) উপ-সচিব (বাজেট-৪/ ৫/৬), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
৩) উপ সচিব/ সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
৪) উপ সচিব/ সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
৫) অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৬) অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দিলারা বেগম**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৬

# অধ্যায়- ৪: ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা এবং কর বর্হিভূত রাজস্ব

## সূচিপত্র



| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ০১ | | **নীতিমালা/ পদ্ধতি** | | | |
| | ০১ | সোনালী ব্যাংক, বাংলাদেশ ব্যাংক এবং হিসাবরক্ষণ অফিসের মধ্যে ট্রেজারি লেনদেনের তথ্য আদান প্রদানে পদ্ধতি নির্ধারণ ও কম্পিউটার প্রযুক্তি ব্যাবহার প্রসঙ্গে। | অম/অবি/সঋব্যঅ/ঋব্যশা- ১/বিবিধ- ৫/২০০৫/১৯৬ | 26-06-2006 | ৪৮৬ |
| | ০২ | Treasury Rules-এর অধীনে প্রণীত Subsidiary Rules-এর ৭১(২) ধারা সংশোধন। | নংঅম/অবি/সঋব্যশা- ১/সরকারি হিসাব- ১/২০০৭/১৩১ | 12-06-2007 | ৪৯০ |
| | ০৩ | ট্রেজারি রুলের অধীনে প্রণীত সাবসিডিয়ারি রুল সংশোধনপূর্বক বিভাগীয় অফিসসমূহ কর্তৃক চেক বই সংগ্রহের বর্তমান পদ্ধতির পরিবর্তন। | নংঅম/অবি/সঋব্যশা- ১/সরকারি হিসাব- ১/২০০৭/১৪৩ | 19-06-2007 | ৪৯১ |
| | ০৪ | সরাসরি চেক ইস্যুর মাধ্যমে বাজেট ব্যয় নির্বাহ করার ক্ষমতাপ্রাপ্ত বিভাগীয় অফিসসমূহ (সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, জনস্বাস্থ্য অধিদপ্তর, বনবিভাগ, গৃহসংস্থান কর্তৃপক্ষ, রেডিও বাংলাদেশ, কাষ্টমস) কর্তৃক কার্য সম্পাদনের পূর্বেই অলীক (fictitious) ব্যয় দেখানোর মত গুরুতর আর্থিক অনিয়ম রোধ ও বাজেট অতিরিক্ত ব্যয় পরিবীক্ষণ। | অম/অবি/সঋব্যশা-১/সরকারি হিসাব- ১/২০০৭/১৪৪ | 19-06-2007 | ৪৯৩ |
| | ০৫ | Issuance of Bangladesh Government Treasury Bonds | MF/FD/RDMS-1/Policy & Organization-3/2006/147 | 24-06-2007 | ৪৯৫ |
| ০২ | | **কমিটি** | | | |
| | ০১ | 'Cash and Debt Management Technical Committee (CDMTC)' গঠন | অম/অবি/সঋব্যঅ/ঋব্যশা- ১/ঋণ/CDMTC/২০০৮/১৪০ | 07-05-2008 | ৫১৩ |
| | ০২ | 'নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি' (Cash and Debt management Technical Committee) পুনর্গঠন | ০৭.১৩৬.০০৬.০১.০৩.০০৭.২০০৯- ৬০ | 23-08-2010 | ৫১৫ |
| | ০৩ | Cash and Debt Management Committee (CDMC) পুনর্গঠন | ০৭.১৩৬.০০৬.০১.০২.০০৫.২০১০- ৯৪ | 03-11-2010 | ৫১৭ |
| ০৩ | | **কর বর্হিভূত রাজস্ব- ফি** | | | |
| | ০১ | চাকরি প্রার্থী ইত্যাদিদের নিকট হইতে পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে আদায়কৃত অর্থের জমাদান। | অম/অবি/বাউ- ১/১এম(১)/৯৫/২৬ | 11-01-1996 | ৫২০ |
| | ০২ | রংপুর বিনোদন উদ্যান/চিড়িয়াখানার দর্শক ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ৩/কো- ৪৪/১(৯)/২০০২/২২৫ | 12-06-2007 | ৫২১ |
| | ০৩ | ঢাকা চিড়িয়াখানার বিভিন্ন ফি বৃদ্ধিকরণ প্রসঙ্গে। | অম/অবি/বাঃঅনুঃ/এনটিআর/শা- ৩/কো- ৪৪/১(৯)/২০০২- ০৭/২২৭ | 24-07-2007 | ৫২২ |
| | ০৪ | সৌদি টেলিকম এর সাথে বর্হিগামী মোবাইল টেলিফোনে Termination Rate পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১০/০৭/পার্ট- ১/৩৫০ | 03-09-2007 | ৫২৩ |
| | ০৫ | বিটিটিবি'র কতিপয় চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১০/০৭/(অংশ- ২)/৩৫১ | 04-10-2007 | ৫২৪ |
| | ০৬ | বিটিটিবি'র সাবমেরিন ক্যাবল ভিত্তিক Bandwidth চার্জ পুনঃনির্ধারণ অনুমোদন প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ৩/১০/০৭/(অংশ- ২)- ০৫ | 17-01-2008 | ৫২৫ |
| | ০৭ | বাণিজ্যিক স্যুটিং ফি এবং স্যুটিং সংশ্লিষ্ট প্রবেশ ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/বাঃএনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/(অংশ- ১)/০৬ | | ৫২৬ |
| | ০৮ | কারখানা লাইসেন্স ফি ও নবায়ন ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত। | অম/অবি/এনটিআর- ২/শ্রকম- ৯/২০০৬- ০৮ | 31-01-2008 | ৫২৭ |
| | ০৯ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতাধীন জাদুঘর ও প্রত্নস্থলসমূহের প্রবেশ মূল্য পুনঃনির্ধারণের বিষয়ে সম্মতি প্রদান প্রসঙ্গে। | অম/অবি/প্রবিধি- ৩/সম্মানী- ০৪/৮৭/২০ | 16-03-2008 | ৫২৮ |
| | ১০ | চট্টগ্রাম সীতাকুন্ডস্থ বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কে গাড়ী পার্কিং ফি নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/বাঃএনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/(অংশ- ১)/২৩ | 24-03-2008 | ৫২৯ |
| | ১১ | বন বিশ্রামাগার ও পিকনিক স্পটের ভাড়া/সার্ভিস চার্জ নির্ধারণ/পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/সঋব্য/এনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪- ২৭ | 02-04-2008 | ৫৩০ |
| | ১২ | বিটিটিবি'র কতিপয় চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১০/০৭/(অংশ- ২)/৪৪ | 18-05-2008 | ৫৩১ |
| | ১৩ | খসড়া 'কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০০৮' এ প্রস্তাবিত বিভিন্ন ফি নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ১/২০০৩/২৬ | 22-05-2008 | ৫৩২ |
| | ১৪ | বয়লার সংক্রান্ত কতিপয় ফিস পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/১(৩)/২০০৮- ২৪ | 22-05-2008 | ৫৩৩ |
| | ১৫ | আমেরিকান নাগরিকদের নিকট হতে ভিসা ফি আদায় প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ১/পাসপোর্ট- ৫/২০০২/৩২ | 12-06-2008 | ৫৩৪ |
| | ১৬ | সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজ এর ষ্টাফ কোর্সে অংশ গ্রহণকারী পাকিস্তান সশস্ত্র বাহিনীর ছাত্র অফিসারদের প্রদেয় সুযোগ- সুবিধা আর্থিক অনুমোদন সংক্রান্ত। | অম/অবি/বিধি- ৬/প্রঃমঃ/ভাতা- ১০/২০০৭/৬২ | 14-07-2008 | ৫৩৫ |

| | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১৭ | আগ্নেয়াস্ত্র লাইসেন্সের অনুলিপি (ডুপ্লিকেট) লাইসেন্স ফি নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ১/স্বরাষ্ট্র-৯/২০০২/৪৬ | 30-07-2008 | ৫৩৬ |
| ১৮ | চালকল লাইসেন্স ফি এর পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১৪/২০০২- ০৭/৬৪ | 10-08-2008 | ৫৩৭ |
| ১৯ | সোসাইটি রেজিষ্ট্রেশন সংক্রান্ত ফিস পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/১(৮/৩)/২০০৮- ১৩৭ | 03-11-2008 | ৫৩৮ |
| ২০ | বৈদেশিক মনি অর্ডারের ক্ষেত্রে রিস্ক চার্জ কর্তন প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১০/০৭(অংশ- ৮)/৮৪ | 31-12-2008 | ৫৩৯ |
| ২১ | পরিবেশ ও বন মন্ত্রালয়ের তত্ত্বাবধানে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘নিসর্গ সহায়তা’ প্রকল্পের আওতায় ‘রক্ষিত এলাকা হতে রাজস্ব আদায় ও আদায়কৃত রাজস্বের শতকরা ৫০ ভাগ অনুদান হিসেবে প্রাপ্তব্য বরাদ্দের ব্যয় ও হিসাবায়ন সংক্রান্ত নির্দেশিকা’ অনুমোদন প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/কো-৪৫/১(১০)/২০০৪/(অংশ- ২)/১৬ | 29-03-2009 | ৫৪০ |
| ২২ | ‘বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে ইকো- পার্ক নির্মাণ’ শীর্ষক কর্মসূচির অনুকূলে প্রবেশ ফি নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/কো-৪৫/১(১০)/২০০৪(অংশ- ১)/২০ | 12-04-2009 | ৫৪১ |
| ২৩ | চট্রগ্রামসহ বন গবেষণাগারের প্রস্তাবিত সার্ভিসিং চার্জ এর হার অনুমোদন প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর-৩/পরিবেশওবন/রেট/০১/০৯/৩৩ | 19-05-2009 | ৫৪২ |
| ২৪ | EMO (Electronic Money Order) এর মাধ্যমে Remittance প্রেরণের সর্বোচ্চ সীমা ও কমিশন/ ফি নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর-৩/টিএন্ডটি(পোষ্টাল)/০২/০৯/৪২ | 01-09-2009 | ৫৪৩ |
| ২৫ | পরিবেশ ও বন মন্ত্রালয়ের কতিপয় রাজস্ব ফি বৃদ্ধির প্রস্তাবে সম্মতি প্রদান প্রসঙ্গে। | অম/অবি/ঋনব্যঃবিঃ/এনটিআর- ৩/কো-৪৫/১(১০)/২০০৪/৫৩ | 26-10-2009 | ৫৪৪ |
| ২৬ | বিসিএস পরীক্ষার প্রার্থীদের নম্বরপত্র প্রদান এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ ফি নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ১/সঃকর্মঃকঃ-৪৮/৯৯/১৪৯ | 17-11-2009 | ৫৪৫ |
| ২৭ | রেইনবো চলচ্চিত্র সংসদ কর্তৃক আয়োজিত ‘একাদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব’ এবং চিল্ড্রেন’স ফিল্ম সোসাইটি কর্তৃক আয়োজিত ‘৩য় আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব’ এ প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের সেন্সর ফি ও স্ক্রিনিং ফি মওকুফ সংক্রান্ত। | অম/অবি/এনটিআর/শাখা- ১/তথ্য-৮/২০০৯/০১ | 04-01-2010 | ৫৪৬ |
| ২৮ | দেশের বিভিন্ন পর্যায়ের সরকারি হাসপাতালসমূহের কতিপয় আইটেমের উপর ইউজার ফি হার (সেবার বিনিময়ে আদায়যোগ্য অর্থ) নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব। | অম/অবি/এনটিআর/শা-৩/স্বাঃমঃ/ইউজারফি/২০১০/১৩ | 07-03-2010 | ৫৪৭ |
| ২৯ | বাংলাদেশ পাসপোর্ট ইস্যুর ফি সংশোধন/নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ১/পাসপোর্ট-৫/২০০২/২৩ | 30-03-2010 | ৫৪৮ |
| ৩০ | রাজেশপুর ইকো- পার্কের দর্শনার্থীদের প্রবেশ ফি এবং গাড়ী পার্কিং ফি নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪- ৩১ | 29-06-2010 | ৫৪৯ |
| ৩১ | ‘ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট’ প্রদানের নিমিত্ত সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদানের জন্য পরিশোধিত মূলধন ও নিরাপত্তা জামানতের শর্ত স্থিরকরণ এবং লাইসেন্স ফি ও লাইসেন্স নবায়ন ফি ধার্যকরণ প্রসঙ্গে। | ০৭.১৪৪.০৪১.০০.০০.০৪৭.২০১০.৬৬ | 08-07-2010 | ৫৫০ |
| ৩২ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতাধীন সংরক্ষিত প্রত্নস্হল/প্রত্নস্হল এরিয়ায় বিভিন্ন ধরনের চিত্রায়ণ (স্যুটিং) অনুষ্ঠানের জন্য রাজস্ব আদায়ের নিমিত্তে ফি নির্ধারণের ব্যাপারে মতামত প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৩৬.০০.০২.০৪৮.২০০৯- ৩৪ | 20-07-2010 | ৫৫১ |
| ৩৩ | মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান- নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপনন, বিক্রয়, বিতরণ এবং আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স- এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি অনুমোদন প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০- ৩৫ | 20-07-2010 | ৫৫২ |
| ৩৪ | ‘ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস’ প্রবর্তন প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪৬.০০.০৭.০৪৭.২০০৯- ৪০ | 29-07-2010 | ৫৫৩ |
| ৩৫ | মৎস্য ও চিংড়ি হ্যাচারি স্থাপন ও উহার সুষ্ঠু ব্যবস্থাপনা ও এতদসংক্রান্ত আনুষঙ্গিক বিষয়াদি নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধন ফি, নিবন্ধনের শর্তাদি, আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি নির্ধারণ। | ০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০- ৪৫ | 23-08-2010 | ৫৫৪ |
| ৩৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক পরিচালিত নন- ক্যাডার পদে পরীক্ষার ‘আবেদনপত্রের মূল্য’ ও ‘পরীক্ষার ফি’ পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৪৭.০০.০০.০৪৮.১৯৯৯- ৫৯ | 18-08-2010 | ৫৫৫ |
| ৩৭ | ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের ক্ষেত্রে ‘পরীক্ষার ফি’ নির্ধারণ সংক্রান্ত। | ০৭.১৪৩.০৪৬.০০.০০.০০৫.২০০২- ৯৪ | 16-09-2010 | ৫৫৬ |
| ৩৮ | বন অধিদপ্তরের আওতায় ‘মাধবকুন্ড ইকো- পার্কের প্রধান ফটকের’ এন্ট্রি ফি আদায় প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৭.০২০.২০০৪- ৭০ | 19-09-2010 | ৫৫৭ |
| ৩৯ | সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজের বিদেশী ছাত্রদের শিক্ষাদান, বেতন এবং বাসস্থান চার্জ বর্ধিতকরণ সংক্রান্ত। | ০৭.১৭৫.০৩১.০১.০০.০১০.২০০৭- ২৩০ | 12-10-2010 | ৫৫৮ |
| ৪০ | মধুপুর জাতীয় উদ্যান পরিচালনা ও সংরক্ষণের জন্য বিভিন্ন স্থাপনার রাজস্ব নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪- ৭৭ | 03-11-2010 | ৫৫৯ |
| ৪১ | Catch Certificate এর জন্য ফি নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০- ০৩ | 24-01-2011 | ৫৬০ |
| ৪২ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো) পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের ফি নির্ধারণ/ পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান। | ০৭.১৪৩.০৫৫.০০.০০.০০৮.২০০৯- ১৪ | 02-02-2011 | ৫৬১ |
| ৪৩ | Sub-Marine Cable, Terrestorial Cable-এর fees and Charges হারের উপর অর্থ বিভাগের সম্মতি প্রদান। | ০৭.১৪৫.০৪৬.০০.০৭.০৪৭.২০০৯- ০৬ | 01-03-2011 | ৫৬২ |

| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | ৪৪ | খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসার নতুন লাইসেন্স ফি, নবায়ন ফি, ডুপ্লিকেট কপি ফি নির্ধারণ সংক্রান্ত একটি এসআরও এর উপর অর্থ বিভাগের মতামত/সম্মতি প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪৪.০০.০১.০৫৬.২০১১- ০৯ | 23-03-2011 | ৫৬৩ |
| | ৪৫ | বস্ত্র ও পাট মন্ত্রালয়ের আওতাধীন পাট অধিদপ্তরের পাট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪'র সিডিউল- ১ (রুল- ৩) এ বর্ণিত ফিস বৃদ্ধির বিষয়ে মতামত/সম্মতি প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৩৮.০০.০২.০৫৩.২০১০.১০ | 28-03-2011 | ৫৬৪ |
| | ৪৬ | কক্সবাজার জেলার ডুলহাজরা সাফারী পার্কের প্রবেশ দ্বারের ফি এবং গাড়ী পার্কিং ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪.১২ | 11-04-2011 | ৫৬৬ |
| | ৪৭ | ভারতীয় এবং পাকিস্তানী নাগরিকগণের বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য Duplicate Registration ফরম ইস্যু ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫৪.০৭.০০.০০৫.২০০২- ৫১ | 15-05-2011 | ৫৬৭ |
| | ৪৮ | ২০১০- ২০১১ অর্থ বছর হতে জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকার সদর প্রবেশ গেইট ও বলধা বাগানের সিবলী অংশে প্রবেশ গেইটের 'প্রবেশ ফি' বর্ধিতকরণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪.১৭ | 16-05-2011 | ৫৬৮ |
| | ৪৯ | খসড়া 'মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা- ২০১০' অনুযায়ী লাইসেন্স প্রদানের নিমিত্ত জামানত ও লাইসেন্স ফি'র বিষয়ে সম্মতি প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪৬.০০.০৫.০৩১.২০০৭- ১৮ | 30-05-2011 | ৫৬৯ |
| | ৫০ | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার নিবন্ধন ফি বৃদ্ধির লক্ষ্যে Voluntary Social Welfare Agencies (Registration and Control) Rules, 1962- এর সংশ্লিষ্ট অংশ সংশোধন। | ০৭.১৪৫.০৩৪.০০.০০.০২৩.২০০৭- ১৯ | 20-06-2011 | ৫৭০ |
| | ৫১ | বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে ইকো- পার্কের প্রবেশ ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪.২২ | 26-06-2011 | ৫৭১ |
| | ৫২ | Motor Vehicles Repairing Workshop-এর রেজিস্ট্রেশন ফি ও বার্ষিক নবায়ন ফি নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৪.০৪৪.০৪.০০.০৮০.২০০৮- ৬৯ | 29-06-2011 | ৫৭২ |
| | ৫৩ | এনজিও বিষয়ক ব্যুরোর আওতাধীন দেশী ও বিদেশী এনজিওসমূহের নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি এবং অন্যান্য ফি'সমূহের রেট পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৪৪.০০.০০.০১২.২০০২- ৭৯ | 13-07-2011 | ৫৭৩ |
| | ৫৪ | ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি)- র বিদেশী কোর্স মেম্বারদের বিবিধ ব্যয় নির্ধারণ। | ০৭.০০.০০০০.১৭৪.৩১.০১০.২০০৭- ১০৮ | 19-10-2011 | ৫৭৪ |
| | ৫৫ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীনস্হ জাদুঘর ও প্রত্নস্হলসমূহে প্রবেশ মূল্য প্রবর্তন ও পুনঃনির্ধারণ। | ০৭.১৪৫.০৩৬.০০.০২.০৪৮.২০০৯- ৫৭ | 27-10-2011 | ৫৭৫ |
| | ৫৬ | মোবাইল ফোন লাইসেন্স নবায়ন গাইডলাইন অনুযায়ী Spectrum Acquisition Fee প্রদানের ক্ষেত্রে কিস্তির পরিমাণ ও সময়সীমা পরিবর্তনের প্রস্তাবে সম্মতি প্রদান। | ০৭.১৪৫.০৪৬.০০.০২.০৫৭.২০১১- ৫৯ | 31-10-2011 | ৫৭৬ |
| | ৫৭ | VOIP Service Provider (VSP) লাইসেন্সিং গাইডলাইনের ফি ও চার্জসমূহের সংশোধিত প্রস্তাবে সম্মতি প্রদান। | ০৭.১৪৫.০৪৬.০০.০২.০৫৭.২০১১- ৬০ | 31-10-2011 | ৫৭৭ |
| | ৫৮ | বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের সদস্য ফি বৃদ্ধির প্রস্তাব অনুমোদন সংক্রান্ত। | ০৭.১৪৫.০৩৬.০০.০২.০৪৮.২০০৯- ৮৪ | 20-12-2011 | ৫৭৮ |
| | ৫৯ | ৩৩তম বিসিএস এর আবেদন পত্র এবং পরীক্ষার ফি Teletalk Bangladesh Ltd. (TBL) এর মাধ্যমে Online এ গ্রহণ। | ০৭.১৪৩.০৪৭.০০.০০.০৪৮.১৯৯৯- ০১ | 04-01-2012 | ৫৭৯ |
| | ৬০ | এজেন্সি তালিকাভুক্তি ফি, এজেন্সি তালিকাভুক্তি নবায়ন ফি ও সংশ্লিষ্ট অন্যান্য ফি পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫৫.০৩.০০.০১.২০১২- ১৮ | 12-03-2012 | ৫৮০ |
| | ৬১ | Electronic Government Procurement (e-GP) System এ নিবন্ধন ফি নির্ধারণ সংক্রান্ত। | ০৭.১৪৪.০৩৬.০০.০০.০৩৭.২০০৮- ২৭ | 18-03-2012 | ৫৮১ |
| | ৬২ | ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউশন পরিচালিত বিভিন্ন কোর্সের ফি নির্ধারণ/ পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫৬.০০.০০.০১১.২০০৭/২২ | 28-03-2012 | ৫৮২ |
| | ৬৩ | বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতায় 'সড়ক উন্নয়ন সেস'-এর হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৪.০৪৫.০০.০০.০৬১.২০০৮.৪৮ | 16-04-2012 | ৫৮৩ |
| ০৪ | | **কর বর্হিভূত রাজস্ব- ভাড়া** | | | |
| | ০১ | শিমলাপাড়া রেস্ট হাউজের ভাড়ার হার নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/বাঃএনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/৩৬৭ | 11-11-2007 | ৫৮৫ |
| | ০২ | কুয়াকাটা ইকো- পার্কের প্রবেশ ফি ও ভাড়া আদায়ের প্রস্তাব প্রসঙ্গে। | অম/অবি/বাঃএনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/(অংশ- ১)/৩৭২ | 17-12-2007 | ৫৮৬ |
| | ০৩ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অডিটোরিয়াম ভাড়া ও ক্যান্টিন ভাড়া নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/বি- (৬)/২০০৭/(অংশ- ২)- ২২ | 15-05-2008 | ৫৮৭ |
| | ০৪ | সিংড়া বন বিশ্রামাগারের ভাড়ার হার নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/৫৬ | 06-07-2008 | ৫৮৮ |
| | ০৫ | কলাপাড়া উপজেলার কুয়াকাটা ইকোপার্কে অন্যান্য ভাড়া আদায় প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ৩/কো- ৪৫/১(১০)/২০০৪/(অংশ- ১)/৬৭ | 21-08-2008 | ৫৮৯ |
| | ০৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের এ্যাম্বুলেন্স সার্ভিসসমূহের ভাড়া পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/নন- ট্যাক্স রেভিনিউ/শা- ১/৬/২০০০/৯৯ | 02-12-2008 | ৫৯০ |

| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | ০৭ | যুব উন্নয়ন অধিদপ্তরাধীন প্রধান কার্যালয় এবং দেশের বিভিন্ন স্হানে (জাতীয় যুব কেন্দ্র এবং কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার ব্যতীত) অবস্থিত যুব প্রশিক্ষণ কেন্দ্রের ভিআইপিকক্ষ, সাধারণ অতিথিকক্ষ, হলরুম, ট্রেনিংরুম এবং হোষ্টেল ব্যবহারের ভাড়া নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১(৫)/০৭(অংশ-১)/২৩ | 22-04-2009 | ৫৯১ |
| | ০৮ | ওসমানী স্মৃতি মিলনায়তনের ভাড়া বৃদ্ধিপূর্বক পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/১(১১/১)/২০০৯- ০৬ | 24-01-2010 | ৫৯৩ |
| | ০৯ | বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল এর আওতাধীন স্টুডেন্ট ডরমিটরীর ভাড়া নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪- ৩২ | 29-06-2010 | ৫৯৪ |
| | ১০ | সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রাধীন খুলনা বিভাগীয় জাদুঘরের সেমিনার হলের ভাড়া বর্ধিত করণের ব্যাপারে মতামত প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৫.০৩৬.০০.০২.০৪৮.২০০৯- ৪৪ | 23-08-2010 | ৫৯৫ |
| | ১১ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো) পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের ফি নির্ধারণ/ পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান। | ০৭.১৪৩.০৫৫.০০.০০.০০৮.২০০৯- ১৪ | 02-02-2011 | |
| | ১২ | স্বরাষ্ট্র মন্ত্রালয়ের আওতাধীন বিভিন্ন নন- ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেট নির্ধারণ/ পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫৪.০২.০০.০৭১.১৯৯৯- ১৫ | 02-02-2011 | ৫৯৬ |
| | ১৩ | সার্কিট হাউজের কক্ষসমূহের ভাড়া, সরকারি যানবাহন ব্যবহারের ভাড়া এবং সড়ক পরিবহনের ডরমেটরির সীট ভাড়ার হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৪৬.০০.০০.০০৫.২০০২- ৭৮ | 13-07-2011 | ৫৯৭ |
| | ১৪ | ভাড়া প্রদানযোগ্য সুবিধাসমূহের ভাড়ার হার নির্ধারণ ও পুনঃনির্ধারণ সংক্রান্ত। (জাতীয় গণমাধ্যম ইন্সটিটিউটের আওতাধীন ল্যাব) | ০৭.১৪৩.০৫৫.০০.০২.০০৮.২০১১- ০৪ | 22-01-2012 | ৫৯৯ |
| ০৫ | | **কর বর্হিভূত রাজস্ব- বিক্রয় মূল্য** | | | |
| | ০১ | দুগ্ধ খামারে উৎপাদিত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ৩/কো-৪৪/১(৯)/২০০২- ০৭/৩৭১ | 04-12-2007 | ৬০৬ |
| | ০২ | প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) এর টেন্ডার সিডিউল (দরপত্র) মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শা- ১/প্রতিঃমঃ-১/২০০২(অংশ- ১)/০৬ | 17-01-2008 | ৬০৭ |
| | ০৩ | সরকারি খামারে ছাগীর মূল্য নির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ৩/কো-৪৪/১(৯)/২০০২- ০৭/১৬ | 03-03-2008 | ৬০৮ |
| | ০৪ | বিদেশে স্মারক ডাকটিকেট ফিলাটেলিক আইটেম হিসেবে কমিশনের ভিত্তিতে বিক্রয় প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ৩/১০/০৭(অংশ- ৭)/৪৩ | 14-05-2008 | ৬০৯ |
| | ০৫ | বিভিন্ন প্রশাসনিক ও রাজস্ব ইউনিটের ম্যাপ ও খতিয়ানের বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/ভূম- ১৩/২০০৬- ৬৫ | 25-06-2008 | ৬১০ |
| | ০৬ | সরকারি হাঁস- মুরগি খামারের উৎপাদিত পণ্যের মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ৩/কো-৪৪/১(৯)/২০০২- ০৭/৭১ | 07-10-2008 | ৬১১ |
| | ০৭ | ঢাকা আরবান ম্যাপ শীট, ভূ- কো- অর্ডিনেট এবং বেঞ্চমার্ক এর মূল্য পুনঃনির্ধারণ সংক্রান্ত। | ০৭.১৪৩.০৫২.০২.০০.০০২.২০০২(অংশ-১)/১৩ | 02-03-2010 | ৬১২ |
| | ০৮ | কেন্দ্রীয় গো- প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা- এর উৎপাদিত দুধের মূল্য পুনঃনির্ধারণ। | ০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০- ৬৯ | 19-09-2010 | ৬১৩ |
| | ০৯ | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত মানচিত্র এবং ভূ- উপাত্তসমূহের মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫২.০২.০০.০০২.২০০২- ৩৯ | 03-04-2011 | ৬১৪ |
| | ১০ | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের হাইড্রোজেন প্ল্যান্টে উৎপাদিত উদ্বৃত্ত হাইড্রোজেন গ্যাসের বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫২.০২.০০.০০২.২০০২(অংশ-২)- ৪৭ | 02-05-2011 | ৬১৭ |
| ০৬ | | **কর বর্হিভূত রাজস্ব- বিজ্ঞাপন** | | | |
| | ০১ | বাংলাদেশ বেতারের এফ.এম. ট্রান্সমিটারে বিজ্ঞাপন প্রচারমূল্য হার নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর/শাখা- ১/তথ্য-১/২০০৩(অংশ- ১)/৬৫ | 01-09-2008 | ৬১৯ |
| | ০২ | বাংলাদেশ বেতারের ৩, ৫ ও ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন এফ.এম. ট্রান্সমিটারে (এফ.এম. ৮৮.৮) বিজ্ঞাপন প্রচার মূল্যহার নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রসঙ্গে। | ০৭.১৪৩.০৫৫.০৩.০০.০১.২০১২- ০৯ | 12-02-2012 | ৬২০ |
| ০৭ | | **কর বর্হিভূত রাজস্ব- জরিমানা** | | | |
| | ০১ | জরিমানা ব্যতীত মূল কর/ ফি জমাপূর্বক মোটরযানের কাগজপত্র হালনাগাদকরণ এবং কর খেলাপী মোটরযানসমূহের জরিমানার হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | অম/অবি/এনটিআর- ২/১(১৭/২-২)/২০০৮(অংশ)/১৬ | 22-03-2009 | ৬২৩ |
| | ০২ | কর খেলাপী মোটরযানের জরিমানার হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.০০.০০০০.১৪৪.৩২.১০৮.১১.১৫০ | 15-12-2011 | ৬২৪ |
| ০৮ | | **কর বর্হিভূত রাজস্ব- টোল** | | | |
| | ০১ | বঙ্গবন্ধু সেতুর টোল হার পুনঃনির্ধারণ সংক্রান্ত। | ০৭.১৪৪.০৩১.০১.২০.০৫১.২০০৮- ৬৯ | 16-08-2010 | ৬২৬ |
| | ০২ | নবাবগঞ্জ সড়ক বিভাগাধীন নবাবগঞ্জ- কনসাট- সোনামসজিদ সড়কে অবস্থিত 'শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর বীরশ্রেষ্ঠ সেতুর (মহানন্দা সেতু)' ওপর দিয়ে পারাপারকারী যানবাহনের টোল হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে। | ০৭.১৪৪.০৪৪.০৩.০০.০৭০.২০০৮- ৪৪ | 01-06-2011 | ৬২৭ |

| | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ০৩ | বকসীগঞ্জ- সানন্দাবাড়ী- চররাজিবপুর সড়কের ২৭তম কিঃ মিঃ এ জিঞ্জিরাম নদীর উপর অবস্থিত সানন্দাবাড়ী সেতুর ওপর দিয়ে চলাচলকারী যানবাহনের টোলহার নির্ধারণ প্রসঙ্গে। | ০৭.০০.০০০০.১৪৪.৩২.০৮১.২০১১.১৬ | 12-03-2012 | ৬২৮ |

# অধ্যায়-৪

# ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা এবং কর বর্হিভূত রাজস্ব

# নীতিমালা/ পদ্ধতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ শাখা-১

নং-অম/অবি/সঋব্যঅ/ঋব্যশা-১/বিবিধ-৫/২০০৫/১৯৬ তারিখ: ২৬/০৬/২০০৬

## পরিপত্র

### সোনালী ব্যাংক, বাংলাদেশ ব্যাংক এবং হিসাবরক্ষণ অফিসের মধ্যে ট্রেজারি লেনদেনের তথ্য আদান প্রদানে পদ্ধতি নির্ধারণ ও কম্পিউটার প্রযুক্তি ব্যবহার প্রসঙ্গে

অর্থ বিভাগের ০৮/০২/২০০৬ তারিখের অম/ অবি/ সঋব্যশা-১/ বিবিধ-৫/ ০৫/ ৩৭ নম্বর পরিপত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারি হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণের বিদ্যমান কাঠামো পুনর্বিন্যস্ত করা হয়েছে যা ১লা জুলাই ২০০৬ তারিখ হতে কার্যকর হবে। এই পরিপত্রের অনুবৃত্তিক্রমে সরকারের নগদ প্রবাহ ও হিসাব ব্যবস্থাপনাকে অধিকতর গতিশীল, দক্ষ ও কার্যকর করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংকের মাধ্যমে পরিচালিত সরকারি লেনদেনসমূহ মন্ত্রণালয়ভিত্তিক ব্যাংক উপ হিসাবের সঙ্গে সঙ্গতিসাধনপূর্বক হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক হিসাব প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পুনর্বিন্যস্ত কাঠামোর আওতায় বর্তমান হিসাবরক্ষণ পদ্ধতির কতিপয় পরিবর্তন ও কম্পিউটার প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা হয়েছে। হিসাবরক্ষণ পদ্ধতির পরিবর্তনের সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক কর্তৃক ট্রেজারি লেনদেনসমূহের রিপোর্টিং পদ্ধতির উন্নয়ন ও কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকার নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

২। <u>সোনালী ব্যাংকের ট্রেজারি শাখাসমূহের ট্রেজারি কার্যক্রম কম্পিউটারাইজেশন:</u>

১) শুধুমাত্র সরকারের আদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ১০৬টি শাখার (ঢাকায় ৪৫টিসহ) প্রত্যেকটিতে ট্রেজারি কার্যক্রম পরিচালনার জন্য সোনালী ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় চালান receiving point এ আলাদা কম্পিউটার স্থাপন করবে। ট্রেজারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সফট্ওয়্যার সরবরাহ করা হবে। এই সিদ্ধান্ত আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বাস্তবায়ন করার ব্যবস্থা নিতে হবে।

২) সরকারের আদান-প্রদান উভয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট জেলা পর্যায়ের ৫৭টি শাখার ট্রেজারি কার্যক্রম পরিচালনার জন্য সোনালী ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় আলাদা কম্পিউটার স্থাপন করবে। ট্রেজারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সফট্ওয়্যার সরবরাহ করা হবে। এই সিদ্ধান্ত আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বাস্তবায়ন করার ব্যবস্থা নিতে হবে।

৩) উপজেলা পর্যায়ের ৪০৫টি শাখার মধ্যে যে সমস্ত সোনালী ব্যাংক শাখায় সরকারের লেনদেনের পরিমাণ বেশী যেমন শার্শা, সাভার, হাকিমপুর, বেগমগঞ্জ, দামুড়হুদা, পাটগ্রাম, টেকনাফ, কেরাণীগঞ্জ ইত্যাদি অন্তত ১০-১২টি শাখায় ট্রেজারি কার্যক্রম পরিচালনার জন্য সোনালী ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় কম্পিউটার স্থাপন করবে। ট্রেজারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সফট্ওয়্যার সরবরাহ করা হবে। এই সিদ্ধান্ত আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বাস্তবায়ন করার ব্যবস্থা নিতে হবে।

৪) উপজেলা পর্যায়ের অন্যান্য শাখাসমূহের ট্রেজারি কার্যক্রমকে মধ্যমেয়াদী কর্মপরিকল্পনার অধীনে পর্যায়ক্রমে কম্পিউটার প্রযুক্তির আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। <u>সোনালী ব্যাংক এর ৪০৫টি উপজেলা ও ৫৭টি জেলা ট্রেজারি শাখাসমূহের জন্য রিপোর্টিং কাঠামো:</u>

ক) <u>সোনালী ব্যাংক ও হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক করণীয়:</u>

১) সোনালী ব্যাংকের শাখাসমূহ দৈনিক লেনদেনের ডেবিট ও ক্রেডিট স্ক্রল সাপোর্টিং ভাউচার ও চালানসহ অবশ্যই পরবর্তি কর্মদিবসে পূর্বাহ্নের মধ্যে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে।

২) ক্রেডিট স্ক্রলের ক্ষেত্রে ট্রেজারি চালানসহ সরকারি হিসাব নম্বর ভিত্তিক দুই কপি স্ক্রল আলাদাভাবে প্রেরণ করতে হবে। এর একটি কপি হিসাবরক্ষণ অফিসে হিসাবায়নের জন্য ব্যবহৃত হবে এবং অন্য কপি সংশ্লিষ্ট সরকারি অফিস যার পক্ষে সরকারি রাজস্ব জমা হয়েছে তার নিকট সরবরাহ করতে হবে। এক্ষেত্রে হিসাবরক্ষণ অফিস সংশ্লিষ্ট সরকারি অফিসসমূহকে ট্রেজারি চালান এর কপি নিয়মিত সংগ্রহ করতে অনুরোধ জানাবে।

৩) হিসাবরক্ষণ অফিস ব্যাংক কর্তৃক প্রেরিত চালান ও ভাউচারসমূহের স্ক্রল গ্রহণের পরবর্তি কর্মদিবসের মধ্যে অবশ্যই হিসাবায়ন সম্পন্ন করবে। হিসাবরক্ষণ অফিসের বহিতে প্রতিটি ব্যাংক উপ-হিসাবের বিপরীতে নির্ণয়কৃত 'প্রাপ্তি ও পরিশোধ' এবং ব্যাংক স্ক্রল এ প্রদর্শিত 'প্রাপ্তি ও পরিশোধ' এর সাথে মিলতে হবে। এ ক্ষেত্রে কোন গরমিল পরিলক্ষিত হলে জেলা হিসাবরক্ষণ অফিস কম্পিউটার সিস্টেমের

মাধ্যমে এবং উপজেলা হিসাবরক্ষণ অফিস হাতে লিখে গরমিল (mismatch) রিপোর্ট প্রণয়ন করে অতি দ্রুত ব্যাংককে অবহিত করবে।

৪) সোনালী ব্যাংক গরমিল রিপোর্ট প্রাপ্তির পরবর্তী দিনের নিয়মিত লেনদেনের সাথে গরমিল সমন্বয় দেখিয়ে ডেবিট/ ক্রেডিট স্ক্রল ও ডেইলি মেমো প্রণয়ন করবে।

৫) সোনালী ব্যাংকের নিকট হতে গরমিল সমন্বয়ের মেমো প্রাপ্তির পর জেলা হিসাবরক্ষণ অফিস কম্পিউটার সিস্টেমে Mismatch Clearing Memo এর মাধ্যমে গরমিল সমন্বয় করবে এবং উপজেলা হিসাবরক্ষণ অফিস গরমিল রেজিস্টারে সমন্বয়ের বিষয় লিপিবদ্ধ করবে।

৬) সোনালী ব্যাংক প্রতিটি উপ-হিসাবের ডেবিট/ক্রেডিট স্ক্রলে প্রদর্শিত মোট অঙ্ক দিন শেষে ডেইলি মেমোতে (Daily memo) উপ-হিসাবভিত্তিক লিপিবদ্ধ করে পরবর্তি কার্যদিবসে পূর্বাহ্নের মধ্যে আঞ্চলিক অফিসে প্রেরণ করবে।

৭) কোন কার্যদিবসে সরকারি হিসাবে কোন লেনদেন সংঘটিত না হলে সংশ্লিষ্ট শাখা ডেইলি স্ক্রলের একটি 'শূণ্য' প্রতিবেদন হিসাবরক্ষণ অফিসে এবং ডেইলি মেমোর একটি 'শূণ্য' প্রতিবেদন ব্যাংকের আঞ্চলিক হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে।

৮) আঞ্চলিক অফিস প্রাপ্ত ডেইলি মেমোসমূহ e-mail/ Network এর মাধ্যমে ঐদিনই ঢাকায় প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

৯) সোনালী ব্যাংক এর প্রধান কার্যালয় সকল আঞ্চলিক অফিস হতে প্রাপ্ত ডেইলি মেমোসমূহ একত্রিত করে পূর্ণাঙ্গ বিবরণী (শাখা ও উপ-হিসাব ভিত্তিক) পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের সরকারি হিসাব শাখায় প্রেরণ করবে।

১০) সরকারি লেনদেন সংঘটিত হবার তারিখ ও বাংলাদেশ ব্যাংকে তা রিপোর্ট করার তারিখ এর মধ্যে সময়সীমা সাধারণভাবে ৫ দিন হবে, যা ক্ষেত্রবিশেষে সর্বোচ্চ ৭ দিন পর্যন্ত হতে পারে। কোন শাখার ডেইলি মেমো প্রেরণে ৭ দিনের অধিক বিলম্ব হলে বাংলাদেশ ব্যাংক নির্দিষ্ট হারে জরিমানা আদায় করবে।

১১) সরকারি লেনদেনের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের সকল শাখা অফিস প্রতি মাসের শেষ কর্মদিবসের ডেইলি মেমো প্রস্তুত করার পূর্বেই ডেইলি স্ক্রল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে।

১২) হিসাবরক্ষণ অফিস জরুরী ভিত্তিতে তা হিসাবায়ন করবে এবং ঐ দিনের কোন গরমিল পাওয়া গেলে উক্ত গরমিলসহ ঐ মাসে কোন গরমিল অসমন্বয়িত থাকলে তা দ্রুততম ব্যাংককে জানাবে।

১৩) ব্যাংক কর্তৃক সকল গরমিল সমন্বয় করে শেষ কর্মদিবসের ডেইলি মেমো প্রস্তুত করে ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ে এবং একটি সংশোধিত ডেইলি স্ক্রল হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে।

১৪) হিসাবরক্ষণ অফিস সংশোধিত ডেইলি স্ক্রলের ভিত্তিতে গরমিলসমূহ সংশোধন করবে।

১৫) শেষ কর্মদিবসের ডেইলি মেমোর শুদ্ধতা বিষয়ে ব্যাংক কর্মকর্তা ও হিসাবরক্ষণ কর্মকর্তা যৌথভাবে দায়ী থাকবেন।

১৬) উক্ত পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করা হলে ব্যাংক কর্তৃক প্রতি মাসে প্রণয়নকৃত মাসিক মেমোতে প্রদর্শিত অঙ্ক এবং হিসাবরক্ষণ অফিসের হিসাবে প্রদর্শিত অঙ্ক অবশ্যই মিলবে। ব্যাংক অফিসার ও হিসাবরক্ষণ অফিসারের যৌথ স্বাক্ষরে এই মাসিক মোমোর কপি হিসাবরক্ষণ অফিস ও ব্যাংক স্ব-স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।

১৭) হিসাবরক্ষণ অফিসের প্রতিস্বাক্ষর ব্যতীত সোনালী ব্যাংকের কোন পুরনো গরমিলের দাবি নিস্পত্তি করা যাবে না। হিসাবরক্ষণ অফিস এক্ষেত্রে সোনালী ব্যাংক কর্তৃক প্রদর্শিত গরমিলের অঙ্কের সত্যতা নিজস্ব রেকর্ডের সাথে যাচাই করে প্রতিস্বাক্ষর করবে। তবে প্রস্তাবিত পদ্ধতি কার্যকর হলে ১লা জুলাই ২০০৬ এবং তৎপরবর্তি সময়ের সকল লেনদেনের ক্ষেত্রে কোন মাসের গরমিল পরবর্তি মাস পর্যন্ত অনিস্পন্ন থাকার সুযোগ থাকবে না।

**খ) <u>বাংলাদেশ ব্যাংক কর্তৃক করণীয়:</u>**

১) সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক প্রেরিত ডেইলি মেমোর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক 'সোনালী ব্যাংক সরকারি লেনদেন হিসাব' (Sonali Bank Govt. Transaction Account) কে ডেবিট বা ক্রেডিট এবং বাংলাদেশ ব্যাংকে রক্ষিত 'সোনালী ব্যাংক হিসাব'কে ক্রেডিট বা ডেবিট করে monetary settlement করবে। দিন শেষে বাংলাদেশ ব্যাংক সরকারের পক্ষে বাংলাদেশ ব্যাংকের বহিতে সোনালী ব্যাংকের monetary settlement খাতে দেনা/ পাওনাসহ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহ কর্তৃক সরকারের পক্ষে পরিচালিত সকল লেনদেন সমন্বয় করবে এবং 'উপায় উপকরণ' এবং প্রযোজ্য ক্ষেত্রে 'অভ্যন্তরীণ ঋণ' নির্ধারণ করে সংশ্লিষ্ট ব্যাংক উপ-হিসাবের বিপরীতে প্রদর্শন করবে

২) বাংলাদেশ ব্যাংক সকল সোনালী ব্যাংক ট্রেজারি শাখার নামে প্রতিটি ব্যাংক উপ-হিসাব এর বিপরীতে শাখাভিত্তিক সহায়ক মাসিক চলমান লেজার (subsidiary running ledger account) সংরক্ষণ করবে। এই লেজার পরবর্তি মাসের ১৫ তারিখ পর্যন্ত খোলা রাখা হবে যাতে সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় হতে প্রাপ্ত পূর্ববর্তী মাসের কোন তারিখের ডেইলি মেমোতে প্রদর্শিত দেনা/পাওনা সরকারের সংশ্লিষ্ট ব্যাংক উপ-হিসাবের বিপরীতে প্রদর্শন করে মাসভিত্তিক উপহিসাবওয়ারি মোট অঙ্ক নির্ণয় করা যায়। এই লেজারের শাখাভিত্তিক মাসিক বিবরণী হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিজস্ব রেকর্ডের সাথে যাচাই করার জন্য প্রেরণ করবে।

৪। <u>১০৬টি জেলা পর্যায়ের ট্রেজারি শাখাসমূহের জন্য (শুধুমাত্র আদান কার্যক্রম আছে) রিপোর্টিং কাঠামো:</u>

১) সোনালী ব্যাংকের শাখাসমূহ কোন কার্যদিবসের প্রাপ্তির তথ্য পরবর্তী কার্যদিবস পূর্বাহ্নের মধ্যে ডেইলি স্ক্রলের দু'কপি (প্রতিটির সঙ্গে চালানের এক কপিসহ) এবং ডেইলি মেমো সংশ্লিষ্ট সমন্বয়কারি প্রধান শাখায় প্রেরণ করবে।

২) সমন্বয়কারি প্রধান শাখা ডেইলি স্ক্রলে প্রদর্শিত তথ্য ও ডেইলি মেমোর তথ্য মিলকরণ করে ঐদিনই বাংলাদেশ ব্যাংকের স্থানীয় অফিসে প্রেরণ করবে যার ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাবে ক্রেডিট দেখাবে। ঢাকার ক্ষেত্রে শাখা সংখ্যার আধিক্য বিবেচনায় (৪৫টি) এই সময়সীমা দুই কার্যদিবস পর্যন্ত বর্ধিত করা যাবে।

৩) সমন্বয়কারি শাখা ডেইলি স্ক্রলের দুই কপিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংক উপ-হিসাবে ক্রেডিট করার তারিখ উল্লেখ করে সংযুক্ত চালানসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে প্রেরণ করবে।

৪) হিসাবরক্ষণ কার্যালয় ডেইলি স্ক্রলের এক কপির সাথে সংযুক্ত চালানের অঙ্ক স্ক্রল প্রাপ্তির দুই কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক উপ-হিসাবে ক্রেডিট করার তারিখে হিসাবভুক্ত করবে। ডেইলি স্ক্রলের অন্য কপি সংযুক্ত চালানসহ সংশ্লিষ্ট সরকারি অফিস যার পক্ষে সরকারি রাজস্ব জমা হয়েছে তার নিকট সরবরাহ করতে হবে। এক্ষেত্রে হিসাবরক্ষণ অফিস সংশ্লিষ্ট সরকারি অফিসমূহকে ট্রেজারি চালান এর কপি নিয়মিত সংগ্রহ করতে অনুরোধ জানাবে।

৫। <u>বাংলাদেশ ব্যাংক এর প্রধান কার্যালয় ও ৯টি শাখায় পরিচালিত আদান-প্রদান কার্যক্রম বিষয়ে গৃহীতব্য ব্যবস্থা:-</u>

১) বাংলাদেশ ব্যাংক এর মতিঝিল ও সদরঘাট শাখাসহ অন্যান্য সকল শাখাসমূহে সরকারের আদান-প্রদান কার্যক্রম পরিচালিনা করার জন্য সুনির্দ্দিষ্ট কম্পিউটার থাকতে হবে, যা বাংলাদেশ ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করবে। ট্রেজারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সফট্ওয়্যার সরবরাহ করা হবে। এখানে উল্লেখ্য, এই শাখাসমূহের ট্রেজারি কার্যক্রমে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার সরকারের রাজস্ব আদায়ে গ্রাহক সেবার মান উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করবে।

২) ট্রেজারি রুল এবং সরকারের সঙ্গে বাংলাদেশ ব্যাংকের চুক্তির বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক সরকারের Public Debt Manager হিসেবে সুচারুভাবে দায়িত্ব প্রতিপালন এবং এর প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত সরকারের অভ্যন্তরীণ ঋণ, বৈদেশিক ঋণ ও রেমিটেন্স সংক্রান্ত লেনদেন হিসাবে অধিকতর স্বচ্ছতা আনায়নের লক্ষে কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে লেজার/রেজিস্টারসমূহ সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে অর্থ বিভাগ প্রয়োজনীয় সফট্ওয়্যার সরবরাহ করবে।

৩) বাংলাদেশ ব্যাংকের ঢাকার মতিঝিল ও সদরঘাট শাখা এবং প্রধান কার্যালয়ের সরকারি লেনদেন কার্যক্রমকে অর্থ বিভাগের Wide Area Network এর আওতায় আনা হবে।

৪) বাংলাদেশ ব্যাংক অর্থ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে অবিলম্বে একটি time bound কর্ম পরিকল্পনা প্রণয়ন করবে।

৬। এই পরিপত্রের ৩ ও ৪নং অনুচ্ছেদের সিদ্ধান্ত ১লা জুলাই ২০০৬ তারিখ হতে কার্যকর হবে এবং কার্যকর হওয়ার তারিখ হতে এতদসংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত আদেশসমূহ এবং বর্তমানে প্রচলিত পদ্ধতিসমূহ ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

**সংযুক্তিঃ** এ পরিপত্রে উল্লিখিত পদ্ধতিসমূহের প্রয়োজনীয় ব্যাখ্যা এবং স্পষ্টীকরণের সুবিধার্থে গত ০৬/০৬/২০০৬ তারিখে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, হিসাব মহা নিয়ন্ত্রক এবং সংশ্লিষ্ট সংস্হাসমূহের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কপি (৭ পৃষ্ঠা) এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মোহাম্মদ মুসলিম চৌধুরী
উপ সচিব
ফোন: ৭১৬ ৯৬০২

নং-অম/অবি/সঋব্যঅ/ঋব্যশা-১/বিবিধ-৫/২০০৫/১৯৬ তারিখ: ২৬/০৬/২০০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৪ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, ঢাকা-১০০০।
০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক। (সংশ্লিষ্ট সকলকে পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
০৩। সচিব, অর্থ বিভাগ।
০৪। অতিরিক্ত সচিব (বাজেট), অর্থ বিভাগ।
০৫। অতিরিক্ত সচিব (ব্যাংকিং), অর্থ বিভাগ।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
০৭। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। (সংশ্লিষ্ট সকলকে পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
০৮। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
০৯। যুগ্ম-সচিব, বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ।
১০। যুগ্ম-সচিব, বাজেট-২ অনুবিভাগ, অর্থ বিভাগ।
১১। যুগ্ম-সচিব, ব্যাংকিং প্রশাসন অনুবিভাগ, অর্থ বিভাগ।
১২। যুগ্ম-সচিব, ব্যাংকিং নীতি অনুবিভাগ, অর্থ বিভাগ।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক। (সংশ্লিষ্ট সকলকে পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
১৪। প্রকল্প পরিচালক, এফএমআরপি প্রকল্প, ৭-৯ কারওয়ান বাজার (৭ম তলা), ঢাকা-১২১৫।
১৫। অফিস কপি।

ইকবাল আব্দুল্লাহ হারুন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬ ৩৯০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ শাখা-১

নং-অম/অবি/সঋব্যশা-১/সরকারি হিসাব-১/২০০৭/১৩১ তারিখ: ১২ জুন ২০০৭ ইং / ২৯ জ্যৈষ্ঠ ১৪১৪ বাং

## প্রজ্ঞাপন

**বিষয়: Treasury Rules-এর অধীনে প্রণীত Subsidiary Rules-এর ৭১(২) ধারা সংশোধন।**

সরকারের হিসাব ব্যবস্থাপনা কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে Bangladesh Treasury Rules-এর অধীনে প্রণীত Subsidiary Rules-এর ৭১(২) ধারার বর্তমান বিধানটি নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

> 'District Accounts Officers obtain supply of cheque books from the office of the Controller General of Accounts. All other cheque issuing officers get their supply of cheque books either from the office of the Controller General of Accounts or from the District Accounts Officer or from the Chief Accounts Officer concerned as decided from time to time by the Controller General of Accounts'.

০২। প্রজ্ঞাপনটি সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ মুসলিম চৌধুরী
উপসচিব (ঋণ ব্যবস্থাপনা)
ফোন: ৭১৬৯৬০২

উপনিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-অম/অবি/সঋব্যশা-১/সরকারি হিসাব-১/২০০৭/১৩১/১(১২) তারিখ: ১২ জুন ২০০৭ ইং / ২৯ জ্যৈষ্ঠ ১৪১৪ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
০২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা। (তাঁর অধীন সকল দপ্তর/অফিসসমূহে প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)
০৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক। (তাঁর অধীন সকল দপ্তর/অফিসসমূহে প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)
০৪। সচিব (সকল), -------------------------------------------------------।
(তাঁর অধীন সকল দপ্তর/ অফিসসমূহে প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)
০৫। অতিরিক্ত সচিব (সম্পদ ও সমন্বয়)/ অতিরিক্ত সচিব (ব্যাংকিং)/ অতিরিক্ত সচিব (প্রবিধি), অর্থ বিভাগ।
০৬। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
০৭। যুগ্মসচিব (সকল), --------------------------------------------, অর্থ বিভাগ।
০৮। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
০৯। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীন সকল দপ্তর/অফিসসমূহে প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)
১০। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক। (তাঁর অধীন সকল দপ্তর/অফিসসমূহে প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)
১১। উপসচিব (বাজেট-১), বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ।
১২। অফিস কপি।

ইকবাল আব্দুল্লাহ হারুন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬ ৩৯০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ শাখা-১

নং-অম/অবি/সঋব্যশা-১/সরকারিহিসাব-১/২০০৭/১৪৩ তারিখ: ১৯.০৬.২০০৭

## পরিপত্র

**বিষয়: ট্রেজারি রুলের অধীনে প্রণীত সাবসিডিয়ারি রুল সংশোধনপূর্বক বিভাগীয় অফিসসমূহ কর্তৃক চেক বই সংগ্রহের বর্তমান পদ্ধতির পরিবর্তন।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২৪.০৪.২০০৭ তারিখের সিজিএ/চ.হি. ও জমা শাখা/ রেমিঃ/ ১০১/ ০৪-০৫/৩৫৪ সংখ্যক পত্র।

ট্রেজারি রুলস্-এর অধীনে প্রণীত সাবসিডিয়ারি রুল (এস আর) ৭১(২)-এর বিধান অনুযায়ী কতিপয় বিভাগীয় অফিস (সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, জনস্বাস্থ্য অধিদপ্তর, বনবিভাগ, গৃহসংস্থান কর্তৃপক্ষ, রেডিও বাংলাদেশ, কাষ্টমস্) তাদের চেক বই জেলা হিসাবরক্ষণ অফিস (ডিএও অফিস) থেকে সংগ্রহ করছে। কিন্তু উক্ত অফিসসমূহ তাদের মাসিক আয়-ব্যয়ের হিসাব (ব্যবহৃত চেকের হিসাবসহ) সরাসরি সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করছে। এক অফিস হতে চেক বই সংগ্রহ এবং অন্য অফিসে হিসাব বিবরণী প্রেরণ করার কারণে চেক বইয়ের হিসাব রাখাসহ সরকারি হিসাব প্রণয়নে নানাবিধ সমস্যা উদ্ভূত হচ্ছে। বিভাগীয় অফিসসমূহ কর্তৃক ডিএও অফিস হতে চেক বই সংগ্রহের বর্তমান ব্যবস্থার পরিবর্তে স্ব-স্ব প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস (সিএও অফিস) হতে সংগ্রহের পদ্ধতি চালু করার লক্ষ্যে এস আর ৭১(২) সংশোধনক্রমে নিম্নরূপ বিধান করা হয়েছে:

**সংশোধিত এস. আর. ৭১(২)** 'District Accounts Officers obtain supply of cheque books from the office of the Controller General of Accounts. All other cheque issuing officers get their supply of cheque books either from the office of the Controller General of Accounts or from the District Accounts Officer ***or from the Chief Accounts Officer concerned as decided from time to time by the Controller General of Accounts.'***

০২। উপর্যুক্ত সংশোধিত এস আর ৭১(২)-এর বিধান প্রয়োগ করে বিভাগীয় অফিসসমূহ কর্তৃক ডিএও অফিস হতে চেক বই সংগ্রহের বর্তমান পদ্ধতির পরিবর্তে সিএও অফিস হতে সংগ্রহের পদ্ধতি চালু হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) সিএও অফিসসমূহ বিভাগীয় অফিসসমূহের চাহিদাপত্র (requisition) অনুযায়ী ট্রেজারি রুলের সংশ্লিষ্ট বিধান অনুসরণে চেক বই সরবরাহ করবে এবং প্রদত্ত চেক বইয়ের বিবরণ (চেক বই নম্বর ও চেক নম্বর সিরিজ) কম্পিউটার সিস্টেমে অন্তর্ভুক্ত করবে। পরবর্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসসমূহ মাসিক হিসাবের সাথে সংশ্লিষ্ট মাসে ব্যবহৃদত চেকের তালিকা (চেক বই নম্বর ও চেক নম্বরসহ) সিএও অফিসে প্রেরণ করলে তা সিএও অফিসের কম্পিউটার সিস্টেমে অন্তর্ভুক্ত করবে।

খ) বিভিন্ন বিভাগীয় অফিস কর্তৃক ইস্যুকৃত চেকসমূহ বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়ে সংশ্লিষ্ট ডিএও অফিসে ফেরত আসলে তা ডিএও অফিস কর্তৃক Transaction Accounting System (TAS)/ Integrated Budgeting and Accounting System (IBAS) সিস্টেমে অন্তর্ভুক্ত করে Wide Area Network (WAN)/CD/Pen-drive-এর মাধ্যমে সংশ্লিষ্ট সিএও অফিসে প্রেরণ করবে।

গ) বিভাগীয় অফিসসমূহ কর্তৃক প্রেরিত মাসিক হিসাবের সাথে সংযুক্ত ইস্যুকৃত চেকের তালিকা এবং ডিএও অফিস কর্তৃক WAN/CD/Pen-drive-এর মাধ্যমে প্রেরিত পরিশোধিত চেকের তালিকা সংশ্লিষ্ট সিএও অফিসের কম্পিউটার সিস্টেমে অন্তর্ভুক্ত করে স্বয়ংক্রিয়ভাবে মিলিয়ে দেখার ব্যবস্থা নিতে হবে। এ ক্ষেত্রে কোন অনিয়ম/ভুল ধরা পড়লে তা অবিলম্বে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসের নজরে এনে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা নিতে হবে। সিএও ব্যক্তিগতভাবে এ বিষয়টি সরাসরি তদারকি করবেন।

০৩। সিএও অফিস নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে বিভাগীয় অফিসসমূহকে নুতন চেক বই ইস্যু করবে। এ ক্ষেত্রে সিএও'র সরাসরি অনুমোদন ব্যতীত অন্য কোন অধস্তন কর্মকর্তার অনুমোদনে চেক বই ইস্যু করা যাবে না।

- সংশ্লিষ্ট অফিস নির্দিষ্ট সময়ের মধ্যে মাসিক হিসাব প্রেরণ করে কি না;
- বাজেট অতিরিক্ত ব্যয় করা হয়েছে কি না;
- মাসিক হিসাবের সাথে বিধি মোতাবেক প্রেরিতব্য ভাউচার ও অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্র প্রেরণ করা হয় কি না;

- কোন মন্ত্রণালয়/ বিভাগ ও সরকারি ডিপার্টমেন্টের পক্ষে ব্যয় নির্বাহের জন্য কোন ডিভিশন প্রাপ্ত বাজেট কার্য সম্পাদন হবার পূর্বেই ট্রান্সফার এন্ট্রির মাধ্যমে অলীক (fictititous) ব্যয় দেখিয়ে ডিপোজিটে স্থানান্তর করেছে কি না;
- কোন ডিভিশন ঠিকাদারের প্রাপ্যের চেয়ে বেশি অঙ্কের বিল পাশ করে সরকারি বিধি লংঘনপূর্বক নির্দিষ্ট রেটের অতিরিক্ত রেটে retention money কর্তন দেখিয়ে পরবর্তী আর্থিক বছরে ব্যয় করার উদ্দেশ্যে Contractors' Security Deposit-এ জমা করে রেখেছে কি না;
- কোন ডিভিশন এটিসি/এটিডি ইস্যুর মাধ্যমে কার্য সম্পাদন হবার পূর্বেই অলীক(fictitious) ব্যয় দেখিয়ে সরকারি বাজেট বরাদ্দ অন্য কোন ডিভিশন-এর নিকট স্থানান্তর করেছে কি না; এবং
- মাসিক হিসাবের সাথে প্রেরীত ভাউচার যাচাইয়ের মাধ্যমে সিএও অফিস কর্তৃক চিহ্নিত অনিয়ম/ ভুল সংশ্লিষ্ট অফিস কর্তৃক সংশোধন করা হয়েছে কি না।

০৪। এ পরিপত্রে বর্ণিত পদ্ধতি ০১ জুলাই ২০০৭ হতে কার্যকর হবে।

মোহাম্মদ মুসলিম চৌধুরী
উপসচিব (ঋণ ব্যবস্থাপনা)
ফোন: ৭১৬ ৯৬০২

(দৃঃ আঃ জনাব খাজা মিয়াঁ, সিনিয়র সহকারী সচিব।)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/এনটিআর-৩/১০/০৭/(অংশ-২)/৩৫১ তারিখ: ৪/১০/২০০৭ খ্রীঃ

**বিষয়: বিটিটিবি'র কতিপয় চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পিটি/শাখা-৫/৪-১১/৯৮ (অংশ-২)-৩৬৯ তারিখ:০৩-০৯-২০০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বিটিটিবি'র (১) স্থানীয় কল চার্জ, (২) এনডাব্লিউডি কল চার্জ, (৩) টেলিফোনের বহিঃস্থানান্তর চার্জ, পুণঃসংযোগ চার্জ এবং নাম ও নম্বর ফি, (৪) লাইন রেন্ট, (৫) E1-Media চার্জ, (৬) STM-1(Synchronous Transform Mode-1) (আভ্যন্তরীণ), (৭) পয়েন্ট টু পয়েন্ট হটলাইন, (৮) DRMASS (Digital Radio Multiple Access) ও WLL (Wireless Local Loop) রেডিও টেলিফোন চার্জ পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

শামস্ আল-মুজাহিদ
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
ডাব ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব খাজা মিয়াঁ, সিনিয়র সহকারী সচিব।)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/এনটিআর/শা-৩/১০/০৭/(অংশ-২)-০৫ তারিখ:-১৭/০১/২০০৮ খ্রিঃ

**বিষয়: বিটিটিবি'র সাবমেরিন ক্যাবল ভিত্তিক Bandwidth চার্জ পুনঃনির্ধারণ অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ০১। নথি নং পিটি/শাখা-৬/ILDTS Policy-6/২০০৭-৫৪৭, তারিখ: ৩১/১২/২০০৭।
০২। নথি নং পিটি/শাখা-৬/ILDTS Policy-6/২০০৭-১১, তারিখ: ০৯/০১/২০০৮।

উপরোক্ত বিষয় ও সূত্রোদ্বয় পত্রের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত 'বিটিটিবি'র সাবমেরিন ক্যাবল ভিত্তিক Bandwidth চার্জ পুনঃনির্ধারণ' সংক্রান্ত নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| আইটেম সমূহের নাম | বিদ্যমান ফি/চার্জ | প্রস্তাবিত ফি/চার্জ |
|---|---|---|
| ক) **International Private Lease Circuit (IPLC) above 2 MBPS:**<br>১) Installation & Testing চার্জ<br>২) Authorised IIG সার্ভিস | ৯০,০০০/- টাকা<br>পূর্বে এই সার্ভিস ছিল না | ৭৫,০০০/- টাকা<br>STM-1 এর হারের ৬০% ডিসকাউন্ট |
| খ) **Tariff Related to BTTB Internet Service:**<br>১) Unlimited Package মাসিক চার্জ<br>২) Office Mate Package মাসিক চার্জ<br>৩) Office Pack মাসিক চার্জ | ১৪০০/- টাকা<br>১০০০/- টাকা<br>৭৫০/- টাকা | ১০০০/- টাকা<br>৭০০/- টাকা<br>৭০০/- টাকা |
| গ) **Leased Internet Access Above 2 MBPS. (Submarine Cable):**<br>১) Slab ভিত্তিক bandwidth সংস্হাপন চার্জ<br>২) Bandwidth ভিত্তিক মাসিক রেন্টাল চার্জ | সর্বনিম্ন ৩০,০০০/- টাকা<br>সর্বনিম্ন ৫৫,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ৭৫,০০০/- টাকা | ২০,০০০/- টাকা<br>সর্বনিম্ন ৩২,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ৪০,০০০/- টাকা |
| ঘ) **Leased Internet Access up to 2 MBPs through Submarine Cable:**<br>১) বাৎসরিক ভাড়া | সর্বনিম্ন ১,৬৫,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ১৯,২০,০০০/- টাকা | সর্বনিম্ন ৯৬,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ১৪,৪০,০০০/- টাকা |
| ঙ) **Co-Location Charges:**<br>Rack এর Space অনুযায়ী ভাড়ার<br>১) Full Rack-মাসিক<br>২) Half Rack-মাসিক<br>৩) Quarter Rack-মাসিক<br>৪) 1 unit (1.75') –মাসিক | পূর্বে এই সার্ভিস ছিল না | ৬৪০০/- টাকা।<br>৩৭০০/- টাকা।<br>২০০০/- টাকা।<br>৪০০/- টাকা (প্রতি অতিরিক্ত ইউনিট মাসিক ২২৫/- টাকা)। |
| চ) **Charges for STM-1**:<br>১) রেজিস্ট্রেশন ফি<br>২) Installation ও Testing ফি<br>৩) Bilateral Voice চার্জ | পূর্বে এই সার্ভিস ছিল না | ২০,০০০/- টাকা<br>১০,০০,০০০/- টাকা<br>৪০,০০০ মার্কিন ডলার |
| ছ) **Charges for STM-1 Internet Access through Satellite:**<br>১) এক MBPS থেকে ১৫ MBPS পর্যন্ত ব্যান্ডউইথ ভাড়ার রেজিস্ট্রেশন ফি<br>২) Installation ও Testing চার্জ<br>৩) মাসিক রেন্টাল চার্জ | পূর্বে এই সার্ভিস ছিল না | ১০,০০০/- টাকা<br>১০,০০০/- টাকা থেকে ৩০,০০০/- টাকা<br>১,০৫,০০০/- টাকা থেকে ১,১৫,০০০/- টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শামস্ আল-মুজাহিদ
উপ-সচিব।

সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জগন্নাথ দাস খোকন, উপ-সচিব, অধিশাখা-৬)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/বাঃএনটিআর/শা-৩/কো-৪৫/১(১০)/২০০৪/(অংশ-১)/০৬ তারিখ: ২৪/০১/২০০৮

**বিষয়: বাণিজ্যিক স্যুটিং ফি এবং স্যুটিং সংশ্লিষ্ট প্রবেশ ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃশা-১)৩১/২০০৪(অংশ-১)/২৪, তারিখ: ০৭/১০/২০০৮

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ‘বাণিজ্যিক স্যুটিং ফি এবং স্যুটিং সংশ্লিষ্ট যানবাহন প্রবেশ ফি পুনঃনির্ধারণ’ সংক্রান্ত নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | আইটেমসমূহের বিবরণ | বিদ্যমান হার | প্রস্তাবিত হার |
|---|---|---|---|
| ০১. | ক) বাগানে স্যুটিং ফি | ২০০০/- | ৭,০০০/- |
| | খ) ডেকে/জলপ্রপাতে/লেকে স্যুটিং ফি | ২০০০/- | |
| ০২. | মাইক্রোবাস/কোস্টার/পিকআপ ভ্যান প্রতিটির প্রবেশ ফি | ১০০/- | ২০০/- |
| ০৩. | জিপ গাড়ী/প্রাইভেট কার প্রতিটির প্রবেশ ফি | ৫০/- | ১০০/- |
| ০৪. | অটোরিক্সা/হোন্ডা ও রিক্সা ভ্যান প্রতিটির প্রবেশ ফি | - | ৫০/- |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শামস্ আল-মুজাহিদ
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩

সচিব,
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ বশীর উদ্দীন আহমেদ, উপ-সচিব (অধি-১)
পরিবেশ ও বন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-২।

নং-অম/অবি/এনটিআর-২/শ্রকম-৯/২০০৬-০৮ তারিখ: ৩১/০১/২০০৮ খ্রিঃ

**বিষয়: কারখানা লাইসেন্স ফি ও নবায়ন ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত।**

সূত্র: নথি নং-শ্রকম/শা-৬/কালাফি-১/২০০৮ এর ৮৫-৯০ নোটাংশ।

সূত্রোক্ত নথির বিষয়বস্তু অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের আওতাধীন কারখানা লাইসেন্স ফি ও নবায়ন ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

**ক) লাইসেন্স ফি ও নবায়ন ফি:**

| কারখানার শ্রেণী | শ্রমিক সংখ্যা | বিদ্যমান ফি (১৯৯১) | | প্রস্তাবিত ফি | |
|---|---|---|---|---|---|
| | | লাইসেন্স ফি | নবায়ন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি |
| 'এ' | ১০-৩০ | ৮০/- | ১৬/- | ১৬০/- | ৩০/- |
| 'বি' | ৩১-৫০ | ২০০/- | ৪০/- | ৪০০/- | ৮০/- |
| 'সি' | ৫১-১০০ | ৪০০/- | ৮০/- | ৮০০/- | ১৬০/- |
| 'ডি' | ১০১-২০০ | ৬০০/- | ১২০/- | ১২০০/- | ২৪০/- |
| 'ই' | ২০১-৩০০ | ৮০০/- | ১৬০/- | ১৬০০/- | ৩২০/- |
| 'এফ' | ৩০১-৫০০ | ১৪০০/- | ২৮০/- | ২৮০০/- | ৫৬০/- |
| 'জি' | ৫০১-৭৫০ | ১৬০০/- | ৩২০/- | ৩২০০/- | ৬৪০/- |
| 'এইচ' | ৭৫১-১০০০ | ২০০০/- | ৪০০/- | ৪০০০/- | ৮০০/- |
| 'আই' | ১০০০-এর উর্ধ্বে | ২৪০০/- | ৪৮০/- | ৪৮০০/- | ৯৬০/- |

**খ) লাইসেন্স সংশোধনী ফি ও ডুপ্লিকেট লাইসেন্স ফি:**

| আইটেম | বিদ্যমান ফি (১৯৯১) | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| লাইসেন্স সংশোধনী ফি | ৪০/- | ৮০/- |
| ডুপ্লিকেট লাইসেন্স ফি | ২০/- | ৪০/- |

০২। উক্ত বিষয়ে প্রজ্ঞাপন জারির পর ইহার অনুলিপি অর্থ বিভাগের অবহিতির জন্য প্রেরণের অনুরোধ করা হলো।

০৩। এতদসংক্রান্ত বিষয়ে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমার খাতসমূহ হবে নিম্নরূপঃ

ক) কলকারখানা লাইসেন্স ফি, লাইসেন্স নবায়ন ফি, লাইসেন্স সংশোধন ফি ও ডুপ্লিকেট লাইসেন্স ফি জমার খাত: ১-৩১৪৩-০০০০-১৮৫৪;

খ) জরিমানা ও দন্ড ফি জমার খাত: ১-৩১৪৩-০০০০-১৯০১ এবং

গ) অন্যান্য/বিবিধ ফি জমার খাত: ১-৩১৪৩-০০০০-২৬৮১।

মাহমুদুল হক
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৩৮।

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সুশান্ত কুমার সাহা, উপ-সচিব, অধিশাখা-৬)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
<u>বাস্তবায়ন ও প্রবিধি অধিশাখা-৩</u>

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০৪/৮৭/২০ তারিখ: ১৬/০৩/২০০৮ ইং

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতাধীন জাদুঘর ও প্রত্নস্থলসমূহের প্রবেশ মূল্য পুনঃনির্ধারণের বিষয়ে সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: সবিম/ শাখা-৬/ প্রত্নঃ-১০/২০০০ (অংশ)/৯২ তারিখ: ১২/০২/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ১২টি জাদুঘর ও প্রত্নস্থলসমূহের প্রবেশ মূল্য নিম্নবর্ণিত হারে পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | প্রত্নস্থল ও জাদুঘরের নাম | দেশী পর্যটকদের জন্য (সার্কভুক্ত দেশসহ) | বিদেশী পর্যটকদের জন্য (সার্কভুক্ত দেশ বাদে) |
|---|---|---|---|
| ১ | লালবাগ দুর্গ | ১০.০০ | ১০০.০০ |
| ২ | ময়নামতি জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |
| ৩. | সালবন বিহার | ১০.০০ | ১০০.০০ |
| ৪ | পাহাড়পুর জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |
| ৫ | তাজহাট জমিদার বাড়ী/ রংপুর জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |
| ৬ | খুলনা জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |
| ৭ | ষাট গম্বুজ মসজিদ এলাকা | ১০.০০ | ১০০.০০ |
| ৮ | চট্রগ্রাম জাতিতাত্ত্বিক জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |
| ৯ | রবীন্দ্র কুঠিবাড়ী | ১০.০০ | ১০০.০০ |
| ১০ | মাইকেল মধুসদন দত্ত বাড়ী | ১০.০০ | ১০০.০০ |
| ১১ | কাচারী বাড়ী, শাহজাদপুর | ১০.০০ | ১০০.০০ |
| ১২ | মহাস্থান জাদুঘর | ১০.০০ | ১০০.০০ |

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন -৭১৭০১৭৪

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ জনাব আবু হেনা মোস্তফা কামাল, সিনিয়র সহকারী সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/বাঃএনটিআর/শা-৩/কো-৪৫/১(১০)/২০০৪/(অংশ-১)/২৩ তারিখ: ২৪/০৩/০৮

**বিষয়: চট্টগ্রাম সীতাকুন্ডস্থ বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কে গাড়ী পার্কিং ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃশা-১)৩১/২০০৪(অংশ-১)/২৬২, তারিখ: ২৮/০২/২০০৮

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত 'চট্টগ্রাম সীতাকুন্ডস্থ বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কে গাড়ী পার্কিং নির্ধারণ' বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | যানবাহনের বিবরণ | প্রস্তাবিত পার্কিং ফি |
|---|---|---|
| ১। | বাস | ১৫০/- টাকা |
| ২। | কার/জিপ/মাইক্রোবাস | ১০০/- টাকা |
| ৩। | টেক্সি/টেম্পো | ৫০/- টাকা |
| ৪। | মটর সাইকেল | ৩০/- টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শামস্ আল-মুজাহিদ
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩

সচিব,
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃআঃ জয়ন্তী সান্যাল, সিনিয়র সহকারী সচিব, অধিশাখা-১)
পরিবেশ ও বন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/সঋব্য/এনটিআর/শা-৩/কো-৪৫/১(১০)/২০০৪-২৭ তারিখ: ০২/০৪/২০০৮

**বিষয়: বন বিশ্রামাগার ও পিকনিক স্পটের ভাড়া/সার্ভিস চার্জ নির্ধারণ/ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃশা-১)১৪৭/২০০৭/২৩৭, তারিখ: ১৮/০২/২০০৮ খ্রিঃ

সূত্রোক্ত স্মারকের বিষয়ানুযায়ী রাজেশপুর বনশ্রী বিশ্রামাগারের ভাড়ার হার পুনঃনির্ধারণ এবং রাজেশপুর পিকনিক স্পটের ভাড়ার হার নির্ধারণে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | বিশ্রামাগার/পিকনিক স্পটের নাম | বর্তমান হার | প্রস্তাবিত হার |
|---|---|---|---|
| ০১। | রাজশপুর বনশ্রী বিশ্রামাগার | ৪০০/- টাকা | ১,৫০০/- টাকা |
| ০২। | রাজশপুর পিকনিক স্পট | নাই | ১,০০০/- টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মাহমুদুল হক
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৩৮

সচিব,
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ বশীর উদ্দীন আহমেদ, উপ-সচিব (বন অধিশাখা-১))
পরিবেশ ও বন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/১০/০৭/(অংশ-২)/৪৪ তারিখ: ১৮/০৫/২০০৮ খ্রিঃ

**বিষয়: বিটিটিবি'র কতিপয় চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পিটি/শাখা-৫/৪-১১/৯৮(অংশ-২)/২৬৯; তারিখ: ২৭/০৪/২০০৮ খ্রিঃ

সূত্রোক্ত পত্রের বিষয়বস্তুর আলোকে, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের 'বিটিটিবি'র কতিপয় চার্জ পুনঃনির্ধারণ' সংক্রান্ত নিম্নোক্ত প্রস্তাবে নিদের্শক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| Call type | Present tariff | Proposed traiff of BTTB | Proposed Tarrif of MoPT | |
|---|---|---|---|---|
| | | | Peak | Offpeak |
| BTTB to BTTB Local call (call within same district) | Tk. 1.50 per unit of 7 to 10 minutes which comes Tk.0.21 and Tk.0.15 per minutes | Tk. 0.20 per minute | Tk. 0.15 per minutes | Tk. 0.10 per minutes |
| BTTB to BTTB within Multiexchange area | Tk. 1.50 per 5 to 8 minutes which comes Tk.0.30 and Tk.0.19 per minutes | Tk. 0.25 per minutes | Tk. 0.15 per minutes | Tk. 0.10 per minutes |
| BTTB to BTTB NWD (Inter –zonal) | Tk. 1.50 per minute | Not proposed | Tk. 1.00 per minutes | Tk. 0.70 per minutes |
| BTTB to other operators (PSTN) | Tk.1.50 per minute | Tk.1.00 per minute | Tk. 0.80 per minutes | Tk. 0.70 per minutes |
| BTTB to other operators (Mobile) | Tk. 1.50 per minute | Tk. 1.00 per minute | Tk. 1.00 per minutes | Tk. 0.70 per minutes |
| Line Rent:<br>1.Dhaka/ Chittagong | Tk. 80/- | Tk. 80/- + 50 local call free | Same as BTTB | |
| 2.Division/District | Tk. 70/- | Tk. 70/- + 100 local call free | Same as BTTB | |
| 3.Upozilla & growth center | Tk. 50/- | Tk. 50/- + 100 local call free | Same as BTTB | |
| Installation charge:<br>1.Dhaka/ Chittagong<br>2.Division/District<br>3.Upozilla & growth center | Tk. 5,860<br>Tk. 3,840<br>Tk. 2,300 | Same as MopT except Dhaka Multi Exchange area | Dhaka (Connection charge 1000+security deposit+1000) =Tk.2000<br>Chittagong (Connection charge 500+security deposit+500) =Tk.1000<br>Div/Dist/UZ(Connection charge 300+security deposit+300) =Tk.600 | |
| Internet | TK.2000 | Free | No Connection charge | No Connection charge |
| 1.One time royalty Charge for PABX Board. | 10% of Board Value | 5% of Board Value | Same as BTTB | |
| 2.Charge for converting Direct to junction number | Tk. 7500 | Tk.1000 | Same as BTTB | |
| 3. Charge for converting junction Number to Direct number | Tk. 7500 | Free | Same as BTTB | |
| 4. One time royalty charge for using Fax. | Tk.10000 | Free | Same as BTTB | |

২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মাহমুদুল হক
উপ-সচিব

সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব খাজা মিয়া, সিনিয়র সহকারী সচিব।)

**<u>‘একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত’</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
<u>নন-ট্যাক্স রেভিনিউ শাখা - ১</u>

স্মারক নং-অম/অবি/এনটিআর/শাখা-১/২০০৩/২৬ তারিখ: ২২/০৫/২০০৮ খ্রিঃ।

**বিষয়:- খসড়া ‘কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০০৮’ এ প্রস্তাবিত বিভিন্ন ফি নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের পত্র নং-তম/টিভি-২/১০(৮)/২০০৭/২৮, তারিখ: ০৩/০২/২০০৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তথ্য মন্ত্রণালয় হতে প্রেরিত খসড়া ‘কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০০৮’ এর আওতায় নিম্নোক্ত ফিসমূহ নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হ’ল:

| আইটেমের বিবরণ | অপারেটরের ক্যাটাগরি ও এলাকার বিবরণ | তথ্য মন্ত্রণালয়ের প্রস্তাব | | অর্থ বিভাগের সম্মতি | |
|---|---|---|---|---|---|
| | | বাৎসরিক ফি (টাকায়) | মাসিক সারচার্জ (টাকায়) | বাৎসরিক ফি (টাকায়) | মাসিক সারচার্জ (টাকায়) |
| প্রসেস ফি (নতুন) | ১। ফিড অপারেটর | ১,০০০/- | | ১,০০০/- | |
| | ২। কেবল্ অপারেটর | ২,০০০/- | - | ২,০০০/- | - |
| | ৩। এম এস ও | ১০,০০০/- | | ১০,০০০/- | |
| | ৪। কেবল্ ডিস্ট্রিবিউটর | ১০,০০০/- | | ১০,০০০/- | |
| লাইসেন্স ফি | ১। ফিড অপারেটর | | | | |
| | বিভাগীয় শহর | ৮,০০০/- | ২০০/- | ৮,০০০/- | ৪০০/- |
| | বিভাগীয় শহরের বাহিরে | ৫,০০০/- | ২০০/- | ৫,০০০/- | ৩০০/- |
| | জেলা শহর ব্যতীত অন্যান্য এলাকা | ৩,০০০/- | ২০০/- | ৩,০০০/- | ২০০/- |
| | ২। কেবল অপারেটর: | | | | |
| | বিভাগীয় শহর | ২৫,০০০/- | ৩০০/- | ২৫,০০০/- | ৫০০/- |
| | বিভাগীয় শহরের বাহিরে | ১৫,০০০/- | ৩০০/- | ১৫,০০০/- | ৪০০/- |
| | ৩। এম এস ও | ৫০,০০০/- | ১,০০০/- | ৫০,০০০/- | ১,০০০/- |
| | ৪। কেবল ডিস্ট্রিবিউটর **(প্রতিটি বিদেশী পে-চ্যানেলের জন্য)** | ১,৫০,০০০/- | ১,৫০০/- | ১,৫০,০০০/- | ১,৫০০/- |
| নবায়ন ফি | লাইসেন্সের মেয়াদ ২ বছর বিধায় আলাদাভাবে নবায়ন ফি নির্ধারণ করা হয়নি | | | | |
| ডুপ্লিকেট লাইসেন্স ফি (নতুন) | ১। ফিড অপারেটর | ২০০/- | | ২০০/- | |
| | ২। কেবল অপারেটর | ২০০/- | | ২০০/- | |
| | ৩। এম এস ও | ২০০/- | | ২০০/- | |
| | ৪। কেবল ডিস্ট্রিবিউটর | ২০০/- | | ২০০/- | |

০২। উপরোক্ত ফি নির্ধারণের আদেশ/ পরিপত্র/ প্রজ্ঞাপন জারিপূর্বক অর্থ বিভাগের অত্র শাখায় অনুলিপি প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, টিভি-২ শাখা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-২ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-২/১(৩)/২০০৮-২৪ তারিখ: ২২/০৫/২০০৮ খ্রিঃ

**বিষয়: বয়লার সংক্রান্ত কতিপয় ফিস পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: শিম/অধি-বিবিধ/বয়লার-৭/২০০২/৪১; তারিখ: ১০/০৪/২০০৮ খ্রিঃ।

সূত্রোক্ত পত্রের বিষয়বস্তুর আলোকে শিল্প মন্ত্রণালয়ের প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের বয়লার সংক্রান্ত কতিপয় ফিস পুনঃনির্ধারণের নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

ক) পরিদর্শন ফিসঃ

| ক্রমিক নম্বর | বয়লার রেটিং (বর্গ ফুট) | বিদ্যমান ফিস (টাকায়) (২০০০ হতে কার্যকর) | প্রস্তাবিত ফিস (টাকায়) |
|---|---|---|---|
| ১. | < ১০০ | ১৮০০/- | ২৫০০/- |
| ২. | ১০১-৩০০ | ২৪০০/- | ৩৫০০/- |
| ৩. | ৩০১-৫০০ | ৩৩০০/- | ৪৫০০/- |
| ৪. | ৫০১-৭০০ | ৩৫০০/- | ৫০০০/- |
| ৫. | ৭০১-৯০০ | ৪০০০/- | ৫৫০০/- |
| ৬. | ৯০১-১১০০ | ৪২০০/- | ৬০০০/- |
| ৭. | ১১০১-২০০০ | ৪৫০০/- | ৬৫০০/- |
| ৮. | ২০০১-৪০০০ | ৪৮০০/- | ৭০০০/- |
| ৯. | ৪০০১-৬০০০ | ৫১০০/- | ৭৫০০/- |
| ১০. | ৬০০১-৮০০০ | ৫৩০০/- | ৮০০০/- |
| ১১. | ৮০০১-১০,০০০ | ৫৫০০/- | ৮৫০০/- |
| ১২. | > ১০,০০০ | ৫৭০০/- | ৯০০০/- |

খ) অন্যান্য ফিসঃ

| ক্রমিক নম্বর | বিবরণ | বিদ্যমান ফিস (টাকায়) | প্রস্তাবিত ফিস (টাকায়) |
|---|---|---|---|
| ক. বয়লার সংক্রান্ত | | (১৯৬১ হতে কার্যকর) | |
| ১) | ডুপ্লিকেট সার্টিফিকেট | ৩/- | ৫০০/- |
| ২) | রেজিস্টেশন বই | ৫/- | ১০০০/- |
| ৩) | সাপ্তাহিক ও অন্যন্য ছুটির দিনে পরিদর্শন | ৫০/- | ২০০০/- |
| খ. বয়লার পরিচারক সংক্রান্ত (২০০০ হতে কার্যকর) | | | |
| ১. | যোগ্যতার সার্টিফিকেটের জন্য | | |
| ১) | ১ম শ্রেণীর পরীক্ষা | ৫০০/- | ৮০০/- |
| ২) | ২য় শ্রেণীর পরীক্ষা | ৩০০/- | ৫০০/- |
| ২. | ডুপ্লিকেট সার্টিফিকেট | ২০০/- | ৩০০/- |
| ৩. | বিনিময় সার্টিফিকেট | ২০০/- | ৩০০/- |
| ৪. | সার্ভিস সার্টিফিকেটের জন্য | | |
| ১) | ১ম শ্রেণীর পরীক্ষা | ৫০০/- | ৮০০/- |
| ২) | ২য় শ্রেণীর পরীক্ষা | ৩০০/- | ৫০০/- |

২। এতদসংক্রান্ত বিষয়টি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মাহমুদুল হক
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৩৮।

সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
(দৃঃ আঃ জনাব মোঃ আবুল কাশেম, উপ-সচিব)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ শাখা - ১

স্মারক নং-অম/অবি/এনটিআর/শা-১/পাসপোর্ট-৫/২০০২/৩২ তারিখ: ১২/০৬/০৮ খ্রিঃ।

**বিষয়: আমেরিকান নাগরিকদের নিকট হতে ভিসা ফি আদায় প্রসঙ্গে।**

সূত্র: স্বঃমঃ/বহি-২/১সি-৬/২০০৮/৩৬২, তারিখ: ১৫/০৪/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে আগমনেচ্ছু আমেরিকান নাগরিকগণের ক্ষেত্রে ভিসা ফি ও ভিসার মেয়াদ বৃদ্ধি ফি ১০০ মার্কিন ডলার/সমপরিমাণ টাকা হতে বৃদ্ধিপূর্বক ১৩১ মার্কিন ডলার/সমপরিমাণ টাকায় পুনঃনির্ধারণ ও তা আদায়ের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০

সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বহিরাগমন শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/বিধি-৬/প্রঃমঃ/ভাতা-১০/২০০৭/৬২ তারিখ: ১৪/০৭/২০০৮ খ্রিঃ

**বিষয়: সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজ এর ষ্টাফ কোর্সে অংশ গ্রহণকারী পাকিস্তান সশস্ত্র বাহিনীর ছাত্র অফিসারদের প্রদেয় সুযোগ-সুবিধা আর্থিক অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-২/বিবিধ-১/২০০৭/ ষ্টাফ (ছায়া নথি)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজ এর ষ্টাফ কোর্সে অংশ গ্রহণকারী পাকিস্তান সশস্ত্র বাহিনীর ছাত্র অফিসারদের টিউশন ফি, বাসস্থান ভাড়া অভ্যন্তরীণ শিক্ষা সফর, বৈদেশিক সফর, গ্যাস ও বিদ্যুৎ সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত ছকে সুবিধাদির প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল:

| ক্র: নং | বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে প্রদত্ত সুবিধাদি | বর্তমানে প্রদত্ত | প্রস্তাবনা অনুযায়ী (২০০৮-২০০৯) সাল ও তৎপরবর্তী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | টিউশন ফি | ফ্রি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৮/৯/১৯৮৭ তারিখের পত্র নং-৩-প্র-১/৮৬/ ডি-২/ অংশ-১/৯০৩ অনুযায়ী। | ফ্রি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৮/৯/১৯৮৭ তারিখের নং-৩-প্র-১/৮৬/ ডি-২/ অংশ-১/৯০৩ অনুযায়ী। | - |
| ২ | বাসস্থান | বিনামূল্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৮/৯/১৯৮৭ তারিখের পত্র নং-৩-প্র-১/৮৬/ ডি-২/ অংশ-১/৯০৩ অনুযায়ী। | মাসিক সর্বোচ্চ ৮০ (আশি) মা: ডলার হিসাবে গ্রহণ করা হবে। | আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা হবে। |
| ৩ | আহার ভাতা | জনপ্রতি মাসিক ৬,০০০/- টাকা | জনপ্রতি মাসিক ৬০০০/- টাকা অর্থ বিভাগের অম/ অবি/ বিধি-৬/ প্রঃমঃ/ ভাতা/১০/২০০৭/১০৮, তারিখ: ২৭/০৮/২০০৭ খ্রিঃ | - |
| ৪ | অভ্যন্তরীণ শিক্ষা সফর (যদি অনুষ্ঠিত হয়) | দেশের অভ্যন্তরে কলেজের কাজে ফ্রি যাতায়াত ব্যবস্থা। | শিক্ষা সফরের অনুষাংগিক ব্যয় বাবদ ৪৫০/- মা: ডলার অথবা প্রকৃত খরচ (সার্ভিস যানবাহন খরচ বাদে) গ্রহণ করা হবে। | আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা হবে। |
| ৫ | বৈদেশিক শিক্ষা সফর (যদি অনুষ্ঠিত হয়) | বর্তমানে প্রচলিত নাই। | এ বাবদ ৬০০০/- টাকা মা: ডলার পাকিস্তান সরকার প্রদান করবে (যা হতে বাংলাদেশী টাকায় ৫০,০০০/- টাকা সমন্বয় করতে হবে)। | |
| ৬ | গ্যাস, পানি ও বিদ্যুৎ। | সরকারি হারে আদায় করা হয়। | গ্যাস, পানি ও বিদ্যুৎ এর জন্য পৃথকভাবে প্রত্যেকটির প্রকৃত বিল থেকে মাসিক ১৫০০/- টাকার অতিরিক্ত অর্থ আদায় করা হবে। | |

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
<u>নন-ট্যাক্স রেভিনিউ, শাখা-১</u>

নং-অম/অবি/এনটিআর/শা-১/স্বরাষ্ট্র -৯/২০০২/৪৬ তারিখ:- ৩০/০৭/২০০৮খ্রিঃ।

**বিষয়: আগ্নেয়াস্ত্র লাইসেন্সের অনুলিপি (ডুপ্লিকেট) লাইসেন্স ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সুত্রঃ- নথি নং-বিধি-১২(২)/২০০৮(রাজ-৪), তারিখ:- ১৭-০৩-২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত ‘অস্ত্র বিধিমালা, ১৯২৪’ এর বিধি ৪৭(বি) সংশোধনপূর্বক আগ্নেয়াস্ত্র লাইসেন্সের অনুলিপি ফি ১ (এক) টাকার পরিবর্তে ৫০০/- (পাঁচশত) টাকা পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

২. এতদসঙ্গে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নথি নং-বিধি-১২(২)/২০০৮(রাজ-৪), তারিখ:- ১৭-০৩-২০০৮ ফেরত প্রদান করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০।

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
(দৃঃ আঃ উপ-সচিব, রাজ শাখা-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-৩

নং-অম/অবি/এনটিআর-৩/১৪/২০০২-০৭/৬৪ তারিখ: ১০/০৮/২০০৮ খ্রিঃ

**বিষয়: চালকল লাইসেন্স ফি এর পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: নং-খাদুব্যম/সর-১/নিষ্পত্তি-২/০৮/২৮০; তারিখ: ২৯/০৭/২০০৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত 'চালকল লাইসেন্স ফি এর পুনঃনির্ধারণসংক্রান্ত' নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | চালকলের ধরন | বিদ্যমান লাইসেন্স ফি (টাকায়) | প্রস্তাবিত লাইসেন্স ফি (টাকায়) | বিদ্যমান নবায়ন ফি (টাকায়) | প্রস্তাবিত নবায়ন ফি (টাকায়) | প্রস্তাবিত ডুপ্লিকেট লাইসেন্স ফি |
|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর চালকল | ১,০০০/- | ২,০০০/- | ৫০০/- | ১,০০০/- | নূতন লাইসেন্স ফির ২০% |
| ২। | অটোমেটিক চালকল | ১,০০০/- | ২,০০০/- | ৫০০/- | ১,০০০/- | নূতন লাইসেন্স ফির ২০% |
| ৩। | হাস্কিং চালকল | ৫০০/- | ১,০০০/- | ২০০/- | ৫০০/- | নূতন লাইসেন্স ফির ২০% |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শামস্ আল-মুজাহিদ
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব মোঃ সানোয়ার আলী, উপ-সচিব, সরবরাহ-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারিও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-২ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-২/১(৮/৩)/২০০৮-১৩৭ তারিখ: ০৩/১১/২০০৮ খ্রিঃ

**বিষয়: সোসাইটি রেজিস্ট্রেশন সংক্রান্ত ফিস পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের ছায়া নথি নং-বাম/টিও-১/বিবিধ-৩/২০০১।

সূত্রোক্ত নথির বিষয়বস্তুর আলোকে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরের সোসাইটি রেজিস্ট্রেশন সংক্রান্ত কতিপয় ফিস পুনঃনির্ধারণের নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

**রেজিস্ট্রারকে প্রদেয় ফিসঃ**

| দফা | বিদ্যমান ফিসের হার (১৯৭৮ হতে কার্যকর) | প্রস্তাবিত ফিসের হার |
|---|---|---|
| ১. সোসাইটি নিবন্ধনের জন্য | ২৫০/- টাকা | ২৫০০/- টাকা |
| ২. সংঘস্মারক ও গঠনতমএ ব্যতীত যে কোন দলিল দাখিলের জন্য | ১০/- টাকা | ১০০/- টাকা |
| ৩. যে কোন দলিল পরিদর্শনের জন্য | ৫/- টাকা | ১০০/- টাকা |
| ৪. নিবন্ধন সনদের অনুলিপির জন্য | ১০/- টাকা | ১০০/- টাকা |
| ৫. যে কোন দলিলের অনুলিপির জন্য | সর্বনিম্ন ১০/- টাকা ফিস প্রদান সাপেক্ষে দলিলের নকল গ্রহণের জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ১/- টাকা করে ফিস দিতে হবে। | সর্বনিম্ন ১০০/- টাকা ফিস প্রদান সাপেক্ষে দলিলের নকল গ্রহণের জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ৫/- টাকা করে ফিস দিতে হবে। |
| ৬. যে কোন দলিল মিলিয়ে দেখার জন্য | সর্বনিম্ন ৫/- টাকা ফিস প্রদান সাপেক্ষে দলিলের নকল গ্রহণের জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ৫০ পয়সা করে ফিস দিতে হবে। | সর্বনিম্ন ৫০/- টাকা ফিস প্রদান সাপেক্ষে দলিলের নকল গ্রহণের জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ৫/- টাকা করে ফিস দিতে হবে। |
| ৭. নামের ছাড়পত্রের জন্য | বিধান নেই | ১০০/- টাকা |
| ৮. কোন দলিলাদি/বিবরণীর নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর ইহা দাখিলের জন্য | বিধান নেই | সর্বোচ্চ ২৫০/- টাকা ফিস প্রদান সাপেক্ষে প্রত্যেক দিনের বিলম্বের জন্য ১.০০ টাকা করে ফিস দিতে হবে। |

০২। প্রচলিত বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে এতদ্বসংক্রান্ত বিষয়ে সংশোধিত অধ্যাদেশ জারিপূর্বক অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মাহমুদুল হক
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৩৮।

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/১০/০৭(অংশ-৮)/৮৪ তারিখ: ৩১/১২/২০০৮ খ্রিঃ

**বিষয়: বৈদেশিক মনি অর্ডারের ক্ষেত্রে রিস্ক চার্জ কর্তন প্রসঙ্গে।**

সূত্র: ডাক বিভাগের পত্র নং-আই আর ২৫-২/২০০৪/৮২/৫১৩; তারিখ: ০৭/০৫/২০০৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ ডাক বিভাগের বৈদেশিক মনি অর্ডারের ক্ষেত্রে রিস্ক চার্জ ০.০৪ (চার পয়সা) টাকার স্থলে ০.৫০ (পঞ্চাশ পয়সা) টাকা হারে কর্তন সংক্রান্ত প্রস্তাবে, নির্দেশক্রমে অর্থ বিভাগের ঘটনাত্তোর সম্মতি প্রদান করা হলো।

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শামসুল আলম ভূঁইয়া
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মিসেস মমতাজ বেগম, উপ-সচিব, অধিশাখা-৭)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/কো-৪৫/১(১০)/২০০৪/(অংশ-২)/১৬ তারিখ: ২৯/০৩/২০০৯ খ্রিঃ

**বিষয়: পরিবেশ ও বন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'নিসর্গ সহায়তা' প্রকল্পের আওতায় 'রক্ষিত এলাকা হতে রাজস্ব আদায় ও আদায়কৃত রাজস্বের শতকরা ৫০ ভাগ অনুদান হিসেবে প্রাপ্তব্য বরাদ্দের ব্যয় ও হিসাবায়ন সংক্রান্ত নির্দেশিকা' অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: পবম/পরিশা-৪/নিসর্গ/স্টিং/২০০৬/৮১; তারিখ: ০১/০৩/২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'নিসর্গ সহায়তা' প্রকল্পের আওতায় রক্ষিত এলাকা হতে রাজস্ব আদায় ও আদায়কৃত রাজস্বের শতকরা ৫০ ভাগ অনুদান হিসেবে প্রাপ্তব্য বরাদ্দের ব্যয় ও হিসাবায়ন সংক্রান্ত নির্দেশিকায় উল্লেখিত শর্তাবলীর প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো। প্রবেশ ফি ও অন্যান্য ফি বাবদ আদায়কৃত সমুদয় অর্থ আঞ্চলিক কার্যালয়সমূহের বিবিধ রাজস্ব ও প্রাপ্তি খাতে অর্থাৎ ১-৪৫৩৩-০০০০-২৬৮১ নম্বর কোডে জমা প্রদান করতে হবে।

০২। বিষয়টি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০।

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ- জনাব মোঃ সাইফুর রহমান, সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৪।)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/কো-৪৫/১(১০)/২০০৪(অংশ-১)/২০ তারিখ: ১২/০৪/২০০৯ খ্রিঃ

**বিষয়: ‘বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে ইকো-পার্ক নির্মাণ’ শীর্ষক কর্মসূচির অনুকূলে প্রবেশ ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পবম/পরিশা-৪/১২৬/যমুনা সেতু/২০০৭/৩৮; তারিখ: ২৭/০১/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ‘বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে ইকো-পার্ক নির্মাণ’ শীর্ষক কর্মসূচির অনুকূলে প্রবেশ ফি আদায় সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতির প্রদান করা হলো:

| **অর্থ বিভাগের প্রস্তাব** | | |
|---|---|---|
| ক্রমিক নং | ব্যবহারকারীর নাম | প্রবেশ/দর্শনী ফি এর হার |
| ১. | প্রতিজনের প্রতিবারের জন্য প্রবেশ ফি | ৫/- (পাঁচ) টাকা |
| ২. | ছাত্র/ছাত্রীদের প্রতিজনের প্রতিবারের জন্য প্রবেশ ফি | ৩/- (তিন) টাকা |
| ৩. | পর্যবেক্ষণ টাওয়ারে প্রতিজনের প্রতিবার উঠা বাবদ ফি | ২/- (দুই) টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শামসুল আলম ভূঁইয়া
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মোঃ সাইফুর রহমান,সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৪)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/পরিবেশওবন/রেট/০১/০৯/৩৩ তারিখ: ১৯/০৫/২০০৯ খ্রিঃ

**বিষয়: চট্টগ্রামসহ বন গবেষণাগারের প্রস্তাবিত সার্ভিসিং চার্জ এর হার অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃ শাঃ-১)১৪১/২০০৭/২৪৫; তারিখ: ০৬/০৪/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত চট্টগ্রামসহ বন গবেষণাগারের প্রস্তাবিত সার্ভিসিং চার্জ নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| | | |
|---|---|---|
| ক) | প্লেনার নাইফ প্রতিটির সার্ভিসিং | ১০.০০ টাকা |
| খ) | সার্কুলার 'স' ব্লেড সার্পেনিং প্রতিটি | ৩০.০০ টাকা |
| গ) | বেন্ড 'স' ব্লেড জোড়া দেওয়া প্রতিটি | ১০০.০০ টাকা |
| ঘ) | বেন্ড 'স' ব্লেড সার্পেনিং দেওয়া প্রতিটি | ৫০.০০ টাকা |
| ঙ) | কার্বাইড সার্কুলার ব্লেড সার্পেনিং (প্রতিটি ১২ - ১৬) | ৮০.০০ টাকা |
| চ) | রোটার কাটার (ছোট সাইজ) ধার প্রতিটি | ৬০.০০ টাকা |
| ছ) | রোটার কাটার (বড় সাইজ) ধার প্রতিটি | ৭০.০০ টাকা |
| জ) | মোল্ডার কাটার ধার প্রতিটি | ১৮০.০০ টাকা |
| ঝ) | মোল্ডার কাটার ধার (বড় সাইজ) প্রতিটি | ২০০.০০ টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব, বন শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর-৩/টিএন্ডটি(পোষ্টাল)/০২/০৯/৪২ তারিখ: ০১/০৯/২০০৯ খ্রিঃ

**বিষয়: EMO (Electronic Money Order) এর মাধ্যমে Remittance প্রেরণের সর্বোচ্চ সীমা ও কমিশন/ ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পিটি/শাখা-৭/এম-২১/২০০৮-২২৬; তারিখ: ২০/০৫/২০০৯ খ্রিঃ

সূত্রোক্ত পত্রের বিষয়বস্তুর আলোকে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| নং | বিবরণ | কমিশনের পরিমাণ |
|---|---|---|
| ১. | প্রতি ১০০০/- (এক হাজার) টাকা বা অংশ বিশেষের জন্য | ১০/- (দশ) টাকা |
| ২. | EMO প্রতি ডকুমেন্টেশন চার্জ | ৫০/- (পঞ্চাশ) টাকা |
| ৩. | একক ফরমে মনি অর্ডারের সর্বোচ্চ সীমা ১,০০,০০০/- | - |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মোসাঃ ইসমত আরা জাহান, উপ-সচিব, অধিশাখা-৭)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/ঋনব্যঃবিঃ/এনটিআর-৩/কো-৪৫/১(১০)/২০০৪/৫৩ তারিখ: ২৬/১০/২০০৯ খ্রিঃ

**বিষয়: পরিবেশ ও বন মন্ত্রণালয়ের কতিপয় রাজস্ব ফি বৃদ্ধির প্রস্তাবে সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃশা-১)৩৯/২০০২/১৭১; তারিখ: ০৮/০৩/২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের কতিপয় বনজ দ্রব্যের রাজস্ব হার/ফি বৃদ্ধির (তালিকা সংযুক্ত) প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জাহিদ হোসেন মুন্সী, সিঃ সহঃ সচিব, বন শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ (এনটিআর) শাখা-১
http://www.mof.gov.bd

স্মারক নং-অম/অবি/এনটিআর/শাখা-১/সঃকর্মঃকঃ-৪৮/৯৯/১৪৯ তারিখ: ১৭/১১/২০০৯ খ্রিঃ।

**বিষয়: বিসিএস পরীক্ষার প্রার্থীদের নম্বরপত্র প্রদান এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: বাসককস/পঃনিঃ(ক্যাডার)শাখা-৪৭/২০০৯(অংশ-১)/১৯৯, তারিখ: ১৯.১০.২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে প্রেরিত বিসিএস পরীক্ষার প্রার্থীদের নম্বরপত্র প্রদান এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ ফি নির্ধারণের প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের নিম্নোক্ত সম্মতি প্রদান করা হলো:

| নং | বিবরণ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের প্রস্তাব | অর্থ বিভাগের সম্মতি |
|---|---|---|---|
| ক. | নম্বরপত্র প্রাপ্তি ফি | ১০০০/- (এক হাজার টাকা) | ১০০০/- (এক হাজার টাকা) |
| খ. | প্রতি বিষয়ের উত্তরপত্র পুনঃনিরীক্ষণ ফি | ৯০০/- (নয়শত টাকা) | ১০০০/- (এক হাজার টাকা) |

০২। উপর্যুক্ত ফিসমূহের হার পুনঃনির্ধারণের বিষয়ে প্রকাশিতব্য গেজেট বিজ্ঞপ্তি/ আদেশের অনুলিপি অর্থ বিভাগের অত্র শাখায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০।
sayedaa@finance.gov.bd

সচিব,
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়।
{দৃঃ আঃ আ.ই.ম. নেছার উদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)}।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-অম/অবি/এনটিআর/শাখা-১/তথ্য-৮/২০০৯/০১ তারিখ: ০৪/০১/২০১০ খ্রিঃ।

**বিষয়: রেইনবো চলচ্চিত্র সংসদ কর্তৃক আয়োজিত 'একাদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব' এবং চিল্ড্রেন'স ফিল্ম সোসাইটি কর্তৃক আয়োজিত '৩য় আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব' এ প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের সেন্সর ফি ও স্ক্রিনিং ফি মওকুফ সংক্রান্ত।**

সূত্র: ক) তম/চলচ্চিত্র/এফডিসি-৫/২০০৭/৫০৫, তারিখ: ০৪/১১/২০০৯ খিঃ
খ) তম/চলচ্চিত্র/এফডিসি-৫/২০০৭/৫৬৪, তারিখ: ০২/১২/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের মাধ্যমে তথ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রেইনবো চলচ্চিত্র সংসদ কর্তৃক আয়োজিত 'একাদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব' এবং চিল্ড্রেন'স ফিল্ম সোসাইটি কর্তৃক আয়োজিত '৩য় আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব' এ প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের সেন্সর ফি ও স্ক্রিনিং ফি বাবদ প্রদেয় ২৮ (আটাশ) লক্ষ টাকার ৫০% অর্থাৎ ১৪ (চৌদ্দ) লক্ষ টাকা মওকুফের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো।

সাইদা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯০৮০।
sayedaa@finance.gov.bd

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃঃ আঃ উপ-সচিব (চলচ্চিত্র)}।

সদয় অবগতির জন্য অনুলিপি

১। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-৮, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
২। যুগ্ম-সচিব (ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা।

নং-অম/অবি/এনটিআর/শা-৩/স্বাঃমঃ/ইউজারফি/২০১০/১৩ তারিখ: ০৭/০৩/২০১০ খ্রিঃ।

**বিষয়: দেশের বিভিন্ন পর্যায়ের সরকারি হাসপাতালসমূহের কতিপয় আইটেমের উপর ইউজার ফি হার (সেবার বিনিময়ে আদায়যোগ্য অর্থ) নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব।**

সূত্র: হাস-২/বিবিধ-২৭/২০০৪/৬৭; তারিখ: ২৬/০১/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত দেশের বিভিন্ন পর্যায়ের সরকারি হাসপাতালসমূহের কতিপয় আইটেমের উপর ইউজার ফি হার (সেবার বিনিময়ে আদায়যোগ্য অর্থ) নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাব অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | সেবার খাত | নতুন সংযোজিত রেট |
|---|---|---|
| ১. | মাইক্রোবায়োলজী ও নিউরোমিডিসিন সেরিব্রাল এনজিওগ্রাম | ২০০০/- টাকা |
| ২. | 1. Intra Oral X-ray Dental (Periapical) Vew<br>2. Dental (Bitewing) View<br>3. dental (Occlusal) View, Mandible & Maxilla Extra Oral<br>4. Panarometri X-ray (OPG) View<br>5. Cephalometric View-10 x 12<br>6. Mandible lat Oblique View<br>Film size-8 x 10<br>Film size- 12 x 10 | ৫০/- টাকা<br>৫০/- টাকা<br>৮০/- টাকা<br>২৫০/- টাকা<br>২৫০/- টাকা<br>২৫০/- টাকা |

০২। উল্লেখ্য, সাধারণ বেড (প্রতিদিন) ও সাধারণ বেড (বিশেষ দিন) এর পথ্য সংক্রান্ত ইউজার ফি তালিকা থেকে বাদ দেয়ার প্রস্তাবও অনুমোদিত হয়েছে।

০৩। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ নাসরীন মুক্তি, সিনিয়র সহকারী সচিব, হাসপাতাল শাখা-২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ শাখা-১।
http://www.mof.gov.bd

নং-অম/অবি/এনটিআর/শা-১/পাসপোর্ট-৫/২০০২/২৩ তারিখ:-৩০/০৩/২০১০খ্রিঃ।

**বিষয়: - বাংলাদেশ পাসপোর্ট ইস্যুর ফি সংশোধন/নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: ক) স্বঃমঃপাঃনীঃ (সাধারণ-২)-০২/২০১০ (বহি-১)/২৫৭, তারিখ:- ১১-০৩-২০১০ খ্রিঃ।
খ) স্বঃমঃপাঃনীঃ (সাধারণ-২)-০২/২০১০ (বহি-১)/৩০৭, তারিখ:- ২২-০৩-২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোসহ পত্রসমূহের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে আগামী ০১ এপ্রিল, ২০১০ তারিখ হতে বাংলাদেশে প্রচলনযোগ্য Machine Readable Passport (MRP)-এর ফি তাঁর মন্ত্রণালয়ের প্রস্তাবিত হার অনুসারে নির্ধারণে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

ক) পূর্ণাঙ্গ Passport Rules প্রণয়নকালে, ০৫ (পাঁচ) বছর মেয়াদী পাসপোর্টের মেয়াদামেত পুনরায় ০৫ (পাঁচ) বছরের জন্য মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা রাখা; এবং

খ) MRP ইস্যু/গ্রহণের ন্যূনতম ফি এর সুবিধা Gulf Co-Operation Council (GCC) ভুক্ত দেশ এবং জর্ডান, মালয়েশিয়া ও মরিশাসের সাথে পূর্ব ইউরোপের কয়েকটি দেশ, যথা- রোমানিয়া, পোল্যান্ড, গ্রীস, ইটালী এবং সাইপ্রাস এবং মধ্য ও পূর্ব এশিয়ার কয়েকটি দেশ, যথা- তুরস্ক, ইরান, ইরাক, লেবানন, দক্ষিণ কোরিয়া, ব্রতনাই, জাপান এবং ইন্দোনেশিয়ায় সম্প্রসারণের ব্যবস্থা রাখা।

০২. MRP-এর ফি'র হার হবে নিম্নরূপঃ

| **পাসপোর্ট প্রদানের স্থান/ মাপকাঠি (criteria)** | **সাধারণ** | **জরুরী** |
|---|---|---|
| দেশে | **৳ ৩,০০০/-** | **৳ ৬,০০০/-** |
| বিদেশে | **US$ ১০০** | **US$ ২০০** |
| বিদেশে পড়াশোনার জন্য গমনকারী ছাত্র এবং Gulf Co-Operation Council (GCC) ভুক্ত দেশ, জর্ডান, মালয়েশিয়া এবং মরিশাসে গমনকারী সাধারণ শ্রমিকদের জন্য | **US$ ৩০** | **US$ ১০০** |

০৩. উপরি-উক্ত সম্মতির আলোকে তাঁর মন্ত্রণালয় থেকে পূর্ণাঙ্গ Passport Rules প্রণয়ন শেষে গেজেটের কপিসহ অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

হাবিবুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন:৯৫৫০৭৩৮
hnahar@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মোহাম্মদ ইফতেখার হোসেন, সিনিয়র সহকারী সচিব, বহিরাগমন-১ শাখা)।

অনুলিপি সদয় অবগতির জন্য:
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (বাজেট-২, সাঅ ও ট্রেঋব্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
০৩. যুগ্ম-সচিব (ট্রেঋব্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
০৪. অফিস কপি।

হাবিবুন নাহার
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪২.০০.০৬.০১৯.২০০৪-৩১ তারিখ: ২৯/০৬/২০১০ খ্রিঃ

**বিষয়: রাজেশপুর ইকো-পার্কের দর্শনার্থীদের প্রবেশ ফি এবং গাড়ী পার্কিং ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পবম(বঃ শাঃ-১)১৪৭/২০০৭/৭৮৬; তারিখ: ১৫/১০/২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত রাজেশপুর ইকো-পার্কের দর্শনার্থীদের প্রবেশ ফি ও গাড়ী পার্কিং ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রঃ নং | প্রস্তাবিত দর্শনার্থীদের প্রবেশ ফি | | প্রস্তাবিত গাড়ী পার্কিং ফি | |
|---|---|---|---|---|
| ১. | দর্শনার্থীদের জনপ্রতি (পাঁচ বছরের উর্ধ্বে সকলের প্রবেশ ফি লাগবে) | ১০/- টাকা | বাস প্রতিটি | ২০০/- টাকা |
| ২. | শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৫০ জন পর্যন্ত | ১০০/- টাকা | কার/মাইক্রোবাস প্রতিটি | ১০০/- টাকা |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১০০ জন পর্যন্ত | ২০০/- টাকা | টেক্সি/টেম্পু প্রতিটি | ৫০/- টাকা |
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১০০ জনের উর্ধ্বে | ৩০০/- টাকা | মটর সাইকেল প্রতিটি | ৩০/- টাকা |
| ৫. | বিদেশী পর্যটকদের জন্য জনপ্রতি | ৫ ইউ.এস. ডলার বা সমমূল্যের টাকা | রিক্সা/ভ্যান প্রতিটি | ২০/- টাকা |
| ৬. | - | - | বাইসাইকেল প্রতিটি | ১০/- টাকা |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জাহিদ হোসেন মুন্সী, সিনিয়র সহকারী সচিব, বন শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
website: www.mof.gov.bd

নং-০৭.১৪৪.০৪১.০০.০০.০৪৭.২০১০.৬৬ তারিখ:০৮/০৭/২০১০ খ্রিঃ।

**বিষয়: 'ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট' প্রদানের নিমিত্ত সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদানের জন্য পরিশোধিত মূলধন ও নিরাপত্তা জামানতের শর্ত স্থিরকরণ এবং লাইসেন্স ফি ও লাইসেন্স নবায়ন ফি ধার্যকরণ প্রসঙ্গে।**

সূত্র: বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়-এর পত্র নং-৩৯.০১৩.০২২.০২.০১.১৬.২০১০.১০১; তারিখ: ০৯.০৫.২০১০ খ্রিঃ

সূত্রোক্ত পত্রের বিষয়বস্তুর আলোকে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নিম্নোক্ত প্রস্তাব নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ লাভ বা লাইসেন্স প্রাপ্তির শর্ত হচ্ছে:

| |
|---|
| কোম্পানীর পরিশোধিত মূলধন হবে কমপক্ষে ১ কোটি টাকা |
| লাইসেন্স প্রাপ্তির জন্য নিরাপত্তা জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টির মাধ্যমে ২৫ লক্ষ টাকা জমা রাখতে হবে যা লাইসেন্সের মেয়াদ পর্যন্ত বৈধ থাকবে |

খ. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ লাভ বা লাইসেন্স প্রাপ্তির জন্য প্রদেয় ফি হচ্ছে:

| বিবরণ | ফি'র পরিমাণ (টাকায়) |
|---|---|
| লাইসেন্স ফি | ২৫,০০০/- |
| লাইসেন্স নবায়ন ফি | ১০,০০০/- |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

হাবিবুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৫০৭৩৮।
hnahar@finance.gov.bd

সচিব
বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৩৬.০০.০২.০৪৮.২০০৯-৩৪ তারিখ: ২০/০৭/২০১০ খ্রিঃ

**বিষয়: প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতাধীন সংরক্ষিত প্রত্নস্হল/প্রত্নস্হল এরিয়ায় বিভিন্ন ধরনের চিত্রায়ণ (স্যুটিং) অনুষ্ঠানের জন্য রাজস্ব আদায়ের নিমিত্তে ফি নির্ধারণের ব্যাপারে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: সবিম/শাঃ-৬/প্রতণঃ-১০/২০০০(অংশ)/২৮০; তারিখ: ১৬/০৬/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতাধীন সংরক্ষিত প্রত্নস্হল/প্রত্নস্হল এরিয়ায় বিভিন্ন ধরনের চিত্রায়ণ (স্যুটিং) অনুষ্ঠানের জন্য রাজস্ব আদায়ের নিমিত্তে ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

- **প্রতি ঘন্টা ১,০০০/- (এক হাজার) টাকা।**

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ আবদুল হান্নান,সহকারী সচিব)।

সদয় অবগতিকল্পে অনুলিপি প্রেরণ করা হ'ল:
১। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০-৩৫ তারিখ: ২০/০৭/২০১০ খ্রিঃ

**বিষয়: মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান-নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপনন, বিক্রয়, বিতরণ এবং আনুষাঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স-এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: মপ্রাম/ম-২(আইন)মঃখাদ্যঃ পশুখাদ্য আইন-৭/২০০৬(অংশ-২)/১৮২; তারিখ: ১০/০৬/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান-নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপনন, বিক্রয়, বিতরণ এবং আনুষাঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স-এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রঃ নং | লাইসেন্সের ক্যাটাগরী | মৎস্য অধিদপ্তর | ফি (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | আবেদন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি | আপিল আবেদন ফি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | ক্যাটাগরি-১: উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ এবং বাজারজাতকরণ। | মৎস্যখাদ্য | ৫০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ৬,০০০/- |
| ২। | ক্যাটাগরি-২: মৎস্যখাদ্য আমদানি ও রপ্তানি | মৎস্যখাদ্য | ৫০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ৬,০০০/- |
| ৩। | ক্যাটাগরি-৩(ক): মৎস্যখাদ্য বিক্রয় (পাইকারী) | মৎস্যখাদ্য | ৩০০/- | ১,০০০/- | ৫০০/- | ৬০০/- |
| ৪। | ক্যাটাগরি-৩(খ): মৎস্যখাদ্য বিক্রয় (খুচরা) | মৎস্যখাদ্য | ২০০/- | ৫০০/- | ২৫০/- | ৩০০/- |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ শাব্বীর হোসেন, সিনিয়র সহকারী সচিব, মৎস্য-২(আইন) শাখা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪৬.০০.০৭.০৪৭.২০০৯-৪০ তারিখ: ২৯/০৭/২০১০ খ্রিঃ

**বিষয়: 'ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস' প্রবর্তন প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ ডাক বিভাগে পত্র নং-গ্রামঃ/মোমাঃ-প্র/০১/২০০৯/৫৮৩; তারিখ: ২৬/০২/২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত 'ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস' সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| প্রেরণ যোগ্য টাকার পরিমাণ | কমিশন (টাকা) |
|---|---|
| ১০০০ টাকা পর্যন্ত | ২০ |
| ১০০১-২০০০ | ৩০ |
| ২০০১-৩০০০ | ৪০ |
| ৩০০১-৪০০০ | ৫০ |
| ৪০০১-৫০০০ | ৬০ |
| ৫০০১-৬০০০ | ৭০ |
| ৬০০১-৭০০০ | ৮০ |
| ৭০০১-৮০০০ | ৯০ |
| ৮০০১-৯০০০ | ১০০ |
| ৯০০১-১০০০০ | ১১০ |

**EDA/EDDA-এর কমিশন বিভাজন**

| প্রেরণযোগ্য টাকার পরিমাণ | ডাক বিভাগের প্রাপ্ত কমিশন | ইডিএ/ ইডিডিএ'র প্রাপ্ত কমিশন | গ্রাহকের নিকট থেকে মোট আদায় |
|---|---|---|---|
| ১০০০ টাকা পর্যন্ত | ১৪ | ৬ | ২০ |
| ১০০১-২০০০ | ২১ | ৯ | ৩০ |
| ২০০১-৩০০০ | ২৮ | ১২ | ৪০ |
| ৩০০১-৪০০০ | ৩৫ | ১৫ | ৫০ |
| ৪০০১-৫০০০ | ৪২ | ১৮ | ৬০ |
| ৫০০১-৬০০০ | ৪৯ | ২১ | ৭০ |
| ৬০০১-৭০০০ | ৫৬ | ২৪ | ৮০ |
| ৭০০১-৮০০০ | ৬৩ | ২৭ | ৯০ |
| ৮০০১-৯০০০ | ৭০ | ৩০ | ১০০ |
| ৯০০১-১০০০০ | ৭৭ | ৩৩ | ১১০ |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

০৩। পত্রের সাথে এতদসংক্রান্ত ফাইলটিও ফেরত দেয়া হ'ল।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মোসাঃ ইসমত আরা জাহান, উপ-সচিব, অধিশাখা-৭)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০-৪৫ তারিখ: ২৩/০৮/২০১০ খ্রিঃ

**বিষয়: মৎস্য ও চিংড়ি হ্যাচারি স্থাপন ও উহার সুষ্ঠু ব্যবস্থাপনা ও এতদসংক্রান্ত আনুষাঙ্গিক বিষয়াদি নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধন ফি, নিবন্ধনের শর্তাদি, আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি নির্ধারণ।**

সূত্র: মপ্রাম/ম-২(আইন)মঃচিঃ হ্যাঃ আইন-৩/২০০৬(অংশ-১)/১৯৪; তারিখ: ২৭/০৬/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত মৎস্য ও চিংড়ি হ্যাচারি স্থাপন ও উহার সুষ্ঠু ব্যবস্থাপনা ও এতদসংক্রান্ত আনুষাঙ্গিক বিষয়াদি নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধন ফি, নিবন্ধনের শর্তাদি, আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | হ্যাচারির ক্যাটাগরি | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা | ফি (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | আবেদন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি | আপিল ফি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | কাটাগরি-১: কার্প ও অন্যান্য মাছের রেণু উৎপাদন হ্যাচারি | জেলা মৎস্য কর্মকর্তা | ৫০০/- | ৫০০০/- | ৩০০০/- | ১০০০/- |
| ২. | ক্যাটাগরি-২: শুধু গলদা চিংড়ি পি.এল. উৎপাদন হ্যাচারি | জেলা মৎস্য কর্মকর্তা | ৫০০/- | ২০০০/- | ১৫০০/- | ১০০০/- |
| ৩. | ক্যাটাগরি-৩: শুধু বাগদা চিংড়ি পি.এল. উৎপাদন হ্যাচারি | জেলা মৎস্য কর্মকর্তা | ৫০০/- | ৫০০০/- | ৩০০০/- | ১০০০/- |

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবদুল হালিম
উপ-সচিব
ফোন: ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ শাব্বীর হোসেন, সিনিয়র সহকারী সচিব, মৎস্য-২(আইন) শাখা)।

‘**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**’
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ (এনটিআর) শাখা-১
http://www.mof.gov.bd

স্মারক নং-০৭.১৪৩.০৪৭.০০.০০.০৪৮.১৯৯৯-৫৯ তারিখ: ১৮/০৮/২০১০ খ্রিঃ।

**বিষয়: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক পরিচালিত নন-ক্যাডার পদে পরীক্ষার ‘আবেদনপত্রের মূল্য’ ও ‘পরীক্ষার ফি’ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: ৮০.৫০০.০০২.০১.০০.০০৩.২০১০-৭০৩৪, তারিখ: ১৯.০৭.২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক পরিচালিত নন-ক্যাডার পদে পরীক্ষার ‘আবেদনপত্রের মূল্য’ এবং ‘পরীক্ষার ফি’ পুনঃনির্ধারণের নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক | আইটেমের বিবরণ | বর্তমান মূল্য/ ফি’র হার (টাকা) | প্রস্তাবিত মূল্য/ ফি’র হার (টাকা) |
|---|---|---|---|
| ০১. | নন-ক্যাডার পদে আবেদনপত্রের মূল্য | ৫০/- | ১০০/- |
| ০২. | নন-ক্যাডার পদে পরীক্ষার ফি | ১০০/- | ৩০০/- |

০২। উপর্যুক্ত ফিসমূহের হার পুনঃনির্ধারণের বিষয়ে প্রকাশিতব্য গেজেট বিজ্ঞপ্তি/ আদেশের অনুলিপি অর্থ বিভাগের অত্র শাখায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

হাবিবুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩৮
hnahar@finance.gov.bd

সচিব,
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়।
{দৃঃ আঃ- মোঃ মোস্তা গাউছুল হক, উপ সচিব (অর্থ ও সেবা)}।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ (এনটিআর) শাখা-১
http://www.mof.gov.bd

স্মারক নং-০৭.১৪৩.০৪৬.০০.০০.০০৫.২০০২-৯৪ তারিখ: ১৬/০৯/২০১০ খ্রিঃ।

**বিষয়:- ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের ক্ষেত্রে 'পরীক্ষার ফি' নির্ধারণ সংক্রান্ত।**

সূত্র: নং-০৫.১১০.০১১.০০.০০.০৭৭.২০০৭-১১৯৪, তারিখ: ২৪/০৮/২০১০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের ক্ষেত্রে 'পরীক্ষার ফি' পুনঃনির্ধারণের বিষয়ে সংস্হাপন মন্ত্রণালয় হতে প্রেরিত নিম্নোক্ত প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো:

ক)

| ক্রঃনং | আইটেমের বিবরণ | প্রস্তাবিত 'ফি'-এর হার |
|---|---|---|
| ০১. | ৩য় শ্রেণীর পদে পরীক্ষা | ১০০/- |
| ০২. | ৪র্থ শ্রেণীর পদে পরীক্ষা | ৫০/- |

(খ) একইসাথে ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের ক্ষেত্রে 'পরীক্ষার ফি' বাবদ প্রদেয় অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের পরিবর্তে নিম্নোক্ত কোড ব্যবহারপূর্বক শুধুমাত্র ট্রেজারি চালানের মাধ্যমে অর্থ জমাকরণ এবং 'পরীক্ষার ফি' বাবদ ধার্যকৃত হার সংস্হাপন মন্ত্রণালয়সহ সকল মন্ত্রণালয়/ বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমুহের জন্য প্রযোজ্য হবে।

'১ - প্রাতিষ্ঠানিক কোড (চার অংক বিশিষ্ট) -পরিচালন কোড (চার অংক বিশিষ্ট) - অর্থনৈতিক কোড (২০৩১)'

০২। উপর্যুক্ত ফি'সমূহের হার পুনঃনির্ধারণের বিষয়ে প্রকাশিতব্য গেজেট বিজ্ঞপ্তি/ আদেশের অনুলিপি অর্থ বিভাগের অত্র শাখায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

হাবিবুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩৮
hnahar@finance.gov.bd

সচিব
সংস্হাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ জনাব জিয়াউদ্দীন আহমেদ, সিনিয়র সহকারী সচিব)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪২.০০.০৭.০২০.২০০৪-৭০ তারিখ: ১৯/০৯/২০১০ খ্রিঃ

**বিষয়: বন অধিদপ্তরের আওতায় 'মাধবকুন্ড ইকো-পার্কের প্রধান ফটকের' এন্ট্রি ফি আদায় প্রসঙ্গে।**

সূত্র: পবম/পরিশা-৫/মাধবকুন্ড-পদস্ঃ/১৭৫/২০০৫/৫৪৪; তারিখ: ০১/০৯/২০০৯ খ্রিঃ।

২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারির তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহাদের বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পূনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ৯০০–১৫৩০ হইতে টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে, কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৪র্থ স্কেলের (টাকা ৭১০০-৮৭০০) ঊর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫, টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে টাকা ৪৮০০–৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন যাহাই পূর্বে ঘটে সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০–৭২৫০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে উক্ত অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধি প্রচলিত রহিয়াছে, সেই বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ২৩০০–৪৪৮০ হইতে টাকা ৯০০–১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

প্রারম্ভ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদ্দ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা যাইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে ‘বারে’ তালিকাভুক্ত হইয়া থাকেন;

ঘ) কোন ব্যক্তি Lawyer Magistrate হিসাবে নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স ত্রিশ বৎসরের কম না হয় এবং একজন আইনজীবী হিসাবে তাঁহার তিন বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি নিয়োগের লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন, নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স একত্রিশ বৎসরের নীচে না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার চার বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ২টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার পাঁচ বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৩টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন, এবং নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স তেত্রিশ বৎসরেরর কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার ছয় বৎসর বা ততোধিক সময়ের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৪টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন;

ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন: আরও শর্ত থাকে যে

১) Education Department Memorandum Nos. SIV/ 830-Edn., dated 18th July, 1970, SIV/ 831-Edn., dated 18th July, 1970, 832 Edn., dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতন বৃদ্ধির মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে; এবং

২) Ministry of Finance O.M. No. MF (ID)-I-3/ 77/ 522, dated 13th May-1978, MF(ID)-II-/ P-I/81/457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/81/800, dated 29th June, 1981-তে আরোপিত শর্তসমূহ যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| **ক্রমিক নং** | **বেতন স্কেল** | **পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ** |
|---|---|---|
| ১। | টাকা ১০,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৮৬০০–২২৫–৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ৭৮০০–২০০–৯০০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ৭১০০–২০০–৮৭০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫–৮০৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫–৭২৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৪১০০–১৫০–৬৫০০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১লা জুলাই,

১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত, সেই সকল পদের এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) The Services (Pay and Allowances) Order, 1985-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০ জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা {উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা ব্যতীত} জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩১ মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল মহার্ঘ ভাতা ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

**১৩। আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।—**

১) The Services (Pay and Allowances) Order, 1985-এর ১৩, ১৪ ও ১৫ অনুচ্ছেদ অনুযায়ী আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণ (Nurses) যেই সকল ভাতা ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরণ করিয়াছেন, সেই সকল ভাতা তাঁহারা একই শর্তে, এবং ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) পুলিশ বিভাগের যেই সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদসংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

**১৪। চিকিৎসা ভাতা।—**

১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা বহাল থাকিবে।

**১৫। বাড়ি ভাড়া ভাতা।—**

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:

**সারণী**

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬৬০ |

| | | |
|---|---|---|
| টাকা ২৫০১ হতে ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৯০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ২৪০০ |

২) ১লা জুলাই, ১৯৯১ তারিখে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১)-এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর 'বিশেষ বেতন স্কেল' টাকা ১০,৫০০ (নির্ধারিত) এবং ১নং হইতে ১২নং [টাকা ১০,০০০ (নির্ধারিত) হইতে টাকা ১৫৫০–৩৪০৫]-এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে মূল বেতনের ৭$\frac{১}{২}$%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ১৩নং হইতে ১৭নং (টাকা ১৪৭৫–৩১৫০ হইতে টাকা ১১২৫–২১৭০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১০৫০–১৯১৫ হইতে ৯০০–১৫৩০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন-গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation-এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

### ১৬। বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—

The Services (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৮-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

### ১৭। যাতায়াত ভাতা।—

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ১৭২৫–৩৭২৫ হইতে টাকা ৯০০–১৫৩০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত তিনি প্রচলিত মাসিক ৪০ টাকা যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ২৩০০–৪৪৮০ অথবা টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯-এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে প্রদেয় হইবে।

১৯। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণী সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

২০। **আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর প্রদেয় আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২১। **রহিতকরণ ও হেফাজত।—**

১) The Services (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order–এর ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খোরশেদ আলম
মুখ্য অর্থ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯১

## (বাংলাদেশ পুলিশ)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

অক্টোবর ২৭, ১৯৯১

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯১

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২৭ অক্টোবর, ১৯৯১ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)**

**আদেশ**
ঢাকা, ২৯শে ভাদ্র, ১৩৯৮/১৪ইং সেপ্টেম্বর, ১৯৯১

এস.আর.ও নং–৩২৮-আইন/৯১/অম/অবি(বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৫/৯১/৬৮।–The Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর Section-5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিলেন, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২) ক) এই আদেশ উপ-অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি সম্পর্কিত বিধানাবলী ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে কার্যকর হইবে। উক্ত ভাতাদি ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত ৭ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-358-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-19/ 85/ 61-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ পুলিশ বাহিনীতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয়, তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এর সংজ্ঞাধীন শ্রমিক হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ঘ) শিক্ষানবিস (apprentice) অথবা প্রশিক্ষণার্থী (trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'প্রারম্ভ তারিখ' অর্থ, জাতীয় বেতন স্কেলের ক্ষেত্রে, ১লা জুলাই, ১৯৯১ এবং ভাতাদির ক্ষেত্রে ১লা জুন, ১৯৯২;

খ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ ৭ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-358-L/ 85/ MF/ FD (Imp)- 1/MNS-19/ 85/ 61-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর অধীন সংশোধিত নুতন বেতন স্কেল;

গ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯১' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

ঘ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' এবং 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে পদের মূল স্কেল, পদের সিলেকশন গ্রেড স্কেল, পদের সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১।—**

১) প্রারম্ভ তারিখে ঐ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে; যথা:-

| **বর্তমান বেতন স্কেল (সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫)** | **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ (১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর)** |
|---|---|
| ১। ৬০০০ (নির্ধারিত) | ১। ১০০০০ (নির্ধারিত) |
| ২। ৫৭০০ (নির্ধারিত) | ২। ৮৬০০–৪×২২৫–৯৫০০ |

| বর্তমান বেতন স্কেল<br>(সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫) | জাতীয় বেতন স্কেল, ১৯৯১<br>(১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর) |
|---|---|
| ৩। ৪৭৫০–১৫০–৫৫০০ | ৩। ৭৮০০–৬×২০০–৯০০০ |
| ৪। ৪২০০–১৫০–৫২৫০ | ৪। ৭১০০–৮×২০০–৮৭০০ |
| ৫। ৩৭০০–১২৫–৪৮২৫ | ৫। ৬৩০০–১০×১৭৫০–৮০৫০ |
| ৬। ২৮০০–১২৫–৪৪২৫ | ৬। ৪৮০০–১৪×১৭৫৪–৭২৫০ |
| ৭। ২৪০০–১২০–৩৬০০ | ৭। ৪১০০–১৬×১৫০–৬৫০০ |
| ৮। ১৮৫০–১১০–২৬২০–১২০–৩২২০ | ৮। ৩২০০–১৬×১৪০–৫৪৪০ |
| ৯। ১৬৫০–১০০–২২৫০–ইবি–১১০–৩০২০ | ৯। ২৮৫০–৭×১২৫–৩৭২৫–ইবি–১১×১৩০–৫১৫৫ |
| ১০। ১৩৫০–৯০–২২৫০–ইবি–১০০–২৭৫০ | ১০। ২৩০০–৭×১১৫–৩১০৫–ইবি–১১×১২৫–৪৪৮০ |
| ১১। ১০০০–৭০–১৫৬০–ইবি–৯০–২২৮০ | ১১। ১৭২৫–৭×১০৫–২৪৬০–ইবি–১১×১১৫–৩৭২৫ |
| ১২। ৯০০–৬৫–১৫৫০–ইবি–৭৫–২০৭৫ | ১২। ১৫৫০–৭×১০০–২২৫০–ইবি–১১×১০৫–৩৪০৫ |
| ১৩। ৮৫০–৫৫–১৪০০–ইবি–৬০–১৭০০ | ১৩। ১৪৭৫–৭×৯০–২১০৫–ইবি–১১×৯৫–৩১৫০ |
| ১৪। ৮০০–৫০–১৩০০–ইবি–৫৫–১৬৩০ | ১৪। ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–১১×৮৫–২৮৭০ |
| ১৫। ৭৫০–৪৫–১২০০–ইবি–৫০–১৫৫০ | ১৫। ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–১১×৭৫–২৬১৫ |
| ১৬। ৭০০–৪০–১১০০–ইবি–৪৫–১৪১৫ | ১৬। ১২০০–৭×৬০–১৬২০–ইবি–১১×৬৫–২৩৩৫ |
| ১৭। ৬৫০–৩৫–১০০০–ইবি–৪০–১২৮০ | ১৭। ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–১১×৬০–২১৭০ |
| ১৮। ৬০০–৩০–৯০০–ইবি–৩৫–১১১০ | ১৮। ১০৫০–৭×৪৫–১৩৬৫–ইবি–১১×৫০–১৯১৫ |
| ১৯। ৫৫০–২৫–৭২৫–ইবি–৩০–৯৬৫ | ১৯। ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১১×৪৫–১৭৫০ |
| ২০। ৫০০–২০–৮৬০ | ২০। ৯০০–১৮×৩৫–১৫৩০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯১ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রারম্ভ তারিখ হইতে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা হয় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯১ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) ১) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)/ প্রবি-২/ মভা-১/ ৮৭-১২৫, তারিখ ২৭-৭-১৯৮৭ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

২) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯/ ১১৫, তারিখ ১৬-৭-১৯৮৯ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

৩) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯(অংশ)- ৯০ (৩০০), তারিখ ২৩-১২-১৯৯০ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

তৎসহ

গ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং-অম/ অবি (বাস্তবায়ন)-১/ সি-১/ ৮৯/ ১১৫(৩০০), তারিখ ১৬-৭-১৯৮৯ এর অধীন প্রদত্ত অতিরিক্ত ইনক্রিমেন্ট যাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইয়াছে; এবং

তৎসহ

ঘ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে; যথা:-

ক) ১) যদি তাহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের কম হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

২) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

৩) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে এবং ঐ পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে।

খ) একই পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে—

১) ৩০শে জুন, ১৯৯১ তারিখ ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

২) ৩০শে জুন, ১৯৯১ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য ১টি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা–

১) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না; এবং

২) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন, তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

ব্যাখ্যা—যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১০,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না।

২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারির তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহাদের বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন, তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ৯০০–১৫৩০ হইতে টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে, কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৪র্থ স্কেলের (টাকা ৭১০০–৮৭০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫, টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে টাকা ৪৮০০–৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন; এবং টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন–যাহাই পূর্বে ঘটে–সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০–৭২৫০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।–অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে উক্ত অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধি প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ২৩০০–৪৪৮০ হইতে টাকা ৯০০–১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা সংশোধিত জাতীয় বেতন স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

প্রারম্ভ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদ্দ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

আরও শর্ত থাকে যে, যদি কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১০,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৮৬০০–২২৫–৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ৭৮০০–২০০–৯০০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ৭১০০–২০০–৮৭০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫–৮০৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫–৭২৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৪১০০–১৫০–৬৫০০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নূতন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১লা জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল, এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ হইতে নুতন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নুতন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত, সেই সকল পদের এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ৭ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-358-L/ 85/ MF/ FD (Imp)- 1/MNS-19/ 85/ 61-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর ১২নং অনুচ্ছেদ এবং ১৩নং অনুচ্ছেদের সারণীর উপ-অনুচ্ছেদ-R ব্যতীত অন্যান্য সকল উপ-অনুচ্ছেদ এবং ১৪ নং অনুচ্ছেদে সেবিকাগণের জন্য যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০ জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা ব্যতীত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩১ মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল মহার্ঘ ভাতা ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত থাকুক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

**১৩। বাড়ি ভাড়া ভাতা (কনেষ্টবলদের জন্য)।—**

ক) যে সকল বিবাহিত কনষ্টেবলদেরকে বিবাহিতের বাসস্থান (married accommodation) বরাদ্দ করা হয় নাই বা ব্যারাকেও বাসস্থান বরাদ্দ করা হয় নাই, তাঁহাদেরকে নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হইবে:

**সারণী**

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |

(খ) যে সকল বিবাহিত কনষ্টেবলদেরকে বিবাহিতের বাসস্থান (married accommodation) বরাদ্দ দেওয়া হয় নাই কিন্তু তাঁহাদের মধ্যে যাঁহারা ব্যারাকে বসবাস করেন, তাঁহাদেরকে তাঁহাদের মূল বেতনের ৪০% হারে বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হইবে।

গ) অবিবাহিত কনষ্টেবলদেরকে তাঁহাদেরকে বেতনের ২০% হারে বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হচ্ছে।

ঘ) কনষ্টেবলগণ উপরোক্ত উপ-অনুচ্ছেদ (ক), (খ) ও (গ) এ উল্লিখিত হারে ও শর্তাধীনে বাড়ী বাড়া ভাতা ১লা জুন, ১৯৯২ হইতে প্রাপ্য হইবেন। তবে তাঁহাদেরকে ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

**১৪। কনস্টেবলগণ ব্যতীত অন্যান্যদের জন্য বাড়ী ভাড়া ভাতা।—**

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কনষ্টবল ব্যতীত, সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া প্রাপ্য হইবেন:

**সারণী**

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ হতে ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৬০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ২৪০০ |

(২) ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী বাড়া ভাতা, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে:-

ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১নং হইতে ১২নং [টাকা ১০,০০০ (নির্ধারিত) হইতে টাকা ১৫৫০–৩৪০৫)] এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূলবেতনের ৭$\frac{১}{২}$%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ১৪৭৫–৩১৫০ হইতে টাকা ১১২৫–২১৭০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে মূল বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১০৫০–১৯১৫ হইতে টাকা ৯০০–১৫৩০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না;

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ী বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন (improvised accommodation) যাহা সত্যিকারের বাসস্থান নহে, (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ীর বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা উক্তরূপ প্রয়োজনের তাগিদে বাসস্থান হাসাবে ব্যবহৃত আবাসন (improvised accommodation) এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে, তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৫। **চিকিৎসা ভাতা।**—

১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা বহাল থাকিবে।

১৬। **বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।**—

SRO-358-L/ 85/ MF/ FD (Imp)- 1/MNS-19/ 85/ 61-তারিখ ৭ই আগষ্ট, ১৯৮৫-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৭-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

১৭। **যাতায়াত ভাতা।**—

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ১৭২৫–৩৭২৫ হইতে টাকা ৯০০–১৫৩০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত তিনি প্রচলিত মাসিক ৪০ টাকা যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ২৩০০–৪৪৮০ অথবা টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা

প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফ বি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rule, 1979-এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে প্রদেয় হইবে।

১৯। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে, তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

২০। **আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর প্রদেয় আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২১। **রহিতকরণ ও হেফাজত।—**

১) ৭ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-358-L/ 85/ MF/ FD (Imp)- I/ MNS-19/ 85/ 61-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খোরশেদ আলম
মুখ্য অর্থ সচিব।

নং-অম/ অবি (বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮

তারিখ: ১১-০৭-১৩৯৮ বাং
২৭-১০-১৯৯১ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৭। মহা-পুলিশ পরিদর্শক, সদর দপ্তর, ঢাকা।
৮। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। বিভাগীয় কমিশনার, ---------------------বিভাগ।
১১। জেলা প্রশাসক (সকল জেলা)।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
১৪। উপ-জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপ-জেলা)।
১৫। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশটি বাংলাদেশ গেজেট প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৮। গার্ড নথি/ সংকলন।

এইচ আর দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯১

## (বাংলাদেশ রাইফেলস্)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

অক্টোবর ২৭, ১৯৯১

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯১

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২৭ অক্টোবর, ১৯৯১ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)**

**আদেশ**
ঢাকা, ১১ কার্তিক, ১৩৯৮/ ২৭ অক্টোবর, ১৯৯১

এস.আর.ও নং–৩২৯-আইন/৯১/অম/অবি(বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৬/৯১/৬৯।–The Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর Section-5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিলেন, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২) ক) এই আদেশ উপ-অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি সম্পর্কিত বিধানাবলী ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে কার্যকর হইবে। উক্ত ভাতাদি ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত ৮ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-I/ MNS/ 20/ 85/ 62-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ রাইফেলস্-এ কর্মরত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনীতে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এর সংজ্ঞাধীন শ্রমিক হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ঘ) শিক্ষানবিস (Apprentice) বা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'প্রারম্ভ তারিখ' অর্থ, জাতীয় বেতন স্কেলের ক্ষেত্রে, ১লা জুলাই, ১৯৯১ এবং ভাতাদির ক্ষেত্রে ১লা জুন, ১৯৯২;

খ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ ১৯৮৫ সনের ১লা জুন হইতে প্রবর্তিত ৮ই আগষ্ট, তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-1/ MNS/ 20/ 85/ 62-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর অধীনে সংশোধিত নূতন বেতন স্কেল;

গ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯১' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

ঘ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', অথবা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে পদের মূল স্কেল, পদের সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১।—**

১) প্রারম্ভ তারিখে ঐ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে; যথা:-

| **বর্তমান বেতন স্কেল (সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫)** | **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ (১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর)** |
|---|---|
| ১। ৩৭০০–১২৫–৪৮২৫ | ১। ৬৩০০–১০×১৭৫–৮০৫০ |
| ২। ২৮০০–১২৫–৪৪২৫ | ২। ৪৮০০–১৪×১৭৫–৭২৫০ |

| বর্তমান বেতন স্কেল<br>(সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫) | | জাতীয় বেতন স্কেল, ১৯৯১<br>(১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর) | |
|---|---|---|---|
| ৩। | ২৪০০–১২০–৩৬০০ | ৩। | ৪১০০–১৬×১৫০–৬৫০০ |
| ৪। | ১৬৫০–১০০–২২৫০–ইবি–১০০–৩০২০ | ৪। | ২৮৫০–৭×১২৫–৩৭২৫–ইবি–১১×১৩০–৫১৫৫ |
| ৫। | ১৩৫০–৯০–২২৫০–ইবি–১০০–২৭৫০ | ৫। | ২৩০০–৭×১১৫–৩১০৫–ইবি–১১×১২৫–৪৪৮০ |
| ৬। | ১৩৫০–৯০–১৭১০ | ৬। | ২৩০০–৭×১১৫–৩১০৫ |
| ৭। | ১১০০–৭০–১১৭০–ইবি–৯০–১৬২০ | ৭। | ১৮৯৫–৫×১০৫–২৪২০–ইবি–৩×১১৫–২৭৬৫ |
| ৮। | ১০০০–৭০–১২৮০–ইবি–৯০–১৫৫০ | ৮। | ১৭২৫–৭×১০৫–২৪৬০–ইবি–২×১১৫–২৬৯০ |
| ৯। | ৮০০–৫০–১১৫০–ইবি–৫৫–১৩৭০ | ৯। | ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–৬×৮৫–২৪৪৫ |
| ১০। | ৮৫০–৫৫–১৪০০–ইবি–৬০–১৭০০ | ১০। | ১৪৭৫–৭×৯০–২১০৫–ইবি–১১×৯৫–৩১৫০ |
| ১১। | ৮০০–৫০–১৩০০–ইবি–৫৫–১৬৩০ | ১১। | ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–১১×৮৫–২৮৭০ |
| ১২। | ৭৫০–৪৫–১২০০–ইবি–৫০–১৫৫০ | ১২। | ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–১১×৭৫–২৬১৫ |
| ১৩। | ৭৫০–৪৫–১২০০ | ১৩। | ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–৪×৭৫–২০৯০ |
| ১৪। | ৭০০–৪০–১১০০–ইবি–৪৫–১৪১৫ | ১৪। | ১২০০–৭×৬০–১৬২০–ইবি–১১×৬৫–২৩৩৫ |
| ১৫। | ৬৫০–৩৫–৮৬০–ইবি–৪০–১০৬০ | ১৫। | ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–৫×৬০–১৮১০ |
| ১৬। | ৬৫০–৩৫–১০০০–ইবি–৪০–১২৮০ | ১৬। | ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–১১×৬০–২১৭০ |
| ১৭। | ৬০০–৩০–৯০০–ইবি–৩৫–১১১০ | ১৭। | ১০৫০–৭×৪৫–১৩৬৫–ইবি–১১×৫০–১৯১৫ |
| ১৮। | ৫৫০–২৫–৭৫০–ইবি–৩০–৯৯০ | ১৮। | ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১২৪৫–১৭৯৫ |
| ১৯। | ৫৫০–২৫–৭২৫–ইবি–৩০–৯৬৫ | ১৯। | ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১১×৪৫–১৭৫০ |
| ২০। | ৫০০–২০–৮৬০ | ২০। | ৯০০–১৮×৩৫–১৫৩০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯১ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রারম্ভ তারিখ হইতে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা হয় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯১ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) ১) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)/ প্রবি-২/ মভা-১/ ৮৭-১২৫, তারিখ ২৭-৭-১৯৮৭ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

২) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯/ ১১৫, তারিখ ১৬-৭-১৯৮৯ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

৩) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯(অংশ)- ৯০ (৩০০), তারিখ ২৩-১২-১৯৯০ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

তৎসহ

গ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং-অম/ অবি (বাস্তবায়ন)-১/ সি-১/ ৮৯/ ১১৫(৩০০), তারিখ ১৬-৭-১৯৮৯ এর অধীন প্রদত্ত অতিরিক্ত ইনক্রিমেন্ট যাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইয়াছে; এবং

তৎসহ

ঘ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে:-

ক) ১) যদি 'তাহার বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের কম হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

২) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

৩) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে এবং ঐ পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধি হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে।–

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে—

১) ৩০শে জুন, ১৯৯১ তারিখ ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

২) ৩০শে জুন, ১৯৯১ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য ১টি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা–

১) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না; এবং

২) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারির তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহাদের বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে।

৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন,

প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ৯০০–১৫৩০ হইতে টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে, কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫, টাকা এবং টাকা ৪১০০–৬৫০০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে টাকা ৪৮০০–৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন; এবং টাকা ৪১০০–৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০–৫১৫৫ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন–যাহাই পূর্বে ঘটে–সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০–৭২৫০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে বিধি প্রচলিত রহিয়াছে, সেই বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ৫ হইতে ২০নং স্কেল (টাকা ২৩০০–৪৪৮০ হইতে টাকা ৯০০–১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

প্রারম্ভ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত

সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদ্‌উদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

আরও শর্ত থাকে যে Finance Ministry's O.M. No. MF (ID)-1-3/ 77/ 522, dated 13th May-1978, MF(ID)-II-/ P-1/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/ 81/ 800, dated 29th June, 1981-তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৬৩০০–১৭৫–৮০৫০ | ১০ বৎসর |
| ২। | টাকা ৪৮০০–১৭৫–৭২৫০ | ৫ বৎসর |
| ৩। | টাকা ৪১০০–১৫০–৬৫০০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১লা জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ হইতে নুতন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫ স্কেলভুক্ত অথবা ১লা জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নুতন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০ স্কেলভুক্ত অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ স্কেলভুক্ত, সেই সকল পদের এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ৮ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-1/ MNS/ 20/ 85/ 62-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০ জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে, সেই সকল ভাতা {উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা ব্যতীত} জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩১ মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল মহার্ঘ ভাতা ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত থাকুক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

১৩। **চিকিৎসা ভাতা**।—

১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা বহাল থাকিবে।

১৪। **বাড়ি ভাড়া ভাতা**।—

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস (JCO’s and (Ors) ব্যতীত সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:

**সারণী**

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ হতে ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৬০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ২৪০০ |

(২) ১লা জুলাই, ১৯৯১ তারিখে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে:-

ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ১নং হইতে ৫নং (টাকা ৬৩০০–৮০৫০ হইতে টাকা ২৩০০–৪৪৮০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে মূল বেতনের ৭$\frac{১}{২}$%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ১০নং হইতে ১৬নং (টাকা ১৪৭৫–৩১৫০ হইতে টাকা ১১২৫–২১৭০)-এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ১৭নং হইতে ২০নং স্কেল (টাকা ১০৫০–১৯১৫ হইতে ৯০০–১৫৩০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না:-

তবে শর্ত থাকে যে, উপ-সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব পদের কর্মকর্তাগণের মধ্যে যাঁহাদেরকে সরকার কর্তৃক আবাসিক বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহাদেরকে ঐ বাসস্থান বরাদ্দের জন্য সরকারকে কোন ভাড়া প্রদান করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং

তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**১৫। বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—**

৮ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-1/ MNS/ 20/ 85/ 62-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৫-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**১৬। কতিপয় শ্রেণীর অফিসার, JCOs এবং ORs এর জন্য ভাতাসমূহ।—**

১) ৮ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-1/ MNS/ 20/ 85/ 62-এর মূলে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985-এর ১৭নং অনুচ্ছেদে উপ-অনুচ্ছেদে F এ প্রদত্ত ভাতা (যাহা অর্থ বিভাগের ২২ নশে নভেম্বর, ১৯৮৯ তারিখের প্রজ্ঞাপন নং- এমএফ/ এফডি (ইমপ্লি)-৪ পি(জি)-৫৮/ ৮৩/ ৮৯ দ্বারা অবলুপ্ত করা হইয়াছে) ব্যতীত অনুচ্ছেদ ১৬ এবং ১৭ এ অন্যান্য যে সকল ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল ভাতাদি ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই এবং একই শর্তাধীনে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১ জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ হারে বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে উহা পরবর্তী ৫ এর গুণিতকে নির্ধারিত হইবে।

**১৭। উৎসব ভাতা এবং শ্রান্তি ঐ বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্তঃ)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে প্রদেয় হইবে।

**১৮। বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণী সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

**১৯। আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর প্রদেয় আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২১। রহিতকরণ ও হেফাজত।—**

১) ৮ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO, 359-L/ 85/ MF/ FD/ (Imp)-এঃ/ MNS/ 20/ 85/ 62-এর মাধ্যমে জারিকৃত The Services (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খোরশেদ আলম
মুখ্য অর্থ সচিব।

নং-অম/অবি (বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-৫/৯১/৬৯

তারিখ: ১১-০৭-১৩৯৮ বাং / ২৭-১০-১৯৯১ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। মহা-পরিচালক, বাংরাদেশ রাইফেলস্, ঢাকা।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
১২। উপ-জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপ-জেলা)।
১৩। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৬। গার্ড নথি/ সংকলন।

এইচ আর দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯১

## (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

অক্টোবর ২৬, ১৯৯১

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯১

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২৬ অক্টোবর, ১৯৯১ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

**আদেশ**

ঢাকা, ১০ই কার্তিক, ১৩৯৮/ ২৬শে অক্টোবর, ১৯৯১

এস.আর.ও নং–৩২৫-আইন/৯১/অম/অবি(বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৪/৯১-৬৭।–The Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিলেন, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি (ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২) ক) এই আদেশ অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি সম্পর্কিত বিধানাবলী ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে কার্যকর হইবে। উক্ত ভাতাদি ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত ব্যাংক এবং অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে–

ক) The State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এর সংজ্ঞাধীন শ্রমিক হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

খ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

গ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঘ) ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানে প্রেষণে নিযুক্ত সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশ–

ক) 'অর্থলগ্নী প্রতিষ্ঠান' অর্থ-

১) বাংলাদেশ কৃষি ব্যাংক;
২) বাংলাদেশ শিল্প ব্যাংক;
৩) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা;
৪) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ;
৫) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন;
৬) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক;

খ) 'ব্যাংক' অর্থ-

১) বাংলাদেশ ব্যাংক;
২) অগ্রণী ব্যাংক;
৩) জনতা ব্যাংক;
৪) সোনালী ব্যাংক;

গ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর অধীন সংশোধিত নূতন বেতন স্কেল;

ঘ) 'প্রারম্ভ তারিখ' অর্থ, জাতীয় বেতন স্কেলের ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯১ এবং ভাতাদির ক্ষেত্রে, ১লা জুন ১৯৯২;

ঙ) 'প্রতিষ্ঠান' অর্থ ব্যাংক অথবা অর্থলগ্নী প্রতিষ্ঠান;

চ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯১' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

ছ) ‘মূল স্কেল’, ‘সিলেকশন গ্রেড স্কেল’ বা ‘উচ্চতর স্কেল (টাইম-স্কেল)’ অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে পদের মূল স্কেল, পদের সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১।—**

১) প্রারম্ভ তারিখে ঐ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে; যথা:-

| **বর্তমান বেতন স্কেল (সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫)** | **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ (১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর)** |
|---|---|
| ১। ৬০০০ (নির্ধারিত) | ১। ১০০০০ (নির্ধারিত) |
| ২। ৫৭০০ (নির্ধারিত) | ২। ৮৬০০–৪×২২৫–৯৫০০ |
| ৩। ৪৭৫০–১৫০–৫৫০০ | ৩। ৭৮০০–৬×২০০–৯০০০ |
| ৪। ৪২০০–১৫০–৫২৫০ | ৪। ৭১০০–৮×২০০–৮৭০০ |
| ৫। ক) ৩৭০০–১২৫–৪৮২৫ | ৫। ক) ৬৩০০–১০×১৭৫০–৮০৫০ |
| খ) ৩৪০০–১২৫–৪৫২৫ (শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) | খ) ৫৮০০–১০×১৭৫–৭৭২৫ (শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৬। ক) ২৮০০–১২৫–৪৪২৫ | ৬। ক) ৪৮০০–১৪×১৭৫৪–৭২৫০ |
| খ) ২৮০–১২৫–৪০৫০ (শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) | খ) ৪৮০০–১২×১৭৫–৬৯০০ (শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৭। ২৪০০–১২০–৩৬০০ | ৭। ৪১০০–১৬×১৫০–৬৫০০ |
| ৮। ১৮৫০–১১০–২৬২০–১২০–৩২২০ | ৮। ৩২০০–১৬×১৪০–৫৪৪০ |
| ৯। ১৬৫০–১০০–২২৫০–ইবি–১১০–৩০২০ | ৯। ২৮৫০–৭×১২৫–৩৭২৫–ইবি–১১×১৩০–৫১৫৫ |
| ১০। ১৩৫০–৯০–২২৫০–ইবি–১০০–২৭৫০ | ১০। ২৩০০–৭×১১৫–৩১০৫–ইবি–১১×১২৫–৪৪৮০ |
| ১১। ১০০০–৭০–১৫৬০–ইবি–৯০–২২৮০ | ১১। ১৭২৫–৭×১০৫–২৪৬০–ইবি–১১×১১৫–৩৭২৫ |
| ১২। ৯০০–৬৫–১৫৫০–ইবি–৭৫–২০৭৫ | ১২। ১৫৫০–৭×১০০–২২৫০–ইবি–১১×১০৫–৩৪০৫ |
| ১৩। ৮৫০–৫৫–১৪০০–ইবি–৬০–১৭০০ | ১৩। ১৪৭৫–৭×৯০–২১০৫–ইবি–১১×৯৫–৩১৫০ |
| ১৪। ৮০০–৫০–১৩০০–ইবি–৫৫–১৬৩০ | ১৪। ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–১১×৮৫–২৮৭০ |
| ১৫। ৭৫০–৪৫–১২০০–ইবি–৫০–১৫৫০ | ১৫। ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–১১×৭৫–২৬১৫ |
| ১৬। ৭০০–৪০–১১০০–ইবি–৪৫–১৪১৫ | ১৬। ১২০০–৭×৬০–১৬২০–ইবি–১১×৬৫–২৩৩৫ |
| ১৭। ৬৫০–৩৫–১০০০–ইবি–৪০–১২৮০ | ১৭। ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–১১×৬০–২১৭০ |
| ১৮। ৬০০–৩০–৯০০–ইবি–৩৫–১১১০ | ১৮। ১০৫০–৭×৪৫–১৩৬৫–ইবি–১১×৫০–১৯১৫ |
| ১৯। ৫৫০–২৫–৭২৫–ইবি–৩০–৯৬৫ | ১৯। ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১১×৪৫–১৭৫০ |
| ২০। ৫০০–২০–৮৬০ | ২০। ৯০০–১৮×৩৫–১৫৩০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯১ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভ তারিখ হইতে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯১ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে ‘বর্তমান বেতন’ বলিতে বুঝাইবে-

ক) ১৯৯১ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) ১) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)/ প্রবি-২/ মভা-১/ ৮৭-১২৫, তারিখ ২৭-৭-১৯৮৭ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

২) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)বাস্তবায়ন-১/ সি/ ৮৯/ ১১৫, তারিখ ১৬-৭-১৯৮৯ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

৩) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)বাস্তবায়ন-১/ সি/ ৮৯(অংশ)-৯০ (৩০০), তারিখ ২৩-১২-১৯৯০ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

তৎসহ

গ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)বাস্তবায়ন-১/ সি-১/ ৮৯/ ১১৫(৩০০), তারিখ ১৬-৭-১৯৮৯ এর অধীন প্রদত্ত অতিরিক্ত ইনক্রিমেন্ট যাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইয়াছে; এবং

তৎসহ

ঘ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে:-

ক) ১) যদি তাহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

২) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

৩) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে এবং ঐ পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে—

১) ৩০শে জুন, ১৯৯১ তারিখ ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

২) ৩০শে জুন, ১৯৯১ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য ১টি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা–

১) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না; এবং

২) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন, তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

**ব্যাখ্যা**—যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১০,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না।

২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারির তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহাদের বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতিয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতিয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা প্রতিষ্ঠানে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

**ব্যাখ্যা**—এই উপ অনুচ্ছেদে ‘প্রেষণ’ অর্থ কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে সাময়িক বদলি বা নিয়োগ।

৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন, তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) কর্মকর্তা ব্যতিরেকে যে সব কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ৯০০–১৫৩০ হইতে টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে।

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে বা পরস্পর বদলিযোগ্য পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১৫৫০–৩৪০৫, টাকা ১৭২৫–৩৭২৫ এবং টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল, টাকা ২৮৫০–৫১৫৫ এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৪র্থ স্কেলের (টাকা ৭১০০–৮৭০০) ঊর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫, টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে টাকা ৪৮০০–৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন; এবং টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন—যাহাই পূর্বে ঘটে—সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০–৭২৫০ প্রাপ্য হইবেন।

**ব্যাখ্যা।**—অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধি প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন

নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ২৩০০–৪৪৮০ হইতে টাকা ৯০০–১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধি ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

প্রারম্ভ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা এগ্রিকালচার বা এনিমেল হাজব্যানড্রি বা ভেটেরিনারী সায়েন্স ডিগ্রি (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার পর ৪ বৎসরের কোর্স সম্পন্ন) বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

১১। **পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১০,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৮৬০০–২২৫–৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ৭৮০০–২০০–৯০০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ৭১০০–২০০–৮৭০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫–৮০৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৫৮০০–১৭৫–৭৭২৫ | ৮ বৎসর |
| ৭। | টাকা ৪৮০০–১৭৫–৭২৫০ | ৫ বৎসর |
| ৮। | টাকা ৪১০০–১৫০–৬৫০০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা

২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত, সেই সকল পদের এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ৬ই আগষ্ট, ১৯৮৫ তারিখের SRO 356-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-18/ 85/ 60-এ জারিকৃত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০ জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা [উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা এবং ফ্রিঞ্জ বেনিফিট বা সংরক্ষিত ফ্রিঞ্জ বেনিফিট ব্যতীত] জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই ৩১ মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা এবং ১লা জুলাই, ১৯৭৭ সনের পর যেসব প্রতিষ্ঠানের ফ্রিঞ্জ বেনিফিট বা সংরক্ষিত ফ্রিঞ্জ বেনিফিট ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত প্রদান করা হইয়াছে, সেই সকল মহার্ঘ ভাতা ও উপরোক্ত ফ্রিঞ্জ বেনিফিট বা সংরক্ষিত সংরক্ষিত ফ্রিঞ্জ বেনিফিট ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত থাকুক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

**১৩। উচ্চ কারিগরি জ্ঞানসম্পন্ন ও পেশাগত দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য বিশেষ বিধান।—**

৬ই আগষ্ট, ১৯৮৫ তারিখের SRO 356-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-18/ 85/ 60-এ জারিকৃত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদে ১৩-এ প্রদত্ত উচ্চ কারিগরি জ্ঞানসম্পন্ন ও পেশাগত দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য বিশেষ বিধান সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**১৪। চিকিৎসা ভাতা।—**

১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬ই আগষ্ট, ১৯৮৫ তারিখের SRO 356-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-18/ 85/ 60-এ জারিকৃত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৪-এ বর্ণিত অন্যান্য বিধানাবলী এবং চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা একই শর্তাধীনে বহাল থাকিবে।

**১৫। বাড়ি ভাড়া ভাতা।—**

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:–

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬৬০ |
| টাকা ২৫০১ হতে ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৬০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ২৪০০ |

(২) ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল ব্যক্তি প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) কর্মকর্তার ক্ষেত্রে তাঁহার মূল বেতনের ৭$\frac{১}{২}$%;

খ) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে এ টাকা ১৭২৫–৩৭২৫ বেতন স্কেলের কর্মচারীগণসহ অন্যান্য স্কেলের কর্মচারীগণের ক্ষেত্রে তাঁহাদের মূল বেতনের ৫%;

গ) কর্মচারীদের ক্ষেত্রে- যাহার জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ৯০০–১৫৩০, টাকা ৯৭৫–১৭৫০ ও টাকা ১০৫০–১৯১৫-এর আওতাভুক্ত, তাঁহাদের ক্ষেত্রে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না;

৫) যে ব্যক্তি, সময়ে সময়ে জারিকৃত বিধি অনুযায়ী ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না কিন্তু ভবিষ্যতে যাঁহারা ঐসব পদে নিয়োগপ্রাপ্ত হইবেন তাঁহারা বাড়ী ভাড়া প্রদান করিবেন।

৬) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে প্রতিষ্ঠানের বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৭) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন, যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান)-এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে প্রতিষ্ঠান কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে, তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

**১৬। বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—**

৬ই আগষ্ট, ১৯৮৫ তারিখের SRO 356-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-18/ 85/ 60 -এ জারিকৃত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদে ১৬-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**১৭। যাতায়াত ভাতা।—**

১) ক) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ১৭২৫–৩৭২৫ হইতে টাকা ৯০০–১৫৩০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত তিনি প্রচলিত মাসিক ৪০ টাকা যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

খ) অন্যান্য কর্মস্থলে উপরোক্ত স্কেলের কর্মরত ব্যক্তিগণ ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৩০ টাকা

যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত অন্যান্য কর্মস্থলে কর্মরত ঐ সকল ব্যক্তি প্রচলিত মাসিক ২০ টাকা যাতায়াতা ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ২৩০০–৪৪৮০ অথবা টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১)-এর (ক) ও (খ)-তে বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে ব্যক্তিগণের বেতন নির্ধারণ করিবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে একটি বিবরণী প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাহাদের সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী যথাযথভাবে নিরীক্ষা ও প্রতিপাদন করাইবে এবং এই ব্যাপারে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে অবহিত করিতে হইবে।

২) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা প্রতিষ্ঠান প্রধানগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৩) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর সকল ব্যক্তিকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের হেফাজতে রাখিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

১৯। **রহিতকরণ ও হেফাজত।—**

১) ৬ই আগষ্ট, ১৯৮৫ তারিখের SRO 356-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-18/ 85/ 60-এ জারিকৃত The Services (Banks and Financial Institutions) (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি ও সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খোরশেদ আলম
মুখ্য অর্থ সচিব।

নং-অম/অবি (বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-৪/৯১-৬৭

তারিখ: ১০-০৭-১৩৯৮ বাং / ২৬-১০-১৯৯১ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ———————————সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
৯। মহা-পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।

১০। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অর্থ বিভাগের ব্যাংকিং অনুবিভাগ/মূলধন বিনিয়োগ অনুবিভাগ/উন্নয়ন ব্যাংকিং অনুবিভাগের সকল কর্মকর্তা।
১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৩। গার্ড নথি/ সংকলন।

এইচ আর দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯১

## [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ]

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

অক্টোবর ২৬, ১৯৯১

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯১

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২৬ অক্টোবর, ১৯৯১ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)**

**আদেশ**
ঢাকা, ১০ কার্তিক, ১৩৯৮/ ২৬ অক্টোবর, ১৯৯১

এস.আর.ও নং–৩২৪-আইন/৯১/অম/অবি(বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৩/৯১-৬৬।–The Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিলেন, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২) ক) এই আদেশ উপ-অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) এই আদেশের অধীন প্রদেয় ভাতাদি সম্পর্কিত বিধানাবলী ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে কার্যকর হইবে। উক্ত ভাতাদি ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে–

ক) স্থানীয় প্রতিষ্ঠানসমূহ, যথা, সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ;

খ) বাংলাদেশ বিমান করপোরেশন;

গ) বাংলাদেশ শিপিং করপোরেশন;

ঘ) ব্যাংকসমূহ ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহ, যথা, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, বাংলাদেশ শিল্প ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ বিনিয়োগ করপোরেশন (ICB) এবং বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান করপোরেশন;

ঙ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞাধীন শ্রমিক হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ

চ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ছ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

জ) স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ প্রেষণে কর্মরত সরকারি ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) ‘প্রারম্ভ তারিখ’ অর্থ, জাতীয় বেতন স্কেলের ক্ষেত্রে, ১লা জুলাই, ১৯৯১ এবং ভাতাদির ক্ষেত্রে ১লা জুন, ১৯৯২;

খ) ‘বর্তমান বেতন স্কেল’ অর্থ ৫ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-355-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-17/ 85/ 59 এর অধীন জারিকৃত এবং ১৯৮৫ সনের ১লা জুন হইতে প্রবর্তিত The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985-এর অধীনে সংশোধিত নূতন বেতন স্কেল;

গ) ‘জাতীয় বেতন স্কেল, ১৯৯১’ অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

ঘ) ‘সংস্থা বা প্রতিষ্ঠান’ অর্থ স্ব-শাসিত (Public Bodies) প্রতিষ্ঠান বা রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান;

ঙ) ‘মূল স্কেল’, ‘সিলেকশন গ্রেড স্কেল’ এবং ‘উচ্চতর স্কেল (টাইম-স্কেল)’ অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে পদের মূল স্কেল, পদের সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১।—**

১) প্রারম্ভ তারিখে ঐ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে; যথা:-

| | **বর্তমান বেতন স্কেল (সংশোধিত নুতন বেতন স্কেল, ১৯৮৫)** | | **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ (১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর)** |
|---|---|---|---|
| | (টাকা) | | (টাকা) |
| ১। | ৬০০০ (নির্ধারিত) | ১। | ১০০০০ (নির্ধারিত) |
| ২। | ৫৭০০ (নির্ধারিত) | ২। | ৮৬০০–৪×২২৫–৯৫০০ |
| ৩। | ৪৭৫০–১৫০–৫৫০০ | ৩। | ৭৮০০–৬×২০০–৯০০০ |
| ৪। | ৪২০০–১৫০–৫২৫০ | ৪। | ৭১০০–৮×২০০–৮৭০০ |
| ৫। | ৩৭০০–১২৫–৪৮২৫ | ৫। | ৬৩০০–১০×১৭৫০–৮০৫০ |
| ৬। | ২৮০০–১২৫–৪৪২৫ | ৬। | ৪৮০০–১৪×১৭৫০–৭২৫০ |
| ৭। | ২৪০০–১২০–৩৬০০ | ৭। | ৪১০০–১৬×১৫০–৬৫০০ |
| ৮। | ১৮৫০–১১০–২৬২০–১২০–৩২২০ | ৮। | ৩২০০–১৬×১৪০–৫৪৪০ |
| ৯। | ১৬৫০–১০০–২২৫০–ইবি–১১০–৩০২০ | ৯। | ২৮৫০–৭×১২৫–৩৭২৫–ইবি–১১×১৩০–৫১৫৫ |
| ১০। | ১৩৫০–৯০–২২৫০–ইবি–১০০–২৭৫০ | ১০। | ২৩০০–৭×১১৫–৩১০৫–ইবি–১১×১২৫–৪৪৮০ |
| ১১। | ১০০০–৭০–১৫৬০–ইবি–৯০–২২৮০ | ১১। | ১৭২৫–৭×১০৫–২৪৬০–ইবি–১১×১১৫–৩৭২৫ |
| ১২। | ৯০০–৬৫–১৫৫০–ইবি–৭৫–২০৭৫ | ১২। | ১৫৫০–৭×১০০–২২৫০–ইবি–১১×১০৫–৩৪০৫ |
| ১৩। | ৮৫০–৫৫–১৪০০–ইবি–৬০–১৭০০ | ১৩। | ১৪৭৫–৭×৯০–২১০৫–ইবি–১১×৯৫–৩১৫০ |
| ১৪। | ৮০০–৫০–১৩০০–ইবি–৫৫–১৬৩০ | ১৪। | ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–১১×৮৫–২৮৭০ |
| ১৫। | ৭৫০–৪৫–১২০০–ইবি–৫০–১৫৫০ | ১৫। | ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–১১×৭৫–২৬১৫ |
| ১৬। | ৭০০–৪০–১১০০–ইবি–৪৫–১৪১৫ | ১৬। | ১২০০–৭×৬০–১৬২০–ইবি–১১×৬৫–২৩৩৫ |
| ১৭। | ৬৫০–৩৫–১০০০–ইবি–৪০–১২৮০ | ১৭। | ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–১১×৬০–২১৭০ |
| ১৮। | ৬০০–৩০–৯০০–ইবি–৩৫–১১১০ | ১৮। | ১০৫০–৭×৪৫–১৩৬৫–ইবি–১১×৫০–১৯১৫ |
| ১৯। | ৫৫০–২৫–৭২৫–ইবি–৩০–৯৬৫ | ১৯। | ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১১×৪৫–১৭৫০ |
| ২০। | ৫০০–২০–৮৬০ | ২০। | ৯০০–১৮×৩৫–১৫৩০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯১ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রারম্ভ তারিখ হইতে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা হয় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯১ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) ১) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি)/ প্রবি-২/ মভা-১/ ৮৭-১২৫, তারিখ ২৭-৭-১৯৮৭ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

২) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯/ ১১৫, তারিখ ১৬-৭-১৯৮৯ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

৩) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং অম(অবি) বাস্তবায়ন-১/ সি/ ৮৯(অংশ)- ৯০ (৩০০), তারিখ ২৩-১২-১৯৯০ দ্বারা প্রদত্ত মহার্ঘ ভাতা;

তৎসহ

গ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং-অম/ অবি (বাস্তবায়ন)-১/ সি-১/ ৮৯/ ১১৫(৩০০), তারিখ ১৬-৭-১৯৮৯ এর অধীন প্রদত্ত অতিরিক্ত ইনক্রিমেন্ট যাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইয়াছে; এবং

তৎসহ

ঘ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে:-

ক) ১) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের কম হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

২) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

৩) যদি তাঁহার 'বর্তমান বেতন', সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং ঐ পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত তাঁহার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে।

খ) একই পদে অথবা পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯১ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে—

১) ৩০শে জুন, ১৯৯১ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

২) ৩০শে জুন, ১৯৯১ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য ১টি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা

১) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না; এবং

২) যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন, তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

ব্যাখ্যা—১) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১০,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না।

২) প্রারম্ভ তারিখ এবং এই আদেশ জারির তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) কোন ব্যক্তির উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি হইলে, তাঁহাদের বেতন প্রথমতঃ জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে অনুচ্ছেদ ৬(১)-এর বিধান মোতাবেক প্রারম্ভ তারিখে সংশ্লিষ্ট জাতিয় বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদের নিম্নতর পদে নির্ধারণ করিতে হইবে এবং তৎপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেলে প্রচলিত নিয়ম অনুসারে পদোন্নতির তারিখে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে।

৩) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

ব্যাখ্যা।–এই উপ-অনুচ্ছেদে উল্লিখিত 'প্রেষণ' বলিতে কোন ব্যক্তি এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলি বা নিয়োগ বুঝাইবে।

৪) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা ঐ তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৫) যে ব্যক্তি প্রারম্ভ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেলে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে

জুন, ১৯৯১ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৬) প্রারম্ভ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৭। **সিলেকশন গ্রেড স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, প্রারম্ভ তারিখে উহা একই শর্তাধীনে অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ৯০০–১৫৩০ হইতে টাকা ২৩০০–৪৪৮০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে।

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই অথবা পরস্পর বদলিযোগ্য পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ১৫৫০–৩৪০৫, টাকা ১৭২৫–৩৭২৫ এবং ২৩০০–৪৪৮০ -এর অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ তাঁহাদের নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৪র্থ স্কেলের (টাকা ৭১০০-৮৭০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫, টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে টাকা ৪৮০০–৭২৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৩২০০–৫৪৪০ এবং টাকা ৪১০০–৬৫০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ, পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ এর বা পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে—সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৪৮০০–৭২৫০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—অনুচ্ছেদ ৮(৩)-এর শর্তে বর্ণিত বেতন স্কেল ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে উক্ত অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধি প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধি অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরী অথবা আহরণের জন্য প্রচলিত বিধি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৮৫-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি প্রারম্ভ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রারম্ভ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ২৩০০–৪৪৮০ হইতে টাকা ৯০০–১৫৩০) এর আওতাভুক্ত এবং প্রারম্ভ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**—

প্রারম্ভ তারিখে অথবা উহার পর নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ন্যূনতম বেতন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ করার পর ৪ বৎসর মেয়াদী কোর্স পাশ করতঃ এগ্রিকালচার বা এগ্রিকালচারাল ইকোনমিক্স বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা এনিম্যাল হাজব্যান্ডি বা ভেটেরিনারী সায়েন্স-এ যে ডিগ্রী অর্জন করা হয় সেই ডিগ্রীধারীকে অথবা বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের সহিত আলোচনাক্রমে, নির্দিষ্ট কোন পদে সম্পূর্ণরূপে পরিকল্পনা ও নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলী তাঁহাদের নিজ নিজ বেতন স্কেলে ৩টি বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন। তাঁহারা যতদিন পরিকল্পনা ও নক্সা কাজে সহকারী প্রকৌশলী বা নির্বাহী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন, ততদিন পর্যন্ত এই বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। পরিকল্পনা বা নক্সা কাজে বিশেষজ্ঞ, যোগ্য সহকারী প্রকৌশলীদের মধ্য হইতে পরিকল্পনা বা নক্সার নির্বাহী প্রকৌশলী পদে পদোন্নতি দেওয়া হইবে। উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতিপ্রাপ্ত কোন পরিকল্পনা বা নক্সা কাজে নিয়োজিত কোন সহকারী প্রকৌশলীকে জনস্বার্থে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পদে যোগদানের জন্য অব্যাহতি প্রদান করা না হইলে, যতদিন তিনি পরিকল্পনা বা নক্সার সহকারী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন ততদিন তিনি জাতীয় বেতন স্কেল টাঃ ৪১০০–৬৫০০/- তে বেতন আহরণ করিবেন।

ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বৈজ্ঞানিক এবং শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট এবং বাংলাদেশ চা গবেষণা ইনষ্টিটিউট জাতীয় বেতন স্কেল টাকা ২৮৫০–৫১৫৫/-এর কোন পদে প্রথম নিয়োগপ্রাপ্ত একজন কর্মকর্তাকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে যদি–

১) পদটি গবেষণামূলক পদ হিসাবে নির্দিষ্ট থাকে; এবং

২) সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নলিখিত যোগ্যতাগুলির মধ্যে কমপক্ষে যে কোন একটি থাকে-

ক) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণীর ডিগ্রীধারী হইয়া থাকেন;

খ) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং কৃষিতে ১ম শ্রেণীর ডিগ্রীধারী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট লাভের পর ৪ বৎসরের কোর্স সম্বলিত) হইয়া থাকেন।

গ) তিনি শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং বিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণী মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

ঘ) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ১ম শ্রেণীর সম্মান ডিগ্রীসহ বিজ্ঞান বিষয় ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

ঙ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ১ম বিভাগে উত্তীর্ণ হইয়া থাকেন এবং কমপক্ষে ৬০% নম্বরসহ চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইয়া থাকেন;

তবে আরও শর্ত থাকে যে, উপরের দফা ১ (ঘ) অনুসারে যাঁহাদেরকে বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে, তাঁহারা ১(ক) হইতে ১(গ) উপ-দফা অনুসারে কোন বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না:

তবে আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হইয়া থাকেন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত হইয়া থাকে, তাহা হইলে তিনি ১টি বেতন বৃদ্ধি পাইবেন।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১০,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৮৬০০–২২৫–৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ৭৮০০–২০০–৯০০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ৭১০০–২০০–৮৭০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫–৮০৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫–৭২৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৪১০০–১৫০–৬৫০০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০শে জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় ৫ম গ্রডভুক্ত চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৭ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত সেই সকল পদের এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ৫ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-355-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-17/ 85/ 59 এর অধীন জারিকৃত এবং ১৯৮৫ সনের ১লা জুন হইতে প্রবর্তিত The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985-এর ১২নং অনুচ্ছেদে যেই সব ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুন, ১৯৮৫ হইতে ৩০ জুন, ১৯৯১ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশবলে যেই সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা {উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মহার্ঘ ভাতা ব্যতীত} জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩১ মে, ১৯৯২ পর্যন্ত প্রদেয় হইবে।

২) উক্ত ভাতাদি ১লা জুন, ১৯৯২ হইতে শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পাইবে এবং এইরূপ বৃদ্ধির পর বর্ধিত অংক ৫-এর গুণিতক না হইলে, উহা পরবর্তী ৫-এর গুণিতকে নির্ধারিত হইবে।

৩) সরকার কর্তৃক ১লা জুন, ১৯৮৫ তারিখের পর যেই সকল মহার্ঘ ভাতা প্রদান করা হইয়াছে সেই সকল মহার্ঘ ভাতা ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে রহিত হইবে। ইহা ছাড়া অনুচ্ছেদ ৬(১)(ক)(৩)-এ বর্ণিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য অতিরিক্ত সকল আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের তারিখ হইতে রহিত হইবে।

**১৩। চিকিৎসা সুবিধাদি।—**

১) সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে মাসিক ১৫০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা পাইবেন। তবে তাঁহারা ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত প্রচলিত মাসিক ১০০ টাকা (নির্ধারিত) চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৫ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-355-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-17/ 85/ 59-এ জারিকৃত The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৩তে বর্ণিত চিকিৎসা সংক্রান্ত বিধানাবলী এবং অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯১ তারিখে বলবৎ ছিল, তাহা, তৎসংক্রান্ত একই শর্তাধীনে বহাল থাকিবে।

১৪। **বাড়ি ভাড়া ভাতা।**—

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে সকল ব্যক্তি ১লা জুন, ১৯৯২ হইতে নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:

**সারণী**

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% | মূল বেতনের ৫০% |
| টাকা ১২০১ হতে ২৫০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ হতে ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১২৫০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১১২৫ |
| টাকা ৯০০১ এবং তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ২৪০০ |

(২) ১লা জুলাই, ১৯৯১ তারিখে ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি সংস্থার বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল ব্যক্তি সংস্থার বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তনপূর্বক সংস্থাকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) কর্মকর্তাদের ক্ষেত্রে মূল বেতনের ৭$\frac{১}{২}$%;

খ) কর্মচারীগণ যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর টাকা ১১২৫–২১৭০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলের অন্তর্ভুক্ত, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের ৫%;

গ) কর্মচারীগণ যাঁহারা জাতীয় বেতন স্কেলের ১৮নং হইতে ২০নং (টাকা ১০৫০–১৯১৫ হইতে ৯০০–১৫৩০)-এর অন্তর্ভুক্ত, তাঁহার ক্ষেত্রে সংস্থাকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না;

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি সরকারি প্রচলিত বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সংস্থা কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না, তবে ভবিষ্যতে উক্ত ব্যক্তির পদে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে অনুরূপ বাসস্থানের জন্য বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সংস্থার বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সংস্থার বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন নির্ধারিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা**।–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, সার্কিট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ এই অনুচ্ছেদের

উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

**১৫। বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—**

The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985-এর অনুচ্ছেদ ১৫-তে প্রদত্ত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী ঐ অনুচ্ছেদে বর্ণীত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**১৬। যাতায়াত ভাতা।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ১৭২৫–৩৭২৫ হইতে টাকা ৯০০–১৫৩০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ১লা জুন, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই ১৯৯১ তারিখ হইতে ৩১শ মে, ১৯৯২ তারিখ হইতে মাসিক ৬০ টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯১ তারিখ হইতে ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত তিনি প্রচলিত মাসিক ৪০ টাকা যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ২৩০০–৪৪৮০ অথবা টাকা ২৮৫০–৫১৫৫ অথবা টাকা ৩২০০–৫৪৪০ আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা একইভাবে বলবৎ থাকিবে।

**১৭। উৎসব ভাতা এবং উৎসব বোনাস।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬-২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮-এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং অথবা বোনাস প্রদেয় হইবে। তবে ঐ সকল ভাতা ৩১শে মে, ১৯৯২ পর্যন্ত, ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে প্রদেয় হইবে।

**১৮। বেতন প্রদান পদ্ধতি।—**

১) এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে সংস্থার সকল ব্যক্তির বেতন যথাশীঘ্র সম্ভব নির্ধারণ করিতে হইবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে এতদসংক্রান্ত একটি বিবরণী প্রেরণ করিতে হইবে। ইহা ছাড়া সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদনের ব্যবস্থা করিতে হইবে ও অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করিতে হইবে।

২) এই আদেশ জারির তারিখ হইতে এক বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা সংস্থা প্রধানগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীদের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৩) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর সকল ব্যক্তিকে সাময়িকভাবে বেতন প্রদান করা যাইবে। সংস্থা এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথাযথভাবে রেকর্ডভুক্ত করিবে এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

**১৯। আয়কর।—**

এই আদেশের অধীনে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের প্রাপ্য বেতন ও ভাতাদির উপর প্রদেয় আয়কর তাঁহাদের নিজ নিজ সংস্থা ও প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হইবে।

**২০। রহিতকরণ ও হেফাজত।—**

১) ৫ই আগষ্ট, ১৯৮৫ তারিখে SRO-355-L/ 85/ MF/ FD (Imp)-1/ MNS-17/ 85/ 59–এ জারিকৃত The Services (Public Bodies and Nationalized Enterprises) (Pay and Allowances) Order, 1985, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Order ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত

প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ, এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খোরশেদ আলম
মুখ্য অর্থ সচিব।

নং-অম/ অবি (বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-৩/ ৯১/ ৬৬

তারিখ: ১০-০৭-১৩৯৮ বাং
২৬-১০-১৯৯১ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,––––––(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
৮। সকল স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
৯। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১০। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১১। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১৩। অর্থ বিভাগের স্বায়ত্তশাসিত অনুবিভাগের সকল কর্মকর্তা, ঢাকা।
১৪। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৬। গার্ড নথি/ সংকলন।

এইচ আর দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯৭

## (সরকারি-বেসামরিক)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

অক্টোবর ২১, ১৯৯৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯৭

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২১ অক্টোবর, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ
ঢাকা, ৬ কার্তিক, ১৪০৪ বাংলা/২১ অক্টোবর ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৪২-আইন/৯৭ইং/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-১/৯৭/২১৭—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০ জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;

খ) অর্থ বিভাগের ২৯শে ডিসেম্বর, ১৯৯৪ তারিখের স্মারক নং- অম/ অবি(বাস্ত-১)/ বিবিধ-১৭/ ৯৪/১৮০-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/ বোনাসসহ) ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৯-এ বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনী ও বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।**—

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯৭' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।**—

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale)

কার্যকর হইবে, যথা:–

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১) | জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | টাকা ১৫০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ৮৬০০–২২৫×৪–৯৫০০ | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ |
| ৩। | টাকা ৭৮০০–২০০×৬–৯০০০ | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ |
| ৪। | টাকা ৭১০০–২০০×৮–৮৭০০ | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫×১০–৮০৫০ | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫×১৪–৭২৫০ | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ |
| ৭। | টাকা ৪১০০–১৫০×১৬–৬৫০০ | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ |
| ৮। | টাকা ৩২০০–১৪০×১৬–৫৪৪০ | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ |
| ৯। | টাকা ২৮৫০–১২৫×৭–৩৭২৫–ইবি–১৩০×১১–৫১৫৫ | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ |
| ১০। | টাকা ২৩০০–১১৫×৭–৩১০৫–ইবি–১২৫×১১–৪৪৮০ | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ |
| ১১। | টাকা ১৭২৫–১০৫×৭–২৪৬০–ইবি–১১৫×১১–৩৭২৫ | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ |
| ১২। | টাকা ১৫৫০–১০০×৭–২২৫০–ইবি–১০৫×১১–৩৪০৫ | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ |
| ১৩। | টাকা ১৪৭৫–৯০×৭–২১০৫–ইবি–৯৫×১১–৩১৫০ | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ |
| ১৪। | টাকা ১৩৭৫–৮০×৭–১৯৩৫–ইবি–৮৫×১১–২৮৭০ | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ |
| ১৫। | টাকা ১৩০০–৭০×৭–১৭৯০–ইবি–৭৫×১১–২৬১৫ | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ |
| ১৬। | টাকা ১২০০–৬০×৭–১৬২০–ইবি–৬৫×১১–২৩৩৫ | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ |
| ১৭। | টাকা ১১২৫–৫৫×৭–১৫১০–ইবি–৬০×১১–২১৭০ | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ |
| ১৮। | টাকা ১০৫০–৪৫×৭–১৩৬৫–ইবি–৫০×১১–১৯১৫ | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ |
| ১৯। | টাকা ৯৭৫–৪০×৭–১২৫৫–ইবি–৪৫×১১–১৭৫০ | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ |
| ২০। | টাকা ৯০০–৩৫×১৮–১৫৩০ | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ |

(২) বর্তমানে যে সকল পদের বেতন টাকা ১০,৫০০ (নির্ধারিত) রহিয়াছে, সেই সকল পদের বেতন ১লা জুলাই, ১৯৯৭ তারিখে টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) হইবে।

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) (অ) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ই) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, তবে যে সকল ব্যক্তির বেতন স্কেল টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৫,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না, যথা-

(অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

(আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, তাহা ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সঙ্গে যুক্ত করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই ১৯৯৮ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

**উদাহরণ:**

যে ক্ষেত্র জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫ স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ বেতন স্কেল ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে (৪৩০০+৭ বৎসর চাকরি পূর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫–৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫ + ৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০–১০৮৪০ স্কেলে পদোন্নতিপ্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা–৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্ব আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩ + ১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য হইবেন।

৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে। এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০–১৩,১০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর বেতন স্কেল টাকা ৪৩০০–৭৭৪০, টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে টাকা ৭২০০–১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০–১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।**—

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০–৬৬২৫ হইতে টাকা ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্ট-এর) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**—

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন অনুচ্ছেদের (৩) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

   ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

   খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

   গ) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা যাইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদ প্রাপ্ত হইয়া কোন 'বার' এ তালিকাভুক্ত হইয়া থাকেন;

   ঘ) কোন ব্যক্তি Lawyer Magistrate হিসাবে নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স ত্রিশ বৎসরের কম না হয় এবং একজন আইনজীবী হিসাবে তাঁহার তিন বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি নিয়োগের লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স একত্রিশ বৎসরের নীচে না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার চার বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ২টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার পাঁচ বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৩টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন এবং নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স তেত্রিশ বৎসরেরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার ছয় বৎসর বা ততোধিক সময়ের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৪টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন;

   ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

২) তদানিন্তন Education Department Memorandum Nos. SIV/ 830-Edn., dated 18th July, 1970, SIV/ 831-Edn., dated 18th July, 1970, 832 Edn., dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতন বৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M.No. MF (ID)-1-3/ 77/ 522, dated 13th May-1978, MF(ID)-II-/ P-1/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/ 81/ 800, dated 29th June, 1981-তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ১৯৯৪ইং তারিখের স্মারক নং-পার-৩/ টি-৩/৯৩/৬১-তে, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মকর্তাদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বলবৎ থাকিবে।

৩) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকরিতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগপত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৫,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১২,৯০০-১৪,৩০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১১,৭০০-১৩,৫০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১০,৭০০-১৩,১০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৯,৫০০-১২,১০০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৭,২০০-১০,৮৪০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৬,১৫০-৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

১২। **ভাতাদির প্রাপ্যতা।—**

১) চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১ জুলাই, ১৯৯১ হইতে ৩০ জুন, ১৯৯৭ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

১৩। **আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।—**

১) চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণ (Nurses) যেই সকল ভাতা ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরণ করিয়াছেন সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে এবং ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

২) পুলিশ বিভাগের যেই সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদসংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

১৪। **চিকিৎসা ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৫। **বাড়ি ভাড়া ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক ৩০ জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১নং হইতে ১২নং স্কেল [টাকা ১৫০০০ (নির্ধারিত) হইতে টাকা ২৩৭৫-৫১৩০]-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ২২৫০–৪৭৩৫ হইতে টাকা ১৭৫০–৩৩০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১৬২৫–২৯০৫ হইতে ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে

সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না:

আরো শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৬। **বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—**

চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৬-তে উল্লিখিত বাড়ি ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে বলবৎ থাকিবে।

১৭। **যাতায়াত ভাতা।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০–৫৫০৫ হইতে টাকা ১৫০০–২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

১৯। **টিফিন ভাতা।—**

১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা শুধু নন-গেজেটেড বেসামরিক কর্মচারীগণ প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রাপ্য বকেয়া টিফিন ভাতা সঞ্চয়পত্রের মাধ্যমে প্রদান করা হইবে। যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

২০। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায়

অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরতযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণী সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

৬) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখ পর্যন্তজাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে প্রাপ্য বকেয়া বেতন সকল শ্রেণীর সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সঞ্চয় পত্রের মাধ্যমে প্রদান করা হইবে, যা প্রচলিত নিয়ম অনুযায়ী যখন খুশী ভাঙ্গানো যাইবে। সঞ্চয়পত্রের মাধ্যমে বকেয়া বেতন পরিশোধ সম্পর্কে স্বতন্ত্রভাবে বিস্তারিত পরিপত্র জারি করা হইবে।

২১। **আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২২। **রহিতকরণ ও হেফাজত।—**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

নং-অম/অবি/(বাস্তঃ)-১/জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭

তারিখ: ০৬/০৭/১৪০৪ বাং
২০/১০/১৯৯৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব,———————(সকল মন্ত্রণালয়/ বিভাগ), তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা, তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম,এ,জি), সেগুনবাগিচা, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৮। বিভাগীয় কমিশনার, --------বিভাগ।
তাঁহার অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। জেলা প্রশাসক,-------(সকল জেলা)।
তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। থানা নির্বাহী অফিসার, সকল থানা।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১৩। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৪। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৫। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৬। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা ভবন, ঢাকা।
১৭। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল জেলা)।
২০। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল থানা)।
২১। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
২৪। গার্ড নথি/ সংকলন।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯৭

## (বাংলাদেশ পুলিশ)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

নভেম্বর ১৮, ১৯৯৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯৭

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ১৮ নভেম্বর, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ
ঢাকা, ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাংলা/১৮ নভেম্বর ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৬৬-আইন/৯৭/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৫/৯৭/২৪৭।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০ জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;

খ) অর্থ বিভাগের ২৯শে ডিসেম্বর, ১৯৯৪ তারিখের স্মারক নং- অম/ অবি(বাস্ত-১)/ বিবিধ-১৭/ ৯৪/ ১৮০-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ ২৭শে অক্টোবার, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং–৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/৬৮-এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/ বোনাসসহ) ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৯-এ বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত এবং নিম্নোল্লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ পুলিশ বাহিনীর চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয়, তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) বাংলাদেশ রাইফেলস্-এ নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯৭' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' এবং 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১) | জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | টাকা ১৫০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ৮৬০০–২২৫×৪–৯৫০০ | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ |
| ৩। | টাকা ৭৮০০–২০০×৬–৯০০০ | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ |
| ৪। | টাকা ৭১০০–২০০×৮–৮৭০০ | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫×১০–৮০৫০ | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫×১৪–৭২৫০ | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ |
| ৭। | টাকা ৪১০০–১৫০×১৬–৬৫০০ | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ |
| ৮। | টাকা ৩২০০–১৪০×১৬–৫৪৪০ | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ |
| ৯। | টাকা ২৮৫০–১২৫×৭–৩৭২৫–ইবি–১৩০×১১–৫১৫৫ | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ |
| ১০। | টাকা ২৩০০–১১৫×৭–৩১০৫–ইবি–১২৫×১১–৪৪৮০ | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ |
| ১১। | টাকা ১৭২৫–১০৫×৭–২৪৬০–ইবি–১১৫×১১–৩৭২৫ | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ |
| ১২। | টাকা ১৫৫০–১০০×৭–২২৫০–ইবি–১০৫×১১–৩৪০৫ | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ |
| ১৩। | টাকা ১৪৭৫–৯০×৭–২১০৫–ইবি–৯৫×১১–৩১৫০ | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ |
| ১৪। | টাকা ১৩৭৫–৮০×৭–১৯৩৫–ইবি–৮৫×১১–২৮৭০ | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ |
| ১৫। | টাকা ১৩০০–৭০×৭–১৭৯০–ইবি–৭৫×১১–২৬১৫ | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ |
| ১৬। | টাকা ১২০০–৬০×৭–১৬২০–ইবি–৬৫×১১–২৩৩৫ | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ |
| ১৭। | টাকা ১১২৫–৫৫×৭–১৫১০–ইবি–৬০×১১–২১৭০ | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ |
| ১৮। | টাকা ১০৫০–৪৫×৭–১৩৬৫–ইবি–৫০×১১–১৯১৫ | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ |
| ১৯। | টাকা ৯৭৫–৪০×৭–১২৫৫–ইবি–৪৫×১১–১৭৫০ | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ |
| ২০। | টাকা ৯০০–৩৫×১৮–১৫৩০ | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) (অ) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত

হইবে;

(ই) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, তবে যে সকল ব্যক্তির বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা প্রযোজ্য হইবে না, যথা:-

(অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

(আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মরর্তা বা কর্মচারীর ১লা জোলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্য বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাঁহার বর্তমান বেতনের সঙ্গে যোগ করিয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে ধাপের সুবিধা প্রদান করিয়া (অর্থাৎ উক্ত ১২% বৃদ্ধিসহ সর্বমোট বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলের কোন ধাপের সমান হইলে ঐ ধাপে এবং উহার মান কোন ধাপ না থাকিলে পরবর্তী উচ্চতর ধাপে) তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেমের অনুচ্ছেদ ১-এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রদেয় হইবে।

২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, তাহা ১লা জুলাই ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সঙ্গে যুক্ত করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৮ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

**উদাহরণ:**

যে ক্ষেত্র জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫/- স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতেন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ বেতন স্কেল ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে (৪৩০০+৭ বৎসর চাকরি পূর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫–৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫ + ৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০–১০৮৪০ স্কেলে পদোন্নতিপ্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা - ৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্ব আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩ + ১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য হইবেন।

৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮

তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০–১৩,১০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর বেতন স্কেল টাকা ৪৩০০–৭৭৪০, টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে টাকা ৭২০০–১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর

কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০–১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।**—

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০–৬৬২৫ হইতে টাকা ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্টের) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**—

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন এই অনুচ্ছেদের (২) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হইয়া থাকেন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত হইয়া তাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

২) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকরিতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগপত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের

বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৫,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১২,৯০০–১৪,৩০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১১,৭০০–১৩,৫০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১০,৭০০–১৩,১০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৯,৫০০–১২,১০০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৭,২০০–১০,৮৪০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৬,১৫০–৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত ‘চাকরির মেয়াদ’ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ২৭ শে অক্টোবর, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং ৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮ এর মাধ্যমে জারিকৃত চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১ জুলাই, ১৯৯১ হইতে ৩০ জুন, ১৯৯৭ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয়

বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১৩। বাড়ী ভাড়া ভাতা (কনস্টেবলদের জন্য)।—**

২৭ শে অক্টোবর, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং ৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮ এর মাধ্যমে জারিকৃত চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১৩ অনুচ্ছেদে উল্লিখিত হারে ও শর্তাধীনে কনস্টেবলগণ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০মে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা পাইবেন।

**১৪। কনস্টেবলগণ ব্যতীত অন্যান্যদের জন্য বাড়ি ভাড়া ভাতা।—**

১) ২৭ শে অক্টোবর, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং ৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮ এর মাধ্যমে জারিকৃত চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১৪ অনুচ্ছেদে উল্লিখিত হারে ও শর্তাধীনে কনস্টেবলগণ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০মে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল কর্মকর্তা বা কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১শে জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

   ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১নং হইতে ১২নং [টাকা ১৫,০০০ (নির্ধারিত) হইতে টাকা ২৩৭৫–৫১৩০)] এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূলবেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

   খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ২২৫০–৪৭৩৫ হইতে টাকা ১৭৫০–৩৩০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

   গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১৬২৫–২৯০৫ হইতে টাকা ১৫০০–২৪০০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

   তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না;

   আরো শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।–**যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation- এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৫। **বাড়ী বাড়া সিলিং (Ceiling)।—**

২৭ শে অক্টোবর, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং ৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮ এর মাধ্যমে জারিকৃত চাকরির (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১৪ অনুচ্ছেদে ১৬তে উল্লিখিত বাড়ী ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে বলবৎ থাকিবে।

১৬। **চিকিৎসা ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৭। **যাতায়াত ভাতা।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০–৫৫০৫ হইতে টাকা ১৫০০–২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬-২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

১৯। **টিফিন ভাতা।—**

১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা শুধু নন-গেজেটেড পুলিশ কর্মচারীগণ প্রাপ্য হইবেন। যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহারা উক্ত ভাতা প্রাপ্য হইবেন না।

২০। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরতযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণী সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

২১। **আয়কর**।—

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২২। **রহিতকরণ ও হেফাজত**।—

১) ২৭ শে অক্টোবর, ১৯৯১ তারিখের আদেশ, এস.আর.ও নং ৩২৮-আইন/ ৯১/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৬৮ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

নং-অম/অবি/(বাস্তঃ)-১/জাঃ বেঃ স্কেল-৫/৯৭/২৪৭

তারিখ: ০৪/০৮/১৪০৪ বাং
১৮/১১/১৯৯৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
৬। মহা-পুলিশ পরিদর্শক, সদর দপ্তর, ঢাকা।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। বিভাগীয় কমিশনার, --------বিভাগ।
১০। জেলা প্রশাসক,-------(সকল জেলা)।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি,জি,এ ভবন (৩য় তলা) সেগুনবাগিচা, ঢাকা।
১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল জেলা)।
১৩। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল থানা)।
১৪। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৭। গার্ড নথি/ সংকলন।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯৭

## (বাংলাদেশ রাইফেলস্)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

নভেম্বর ১৮, ১৯৯৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯৭

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ১৮ই নভেম্বর, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ
ঢাকা, ৪ অগ্রহায়ন, ১৪০৪ বাংলা/১৮ নভেম্বর ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৬৭-আইন/৯৭/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-১/৯৭/২৫১—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০ জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;

খ) অর্থ বিভাগের ২৯শে ডিসেম্বর, ১৯৯৪ তারিখের স্মারক নং- অম/ অবি(বাস্ত-১)/ বিবিধ-১৭/ ৯৪/ ১৮০-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ ২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/ বোনাসসহ) ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৮-তে বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ রাইফেলস্-এ প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনী-তে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।**—

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ ১৯৯১ সনের ১লা জুলাই হইতে প্রবর্তিত, ২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯৭' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

## ৩। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।—

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১) | জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | ৬৩০০–১০×১৭৫–৮০৫০ | টাকা ৯৫০০–১০×২৬০–১২১০০ |
| ২। | ৪৮০০–১৪×১৭৫–৭২৫০ | টাকা ৭২০০–১৬×২৬০–১০৮৪০ |
| ৩। | ৪১০০–১৬×১৫০–৬৫০০ | টাকা ৬১৫০–১৬×২২৫–৯৭৫০ |
| ৪। | ২৮৫০–৭×১২৫–৩৭২৫–ইবি–১১×১৩০–৫১৫৫ | টাকা ৪৩০০–৭×১৮৫–৫৫৯৫–ইবি–১১×১৯৫–৭৭৪০ |
| ৫। | ২৩০০–৭×১১৫–৩১০৫–ইবি–১১×১২৫–৪৪৮০ | টাকা ৩৪০০–৭×১৭০–৪৫৯০–ইবি–১১×১৮৫–৬৬২৫ |
| ৬। | ২৩০০–৭×১১৫–৩১০৫ | টাকা ৩৪০০–৭×১৭০–৪৫৯০ |
| ৭। | ১৮৯৫–৫×১০৫–২৪২০–ইবি–৩×১১৫–২৭৬৫ | টাকা ২৮০০–৫×১৫৫–৩৫৭৫–ইবি–৩×১৭০–৪০৮৫ |
| ৮। | ১৭২৫–৭×১০৫–২৪৬০–ইবি–২×১১৫–২৬৯০ | টাকা ২৫৫০–৭×১৫৫–৩৬৩৫–ইবি–২×১৭০–৩৯৭৫ |
| ৯। | ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–৬×৮৫–২৪৪৫ | টাকা ২১০০–৭×১২০–২৯৪০–ইবি–৬×১২৫–৩৬৯০ |
| ১০। | ১৪৭৫–৭×৯০–২১০৫–ইবি–১১×৯৫–৩১৫০ | টাকা ২২৫০–৭×১৩৫–৩১৯৫–ইবি–১১×১৪০–৪৭৩৫ |
| ১১। | ১৩৭৫–৭×৮০–১৯৩৫–ইবি–১১×৮৫–২৮৭০ | টাকা ২১০০–৭×১২০–২৯৪০–ইবি–১১×১২৫–৪৩১৫ |
| ১২। | ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–১১×৭৫–২৬১৫ | টাকা ১৯৭৫–৭×১০৫–২৭১০–ইবি–১১×১১০–৪৯২০ |
| ১৩। | ১৩০০–৭×৭০–১৭৯০–ইবি–৪×৭৫–২০৯০ | টাকা ১৯৭৫–৭×১০৫–২৭১০–ইবি–৪×১১০–৩১৫০ |
| ১৪। | ১২০০–৭×৬০–১৬২০–ইবি–১১×৬৫–২৩৩৫ | টাকা ১৮৭৫–৭×৯০–২৫০৫–ইবি–১১×১০০–৩৬০৫ |
| ১৫। | ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–৫×৬০–১৮১০ | টাকা ১৭৫০–৭×৮০–২৩১০–ইবি–৫×৯০–২৭৬০ |
| ১৬। | ১১২৫–৭×৫৫–১৫১০–ইবি–১১×৬০–২১৭০ | টাকা ১৭৫০–৭×৮০–২৩১০–ইবি–১১×৯০–৩৩০০ |
| ১৭। | ১০৫০–৭×৪৫–১৩৬৫–ইবি–১১×৫০–১৯১৫ | টাকা ১৬২৫–৭×৬৫–২০৮০–ইবি–১১×৭৫–২৯০৫ |
| ১৮। | ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১২৪৫–১৭৯৫ | টাকা ১৫৬০–৭×৬০–১৯৮০–ইবি–১২×৬৫–২৭৬০ |
| ১৯। | ৯৭৫–৭×৪০–১২৫৫–ইবি–১১×৪৫–১৭৫০ | টাকা ১৫৬০–৭×৬০–১৯৮০–ইবি–১১×৬৫–২৬৯৫ |
| ২০। | ৯০০–১৮×৩৫–১৫৩০ | টাকা ১৫০০–১৮×৫০–২৪০০ |

## ৪। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রাপ্যতা।—

৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

## ৫। বর্তমান বেতনের সংজ্ঞা।—

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

## ৬। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।—

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) (অ) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং

জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ই) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, যথা-

(অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

(আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মকর্তা বা কর্মচারীর ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্য বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অংকের উপর ১২% বৃদ্ধি করিয়া যে অংক প্রাপ্য হয় উহা তাঁহার বর্তমান বেতনের সঙ্গে যোগ করিয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ধাপের সুবিধা প্রদান করিয়া (অর্থাৎ উক্ত ১২% বৃদ্ধিসহ সর্বমোট বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের কোন ধাপের সমান হইলে ঐ ধাপে এবং উহার সমান কোন ধাপ না থাকিলে পরবর্তী উচ্চতর ধাপে) তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেশের অনুচ্ছেদ ১-এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রদেয় হইবে।

২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই ১৯৯৮ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

উদাহরণ:

যে ক্ষেত্র জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫ স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ বেতন স্কেল ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে (৪৩০০+৭ বৎসর চাকরি পূর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫–৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫ + ৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০–১০৮৪০ স্কেলে পদোন্নতিপ্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা–৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্ব আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩ + ১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য

হইবেন।

৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে। এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০–১৩,১০০) ঊর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর বেতন স্কেল টাকা

৪৩০০–৭৭৪০, টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে টাকা ৭২০০–১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০–১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০–৬৬২৫ হইতে টাকা ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্ট-এর) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন অনুচ্ছেদের (৩) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

ঘ) Finance Ministry's O.M.No. MF (ID)-1-3/ 77/ 522, dated 13th May-1978, MF(ID)-II-/ P-1/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/ 81/ 800, dated 29th June, 1981-তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে।

২) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে

জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকরিতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগপত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৯,৫০০-১২,১০০ | ১০ বৎসর |
| ২। | টাকা ৭,২০০-১০,৮৪০ | ৫ বৎসর |
| ৩। | টাকা ৬,১৫০-৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত ‘চাকরির মেয়াদ’ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১২। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২নং অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩০ জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

১৩। **চিকিৎসা ভাতা।**—

১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৪। **বাড়ি ভাড়া ভাতা।**—

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস (JCOs and ORs) ব্যতীত সকল ব্যক্তি ২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর ১৪ নং অনুচ্ছেদের একই শর্তাধীনে ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

   ক) যদি তিনি ১লা জুলাই, ১৯৯৭ এর ১নং হইতে ৫নং (টাকা ৯৫০০–১২১০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

   খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১০নং হইতে ১৬নং স্কেল (টাকা ২২৫০–৪৭৩৫ হইতে টাকা ১৭৫০–৩৩০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

   গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১৬২৫–২৯০৫ হইতে ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

   তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না:

   আরো শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

১৫। **বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।**—

২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৫-তে উল্লিখিত বাড়ি ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে বলবৎ থাকিবে।

১৬। **কতিপয় শ্রেণীর অফিসার, JCOs এবং ORs এর জন্য ভাতাসমূহ।**

২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১৬নং অনুচ্ছেদে যে সকল ভাতা বহাল রাখা হইয়াছে সেই সকল ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই এবং একই শর্তাধীনে ৩০শে জুন,

১৯৯৯ পর্যন্ত প্রদেয় হইবে।

**১৭। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

**১৮। টিফিন ভাতা।—**

১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা শুধু নন-গেজেটেড বেসামরিক কর্মচারীগণ প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রাপ্য বকেয়া টিফিন ভাতা সঞ্চয়পত্রের মাধ্যমে প্রদান করা হইবে। যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৯। বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন করতঃ যথাশীঘ্র সম্ভব বেতনপত্র জারি করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়া থাকিলে তাহা ফেরতযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সঙ্গে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণী সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিষ্পত্তি করিবেন।

৩) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

**২০। আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২১। রহিতকরণ ও হেফাজত।—**

১) ২৭শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও, নং–৩২৯-আইন/ ৯/ অম/ অবি (বাস্তঃ)/ জাঃ বেঃ স্কেল-৬/ ৯১/ ৬৯-এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

নং-অম/অবি/(বাস্তঃ)-১ জাঃ বেঃ স্কেল-৬/৯৭/২৫১

তারিখ: ০৪-০৮-১৪০৪ বাং / ১৮-১১-১৯৯৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা।
৮। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
১১। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপ-জেলা)।
১২। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৫। গার্ড নথি/ সংকলন।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯৭

## (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

নভেম্বর ১৮, ১৯৯৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯৭

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় নভেম্বর ১৮, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ
ঢাকা, ৪ঠা অগ্রহায়ন, ১৪০৪ বাংলা/ ১৮ নভেম্বর ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৬৪-আইন/৯৭/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৪/৯৭/২৪৬—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—

১) এই আদেশ চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০ জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;

খ) অর্থ বিভাগের ১৯শে ডিসেম্বর, ১৯৯৫ তারিখের স্মারক নং- অম/ অবি (বাস্ত-১)/ বেতন বৃদ্ধি-১/ ৯৫/ ০৯-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/ বোনাসসহ) ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৮-তে বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করিবে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নোল্লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত ব্যাংক এবং অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত ‘worker’;

খ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

গ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঘ) ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানে প্রেষণে নিযুক্ত সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।**—

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) ‘অর্থলগ্নী প্রতিষ্ঠান’ অর্থ-

১) বাংলাদেশ কৃষি ব্যাংক;
২) বাংলাদেশ শিল্প ব্যাংক;
৩) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা;
৪) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ;
৫) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন; এবং
৬) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

খ) ‘ব্যাংক’ অর্থ-

১) বাংলাদেশ ব্যাংক;
২) অগ্রণী ব্যাংক;

৩) জনতা ব্যাংক; এবং
৪) সোনালী ব্যাংক;

গ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ আদেশ চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অধীন বেতন স্কেল;

ঙ) 'প্রতিষ্ঠান' অর্থ ব্যাংক অথবা অর্থলগ্নী প্রতিষ্ঠান;

চ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯৭' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

ছ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:-

| **স্কেল** | **বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১)** | **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর)** |
|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | টাকা ১৫০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ৮৬০০–২২৫×৪–৯৫০০ | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ |
| ৩। | টাকা ৭৮০০–২০০×৬–৯০০০ | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ |
| ৪। | টাকা ৭১০০–২০০×৮–৮৭০০ | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ |
| ৫। | ক) টাকা ৬৩০০–১৭৫×১০–৮০৫০<br>খ) টাকা ৫৮০০–১৭৫×১০–৭৭২৫<br>(শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) | ক) টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০<br>খ) টাকা ৮৮০০–২৬০×১১–১১৬৬০<br>(শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৬। | ক) টাকা ৪৮০০–১৭৫×১৪–৭২৫০<br>খ) টাকা ৪৮০০–১৭৫×১২–৬৯০০<br>(শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) | ক) টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০<br>খ) টাকা ৭২০০–২৬০×১২–১০৩২০<br>(শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৭। | টাকা ৪১০০–১৫০×১৬–৬৫০০ | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ |
| ৮। | টাকা ৩২০০–১৪০×১৬–৫৪৪০ | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ |
| ৯। | টাকা ২৮৫০–১২৫×৭–৩৭২৫–ইবি–১৩০×১১–৫১৫৫ | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ |
| ১০। | টাকা ২৩০০–১১৫×৭–৩১০৫–ইবি–১২৫×১১–৪৪৮০ | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ |
| ১১। | টাকা ১৭২৫–১০৫×৭–২৪৬০–ইবি–১১৫×১১–৩৭২৫ | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ |
| ১২। | টাকা ১৫৫০–১০০×৭–২২৫০–ইবি–১০৫×১১–৩৪০৫ | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ |
| ১৩। | টাকা ১৪৭৫–৯০×৭–২১০৫–ইবি–৯৫×১১–৩১৫০ | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ |
| ১৪। | টাকা ১৩৭৫–৮০×৭–১৯৩৫–ইবি–৮৫×১১–২৮৭০ | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ |
| ১৫। | টাকা ১৩০০–৭০×৭–১৭৯০–ইবি–৭৫×১১–২৬১৫ | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ |
| ১৬। | টাকা ১২০০–৬০×৭–১৬২০–ইবি–৬৫×১১–২৩৩৫ | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ |
| ১৭। | টাকা ১১২৫–৫৫×৭–১৫১০–ইবি–৬০×১১–২১৭০ | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ |
| ১৮। | টাকা ১০৫০–৪৫×৭–১৩৬৫–ইবি–৫০×১১–১৯১৫ | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ |
| ১৯। | টাকা ৯৭৫–৪০×৭–১২৫৫–ইবি–৪৫×১১–১৭৫০ | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ |
| ২০। | টাকা ৯০০–৩৫×১৮–১৫৩০ | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা

সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) (অ) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ই) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, তবে যে সকল ব্যক্তির বেতন স্কেল টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৫,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না, যথা-

অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মকর্তা বা কর্মচারীর ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্য বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অংকের উপর ১২% বৃদ্ধি করিয়া যে অংক প্রাপ্য হয় উহা তাঁহার বর্তমান বেতনের সঙ্গে যোগ করিয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ধাপের সুবিধা প্রদান করিয়া (অর্থাৎ উক্ত ১২% বৃদ্ধিসহ সর্বমোট বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের কোন ধাপের সমান হইলে ঐ ধাপে এবং উহার সমান কোন ধাপ না থাকিলে পরবর্তী উচ্চতর ধাপে) তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেশের অনুচ্ছেদ ১-এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রদেয় হইবে।

২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে

হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, তাহা ১লা জুলাই, ১৯৯৭ তারিখ অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সঙ্গে যুক্ত করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই ১৯৯৮ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

**উদাহরণ:**

জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫ স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ বেতন স্কেল ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে (৪৩০০+৭ বৎসর চাকরি পূর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫–৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫ + ৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০–১০৮৪০ স্কেলে পদোন্নতিপ্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা–৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্ব আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩ + ১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য হইবেন।

৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

ব্যাখ্যা।–এই উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রেষণ বলিতে কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলি বা নিয়োগ বুঝাইবে।

৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন (প্রযোজ্য ক্ষেত্রে) ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।**—

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ২৩৭৫–৫১৩০, টাকা ২৫৫০–৫৫০৫ এবং ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪৩০০–৭৭৪০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০–১৩,১০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর বেতন স্কেল টাকা ৪৩০০–৭৭৪০, টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে টাকা ৭২০০–১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০–১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে ১ম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০–৬৬২৫ হইতে টাকা ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্ট-এর) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন এই অনুচ্ছেদের (২) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী বা এগ্রিকালচার বা এনিম্যাল হাজব্যান্ড্রি বা ভেটেরিনারী সায়েন্স ডিগ্রী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস করার পর ৪ বৎসরের কোর্স সম্পন্ন) বা সরকার কর্তৃক স্বীকৃত ইহার সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

২) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধিসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতা বোনাসসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকরিতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগপত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে, এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৫,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১২,৯০০-১৪,৩০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১১,৭০০-১৩,৫০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১০,৭০০-১৩,১০০ | ১২ বৎসর |
| ৫। | ক) টাকা ৯,৫০০-১২,১০০ | ১০ বৎসর |
| | খ) টাকা ৮,৮০০-১১,৬৬০ | ৮ বৎসর |
| ৬। | ক) টাকা ৭,২০০-১০,৮৪০ | ৫ বৎসর |
| | খ) টাকা ৭,২০০-১০,৩২০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৬,১৫০-৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা

৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

১২। **ভাতাদির প্রাপ্যতা।—**

১) চাকরি [ব্যাংক ও লগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩০ জুন, ১৯৯৭ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

১৩। **উচ্চ কারিগরি জ্ঞানসম্পন্ন ও পেশাগত দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য বিশেষ বিধান।—**

চাকরি [ব্যাংক ও লগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১৩ অনুচ্ছেদে এতদসংক্রান্ত যে বিধান বহাল রাখা হইয়াছে এবং যাহা ৩০মে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা একই শর্তাধীনে বহাল থাকিবে।

১৪। **চিকিৎসা ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চাকরি [ব্যাংক ও লগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৪(২)তে উল্লিখিত সুবিধা এবং চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৫। **বাড়ি ভাড়া ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল ব্যক্তি প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) কর্মকর্তাদের ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) কর্মচারীগণ যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৭৫০–৩৩০০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলের অন্তর্ভুক্ত, তাঁহাদের ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) কর্মচারীদের ক্ষেত্রে যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০, টাকা ১৫৬০–২৬৯৫ ও

টাকা ১৬২৫–২৯০৫-এর আওতাভুক্ত হন, তাঁহাদের ক্ষেত্রে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

৪) যে ব্যক্তি, সময়ে সময়ে জারিকৃত বিধি অনুযায়ী ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না কিন্তু ভবিষ্যতে যাঁহারা ঐসব পদে নিয়োগপ্রাপ্ত হইবেন তাঁহারা বাড়ী ভাড়া প্রদান করিবেন।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৬। **বাড়ি ভাড়া সিলিং (Ceiling)**।—

চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৬-তে প্রদত্ত বাড়ি ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে একই শর্তাধীনে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

১৭। **যাতায়াত ভাতা**।—

১) ক) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০–৫৫০৫ হইতে টাকা ১৫০০–২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

খ) উপ-অনুচ্ছেদ (১) এর (ক)তে উল্লিখিত স্কেলের কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনার বাহিরে অবস্থিত হইলে তিনি ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

১৮। **টিফিন ভাতা**।—

সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ (একশত) টাকা হারে টিফিন ভাতা প্রাপ্য হইবেন, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা পান তাঁহারা উক্ত ভাতা প্রাপ্য হইবেন না।

১৯। **বেতন প্রদান পদ্ধতি**।—

১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ব্যক্তিগণের বেতন নির্ধারণ করিবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে একটি বিবরণী প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাহাদের সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী যথাযথভাবে নিরীক্ষা ও প্রতিপাদন করাইবে এবং এই ব্যাপারে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করাইবে।

২) এই আদেশ জারির তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও

ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৩) আহরিত অতিরিক্ত বেতন প্রদানের নিমিত্তে লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথাযথভাবে রেকর্ডভুক্ত করিবে এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবেন।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

২০। **রহিতকরণ ও হেফাজত।**—

১) চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

নং-অম/ অবি/ (বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-১/৯৭/২৪৬

তারিখ: ০৪-০৮-১৪০৪ বাং
১৮-১১-১৯৯৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব সংস্থাপন মন্ত্রণালয়।
৫। সচিব, ব্যাংকিং বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ––––––––––––––––– সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
৯। মহা-পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১০। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। ব্যাংকিং বিভাগের সকল কর্মকর্তা।
১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি [ব্যাংক ও লর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ১৯৯৭

## [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ]

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

নভেম্বর ১৮, ১৯৯৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
১৯৯৭

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ১৮ নভেম্বর, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ
ঢাকা, ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাংলা/১৮ নভেম্বর, ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৬৩-আইন/৯৭/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৩/৯৭/২৪৫—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩)-এর বিধান সাপেক্ষে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে;

৩) এই আদেশ অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে;

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০ জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;

খ) অর্থ বিভাগের ১৯শে ডিসেম্বর, ১৯৯৫ তারিখের স্মারক নং- অম/ অবি(বাস্ত-১)/ বেতন বৃদ্ধি-১/ ৯৫/ ০৯-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/ বোনাসসহ) ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৮-এ বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

৪) এই আদেশের নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নোল্লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে যথা:-

ক) স্থানীয় প্রতিষ্ঠানসমূহ, যথা, সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, থানা পরিষদ, ইউনিয়ন পরিষদ;

খ) বাংলাদেশ বিমান করপোরেশন;

গ) বাংলাদেশ শিপিং করপোরেশন;

ঘ) ব্যাংকসমূহ ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহ, যথা, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, বাংলাদেশ শিল্প ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ বিনিয়োগ করপোরেশন এবং বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান করপোরেশন;

ঙ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

চ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ছ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

জ) স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ প্রেষণে কর্মরত সরকারি ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ১৯৯৭' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) ‘সংস্থা বা ‘প্রতিষ্ঠান’ অর্থ স্ব-শাসিত (Public Bodies) প্রতিষ্ঠান বা রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান;

ঘ) ‘মূল স্কেল’, ‘সিলেকশন গ্রেড স্কেল’, ‘সিনিয়র স্কেল’ বা ‘উচ্চতর স্কেল (টাইম-স্কেল)’ অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১) | জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | টাকা ১৫০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ৮৬০০–২২৫×৪–৯৫০০ | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ |
| ৩। | টাকা ৭৮০০–২০০×৬–৯০০০ | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ |
| ৪। | টাকা ৭১০০–২০০×৮–৮৭০০ | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ |
| ৫। | টাকা ৬৩০০–১৭৫×১০–৮০৫০ | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ |
| ৬। | টাকা ৪৮০০–১৭৫×১৪–৭২৫০ | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ |
| ৭। | টাকা ৪১০০–১৫০×১৬–৬৫০০ | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ |
| ৮। | টাকা ৩২০০–১৪০×১৬–৫৪৪০ | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ |
| ৯। | টাকা ২৮৫০–১২৫×৭–৩৭২৫–ইবি–১৩০×১১–৫১৫৫ | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ |
| ১০। | টাকা ২৩০০–১১৫×৭–৩১০৫–ইবি–১২৫×১১–৪৪৮০ | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ |
| ১১। | টাকা ১৭২৫–১০৫×৭–২৪৬০–ইবি–১১৫×১১–৩৭২৫ | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ |
| ১২। | টাকা ১৫৫০–১০০×৭–২২৫০–ইবি–১০৫×১১–৩৪০৫ | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ |
| ১৩। | টাকা ১৪৭৫–৯০×৭–২১০৫–ইবি–৯৫×১১–৩১৫০ | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ |
| ১৪। | টাকা ১৩৭৫–৮০×৭–১৯৩৫–ইবি–৮৫×১১–২৮৭০ | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ |
| ১৫। | টাকা ১৩০০–৭০×৭–১৭৯০–ইবি–৭৫×১১–২৬১৫ | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ |
| ১৬। | টাকা ১২০০–৬০×৭–১৬২০–ইবি–৬৫×১১–২৩৩৫ | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ |
| ১৭। | টাকা ১১২৫–৫৫×৭–১৫১০–ইবি–৬০×১১–২১৭০ | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ |
| ১৮। | টাকা ১০৫০–৪৫×৭–১৩৬৫–ইবি–৫০×১১–১৯১৫ | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ |
| ১৯। | টাকা ৯৭৫–৪০×৭–১২৫৫–ইবি–৪৫×১১–১৭৫০ | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ |
| ২০। | টাকা ৯০০–৩৫×১৮–১৫৩০ | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রাপ্যতা।—**

৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় থেকে সিলেকশন গ্রেড অনুমোদিত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে ‘বর্তমান বেতন’ বলিতে বুঝাইবে-

ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) (অ) যদি তাহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ই) যদি তাঁহার বর্তমান বেতন, সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে, এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকরিকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য কোন পদে ৩০শে জুন ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকরিকালের জন্য দফা (ক)-তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, তবে যে সকল ব্যক্তির বেতন স্কেল টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৫,০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না, যথা-

(অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকরির জন্য ১টি বেতন বৃদ্ধি;

(আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকরির প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকরিকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকরিকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি;

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাই-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মকর্তা বা কর্মচারীর ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্য বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অংকের উপর ১২% বৃদ্ধি করিয়া যে, অংক প্রাপ্য হয় উহা তাঁহার বর্তমান বেতনের সঙ্গে যোগ করিয়া এবং, প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ধাপের সুবিধা প্রদান করিয়া (অর্থাৎ, উক্ত ১২% বৃদ্ধিসহ সর্বমোট বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলের কোন ধাপের সমান হইলে ঐ ধাপে এবং উহার সমান কোন ধাপ না থাকিলে পরবর্তী উচ্চতর ধাপে) তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেশের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রদেয় হইবে।

২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, তাহা ১লা জুলাই ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সঙ্গে যুক্ত করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই ১৯৯৮ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

উদাহরণ:

যে ক্ষেত্র জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০–৫১৫৫ স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ বেতন স্কেল ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে

(৪৩০০+৭ বৎসর চাকরি পূর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫–৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫ + ৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০–১০৮৪০ স্কেলে পদোন্নতিপ্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা–৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্ব আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩ + ১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য হইবেন।

৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

ব্যাখ্যা।–এই উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রেষণ বলিতে কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলি বা নিয়োগ বুঝাইবে।

৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে। এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। **সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা।—**

বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।—**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০–২৪০০ হইতে টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ২৩৭৫–৫১৩০, টাকা ২৫৫০–৫৫০৫ এবং টাকা ৩৪০০–৬৬২৫ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ৪৩০০–৭৭৪০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ তাঁহাদের নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০–১৩,১০০) ঊর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর বেতন স্কেল টাকা ৪৩০০–৭৭৪০, টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে টাকা ৭২০০–১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৪৮০০–৮১৬০ এবং টাকা ৬১৫০–৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০–১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। **বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১-তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরিকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০–৬৬২৫ হইতে টাকা ১৫০০–২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধির ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সঙ্গে সংযোজিত হইবে।

৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্ট-এর) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন এই অনুচ্ছেদের (২) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ করার পর ৪ বৎসর মেয়াদী কোর্স পাশ করতঃ এগ্রিকালচার বা এগ্রিকালচারাল ইকোনমিক্স বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা এনিম্যাল হাজব্যান্ড্রি বা ভেটেরিনারী সায়েন্স-এ যে ডিগ্রী অর্জন করা হয় সেই ডিগ্রীধারীকে অথবা বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে

নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের সহিত আলোচনাক্রমে, নির্দিষ্ট কোন পদে সম্পূর্ণরূপে পরিকল্পনা ও নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলি তাঁহাদের নিজ নিজ বেতন স্কেলে ৩টি বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন। তাঁহারা যতদিন পরিকল্পনা ও নক্সা কাজে সহকারী প্রকৌশলী বা নির্বাহী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন, ততদিন পর্যন্ত এই বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। পরিকল্পনা বা নক্সা কাজে বিশেষজ্ঞা, যোগ্য সহকারী প্রকৌশলীদের মধ্য হইতে পরিকল্পনা বা নক্সার নির্বাহী প্রকৌশলী পদে পদোন্নতি দেওয়া হইবে। উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতিপ্রাপ্ত কোন পরিকল্পনা বা নক্সা কাজে নিয়োজিত কোন সহকারী প্রকৌশলীকে জনস্বার্থে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পদে যোগদানের জন্য অব্যাহতি প্রদান করা না হইলে, যতদিন তিনি পরিকল্পনা বা নক্সার সহকারী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন ততদিন তিনি জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর টাঃ ৬১৫০–৯৭৫০/–তে বেতন আহরণ করিবেন।

ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বৈজ্ঞানিক এবং শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট এবং বাংলাদেশ চা গবেষণা ইনষ্টিটিউট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ৪৩০০–৭৭৪০/-এর কোন পদে প্রথম নিয়োগপ্রাপ্ত একজন কর্মকর্তাকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে যদি-

(অ) পদটি গবেষণামূলক পদ হিসাবে নির্দিষ্ট থাকে; এবং

(আ) সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নলিখিত যোগ্যতাগুলির মধ্যে কমপক্ষে যে কোন একটি থাকে-

১) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণীর ডিগ্রীঘারী হইয়া থাকেন;

২) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং কৃষিতে ১ম শ্রেণীর ডিগ্রীধারী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট লাভের পর ৪ বৎসরের কোর্স সম্বলিত) ইয়া থাকেন।

৩) তিনি শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং বিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণী মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

৪) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ১ম শ্রেণীর সম্মান ডিগ্রীসহ বিজ্ঞান বিষয় ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন।

৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ১ম বিভাগে উত্তীর্ণ হইয়া থাকেন এবং কমপক্ষে ৬০% নম্বরসহ চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইয়া থাকেন;

তবে আরও শর্ত থাকে যে, উপরের দফা ১ (ঘ) অনুসারে যাঁহাদেরকে বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে, তাঁহারা এই উপ-অনুচ্ছেদের দফা (ক) (খ) ও (গ) অনুসারে কোন বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না:

তবে আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হইয়া থাকেন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত হইয়া তাকে, তাহা হইলে তিনি ১টি বেতন বৃদ্ধি পাইবেন।

২) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকরিতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগপত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

**১১। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের

সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৫,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১২,৯০০-১৪,৩০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১১,৭০০-১৩,৫০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১০,৭০০-১৩,১০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৯,৫০০-১২,১০০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৭,২০০-১০,৮৪০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৬,১৫০-৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকরির মেয়াদ বলিতে বুঝাইবে-

ক) ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় ৫ম গ্রেডর্ভুক্ত চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল।

তৎসহ

খ) ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল;

তৎসহ

গ) অন্যান্য পদে প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

১২। **ভাতাদির প্রাপ্যতা।**—

১) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১ জুলাই, ১৯৯১ হইতে ৩০ জুন, ১৯৯৭ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

১৩। **চিকিৎসা সুবিধাদি।**—

১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর অনুচ্ছেদ ১৩(২)তে উল্লিখিত চিকিৎসা সংক্রান্ত বিধানাবলী এবং অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯

তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৪। **বাড়ি ভাড়া ভাতা।—**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) কর্মকর্তাদের ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) কর্মচারীগণ যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৭৫০–৩৩০০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলের অন্তর্ভুক্ত, তাঁহাদের ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) কর্মচারীগণ যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১৬২৫–২৯০৫ হইতে ১৫০০–২৪০০) বেতন স্কেলের আন্তর্ভুক্ত হন, তাঁহাদের কোন বাড়ি ভাড়া সংস্থাকে প্রদান করিতে হইবে না;

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি প্রচলিত বিধান অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সংস্থা কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না, তবে ভবিষ্যতে উক্ত ব্যক্তির পদে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে অনুরূপ বাসস্থানের জন্য বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, কোন ব্যক্তি সংস্থার বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।**–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৫। **বাড়ি ভাড়া সিলিং (Ceiling)।—**

চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৫-তে উল্লিখিত বাড়ি ভাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে একই শর্তাধীনে বলবৎ থাকিবে।

১৬। **যাতায়াত ভাতা।—**

১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০–৫৫০৫ হইতে টাকা ১৫০০–২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ৩০ জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০–৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

১৭। **উৎসব ভাতা অথবা উৎসব বোনাস।—**

সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা অথবা উৎসব বোনাস প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

১৮। **টিফিন ভাতা।—**

সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণ ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা প্রাপ্য হইবেন, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা পান তাঁহারা উক্ত ভাতা প্রাপ্য হইবেন না।

১৯। **বেতন প্রদান পদ্ধতি।—**

১) এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে সংস্থার সকল ব্যক্তির বেতন যথাশীঘ্র সম্ভব নির্ধারণ করিতে হইবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে এতদ্সংক্রান্ত একটি বিবরণী প্রেরণ করিবে। ইহা ছাড়া সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদনের ব্যবস্থা করিতে হইবে ও অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করিতে হইবে।

২) এই আদেশ জারির তারিখ হইতে এক বৎসরের মধ্যে যাঁহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাঁহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা সংস্থা প্রধানগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহণকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

৩) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর সকল ব্যক্তিকে সাময়িকভাবে বেতন প্রদান করা যাইবে। সংস্থা এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথাযথভাবে রেকর্ডভুক্ত করিবে এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র পৃষ্ঠাঙ্কন করিবে।

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

২০। **আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর তাঁহাদের নিজ নিজ সংস্থা ও প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হইবে।

২২। **রহিতকরণ ও হেফাজত।—**

১) ২৬শে অক্টোবর, ১৯৯১ তারিখের এস.আর.ও নং–৩২৪-আইন/ ৯১/ অম/ অবি(বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-৩/ ৯১-৬৬ এ জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

নং-অম/অবি/(বাস্তঃ)-১/জাঃ বেঃ স্কেল-৩/২৪৫

তারিখ: ০৪-০৮-১৪০৭ বাং
১৮-১১-১৯৯৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব,-------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
৭। সকল স্ব-শাসিত/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
৮। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
৯। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১০। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১১। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১২। অর্থ বিভাগের স্বায়ত্তশাসিত অনুবিভাগ/মনিটরিং সেল-এর সকল কর্মকর্তা, ঢাকা।
১৩। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৫। গার্ড নথি/ সংকলন।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ১৬ নভেম্বর, ১৯৯৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
প্রজ্ঞাপন
ঢাকা, ২রা অগ্রহায়ণ, ১৪০৪ বাংলা/ ১৬ নভেম্বর, ১৯৯৭ ইংরেজী

এস.আর.ও নং–২৬১-আইন/৯৭/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-১/৯৭/২৩৭।—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশের-

১। অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) এর শেষে দাঁড়ির পরির্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (গ) সংযোজিত হইবে, যথা:-

‘(গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মকর্তা বা কর্মচারীর ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্য বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অংকের উপর ১২% বৃদ্ধি করিয়া যে অংক প্রাপ্য হয় উহা তাঁহার বর্তমান বেতনের সঙ্গে যোগ করিয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ধাপের সুবিধা প্রদান করিয়া (যথা, উক্ত ১২% বৃদ্ধসহ সর্বমোট বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের কোন ধাপের সমান হইলে ঐ ধাপে এবং উহার সমান কোন ধাপ না থাকিলে পরবর্তী উচ্চতর ধাপে) তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেশের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রদেয় হইবে।’;

২। অনুচ্ছেদ ১৯ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১৯ প্রতিস্থাপিত হইবে, যথা:-

‘১৯। **টিফিন ভাতা**।—১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে সকল নন-গেজেটেড কর্মচারী মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা প্রাপ্য হইবেন, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।’

৩। অনুচ্ছেদ ২০ এর (৬) উপ-অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**বাস্তবায়ন অনুবিভাগ**

প্রজ্ঞাপন
ঢাকা, ১লা মাঘ, ১৪০৪ বাং/১৪ জানুয়ারী, ১৯৯৮ ইং

এস.আর.ও নং–৬-আইন/৯৮/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-১/৯৭/১৪।—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস.আর.ও নং–২৪২-আইন/৯৭ইং/ অম/ অবি(বাস্তঃ)-১/ জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭ তারিখ ২১ অক্টোবর ১৯৯৭ ইংরেজী এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) এর শেষে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:-

'(ঘ) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-৭-১৯৯৭ তারিখের পূর্ব পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেল এর ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন, ০১-৭-১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ত এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেইক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবাধি প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।'

২। এই আদেশ ১-৭-১৯৯৭ইং তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১লা মাঘ, ১৪০৪ বাং/১৪ জানুয়ারী, ১৯৯৮ ইং

এস.আর.ও নং–১০-আইন/৯৮/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৬/৯৭/১৫।—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস.আর.ও নং–২৬৭-আইন/৯৭/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃবেঃস্কেল-৬/৯৭/২৫১ তারিখ ১৮ নভেম্বর ১৯৯৭ ইংরেজী এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) এর শেষে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:-

‘(ঘ) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-৭-১৯৯৭ তারিখের পূর্ব পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেল এর ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন, ০১-৭-১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেইক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবাধি প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।’

২। এই আদেশ ১-৭-১৯৯৭ইং তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১লা মাঘ, ১৪০৪ বাং/১৪ জানুয়ারী, ১৯৯৮ ইং

এস.আর.ও নং–৯-আইন/৯৮/অম/অবি (বাস্তঃ)-১/জাঃবেঃস্কেল-৫/৯৭/১৬।—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস.আর.ও নং–২৬৬-আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ)-১/ জাঃবেঃস্কেল-৫/ ৯৭/ ২৪৭ তারিখ ১৮ নভেম্বর ১৯৯৭ ইংরেজী এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) এর শেষে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:-

‘(ঘ) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-৭-১৯৯৭ তারিখের পূর্ব পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেল এর ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন, ০১-৭-১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭তে এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেইক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবাধি প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।’

২। এই আদেশ ১-৭-১৯৯৭ইং তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ই জৈষ্ঠ্য, ১৪০৬ বাং/২৫শে মে, ১৯৯৯

এস.আর.ও নং–১০৮-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/৯৭/১২৫।—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং–২৪২-আইন/৯৭/ অম/ অবি(বাস্তঃ-১)জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭ তারিখ ৬ই কার্তিক, ১৪০৪ বাং মোতাবেক ২১ অক্টোবর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৮) এরপর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:-

‘(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হিতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্র, পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন লীভ স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/ সরকারি আদেশ অনুযায়ী বহাল থাকিবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

ঢাকা, **১১ই** জৈষ্ঠ্য, ১৪০৬/ ২৫শে মে, ১৯৯৯

এস.আর.ও নং–১১১-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/৯৭/১২৬—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১) জাঃবেঃস্কেল-৩/ ৯৭/ ২৪৫ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:-

‘(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হিতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্র, পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন লীভ স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/ সরকারি আদেশ অনুযায়ী বহাল থাকিবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ই জৈষ্ঠ্য, ১৪০৬/ ২৫শে মে, ১৯৯৯

এস.আর.ও নং–১১০-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/৯৭/১২৭—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১) জাঃবেঃস্কেল-৩/ ৯৭/ ২৪৫ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:-

‘(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হিতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্র, পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন লীভ স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/ সরকারি আদেশ অনুযায়ী বহাল থাকিবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ই জৈষ্ঠ্য, ১৪০৬/ ২৫শে মে, ১৯৯৯

এস.আর.ও নং–১১২-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/৯৭/১২৮—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৬ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১) জাঃবেঃস্কেল-৫/ ৯৭/ ২৪৭ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:-

‘(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হিতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্র, পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন লীভ স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/ সরকারি আদেশ অনুযায়ী বহাল থাকিবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ই জৈষ্ঠ্য, ১৪০৬/ ২৫শে মে, ১৯৯৯

এস.আর.ও নং–১১৩-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৬/৯৭/১২৯—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৭ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১) জাঃবেঃস্কেল-৬/ ৯৭/ ২৫১ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:-

‘(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হিতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্র, পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন লীভ স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/ সরকারি আদেশ অনুযায়ী বহাল থাকিবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ৮, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১।

## প্রজ্ঞাপন

তারিখ, ২৪-৩-১৪০৬ বাং/৮-৭-১৯৯৯ ইং

এস.আর.ও নং–১৯৮-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/৯৭/১৬৯—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং–২৪২-আইন/৯৭ইং/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭ তারিখ ৬ই কার্তিক, ১৪০৪ বাং মোতাবেক ২১ অক্টোবর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথা:-

উপরি-উক্ত আদেশের—

১) অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) সংযোজিত হইবে, যথা:-

‘(৩) সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।’;

২) অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) সংযোজিত হইবে, যথা:-

‘(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| **মূল বেতন** | **বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক)** | |
|---|---|---|
| | **ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী- এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য** | **অন্যান্য স্থানের জন্য** |
| টাকা ১৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০ |
| টাকা ১৮০১ হতে ৩৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০ |
| টাকা ৩৮০১ হতে ৯০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০ |
| টাকা ৯০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ |

৩) অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) ও (৫) সংযোজিত হইবে, যথা:-

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১নং স্কেল হইতে ২০নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ হইতে টাকা ১৫০০-২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট-এর সিটি কর্পোরেশন/ পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৫) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (৪) এ বির্ণত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।’;

৪) অনুচ্ছেদ ১৮ ক এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ১৮ খ সন্নিবেশিত হইবে, যথা:-

‘১৮। খ। **শ্রান্তি বিনোদন ভাতা**।—প্রত্যেক সরকারি কর্মকর্তা ও কর্মাচারী Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী শ্রান্তি/ বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ১১, ১৯৯৯**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ, ২৪-৩-১৪০৬ বাং/৮-৭-১৯৯৯ ইং

এস.আর.ও নং–২০০-আইন/৯৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/৯৭/১৭০—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩-আইন/ ৯৭ইং/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-৩/ ৯৭/ ২৪৫ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথা:-

উপরি-উক্ত আদেশের—

১। অনুচ্ছেদ ১৩ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) সংযোজিত হইবে, যথা:-

‘(৩) সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।’;

২। অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) সংযোজিত হইবে, যথা:-

‘(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী- এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০ |
| টাকা ১৮০১ হতে ৩৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০ |
| টাকা ৩৮০১ হতে ৯০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০ |
| টাকা ৯০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ |

৩। অনুচ্ছেদ ১৬ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) ও (৫) সংযোজিত হইবে, যথা:-

৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১নং স্কেল হইতে ২০নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ হইতে টাকা ১৫০০-২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট-এর সিটি কর্পোরেশন/ পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৫) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০–৬৬২৫ অথবা টাকা ৪৩০০–৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (৪) এ বির্ণত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।’;

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

[বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় ২৯ ডিসেম্বর, ১৯৯৮ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১।

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ই পৌষ ১৪০৫/২৮ ডিসেম্বর ১৯৯৮

এস.আর.ও নং–২৯৭-আইন/৯৮/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/৯৭-২৯১—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং–২৪২-আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭ তারিখ ২১ অক্টোবর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৮ এর পর অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা:-

‘১৮ ক। **১লা জুলাই, ১৯৯৮ হইতে প্রাপ্য উৎসব ভাতা**।—(১) অনুচ্ছেদ ১(৩)(খ), ১২ বা ১৮ তে উৎসব ভাতা সম্পর্কে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আদেশ প্রযোজ্য হয় এইরূপ সকল ব্যক্তিকে ১লা জুলাই ১৯৯৮ তারিখে বা উহার পরবর্তীতে তাহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

২) ১লা জুলাই ১৯৯৮ তারিখ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৯৮ তারিখের মদ্যে কোন ব্যক্তি উৎসব ভাতা উত্তোলন করিয়া থাকিলে এবং উক্ত ভাতা উপ-অনুচ্ছেদ (১) অনুসারে তাহার প্রাপ্য উৎসব ভাতা অপেক্ষা কম হইলে অবশিষ্টাংশ বকেয়া হিসাবে তাহাকে প্রদেয় হইবে।

৩) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)এফবি১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সময় সময় সরকার কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ২৯, ১৯৯৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ই পৌষ ১৪০৫/ ২৮ ডিসেম্বর ১৯৯৮

এস.আর.ও নং–২৯৮-আইন/৯৮/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/৯৭-২৯৪—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও ২৬৬ আইন/ ৯৭ইং/ অম/ অবি (বাস্তঃ-১) জাঃ বেঃ স্কেল-৫/ ৯৭/ ২৪৭ তারিখ ১৮ নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৮ এর পর অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা:-

'১৮ ক। **১লা জুলাই, ১৯৯৮ হইতে প্রাপ্য উৎসব ভাতা।**—(১) অনুচ্ছেদ ১(৩)(খ), ১২ বা ১৮ তে উৎসব ভাতা সম্পর্কে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আদেশ প্রযোজ্য হয় এইরূপ সকল ব্যক্তিকে ১লা জুলাই ১৯৯৮ তারিখে বা উহার পরবর্তীতে তাহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

২) ১লা জুলাই ১৯৯৮ তারিখ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৯৮ তারিখের মদ্যে কোন ব্যক্তি উৎসব ভাতা উত্তোলন করিয়া থাকিলে এবং উক্ত ভাতা উপ-অনুচ্ছেদ (১) অনুসারে তাহার প্রাপ্য উৎসব ভাতা অপেক্ষা কম হইলে অবশিষ্টাংশ বকেয়া হিসাবে তাহাকে প্রদেয় হইবে।

৩) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)এফবি১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সময় সময় সরকার কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।'

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ২৬, ২০০০**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## আদেশ

তারিখ, ১১ই আষাঢ় ১৪০৭/ ২৫শে জুন ২০০০

এস.আর.ও নং ১৮৯-আইন/২০০০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/৯৭/১৫৪—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩/ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-৩/ ৯৭/ ২৪৫ তারিখ ১৮ নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ঘ) এর 'এবং বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট' শব্দগুলির পরিবর্তে 'বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট' কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জানুয়ারি ৩০, ২০০০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## আদেশ

তারিখ, ১৪ই মাঘ ১৪০৬/ ২৭শে জানুয়ারী ২০০০

এস.আর.ও. নং ২৫-আইন/৯৯/অম/অবি (বাস্ত-১)/জাঃবেঃস্কেল-৩/৯৭/০৯-Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩/ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-৩/ ৯৭/ ২৪৫ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথা:-

উপরি-উক্ত আদেশের–

১) অনুচ্ছেদ-১৩ এর উপ-অনুচ্ছেদ (২) এর '৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে 'পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকিবে' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২) অনুচ্ছেদ-১৪ এর-

ক) উপ-অনুচ্ছেদ (৩) এর-

অ) '৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

আ) দফা (ক) এবং (খ) এর 'অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) (ক) মোতাবেক প্রাপ্য বেতনের' শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে;

খ) উপ-অনুচ্ছেদ (৪) এর '৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পর 'এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে' শব্দগুলি, কমা ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলী খান
সচিব।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ২, ২০০০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## আদেশ

তারিখ, ১৪ই মাঘ ১৪০৬/ ২৭শে জানুয়ারী ২০০০

এস.আর.ও. নং ২৭ আইন/৯৯/অম/অবি (বাস্ত-১)/জাঃবেঃস্কেল-৪/৯৭/১০-Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৪/ আইন/ ৯৭/ অম/ অবি (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-৪/ ৯৭/ ২৪৬ তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ নভেম্বর ১৯৯৭ এর মাধ্যমে জারিকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথা:-

উপরি-উক্ত আদেশের—

১) অনুচ্ছেদ-১৪ এর উপ-অনুচ্ছেদ (২) এর '৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে 'পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকিবে' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২) অনুচ্ছেদ-১৫ এর-

ক) উপ-অনুচ্ছেদ (৩) এর-

অ) '৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

আ) দফা (ক) এবং (খ) এর 'অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) (ক) মোতাবেক প্রাপ্য বেতনের' শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে;

খ) উপ-অনুচ্ছেদ (৫) এর '৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত' সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পর 'এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লিখিত হারে' শব্দগুলি, কমা ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলী খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৫

## (সরকারি-বেসামরিক)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২৮ মে, ২০০৫

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৫

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ মে, ২০০৫ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

আদেশ

ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ ১৪১২ বঙ্গাব্দ/২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ।

নং এস.আর.ও–১১৯-আইন/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০০৫/৭৩।–Services (Reorganization and Conditions) Act, ১৯৭৫ (XXXII of 1975)-এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিয়া বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৭৫ ভাগ ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ২৫ ভাগ ১ জুলাই, ২০০৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাসসহ) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তি (কর্মকর্তা/ কর্মচারী)’র ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনী ও বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত ‘worker’;

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) ‘বর্তমান বেতন স্কেল’ অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) ‘জাতীয় বেতন স্কেল, ২০০৫’ অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) ‘মূল স্কেল’, ‘সিলেকশন গ্রেড স্কেল’, ‘সিনিয়র স্কেল’ বা ‘উচ্চতর স্কেল (টাইম-স্কেল)’ অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৫।—**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale)

কার্যকর হইবে, যথা:-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | জাতীয় বেতন স্কেল, ২০০৫ (১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৫০০০ (নির্ধারিত) | টাকা ২৩০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ | টাকা ১৯৩০০–৭০০×৪–২২১০০ |
| ৩। | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ | টাকা ১৬৮০০–৬৫০×৬–২০৭০০ |
| ৪। | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ | টাকা ১৫০০০–৬০০×৮–১৯৮০০ |
| ৫। | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ | টাকা ১৩৭৫০–৫৫০×১০–১৯২৫০ |
| ৬। | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ | টাকা ১১০০০–৪৭৫×১৪–১৭৬৫০ |
| ৭। | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ | টাকা ৯০০০–৪০৫×১৬–১৫৪৮০ |
| ৮। | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ | টাকা ৭৪০০–৩৬৫×১৬–১৩২৪০ |
| ৯। | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ | টাকা ৬৮০০–৩২৫×৭–৯০৭৫–ইবি–৩৬৫×১১–১৩০৯০ |
| ১০। | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ | টাকা ৫১০০–২৮০×৭–৭০৬০–ইবি–৩০০×১১–১০৩৬০ |
| ১১। | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ | টাকা ৪১০০–২৫০×৭–৫৮৫০–ইবি–২৭০×১১–৮৮২০ |
| ১২। | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ | টাকা ৩৭০০–২৩০×৭–৫৩১০–ইবি–২৫০×১১–৮০৬০ |
| ১৩। | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ | টাকা ৩৫০০–২১০×৭–৪৯৭০–ইবি–২৩০×১১–৭৫০০ |
| ১৪। | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ | টাকা ৩৩০০–১৯০×৭–৪৬৩০–ইবি–২১০×১১–৬৯৪০ |
| ১৫। | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ | টাকা ৩১০০–১৭০×৭–৪২৯০–ইবি–১৯০×১১–৬৩৮০ |
| ১৬। | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ | টাকা ৩০০০–১৫০×৭–৪০৫০–ইবি–১৭০×১১–৫৯২০ |
| ১৭। | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ | টাকা ২৮৫০–১৩০×৭–৩৭৬০–ইবি–১৫০×১১–৫৪১০ |
| ১৮। | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ | টাকা ২৬০০–১২০×৭–৩৪৪০–ইবি–১৩০×১১–৪৮৭০ |
| ১৯। | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ | টাকা ২৫০০–১১০×৭–৩২৭০–ইবি–১২০×১১–৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ | টাকা ২৪০০–১০০×৭–৩১০০–ইবি–১১০×১১–৪৩১০ |

(২) বর্তমানে যে সকল পদের বেতন টাকা ১৫৭৫০ (নির্ধারিত), সেই সকল পদের বেতন ১ জানুয়ারি, ২০০৫ তারিখে টাকা ২৪৫০০ (নির্ধারিত) হইবে।

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রাপ্যতা।—**

৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।—**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ।—**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding scale) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

   ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারী ১৮৭৫–৯০ × ৭–২৫০৫ ইবি-১০০ × ১১–৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০–১৫০ × ৭–৪০৫০-ইবি - ১৭০ × ১১–৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫–৯০ × ৭–২৫০৫ ইবি-১০০ × ১১–৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০–১৫০ × ৭–৪০৫০ - ইবি- ১৭০ × ১১–৫৯২০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(ব্যাখ্যা: বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ২৪১৫–১৮৭৫=৫৪০ টাকা। অতএব অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০ +৫৪০=৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে ৩৬০০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে);

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ২৩০০০ এবং টাকা ২৪৫০০ নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৫-এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটাসীমা প্রযোজ্য হইবে না।

২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অঙ্ক প্রদেয় হয়, তাহা ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতনবৃদ্ধি (Incriment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হইলে তাঁহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে। এইভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতনবৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে। উক্তরূপে নিরুপিত পার্থক্যের অঙ্ক অর্জিত বেতনবৃদ্ধিসহ উত্তোলিত বেতনের সাথে যোগ করিতে হইবে।

৪) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫

তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৫) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৬) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৭) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রথমত বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে।

৮) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৬) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৯) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০) টাকা ১০০০ পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ব্যক্তির নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং টাকা ১০০১ হইতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি করা হইল:

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোনক্রমেই টাকা ১৪০০ এর নিম্নে হইবে না।

১১) সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে।

১২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে।

১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তির ছুটি পাওনা থাকা সাপেক্ষে, ১২ মাস পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর হইবে অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাঁহারা উক্ত সুবিধা পাইবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।—**

১) যে সকল নন-গেজেটেড সরকারি কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০–৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১ জানুয়ারি, ২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বহাল থাকিবে:

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি/ বাস্ত-৩/ টাইম-স্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং

স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে উক্তরূপ কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৪র্থ স্কেলের (টাকা ১৫০০০–১৯৮০০) উর্ধ্বে কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০–১৩০৯০, টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০-এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৫ এ টাকা ১১০০০–১৭৬৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যেই তারিখে টাকা ৬৮০০–১৩০৯০ অথবা টাকা ৭৪০০–১৩২৪০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১১০০০–১৭৬৫০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৫) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা বলবৎ থাকিবে।

৬) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৭) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬ষ্ঠ স্কেল বা টাকা ১১০০০–১৭৬৫০ বেতন স্কেলভুক্ত পদের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ বৎসর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে যে সিলেকশন গ্রেড দেওয়ার বিধান রহিয়াছে, যথাযথ মূল্যায়নের ভিত্তিতে যাঁহারা যোগ্য বিবেচিত হইবেন তাঁহাদের সকলেই (১০০%) এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, সিলেকশন গ্রেড স্কেল বা পরবর্তী উচ্চতর স্কেল টাকা ১৩৭৫০–১৯২৫০ প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৮) প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (increment)।—**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতনবৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতনবৃদ্ধির তারিখে আনয়ন

করিয়া সমতা করিতে হইবে।

৯। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।—**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা যাইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদ প্রাপ্ত হইয়া কোন বার এ তালিকাভুক্ত হইয়া থাকেন;

ঘ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

২) তদানিন্তন Eduction Department Memorandum Nos. SIV/ 830-Edn., dated 18th July, 1970, SIV/ 831-Edn., dated 18th July, 1970, 832 Edn., dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতনবৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M.No. MF (ID)-1-3/ 77/ 522, dated 13th May-1978, MF(ID)-II-/ P-1/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/ 81/ 800, dated 29th June, 1981 তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতনবৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ১৯৯৪ তারিখের স্মারক নং-পার-৩/ টি-৩/৯৩/৬১, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মকর্তাদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বলবৎ থাকিবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে উক্ত তারিখে তাঁহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপণ করিতে হইবে।

৪) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

১০। **পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।—**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

সারণি

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১৯৩০০–২২১০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১৬৮০০–২০৭০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১৫০০০–১৯৮০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ১৩৭৫০–১৯২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১১০০০–১৭৬৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৯০০০–১৫৪৮০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত ‘চাকরির মেয়াদ’ বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত

জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাঁহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৫১০০–১০৩৬০ বা টাকা ৪১০০–৮৮২০ বা টাকা ৩৭০০–৮০৬০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতনবৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।—**

১) ১ জুলাই, ১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬(১)(ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।—**

১) বর্তমান বেতন স্কেলের অনুচ্ছেদ ১৩ অনুযায়ী আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণ (Nurses) যেই সকল ভাতা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরণ করিয়াছেন সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে এবং ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত আহরণ করিবেন। ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের উপর ৩০% বর্ধিত হারে উক্ত ভাতা প্রদেয় হইবে।

২) পুলিশ বিভাগের যেই সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতৎসংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

**১৩। চিকিৎসা ভাতা।—**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তি (অবসরপ্রাপ্তসহ) মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

**১৪। বাড়ি ভাড়া ভাতা।—**

১) সকল ব্যক্তি চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ২৪৫০০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল ২০০৫ এর ১নং হইতে ১২নং স্কেল (টাকা ২৩০০০ (নির্ধারিত) হইতে টাকা ৩৭০০–৮০৬০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৩৫০০–৭৫০০ হইতে টাকা ২৮৫০–৫৪১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ২৬০০–৪৮৭০ হইতে ২৪০০–৪৩১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

ঘ) কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

ঙ) কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

(ব্যাখ্যা।–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।)

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই, ২০০৬ তারিখহইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

**সারণি**

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগমঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগমঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

(৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-অম/ অবি/ প্রবি-৪/ বাড়ী ভাড়া-১/২০০৩/২৬৩ তারিখ: ০১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি বহাল থাকিবে।

**১৫। যাতায়াত ভাতা।—**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই, ২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

**১৬। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।—**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে, তবে এই সকল ভাতা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১ জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাঁহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪) এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতৎসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/ ২০০৪/ ১০২, তারিখ: ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।—**

সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারীর জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। ধোলাইভাতা।—**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা বিদ্যমান হারের পরিবর্তে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে ৫০ টাকা হারে ধোলাইভাতা প্রাপ্য হইবেন।

**১৯। কার্যভার ভাতা।—**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভার ভাতা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন।

**২০। বিচারকগণের পোষাকভাতা।—**

বিচারকগণ সমগ্র চাকরি জীবনে, বুনিয়াদী প্রশিক্ষণকালীন প্রাপ্ত নির্ধারিত ভাতা ব্যতীত, বর্তমানের ৩ বারের স্থলে ৫

বার এবং বর্তমানের ২৫০০ টাকার স্থলে ৩৫০০ টাকা হারে পোষাকভাতা প্রাপ্য হইবেন। ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে বর্ধিত হারে এই ভাতা প্রদেয় হইবে।

**২১। ডোমেস্টিক এইড এলাউন্স।—**

ডোমেস্টিক এইড এলাউন্স এর বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে মাসিক ১০০০ টাকা হারে এই ভাতা প্রদেয় হইবে।

**২২। বদলিজনিত মালামাল পরিবহণ ব্যয়।—**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২৩। পাহাড়ি ভাতা।—**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২৪। আপ্যায়নভাতা।—**

মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব, সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব ও অন্যান্য প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের আপ্যায়নভাতা সম্পর্কিত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে ও এই ভাতার বর্তমান হার হইতে ৩০% বৃদ্ধি পাইবেঃ

তবে শর্ত থাকে যে, এই হার বৃদ্ধির ক্ষেত্রে অর্থের পরিমাণ নির্ধারণে নিকটবর্তী উর্ধ্বসীমায় ১০ এর গুণিতক হইবে। ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে বর্ধিত হারে এই ভাতা প্রদেয় হইবে।

**২৫। বেতন প্রদান পদ্ধতি।—**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর উপর সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের ভিতর বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৬। আয়কর।—**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে, আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত

অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫-২০০৬ কর বৎসর হইতে কার্যকর হইবে।

**২৭। রহিতকরণ ও হেফাজত।—**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-১/২০০৫/৭৩

তারিখ: ১৪-২-১৪১২ বঙ্গাব্দ / ২৮-৫-২০০৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব,–––––––(সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল বিভাগ। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। জেলা প্রশাসক,–––––––(সকল জেলা)। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,––––––––––––(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ––––––––––––––(সকল উপজেলা)।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ––––––––––––––––(সকল বিভাগ)।
১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ––––––––––––––––(সকল জেলা)।
১৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ––––––––––––––(সকল উপজেলা)।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৭। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৫

## (বাংলাদেশ পুলিশ)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২৮ মে ২০০৫

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৫

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ মে, ২০০৫ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

আদেশ
ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ ১৪১২ বঙ্গাব্দ/ ২৮ মে ২০০৫ খ্রিষ্টাব্দ

নং এস.আর.ও–১২২-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৪/ ২০০৫/ ৭৬।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিয়া বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৭৫ ভাগ ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ২৫ ভাগ ১ জুলাই, ২০০৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাসসহ) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তি (কর্মকর্তা/ কর্মচারী)'র ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক কর্মকর্তা বা কর্মচারীকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয়, তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল ২০০৫' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূলস্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়রস্কেল' এবং 'উচ্চতরস্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ২০০৫।–**

১ জানুয়ারি ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding scale) কার্যকর হইবে, যথা:

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | জাতীয় বেতন স্কেল, ২০০৫ (১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৫০০০ (নির্ধারিত) | টাকা ২৩০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ | টাকা ১৯৩০০–৭০০×৪–২২১০০ |
| ৩। | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ | টাকা ১৬৮০০–৬৫০×৬–২০৭০০ |
| ৪। | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ | টাকা ১৫০০০–৬০০×৮–১৯৮০০ |
| ৫। | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ | টাকা ১৩৭৫০–৫৫০×১০–১৯২৫০ |
| ৬। | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ | টাকা ১১০০০–৪৭৫×১৪–১৭৬৫০ |
| ৭। | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ | টাকা ৯০০০–৪০৫×১৬–১৫৪৮০ |
| ৮। | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ | টাকা ৭৪০০–৩৬৫×১৬–১৩২৪০ |
| ৯। | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ | টাকা ৬৮০০–৩২৫×৭–৯০৭৫–ইবি–৩৬৫×১১–১৩০৯০ |
| ১০। | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ | টাকা ৫১০০–২৮০×৭–৭০৬০–ইবি–৩০০×১১–১০৩৬০ |
| ১১। | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ | টাকা ৪১০০–২৫০×৭–৫৮৫০–ইবি–২৭০×১১–৮৮২০ |
| ১২। | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ | টাকা ৩৭০০–২৩০×৭–৫৩১০–ইবি–২৫০×১১–৮০৬০ |
| ১৩। | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ | টাকা ৩৫০০–২১০×৭–৪৯৭০–ইবি–২৩০×১১–৭৫০০ |
| ১৪। | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ | টাকা ৩৩০০–১৯০×৭–৪৬৩০–ইবি–২১০×১১–৬৯৪০ |
| ১৫। | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ | টাকা ৩১০০–১৭০×৭–৪২৯০–ইবি–১৯০×১১–৬৩৮০ |
| ১৬। | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ | টাকা ৩০০০–১৫০×৭–৪০৫০–ইবি–১৭০×১১–৫৯২০ |
| ১৭। | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ | টাকা ২৮৫০–১৩০×৭–৩৭৬০–ইবি–১৫০×১১–৫৪১০ |
| ১৮। | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ | টাকা ২৬০০–১২০×৭–৩৪৪০–ইবি–১৩০×১১–৪৮৭০ |
| ১৯। | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ | টাকা ২৫০০–১১০×৭–৩২৭০–ইবি–১২০×১১–৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ | টাকা ২৪০০–১০০×৭–৩১০০–ইবি–১১০×১১–৪৩১০ |

৪। **জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রাপ্যতা।–**

৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জাংরকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। **বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ।–**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding scale) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে, যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১**:

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারী ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে;

**উদাহরণ ২**:

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ২৪১৫ – ১৮৭৫ =৫৪০ টাকা। অতএব অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০ + ৫৪০ = ৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে ৩৬০০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে);

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ২৩০০০ নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ২০০৫ এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন ব্যক্তির জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটাসীমা প্রযোজ্য হইবে না।

২) ১ জানুয়ারি ২০০৫ তারিখ হইতে ৩০ জুন ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অঙ্ক প্রদেয় হয়, তাহা ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তি জাতীয় বেতন স্কেল ২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতনবৃদ্ধি (increment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হইলে তাঁহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে। এইভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতনবৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে। উক্তরূপে নিরুপিত পার্থক্যের অঙ্ক অর্জিত বেতনবৃদ্ধিসহ উত্তোলিত বেতনের সাথে যোগ করিতে হইবে।

৪) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৫) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৬) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৭) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রথমত বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে।

৮) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৬) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৯) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ব্যক্তির নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং ১০০১ টাকা হইতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি করা হইল। তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোনক্রমেই ১৪০০ টাকার নিম্নে হইবে না।

১১) সরকারি কর্মকর্তা বা কর্মচারীদের জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে।

১২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে।

১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তির ছুটি পাওনা থাকা সাপেক্ষে, ১২ মাস পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর হইবে, অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাঁহারা উক্ত সুবিধা পাইবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১ জানুয়ারি ২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বহাল থাকিবে:

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি/ বাস্ত-৩/ টাইম-স্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকরি জীবনে ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৪র্থ স্কেলের (টাকা ১৫০০০–১৯৮০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০–১৩০৯০, টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০-এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৫ এ টাকা ১১০০০–১৭৬৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যেই তারিখে টাকা ৬৮০০–১৩০৯০ অথবা টাকা ৭৪০০–১৩২৪০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১১০০০–১৭৬৫০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৫) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা বলবৎ থাকিবে।

৬) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৭) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬ষ্ঠ স্কেল বা টাকা ১১০০০–১৭৬৫০ বেতন স্কেলভুক্ত পদের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ বৎসর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে যে সিলেকশন গ্রেড দেওয়ার বিধান রহিয়াছে, যথাযথ মূল্যায়নের ভিত্তিতে যাঁহারা যোগ্য বিবেচিত হইবেন তাঁহাদের সকলেই (১০০%) এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, সিলেকশন গ্রেড স্কেল বা পরবর্তী উচ্চতর স্কেল টাকা ১৩৭৫০–১৯২৫০ প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৮) প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যে স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতা সীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন, তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে পড়ে, তাঁহার ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতনবৃদ্ধির পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতনবৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতনবৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ অনুচ্ছেদ (২) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন;

২) ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ভিত্তিতে উক্ত তারিখে তাঁহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১৯৩০০–২২১০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১৬৮০০–২০৭০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১৫০০০–১৯৮০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ১৩৭৫০–১৯২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১১০০০–১৭৬৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৯০০০–১৫৪৮০ | ৪ বৎসর |

**ব্যাখ্যা-** এই উপ-অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাঁহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০-৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০-৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫-১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০-২৭৫০, টাকা ১০০০-২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৩০০-৪৪৮০ বা টাকা ১৭২৫-৩৭২৫ বা টাকা ১৫৫০-৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয়

বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০-৫৫০৫ বা টাকা ২৩৭৫-৫১৩০ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৫১০০–১০৩৬০ বা টাকা ৪১০০–৮৮২০ বা টাকা ৩৭০০-৮০৬০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতনবৃদ্ধি বাবদ যে অংক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) ১ জুলাই, ১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

২) ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নবর্ণিত পদধারীগণ তাঁহাদের পদের বিপরীত পার্শ্বে উল্লিখিত হারে নিম্নবর্ণিত ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথা:-

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) | |
|---|---|---|---|
| ক) | **বিশেষ ভাতা:** | | |
| | ১) আর্মড পুলিশ ব্যাটালিয়ানঃ | | |
| | এ এস পি (কোয়ার্টার মাস্টার হিসাবে) | ১৬০ | |
| | এ এস পি (এ্যাডজুটেন্ট হিসাবে) | ১৬০ | |
| | হেড কনস্টেবল | ৩৪ | |
| | (হাবিলদার মেজর ও কোয়ার্টার মাস্টার হিসাবে) | | |
| | ২) জেলা পুলিশঃ | ১৬০ | |
| | এ এস পি (সার্কেলের দায়িত্ব প্রাপ্ত) | | |
| | ৩) বিশেষ শাখা এবং জেলা এস,বিঃ | | |
| | এ এস পি | ২১১ | |
| | পরিদর্শক | ১৬০ | |
| | এস আই/ সার্জেন্ট | ১৬০ | |
| | এ এস আই/ হেড কনস্টেবল | ৪২ | |
| | কনস্টেবল | ২৫ | |
| | গার্ড কনস্টেবল | ২৫ | |
| | ৪) মেট্রোপলিটন পুলিশঃ | | |
| | (এম,পি এলাউন্স) | | |
| | এস আই/ সার্জেন্ট | ৩৪ | |
| | এ এস আই | ৩৪ | |
| | হেড কনস্টেবল | ৩৪ | |
| | নায়েক | ৩৪ | |
| | কনস্টেবল | ৩৪ | |
| | ৫) সি আই ডিঃ | | |
| | এ এস পি | ২১১ | |
| | পরিদর্শক | ১৬০ | |
| | এস আই | ১১০ | |
| | এ এস আই | ২৫ | |
| | হেড কনস্টেবল | ২৫ | |
| | কনস্টেবল | ২৫ | |
| | ৬) প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহঃ | | |
| | পুলিশ একাডেমীঃ | | |
| | এ এস পি | ২১১ | শুধু অনুমোদিত |
| | পরিদর্শক | ১৬০ | ইন্সট্রাক্টর পদের |

| পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) | |
|---|---|---|
| এস আই | ১১০ | বিপরীতে প্রাপ্য |
| এ এস আই/ হেড কনস্টেবল | ৪২ | |
| ৭) ডিটেকটিভ ট্রেনিং স্কুলঃ | | |
| এ এস পি | ২১১ | |
| পরিদর্শক | ১৬০ | |
| এস আই | ১০০ | |
| এ এস আই | ২৫ | |
| ৮) আর্মড পুলিশ ব্যাটালিয়ানঃ | | |
| এস পি | ৫৩২ | |
| অতিরিক্ত এস পি | ৪২৩ | |
| এ এস পি | ৩২২ | |

খ) * **এ্যাকটিং এলাউন্সঃ**

(আর্মড পুলিশ ব্যাটালিয়ান এর জন্য)

| | |
|---|---|
| পরিদর্শক | ১১০ |
| হেড কনস্টেবল | ২৫ |

*একজন এস আই যখন একজন পরিদর্শকের স্থলে এবং একজন হেড কনস্টেবল যখন একজন এস আই এর স্থলে ৩০ দিনের অধিক দায়িত্ব পালন করিবেন তখন এই ভাতা প্রাপ্য হইবেন।

গ) **নিঃশর্ত যাতায়াত ভাতা:**

(স্পেশাল ব্রাঞ্চ এবং জেলা এস,বি)

| | |
|---|---|
| পরিদর্শক | ১১০* |
| এস আই/ সার্জেন্ট | ১১০* |

* (ঢাকা এবং চট্টগ্রামের পরিদর্শক এবং এস,আই-গণের জন্য যাহাদের কেবল বহিরাঙ্গন দায়িত্ব দেওয়া হয়)

সি আই ডিঃ

| | |
|---|---|
| পরিদর্শক | ১১০* |
| এস আই/ সার্জেন্ট | ১১০* |

*(ঢাকা এবং চট্টগ্রামের পরিদর্শক এবং এস,আইগণের জন্য যাহাদের কেবল বহিরাঙ্গন দায়িত্ব দেওয়া হয়)

ঘ) **টেলিকম এলাউন্সঃ**

| | |
|---|---|
| এ এস পি | ২১১ |
| পরিদর্শক | ১৬০ |
| এস আই | ১১০ |
| এ এস আই | ৬৮ |
| হেড কনস্টেবল | ৬৮ |
| কনস্টেবল | ৫৯ |

ঙ) **মাউন্টেড পুলিশ এলাউন্সঃ**

মেট্রোপলিটন পুলিশঃ

| | |
|---|---|
| হেড কনস্টেবল | ২৫ |
| কনস্টেবল | ২৫ |

চ) **পি,বি,এক্স এলাউন্সঃ**

| | |
|---|---|
| এ এস আই | ৪২ |
| কনস্টেবল | ২৫ |

ছ) **মোটর সাইকেল ভাতা:**

| | |
|---|---|
| এস আই এবং সকল ইউনিটের সার্জেন্টগণ | ১২৭ |

জ) **সশস্ত্র শাখা ভাতা:**

| | |
|---|---|
| সশস্ত্র শাখার কনস্টেবল | ৮ |

ঝ) **কিট ভাতা:**

(সকল পোশাকধারী শাখার জন্য)

| | |
|---|---|
| অতিরিক্ত এস পি এবং তদূর্ধ্ব | ১৯০০ |
| (বাৎসরিক নবায়ন মঞ্জুরি) | |
| এ, এস, পি | |
| (প্রারম্ভিক মঞ্জুরি) | ৬৩৩৮* |
| (বাৎসরিক নবায়ন মঞ্জুরি) | ১৯০০ |

| **পদের নাম** | **মাসিক ভাতার হার (টাকা)** |
|---|---|
| পরিদর্শক (আর্মড পুলিশ ব্যাটালিয়ানের পরিদর্শক ব্যতীত) | |
| প্রারম্ভিক মঞ্জুরি | ৩১৬৮* |
| বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ১২৬৮ |

ব্যাখ্যা: *১) একজন কর্মকর্তা সমগ্র চাকরি জীবনে শুধু একবারই প্রারম্ভিক মঞ্জুরি প্রাপ্য হইবেন। একজন কর্মকর্তা যিনি পূর্বে ইহা গ্রহণ করিয়াছেন তিনি পুনরায় উহা প্রাপ্য হইবেন না, তবে যদি একজন কর্মকর্তা পদোন্নতির কারণে উচ্চতর প্রারম্ভিক মঞ্জুরি প্রাপ্য হন, তাঁহা হইলে তিনি উচ্চ ও নিম্ন হারের পার্থক্যটুকু পদোন্নতির পর গ্রহণ করিতে পারিবেন।

২) একজন পুলিশ কর্মকর্তা (পরিদর্শক এবং তদূর্ধ্ব) যখন কোন সাধারণ পোশাকধারী শাখায় (ডি,এস,বি এবং এস,বি/ সি,আই,ডি) নিযুক্ত হন তখন তিনি-

ক) সচরাচর প্রাপ্য কিট ভাতা (kit Allowance) যাহা পোশাকধারী শাখায় তাহার সমপর্যায়ের সহকর্মী পাইয়া থাকেন তাহা প্রাপ্য হইবেন; এবং

খ) পোশাকধারী শাখায় তাঁহার সমপর্যায়ের কর্মকর্তার প্রাপ্য নবায়ন পোশাক ভাতার অর্ধেক তিনি প্রাপ্য হইবেন। তবে যদি বৎসরের যে কোন সময় সাধারণ পোশাক শাখা হইতে পোশাকধারী শাখায় বদলি হন তাহা হইলে পোশাকধারী শাখায় প্রাপ্য নবায়ন ভাতা ও সাধারণ ভাতা ও সাধারণ পোশাকে উত্তোলিত ভাতার পার্থক্যটুকু প্রাপ্য হইবেন।

| | | |
|---|---|---|
| (ঞ) | **কিট ভাতা:** | |
| | এস, বি/ ডি, এস, বি/ সি, আই, ডি/ ডি, টি, এস, এস আই | |
| | প্রারম্ভিক মঞ্জুরি | ১০৫৫ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ৫৩২ |
| | এ, এস, আই/ হেড কনস্টেবল/ | |
| | সকল ইউনিটের কনস্টেবল প্রারম্ভিক | ৭৪৪ |
| | সকল ইউনিটের কনস্টেবল বাৎসরিক | ৪২২ |
| (ট) | **ধোলাই ও চুল কাটা ভাতা:** | |
| | সকল ইউনিটের এস, আই/ সার্জেন্ট হইতে কনস্টেবল পর্যন্ত | ৩৪ |
| (ঠ) | **ট্রাফিক এলাউন্সঃ** | |
| | ট্রাফিকের হেড কনস্টেবল | ২৫ |
| | ট্রাফিক কনস্টেবল | ১৭ |
| (ড) | **ড্রাইভিং এলাউন্সঃ** | |
| | সকল ড্রাইভার কনস্টেবল | ৩৪ |
| (ঢ) | **ক্লিনার এলাউন্সঃ** | |
| | সকল ক্লিনার কনস্টেবল | ১৭ |
| (ণ) | **আর্মরার এলাউন্সঃ** | |
| | সকল আর্মরার কনস্টেবল | ১৭ |
| (ত) | **বিউগলার এলাউন্সঃ** | |
| | সকল বিউগলার কনস্টেবল | ৮ |
| (থ) | **নার্সিং এলাউন্সঃ** | |
| | সকল নার্সিং কনস্টেবল | ১৭ |

(৩) অনুচ্ছেদ ৬(১)(ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। বাড়ি ভাড়া ভাতা (কনস্টেবলদের জন্য)।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর ১২নং অনুচ্ছেদে উল্লিখিত হারে ও শর্তাধীনে কনস্টেবলগণ ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন ২০০৬ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল বিবাহিত কনস্টেবলকে বিবাহিত বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং ব্যারাকেও অবস্থান করেন না, তাঁহারা ১ জুলাই, ২০০৬ তারিখে নিম্ন সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

সারণি

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |

| | | | |
|---|---|---|---|
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে তদূর্ধ্ব | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |

(৩) যে সকল বিবাহিত কনস্টেবলকে বিবাহিত বাসস্থান বরাদ্দ দেওয়া হয় নাই কিন্তু ব্যারাকে অবস্থান করেন, তাঁহারা মূল বেতনের ৪০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন;

৪) অবিবাহিত কনস্টেবল তাঁহাদের মূল বেতনের ২০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন;

**১৩। কনস্টেবলগণ ব্যতীত অন্যান্যদের জন্য বাড়ি ভাড়া ভাতা।–**

১) কনস্টেবল ব্যতীত সকল কর্মকর্তা বা কর্মচারী, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ১৯৯৭ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন ২০০৬ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল কর্মকর্তা বা কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা বা কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১নং হইতে ১২নং স্কেল [টাকা ২৩০০০ (নির্ধারিত) হইতে টাকা ৩৭০০-৮০৬০)] এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূলবেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৩৫০০-৭৫০০ হইতে টাকা ২৮৫০-৫৪১০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ২৬০০-৪৮৭০ হইতে টাকা ২৪০০-৪৩১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

ঘ) কোন ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

ঙ) কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

(ব্যাখ্যা: যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।)

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কনস্টেবল ব্যতীত সকল কর্মকর্তা বা কর্মচারীর ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্ন সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

**সারণি**

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |
| টাকা ১২০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

(৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-অম/ অবি/ প্রবি-৪/ বাড়ী ভাড়া-১/২০০৩/২৬৩ তারিখ: ০১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি বহাল থাকিবে।

**১৪। চিকিৎসা ভাতা।–**

চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তির (অবসরপ্রাপ্তসহ) মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

**১৫। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০-৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০-৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই, ২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

**১৬। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allownance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে, তবে এই সকল ভাতা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১ জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাঁহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪) এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতৎসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/ ২০০৪/ ১০২ তারিখ: ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।–**

শুধু নন-গেজেটেড পুলিশ কর্মচারীগণের জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**১৯। বদলিজনিত মালামাল পরিবহন ব্যয়।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২০। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভার ভাতা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন।

**২১। বেতন প্রদান পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর উপর সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের ভিতর বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২২। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে, আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫-২০০৬ কর বৎসর হইতে কার্যকর হইবে।

**২৩। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার

বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-৪/২০০৫/৭৬

তারিখ: ১৪-২-১৪১২ বঙ্গাব্দ / ২৮-৫-২০০৫ খিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ---------(সকল বিভাগ)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,---------- (সকল জেলা)।
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -------(সকল উপজেলা)।
১২। অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি/ ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৪। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
১৫। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৫

## (বাংলাদেশ রাইফেলস্)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২৮ মে, ২০০৫

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৫

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ মে, ২০০৫ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

আদেশ
ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ ১৪১২ বঙ্গাব্দ/২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ

নং এস.আর.ও–১২৩-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৫/ ২০০৫/ ৭৭।–Services (Reorganization and Conditions) Act, ১৯৭৫ (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধু বেতন বৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৭৫ ভাগ ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং ১ জুলাই, ২০০৫ তারিখ হইতে মোট অঙ্কের অবশিষ্ট ২৫ভাগ প্রদান করা হইবে।

খ) জাতীয় বেতন স্কেল ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা, প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয়যোগ্য হইবে।

গ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাসসহ) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ রাইফেলস্-এ কর্মরত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনীতে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)- এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল ২০০৫' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূলস্কেল', ' সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়রস্কেল' এবং 'উচ্চতরস্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৫।–**

১ জানুয়ারি, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding scale) কার্যকর হইবে, যথা:

| স্কেল | বর্তমান বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | জাতীয় বেতন স্কেল, ২০০৫<br>(১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ৯৫০০-২৬০×১০-১২১০০ | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ |
| ২। | টাকা ৭২০০-২৬০×১৪-১০৮৪০ | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ |
| ৩। | টাকা ৬১৫০-২২৫×১৬-৯৭৫০ | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ |
| ৪। | টাকা ৪৩০০-১৮৫×৭-৫৫৯৫ -ইবি- ১৯৫×১১-৭৭৪০ | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫ -ইবি- ৩৬৫×১১-১৩০৯০ |
| ৫। | টাকা ৩৪০০-১৭০×৭-৪৫৯০ -ইবি- ১৮৫×১১-৬৬২৫ | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০ -ইবি- ৩০০×১১-১০৩৬০ |
| ৬। | টাকা ৩৪০০-১৭০×৭-৪৫৯০ | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০ |
| ৭। | টাকা ২৮০০-১৫৫×৫-৩৫৭৫-ইবি ১৭০×৩-৪০৮৫ | টাকা ৪৪০০-২৫০×৫-৫৬৫০-ইবি ২৭০×৩-৬৪৬০ |
| ৮। | টাকা ২৫৫০-১৫৫×৭-৩৬৩৫ -ইবি- ১৭০×২-৩৯৭৫ | টাকা ৪১০০-২৫০×৭-৫৮৫০ -ইবি- ২৭০×২-৬৩৯০ |
| ৯। | টাকা ২১০০-১২০×৭-২৯৪০-ইবি ১২৫×৬-৩৬৯০ | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০ -ইবি- ২১০×৬-৫৮৯০ |
| ১০। | টাকা ২২৫০-১৩৫×৭-৩১৯৫ -ইবি- ১৪০×১১-৪৭৩৫ | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০ -ইবি- ২৩০×১১-৭৫০০ |
| ১১। | টাকা ২১০০-১২০×৭-২৯৪০ -ইবি- ১২৫×১১-৪৩১৫ | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০ -ইবি- ২১০×১১-৬৯৪০ |
| ১২। | টাকা ১৯৭৫-১০৫×৭-২৭১০ -ইবি- ১১০×১১-৩৯২০ | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০ -ইবি- ১৯০×১১-৬৩৮০ |
| ১৩। | টাকা ১৯৭৫-১০৫×৭-২৭১০ -ইবি- ১১০×৪-৩১৫০ | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০ -ইবি- ১৯০×৪-৫০৫০ |
| ১৪। | টাকা ১৮৭৫-৯০×৭-২৫০৫ -ইবি- ১০০×১১-৩৬০৫ | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০ -ইবি- ১৭০×১১-৫৯২০ |
| ১৫। | টাকা ১৭৫০-৮০×৭-২৩১০ -ইবি- ৯০×৫-২৭৬০ | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০ -ইবি- ১৫০×৫-৪৫১০ |
| ১৬। | টাকা ১৭৫০-৮০×৭-২৩১০ -ইবি- ৯০×১১-৩৩০০ | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০ -ইবি- ১৫০×১১-৫৪১০ |
| ১৭। | টাকা ১৬২৫-৬৫×৭-২০৮০ -ইবি- ৭৫×১১-২৯০৫ | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০ -ইবি- ১৩০×১১-৪৮৭০ |
| ১৮। | টাকা ১৫৬০-৬০×৭-১৯৮০ -ইবি- ৬৫×১২-২৭৬০ | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০ -ইবি- ১২০×১২-৪৭১০ |
| ১৯। | টাকা ১৫৬০-৬০×৭-১৯৮০ -ইবি- ৬৫×১১-২৬৯৫ | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০ -ইবি- ১২০×১১-৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০-৫০×১৮-২৪০০ | টাকা ২৪০০-১০০×৭-৩১০০ -ইবি- ১১০×১১-৪৩১০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রাপ্যতা।–**

৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ।–**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding scale) জাতীয় বেতন স্কেল ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারী ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে;

**উদাহরণ ২:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(ব্যাখ্যা: বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ২৪১৫-১৮৭৫=৫৪০ টাকা। অতএব অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০ + ৫৪০=৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে ৩৬০০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে);

গ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে।

ঘ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটাসীমা প্রযোজ্য হইবে না;

২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারি ২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ ১ (৩) (ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অঙ্ক প্রদেয় হয়, তাহা ১ জানুয়ারি ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতনবৃদ্ধি (increment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হইলে তাঁহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে। এইভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতনবৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে। উক্তরূপে নিরুপিত পার্থক্যের অঙ্ক অর্জিত বেতনবৃদ্ধিসহ উত্তোলিত বেতনের সাথে যোগ করিতে হইবে।

৪) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৫) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৬) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা

হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৭) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রথমত বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে।

৮) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৬) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৯) ১ জানুয়ারি ২০০৫ তারিখ হইতে ৩০ জুন ২০০৫ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ব্যক্তির নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং ১০০১ টাকা হইতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি করা হইল:

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোনক্রমেই ১৪০০ টাকার নিম্নে হইবে না।

১১) সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে।

১২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে।

১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তির ছুটি পাওনা থাকা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর হইবে অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাঁহারা উক্ত সুবিধা পাইবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) যে সকল নন-গেজেটেড কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১ জানুয়ারি, ২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বহাল থাকিবে:

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি/ বাস্ত-৩/ টাইম-স্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে উক্তরূপ কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল,

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০–১৩০৯০ এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার এক বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৫ এ টাকা ১১০০০–১৭৬৫০ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন, এবং টাকা ৯০০০–১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৬৮০০–১৩০৯০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পোঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের এক বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১১০০০–১৭৬৫০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদের বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৫) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে সকল ১ম শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড বলবৎ থাকিবে।

৬) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৭) প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যে স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতা সীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতনবৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন, তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে পড়ে, তাঁহার ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতনবৃদ্ধির পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতনবৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতনবৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ অনুচ্ছেদ (২) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং-এ ডিগ্রী রহিয়াছে সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম

শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন;

ঘ) Finance Ministry's O. M. No. MF (ID)-3/ 77/ 522, dated 13th May, 1978, MF (ID)-II/ P-1/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF (ID)-II/ P-1/ 81/ 800, dated 29th June 1981 তে আরোপিত শর্তসমূহ যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত তাহা বলবৎ থাকিবে।

২) ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ভিত্তিতে উক্ত তারিখে তাঁহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকংরর মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৩৭৫০–১৯২৫০ | ১০ বৎসর |
| ২। | টাকা ১১০০০–১৭৬৫০ | ৫ বৎসর |
| ৩। | টাকা ৯০০০–১৫৪৮০ | ৪ বৎসর |

ব্যাখ্যা - এই উপ অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাঁহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০-৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০-৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে-কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫-১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০-২৭৫০, টাকা ১০০০-২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল ১৯৯১-এ টাকা ২৩০০-৪৪৮০ বা টাকা ১৭২৫-৩৭২৫ বা টাকা ১৫৫০-৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০-৫৫০৫ বা টাকা ২৩৭৫-৫১৩০ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৫১০০–১০৩৬০ বা টাকা ৪১০০–৮৮২০ বা টাকা ৩৭০০-৮০৬০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতনবৃদ্ধি বাবদ যে অংক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) ১ জুলাই, ১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। চিকিৎসা ভাতা।–**

চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তি (অবসরপ্রাপ্তসহ) মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস (JCOs and ORs) ব্যতীত সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস (JCOs and ORs) ব্যতীত সকল ব্যক্তি ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

সারণি

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |
| টাকা ১২০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

(৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৪) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১নং হইতে ৫ নং (টাকা ১৩৭৫০–১৯২৫০ হইতে টাকা ৫১০০–১০৩৬০) এর আওতাভুক্ত হন তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ ৩ (ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১০ নং হইতে ১৬ নং (টাকা ৩৫০০-৭৫০০ হইতে টাকা ২৮৫০-৫৪১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ ৩ (ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৭ নং হইতে ২০ নং (টাকা ২৬০০-৪৮৭০ হইতে টাকা ২৪০০-৪৩১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না;

ঘ) উপ-সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব পদের কর্মকর্তাগণের মধ্যে যাঁহাদেরকে সরকার কর্তৃক আবাসিক বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহাদেরকে ঐ বাসস্থান বরাদ্দের জন্য সরকারকে কোন ভাড়া প্রদান করিতে হইবে না:

ঙ) যে ব্যক্তি সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না:

চ) কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিবে হইবে।

৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত হারে বাড়ি ভাড়া প্রাপ্য হইবেন।

৬) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

৭) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস-কে বিনাভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং যাহারা ব্যারাকেও অবস্থান করেন না, তাহারা এই অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (১ক) মোতাবেক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন;

৮) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কসকে বিনা ভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই কিন্তু তাঁহারা ব্যারাকে অবস্থান করেন, তাঁহারা মূল বেতনের ৫০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন;

৯) অবিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস তাঁহাদের মূল বেতনের ৩০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

**১৪। কতিপয় শ্রেণীর অফিসার, জেসিও এবং আদারস র‌্যাঙ্কস এর জন্য ভাতাসমূহ।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১৬ নং অনুচ্ছেদে (২৮ জুলাই ১৯৯৯ তারিখের এস আর ও নং ২২৯-আইন/৯৯-এর সংশোধনীসহ) যে সকল ভাতা বহাল রাখা হইয়াছে সেই সকল ভাতাদি ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই এবং একই শর্তাধীনে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত প্রদেয় হইবে। ১ জুলাই, ২০০৬ হইতে প্রযোজ্য ক্ষেত্রে ভাতাদির বর্ধিত হার কার্যকর হইবে।

২) ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব মর্যাদার কর্মকর্তাগণ নিম্নলিখিত ভাতাদি প্রাপ্ত হইবেন, যথা:-

| | টাকা |
|---|---|
| আউটফিট ভাতা (চাকরিতে ১ম নিযুক্তিতে) | ৭৩৯৪.০০ |
| কিট ভাতা | ২৭১.০০ প্রতি মাসে |
| বিশেষ ভাতা | ১৬২.০০ |
| ব্যাটম্যান ভাতা | ৩২২.০০ |

(৩) ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে জেসিও এবং ওআর (আদার র‌্যাঙ্ক) গণ নিম্নলিখিত মাসিক ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথা:-

ক. **নিযুক্তি ভাতা:**

| | | |
|---|---|---|
| ১) | কোয়ার্টার মাস্টার হাবিলদার, হেড কোয়ার্টার বিডিআর, সেক্টর ব্যাটেলিয়ান এবং আরটিসি এন্ডএস | ৪২.০০ |
| | কোম্পানী সিগন্যাল এবং হাসপাতাল | ৩৪.০০ |
| ২) | হাবিলদার মেজর, হেড কোয়ার্টার বিডিআর, সেক্টর, ব্যাটেলিয়ান এবং আরটিসি এন্ডএস | ৬০.০০ |
| | কোম্পানী সিগন্যাল এবং হাসপাতাল | ৩৫.০০ |
| ৩) | পে-হাবিলদার/ নায়েক | ২৫.০০ |

খ. **বিশেষ ভাতা:**

| | | |
|---|---|---|
| ১) | ভেহিকেল মেকানিক এবং ইলেকট্রেশিয়ানঃ (সকল ইউনিট) | |
| | সিপাই এবং ল্যান্স নায়েক | ৪২.০০ |
| | নায়েক এবং হাবিলদার | ৬৮.০০ |
| | হেড কোয়ার্টারঃ | |
| | নায়েব সুবেদার | ৭৬.০০ |
| | সুবেদার | ৮৫.০০ |
| ২) | আরমরার স্টাফঃ | |

| | | |
|---|---|---|
| | সিপাই/ ল্যান্স নায়েক | ৪২.০০ |
| | নায়েক | ৬৮.০০ |
| | হাবিলদার | ৭৬.০০ |
| | নায়েব সুবেদার/ সুবেদার | ৮৫.০০ |
| | ইন্সপেক্টর অব স্মল আর্মস (সুবেদার) | ১৬২.০০ |
| ৩) | রেডিও মেকানিক এবং ফিটারঃ | |
| | গ্রেড-১ | ১৬২.০০ |
| | গ্রেড-২ | ১৪৩.০০ |
| | গ্রেড-৩ | ৮৫.০০ |
| ৪) | অপারেটরঃ | |
| | গ্রেড-১ | ১০২.০০ |
| | গ্রেড-২ | ৮৫.০০ |
| | গ্রেড-৩ | ৭৬.০০ |
| ৫) | ড্রাফটসম্যান/ সার্ভেয়ার | ৪২.০০ |
| ৬) | ব্যান্ড ইনচার্জ (হাবিলদার এবং জেসিও পদ মর্যাদার নিচে নয়): | ১০২.০০ |
| ৭) | তালিকাভুক্ত সহকারী | |
| | সিপাই/ ল্যান্স নায়েক | *৬০.০০ |
| | *(যাঁহারা উচ্চ মাধ্যমিক পাশ শুধু তাঁহাদের জন্য প্রযোজ্য) | |
| | নায়েক এ্যাসিসটেন্ট | ৬৮.০০ |
| | হাবিলদার এ্যাসিসটেন্ট | ১০২.০০ |
| | নায়েব সুবেদার এ্যাসিসটেন্ট | ১০২.০০ |
| | সুবেদার এ্যাসিসটেন্ট | ১০২.০০ |
| | সুবেদার-মেজর এ্যাসিসটেন্ট | ১০২.০০ |
| ৮) | সাঁট-লিপিকারঃ | *১০২.০০ |
| * | (সরাসরি নিয়োগপ্রাপ্ত সাঁট-লিপিকারদের জন্য প্রযোজ্য নয়, এনরোলড এ্যাসিস্ট্যান্ট যাঁহারা সাঁট-লিপিকার হিসাবে পুনঃতালিকাভুক্ত হইয়াছেন তাঁহারা এনরোলড এ্যাসিস্টেন্ট এলাউন্স প্রাপ্য হইবেন না) | |
| ৯) | ল্যাবরেটরী টেকনিশিয়ানঃ | |
| | গ্রেড-১ | ১৬২.০০ |
| | গ্রেড-২ | ১৪৩.০০ |
| | গ্রেড-৩ | ১১০.০০ |
| ১০) | অপারেশন থিয়েটার এ্যাসিসটেন্টঃ | |
| | গ্রেড-১ | ১৬২.০০ |
| | গ্রেড-২ | ১৪৩.০০ |
| | গ্রেড-৩ | ৮৫.০০ |
| ১১) | রেডিওগ্রাফারঃ | |
| | গ্রেড-১ | ৮৫.০০ |
| | গ্রেড-২ | ৬৮.০০ |
| | গ্রেড-৩ | ৮৫.০০ |
| ১২) | ইন্সট্রাকশনাল এলাউন্সঃ | |
| | নায়েক/ হাবিলদার/ নায়েব সুবেদার/ সুবেদার/ সুবেদার মেজর | ৬৮.০০* |
| | *(এই ভাতা শুধু ইন্সট্রাকটর এর সুনির্দিষ্ট খালি পদের বিপরীতে নিয়োজিত ইন্সট্রাকটরগণই পাইবেন। যাঁহারা ইন্সট্রাকটর হিসাবে নিযুক্ত/ তালিকাভুক্ত হইয়াছেন তাহারা এই ভাতা পাইবেন না)। | |

| | | |
|---|---|---|
| গ. | **এ্যাকটিং এলাউন্সঃ** | |
| | জেসিও | ১১০.০০ |
| | হাবিলদার | ৩৪.০০ |
| | (বিডিআর-এর স্টাফ অফিসারদের শূন্য পদের জন্য এ্যাকটিং এলাউন্স প্রদেয় নহে)। | |
| ঘ. | **ব্যাটম্যান ভাতা:** | |
| | জেসিও | ৩২২.০০ |
| ঙ. | **চুলকাটা এবং ধোলাইভাতা** | ৬৮.০০ |
| | (জেসিও, এনসিও এবং সিপাইদের জন্য) | |
| চ. | **ছুটিকালীন রেশন মানি** | ৯.০০ |
| | (প্রতিদিন যখন অর্জিত ছুটিতে থাকিবেন) | |
| ছ. | **যাতায়াত ভাতা:** | ৮৫.০০ |
| | জেসিও এবং অন্যান্য পদবীধারী যখন কর্মস্থল হইতে দুই মাইলের অধিক দূরত্বে বাস করিবেন | |

এবং যখন কোন ভাড়ামুক্ত যানবাহন দেওয়া হইবে না।

| | | |
|---|---|---|
| জ. | **রাইফেল পুলিশ ভাতা** | ২৫.০০ |
| ঝ. | **পারিবারিক রেশন ভাতা**<br>জ্বালানী কাঠ ভাতা<br>কমপেনসেশন ফর ডিয়ারনেস অব প্রভিশন | প্রচলিত বিধি মোতাবেক |
| ঞ. | **জ্বালানী কাঠ ভাতা**<br>(সীমান্ত ফাঁড়িতে কর্মরত বিডিআর সদস্যের জন্য) | ৪০.০০ |

**১৫। উৎসব ভাতা এবং শ্রান্তি বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্তঃ)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১ জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)এফবি-১২/ ৮৬/ ২৯ তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতৎসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/ ২০০৪/ ১০২ তারিখ: ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৬। টিফিন ভাতা।–**

সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে, তবে যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৭। বদলিজনিত মালামাল পরিবহণ ব্যয়।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**১৮। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**১৯। সীমান্তভাতা।–**

৩০ মাঘ ১৪১২/১২ ফেব্রুয়ারি ২০০৪ তারিখে জারিকৃত এসআরও নং- ৩৩-আইন/২০০৪ অনুযায়ী প্রদেয় সীমান্তভাতা ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বর্তমান হারে বলবৎ থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে ৩০% বৃদ্ধি করা হইল।

**২০। মসলাভাতা।–**

মসলাভাতা বর্তমানে প্রচলিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**২১। বেসামরিক কর্মচারীদের যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৮ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০-৬৩৯০ হইতে টাকা ২৪০০-৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) যে সকল ব্যক্তি সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৮ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০-৬৩৯০ হইতে টাকা ২৪০০-৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই, ২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

**২২। স্টাফ নার্সদের পোষাক ও ধৌতভাতা।–**

বর্তমানে প্রচলিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**২৩। ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ধৌতভাতা।–**

যে সকল কর্মচারীদের ক্ষেত্রে ধৌতভাতা প্রযোজ্য, তাঁহাদের বিদ্যমান হারের পরিবর্তে ১ জুলাই ২০০৬ তারিখ হইতে ৫০ টাকা হারে ধৌতভাতা প্রাপ্য হইবেন।

**২৪। বেতন প্রদান পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণীর বিবরণী (Pay Fixation Statement) পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর উপর সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের ভিতর বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণ বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণী বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অংগীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অংগীকার পত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অংগীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়ন পত্র প্রদান করিবেন।

**২৫। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী) নিজ হইতে প্রদেয় আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে, আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫-২০০৬ কর বৎসর হইতে কার্যকর হইবে।

**২৬। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত

প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-৫/২০০৫/৭৭

তারিখ: ১৪-২-১৪১২ বঙ্গাব্দ / ২৮-৫-২০০৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -------------(সকল বিভাগ)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,-------------(সকল জেলা)।
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------(সকল উপজেলা)।
১১। অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি/ ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৩। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৫

# (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২৮ মে ২০০৫

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৫

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ মে, ২০০৫ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

আদেশ
ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ/২৮ মে, ২০০৫ খ্রিস্টাব্দ

নং এস.আর.ও–১২১-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৩/ ৭৫।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিয়া বেতনবৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৭৫ ভাগ ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ২৫ ভাগ ১ জুলাই, ২০০৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাসসহ) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নলিখিত ব্যক্তিবর্গ ব্যতীত ব্যাংক এবং অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

খ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

গ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ, এবং

ঘ) ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানে প্রেষণে নিযুক্ত সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'অর্থলগ্নী প্রতিষ্ঠান' অর্থ-

১) বাংলাদেশ কৃষি ব্যাংক;
২) বাংলাদেশ শিল্প ব্যাংক;
৩) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা;
৪) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ;
৫) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন;
৬) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক;
৭) কর্মসংস্থান ব্যাংক;
৮) আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক;

খ) 'ব্যাংক' অর্থ-

১) বাংলাদেশ ব্যাংক;
২) সোনালী ব্যাংক;
৩) জনতা ব্যাংক;
৪) অগ্রণী ব্যাংক;

(গ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অধীন বেতন স্কেল;

ঘ) 'প্রতিষ্ঠান' অর্থ ব্যাংক অথবা অর্থলগ্নী প্রতিষ্ঠান;

ঙ) 'জাতীয় বেতন স্কেল, ২০০৫' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

চ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৫।–**

১ জানুয়ারি, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding scale) কার্যকর হইবে, যথা:

| **স্কেল** | **বর্তমান বেতন স্কেল**<br>(জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | **জাতীয় বেতন স্কেল, ২০০৫**<br>(১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৫০০০ (নির্ধারিত) | টাকা ২৩০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ | টাকা ১৯৩০০–৭০০×৪–২২১০০ |
| ৩। | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ | টাকা ১৬৮০০–৬৫০×৬–২০৭০০ |
| ৪। | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ | টাকা ১৫০০০–৬০০×৮–১৯৮০০ |
| ৫। | ক) টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০<br>খ) টাকা ৮৮০০–২৬০×১১–১১৬৬০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য) | ক) টাকা ১৩৭৫০–৫৫০×১০–১৯২৫০<br>খ) টাকা ১২৮০০–৫৫০×১১–১৮৮৫০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৬। | ক) টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০<br>খ) টাকা ৭২০০–২৬০×১২–১০৩২০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য) | ক) টাকা ১১০০০–৪৭৫×১৪–১৭৬৫০<br>খ) টাকা ১১০০০–৪৭৫×১২–১৬৭০০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য) |
| ৭। | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ | টাকা ৯০০০–৪০৫×১৬–১৫৪৮০ |
| ৮। | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ | টাকা ৭৪০০–৩৬৫×১৬–১৩২৪০ |
| ৯। | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ | টাকা ৬৮০০–৩২৫×৭–৯০৭৫–ইবি–৩৬৫×১১–১৩০৯০ |
| ১০। | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ | টাকা ৫১০০–২৮০×৭–৭০৬০–ইবি–৩০০×১১–১০৩৬০ |
| ১১। | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ | টাকা ৪১০০–২৫০×৭–৫৮৫০–ইবি–২৭০×১১–৮৮২০ |
| ১২। | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ | টাকা ৩৭০০–২৩০×৭–৫৩১০–ইবি–২৫০×১১–৮০৬০ |
| ১৩। | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ | টাকা ৩৫০০–২১০×৭–৪৯৭০–ইবি–২৩০×১১–৭৫০০ |
| ১৪। | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ | টাকা ৩৩০০–১৯০×৭–৪৬৩০–ইবি–২১০×১১–৬৯৪০ |
| ১৫। | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ | টাকা ৩১০০–১৭০×৭–৪২৯০–ইবি–১৯০×১১–৬৩৮০ |
| ১৬। | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ | টাকা ৩০০০–১৫০×৭–৪০৫০–ইবি–১৭০×১১–৫৯২০ |
| ১৭। | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ | টাকা ২৮৫০–১৩০×৭–৩৭৬০–ইবি–১৫০×১১–৫৪১০ |
| ১৮। | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ | টাকা ২৬০০–১২০×৭–৩৪৪০–ইবি–১৩০×১১–৪৮৭০ |
| ১৯। | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ | টাকা ২৫০০–১১০×৭–৩২৭০–ইবি–১২০×১১–৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ | টাকা ২৪০০–১০০×৭–৩১০০–ইবি–১১০×১১–৪৩১০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রাপ্যতা।–**

৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

৬। **জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ।–**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারী ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে;

**উদাহরণ ২:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫-৯০ × ৭-২৫০৫ ইবি-১০০ × ১১-৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(ব্যাখ্যা: বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ২৪১৫-১৮৭৫=৫৪০ টাকা। অতএব অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০ +৫৪০=৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে ৩৬০০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে);

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ২৩০০০ নির্ধারিত তাহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্নপদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটাসীমা প্রযোজ্য হইবে না।

২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ ১ (৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অঙ্ক প্রদেয় হয়, তাহা ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতনবৃদ্ধি (increment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হইলে তাঁহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে। এইভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতন বৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে। উক্তরূপে নিরুপিত পার্থক্যের অঙ্ক অর্জিত বেতন বৃদ্ধিসহ উত্তোলিত বেতনের সাথে যোগ করিতে হইবে।

৪) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতরস্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৫) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

**ব্যাখ্যা।**–এই উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রেষণ বলিতে কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলি বা নিয়োগ বুঝাইবে।

৬) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৫-এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৭) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রথমত বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৮) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৯) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীদের নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং ১০০১ টাকা হইতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি হইবে:

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোনক্রমেই টাকা ১৪০০ এর নিম্নে হইবে না।

১১) সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে।

১২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে।

১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তির ছুটি পাওনা থাকা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর হইবে অর্থাৎ১ জানুয়ারি, ২০০৫ হইতে যে সকল ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাঁহারা উক্ত সুবিধা পাইবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেল এর প্রাপ্যতা।–**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয়

হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১ জানুয়ারি, ২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল ২০০৫ এ বহাল থাকিবে:

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি/ বাস্ত-৩/ টাইম-স্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০-৮০৬০, টাকা ৪১০০–৮৮২০ এবং টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে উক্তরূপ কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল ২০০৫-এর টাকা ৬৮০০–১৩০৯০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ তাঁহাদের নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পূর্তির পর তাঁহাদের চাকরি সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৪র্থ স্কেলের (টাকা ১৫০০০–১৯৮০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০–১৩০৯০, টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০-এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৫ এ টাকা ১১০০০–১৭৬৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৬৮০০–১৩০৯০ অথবা টাকা ৭৪০০–১৩২৪০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১১০০০–১৭৬৫০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অধীনে অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৫) জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর টাকা ৬৮০০–১৩০৯০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা বলবৎ থাকিবে।

৬) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০-৮০৬০, টাকা ৪১০০–৮৮২০ এবং টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৭) আরো শর্ত থাকে যে, প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল বেতনবৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে; তবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা/ কর্মচারী পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে হয়, তাঁহার ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫

এ বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতনবৃদ্ধির পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৪) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতনবৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতনবৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদে (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬৮০০–১৩০৯০ বা তদূধর্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং ডিগ্রীও রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

২) ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেল, ১৯৯৭ এর ভিত্তিতে উক্ত তারিখে তাঁহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তির কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১৯৩০০–২২১০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১৬৮০০–২০৭০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১৫০০০–১৯৮০০ | ১২ বৎসর |
| ৫। | ক) টাকা ১৩৭৫০–১৯২৫০ | ১০ বৎসর |
| | খ) টাকা ১২৮০০–১৮৮৫০ | ৮ বৎসর |
| ৬। | ক) টাকা ১১০০০–১৭৬৫০ | ৫ বৎসর |
| | খ) টাকা ১১০০০–১৬৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৯০০০–১৫৪৮০ | ৪ বৎসর |

**ব্যাখ্যা**–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা

২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল ১৯৯১ এ টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৫১০০–১০৩৬০ বা টাকা ৪১০০–৮৮২০ বা টাকা ৩৭০০–৮০৬০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ-৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতনবৃদ্ধি বাবদ যে অংক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) ১ জুলাই ১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর ২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬ (১)(ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। উচ্চ কারিগরী জ্ঞানসম্পন্ন ও পেশাগত দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য বিশেষ বিধান।–**

চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর ১৩ অনুচ্ছেদে এতদৎসংক্রান্ত যে বিধান বহাল রাখা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা একই শর্তাধীনে বহাল থাকিবে।

**১৩। চিকিৎসা ভাতা।–**

চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং ১ জুলাই ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তি (অবসরপ্রাপ্তসহ) মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

**১৪। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী, চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১নং হইতে ১২নং স্কেল (টাকা ২৩০০০ (নির্ধারিত) হইতে টাকা ৩৭০০–৮০৬০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের

অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৩৫০০–৭৫০০ হইতে টাকা ২৮৫০–৫৪১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ২৬০০–৪৮৭০ হইতে ২৪০০–৪৩১০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রতিষ্ঠানকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না:

ঘ) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না;

ঙ) কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি কার্যালয়ে বা স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সংস্থার বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা ও কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

[ব্যাখ্যা–যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টীমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার/ প্রতিষ্ঠান কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation-এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।]

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীর ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

**সারণি**

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |
| টাকা ১২০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

**১৫। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন কর্মকর্তা ও কর্মচারীর কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই ২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

**১৬। উৎসব ভাতা/ বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allownance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে, তবে এই সকল ভাতা এবং বোনাস (প্রযোজ্য ক্ষেত্রে) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাঁহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা/ বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪) এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতৎসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/ ২০০৪/ ১০২ তারিখ: ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড কর্মচারীর জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা বা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা বিদ্যমান হারের পরিবর্তে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে ৫০ টাকা হারে ধোলাইভাতা প্রাপ্য হইবেন।

**১৯। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভার ভাতা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন।

**২০। বদলিজনিত মালামাল পরিবহণ ব্যয়।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২১। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২২। বেতন প্রদান পদ্ধতি।–**

১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের বেতন নির্ধারণ করিবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে এতৎসংক্রান্ত একটি বিবরণী প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাঁহাদের সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী যথাযথভাবে নিরীক্ষা ও প্রতিপাদন করাইবে এবং এই ব্যাপারে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করাইবে। সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় বেতন নির্ধারণের বিবরণীর উপর সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের ভিতর বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৩। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন-টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে, আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫-২০০৬ কর বৎসর হইতে কার্যকর হইবে।

**২৩। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি [ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-৩/২০০৫/৭৫

তারিখ: ১৪-২-১৪১২ বঙ্গাব্দ
২৮-৫-২০০৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ---------, সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা।
৮। অর্থ বিভাগের ব্যাংকিং প্রশাসন ও ব্যাংকিং নীতি অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি [ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১০। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৫

## [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ]

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২৮ মে ২০০৫

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৫

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ মে, ২০০৫ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ ১৪১২ বঙ্গাব্দ/২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ

নং এস.আর.ও–১২০-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-২/ ২০০৫/ ৭৪–Services (Reorganization and Conditions) Act, ১৯৭৫ (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ, চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিয়া বেতনবৃদ্ধি বাবদ মোট অঙ্কের (জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৭৫ ভাগ ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অঙ্কের অবশিষ্ট শতকরা ২৫ ভাগ ১ জুলাই, ২০০৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাসসহ) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে;

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নলিখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) স্থানীয় প্রতিষ্ঠানসমূহ যথা:- সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ;

খ) বাংলাদেশ বিমান করপোরেশন;

গ) বাংলাদেশ শিপিং করপোরেশন;

ঘ) ব্যাংকসমূহ ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহ যথা:- বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ বিনিয়োগ করপোরেশন (ICB) এবং বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান করপোরেশন;

ঙ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker'

চ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ছ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

জ) স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে প্রেষণে কর্মরত সরকারি ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল ২০০৫'অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'সংস্থা' বা 'প্রতিষ্ঠান' অর্থ স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ;

ঘ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেল, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৫।–**

১ জানুয়ারি, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা:

| স্কেল | **বর্তমান বেতন স্কেল**<br>(জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | **জাতীয় বেতন স্কেল, ২০০৫**<br>(১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৫০০০ (নির্ধারিত) | টাকা ২৩০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১২৯০০–৩৫০×৪–১৪৩০০ | টাকা ১৯৩০০–৭০০×৪–২২১০০ |
| ৩। | টাকা ১১৭০০–৩০০×৬–১৩৫০০ | টাকা ১৬৮০০–৬৫০×৬–২০৭০০ |
| ৪। | টাকা ১০৭০০–৩০০×৮–১৩১০০ | টাকা ১৫০০০–৬০০×৮–১৯৮০০ |
| ৫। | টাকা ৯৫০০–২৬০×১০–১২১০০ | টাকা ১৩৭৫০–৫৫০×১০–১৯২৫০ |
| ৬। | টাকা ৭২০০–২৬০×১৪–১০৮৪০ | টাকা ১১০০০–৪৭৫×১৪–১৭৬৫০ |
| ৭। | টাকা ৬১৫০–২২৫×১৬–৯৭৫০ | টাকা ৯০০০–৪০৫×১৬–১৫৪৮০ |
| ৮। | টাকা ৪৮০০–২১০×১৬–৮১৬০ | টাকা ৭৪০০–৩৬৫×১৬–১৩২৪০ |
| ৯। | টাকা ৪৩০০–১৮৫×৭–৫৫৯৫–ইবি–১৯৫×১১–৭৭৪০ | টাকা ৬৮০০–৩২৫×৭–৯০৭৫–ইবি–৩৬৫×১১–১৩০৯০ |
| ১০। | টাকা ৩৪০০–১৭০×৭–৪৫৯০–ইবি–১৮৫×১১–৬৬২৫ | টাকা ৫১০০–২৮০×৭–৭০৬০–ইবি–৩০০×১১–১০৩৬০ |
| ১১। | টাকা ২৫৫০–১৫৫×৭–৩৬৩৫–ইবি–১৭০×১১–৫৫০৫ | টাকা ৪১০০–২৫০×৭–৫৮৫০–ইবি–২৭০×১১–৮৮২০ |
| ১২। | টাকা ২৩৭৫–১৫০×৭–৩৪২৫–ইবি–১৫৫×১১–৫১৩০ | টাকা ৩৭০০–২৩০×৭–৫৩১০–ইবি–২৫০×১১–৮০৬০ |
| ১৩। | টাকা ২২৫০–১৩৫×৭–৩১৯৫–ইবি–১৪০×১১–৪৭৩৫ | টাকা ৩৫০০–২১০×৭–৪৯৭০–ইবি–২৩০×১১–৭৫০০ |
| ১৪। | টাকা ২১০০–১২০×৭–২৯৪০–ইবি–১২৫×১১–৪৩১৫ | টাকা ৩৩০০–১৯০×৭–৪৬৩০–ইবি–২১০×১১–৬৯৪০ |
| ১৫। | টাকা ১৯৭৫–১০৫×৭–২৭১০–ইবি–১১০×১১–৩৯২০ | টাকা ৩১০০–১৭০×৭–৪২৯০–ইবি–১৯০×১১–৬৩৮০ |
| ১৬। | টাকা ১৮৭৫–৯০×৭–২৫০৫–ইবি–১০০×১১–৩৬০৫ | টাকা ৩০০০–১৫০×৭–৪০৫০–ইবি–১৭০×১১–৫৯২০ |
| ১৭। | টাকা ১৭৫০–৮০×৭–২৩১০–ইবি–৯০×১১–৩৩০০ | টাকা ২৮৫০–১৩০×৭–৩৭৬০–ইবি–১৫০×১১–৫৪১০ |
| ১৮। | টাকা ১৬২৫–৬৫×৭–২০৮০–ইবি–৭৫×১১–২৯০৫ | টাকা ২৬০০–১২০×৭–৩৪৪০–ইবি–১৩০×১১–৪৮৭০ |
| ১৯। | টাকা ১৫৬০–৬০×৭–১৯৮০–ইবি–৬৫×১১–২৬৯৫ | টাকা ২৫০০–১১০×৭–৩২৭০–ইবি–১২০×১১–৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০–৫০×১৮–২৪০০ | টাকা ২৪০০–১০০×৭–৩১০০–ইবি–১১০×১১–৪৩১০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রাপ্যতা।–**

৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশের উদ্দেশ্যে 'বর্তমান বেতন' বলিতে বুঝাইবে-

ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ।–**

১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারী ১৮৭৫–৯০ × ৭–২৫০৫ ইবি-১০০ × ১১–৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এইক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০–১৫০ × ৭–৪০৫০ -ইবি- ১৭০ × ১১–৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২:**

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫–৯০ × ৭–২৫০৫ ইবি-১০০ × ১১–৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০–১৫০ × ৭–৪০৫০ -ইবি- ১৭০ × ১১–৫৯২০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(ব্যাখ্যা: বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ২৪১৫–১৮৭৫=৫৪০ টাকা। অতএব অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০ +৫৪০=৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে ৩৬০০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে);

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ২৩০০০ নির্ধারিত তাহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির 'বর্তমান বেতন' সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্নপদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটাসীমা প্রযোজ্য হইবে না;

২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতিপ্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ ১ (৩) (ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অঙ্ক প্রদেয় হয়, তাহা ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তির জাতীয় বেতন স্কেল, ২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতনবৃদ্ধি (increment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হইলে তাঁহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে। এইভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতন বৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে। উক্তরূপে নিরুপিত পার্থক্যের অঙ্ক অর্জিত বেতনবৃদ্ধিসহ উত্তোলিত বেতনের সাথে যোগ করিতে হইবে।

৪) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাঁহারা ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতরস্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

৫) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

**ব্যাখ্যা:** এই উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রেষণ বলিতে কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলি বা নিয়োগ বুঝাইবে।

৬) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে, সেই কর্মকর্তা/ কর্মচারীর বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

৭) যে ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রথমত বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

৮) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৬) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

৯) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের পেনশন (প্রযোজ্য ক্ষেত্রে) ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী কর্মকর্তা বা কর্মচারীদের (প্রযোজ্য ক্ষেত্রে) নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং টাকা ১০০১ হইতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি করা হইল:

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোনক্রমেই ১৪০০ টাকা এর নিম্নে হইবে না।

১১) সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে।

১২) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে।

১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তির ছুটি পাওনা থাকা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর হইবে, অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে যে সকল ব্যক্তির অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাঁহারা উক্ত সুবিধা পাইবেন।

**৭। জাতীয় বেতন স্কেল ২০০৫-এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেল-এর প্রাপ্যতা।–**

১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০–৪৩১০ হইতে টাকা

৫১০০–১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১ জানুয়ারি, ২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বহাল থাকিবে:

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি/ বাস্ত-৩/ টাইম-স্কেল-৩/ ৯৬ (অংশ)/ ৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০–৮০৬০, টাকা ৪১০০–৮৮২০ এবং টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে উক্তরূপ কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৬৮০০–১৩০৯০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ তাঁহাদের নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পূর্তির পর তাঁহাদের চাকরি সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল ২০০৫ এর ৪র্থ স্কেলের (টাকা ১৫০০০–১৯৮০০) ঊর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০–১৩০৯০, টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০-এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ১১০০০–১৭৬৫০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৭৪০০–১৩২৪০ এবং টাকা ৯০০০–১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৬৮০০–১৩০৯০ অথবা টাকা ৭৪০০–১৩২৪০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১১০০০–১৭৬৫০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেলসমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর অধীনে অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৫) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৬৮০০–১৩০৯০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত কর্মকর্তাগণ ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা বলবৎ থাকিবে।

৬) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০–৮০৬০, টাকা ৪১০০–৮৮২০ এবং টাকা ৫১০০–১০৩৬০ বেতন স্কেলের অন্তর্ভুক্ত কর্মকর্তাগণ, ৪ বৎসরের চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতৎসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

৭) আরো শর্ত থাকে যে, প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতনবৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তির পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ ১ জানুয়ারি, ২০০৫ তারিখে পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতনবৃদ্ধির পূর্ণ সুবিধা প্রদেয়।

৪) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতনবৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতনবৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস করার পর ৪ বৎসর মেয়াদী কোর্স পাসপূর্বক এগ্রিকালচার বা এগ্রিকালচারাল ইকোনমিক্স বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা এনিম্যাল হাজব্যান্ড্রি বা ভেটেরিনারী সায়েন্স এ যে ডিগ্রী অর্জন করা হয় সেই ডিগ্রীধারীকে বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ বিভাগের সহিত আলোচনাক্রমে, নির্দিষ্ট কোন পদে সম্পূর্ণরূপে পরিকল্পনা ও নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীকে তাঁহাদের নিজ নিজ বেতন স্কেলে ৩টি বেতনবৃদ্ধি প্রদান করা হইবে। তাঁহারা যতদিন পরিকল্পনা ও নক্সা কাজে সহকারী প্রকৌশলী বা নির্বাহী প্রকৌশলী পদে নিযোজিত থাকিবেন, ততদিন পর্যন্ত এই বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। পরিকল্পনা বা নক্সা কাজে বিশেষজ্ঞ, যোগ্য সহকারী প্রকৌশলীদের মধ্যে হইতে পরিকল্পনা বা নক্সার নির্বাহী প্রকৌশলী পদে পদোন্নতি দেওয়া হইবে। উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতিপ্রাপ্ত কোন পরিকল্পনা বা নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলীকে জনস্বার্থে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পদে যোগদানের জন্য অব্যাহতি প্রদান করা না হইলে, যতদিন তিনি পরিকল্পনা বা নক্সার সহকারী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন ততদিন তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৯০০০–১৫৪৮০ তে বেতন আহরণ করিবেন;

ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটে জাতীয় বেতন স্কেল ২০০৫ এর টাকা ৬৮০০–১৩০৯০ স্কেলের কোন পদে প্রথম নিয়োগপ্রাপ্ত একজন কর্মকর্তাকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি মঞ্জুর করা হইবে, যদি-(অ) পদটি গবেষণামূলক পদ হিসাবে নির্দিষ্ট থাকে; এবং

(আ) সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নলিখিত যোগ্যতাগুলির মধ্যে কমপক্ষে যে কোন একটি থাকে, যথা:-

১) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণীর ডিগ্রীধারী হইয়া থাকেন;

২) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং কৃষিতে ১ম শ্রেণীর ডিগ্রীধারী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট লাভের পর ৪ বৎসরের কোর্স সম্বলিত) হইয়া থাকেন;

৩) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং বিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

৪) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ১ম শ্রেণীর সম্মান ডিগ্রীসহ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ হইয়া থাকেন এবং কমপক্ষে ৬০% নম্বরসহ চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইয়া থাকেনঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-অনুচ্ছেদের দফা (ঘ) অনুসারে যাঁহাদেরকে বেতনবৃদ্ধি মঞ্জুর করা হইবে, তাঁহারা এই উপ-অনুচ্ছেদের দফা (ক) (খ) ও (গ) অনুসারে কোন বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন না।

ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

২) ১ জানুয়ারি, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ভিত্তিতে উক্ত তারিখে তাহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

সারণি

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১৯৩০০–২২১০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১৬৮০০–২০৭০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১৫০০–১৯৮০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ১৩৭৫০–১৯২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১১০০০–১৭৬৫০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৯০০০–১৫৪৮০ | ৪ বৎসর |

ব্যাখ্যা–এই উপ-অনুচ্ছেদে বর্ণিত 'চাকরির মেয়াদ' বলিতে বুঝাইবে-

ক) যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০–১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০–৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০–৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০–৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০–১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ

খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫–১৩১৫, টাকা ৪৭০–১১৩৫, বা টাকা ৪২৫–১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০–২৭৫০, টাকা ১০০০–২২৮০ বা টাকা ৯০০–২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৩০০–৪৪৮০ বা টাকা ১৭২৫–৩৭২৫ বা টাকা ১৫৫০–৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০–৬৬২৫ বা টাকা ২৫৫০–৫৫০৫ বা টাকা ২৩৭৫–৫১৩০ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ৫১০০–১০৩৬০ বা টাকা ৪১০০–৮৮২০ বা টাকা ৩৭০০–৮০৬০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।

২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না:

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতনবৃদ্ধি বাবদ যে অঙ্ক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) ১ জুলাই, ১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

২) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। চিকিৎসা ভাতা।–**

চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং১ জুলাই, ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তি (প্রযোজ্য ক্ষেত্রে অবসরপ্রাপ্তসহ) মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল কর্মকর্তা ও কর্মচারী, চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়ি ভাড়া কর্তনপূর্বক প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১নং হইতে ১২নং স্কেল (টাকা ২৩০০০ (নির্ধারিত) হইতে টাকা ৩৭০০–৮০৬০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৩৫০০–৭৫০০ হইতে টাকা ২৮৫০–৫৪১০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ২৬০০–৪৮৭০ হইতে ২৪০০–৪৩১০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রতিষ্ঠানকে কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না।

ঘ) শর্ত থাকে যে, যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়া বিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে না:

ঙ) কোন ব্যক্তি সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি কার্যালয়ে বা স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সংস্থার বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬)-এ উল্লিখিত হারে বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা ও কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি

আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

[ব্যাখ্যা: যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমিটরি বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টীমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার বা প্রতিষ্ঠান কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation-এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।]

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীর ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

**সারণি**

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |
| টাকা ১২০০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

**১৪। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন কর্মকর্তা ও কর্মচারীর কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে তাঁহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০–৮৮২০ হইতে টাকা ২৪০০–৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই, ২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

**১৫। উৎসব ভাতা ও বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allownance) Rules, 1979 -এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে, তবে এই সকল ভাতা এবং বোনাস (প্রযোজ্য ক্ষেত্রে) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাঁহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা ও বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতৎসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/ ২০০৪/ ১০২, তারিখ: ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৬। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড কর্মচারীর জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে, কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৭। ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা বিদ্যমান হারের পরিবর্তে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে ৫০ টাকা হারে ধোলাইভাতা প্রাপ্য হইবেন।

**১৮। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভার ভাতা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন।

**১৯। বদলিজনিত মালামাল পরিবহণ ব্যয়।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২০। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে।

**২১। বেতন প্রদান পদ্ধতি।–**

১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের বেতন নির্ধারণ করিবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে এতৎসংক্রান্ত একটি বিবরণী প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা তাঁহাদের সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী যথাযথভাবে নিরীক্ষা ও প্রতিপাদন করাইবে এবং এই ব্যাপারে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করাইবে। সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় বেতন নির্ধারণের বিবরণীর উপর সাময়িকভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী দুই মাসের ভিতর বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২২। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল প্রতিষ্ঠান বা সংস্থা হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ

অর্থ বিলের মাধ্যমে (যেমন-টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে, আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫-২০০৬ কর বৎসর হইতে কার্যকর হইবে।

**২৩। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-২/২০০৫/৭৪

তারিখ: ১৪-২-১৪১২ বঙ্গাব্দ / ২৮-৫-২০০৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব.–––––––(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৫। সকল স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৭। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা।
৮। অর্থ বিভাগের মনিটরিং সেলের সকল কর্মকর্তা।
৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১০। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১১, ২০০৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ২৬ আষাঢ় ১৪১২/ ১০ জুলাই ২০০৫

এস.আর.ও নং-২১২-আইন/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/২০০৫/১১৭।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:

উপরিউক্ত আদেশ এর অনুচ্ছেদ ১৬ এর-

ক) উপান্তটীকার '/বোনাস এবং শ্রান্তি ও বিনোদনভাতা' চিহ্ন ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

খ) উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা:

'১) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত অফিস স্মারক নং- অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ অনুসারে বার্ষিক উৎসবভাতা প্রদেয় হইবে, তবে এই বাড়া চাকুরী (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে, ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে, এবং ১জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুসারে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসবভাতা প্রদেয় হইবে।'

২। এই আদেশ ১-১-২০০৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাকির আহমেদ খান
অর্থ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-১/২০০৫/১২৯ তারিখ: ০৬ শ্রাবণ, ১৪১২ বঙ্গাব্দ
২১ জুলাই, ২০০৫ খ্রিঃ

**বিষয়: মাননীয় স্পীকার, ডেপুটি স্পীকার, বিরোধীদলীয় নেতা, চীফ হুইপ, বিরোধীদলীয় উপনেতা, হুইপগণ এবং সংসদ সদস্যদের পারিতোষিক পুনঃহারে নির্ধারণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে মাননীয় স্পীকার, ডেপুটি স্পীকার, বিরোধীদলীয় নেতা, চীফ হুইপ, বিরোধীদলীয় উপনেতা, হুইপগণ এবং সংসদ সদস্যদের পারিতোষিক নিম্নোল্লিখিত হারে বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

| পদমর্যাদা | বৃদ্ধির হার |
|---|---|
| স্পীকার | ৪৫.১২% |
| ডেপুটি স্পীকার | ৪৫% |
| বিরোধীদলীয় নেতা | ৪৫% |
| চীফ হুইপ | ৪৫% |
| বিরোধীদলীয় উপনেতা | ৪৫% |
| হুইপগণ | ৪৫% |
| সংসদ সদস্য | ৫০% |

২। এতদসংকান্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

মোঃ আবদুল মতিন
সহকারী সচিব

সচিব
জাতীয় সংসদ সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগষ্ট ১৮, ২০০৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ২ ভাদ্র ১৪১২/ ১৭ আগস্ট ২০০৫

এস.আর.ও নং–২৬১/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/২০০৫–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৮মে ২০০৫ তারিখের এস.আর.ও নং ১২৩-আ◌িন/২০০৫ দ্বারা জারিকৃত চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের–

ক) অনুচ্ছেদ ৩ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:-

৩। **জাতীয় বেতন স্কেল, ২০০৫।**–১ জানুয়ারী, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) | জাতীয় বেতন স্কেল, ২০০৫ (১ জানুয়ারি, ২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ৯৫০০-২৬০×১০-১২১০০ | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ |
| ২। | টাকা ৭২০০-২৬০×১৪-১০৮৪০ | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ |
| ৩। | টাকা ৬১৫০-২২৫×১৬-৯৭৫০ | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ |
| ৪। | টাকা ৪৩০০-১৮৫×৭-৫৫৯৫-ইবি-১৯৫×১১-৭৭৪০ | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ |
| ৫। | টাকা ৩৪০০-১৭০×৭-৪৫৯০-ইবি-১৮৫×১১-৬৬২৫ | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ |
| ৬। | টাকা ৩৪০০-১৭০×৭-৪৫৯০ | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ |
| ৭। | টাকা ২৮০০-১৫৫×৫-৩৫৭৫-ইবি-১৭০×৩-৪০৮৫ | টাকা ৪৪০০-২৫০×৭-৬১৫০-ইবি-২৭০×১১-৯১২০ |
| ৮। | টাকা ২৫৫০-১৫৫×৭-৩৬৩৫-ইবি-১৭০×২-৩৯৭৫ | টাকা ৪২০০-২৫০×৭-৫৯৫০-ইবি-২৭০×১১-৮৯২০ |
| ৯। | টাকা ২১০০-১২০×৭-২৯৪০-ইবি-১২৫×৬-৩৬৯০ | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৫৮৯০ |
| ১০। | টাকা ২২৫০-১৩৫×৭-৩১৯৫-ইবি-১৪০×১১-৪৭৩৫ | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ |
| ১১। | টাকা ২১০০-১২০×৭-২৯৪০-ইবি-১২৫×১১-৪৩১৫ | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ |
| ১২। | টাকা ১৯৭৫-১০৫×৭-২৭১০-ইবি-১১০×১১-৩৯২০ | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ |
| ১৩। | টাকা ১৯৭৫-১০৫×৭-২৭১০-ইবি-১১০×৪-৩১৫০ | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ |
| ১৪। | টাকা ১৮৭৫-৯০×৭-২৫০৫-ইবি-১০০×১১-৩৬০৫ | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ |
| ১৫। | টাকা ১৭৫০-৮০×৭-২৩১০-ইবি-৯০×৫-২৭৬০ | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ |
| ১৬। | টাকা ১৭৫০-৮০×৭-২৩১০-ইবি-৯০×১১-৩৩০০ | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ |
| ১৭। | টাকা ১৬২৫-৬৫×৭-২০৮০-ইবি-৭৫×১১-২৯০৫ | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ |
| ১৮। | টাকা ১৫৬০-৬০×৭-১৯৮০-ইবি-৬৫×১২-২৭৬০ | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ |
| ১৯। | টাকা ১৫৬০-৬০×৭-১৯৮০-ইবি-৬৫×১১-২৬৯৫ | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০-৫০×১৮-২৪০০ | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ |

খ) অনুচ্ছেদ ১৩ এর উপ-অনুচ্ছেদ (৭) এর '(১ক)' বন্ধনীগুলি ও সংখ্যার পরিবর্তে '(২)' বন্ধনীগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২। এই আদেশ ১ জানুয়ারী ২০০৫ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্টপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
অর্থ সচিব।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০০৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ৩০ কার্তিক ১৪১২/ ১৪ নভেম্বর ২০০৫

এস.আর.ও নং-৩১১-আইন/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-২/২০০৫/১৯৯–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের ৭ এর উপ-অনুচ্ছেদ (৫) এর 'এবং তদূর্ধ্ব' শব্দদ্বয় বিলুপ্ত হইবে।

২। এই আদেশ অত্র বিভাগের ১৪ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস.আর.ও ১২০-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্ত)/ জাঃবেঃস্কেল-২/ ২০০৫/ ৭৪ এর কার্যকরিতার তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্টপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
অর্থ সচিব।

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০০৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ৩০ কার্তিক ১৪১২/ ১৪ নভেম্বর ২০০৫

এস.আর.ও নং-৩১২-আইন/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-২/২০০৫/২০০–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের ৭ এর উপ-অনুচ্ছেদ (৫) এর 'এবং তদূর্ধ্ব' শব্দদ্বয় বিলুপ্ত হইবে।

২। এই আদেশ অত্র বিভাগের ১৪ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস.আর.ও ১২১-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্ত)/ জাঃবেঃস্কেল-২/ ২০০৫/ ৭৫ এর কার্যকরিতার তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ২৯, ২০০৫**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ৩০ কার্তিক ১৪১২/ ১৪ নভেম্বর ২০০৫

এস.আর.ও নং-৩১৯/২০০৫/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৪/২০০৫/২১২–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৪ জৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস.আর.ও ১২২-আইন/ ২০০৫/ অম/ অবি (বাস্ত-১)/ জাঃবেঃস্কেল-৪/ ২০০৫/ ৭৬ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের ১১ এর উপ-অনুচ্ছেদ (২) এর–

ক) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

‘(ঝ) কিট ভাতা (সকল পোশাকধারী শাখার জন্য):

| | | |
|---|---|---|
| এএসপি এবং তদূর্ধ্ব | পারম্ভিক মঞ্জুরি | ৬৩৩৮ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ৩৯০০ |
| পরিদর্শক (আর্মড পুলিশ ব্যাটালিয়ানের পরিদর্শক ব্যতীত) | পারম্ভিক মঞ্জুরি | ৩১৬৮ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ২৬০০’; |

(খ) দফা (ট) এর ‘৩৪’ সংখ্যার পরিবর্তে ‘৫০’ সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

গ) দফা (থ) এর পর নিম্নরূপ নতুন দফা (দ) এবং (ধ) সংযোজিত হইবে, যথা:-

‘(দ) দৈনিক/ খোরাকী ভাতা:

সিঙ্গেল রেশনপ্রাপ্ত সদস্যদের (এপিবিএন ব্যতীত) জনপ্রতি মাসিক ৩০০

(ধ) ঝুঁকিপূর্ণ কাজের সম্মানী:

(পুলিশ পরিদর্শক হতে কনস্টেবল পর্যন্ত)

| | সম্মানী প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পদবী | সর্বোচ্চ বার্ষিক হার |
|---|---|---|
| ১) | মহাপুলিশ পরিদর্শক/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক | ৪,৮০০ |
| ২) | মেট্রোপলিটন পুলিশ কমিশনার/ অতিরিক্ত পুলিশ কমিশনার | ৪,০০০ |
| ৩) | উপ-মহাপুলিশ পরিদর্শক/ অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক | ৪,০০০ |
| ৪) | পুলিশ সুপার ও সমপর্যায়ের কর্মকর্তা | ৩,৬০০’। |

২। এই আদেশ অত্র বিভাগের ১৪ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস.আর.ও ১২২-আইন/ ২০০৫/ অম/ অবি(বাস্ত)/ জাঃবেঃস্কেল-৪/ ২০০৫/ ৭৬ এর কার্যকরিতার তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
অর্থ সচিব।

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ৫, ২০০৬**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

তারিখ, ১৭ ফাল্গুন ১৪১২/ ১ মার্চ ২০০৬

এস.আর.ও নং–৩৯-আইন/২০০৬/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/২০০৫।–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের ৭ এর–

ক) উপ-অনুচ্ছেদ (১) এর 'কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন-স্কেল, ২০০৫ এর টাঃ ২৪০০–৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০' শব্দগুলি, সংখ্যাগুলি ও কমার পরিবর্তে 'যে সকল কর্মচারী জাতীয় বেতন-স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০–৪৩১০ হইতে টাকা ৫১০০–১০৩৬০ বেতন-স্কেলের আওতাভুক্ত এবং টাকা ৩৭০০–৮০৬০ এবং টাকা ৪১০০–৮৮২০ বেতন-স্কেলের আওতাভুক্ত কর্মকর্তাগণ' শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

খ) উপ-অনুচ্ছেদ (২) বিলুপ্ত হইবে;

গ) উপ-অনুচ্ছেদ (৩) এর '৬৮০০–১৩০৯০ এবং তদূর্ধ্ব' শব্দগুলির পরিবর্তে '৫১০০–১০৩৬০ হইতে ১৩৭৫০–১৯২৫০ বেতন' শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

ঘ) উপ-অনুচ্ছেদ (৬) এর 'টাকা ৩৭০০–৮০৬০ টাকা ৪১০০–৮৮২০ এবং' শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও চিহ্ন বিলুপ্ত হইবে;

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
অর্থ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-২

অম/অবি (বাস্ত-২)রিট পিটিশন-২/২০০২/২৮ তারিখ: ৫/০২/২০০৮

বিষয়: **রিট পিটিশন নম্বর- ২২৫৬/২০০২ এ ৫/১১/২০০৩ তারিখে প্রদত্ত রায়ের আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগের পিএ কাম স্টেনোগ্রাফারদের ন্যায় মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের কর্মরত পি,এ কাম স্টেনোগ্রাফারদের বেতন স্কেল, ১৯৯৭ টাঃ ৩৪০০–৬৬২৫/- (২০০৫ এর টাঃ ৫১০০–১০৩৬০/-) প্রদান প্রসঙ্গে।**

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/১/২০০৮ তারিখের পত্র নং- বিচার-২/ ২এম-১/ ৯৭-৭২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নম্বর ২২৫৬/২০০২ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত রায় প্রদান করেছেন।

* The respondents are therefore directed to extend the same benefits to the P.A Cum Stenographers attached to the judges of the Supreme Court of Bangladesh i.e. scale of pay, status and other financial benefits enjoyed by their counter parts working in the Secretariat Ministries within 3 (three) months from the date of receipt of this judgment.

এ অবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের উপর্যুক্ত রায়ের আলোকে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ন্যায়, মহামান্য আপীল বিভাগে কর্মরত পি, এ, কাম স্টেনোগ্রাফারদের বেতন স্কেল, ১৯৯৭ টাঃ ৩৪০০–৬৬২৫/- (২০০৫ এ টাঃ ৫১০০–১০৩৬০/-) প্রদানে আদিষ্ট হয়ে সম্মতি জ্ঞাপন করা হলো।

বিমান বিহারী বড়ুয়া
উপ-সচিব

সচিব
আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-২

অম/অবি (বাস্ত-২)বেঃস্কেঃনিঃ(আইন)-২৭/৯৯/৩৭ তারিখ: ১৩/০২/২০০৮

**বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগের হিসাবরক্ষক পদের বেতন স্কেল উন্নীতকরণ প্রসঙ্গে রীট পিটিশন নং-৬১২৭/২০০১ হতে উদ্ভূত সিপি নং - ১৫৭২/২০০৪ এর উপর মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের রায় বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: আইন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, রীট শাখার ২৬/৪/২০০৭ তারিখের সল/ মিস-১৫৯/২০০৬ (রীট) -৫৫২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে অর্থ বিভাগের ২৭/০৫/২০০৭ তারিখের অম/ অবি(বাস্তঃ-২) বেঃ স্কেঃ নিঃ (আইন) -২৭/৯৯/১০৯ নং স্মারকটি আংশিক সংশোধনক্রমে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৬১২৭/২০০১ হতে উদ্ভুত সিপি নং -১৫৭২/২০০৪ এর বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের ভিত্তিতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের হিসাবরক্ষণ পদের বেতন স্কেল বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত হিসাবরক্ষকদের ন্যায় জাতীয় বেতন স্কেল, ১৯৭৭ এর টাঃ ৪৭০–১১৩৫ (১১ নং স্কেল) (২০০৫ এর টাঃ ৪১০০–৮৮২০/-) এবং সিলেকশন গ্রেড টাঃ ৬২৫–১৩১৫/- (১০ নং স্কেল) (২০০৫ এর টাঃ ৫১০০–১০৩৬০/-) প্রদানে আদিষ্ট হয়ে সম্মতি জ্ঞাপন করা হলো।

বিমান বিহারী বড়ুয়া
উপ-সচিব

সচিব
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৯

## (সরকারি- বেসামরিক)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ।

নং এস.আর.ও–২৫৫ আইন/২০০৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০০৯/২৩২।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেল ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

**ব্যাখ্যা:** কোন কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন। দফা (গ) এর বর্ণনা মোতাবেক তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির (কর্মকর্তা/ কর্মচারী) ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসে নিয়োজিত জুডিশিয়াল কর্মকর্তাগণ;

খ) যে সকল বেসামরিক কর্মকর্তা/ কর্মচারীকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) পুলিশ বাহিনী ও বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

ঘ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Services) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'Worker';

ঙ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

চ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৯।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা:-

| গ্রেড | বর্তমান বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৫) | জাতীয় বেতন স্কেল, ২০০৯<br>(১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০(নির্ধারিত) | টাকা ৪০০০০(নির্ধারিত) |
| ২। | টাকা ১৯৩০০-৭০০×৪-২২১০০ | টাকা ৩৩৫০০-১২০০×৫-৩৯৫০০ |
| ৩। | টাকা ১৬৮০০-৬৫০×৬-২০৭০০ | টাকা ২৯০০০-১১০০×৬-৩৫৬০০ |
| ৪। | টাকা ১৫০০০-৬০০×৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ |
| ৫। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ |
| ৬। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ |
| ৭। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ |
| ৮। | টাকা ৭৪০০-৩৬৫×১৬-১৩২৪০ | টাকা ১২০০০-৬০০×১৬-২১৬০০ |
| ৯। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ১০। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ |
| ১১। | টাকা ৪১০০-২৫০×৭-৫৮৫০-ইবি-২৭০×১১-৮৮২০ | টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ |
| ১২। | টাকা ৩৭০০-২৩০×৭-৫৩১০-ইবি-২৫০×১১-৮০৬০ | টাকা ৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫ |
| ১৩। | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ |
| ১৪। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১৫। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৬। | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ | টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ |
| ১৭। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৮। | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ | টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ | টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ |

২) বর্তমানে যে সকল পদের বেতন টাকা ২৪,৫০০/- (নির্ধারিত), সে সকল পদের বেতন ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নরূপভাবে নির্ধারিত হইবে। অর্থাৎ মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সমতুল্য পদ/ পদসমূহে ১ম গ্রেডের নির্ধারিত মূল বেতনের (৪০,০০০/-) সহিত অতিরিক্ত ৫,০০০/-টাকা যোগ করিয়া ৪৫,০০০/- টাকা (নির্ধারিত)হইবে।

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রাপ্যতা।–**

৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩(১) এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশে 'বর্তমান বেতন' বলিতে -

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।–**

১) যে কর্মকর্তা/ কর্মচারী বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ

উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

**উদাহরণ ১**:

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০ × ১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০/- টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২**:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৩১০০-১৭০ × ৭-৪২৯০ -ইবি- ১৯০ × ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০/- টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০ × ৭-৬৯৩০ -ইবি- ৩২০ × ১১-১০৪৫০/- টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০/- টাকা।

**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০+১০২০)= ৫৯২০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০/- টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা **৪০,০০০/-** এবং **৪৫,০০০/-** নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না।

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে **সর্বোচ্চ সীমার উর্ধ্বে** হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা **উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি** পাইবেন, তাঁহাদের বেতন প্রথমে নিম্নপদে নির্ধারণ করিয়া পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

চ) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, **প্রেষণে কর্মরত** না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

ছ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **ছুটিতে ছিলেন,** জাতীয় বেতন স্কেলে সে ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

জ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **সাময়িকভাবে বরখাস্ত** ছিলেন, সে ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং **বাস্তবে কাজে যোগদান না করিলে** তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ **বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে** এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

ঝ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে ব্যক্তি **অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে** ছিলেন, **শুধু পেনশন নির্ধারণের জন্য** তাঁহার বেতন, দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

ঞ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে ব্যক্তির **অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে** এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি।**

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০/- টাকার নিম্নে হইবে না। এ ক্ষেত্রে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০/- টাকার কম হয়, তবে, যে পরিমাণ অংক কম হইবে

তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) যদি কোন অংক অবশিষ্ট থাকে তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণ:**

যদি দেখা যায় যে, ৪৫০০- ২৪০ × ৭-৬১৮০ -ইবি- ২৬৫ × ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০/- টাকা। সর্বনিম্ন ২০০০.০০ (দুই হাজার) টাকা বেতন বৃদ্ধির জন্য প্রথমে মূল বেতনের সহিত একটি বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) যোগ করিয়া (১৬৫০+২৪০ = ১৮৯০) অবশিষ্ট (২০০০ - ১৮৯০) = ১১০/-টাকা ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে প্রদান করিতে হইবে।

খ) কোন কর্মকর্তা/ কর্মচারীর ন্যূনতম ২০০০.০০ (দুই হাজার) টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর সমপরিমাণ টাকার কম হইলে তাহা সংশ্লিষ্ট স্কেলে পিপি হিসাবে প্রাপ্য হইবে এবং এই পিপি পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।-** নিম্নবর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারিত হইবে, যথা:-

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণ:**

৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তা/ কর্মচারীর বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭-১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০/-টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতঃপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারিকৃত ২৬-১২-১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749, ৯-৭-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬/ ০৭/ ১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ- ১৬/ ০৭/ ১৫১ এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/ ০৮/ ১৫২ সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ১-৭-২০০৯ তারিখ হইতে রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ০১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না।

গ) ৩১-১২-২০০৪ তারিখে আহরিত বেতনের করেসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেডে নির্ধারিত বেতনধারী কর্মকর্তাদের ক্ষেত্রে ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্ত বেতনের ভিত্তিতে প্রথমে ০১/০১/২০০৫ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে। তৎপরে নির্ধারিত বেতনের উপর সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা হইলে তাঁহারা যেইরূপ সুবিধা প্রাপ্ত হইতেন, তাহার ভিত্তিতে ধারাবাহিকভাবে ৩০-৬-২০০৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত বেতন বিবেচনা করতঃ ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে; যেমন-

১) ৩১/১২/২০০৪ তারিখে বিসিএস ৬ষ্ঠ গ্রেডভুক্ত ৭২০০–১০৮৪০ টাকা স্কেলে একজন কর্মকর্তার মূলবেতন ছিল ১০০৬০ টাকা। ঐ কর্মকর্তার ৩১/১২/২০০৪ তারিখে বেতন স্কেল ও মূলবেতনের পার্থক্য ছিল ১০০৬০-৭২০০=২৮৬০ টাকা। অর্থ বিভাগের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১ তারিখ-১৪-৯-২০০৮ এবং অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩ তারিখে- ৯-৭-২০০৮ স্মারক মূলে জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্য বেতন স্কেলের করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ না করিয়া ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্ত সিলেকশন গ্রেডে সরাসরি বেতন নির্ধারণ করিবার ফলে তাহার বেতন নির্ধারিত হয় ১৩৭৫০+২৮৬০=১৬৬১০ টাকা। কিন্তু উক্ত স্তরে কোন ধাপ না থাকিবার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৭০৫০ টাকায় বেতন নির্ধারণ করা হয়।

২) উল্লম্ব সাম্যতা ফিরাইয়া আনিবার লক্ষ্যে উপ দফা (১) এ বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি সংশোধনক্রমে সর্বপ্রথম ঐ কর্মকর্তার বেতন তাহার ৩১/১২/২০০৪ তারিখে আহরিত মূলবেতনের ভিত্তিতে করেসপন্ডিং জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী ০১/০১/২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে তাহার মূলবেতন দাঁড়াইবে (১০০৬০-৭২০০)= ২৮৬০ +১১০০০= ১৩৮৬০ টাকা। উক্ত স্তরে ধাপ না থাকার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৪৩২৫ টাকায় বেতন নির্ধারিত হইবে। অতঃপর ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্য সিলেকশন গ্রেড (৫ম গ্রেড ১৩৭৫০–১৯২৫০) প্রদান করা হইলে তাহার বেতন দাড়াইবে ১৪৮৫০ টাকায়। এইভাবে ৩০/৬/২০০৯ তারিখ পর্যন্ত বেতন সংশোধন করিয়া নির্ধারিত বেতনের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে।

তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

ঘ) ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১নং আদেশের প্রেক্ষিতে ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ নং স্মারক দ্বারা যাহারা ইতোপূর্বে কনিষ্ঠ কর্মকর্তার সহিত বেতন সমতাকরণ করিয়াছেন, তাহারা বেতন সমতা না করিলে যেইরূপ সুবিধা প্রাপ্য হইতেন; তাহা বিবেচনা করতঃ উপানুচ্ছেদ (৩) (ক) অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে। তবে, বেতন সমতাকরণের ফলে তাঁহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না। তবে উপ-অনুচ্ছেদ (৩) (গ) (১) এর কারণে কোন কর্মকর্তা বেতন সমতাকরণ করিয়া থাকিলে উক্ত কর্মকর্তার ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৩) (গ) (২) এর পদ্ধতি অনুসরণপূর্বক বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

৪) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।**

অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্ত হইবেন, যথা:-

ক) পেনশন সর্মপণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন;

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

৭। **জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০–৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০–১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতন স্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত **নন-গেজেটেড সরকারি কর্মচারীগণ** একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/ ৯৬ (অংশ)/ ৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলিযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেলে (টাইমস্কেল) হিসাবে প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে;

**তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং এই বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না**। এক্ষেত্রে স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১(এক) বৎসর পর পরবর্তী স্কেলে টাইমস্কেল প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইল। শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ (এক) বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১(এক) টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৪র্থ স্কেলের উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০–২০৩৭০/-(৯ নং গ্রেড), টাকা ১২০০০–২১৬০০/- (৮ নং গ্রেড) এবং টাকা ১৫০০০–২৬২০০/-(৭ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ (এক) বৎসর পর জাতীয় বেতন স্কেল,

২০০৯-এ টাকা ১৮৫০০–২৯৭০০/-, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ১২০০০–২১৬০০/- এবং ১৫০০০–২৬২০০/- বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যে তারিখে টাকা ১১০০০–২০৩৭০/- অথবা টাকা ১২০০০–২১৬০০/- স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছাইতেন, যাহাই পূর্বে ঘটে, সে তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১৮৫০০–২৯৭০০/- প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রদেয় হইবে।

৫) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভুক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাবে ঘোষিত, সে সকল ৯ম গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকরি পূর্তিতে চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবে। তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন **বকেয়া প্রাপ্য হইবে না**।

**তবে** শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষিত হইতে হইবে;

আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ (এক) বছর পর পরবর্তী উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইল।

৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ১০ (দশ) বছর অথবা উপ সচিব বা সমস্কেলের ক্যাডার পদসহ ১০ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বা যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ থাকা সত্ত্বেও নিজ ক্যাডারের ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপসচিব বা সমস্কেলের ক্যাডার পদে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপসচিব পদসহ সাকুল্যে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০–৩৩৭৫০/-টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে। তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম-স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না।

৭) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে ৯ম গ্রেডভুক্ত সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ (চার) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৭ম গ্রেডের স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৮) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য বর্তমান বেতন স্কেল এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত স্কেলের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ (দশ) বছর চাকরি পূর্তিতে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানের যে বিধান রহিয়াছে, তাহা একই নীতিমালার ভিত্তিতে ৬ষ্ঠ গ্রেডভুক্ত নন-ক্যাডার কর্মকর্তাগণ ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ১০০% **প্রাপ্য হইবেন**।

৯) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ (চার) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যেই সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯-এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সে তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

৯। **প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০–২০৩৭০/- (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আকির্টেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১(এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী রহিয়াছে এবং যদি এরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল ব্যক্তিকে ২(দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে;

গ) কোন কর্মকর্তা/ কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১(এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

ঘ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে ১ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং ইহা পরবর্তী অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/ সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২) তদানিন্তন Education Department Memorandum Nos. SIV/ 830- Edn, dated 18th July, 1970, SIV/ 831-Edu. Dated 18th July, 1970, 832 Edn, dated 17th July, 1970 এবং 833-Edn., dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতনবৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M. No. MF (ID) -1-3/ 77/ 522, Dated 13th May -1978, MF (ID) -11-/ P-1/ 81/ 457, Dated-16th April, 1981 Hhw MF (ID) -11-/ P-1/ 81/ 800, Dated 29th June, 1981 তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতনবৃদ্ধি মঞ্জুরির সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ১৯৯৪ তারিখের স্মারক নং-পার-৩/ টি-৩/৯৩/৬১, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মকর্তাদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বিধানাবলী বলবৎ থাকিবে।

৩) ১ জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৪) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

১০। **পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৪০০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৩৩৫০০–৩৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ২৯০০০–৩৫৬০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ২৫৭৫০–৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে ১ম শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

১১। **ভাতাদির প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমত টাকার অংকে ভাতাদি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও **৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।**

৪) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৫) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ হইতে রহিত হইল।

**১২। ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‌্যাপিড একশান ব্যাটালিয়ান (র‌্যাব) ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।–**

১) বর্তমান বেতনস্কেলে অনুযায়ী ফায়ার সার্ভিস, আনসার, ভিডিপি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, র‌্যাব ও সেবিকাগণের (Nurses) যে সকল বিশেষ ভাতা, যদি থাকে, (টাকার অঙ্কে) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরণ করিয়াছেন সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে ৩০ জুন, ২০১০ তারিখে পর্যন্ত আহরণ করিবেন। ১ জুলাই ২০০৯ হইতে ৩০ জুন ২০১০ তারিখে বর্ণিত বিশেষ ভাতা (টাকার অঙ্কে) বাবদ আহরিত বা প্রাপ্য অঙ্কের উপর ১ জুলাই ২০১০ হইতে ৩০% বর্ধিত হারে প্রদেয় হইবে।

২) পুলিশ বিভাগের যে সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে এবং র‌্যাবে-এ প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদ্‌সংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ি ভাড়া প্রাপ্য হইবেন।

**১৩। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ৭০০ (সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০ (এক হাজার) টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০ (সাতশত) টাকা হইবে।

**১৪। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল কর্মকর্তা/ কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্টে যোগ হইলেও জাতীয় বেতন স্কেল ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত, সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

   ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ৪০০০০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১নং হইতে ১২ নং স্কেল { টাকা ৪০০০০ (নির্ধারিত) হইতে টাকা ৫৯০০- ১৩১২৫} এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

   খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৫৫০০–১২০৯৫ এবং টাকা ৪৫০০–৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

   গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৮নং স্কেল টাকা ৪৪০০–৮৫৮০/- হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০–৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সেই সকল কর্মচারী সরকারি বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না; তবে তিনি কোন বাংড়ভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

   ঘ) যে কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাংড়ভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

৬) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবঃ হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।-** যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটেসহ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বার্থ বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-৪/ বাড়ি ভাড়া-১/ ২০০৩/ ২৬৩ তারিখ: ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৫। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৬। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh

Services(Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে। তবে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখ: ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারী মাসিক ১৫০.০০ (একশত পঞ্চাঁশ) টাকা টিফিন ভাতা প্রাপ্য হইবেন। কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা মাসিক ৭৫.০০ (পঁচাত্তর) টাকা প্রাপ্য হইবেন।

**১৯। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**২০। ডোমেস্টিক এইড এলাউন্স।–**

ডোমেস্টিক এইড এলাউন্স মাসিক ১৩০০.০০ (একহাজার তিনশত) টাকা প্রদেয় হইবে।

**২১। ভ্রমণ ভাতা।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

**২২। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীরে জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০.০০ (তিন হাজার) টাকা প্রদেয় হইবে।

**২৩। প্রেষণ ভাতা।–**

অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং-অম/ অবি/ প্রবিধি-৬/ প্রঃমঃ/ ভাতা-৬/ ২০০৭(অংশ)/ ৩১ তারিখ-০৭/০৪/২০০৮ মোতাবেক প্রদেয় প্রেষণ ভাতার পূর্বের হার (মাসিক বেতনের ২০%) অব্যাহত থাকিবে।

**২৪। আপ্যায়নভাতা।–**

মাসিক আপ্যায়নভাতার প্রচলিত হার নিম্নরূপভাবে প্রদেয় হইবে, যথা:-

| ক্রমিক নং | পদবী/ পদমর্যাদা | আপ্যায়ন ভাতা |
|---|---|---|
| ১। | মন্ত্রিপরিষদ সচিব | ২০০০/- |
| ২। | মুখ্য সচিব | ১২০০/- |
| ৩। | সচিব | ১০০০/- |
| ৪। | অতিরিক্ত সচিব | ৯০০/- |
| ৫। | যুগ্ম-সচিব/ অন্যান্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা | ৬০০/- |

**২৫। শিক্ষা সহায়ক ভাতা।–**

সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০.০০ (দুই শত) টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০.০০ (তিনশত) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২৬। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা।–**

প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের মাসিক বেতনের ৩০% প্রশিক্ষণ ভাতা বহাল থাকিবে। তবে, প্রশিক্ষণ নিয়োজিত কর্মকর্তাগণ প্রেষণভাতা অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা দুইটির মধ্যে যেকোন একটি প্রাপ্য হইবেন।

**২৭। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৮। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সবর্শেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৯। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ মোহাম্মদ তারেক**
অর্থ সচিব

নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৩২ তারিখ: ১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ / ২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব,-------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল বিভাগ। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। জেলা প্রশাসক,---------(সকল জেলা)। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,----------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১১। উপজেলা নির্বাহী অফিসার------------(সকল উপজেলা)।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -------------(সকল বিভাগ)।
১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------(সকল জেলা)।
১৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------(সকল উপজেলা)।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৭। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৯

## (বাংলাদেশ পুলিশ)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০২ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ।

নং এস.আর.ও–২৫৬ আইন/২০০৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-২/২০০৯/২৩৩।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ পুলিশ) নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উলে-খিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন;

**ব্যাখ্যা:** যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তিনি দফা (গ) এর বর্ণনা মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তি (কর্মকর্তা/ কর্মচারী)'র ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসে নিয়োজিত জুডিশিয়াল কর্মকর্তাগণ;

খ) যে সকল বেসামরিক কর্মকর্তা/ কর্মচারীকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) বাংলাদেশ রাইফেলস্ এ নিয়োজিত ব্যক্তিগণ;

ঘ) State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'Worker';

ঙ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

চ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল, ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিতজাতীয় বেতন স্কেল;

গ) 'মূল স্কেল' 'সিলেকশন গ্রেড স্কেল' 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

### ৩। জাতীয় বেতন স্কেল, ২০০৯।–

১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা:-

| গ্রেড | **বর্তমান বেতন স্কেল**<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৫) | **জাতীয় বেতন স্কেল, ২০০৯**<br>(১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | টাকা ৪০০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ১৯৩০০-৭০০×৪-২২১০০ | টাকা ৩৩৫০০-১২০০×৫- ৩৯৫০০ |
| ৩। | টাকা ১৬৮০০-৬৫০×৬-২০৭০০ | টাকা ২৯০০০- ১১০০×৬-৩৫৬০০ |
| ৪। | টাকা ১৫০০০-৬০০×৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ |
| ৫। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০- ৯০০×১০-৩১২৫০ |
| ৬। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০- ৮০০×১৪-২৯৭০০ |
| ৭। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬- ২৬২০০ |
| ৮। | টাকা ৭৪০০-৩৬৫×১৬-১৩২৪০ | টাকা ১২০০০- ৬০০×১৬-২১৬০০ |
| ৯। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা ১১০০০- ৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ১০। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০- ৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬ ৫৪০ |
| ১১। | টাকা ৪১০০-২৫০×৭-৫৮৫০-ইবি-২৭০×১১-৮৮২০ | টাকা ৬৪০০- ৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১- ১৪২৫৫ |
| ১২। | টাকা ৩৭০০-২৩০×৭-৫৩১০-ইবি-২৫০×১১-৮০৬০ | টাকা ৫৯০০- ৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১- ১৩১২৫ |
| ১৩। | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ | টাকা ৫৫০০- ৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ |
| ১৪। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০- ৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১৫। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০- ২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৬। | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ | টাকা ৪৭০০- ২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ |
| ১৭। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ | টাকা ৪৫০০- ২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৮। | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ | টাকা ৪৪০০- ২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০- ২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ | টাকা ৪১০০- ১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ |

### ৪। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রাপ্যতা।–

৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

### ৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–

এই আদেশে 'বর্তমান বেতন' বলিতে -

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

### ৬। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।–

১) যে কর্মকর্তা/ কর্মচারী বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

**উদাহরণ ১**:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০x১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০/- টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২**:

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৩১০০-১৭০ × ৭-৪২৯০ -ইবি- ১৯০ × ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০/- টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০ × ৭-৬৯৩০ -ইবি- ৩২০ × ১১-১০৪৫০/- টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০/- টাকা।

**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০+১০২০)= ৫৯২০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০/- টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা **৪০,০০০/-** নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা ৬ এর (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে সর্বোচ্চ সীমার ঊর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা **উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি** পাইবেন, তাঁহাদের বেতন প্রথমে নিম্নপদে নির্ধারণ করিয়া পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

চ) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, **প্রেষণে কর্মরত** না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

ছ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **ছুটিতে ছিলেন,** জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

জ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

ঝ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার, বেতন দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঞ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে ব্যক্তির অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি।-** জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০/- টাকার নিম্নে হইবে না। এ ক্ষেত্রে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০/- টাকার কম হয়, তবে, যে পরিমাণ অংক কম হইবে তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) যদি কোন অংক অবশিষ্ট থাকে তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণ:**

১) যদি দেখা যায় যে, ৪৫০০- ২৪০ × ৭-৬১৮০ -ইবি- ২৬৫ × ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০/- টাকা। সর্বনিম্ন ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য প্রথমে মূল বেতনের সহিত একটি বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) যোগ করিয়া (১৬৫০+২৪০ = ১৮৯০) অবশিষ্ট (২০০০ - ১৮৯০) = ১১০/-টাকা ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে প্রদান করিতে হইবে।

২) কোন কর্মকর্তা/ কর্মচারীর ন্যুনতম ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর সমপরিমাণ টাকার কম হইলে তাহা সংশ্লিষ্ট স্কেলে পিপি হিসাবে প্রাপ্য হইবে এবং এই পিপি পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।-** নিম্ন বর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নিধারিত হইবে, যথা-

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিবার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণ:**

৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তা/ কর্মচারীর বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭-১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০/- টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারিকৃত ২৬-১২-১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749, ৯-৭-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬-/০৭/১৫১এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ০১-৭-২০০৯ তারিখ হইতে রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ০১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না;

গ) ৩১-১২-২০০৪ তারিখে আহরিত বেতনের করসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি **সিলেকশন গ্রেডে নির্ধারিত বেতনধারী কর্মকর্তাগণের** ক্ষেত্রে তারিখে ৩১-১২-২০০৪ তারিখে প্রাপ্ত বেতনের ভিত্তিতে প্রথমে ০১-০১-২০০৫ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে। তৎপরে নির্ধারিত বেতনের উপর সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা হইলে তাঁহারা যেইরূপ সুবিধা প্রাপ্ত হইতেন, তাহার ভিত্তিতে ধারাবাহিকভাবে ৩০-৬-২০০৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত বেতন বিবেচনা করতঃ ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে; যেমনঃ-

১) একজন কর্মকর্তার ৩১-১২-২০০৪ তারিখে বি.সি.এস ৬ষ্ঠ গ্রেড ভুক্ত ৭২০০–১০৮৪০ টাকা স্কেলে একজন কর্মকর্তার মূল বেতন ছিল ১০০৬০ টাকা। ঐ কর্মকর্তার ৩১-১২-২০০৪ তারিখে বেতন স্কেল ও মূল বেতনের পার্থক্য ছিল ১০০৬০-৭২০০=২৮৬০ টাকা। অর্থ বিভাগের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১ তারিখ: ১৪-৯-২০০৮ এবং অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩ তারিখ: ৯-৭-২০০৮ স্মারকমূলে জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী ৩১-১২-২০০৪ তারিখে প্রাপ্য বেতন স্কেলের করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ না করিয়া ১-১-২০০৫ তারিখে প্রাপ্ত সিলেকশন গ্রেডে সরাসরি বেতন নির্ধারণ করিবার ফলে তাহার বেতন নির্ধারিত হয় ১৩৭৫০+২৮৬০=১৬৬১০ টাকা। কিন্তু উক্ত স্তরে কোন ধাপ না থাকার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৭০৫০ টাকায় বেতন নির্ধারণ করা হয়।

২) উল্লম্ব সাম্যতা ফিরিয়ে আনার লক্ষ্যে (১) এ বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি সংশোধনক্রমে সর্ব প্রথম ঐ কর্মকর্তার বেতন তাঁহার ৩১-১২-২০০৪ তারিখে আহরিত মূল বেতনের ভিত্তিতে করসপন্ডিং জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী ১-১-২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে তাঁহার মূল বেতন দঁড়াইবে (১০০৬০-৭২০০) = ২৮৬০+১১০০০ = ১৩৮৬০ টাকা। উক্ত স্তরে ধাপ না থাকার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৪৩২৫ টাকায় বেতন নির্ধারিত হইবে। অতঃপর ১-১-২০০৫ তারিখে প্রাপ্য সিলেকশন গ্রেড ৫ম গ্রেডে ১৩৭৫০–১৯২৫০ প্রদান করা হইলে তাঁহার বেতন দাঁড়াইবে ১৪৮৫০ টাকা। এই ভাবে ৩০-৬-২০০৯ তারিখ পর্যন্ত বেতন সংশোধন করিয়া নির্ধারিত বেতনের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১-১২-২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

ঘ) ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১ নং আদেশের প্রেক্ষিতে ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/ ১৫২ নং স্মারক দ্বারা যাহারা ইতোপূর্বে **কনিষ্ঠ**

**কর্মকর্তার সহিত বেতন সমতাকরণ করিয়াছেন,** তাহারা বেতন সমতা না করিলে যেইরূপ সুবিধা প্রাপ্য হইতেন; তাহা বিবেচনা করতঃ উপানুচ্ছেদ (৩) (ক) অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে। তবে, বেতন সমতাকরণের ফলে তাঁহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না। তবে উপ-অনুচ্ছেদ (৩)(গ)(১) এর কারণে কোন কর্মকর্তা বেতন সমতাকরণ করিয়া থাকিলে উক্ত কর্মকর্তার ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৩)(গ)(২) এর পদ্ধতি অনুসরণপূর্বক বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১-১২-২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

৪) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।-** অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নরূপ পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন, যথাঃ-

ক) পেনশন সমর্পণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন;

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০–৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০–১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতন স্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত **নন-গেজেটেড সরকারি কর্মচারীগণ** একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলিযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবেন।

**তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং এই বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না।** এক্ষেত্রে স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর পরবর্তী স্কেলে টাইমস্কেল প্রদানের বর্তমান **প্রচলিত বিধান রহিত হইবে।** শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না;

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচচ সীমায় পৌঁছাইবার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৪র্থ স্কেলের উর্ধ্বে কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না।

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০–২০৩৭০/-(৯ নং গ্রেড), টাকা ১২০০০–২১৬০০/- (৮ নং গ্রেড) এবং টাকা ১৫০০০–২৬২০০/-(৭ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৯-এ টাকা ১৮৫০০–২৯৭০০/-, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ১২০০০–২১৬০০/- এবং ১৫০০০–২৬২০০/- বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যেই তারিখে টাকা ১১০০০–২০৩৭০/- অথবা টাকা ১২০০০–২১৬০০/- স্কেলের সর্বোচ্চ সীমা পৌঁছাইতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১৮৫০০–২৯৭০০/- প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অধীনে প্রথম শ্রেণীর

অন্যান্য কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রদেয় হইবে।

৫) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভুক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাবে ঘোষিত, সেই সকল ৯ম গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকরি পূর্তিতে চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবে। তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন **বকেয়া প্রাপ্য হইবে না**। শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষিত হইতে হইবে। আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বছর পর পরবর্তী উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) প্রদানের **বর্তমান প্রচলিত বিধান রহিত হইবে**।

৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ১০ বছর অথবা উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদসহ ১০ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বা যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ থাকা সত্ত্বেও নিজ ক্যাডারের ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপসচিব বা সমস্কেলের ক্যাডার পদে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপসচিব পদসহ সাকুল্যে ১০ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০–৩৩৭৫০/-টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই ক্ষেত্রে শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১-৭-২০০৯ তারিখের পূর্বের কোন বকেয়া প্রাপ্য হইবেন না। তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম-স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না।

৭) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে ৯ম গ্রেডভুক্ত সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৭ম গ্রেডের স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৮) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য বেতন স্কেল, ২০০5 এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত স্কেলের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ বছর চাকরি পূর্তিতে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানের যে বিধান রহিয়াছে, তাহা একই নীতিমালার ভিত্তিতে ৬ষ্ঠ গ্রেডভুক্ত নন-ক্যাডার কর্মকর্তাগণকে ১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ১০০% প্রদেয় হইবে।

৯) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

১০) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর যে স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন। তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯-এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সে তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ১১০০০–২০৩৭০/- (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আকির্টেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে **১**টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী রহিয়াছে এবং যদি এরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল ব্যক্তিকে **২**টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে;

গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় **১**টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

ঘ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে **১**ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবে এবং ইহা পরবর্তী অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/ সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩) **১** জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচেছদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৪) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৪০০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৩৩৫০০–৩৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ২৯০০০–৩৫৬০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ২৫৭৫০–৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে **১**ম শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) **১** জুলাই, ২০১০ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমত টাকার অংকে ভাতাদি প্রদেয় হইবে।

৩) **১** জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও **৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।**

৪) **১** জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৫) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

৬) **১** জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নবর্ণিত পদধারীগণ তাঁহাদের পদের বিপরীত পার্শ্বে উংল্লখিত হারে নিম্নবর্ণিত ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথা:-

| | | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|---|
| ক) | | **বিশেষ ভাতা:** | |
| | ১ | **আর্মড পুলিশ ব্যাটালিয়ানঃ** | |
| | | এ এস পি (কোয়ার্টার মাস্টার হিসাবে) | ২০৮ |
| | | এ এস পি (এ্যাডজুটেন্ট হিসাবে) | ২০৮ |
| | | হেড কনস্টেবল (হাবিলদার মেজর ও কোয়ার্টার মাসটার হিসাবে) | ৪৫ |
| | ২ | **জেলা পুলিশঃ** | |
| | | এ এস পি (সার্কেলের দায়িত্ব প্রাপ্ত) | ২০৮ |
| | ৩ | **বিশেষ শাখা এবং জেলা এস,বিঃ** | |
| | | এ এস পি | ২৭৫ |
| | | পরিদর্শক | ২০৮ |
| | | এস আই/ সার্জেন্ট | ২০৮ |
| | | এ এস আই/ হেড কনস্টেবল | ৫৫ |
| | | কনস্টেবল | ৩৩ |
| | | গার্ড কনস্টেবল | ৩৩ |
| | ৪ | **মেট্রোপলিটন পুলিশঃ** | |
| | | (এম,পি এলাউন্স) | |
| | | এস আই/ সার্জেন্ট | ৪৫ |
| | | এ এস আই | ৪৫ |
| | | হেড কনস্টেবল | ৪৫ |
| | | নায়েক | ৪৫ |
| | | কনস্টেবল | ৪৫ |
| | ৫ | **সি আই ডিঃ** | |
| | | এ এস পি | ২৭৫ |
| | | পরিদর্শক | ২০৮ |
| | | এস আই | ১৪৩ |
| | | এ এস আই | ৩৩ |
| | | হেড কনস্টেবল | ৩৩ |
| | | কনস্টেবল | ৩৩ |
| | ৬ | **প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহঃ** | |
| | | *পুলিশ একাডেমীঃ | |
| | | এ এস পি | ২৭৫ |
| | | পরিদর্শক | ২০৮ |
| | | এস আই | ১৪৩ |
| | | এ এস আই/ হেড কনস্টেবল | ৫৫ |
| | | (*শুধু অনুমোদিত ইন্সট্রাকটর পদের বিপরীতে প্রাপ্য) | |
| | ৭ | **ডিটেকটিভ ট্রেনিং স্কুলঃ** | |
| | | এ এস পি | ২৭৫ |
| | | পরিদর্শক | ২০৮ |
| | | এস আই | ১৩০ |
| | | এ এস আই | ৩৩ |
| | ৮ | **আর্মড পুলিশ ব্যাটালিয়ানঃ** | |
| | | এস পি | ৬৯২ |
| | | অতিরিক্ত এ এস পি | ৫৫০ |
| | | এ এস পি | ৪১৯ |
| খ) | | *** এ্যাকটিং এলাউন্সঃ** | |
| | | (আর্মড পুলিশ ব্যাটালিয়ান এর জন্য) | |
| | | পরিদর্শক | ১৪৩ |
| | | হেড কনস্টেবল | ৩৩ |
| | | *একজন এস আই যখন একজন পরিদর্শকের স্থলে এবং একজন হেড কনস্টেবল যখন একজন এস আই এর স্থলে ৩০ দিনের অধিক দায়িত্ব পালন করিবেন তখন এই ভাতা প্রাপ্য হইবেন। | |
| গ) | | **নিঃশর্ত যাতায়াত ভাতা:** | |
| | | (স্পেশাল ব্রাঞ্চ এবং জেলা এস,বি) | |
| | | পরিদর্শক | ১৪৩ |
| | | এস আই/ সার্জেন্ট | ১৪৩ |
| | | * (ঢাকা এবং চট্টগ্রামের পরিদর্শক এবং এস,আই-গণের জন্য যাহাদের কেবল বহিরাঙ্গন দায়িত্ব দেওয়া হয়) | |
| | | সি আই ডিঃ | |

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| | পরিদর্শক | ১৪৩ |
| | এস আই/ সার্জেন্ট | ১৪৩ |
| | *(ঢাকা এবং চট্টগ্রামের পরিদর্শক এবং এস,আই-গণের জন্য যাহাদের কেবল বহিরাঙ্গন দায়িত্ব দেওয়া হয়) | |
| ঘ) | **টেলিকম এলাউন্সঃ** | |
| | এ এস পি | ২৮৮ |
| | পরিদর্শক | ২০৮ |
| | এস আই | ১৪৩ |
| | এ এস আই | ৮৯ |
| | হেড কনস্টেবল | ৮৯ |
| | কনস্টেবল | ৭৭ |
| ঙ) | **মাউন্টেড পুলিশ এলাউন্সঃ** | |
| | মেট্রোপলিটন পুলিশঃ | |
| | হেড কনস্টেবল | ৩৩ |
| | কনস্টেবল | ৩৩ |
| চ) | **পি,বি,এক্স এলাউন্সঃ** | |
| | এ এস আই | ৫৫ |
| | কনস্টেবল | ৩৩ |
| ছ) | **মোটর সাইকেল ভাতা:** | |
| | এস আই এবং সকল ইউনিটের সার্জেন্টগণ | ১৬৬ |
| জ) | **সশস্ত্র শাখা ভাতা:** | |
| | সশস্ত্র শাখার কনস্টেবল | ১১ |
| ঝ) | **কিট ভাতা** (সকল পোশাকধারী শাখার জন্য): | |
| | **অতিরিক্ত এ, এস, পি এবং তদূর্ধ্বঃ** | |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ২৪৭০ |
| | **এ, এস, পিঃ** | |
| | প্রারম্ভিক মঞ্জুরী | ৮২৪০ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ২৪৭০ |
| | পরিদর্শক (আর্মড পুলিশ ব্যাটালিয়ানের পরিদর্শক ব্যতীত): | |
| | প্রারম্ভিক মঞ্জুরী | ৪১১৯* |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ১৬৪৯ |

ব্যাখ্যা: *১) একজন কর্মকর্তা সমগ্র চাকরি জীবনে শুধু একবারই প্রারম্ভিক মঞ্জুরি প্রাপ্য হইবেন। একজন কর্মকর্তা যিনি পূর্বে ইহা গ্রহণ করিয়াছেন তিনি পুনরায় উহা প্রাপ্য হইবেন না, তবে যদি একজন কর্মকর্তা পদোন্নতির কারণে উচ্চতর প্রারম্ভিক মঞ্জুরি প্রাপ্য হন, তাঁহা হইলে তিনি উচ্চ ও নিম্ন হারের পার্থক্যটুকু পদোন্নতির পর গ্রহণ করিতে পারিবেন।

২) একজন পুলিশ কর্মকর্তা (পরিদর্শক এবং তদূর্ধ্ব) যখন কোন সাধারণ পোশাকধারী শাখায় (ডি,এস,বি এবং এস,বি/ সি,আই,ডি) নিযুক্ত হন তখন তিনি-

ক) সচরাচর প্রাপ্য কিট ভাতা (kit allowance) যাহা পোশাকধারী শাখায় তাহার সমপর্যায়ের সহকর্মী পাইয়া থাকেন তাহা প্রাপ্য হইবেন; এবং

খ) পোশাকধারী শাখায় তাঁহার সমপর্যায়ের কর্মকর্তার প্রাপ্য নবায়ন পোশাক ভাতার অর্ধেক তিনি প্রাপ্য হইবেন। তবে যদি বৎসরের যে কোন সময় সাধারণ পোশাক শাখা হইতে পোশাকধারী শাখায় বদলি হন তাহা হইলে পোশাকধারী শাখায় প্রাপ্য নবায়ন ভাতা ও সাধারণ ভাতা ও সাধারণ পোশাকে উত্তোলিত ভাতার পার্থক্যটুকু প্রাপ্য হইবেন।

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| ঞ) | **কিট ভাতা:** | |
| | এস, বি/ ডি, এস, বি/ সি, আই, ডি/ ডি, টি, এস | |
| | এস আই | |
| | প্রারাম্ভিক মঞ্জুরি | ১৩৭২ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ৬৯২ |
| | এ, এস, আই/ হেড কনস্টেবল/ সকল ইউনিটের কনস্টেবল | |
| | প্রারাম্ভিক মঞ্জুরি | ৯৬৮ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরি | ৫৪৯ |
| ট) | **ধোলাই ও চুল কাটা ভাতা:** | |
| | সকল ইউনিটের এস, আই/ সার্জেন্ট হইতে কনস্টেবল পর্যন্ত | ৪৫ |

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| ঠ) | **ট্রাফিক এলাউন্সঃ** | |
| | ট্রাফিকের হেড কনস্টেবল | ৩৩ |
| | ট্রাফিক কনস্টেবল | ২৩ |
| ড) | **ড্রাইভিং এলাউন্সঃ** | |
| | সকল ড্রাইভার কনস্টেবল | ৪৫ |
| ঢ) | **ক্লিনার এলাউন্সঃ** | |
| | সকল ক্লিনার কনস্টেবল | ২৩ |
| ণ) | **আর্মরার এলাউন্সঃ** | |
| | সকল আর্মরার কনস্টেবল | ২৩ |
| ত) | **বিউগলার এলাউন্সঃ** | |
| | সকল বিউগলার কনস্টেবল | ১১ |
| থ) | **নার্সিং এলাউন্সঃ** | |
| | সকল নার্সিং কনস্টেবল | ২৩ |
| দ) | **দৈনিক/ খোরাকী ভাতা:** | |
| | সিঙ্গেল রেশন প্রাপ্ত সদস্যদের (এপিবিএন ব্যতিত জনপ্রতি মাসিক) | ৩৯০ |
| ধ) | **ঝুঁকিপূর্ণ কাজের সম্মানী বাবদ অর্থ প্রদানের ক্ষমতা: (পুলিশ পরিদর্শক হইতে কন্সটেবল পর্যন্ত প্রদেয়)** | |
| | মহা-পুলিশ পরিদর্শক/ অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক | (সর্বোচ্চ) ৪৪০০ |
| | মেট্রোপলিটান পুলিশ কমিশনার/ অতিরিক্ত মেট্রোপলিটান পুলিশ কমিশনার | (সর্বোচ্চ) ৪০০০ |
| | উপ মহা-পুলিশ পরিদর্শক/ অতিরিক্ত উপ মহা-পুলিশ পরিদর্শক | (সর্বোচ্চ) ৪০০০ |
| | পুলিশ সুপার ও সমপর্যায়ের কর্মকর্তা | (সর্বোচ্চ) ৩৬০০ |

**১২। বাড়ি ভাড়া ভাতা (কনস্টেবলদের জন্য)।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর ১২নং অনুচ্ছেদে উল্লিখিত হারে ও শর্তাধীনে কনস্টেবলগণ ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন।

২) যে সকল বিবাহিত কনস্টেবলকে বিবাহিত বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং ব্যারাকেও অবস্থান করেন না, তাঁহারা ১ জুলাই, ২০১০ তারিখে নিম্ন সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| **মূল বেতন** | **বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক)** | | |
|---|---|---|---|
| | **ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য** | **নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য** | **অন্যান্য স্থানের জন্য** |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে তদূর্ধ্ব | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |

(৩) অবিবাহিত কনস্টেবল তাঁহাদের মূল বেতনের ২০% হারে ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকের ভিত্তিতে ৩০-৬-২০১০ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

**১৩। কনস্টেবলগণ ব্যতীত অন্যান্যদের জন্য বাড়ি ভাড়া ভাতা।–**

১) কনস্টেবল ব্যতীত সকল কর্মকর্তা বা কর্মচারী, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত বাড়ি ভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্টে যোগ হইলেও জাতীয় বেতন স্কেল ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নবর্ণিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ৪০০০০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১নং হইতে ১২ নং স্কেল {টাকা ৪০০০০ (নির্ধারিত) হইতে টাকা ৫৯০০-১৩১২৫} এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৫৫০০–১২০৯৫ এবং টাকা ৪৫০০–৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৮নং স্কেল টাকা ৪৪০০–৮৫৮০/- হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০–৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সেই সকল কর্মচারী সরকারি বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না; তবে তিনি কোন বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

ঘ) যে কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

ঙ) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।- যদি জনস্বার্থেঁ সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটেসহ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লথে'র বার্থ বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

(৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-৪/ বাড়ি ভাড়া-১/ ২০০৩/ ২৬৩ তারিখ: ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইবে।

**১৪। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ৭০০/-(সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০/- টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০/- টাকা হইবে।

**১৫। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৬। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Service(Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি (বাস্ত-৪)এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে। তবে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখ: ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারী মাসিক ১৫০/- টাকা টিফিন ভাতা প্রাপ্য হইবেন। কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**১৯। ভ্রমণ ভাতা।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

**২০। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীরে জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০/- টাকা প্রদেয় হইবে।

**২১। ঝুঁকিভাতা।–**

ঝুকি ভাতার বিদ্যমান হার বলবৎ থাকিবে।

**২২। বিশেষ ভাতা (পূর্বের র্যাপিড একশান ব্যাটালিয়ান (র্যাব) ভাতা)।–**

র‌্যাব ভাতার বিদ্যমান হার বলবৎ থাকিবে। তবে শুধুমাত্র বর্ণিত ভাতার নাম পরিবর্তিত আকারে 'বিশেষ ভাতা' নামে অভিহিত হইবে।

**২৩। শিক্ষা সহায়ক ভাতা।–**

সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০/- টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০/- টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণন; করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২৪। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৫। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টি এ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৬। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ মোহাম্মদ তারেক**
অর্থ সচিব

নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-২/২০০৯/২৩৩

তারিখ: ১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ
০২-১১-২০০৯ খিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -------------(সকল বিভাগ)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------(সকল জেলা)।
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------(সকল উপজেলা)।
১২। অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি/ ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ পুলিশ) বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৪। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
১৫। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন অনুবিভাগ)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৯
## (বাংলাদেশ রাইফেলস্)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০২ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ
ঢাকা, ১৮ অগ্রহায়ণ, ১৪১৬ বঙ্গাব্দ/ ০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ

নং এস.আর.ও–২৫৭ আইন/২০০৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/২০০৯/২৩৪।–Services (Reorganization and Conditions) Act, ১৯৭৫ (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ রাইফেলস) নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখের নির্ধারিত হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদেয় হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত হারে মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

**ব্যাখ্যা:** কোন কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন। অনুচ্ছেদ (গ) এর বর্ণনা মোতাবেক তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ রাইফেলস্-এ কর্মরত প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

খ) পুলিশ বাহিনীতে নিয়োজিত ব্যক্তিগণ;

গ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Services) Ordinance, 1985 (XXXIX of 1985)- এ সংজ্ঞায়িত 'worker';

ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীনে জাতীয় বেতন স্কেল;

খ) 'জাতীয় বেতন স্কেল ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) 'মূলস্কেল' 'সিলেকশন গ্রেড স্কেল' 'সিনিয়রস্কেল' এবং 'উচ্চতরস্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৯।–**

১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding scale) কার্যকর হইবে, যথা

| স্কেল | বর্তমান বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৫) | জাতীয় বেতন স্কেল, ২০০৯<br>(১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ |
| ২। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ |
| ৩। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ |
| ৪। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ৫। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ |
| ৬। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ |
| ৭। | টাকা ৪৪০০-২৫০×৭-৬১৫০-ইবি ২৭০×১১-৯১২০ | টাকা ৬৯০০-৪৩০×৭-৯৯১০-ইবি-৪৬৫×১১-১৫০২৫ |
| ৮। | টাকা ৪২০০-২৫০×৭-৫৯৫০-ইবি-২৭০×১১-৮৯২০ | টাকা ৬৫০০-৪২০×৭-৯৪৪০-ইবি-৪৫০×১১-১৪৩৯০ |
| ৯। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১০। | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ |
| ১১। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১২। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৩। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৪। | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ | টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ |
| ১৫। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৬। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×-১১-৫৪১০ | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৭। | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ | টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ |
| ১৮। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ | টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রাপ্যতা।–**

৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশে 'বর্তমান বেতন' বলিতে-

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।–**

১) যে কর্মকর্তা/ কর্মচারী বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সহিত যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ ১:**

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭৫০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০ × ১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২:**

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৩১০০-১৭০ × ৭-৪২৯০ -ইবি- ১৯০ × ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০ টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০ × ৭-৬৯৩০ -ইবি- ৩২০ × ১১-১০৪৫০ টাকার সেকলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০ টাকা।

**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। অতএব, অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০ + ১০২০)= ৫৯২০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর বর্তমান বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে অর্থাৎ ১-৭-২০০৯ তারির্খে সর্ব্বোচ্চ সীমার উর্ধ্বে হয় তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্ব্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঘ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

ঙ) যে কর্মকর্তা/ কর্মচারী প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

চ) যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সে কর্মকর্তা/ কর্মচারীর বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

ছ) যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সে ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত কর্মকর্তা/ কর্মচারীর বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

জ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন, দফা (ঝ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে; তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঝ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে কর্মকর্তা/ কর্মচারীর অবসরপ্রস্তুতিমূলক ছুটি শেষ হইবে এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি।**

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় উক্ত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০ টাকার নিম্ন হইবে না। উক্ত পদ্ধতিতে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০ টাকার কম হয়, তবে- যে পরিমাণ অংক কম হইবে তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া যদি কোন অংক অবশিষ্ট থাকে (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণ:**

যদি দেখা যায় যে ৪৫০০ - ২৪০ × ৭-৬১৮০ -ইবি- ২৬৫ × ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় তাহার মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০ টাকা। তাহার বেতন বৃদ্ধি ২০০০

টাকায় পৌঁছাইতে একটি ইনক্রেমেন্ট যোগ করিলে (১৬৫০+২৪০) = ১৮৯০টাকা হয়। সর্বনিম্ন ২০০০ টাকা বেতন বৃদ্ধির জন্য অবশিষ্ট = (২০০০ - ১৮৯০) = ১১০ টাকা তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে।

খ) কোন কর্মকর্তা/ কর্মচারীর ন্যূনতম ২০০০ টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বর্ধিত বেতন যোগ করার প্রয়োজন না হয় তবে, সর্বনিম্ন ২০০০ টাকায় পৌঁছাঁইতে সে পরিমাণ অংক তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে। তবে পরবর্তী বৎসরের বার্ষিক বর্ধিত বেতনের সহিত উক্ত টাকা সমন্বয় করিতে হইবে।

**উদাহরণ:**

যদি ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০ × ১১-৯৭৪৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় তাহার মোট বেতন বৃদ্ধি পায় ১৮৫০ টাকা। এই ক্ষেত্রে তাহার বেতন বৃদ্ধি ২০০০ টাকায় পৌঁছাইতে একটি বার্ষিক বর্ধিত বেতন যোগ করার প্রয়োজন হয় না। এই অবস্থায় তাহার বেতন সর্বনিম্ন ২০০০ টাকা বৃদ্ধির জন্য তাহার নির্ধারিত বেতনের সহিত ১৫০/- টাকা যোগ করিতে হইবে, যাহা তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে। উক্ত অংক পরবর্তী বৎসরে তাহার বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।-** জাতীয় বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণ:**

৩০/৬/২০০৯ তারিখে একজন কর্মকর্তা/ কর্মচারীর বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭- ৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১/৭/২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭- ১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১- ২০৩৭০ টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

৪) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।-** অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নরূপে পেনশন গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন; যথা:-

ক) পেনশন সমর্পণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী মৃত্যুবরণ করিলে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর পরিবার (স্বামী/ স্ত্রী) পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন।

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারীর ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের বিধান বলবৎ থাকিবে এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বর্তমান বিধানও বলবৎ থাকিবে।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০–৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০–১৬৫৪০ (৫ নং গ্রেড) বেতন স্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীকে তাহাদের একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তির পর এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩(তিন)টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলিযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রাপ্য হইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, তবে এ বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না। এক্ষেত্রে স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১(এক) বৎসর পর পরবর্তী স্কেলে টাইমস্কেল প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইবে ঢ়

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২(দুই)টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০–২০৩৭০ (৪ নং গ্রেড) এবং টাকা ১৫০০০–২৬২০০ (৩ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৯-এ টাকা ১৮৫০০- ২৯৭০০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং ১৫০০০- ২৬২০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যে তারিখে টাকা ১১০০০ -২০৩৭০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সে তারিখের ১(এক) বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১৮৫০০ - ২৯৭০০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রদেয় হইবে।

৫) ১ম শ্রেণীর ৪র্থ গ্রেডভুক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাবে ঘোষিত, সে সকল ৪র্থ গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকরি পূর্তির পর তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবেঢ়

তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন বকেয়া প্রাপ্য হইবেন না।

শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষণা থাকিতে হইবে। আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১(এক) বছর পর পরবর্তী উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) প্রদানের বর্তমান প্রচলিত বিধান রহিত হইলে।

৬) ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে এই আদেশের অধীন ৪র্থ গ্রেডভুক্ত সকল কর্মকর্তাকে ৪(চার) বৎসর চাকরি পূর্তি সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৩য় গ্রেডের স্কেলে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৭) বর্তমান বেতন স্কেল এর ২য় গ্রেডের (টাকা ১১০০০–১৭৬৫০) বেতন স্কেলভুক্ত পদের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ বছর চাকরি পূতির্তে সিলেকশন গ্রেড প্রদানে বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের জন্য যে বিধান রহিয়াছে, তাহা একই নীতিমালার ভিত্তিতে ২য় গ্রেড ভুক্ত সকল নন-ক্যাডার কর্মকর্তা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ১০০% প্রৎপ্য হইবেন।

৮) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪(চার) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৯) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর যে স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল কর্মকর্তা/ কর্মচারীর ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল কর্মকর্তা/ কর্মচারীর পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯ তারিখের পরে হইবে, সে সকল ক্ষেত্রে প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯-এ প্রদত্ত বিধান মোতাবেক বেতন নির্ধারণ করিয়া সে তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন

করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০–২০৩৭০ (৪র্থ গ্রেড) বা তদূর্দ্ধ স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আকির্টেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১(এক)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল কর্মকর্তার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২(দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) কোন কর্মকর্তা/ কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১(এক)টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

ঘ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে ১ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং ইহা পরবতীর্তে অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/ সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

ঙ) Finance Ministry's O.M.No. MF (ID)-3/ 77/ 522, dated 13th May, 1978, MF(ID) II/ P/ 81/ 457, dated 16th April, 1981 এবং MF (ID)-II/ P-1/ 81/ 800, dated 29th June 1981 তে আরোপিত শর্তসমূহ যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরির সহিত সর্ম্পকযুক্ত তাহা বলবৎ থাকিবে।

২) ১ জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন কর্মকর্তা/ কর্মচারী উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ২। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৩। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ-(১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে ১ম শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে বর্ধিত হারে বা ক্ষেত্রে ভাতাদি প্রদেয় হইবে।

৩) ১জানুয়ারী, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও ৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

৪) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন, ২০১০ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্ত জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে নিয়োগপ্রাপ্ত হইলে যে হারে বেতন প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৫) অনুচ্ছেদ ৬ (১) (গ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইলে।

**১২। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি বলবৎ সহ যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ৭০০ (সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর ঊর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০ টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০ টাকা হইবে।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস (JCOs and ORs) ব্যতীত সকল কর্মকর্তা/ কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক বর্ধিত বেতন জাতীয় বেতন স্কেল ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন তাহা একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল ব্যক্তি সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১নং (টাকা ২২২৫০–৩১২৫০) হইতে ৫নং স্কেল (টাকা ৮০০০–১৬৫৪০) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১০নং হইতে ১৬নং স্কেল (টাকা ৫৫০০–১২০৯৫ হইতে ৪৫০০–৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৭নং ৪৪০০–৮৫৮০ হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০–৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সে সকল কর্মচারী সরকারি বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না, তবে তিনি কোন বাড়িভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না;

ঘ) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না, তবে তিনি বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না;

ঙ) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে। প্রাপ্যতা অনুযায়ী বাড়ি বরাদ্দ না পাইলে নিম্ন শ্রেণীর বাড়ী বরাদ্দের জন্য নিম্নশ্রেণীর বাড়ির সিলিং এর উপর স্ট্যান্ডার্ড রেন্ট কর্তন করেয়া বাকী বেতনের উপর বাড়িভাড়া ভাতা প্রদেয় হইবে;

চ) উপ-সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব পদের কর্মকর্তাগণের মধ্যে যাঁহাদেরকে সরকার কর্তৃক আবাসিক বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহাদেরকে ঐ বাসস্থান বরাদ্দের জন্য সরকারকে কোন ভাড়া প্রদান করিতে হইবে না। তবে তিনি বাড়ী ভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ করা হয়, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৯) এ উল্লেখিত বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

৬) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস-কে বিনাভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং যাহারা ব্যারাকেও অবস্থান করেন না, তাহারা এই অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (৯) মোতাবেক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৭) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কসকে বিনা ভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই কিন্তু তাঁহারা ব্যারাকে অবস্থান করেন, তাঁহারা মূল বেতনের ৫০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৮) অবিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস তাঁহাদের মূল বেতনের ৩০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৯) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‌্যাঙ্কস (JCOs and ORs) ব্যতীত সকল ব্যক্তি ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লেখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

**সারণি**

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০ |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০ |

**১৪। কতিপয় শ্রেণীর অফিসার, জেসিও এবং আদার র‌্যাঙ্কস এর জন্য ভাতাসমূহ।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ১৪ (২৮ মে, ২০০৫ তারিখের এস আর ও নং ১২৩-আইন/২০০৫-এর সংশোধনীসহ) তে যে সকল ভাতা বহাল রাখা হইয়াছে সেই সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই এবং একই শর্তাধীনে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদেয় হইবে। ১ জুলাই, ২০১০ হইতে প্রযোজ্য ক্ষেত্রে ভাতাদির বর্ধিত হার কার্যকর হইবে।

২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে উপ-সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব মর্যাদার কর্মকর্তাগণ নিম্নলিখিত ভাতাদি প্রাপ্য হইবেন, যথা:-

| **বিবরণ** | **টাকা** |
|---|---|
| আউটফিট ভাতা (চাকরিতে১ম নিযুক্তিতে) | ৯৬১৩.০০ |
| কিট ভাতা | ৩৫৩.০০ প্রতি মাসে |
| বিশেষ ভাতা | ২১১.০০ |
| ব্যাটম্যান ভাতা | ৪১৯.০০ |

(৩) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে জেসিও এবং ও আর (আদার র‌্যাঙ্কস) গণ নিম্নলিখিত মাসিক ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথা:-

| | | **বিবরণ** | **টাকা** |
|---|---|---|---|
| ক. | | **নিযুক্তি ভাতা:** | |
| | ১ | কোয়ার্টার মাস্টার হাবিলদার, হেড কোয়ার্টার, বিডিআর, সেক্টর ব্যাটেলিয়ান এবং আরটিসি এন্ডএস | ৫৫.০০ |
| | | কোম্পানী সিগন্যাল এবং হাসপাতাল | ৪৫.০০ |
| | ২ | হাবিলদার মেজর, হেড কোয়ার্টার বিডিআর, সেক্টর, ব্যাটেলিয়ান এবং আরটিসি এন্ডএস | ৭৮.০০ |
| | | কোম্পানী সিগন্যাল এবং হাসপাতাল | ৪৬.০০ |
| | ৩ | পে-হাবিলদার/ নায়েক | ৩৩.০০ |
| | | | |
| খ. | | **বিশেষ ভাতা:** | |
| | ১ | ভেহিকেল মেকানিক এবং ইলেকট্রেশিয়ানঃ (সকল ইউনিট) | |
| | | সিপাই এবং ল্যান্স নায়েক | ৫৫.০০ |
| | | নায়েক এবং হাবিলদার | ৮৯.০০ |
| | | **হেড কোয়ার্টারঃ** | |
| | | নায়েব সুবেদার | ৯৯.০০ |

| | | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| | | সুবেদার | ১১১.০০ |
| | ২ | **আরমরার স্টাফঃ** | |
| | | সিপাই/ ল্যান্স নায়েক | ৫৫.০০ |
| | | নায়েক | ৮৯.০০ |
| | | হাবিলদার | ৯৯.০০ |
| | | নায়েব সুবেদার/ সুবেদার | ১১১.০০ |
| | | ইন্সপেক্টর অব স্মল আর্মস (সুবেদার) | ২১১.০০ |
| | ৩ | **রেডিও মেকানিক এবং ফিটার** | |
| | | গ্রেড-১ | ২১১.০০ |
| | | গ্রেড-২ | ১৮৬.০০ |
| | | গ্রেড-৩ | ১১১.০০ |
| | ৪ | **অপারেটর** | |
| | | গ্রেড-১ | ১৩৩.০০ |
| | | গ্রেড-২ | ১১১.০০ |
| | | গ্রেড-৩ | ৯৯.০০ |
| | ৫ | **ড্রাফটসম্যান/ সার্ভেয়ার** | ৫৫.০০ |
| | ৬ | **ব্যান্ড ইনচার্জ(হাবিলদার এবং জেসিও পদ মর্যাদার নিচে নয়):** | ১৩৩.০০ |
| | ৭ | **তালিকাভুক্ত সহকারী** | |
| | | সিপাই/ ল্যান্স নায়েক | *৭৮.০০ |
| | | *(যাঁহারা উচ্চ মাধ্যমিক পাশ শুধু তাঁহাদের জন্য প্রযোজ্য) | |
| | | নায়েক এ্যাসিসট্যান্ট | ৮৯.০০ |
| | | হাবিলদার এ্যাসিসট্যান্ট | ১৩৩.০০ |
| | | নায়েব সুবেদার এ্যাসিসট্যান্ট | ১৩৩.০০ |
| | | সুবেদার এ্যাসিসট্যান্ট | ১৩৩.০০ |
| | | সুবেদার-মেজর এ্যাসিসট্যান্ট | ১৩৩.০০ |
| | ৮ | **সাঁট-লিপিকারঃ** | *১৩৩.০০ |
| | | *(সরাসরি নিয়োগপ্রাপ্ত সাঁট-লিপিকারদের জন্য প্রযোজ্য নয়, এনরোলড এ্যাসিস্ট্যান্ট যাঁহারা সাঁট-লিপিকার হিসাবে পুনঃতালিকাভুক্ত হইয়াছেন তাঁহারা এনরোলড এ্যাসিস্ট্যান্ট এলাউন্স প্রাপ্য হইবেন না) | |
| | ৯ | **ল্যাবরেটরী টেকনিশিয়ানঃ** | |
| | | গ্রেড-১ | ২১১.০০ |
| | | গ্রেড-২ | ১৬৮.০০ |
| | | গ্রেড-৩ | ১৪৩.০০ |
| | ১০ | **অপারেশন থিয়েটার এ্যাসিসট্যান্টঃ** | |
| | | গ্রেড-১ | ২১১.০০ |
| | | গ্রেড-২ | ১৮৬.০০ |
| | | গ্রেড-৩ | ১১১.০০ |
| | ১১ | **রেডিওগ্রাফারঃ** | |
| | | গ্রেড-১ | ১১১.০০ |
| | | গ্রেড-২ | ৮৯.০০ |
| | | গ্রেড-৩ | ১১১.০০ |
| | ১২ | **ইন্সট্রাকশনাল এলাউন্সঃ** | |
| | | নায়েক/ হাবিলদার/ নায়েব সুবেদার/ সুবেদার/ সুবেদার মেজর | *৮৯.০০ |
| | | *(এই ভাতা শুধু ইন্সট্রাকটর এর সুনির্দিষ্ট খালি পদের বিপরীতে নিয়োজিত ইন্সট্রাকটরগণই পাইবেন। যাঁহারা ইন্সট্রাকটর হিসাবে নিযুক্ত/ তালিকাভুক্ত হইয়াছেন তাহারা এই ভাতা পাইবেন না)। | |
| | | | |
| গ. | | **এ্যাকটিং এলাউন্সঃ** | |
| | | জেসিও | ১৪৩.০০ |
| | | হাবিলদার | ৪৫.০০ |
| | | (বিডিআর-এর স্টাফ অফিসারদের শূন্য পদের জন্য এ্যাকটিং এলাউন্স প্রদেয় নহে)। | |
| | | | |
| ঘ. | | **ব্যাটম্যান ভাতা:** | |
| | | জেসিও | ৪১৯.০০ |
| | | | |
| ঙ. | | **চুলকাটা এবং ধোলাইভাতা** | |
| | | (জেসিও, এনসিও এবং সিপাইদের জন্য) | ৮৯.০০ |
| | | | |
| চ. | | **ছুটিকালীন রেশন মানি** | ১২.০০ |
| | | (প্রতিদিন যখন অর্জিত ছুটিতে থাকিবেন) | |
| | | | |

| | | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ছ. | | **যাতায়াত ভাতা:** | ১১১.০০ |
| | | জেসিও এবং অন্যান্য পদবীধারী যখন কর্মস্থল হইতে দুই মাইলের অধিক দূরত্বে বাস করিবেন এবং যখন কোন ভাড়ামুক্ত যানবাহন দেওয়া হইবে না। | |
| | | | |
| জ. | | **রাইফেল পুলিশ ভাতা** | ৩৩.০০ |
| | | | |
| ঝ. | | **পারিবারিক রেশন ভাতা, জ্বালানী কাঠ ভাতা, কমপেনসেশন ফর ডিয়ারনেস অব প্রভিশন প্রচলিত বিধি মোতাবেক** | |
| | | | |
| ঞ | | **জ্বালানী কাঠভাতা** (সীমান্ত ফাঁড়িতে কর্মরত বিডিআর সদস্যের জন্য): | ৫২.০০ |

**১৫। বেসামরিক কর্মচারীদের যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৬। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্তঃ)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে উহার পরবর্তী সময়ের জন্য কর্মকর্তা/ কর্মচারীদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা এবং শ্রান্তি ও চিত্ত বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক বার্ধিত বেতন প্রাপ্ত হইবেন তাহার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯ তারিখ ১০-৩-১৪১৫ বঙ্গাব্দ/ ২৬-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৭। টিফিন ভাতা।–**

সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য প্রদত্ত টিফিন ভাতা ১৫০ টাকা প্রাপ্য হইবেন, তবে যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাথ·ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৮। ৪র্থ শ্রেণীর ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহাদের ক্ষেত্রে সর্ব্বোচ্চ ৭৫/- টাকা ধোলাইভাতা প্রদেয় হইবে।

**১৯। স্টাফ নার্সদের পোষাক ও ধৌতভাতা।–**

বর্তমানে প্রচলিত শর্তাধীনে বলবৎ থাকিবে।

**২০। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে সর্ব্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**২১। বদলিজনিত মালামাল পরিবহণ ব্যয়।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

**২২। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০/- টাকা প্রদেয় হইবে।

**২৩। সীমান্তভাতা।–**

৩০ মাঘ ১৪১২/১২ ফেব্রুয়ারি ২০০৪ তারিখে জারিকৃত এসআরও নং- ৩৩-আইন/২০০৪ অনুযায়ী প্রদেয় সীমান্তভাতা ৩০ জুন, ২০১০ পর্যন্ত বর্তমান হারে বলবৎ থাকিবে এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রচলিত হারের ৩০% বৃদ্ধি করা হইল।

**২৪। মসলাভাতা।–**

মসলাভাতার বর্তমান হার ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রচলিত হারের ৩০% বৃদ্ধিপূর্বক প্রদেয় হইবে।

**২৫। প্রেষণ ভাতা।–**

অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং-অম/ অবি/ প্রবিধি-৬/ প্রঃমঃ/ ভাতা-৬/২০০৭ (অংশ)/৩১ তারিখ-০৭/০৪/২০০৮ মোতাবেক প্রদেয় প্রেষণ ভাতার পূর্বের হার (মাসিক বেতনের ২০%) অব্যাহত থাকিবে।

**২৬। শিক্ষা সহায়ক ভাতা–**

সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসে ২০০ টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসে সর্বোচ্চ ৩০০ টাকা শিক্ষা সহায়ক ভাতা কার্যকর হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২৭। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৮। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টি এ বিল যেইভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৯। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-৩/২০০৯/২৩৪

তারিখ: ১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ
০২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। জেলা প্রশাসক ---------------(সকল জেলা)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সি.জি.এ. ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -------------(সকল বিভাগ)।
১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,-------------(সকল জেলা)।
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ----------(সকল উপজেলা)।
১২। অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি/ ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন/ বাজেট অনুবিভাগের সকল কর্মকর্তা।
১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯(বাংলাদেশ রাইফেলস) বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১৪। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৯

# (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

২ ডিসেম্বর ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ।

নং- এস.আর.ও–২৫৮ আইন/ ২০০৯/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৪/ ২০০৯/ ২৩৫।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ই তোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন;

ব্যাখ্যা: কোন কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন। দফা (গ) এর বর্ণনা মোতাবেক তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নল্লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত ব্যাংক এবং অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে চাকরিতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Services) Ordinance, ১৯৮৫ (XXXIX of ১৯৮৫) এ সংজ্ঞায়িত 'worker';

খ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

গ) ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানে প্রেষণে নিযুক্ত সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণ; এবং

ঘ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'অর্থলগ্নী প্রতিষ্ঠান' অর্থ-

১) বাংলাদেশ কৃষি ব্যাংক;
২) বাংলাদেশ শিল্প ব্যাংক;
৩) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা;
৪) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ;
৫) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন;
৬) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক;
৭) কর্মসংস্থান ব্যাংক;
৮) আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক;

খ) 'ব্যাংক' অর্থ বাংলাদেশ ব্যাংক;

গ) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

ঘ) 'প্রতিষ্ঠান' অর্থ ব্যাংক অথবা অর্থলগ্নী প্রতিষ্ঠান;

ঙ) 'জাতীয় বেতন স্কেল, ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেল;

চ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', 'সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইমস্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)।–**

১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা:-

| গ্রেড | বর্তমান বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৫) | বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)<br>(১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০(নির্ধারিত) | টাকা ৪০০০০(নির্ধারিত) |
| ২। | টাকা ১৯৩০০-৭০০×৪-২২১০০ | টাকা ৩৩৫০০-১২০০×৫-৩৯৫০০ |
| ৩। | টাকা ১৬৮০০-৬৫০×৬-২০৭০০ | টাকা ২৯০০০-১১০০×৬-৩৫৬০০ |
| ৪। | টাকা ১৫০০০-৬০০×৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ |
| ৫। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ |
| ৬। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ |
| ৭। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ |
| ৮। | টাকা ৭৪০০-৩৬৫×১৬-১৩২৪০ | টাকা ১২০০০-৬০০×১৬-২১৬০০ |
| ৯। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ১০। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ |
| ১১। | টাকা ৪১০০-২৫০×৭-৫৮৫০-ইবি-২৭০×১১-৮৮২০ | টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ |
| ১২। | টাকা ৩৭০০-২৩০×৭-৫৩১০-ইবি-২৫০×১১-৮০৬০ | টাকা ৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫ |
| ১৩। | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ |
| ১৪। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১৫। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৬। | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ | টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ |
| ১৭। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৮। | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ | টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ | টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ |

**৪। জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এর প্রাপ্যতা।–**

৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশে 'বর্তমান বেতন' বলিতে -

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এ বেতন নির্ধারণ।–**

১) যে কর্মকর্তা/ কর্মচারী বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding

Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে;

**উদাহরণ** ১:

৩০-০৬-২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০-x-১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০/- টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ** ২:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৩১০০-১৭০ × ৭-৪২৯০ -ইবি- ১৯০ × ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০/- টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০ × ৭-৬৯৩০ -ইবি- ৩২০ × ১১-১০৪৫০/- টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০/- টাকা।

**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০+১০২০)= ৫৯২০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ৪০,০০০ নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা ৬ এর (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে **সর্বোচ্চ সীমার উর্ধ্বে** হয়, তাহা হইলে সংশ্লিষ্ট বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা **উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি** পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

চ) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, **প্রেষণে কর্মরত** না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

ছ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **ছুটিতে ছিলেন,** জাতীয় বেতন স্কেলে, ২০০৯ এ সে ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

জ) যে ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখে **সাময়িকভাবে বরখাস্ত** ছিলেন, সে ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং **বাস্তবে কাজে যোগদান না করিলে** তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল-২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ **বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে** এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

ঝ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে ব্যক্তি **অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে** ছিলেন, **শুধু পেনশন নির্ধারণের জন্য** তাঁহার বেতন, দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঞ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে ব্যক্তির **অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে** এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি।**

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০/- টাকার নিম্নে হইবে না। এই ক্ষেত্রে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০/- টাকার কম হয়, তবে, যে পরিমাণ অংক কম হইবে তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) যদি কোন অংক অবশিষ্ট থাকে তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে, এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণ:** যদি দেখা যায় যে, ৪৫০০- ২৪০ × ৭-৬১৮০ -ইবি- ২৬৫ × ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০/- টাকা, সর্বনিম্ন ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য প্রথমে মূল বেতনের সহিত একটি বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) যোগ করিয়া (১৬৫০+২৪০ = ১৮৯০) অবশিষ্ট (২০০০ - ১৮৯০) = ১১০/-টাকা ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে প্রদান করিতে হইবে।

খ) কোন কর্মকর্তা/ কর্মচারীর ন্যুনতম ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর সমপরিমাণ টাকার কম হইলে তাহা সংশ্লিষ্ট স্কেলে পিপি হিসাবে প্রাপ্য হইবে এবং এই পিপি পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।**–নিম্ন বর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারিত হইবে, যথা:-

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণ:** ৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তা/ কর্মচারীর বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ০১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭-১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০ টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারিকৃত ২৬-১২-১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749, ৯-৭-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬-/০৭/১৫১ এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত- ৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ১-৭-২০০৯ তারিখ হইতে রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না।

৪) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।-** অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন, যথা:

ক) পেনশন সর্মপণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত মৃত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনু তোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন;

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

৭। **জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০–৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০–১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতন স্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত **কর্মচারীগণ** একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য

হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলিযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে;

**তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং এ বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না।** এক্ষেত্রে স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর পরবর্তী স্কেলে টাইমস্কেল হিসাবে প্রদানের বর্তমান **প্রচলিত বিধান রহিত হইবে।** শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৪র্থ স্কেলের উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না:

**তবে শর্ত থাকে যে,** প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০–২০৩৭০/-(৯ নং গ্রেড), টাকা ১২০০০–২১৬০০/- (৮ নং গ্রেড) এবং টাকা ১৫০০০–২৬২০০/-(৭ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এ টাকা ১৮৫০০–২৯৭০০/-, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ১২০০০–২১৬০০/- এবং ১৫০০০–২৬২০০/- বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যে তারিখে টাকা ১১০০০–২০৩৭০/- অথবা টাকা ১২০০০–২১৬০০/- স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছাইতেন, যাহাই পূর্বে ঘটে, সে তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১৮৫০০–২৯৭০০/- প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রদেয় হইবে।

৫) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভুক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাবে ঘোষিত, সে সকল ৯ম গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকরি পূর্তিতে চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদ্সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবে। তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন **বকেয়া প্রাপ্য হইবে না:**

তবে শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষিত হইতে হইবে:

আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১ বছর পর পরবর্তী উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) প্রদানের **বর্তমান প্রচলিত বিধান রহিত হইল।**

৬) ৯ম গ্রেডভুক্ত সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৭ম গ্রেডের স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৭) বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য বেতন স্কেল, ২০০৫ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত স্কেলের বিপরীতে ১ম শ্রেণীর পদে ১০ বছর চাকরি পূর্তিতে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানের যে বিধান রহিয়াছে, তাহা একই নীতিমালার ভিত্তিতে ৬ষ্ঠ গ্রেডভুক্ত নন-ক্যাডার কর্মকর্তাগণকে ১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ১০০% প্রদেয় হইবে।

৮) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৯) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম

করিবার জন্য যেই সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতনবৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল ব্যক্তি ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন;

তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সে তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০–২০৩৭০/- (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী রহিয়াছে এবং যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে;

গ) কোন কর্মকর্তা/ কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

ঘ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে ১ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং ইহা পরবর্তী অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/ সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২) ১ জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে যথা:-

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৪০০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৩৩৫০০–৩৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ২৯০০০–৩৫৬০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ২৫৭৫০–৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে ১ম শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ই তোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমতে টাকার অংকে ভাতাদি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও ৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

৪) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে সকল ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৫) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইল।

**১২। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ৭০০/-(সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০/- টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০/- টাকা হইবে।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল কর্মকর্তা/ কর্মচারী চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্টে যোগ হইলেও জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

   ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ১নং হইতে ১২ নং স্কেল এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

   খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৫৫০০–১২০৯৫ এবং টাকা ৪৫০০–৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

   গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৮নং স্কেল টাকা ৪৪০০–৮৫৮০/- হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০–৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সেই সকল কর্মচারী সরকারি বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না; তবে তিনি কোন বাড়িভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

   ঘ) যে কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাড়িভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

   ঙ) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন বাড়িভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।- যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটেসহ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের বাংক বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-৪/ বাড়ি ভাড়া-১/২০০৩/২৬৩ তারিখ: ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৪। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৫। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services(Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি (বাস্ত-৪)এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ

করিতে হইবে। তবে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখ: ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৬। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারী মাসিক ১৫০/- টাকা টিফিন ভাতা প্রাপ্য হইবেন। কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৭। ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা মাসিক ৭৫/-টাকা প্রাপ্য হইবেন।

**১৮। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**১৯। ভ্রমণ ভাতা।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক পূর্ববৎ বহাল থাকিবে।

**২০। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীরে জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০/- টাকা প্রদেয় হইবে।

**২১। শিক্ষা সহায়ক ভাতা।–**

সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০/- টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০/- টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২২। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৩। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টি এ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৪। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ মোহাম্মদ তারেক
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-৪/২০০৯/২৩৫

তারিখ: ১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ
০২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭,কাকরাইল সড়ক, ঢাকা।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/ বিভাগ --------(সকল)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ---------, সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা।
৮। অর্থ বিভাগের ব্যাংকিং প্রশাসন ও ব্যাংকিং নীতি অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১০। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# জাতীয় বেতন স্কেল, ২০০৯

## [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ]

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০২ ডিসেম্বর, ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

ঢাকা, ১৮ অগ্রহায়ন ১৪১৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০০৯ খ্রিস্টাব্দ

নং এস.আর.ও–২৫৯ আইন/ ২০০৯/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৫/ ২০০৯/২৩৬।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ, চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ২০০৯, ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ শে জুন, ২০০৯ তারিখের প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

খ) জাতীয় বেতন স্কেল ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

**ব্যাখ্যা:** যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তিনি দফা (গ) এর বর্ণনা মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নে উল্লেখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) স্থানীয় প্রতিষ্ঠানসমূহ যথা:- সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ;

খ) বাংলাদেশ বিমান করপোরেশন;

গ) বাংলাদেশ শিপিং করপোরেশন;

ঘ) ব্যাংকসমূহ ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহ যথা:- বাংলাদেশ ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ বিনিয়োগ করপোরেশন(ICB) এবং বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান করপোরেশন;

ঙ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Services) Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত 'worker';

চ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

ছ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

জ) স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে প্রেষণে কর্মরত সরকারি ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) ‘বর্তমান বেতন স্কেল’ অর্থ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) ‘জাতীয় বেতন স্কেল ২০০৯’ অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

গ) ‘সংস্থা’ বা ‘প্রতিষ্ঠান’ অর্থ স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ;

ঘ) ‘মূল স্কেল’, ‘সিলেকশন গ্রেড স্কেল’ বা ‘উচ্চতর স্কেল (টাইম- স্কেল)’ অর্থ বর্তমান বেতন স্কেল, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

**৩। জাতীয় বেতন স্কেল ২০০৯।–**

১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা:

| গ্রেড | **বর্তমান বেতন স্কেল**<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৫) | **জাতীয় বেতন স্কেল ২০০৯**<br>(১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০(নির্ধারিত) | টাকা ৪০০০০(নির্ধারিত) |
| ২। | টাকা ১৯৩০০-৭০০×৪-২২১০০ | টাকা ৩৩৫০০-১২০০×৫-৩৯৫০০ |
| ৩। | টাকা ১৬৮০০-৬৫০×৬-২০৭০০ | টাকা ২৯০০০-১১০০×৬-৩৫৬০০ |
| ৪। | টাকা ১৫০০০-৬০০×৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ |
| ৫। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ |
| ৬। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ |
| ৭। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ |
| ৮। | টাকা ৭৪০০-৩৬৫×১৬-১৩২৪০ | টাকা ১২০০০-৬০০×১৬-২১৬০০ |
| ৯। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |
| ১০। | টাকা ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০ | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ |
| ১১। | টাকা ৪১০০-২৫০×৭-৫৮৫০-ইবি-২৭০×১১-৮৮২০ | টাকা ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫ |
| ১২। | টাকা ৩৭০০-২৩০×৭-৫৩১০-ইবি-২৫০×১১-৮০৬০ | টাকা ৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫ |
| ১৩। | টাকা ৩৫০০-২১০×৭-৪৯৭০-ইবি-২৩০×১১-৭৫০০ | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ |
| ১৪। | টাকা ৩৩০০-১৯০×৭-৪৬৩০-ইবি-২১০×১১-৬৯৪০ | টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫ |
| ১৫। | টাকা ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০ | টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০ |
| ১৬। | টাকা ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০ | টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ |
| ১৭। | টাকা ২৮৫০-১৩০×৭-৩৭৬০-ইবি-১৫০×১১-৫৪১০ | টাকা ৪৫০০-২৪০×৭-৬১৮০-ইবি-২৬৫×১১-৯০৯৫ |
| ১৮। | টাকা ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০×১১-৪৮৭০ | টাকা ৪৪০০-২২০×৭-৫৯৪০-ইবি-২৪০×১১-৮৫৮০ |
| ১৯। | টাকা ২৫০০-১১০×৭-৩২৭০-ইবি-১২০×১১-৪৫৯০ | টাকা ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০ |
| ২০। | টাকা ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০ | টাকা ৪১০০-১৯০×৭-৫৪৩০-ইবি-২১০×১১-৭৭৪০ |

**৪। জাতীয় বেতন স্কেল ২০০৯ এর প্রাপ্যতা।–**

৩০ জুন, ২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশে ‘বর্তমান বেতন’ বলিতে-

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদেরবা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।–**

১) যে কর্মকর্তা/ কর্মচারী বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding

Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণীত অঙ্ক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল, ২০০৯) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

**উদাহরণ ১**:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারী ৩০০০-১৫০ × ৭-৪০৫০ -ইবি- ১৭০ × ১১-৫৯২০ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৩০০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৭০০-২৬৫ × ৭-৬৫৫৫ -ইবি- ২৯০ × ১১-৯৭৪৫ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৭০০/- টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

**উদাহরণ ২**:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মচারীর মূল বেতন বর্তমানে ৩১০০-১৭০ × ৭-৪২৯০ -ইবি- ১৯০ × ১১-৬৩৮০ টাকার স্কেলে ৪১২০/- টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৯০০-২৯০ × ৭-৬৯৩০ -ইবি- ৩২০ × ১১-১০৪৫০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ৬০৬০/- টাকা।

**ব্যাখ্যা:** বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৪১২০-৩১০০=১০২০ টাকা। ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ১০২০ টাকা অর্থাৎ (৪৯০০ +১০২০)= ৫৯২০ টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ৬০৬০ টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ৪০,০০০ নির্ধারিত তাঁহাদের ক্ষেত্রে দফা ৬ এর (ক) ও (খ) প্রযোজ্য হইবে না;

ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে **সর্বোচ্চ সীমার উর্ধ্বে** হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঙ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা **উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি** পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

চ) যে কর্মকর্তা/ কর্মচারী প্রেষণে কর্মরত আছেন, **প্রেষণে কর্মরত** না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

ছ) যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে **ছুটিতে ছিলেন,** জাতীয় বেতন স্কেলে সেই কর্মকর্তা/ কর্মচারীর বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না;

জ) যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে **সাময়িকভাবে বরখাস্ত** ছিলেন, সেই কর্মকর্তা/ কর্মচারী পুনর্বহাল না হইলে এবং **বাস্তবে কাজে যোগদান না করিলে** তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ **বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে** এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

ঝ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে কর্মকর্তা/ কর্মচারী **অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে** ছিলেন, **শুধু পেনশন নির্ধারণের জন্য** তাঁহার বেতন, দফা (ঞ) এর বিধান সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঞ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে কর্মকর্তা/ কর্মচারীর **অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে** এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক সর্বনিম্ন বেতন বৃদ্ধি।-** জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ফলে কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির পরিমাণ কোন অবস্থাতেই ২০০০/- টাকার নিম্নে হইবে না। এ ক্ষেত্রে বেতন নির্ধারণের পর কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতনবৃদ্ধির পরিমাণ যদি ২০০০/- টাকার কম হয়, তবে, যে পরিমাণ অংক কম হইবে তাহা বার্ষিক বর্ধিত বেতনের হার অনুযায়ী সমন্বয় করিয়া (সমন্বয়ের প্রয়োজন না হইলে অবশিষ্টাংশ সরাসরি ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয়) যদি কোন অংক অবশিষ্ট থাকে তবে তাহা ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে এবং উক্ত ব্যক্তিগত বেতন তাঁহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

**উদাহরণ:**

১) যদি দেখা যায় যে, ৪৫০০- ২৪০ × ৭-৬১৮০ -ইবি- ২৬৫ × ১১-৯০৯৫ টাকা বেতন স্কেলভুক্ত একজন কর্মচারীর বর্তমান পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় মোট বেতন বৃদ্ধি পায় ১৬৫০/- টাকা। সর্বনিম্ন ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য প্রথমে মূল বেতনের সহিত একটি বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) যোগ করিয়া (১৬৫০+২৪০ = ১৮৯০) অবশিষ্ট (২০০০ - ১৮৯০) = ১১০/-টাকা ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে প্রদান করিতে হইবে।

২) কোন কর্মকর্তা/ কর্মচারীর ন্যূনতম ২০০০/- টাকা বেতন বৃদ্ধির জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর সমপরিমাণ টাকার কম হইলে তাহা সংশ্লিষ্ট স্কেলে পিপি হিসাবে প্রাপ্য হইবে এবং এই পিপি পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।

৩) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।-** নিম্নবর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারিত হইবে, যথা:-

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিবার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

**উদাহরণ:**

ক) ৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তা/ কর্মচারীর বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭-১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০ টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতঃপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

খ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারিকৃত ২৬/১২/১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749, ৯-৭-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১৬/ ০৭/ ১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/ ০৭/ ১৫১ এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/ ০৮/ ১৫২ সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ১-৭-২০০৯ তারিখ হইতে **রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে**। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে **আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১/১২/২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না**।

৪) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি।-** অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্ত হইবেন, যথা:-

ক) পেনশন সমর্পণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন;

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০–৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০–১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতন স্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত কর্মচারীগণ একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২

ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/ অবি (বাস্ত-৩)/ টাইমস্কেল-৩/ ৯৬ (অংশ)/ ৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।

২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ তাঁহাদের একই অথবা সমপর্যায়ের সমস্কেলে পরস্পর বদলিযোগ্য পদে ৮ ও ১২ বৎসর চাকরি পূর্তির পর এবং তাহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে:

তবে, ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদ শুধুমাত্র বেতন নির্ধারণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, তবে এই বাবদ কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না। এক্ষেত্রে স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর পরবর্তী স্কেল টাইমস্কেল হিসাবে প্রদানের বর্তমান **প্রচলিত বিধান রহিত হইবে**। শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকরি জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলর সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ২০০৯ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] এর ৪র্থ স্কেলের উর্ধ্বে কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাঁহারা জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০-২০৩০০ (৯ নং গ্রেড), টাকা ১২০০০–২১৬০০ (৮ নং গ্রেড) এবং টাকা ১৫০০০–২৬২০০ (৭ নং গ্রেড) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল ২০০৯ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] এ টাকা ১৮৫০০–২৯৭০০ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ১২০০০–২১৬০০ এবং ১৫০০০–২৬২০০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি না পাইলে, যেই তারিখে টাকা ১১০০০–২০৩৭০ অথবা টাকা ১২০০০–২১৬০০ স্কেলের সর্বোচ্চ সীমা পৌছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ১৮৫০০–২৯৭০০ প্রাপ্য হইবেন।

৪) উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তাংশে বর্ণিত স্কেলসমূহ ব্যতীত জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অধীনে অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রদেয় হইবে।

৫) ১ম শ্রেণীর ৯ম গ্রেডভুক্ত যে সকল পদে পদোন্নতির কোন বিধান নাই এবং ব্লক পদ হিসাব ঘোষিত, সেই সকল ৯ম গ্রেডের ব্লক পদে ৪ বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড এবং ১ম শ্রেণীর পদে ১০ ও ১৫ বছর চাকরি পূর্তিতে চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেলে, উচ্চতর স্কেল (টাইমস্কেল) হিসাবে প্রদেয় হইবে। তবে, শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বের কোন **বকেয়া প্রাপ্য হইবে না**। শর্ত থাকে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদটি ব্লক পদ হিসাবে ঘোষিত হইতে হইবে। আরও শর্ত থাকে যে, এই ক্ষেত্রে বেতন স্কেলের সর্ব্বোচ্চ সীমায় পৌঁছার ১ বছর পর পরবর্তী উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) প্রদানের **বর্তমান প্রচলিত বিধান রহিত হইল**।

৬) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত টাকা ১৮৫০০–২৯৭০০ স্কেলের কর্মকর্তাগণকে টাকা ১১০০০–২০৩৭০ স্কেলভুক্ত প্রথম শ্রেণীর প্রবেশ পদে যোগদানের তারিখ থেকে ১০ বৎসর চাকরি পূর্তিতে ১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৭) ৯ম গ্রেডভুক্ত সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, ৭ম গ্রেডের স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৮) সকল ২য় শ্রেণীর কর্মকর্তা ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ থেকে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

৯) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারণের সুবিধা পূর্বের শর্তাধীনে বলবৎ থাকিবে।

## ৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লেখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যেই সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন। তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

## ৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০–২০৩৭০ বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) একজন এম.বি.বি.এস ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস করার পর ৪ বৎসর মেয়াদী কোর্স পাসপূর্বক এগ্রিকালচার বা এগ্রিকালচারাল ইকোনমিক্স বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা এনিম্যাল হাজব্যান্ড্রি বা ভেটেরিনারী সায়েন্স এ যে ডিগ্রী অর্জন করা হয় সেই ডিগ্রীধারীকে বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাস্টার্স ডিগ্রীসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

গ) উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ বিভাগের সহিত আলোচনাক্রমে, নির্দিষ্ট কোন পদে সম্পূর্ণরূপে পরিকল্পনা ও নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীকে তাঁহাদের নিজ নিজ বেতন স্কেলে ৩টি বেতনবৃদ্ধি প্রদান করা হইবে। তাঁহারা যতদিন পরিকল্পনা ও নক্সা কাজে সহকারী প্রকৌশলী বা নির্বাহী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন, ততদিন পর্যন্ত এই বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। পরিকল্পনা বা নক্সা কাজে বিশেষজ্ঞ, যোগ্য সহকারী প্রকৌশলীদের মধ্যে হইতে পরিকল্পনা বা নক্সার নির্বাহী প্রকৌশলী পদে পদোন্নতি দেওয়া হইবে। উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতিপ্রাপ্ত কোন পরিকল্পনা বা নক্সা কাজে নিয়োজিত সহকারী প্রকৌশলীকে জনস্বার্থে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পদে যোগদানের জন্য অব্যাহতি প্রদান করা না হইলে, যতদিন তিনি পরিকল্পনা বা নক্সার সহকারী প্রকৌশলী পদে নিয়োজিত থাকিবেন ততদিন তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ১৫০০০–২৬২০০ তে বেতন আহরণ করিবেন;

ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ১১০০০–২০৩৭০ স্কেলের কোন পদে প্রথম নিয়োগপ্রাপ্ত একজন কর্মকর্তাকে ২টি অগ্রিম বেতনবৃদ্ধি মঞ্জুর করা হইবে, যদি-

(অ) পদটি গবেষণামূলক পদ হিসাবে নির্দিষ্ট থাকে; এবং

(আ) সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নলিখিত যোগ্যতাগুলির মধ্যে কমপক্ষে যে কোন একটি থাকে, যথা:-

১) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণীর ডিগ্রীধারী হইয়া থাকেন;

২) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং কৃষিতে ১ম শ্রেণীর ডিগ্রীধারী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট লাভের পর ৪ বৎসরের কোর্স সম্বলিত) হইয়া থাকেন;

৩) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং বিজ্ঞান

বিষয়ে ১মশ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

৪) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ১ম শ্রেণীর সম্মান ডিগ্রীসহ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় ১ম বিভাগ উত্তীর্ণ হইয়া থাকেন এবং কমপক্ষে ৬০% নম্বরসহ চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইয়া থাকেনঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-অনুচ্ছেদের দফা (ঘ) অনুসারে যাঁহাদেরকে বেতনবৃদ্ধি মঞ্জুর করা হইবে, তাঁহারা এই উপ-অনুচ্ছেদের দফা (ক), (খ) ও (গ) অনুসারে কোন বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন না।

ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।

২) ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন ব্যক্তি উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ৪০০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ৩৩৫০০–৩৯৫০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ২৯০০০–৩৫৬০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ২৫৭৫০–৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদকাল বলিতে ১ম শ্রেণীর চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্র মত টাকার অংকে ভাতাদি প্রদেয় হইবে।

৩) ১ জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও **৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।**

৪) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে ভাতাদি প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৫) অনুচ্ছেদ ৬ (১) (ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

**১২। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী মাসিক ৭০০/-(সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা

প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০/- টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০/- টাকা হইবে।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল কর্মকর্তা/ কর্মচারী চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্ট যোগ হইলেও জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল কর্মকর্তা/ কর্মচারী সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নলিখিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১নং স্কেল হইতে ১২ নং স্কেল (টাকা ৪০,০০০ (নির্ধারিত) হইতে টাকা ৫৯০০-১৩১২৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ১৩নং হইতে ১৭নং স্কেল (টাকা ৫৫০০–১২০৯৫ এবং টাকা ৪৫০০–৯০৯৫) এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%;

গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ১৮নং স্কেল টাকা ৪৪০০–৮৫৮০/- হইতে ২০নং স্কেল (টাকা ৪১০০–৭৭৪০) এর আওতাভুক্ত হন, এবং সেই সকল কর্মচারী সরকারি বাসায় বসবাস করিলে তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়িভাড়া প্রদান (কর্তন) করিতে হইবে না; তবে তিনি কোন বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

ঘ) যে কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

ঙ) কোন কর্মকর্তা/ কর্মচারী সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন এবং ১ জুলাই ২০১০ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল কর্মকর্তা/ কর্মচারীর নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

**ব্যাখ্যা।-** যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটেসহ মেস, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), (যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন স্টিমার বা লঞ্চের ব্যাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জুলাই ২০১০ তারিখ হইতে নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ৫০০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২২৫০ |
| টাকা ৫০০১ হইতে টাকা ১০৮০০/- পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ৩৩০০/- | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ২৮০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ২৫০০/- |
| টাকা ১০৮০১ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-৪/ বাড়ি ভাড়া-১/ ২০০৩/ ২৬৩ তারিখ: ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইল।

**১৪। যাতায়াত ভাতা।–**

১) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে তিনি ৩০ জুন, ২০০৯ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

২) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১ নং হইতে ২০ নং স্কেলেভুক্ত (টাকা ৬৪০০–১৪২৫৫ হইতে টাকা ৪১০০–৭৭৪০ পর্যন্ত) কর্মচারীর ক্ষেত্রে ৬ টি সিটি কর্পোরেশন এবং নারায়ণগঞ্জ ও টঙ্গী পৌরসভা এলাকায় কর্মস্থল হইলে মাসিক ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

৩) সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৫। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪) এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে। তবে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখ: ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৬। টিফিন ভাতা।–**

সকল নন-গেজেটেড বেসামরিক কর্মচারী মাসিক ১৫০/- টাকা টিফিন ভাতা প্রাপ্য হইবেন। কিন্তু যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

**১৭। ধোলাইভাতা।–**

যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাইভাতা প্রযোজ্য, তাঁহারা মাসিক ৭৫/-টাকা প্রাপ্য হইবেন।

**১৮। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে

সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ১০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**১৯। ভ্রমণ ভাতা।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

**২০। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা বা কর্মচারীরে জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ ৩০০০/- টাকা প্রদেয় হইবে।

**২১। শিক্ষা সহায়ক ভাতা।–**

সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০/- টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০/- টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২২। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারণী বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস উক্ত বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন।

৩) জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের জন্য লিখিত অঙ্গীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অঙ্গীকারপত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অঙ্গীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

**২৩। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টিএ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৪। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

নং-অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-৫/২০০৯/২৩৬

তারিখ: ১৮-০৮-১৪১৬ বঙ্গাব্দ
০২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব.---------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৫। সকল স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৭। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
১০। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

# বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস বেতন স্কেল, ২০০৯

(শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর, ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২ ডিসেম্বর, ২০০৯ তারিখে প্রকাশিত।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ১৮ অগ্রাহায়ন ১৪১৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ।

নং এস.আর.ও–২৬০ আইন/ ২০০৯/ অম/ অবি(বাস্তঃ-১)/ বাঃ জুঃ সাঃ বেতন স্কেল-৬/ ২০০৯/ ২৩৭।— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (পে-কমিশন) বিধিমালা, ২০০৭ এর ৪(৭) বিধি মূলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।–**

১) এই আদেশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯ নামে অভিহিত হইবে।

২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত বেতন স্কেলসমূহ, ২০০৯, ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা:-

ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

খ) বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

ব্যাখ্যা: যে কর্মকর্তা/ কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন। তিনি দফা (গ) এর বর্ণনা মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

ক) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

খ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

ক) 'বর্তমান বেতন স্কেল' অর্থ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতন স্কেল;

খ) 'বেতন স্কেল, ২০০৯' অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লেখিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস বেতন স্কেল, ২০০৯;

গ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল', ' সিনিয়র স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

| ক্রঃ নং | **বর্তমান বেতন স্কেল** (জাতীয় বেতন স্কেল, ২০০৫) | **বেতন স্কেল, ২০০৯** (০১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১৬৮০০-৬৫০×৬-২০৭০০ | টাকা ২৯০০০-১১০০×৬-৩৫৬০০ |
| ২। | টাকা ১৫০০০-৬০০×৮-১৯৮০০ | টাকা ২৫৭৫০-১০০০×৮-৩৩৭৫০ |
| ৩। | টাকা ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০ | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ |
| ৪। | টাকা ১১০০০-৪৭৫×১৪-১৭৬৫০ | টাকা ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ |
| ৫। | টাকা ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ | টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ |
| ৬। | টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০ | টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ |

**৪। বেতন স্কেল, ২০০৯ এর প্রাপ্যতা।–**

৩০ জুন, ২০০৯ তারিখে কোন জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তা সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত বেতন স্কেল, ২০০৯ প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান ও শর্ত সাপেক্ষে, উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

**৫। বর্তমান বেতনের সংজ্ঞা।–**

এই আদেশে বর্তমান বেতন বলিতে -

ক) ৩০ জুন, ২০০৯ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন; তৎসহ

খ) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন (যদি থাকে)।

**৬। বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণ।–**

১) যে জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তা বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন বর্তমান বেতন স্কেলের অনুরূপ (Corresponding Scale) বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্ন-বর্ণিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা:-

ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরণকারী কোন কর্মকর্তার বেতন বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

খ) যদি কোন কর্মকর্তার মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমতঃ উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণীত অঙ্ক অনুরূপ বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভিক ধাপের সহিত যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অঙ্কের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

উদাহরণ ১:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মকর্তা ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০, টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৬৮০০ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ১১০০০- ৪৯০ × ৭- ১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০ টাকার স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ১১০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

উদাহরণ ২:

৩০/০৬/২০০৯ তারিখে একজন কর্মকর্তার বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকা এবং এই স্কেলে মূলবেতন ৭৪৫০ টাকা। এই ক্ষেত্রে ১-৭-২০০৯ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ১১০০০- ৪৯০ × ৭- ১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০ টাকার স্কেলে তাঁহার বেতন নির্ধারিত হইবে ১১৯৮০/- টাকা।

ব্যাখ্যা: বর্তমান স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় ৭৪৫০-৬৮০০=৬৫০ টাকা। অতএব, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ ১১০০০ + ৬৫০ টাকা অর্থাৎ (১১০০+৬৫০) = ১১৬৫০/- টাকায় বেতন নির্ধারিত হইবে। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ ১১০০০+৪৯০+৪৯০)=১১৯৮০/- টাকায় তাঁহার বেতন নির্ধারিত হইবে।

গ) যদি কোন কর্মকর্তার বর্তমান বেতন, বেতন স্কেল, ২০০৯ এর প্রারম্ভ তারিখে সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চসীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট বেতন স্কেল, ২০০৯ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে;

ঘ) ১ জুলাই, ২০০৯ তারিখে যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত বিধিবিধান অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

ঙ) যে কর্মকর্তা প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিসে অথবা সঙ্গঠ নে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

চ) যে কর্মকর্তা ১ জুলাই, ২০০৯ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই কর্মকর্তার বেতন, তাঁহার

বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য প্রাপ্য হইবেন না;

ছ) যে কর্মকর্তা ১ জুলাই, ২০০৯ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই কর্মকর্তা পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারণ করা হইবে না। এইরূপ পুনর্বহালকৃত কর্মকর্তার বেতন ৩০ জুন, ২০০৯ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন বেতন স্কেল, ২০০৯এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করা হইবে;

জ) ১ জুলাই, ২০০৯ তারিখে যে কর্মকর্তা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন দফা (ঝ) এর বিধান সাপেক্ষে, বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁহার বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতনবৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেত নের সহিত যুক্ত হইবে, তবে, তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঝ) ৩০ জুন, ২০০৯ তারিখে যে কর্মকর্তার অবসরপ্রস্তুতি ছুটি শেষ হইবে এবং যিনি ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরে যাইবেন, তিনি ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

২) **সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।-** নিম্নবর্ণিত পদ্ধতিতে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারিত হইবে, যথা:-

ক) বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নের প্রারম্ভ তারিখে অর্থাৎ ০১-৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা সিলেকশন গ্রেড ও টাইম-স্কেল প্রাপ্ত হইলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিবার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইম স্কেলে বেতন নির্ধারণ হইবে।

উদাহরণ:

৩০-৬-২০০৯ তারিখে একজন কর্মকর্তার বেতন স্কেল ৬৮০০-৩২৫ × ৭-৯০৭৫ -ইবি- ৩৬৫ × ১১-১৩০৯০ টাকার করসপন্ডিং স্কেল ১-৭-২০০৯ তারিখে ১১০০০-৪৯০ × ৭-১৪৪৩০ -ইবি- ৫৪০ × ১১-২০৩৭০/-টাকার স্কেলে বেতন নির্ধারিত হইবে। অতপর, নির্ধারিত বেতনের ভিত্তিতেই প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে।

খ) বেতন স্কেল, ২০০৯ এ বেতন নির্ধারণকালে অর্থ বিভাগ হইতে ইতোপূর্বে জারিকৃত ২৬-১২-১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749, ৯-৭-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত- ৪)/ বিবিধ-১৬/০৭/১১৩, ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১ এবং ১৫-৯-২০০৮ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ সংখ্যক স্মারকসমূহের কার্যকারিতা ১-৭-২০০৯ তারিখ হইতে রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, এই সকল স্মারকমূলে ইতোপূর্বে যাহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ০১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না।

গ) ৩১-১২-২০০৪ তারিখে আহরিত বেতনের করেসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেডে নির্ধারিত বেতনধারী কর্মকর্তাদের ক্ষেত্রে ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্ত বেতনের ভিত্তিতে প্রথমে ০১/০১/২০০৫ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে। তৎপরে নির্ধারিত বেতনের উপর সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা হইলে তাঁহারা যেইরূপ সুবিধা প্রাপ্ত হইতেন, তাহার ভিত্তিতে ধারাবাহিকভাবে ৩০-৬-২০০৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত বেতন বিবেচনা করতঃ ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে; যেমন-

১) ৩১/১২/২০০৪ তারিখে বিসিএস ৬ষ্ঠ গ্রেডভুক্ত (জাতীয় বেতন স্কেল/১৯৯৭) ৭২০০–১০৮৪০ টাকা স্কেলে একজন কর্মকর্তার মূলবেতন ছিল ১০০৬০ টাকা। ঐ কর্মকর্তার ৩১/১২/২০০৪ তারিখে বেতন স্কেল ও মূলবেতনের পার্থক্য ছিল ১০০৬০-৭২০০=২৮৬০ টাকা। অর্থ বিভাগের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১ তারিখ- ১৪-৯-২০০৮ এবং অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১১৩ তারিখে- ৯-৭-২০০৮ স্মারক মূলে জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী ৩১/১২/২০০৪ তারিখে প্রাপ্য বেতন স্কেলের করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ না করিয়া ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্ত সিলেকশন গ্রেডে সরাসরি বেতন নির্ধারণ করিবার ফলে তাহার বেতন নির্ধারিত হয় ১৩৭৫০+২৮৬০=১৬৬১০ টাকা। কিন্তু উক্ত স্তরে কোন ধাপ না থাকিবার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৭০৫০ টাকায় বেতন নির্ধারণ করা হয়।

২) উলম্ব সাম্যতা ফিরাইয়া আনিবার লক্ষ্যে উপধারা (১) এ বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি সংশোধনক্রমে সর্বপ্রথম ঐ কর্মকর্তার বেতন তাহার ৩১/১২/২০০৪ তারিখে আহরিত মূলবেতনের ভিত্তিতে করেসপন্ডিং জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী ০১/০১/২০০৫ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে তাহার মূলবেতন দাঁড়াইবে (১০০৬০-৭২০০)= ২৮৬০ +১১০০০= ১৩৮৬০ টাকা। উক্ত স্তরে ধাপ না

থাকার কারণে পরবর্তী উচ্চতর ধাপে ১৪৩২৫ টাকায় বেতন নির্ধারিত হইবে। অতঃপর ০১/০১/২০০৫ তারিখে প্রাপ্য সিলেকশন গ্রেড (৫ম গ্রেড ১৩৭৫০–১৯২৫০) প্রদান করা হইলে তাহার বেতন দাড়াইবে ১৪৮৫০ টাকায়। এইভাবে ৩০/৬/২০০৯ তারিখ পর্যন্ত বেতন সংশোধন করিয়া নির্ধারিত বেতনের ভিত্তিতে বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ করিতে হইবে। সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

ঘ) ১৪-৯-২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-১৬/০৭/১৫১নং আদেশের প্রেক্ষিতে ১৫-৯- ২০০৮ তারিখের অম/ অবি (বাস্ত-৪)/ বিবিধ-২৩(সমতা)/০৮/১৫২ নং স্মারক দ্বারা যাহারা ইতোপূর্বে কনিষ্ঠ কর্মকর্তার সহিত বেতন সমতাকরণ করিয়াছেন, তাহারা বেতন সমতা না করিলে যেইরূপ সুবিধা প্রাপ্য হইতেন; তাহা বিবেচনা করতঃ উপ-অনুচ্ছেদ (২) (ক) অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে। তবে, বেতন সমতাকরণের ফলে তাঁহারা যে আর্থিক সুবিধা গ্রহণ করিয়াছেন তাহা ১-১২-২০০৯ তারিখ হইতে আর প্রাপ্য হইবেন না। তবে উপ-অনুচ্ছেদ (২) (গ) (১) এর কারণে কোন কর্মকর্তা বেতন সমতাকরণ করিয়া থাকিলে উক্ত কর্মকর্তার ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) (গ) (২) এর পদ্ধতি অনুসরণপূর্বক বেতন নির্ধারণ করিতে হইবে। তবে সংশোধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ০১/১২/২০০৯ তারিখের পূর্ব পর্যন্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।

৩) **অবসরভোগীদের পেনশন ও গ্র্যাচুইটি**।- অবসরভোগী কর্মকর্তাগণ নিম্নরূপে পেনশন ও গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন, যথা:-

ক) পেনশন সর্মপণ ও গ্র্যাচুইটির বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে;

খ) মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর ঊর্ধ্ব কর্মকর্তার নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে।

গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কর্মরত কোন কর্মকর্তা (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত কর্মকর্তার পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন।

ঘ) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি পাওনা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

ঙ) জুডিশিয়াল সার্ভিস এর অবসরপ্রাপ্ত সদস্য এবং কর্মরত সদস্যগণ কর্তৃক বর্তমানে আহরিত সাধারণ (Common) ভাতাসমূহ এবং ভবিষ্যতে প্রযোজ্য ভাতাসমূহ অন্যান্য বেসামরিক কর্মকর্তা/ কর্মচারীদের ন্যায় একই হারে/ পরিমাণে পরিবর্তিত হইবে।

**৭। জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা।–**

১) প্রথম শ্রেণীর জুডিসিয়াল কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছাইবার ১ বৎসর পর তাঁহাদের চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেলটি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকরি জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৩ এর ২নং ক্রমিকের স্কেলের ঊর্ধ্বে কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না -

তবে প্রথম শ্রেণীর জুডিসিয়াল কর্মকর্তাগণ, যাঁহারা বেতন স্কেল, ২০০৯ এর বেতন স্কেল টাকা ১১০০০–২০৩৭০/-(৬নং ক্রমিকের স্কেল), টাকা ১৫০০০-২৬২০০/- (৫নং ক্রমিকের স্কেল), টাকা ১৮৫০০–২৯৭০০/-(৪নং ক্রমিকের স্কেল) এবং টাকা ২২২৫০–৩১২৫০/- (৩নং ক্রমিকের স্কেল) এর অন্তর্ভুক্ত, তাঁহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছাইবার ১ বৎসর পর পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন।

২) বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৩ এর ৬ নং স্কেলভুক্ত সকল জুডিসিয়াল কর্মকর্তা ৪ বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরির রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে ৫ম ক্রমিকের স্কেলে ১ জুলাই, ২০০৯ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন।

৩) বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৩ এর ৪নং ক্রমিকের স্কেলভুক্ত সকল জুডিসিয়াল কর্মকর্তা ১০ বছর চাকরি পূর্তিতে ৩নং ক্রমিকের স্কেলে বা টাকা ২২২৫০–৩১২৫০/- স্কেলে ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ১০০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন।

**৮। বেতন নির্ধারণের পর বেতনবৃদ্ধি (Increment)।–**

১) অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেলে বেতন বৃদ্ধির তারিখেই বেতন স্কেল, ২০০৯ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে। যে সকল কর্মকর্তা ১ জুলাই, ২০০৯ তারিখের পরে পদোন্নতি

বা নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, সেই সকল কর্মকর্তা পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকরি পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন; তবে শর্ত থাকে যে, সমস্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

২) যাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জুলাই, ২০০৯, সেই ক্ষেত্রে বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত বিধান মোতাবেক প্রথমে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

৩) বেতন স্কেল, ২০০৯ জারির পর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখের কারণে সমপদে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

**৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।–**

১) ১ জুলাই, ২০০৯ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তাকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য বেতন স্কেল, ২০০৯ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত শর্ত সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০–২০৩৭০/- (৬ নং ক্রমিকে) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

ক) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা যাইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদ প্রাপ্ত হইয়া কোন বার এ তালিকাভুক্ত হইয়া থাকেন।

খ) উক্ত অগ্রিম বেতন বৃদ্ধি কেবলমাত্র চাকরিতে ১ম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবে এবং ইহা পরবর্তী অন্য কোন ক্ষেত্রে পদোন্নতি/ সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২) ১ জুলাই, ২০০৯ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তার বেতন প্রথমে বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে।

৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।–**

১) কোন কর্মকর্তা কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণিতে উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা:-

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৯০০০–৩৫৬০০ | ১৪ বৎসর |
| ২। | টাকা ২৫৭৫০–৩৩৭৫০ | ১২ বৎসর |
| ৩। | টাকা ২২২৫০–৩১২৫০ | ১০ বৎসর |
| ৪। | টাকা ১৮৫০০–২৯৭০০ | ৫ বৎসর |
| ৫। | টাকা ১৫০০০–২৬২০০ | ৪ বৎসর |

২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত চাকরির মেয়াদ বলিতে জুডিসিয়াল সার্ভিসে চাকরির মেয়াদকাল বুঝাইবে।

**১১। ভাতাদির প্রাপ্যতা।–**

১) বেতন স্কেল, ২০০৯ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ **১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে** এবং ১ জুলাই, ২০০৯ হইতে ই তোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

২) জুডিসিয়াল সার্ভিসের সার্বক্ষণিক বিচার কাজে নিয়োজিত সদস্যগণ মূল বেতনের শতকরা ৩০ ভাগ হারে ‘বিশেষ ভাতা’ প্রাপ্য হইবেন। এই ভাতা ১লা জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইবে।

৩) ১ জুলাই, ২০১০ তারিখ হইতে বর্ধিত হারে অনান্য ভাতাদি প্রদেয় হইবে।

৪) ১ জানুয়ারী ২০০৫ হইতে ৩০ জুন ২০০৯ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের পরেও **৩০ জুন ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কেই ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।**

৫) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে ৩০ জুন ২০১০ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্তগণ বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করিবেন এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০০৯ তারিখে নিয়োগ হইলে যে হারে বেতন প্রাপ্ত হইতেন সেই হারে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

**১২। চিকিৎসা ভাতা।–**

১) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে এবং সকল জুডিসিয়াল কর্মকর্তা মাসিক ৭০০/-(সাতশত) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

২) ৬৫ বৎসর উর্ধ্ব পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০/- টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০/- টাকা হইবে।

**১৩। বাড়ি ভাড়া ভাতা।–**

১) সকল জুডিসিয়াল কর্মকর্তা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর বিধান মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য অঙ্কে বাড়িভাড়া ভাতা পাইবেন। তবে, ১ জুলাই, ২০০৯ হইতে ৩০ জুন, ২০১০ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্টে যোগ হইলেও বেতন স্কেল ২০০৯ প্রবর্তন না হইলে যে হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইতেন একই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রাপ্য হইবেন।

২) যে সকল জুডিসিয়াল কর্মকর্তা সরকারি বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

৩) যে সকল জুডিসিয়াল কর্মকর্তা সরকারি বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে বাড়িভাড়া কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০১০ পর্যন্ত এবং ১ জুলাই, ২০১০ তারিখ হইতে নিম্নবর্ণিত হারে মাসিক বাড়িভাড়া কর্তনপূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা:-

ক) যদি তিনি ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে বেতন স্কেল, ২০০৯ এর ১নং হইতে ৬ নং ক্রমিকের স্কেল এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ৩ মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

খ) যে জুডিসিয়াল কর্মকর্তা সরকারি বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়িভাড়া প্রদান করিতে হইবে না; তবে তিনি বাড়ীভাড়া ভাতাও প্রাপ্য হইবেন না।

গ) কোন জুডিসিয়াল কর্মকর্তা সরকারি বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ি পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ি বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ি বরাদ্দ পাওয়ার অধিকারী কর্মকর্তা কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ির জন্য উক্ত শ্রেণীর বাড়ির বরাদ্দ পাওয়ার অধিকারী কর্মকর্তা কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ি ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত বা প্রাপ্য হারে পূর্ববৎ বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হইবেন এবং ১ জুলাই, ২০১০ তারিখ উপ-অনুচ্ছেদ (৬)এ উল্লিখিত হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

৫) যে সকল জুডিসিয়াল কর্মকর্তা নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ি আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।- যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটেসহ মেসে, হোস্টেল, রেস্ট হাউস, ডরমেটরি বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accomodation), এমন একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ, এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট কর্মকর্তা বাড়ি ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accomodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুডিসিয়াল কর্মকর্তা নিম্ন-সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা ১ জুলাই, ২০১০ হইতে প্রাপ্য হইবেন, যথা:-

| মূল বেতন | বাড়ি ভাড়া ভাতার হার (মাসিক) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টঙ্গী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিন পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১১০০০ হইতে টাকা ২১৬০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৬৫০০/- | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৫৪০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪৮০০/- |
| টাকা ২১৬০১ তদূর্ধ্ব | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১১৯০০/- | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৯৭০০/- | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৮৫০০/- |

(৭) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-৪/ বাড়ী ভাড়া-১/ ২০০৩/ ২৬৩ তারিখ: ১-১১-২০০৩ খ্রিঃ মোতাবেক ঢাকায় বদলিজনিত কারণে দ্বিগুণ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের পদ্ধতি ১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হইতে বাতিল হইল।

**১৪। যাতায়াত ভাতা।–**

সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ গাড়ীর ক্রয়মূল্য ও রক্ষণাবেক্ষণ ব্যায়ের সুবিধা প্রদান সংক্রান্ত সরকারি নীতিমালা মোতাবেক সুবিধাদি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বিদ্যমান সরকারি আদেশ অনুযায়ী নির্ধারিত অঙ্কের অর্থ প্রদানপূর্বক সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা ভোগ করিবেন।

**১৫। উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা।–**

১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে।

২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক (আদেশ) নং-অম/ অবি(বাস্ত-৪)এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সরকার কর্তৃক, সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে। তবে, বেতন স্কেল, ২০০৯ প্রদান করা না হইলে ৩০ জুন, ২০০৯ তারিখের পরে কোন কর্মকর্তা বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইলে সেক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/ অবি/ বিধি-১/ চাঃবি-৩/২০০৪/৯৯, তারিখ: ১০-০৩-১৪১৫ বঙ্গাব্দ/২৪-৬-২০০৮ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভোগীদের নীট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

**১৬। পোষাক ভাতা।–**

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/ অবি/ প্রবিধি-৩/ ছুটি-০১/২০০৬/১৩৮ তারিখ-০২/০৯/২০০৮ ইং মূলে জারিকৃত আদেশ অনুযায়ী ৫,০০০ (পাঁচ হাজার) টাকা পোষাক ভাতা সমগ্র চাকরি জীবনে ৫(পাঁচ) বার প্রাপ্যতার বিধান বহাল থাকিবে।

**১৭। কার্যভার ভাতা।–**

চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সমহারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মূল বেতনের ১০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রাপ্য হইবেন।

**১৮। ভ্রমণ ভাতা।–**

ভ্রমণভাতার প্রচলিত বিধি-বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। তবে, বদলি জনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হইবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকিবে।

**১৯। পাহাড়ি ভাতা।–**

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তারে জন্য নির্ধারিত পাহাড়ি ভাতা মাসিক বেতনের ৩০% হারে মাসিক সর্বোচ্চ ৩০০০/- টাকা প্রদেয় হইবে।

**২০। প্রেষণ ভাতা।–**

অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং-অম/ অবি/ প্রবিধি-৬/ প্রঃমঃ/ ভাতা-৬/২০০৭(অংশ)/৩১ তারিখ-০৭/০৪/২০০৮ মোতাবেক প্রদেয় প্রেষণ ভাতার পূর্বের হার (মাসিক বেতনের ২০%) অব্যাহত থাকিবে।

**২১। আপ্যায়নভাতা।–**

প্রাধিকারভুক্ত জেলা জজ/ সমপর্যায়ের জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তা ৬০০/-টাকা আপ্যায়নভাতা প্রাপ্য হইবেন।

**২২। শিক্ষা সহায়ক ভাতা।–**

সকল কর্মকর্তার জন্য সন্তান প্রতি মাসিক ২০০/- টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০/- টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হইলে সন্তান সংখ্যা যেকোন

একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে। এই সংক্রান্ত একটি পৃথক নীতিমালা অর্থ বিভাগ কর্তৃক জারি করিতে হইবে।

**২৩। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণ ভাতা।–**

প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের মাসিক বেতনের ৩০% প্রশিক্ষণ ভাতা বহাল থাকিবে। তবে, প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণ প্রেষণ ভাতা অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ভাতা দুইটির মধ্যে যেকোন একটি প্রাপ্য হইবেন।

**২৪। বেতন নির্ধারণ পদ্ধতি।–**

১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক বেতন স্কেল, ২০০৯ এ তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণের (Pay Fixation Statement) বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বেতন নির্ধারণের বিবরণীর ভিত্তিতে সাময়িকভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী দুই মাসের মধ্যে বেতন নির্ধারণ চূড়ান্ত করিবেন। এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরৎযোগ্য বা সমন্বয়যোগ্য হইবে।

২) বেতন স্কেল, ২০০৯ এ বার্ষিক বেতনবৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

**২৫। আয়কর।–**

এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা বাধ্যতামূলকভাবে নিজের বেতন ভাতাদিসহ তাঁহার আয় এবং আয়ের উপর পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিয়া রিটার্ন তৈরি করিবেন;

খ) আয়কর রিটার্ন তৈরির পর করদাতা (সংশ্লিষ্ট কর্মকর্তা) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন;

গ) আয়কর পরিশোধের পর কেবল সরকার হইতে প্রাপ্ত বেতন-ভাতাদির উপর পরিশোধিত করের সমপরিমাণ অর্থ বিলের মাধ্যমে (যেমন- টি এ বিল যেভাবে দাখিল করা হয়) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন;

ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময়সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিবেন;

ঙ) আয়কর সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থা বলবৎ থাকিবে।

**২৬। রহিতকরণ ও হেফাজত।–**

১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।।

২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সঙ্গতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

নং-অম/অবি/(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-১/২০০৯/২৩৭

তারিখ: ১৮-৮-১৪১৬ বঙ্গাব্দ
০২-১২-২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত

সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৫। রেজিষ্টার, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল কার্যালয়/ আদালতে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৬। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (পে-কমিশন), বাংলাদেশ সুপ্রিম কোর্ট ভবন, ঢাকা।

৭। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ------------(সকল বিভাগ)। সংশ্লিষ্টদের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------(সকল জেলা)।

১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------(সকল উপজেলা)।

১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। ‘ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯, বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।

১৩। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মোঃ সহিদ উল্লা মিয়া
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৬১

তারিখ: ০৯/১২/২০০৯ খ্রিঃ
২৫/০৮/১৪১৬ বঃ

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রসঙ্গে।**

সরকার বেসামরিক ক্ষেত্রে নার্সিং পেশায় নিয়োজিত ডিপ্লোমাধারীদের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় একই ধরনের/ স্তরের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে একই বেতন স্কেল এবং সুবিধাদি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সরকারের এ সিদ্ধান্ত কার্যকর করার লক্ষ্যে নার্সিং সার্ভিস নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগকে অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট কর্তৃকক্ষের অনুমোদন গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মফিজ উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব/ ভারপ্রাপ্ত সচিব,–––––––(সকল মন্ত্রণালয়/ বিভাগ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/জাঃবেঃস্কেল-১/২০০৯/২৬৬ তারিখ: ৩০/১২/২০০৯ খ্রিঃ

**বিষয়: এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণের জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ সরকারি অনুদান প্রদান বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণকে জাতীয় বেতন স্কেল, ২০০৯ (সরকারি-বেসামরিক) অনুযায়ী সুবিধাদি নিম্নবর্ণিত শর্তে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শর্ত:**

১) এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় শিক্ষক কর্মচারীদের জন্য প্রদেয় বেতন সহায়তা ০১/০৭/২০০৯ হতে প্রাপ্য হবে;

২) নতুন বেতন স্কেল কার্যকর হওয়ার পর কোন কর্মকর্তা-কর্মচারীর বেতন বৃদ্ধির প্রকৃত পরিমাণ ২,০০০ টাকার কম হবে না;

৩) ০১/০৭/২০০৯ হতে মহার্ঘভাতা বিলুপ্ত হবে এবং গৃহিত মহার্ঘভাতা বকেয়া বেতনের সাথে সমন্বয় করতে হবে;

৪) শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণ ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে ভাতাদি আহরণ করেছে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত একই হারে তা প্রাপ্য হবেন।

মফিজ উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং -অম/ অবি(বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৬৬ তারিখ: ৩০/১২/২০০৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য:-

১। উপ-সচিব (বাজেট-১), বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

মফিজ উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি/বাস্ত-১/জাঃবেঃস্কেল-১/২০০৯/৩৩ তারিখ: ১৮/০২/২০১০ খ্রিঃ

**বিষয়: মাননীয় স্পীকার, ডেপুটি স্পীকার ও সংসদ-সদস্যগণের পারিতোষিক, ভাতা ও অন্যান্য ব্যয়/ সুবিধাদি বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, পরিবর্তিত অর্থনৈতিক অবস্থা ও জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর বেতন বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে মাননীয় প্রধান মন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব এবং সচিবগণের বেতন কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত মাননীয় স্পীকার, ডেপুটি স্পীকার ও সংসদ সদস্যগণের জন্য পারিতোষিক ভাতা ও অন্যান্য ব্যয়/ সুবিধাদি বৃদ্ধির জন্য যথাক্রমে Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Act, 1974 এবং Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 এর প্রয়োজনীয় সংশোধনীর বিষয়ে নিম্নরূপভাবে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

**১) পারিতোষিক:**

| পদমর্যাদা | বিদ্যমান পারিতোষিক | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ/ মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| স্পীকার | ৩১,২০০/- | ৫৭,২০০/- | ৫৭,২০০/- | ৮৩% বৃদ্ধি |
| ডেপুটি স্পীকার | ২৯,০০০/- | ৫৩,২০০/- | ৫৩,১০০/- | ৮৩% বৃদ্ধি |
| সংসদ সদস্য | ১৫,০০০/- | ২৮,০০০/- | ২৭,৫০০/- | ৮৩% বৃদ্ধি |

**২) মাননীয় স্পীকার এর ভাতা ও অন্যান্য ব্যয়/সুবিধাদি বৃদ্ধিঃ**

| বিষয় | বিদ্যমান | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ/ মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ব্যয় নিয়ামক ভাতা (Sumptuary Allowance) | ৬,০০০/- | ১২,০০০/- | ৮,০০০/- | – |
| বিমান ভ্রমণে বীমা সুবিধা (Insurance cover for Air Journey) | ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- | – |
| ঐচ্ছিক অনুদান (Discretionary grant) | ৩,০০,০০০/- | ৬,০০,০০০/- | ৪,৫০,০০০/- | – |
| সরকারী আবাসন সজ্জিতকরণ ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ১,৫০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- | – |

**৩) মাননীয় ডেপুটি স্পীকার এর ভাতা ও অন্যান্য ব্যয়/সুবিধাদি বৃদ্ধি:**

| বিষয় | বিদ্যমান | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ/ মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ব্যয় নিয়ামক ভাতা (Sumptuary Allowance) | ৬,০০০/- | ১২,০০০/- | ৬,০০০/- | – |
| বিমান ভ্রমণে বীমা সুবিধা (Insurance cover for Air Journey) | ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- | – |
| ঐচ্ছিক অনুদান (Discretionary grant) | ৩,০০,০০০/- | ৬,০০,০০০/- | ৩,০০,০০০/- | – |
| সরকারী আবাসন সজ্জিতকরণ ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ১,৫০,০০০/- | ডেপুটি স্পীকার মন্ত্রীদের ন্যায় অনুরূপ সুবিধা প্রাপ্ত হন বিধায় পৃথকভাবে কোন প্রস্তাব দেয়া হয়নি। | ৩,০০,০০০/- | – |

৪) **মাননীয় সংসদ সদস্যগণের ভাতা ও অন্যান্য সুবিধাদি বৃদ্ধি:**

| বিষয় | বিদ্যমান | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ/ মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| নির্বাচনী এলাকা খরচ ভাতা | ৫,০০০ | ৯,০০০ | ৭,৫০০/- | – |
| নির্বাচনী এলাকা অফিস খরচ ভাতা | ৬,০০০ | ১০,০০০ | ৯,০০০/- | – |
| ব্যয় নিয়ামক ভাতা | ২,০০০ | ৪,০০০ | ৩,০০০/- | – |
| মাইলেজ ভাতা | ০৬/-<br>(প্রতি কিঃমিঃ) | ১০/-<br>(প্রতি কিঃমিঃ) | ১০/-<br>(প্রতি কিঃ মিঃ) | – |
| আবাসিক টেলিফোন ভাতা | ৬,০০০/- | ১০,০০০/- | ৭,৮০০/- | – |
| চিকিৎসা ভাতা | ২০০/-<br>(প্রতি মাসে) | ১,০০০/-<br>(প্রতি মাসে) | ৭০০/-<br>(প্রতি মাসে) | – |
| ঐচ্ছিক অনুদান | ১,০০,০০০/- | ২,০০,০০০/- | ২,০০,০০০/- | – |
| ধোলাই ও বিবিধ খরচ ভাতা | সংসদ সচিবালয় হতে সরবরাহ হতো | ৫,০০০/- | ৫,০০০/- | – |
| বীমা সুবিধা | ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- | – |
| দেশের অভ্যন্তরে ভ্রমণ ভাতা | ৫০,০০০/- | ১,০০,০০০/- | ৭৫,০০০/- | – |
| **দৈনিক ভাতা:** | | | | |
| ক) দায়িত্বরত আবাসস্থানে অবস্থানের জন্য প্রতিদিন | ২০০/- | ৪০০/- | ৩০০/- | |
| খ) সংসদ ও কমিটি সভায় যোগদানের জন্য প্রতিদিন | ৪০০/- | ৮০০/- | ৮০০/- | |
| **যাতায়াত ভাতা:** | | | | |
| ক) দায়িত্বরত আবাসস্থানে অবস্থানের জন্য প্রতিদিন | ৫০/- | ১০০/- | ৭৫/- | |
| খ) সংসদ ও কমিটি সভায় যোগদানের জন্য প্রতিদিন | ১০০/- | ২০০/- | ২০০/- | |
| ৭ দিনের অধিক বিরতিকালে ভ্রমণ ভাতা | পূর্বে এ ধরণের ভাতা দেয়ার বিধান ছিল না | Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 এর Article 4 এর বিধান অনুসারে এ সুবিধা প্রাপ্ত হবেন মর্মে প্রস্তাব করা হয়েছে। | **একমত** | – |
| যানাবাহন ভাতা | পূর্বে এ ধরণের ভাতা দেয়ার বিধান ছিলনা | ৪০,০০০/-<br>(জ্বালানী, ড্রাইভারের বেতন ও মেরামত) | **একমত** | শুল্কমুক্ত যানবাহন ক্রয় নীতিমালার অধীন যানবাহন ক্রয় সাপেক্ষে এ ভাতা প্রদান করা যেতে পারে। |
| কার বা জীপ বা মাইক্রোবাস আমদানীর সুবিধা | পূর্বে শুল্কমুক্ত কার বা জীপ আমদানীর সুবিধা পাওয়ার অধিকারী ছিল | একজন মাননীয় সংসদ নির্বাচিত হলে সেক্ষেত্রে একটি গাড়ী আমদানীর সুবিধা গ্রহণের ৭ বৎসর পর সংসদ সদস্য থাকাকালীন পরবর্তী গাড়ী আমদানীর অধিকারী মর্মে প্রস্তাব করা হয়েছে [মাননীয় স্পীকারের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক] | **একমত** | – |

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং–৭৯-আইন/২০১০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেলঃ-৪/২০১০।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (সরকারি-বেসরকারি) এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশ এর অনুচ্ছেদ ২৪ এর টেবিলের কলাম ১ এর ক্রমিক নং ২ এর বিপরিতে কলাম ৩ এ উল্লিখিত '১২০০/-' সংখ্যা ও চিহ্নের পরিবর্তে '২০০০/-' সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং–৮৪-আইন/২০১০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেলঃ-৫/২০১০।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশ এর অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ- অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে। যথা–

‘১) সরকারি আদেশ নং অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা প্রদেয় হইবে’।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ বৈশাখ, ১৪১৬ বঙ্গাব্দ/ ২০ এপ্রিল ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং-১১২-আইন/২০১০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০১০/৮৩।-Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান), চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ পুলিশ), চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ রাইফেলস) এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশ এর অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (২) এর–

১) দফা (ক) এ উল্লিখিত 'তাহার পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সহিত সমন্বয় হইবে।' শব্দগুলি ও দাড়ির পরিবর্তে 'পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পাইতে থাকিবেন'। শব্দগুলি ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে;

খ) দফা (খ) উল্লিখিত 'পরবর্তী বার্ষিক বর্দিত বেতনের সহিত সমন্বয় হইবে'। শব্দগুলি ও দাঁড়ির পরিবর্তে 'পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পাইতে থাকিবেন'। শব্দগুলি ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১
www.mof.gov.bd

নং-অম/ অবি/ প্রবি-১/৩ পি-৫/২০০৫/ (অংশ-১)/৭৯

তারিখ: ২২/০২/১৪১৭ বঙ্গাব্দ
০৫/০৫/২০১০ খ্রিষ্টাব্দ

বিষয়: **জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের ফলে উদ্ভুত সমস্যার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: বাস্তবায়ন অনুবিভাগের ২২/৪/২০১০ খ্রিঃ তারিখের ০৭.১৬১.০২২.০০.০০.০০.০০১.২০১০-১০১ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রবিধি অনুবিভাগের মতামত/ সিদ্ধান্ত নির্দেশক্রমে নিম্নের ৫নং কলামে প্রদান করা হলো:-

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট উপ-অনুচ্ছেদ | প্রবিধি অনুবিভাগের মতামত/ সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮. | জাতীয় বেতন স্কেল, ০৯ এর অনুচ্ছেদ-৬ এর উপ-অনুচ্ছেদ ৪(খ) এ মাসিক নীট পেনশন প্রাপ্ত অবসরভোগী ৬৫ বৎসরের উর্ধ্বে কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাবে। এ ক্ষেত্রে পারিবারিক পেনশনার ও প্রতিবন্ধী পেনশনারগণের পেনশন বৃদ্ধির পরিমাণ ৪০% হবে নাকি ৫০% হবে? | এ কার্যালয়ের মতে পারিবারিক পেনশনার ও প্রতিবন্ধী প্রতিবন্ধী পেনশনারগণের বয়স ৬৫ বছরের উর্ধ্বে হলেই ৫০% পেনশন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। | ৬ (৪) (খ): মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘ ভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৬ (৪) (খ) উপানুচ্ছেদের মর্মানুযায়ী চাকুরে নিজে পেনশনার হলে তাঁর ক্ষেত্রে ৫০% পেনশন বৃদ্ধি পেয়েছে এবং অন্যান্যদের ক্ষেত্রে ৪০% বৃদ্ধি হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজেই শুধুমাত্র মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসর ভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি পেয়েছে এবং পারিবারিক পেনশনভোগী ও প্রতিবন্ধী পারিবারিক পেনশনভোগীগণের পেনশন বৃদ্ধি হয়েছে ৪০%। |
| ৯. | ০১/৭/২০০৯ খ্রিঃ এর পরে পেনশনারদের বয়স যখন ৬৫ বছর বা তদূর্ধ্ব হবে তারা ৫০% বৃদ্ধি পাবে কি না? | এ কার্যালয়ের মতে ০১/৭/২০০৯ খ্রিঃ এর পর পেনশনারদের বয়স ৬৫ বছরের উর্ধ্বে হলে ৫০% বৃদ্ধির সুবিধা পাবে। | ৬ (৪) (খ): মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসর ভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘ ভাতা (নীট পেনশনের ২০%) বিলুপ্ত হইবে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৬ (৪) (খ) উপানুচ্ছেদের মর্মানুযায়ী ০১/৭/২০০৯ খ্রিঃ তারিখের পর পেনশনারগণের বয়স যখন ৬৫ বছর উর্ধ্ব হবে তখনই তাঁদের পেনশন ৫০% বৃদ্ধি পাবে। তবে ৬৫ বৎসরের নিম্নে থাকাবস্থায় ৪০% বৃদ্ধির সুবিধাপ্রাপ্তদের উক্ত ৪০% এর সাথে ১০% যোগকরে মোট ৫০% বৃদ্ধি পাবে। |
| ১২. | অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারী ৬৫ বৎসরের উর্ধ্বে উপনীত হয়ে নীট পেনশনের ৫০% বৃদ্ধির সুবিধা গ্রহণ করার পর মৃত্যুবরণ করলে তার পরিবার পারিবারিক পেনশনের উক্ত ৫০% বৃদ্ধির সুবিধাসহ নীট পেনশন প্রাপ্য হবেন কি না? | মূল পেনশনার ৫০% বৃদ্ধিসহ যে নীট পেনশন গ্রহণ করেছেন উহাই পারিবারিক নীট পেনশন হিসাবে প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। | ৬ (৪) (খ): মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাইবে। বেতন স্কেল, ২০০৯ কার্যকর হইবার তারিখ হইতে মহার্ঘ ভাতা (নীট পেনশনের ২০%) | পেনশনারের মৃত্যুর সময় নীট পেনশনের পরিমাণ যা হবে পারিবারিক পেনশনভোগীগণ সম্মিলিতভাবে তা-ই পাবে। এ ক্ষেত্রে কমানোর কোন সুযোগ নেই। কাজেই অবসর ভোগী কর্মকর্তা/ কর্মচারী ৬৫ বৎসরের উর্ধ্বে উপনীত হয়ে নীট পেনশনের ৫০% বৃদ্ধির সুবিধা গ্রহণ করার পর |

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর সংশ্লিষ্ট উপ-অনুচ্ছেদ | প্রবিধি অনুবিভাগের মতামত/ সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | বিলুপ্ত হইবে। | মৃত্যুবরণ করলে তার পরিবারিক পেনশনভোগীগণ সম্মিলিতভাবে উক্ত ৫০% বৃদ্ধির সুবিধাসহ নীট পেনশন প্রাপ্য হবেন। |
| ১৩. | পারিবারিক পেনশনভোগীদের বয়স কিসের ভিত্তিতে নিরূপন করা হবে। | যে সকল পারিবারিক পেনশনভোগীদের এসএসসি পাশের সনদ রয়েছে উহার ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের পেনশন নির্ধারণ করতে হবে। অন্যান্য ক্ষেত্রে পেনশন কেইস দাখিল করার সময় যে বয়স দেখানো হয়েছে উহার ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপন করতে হবে। যদি সে সময় বয়স না দেখানো হয়ে থাকে তাহলে জাতীয় পরিচয় পত্রের উল্লিখিত বয়সের ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপন করতে হবে। | ১৩ (২): ৬৫ বৎসরের উর্ধ্বে পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০ (এক হাজার) টকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০ (সাত শত) টাকা হবে। | জাতীয় পরিচয় পত্রে উল্লিখিত বয়সের ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপন করতে হবে। তবে যে সকল পারিবারিক পেনশনভোগীগণের জাতীয় পরিচয় পত্র নেই তাদের ক্ষেত্রে এসএসসি পাশের সনদে উল্লেখিত বয়সের ভিত্তিতে এবং যাদের জাতীয় পরিচয়পত্র ও এসএসসি সনদ নেই, তাদের ক্ষেত্রে পেনশন কেইস দাখিল করার সময় যে বয়স দেখানো হয়েছে তার ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীগণের বয়স নিরূপন করতে হবে। |
| ১৫. | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ নং-১৩ তে চিকিৎসা ভাতা ৬৫ বৎসরের উর্ধ্ব পেনশনারদের মাসিক ১০০০ টাকা এবং অন্যান্যদের ক্ষেত্রে মাসিক ৭০০/- টাকা বৃদ্ধি করা হয়েছে। এ আদেশে উল্লিখিত সুবিধা প্রদানের নিমিত্তে মাসিক নীট পেনশনপ্রাপ্ত পারিবারিক পেনশন ভোগীর বয়স ৬৫ বৎসরের উর্ধ্বে গণনার ক্ষেত্রে সংশ্লিষ্ট মৃত চাকরিজীবীর বয়স গণনা করা হবে, না কি পারিবারিক পেনশন ভোগীর বয়স গণনা করা হবে তা সম্পষ্ট নয় বিধায় বিষয়টি স্পষ্টীকরণ প্রয়োজন। | উভয় ক্ষেত্রেই অর্থাৎ বর্তমানে যিনি পেনশন ভোগ করছেন তার বয়স গণনা করে চিকিৎসা ভাতার সুবিধা প্রাপ্য হবেন মর্মে | ১৩ (২): ৬৫ বৎসরের উর্ধ্বে পেনশনারদের চিকিৎসা ভাতা মাসিক ১০০০ (এক হাজার) টাকা এবং অন্যান্য পেনশনারদের ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ৭০০ (সাত শাত) টাকা হবে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৩ (২) অনুচ্ছেদের মর্মানুযায়ী পেনশনার বলতে যারা বর্তমানে পেনশন ভোগ করছেন তাদেরকে বুঝানো হয়েছে। মৃত ব্যক্তির পেনশনার হবার সুযোগ নেই। অতএব ৬৫ বৎসরের উর্ধ্ব পেনশনার এবং ৬৫ বৎসরের উর্ধ্বের পারিবারিক পেনশনভোগী- উভয় ক্ষেত্রেই বর্তমানে যিনি পেনশন ভোগ করছেন তাঁর বয়স গণনা করে চিকিৎসা ভাতার সুবিধা প্রদান করতে হবে। |

মোঃ ইউনুচ আলী খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

সিনিয়র সহকারী সচিব,
বাস্তবায়ন-১ শাখা,
অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-০৭.১৬১.০২২.০০.০০.০০১.২০১০-১৭৫ তারিখ: ১৭/০৬/২০১০

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের ফলে উদ্ভুত সমস্যার বিষয়ে মতামত প্রদান।**

সূত্র: নং - সিজিএ/ পদ্ধতি-১/ জাঃ বেঃ স্কেল/২০০৮/৫৪৭/৭৮৮/ তাং - ২১/০৩/১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রক্ত পত্রের পরিপেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের ফলে উদ্ভুত সমস্যার বিষয়ে অর্থ বিভাগের সুনির্দিষ্ট মতামত (ছকে প্রদত্ত) নিম্নরূপভাবে কার্যকর হবে।

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের মতামত |
|---|---|---|---|
| ১ | অনুচ্ছেদ: ৬(২) (ক) অনুযায়ী ১-৭-২০০৯ খ্রিঃ তারিখের পূর্বে নূতন নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারী, যিনি কোন বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা পাননি, তিনিও কি সর্বোনিম্ন ২০০০ টাকার সুবিধা প্রাপ্য হবেন? | তাদের ক্ষেত্রে উক্ত সুবিধা প্রযোজ্য হবে মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ২ | অনুচ্ছেদ: ৬(৩)(খ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৫ম গ্রেডে ০১-০১-২০০৫ তারিখে সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্ত কর্মকর্তাদের বেতন নির্ধারণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের ১৫১ নম্বর এবং বেতন সমতাকরণ সংক্রান্ত ১৫২ নম্বর স্মারকসমূহের কার্যকারিতা ০১-০৭-০৯ তারিখ হতে রহিত করা হয়েছে। ২য় শ্রেণীর কর্মকর্তাদের ৯ম গ্রেডে ০১-০১-০৫ তারিখে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের ৫/৭/২০০৭ খ্রিঃ তারিখের ১০১ নম্বর স্মারকের কার্যকারিতা রহিত করার বিষয়ে কিছুই উল্লেখ করা হয়নি। ফলে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের ০১-০৭-০৯ তারিখের বেতন নির্ধারণ কি ভাবে হবে? | এ ক্ষেত্রে স্মারক নং -১০১ তারিখ ০৫/০৭/২০০৭ খ্রিঃ আদেশটি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ নং ৬(৩)(গ) অনুযায়ী রহিত করা যেতে পারে মর্মে এ কার্যালয় মনে করে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৬(৩)(খ) -এ বর্ণিত ১১৩, ১৫১ও ১৫২ সংখ্যক স্মারকসমূহের সূত্রে সুবিধা প্রাপ্ত কর্মকর্তাগণের বেতন ৬(৩)(গ) অনুযায়ী বেতন নির্ধারণের কথা বলা হয়েছে। ৬(৩)(গ) -তে কর্মকর্তাগণ বলতে ১১৩, ১৫১ ও ১৫২ নং স্মারক সুবিধাপ্রাপ্ত কর্মকর্তাগণকেই বুঝানো হয়েছে। এ বিষয়ে একটি সুস্পষ্ট উদাহরণও উল্লেখ করা হয়েছে। এ ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ৫/৭/২০০৭ খ্রিঃ তারিখের ১০১ নম্বর স্মারক অনুযায়ী সুবিধাপ্রাপ্ত কর্মকর্তা সম্পর্কে কিছুই বলা হয়নি। অর্থ বিভাগের ২৮/৩/২০১০ তারিখের ২৬ নং স্মারকে করসপেন্ডিং স্কেলের পরিবর্তে ০১/০১/২০০৫ তারিখে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণের সুবিধা ছিল মর্মে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ জাতীয় বেতন স্কেল ২০০৫ - এ উক্ত সুবিধা ছিল কিন্তু জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ উল্লিখিত সুবিধা রাখা হয়নি। সুতারাং ইতোমধ্যে সুবিধাপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে ৫/৭/২০০৭ খ্রিঃ তারিখের ১০১ নম্বর স্মারকের কার্যকারিতা বহাল আছে। |
| ৩ | অনুচ্ছেদ: ৬(৩)গ(১) অনুচ্ছেদে ৫ম গ্রেডে ০১-০১-০৫ তারিখে সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণের উদাহরণের উচ্চধাপ দেখানো হয়েছে। এমতাবস্থায়, যে সকল কর্মকর্তা ০১-০১-২০০৫ তারিখে ৫ম গ্রেড স্কেলে সিলেকশন গ্রেড স্কেলে সিলেকশন গ্রেড স্কেলে নিম্নধাপে বেতন নির্ধারণ করা হয়েছে তাদেরকে উচ্চধাপে পূনঃবেতন নির্ধারণ করা হয়েছে তাদেরকে উচ্চধাপে পূনঃবেতন নির্ধারণপূর্বক বকেয়া প্রদান করা যাবে কি না? | এ ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৬(৩)(গ)(১) অনুযায়ী উচ্চধাপে বেতন নির্ধারণ করে পুনরায় বকেয়া বেতন প্রদান করা যেতে পারে। | মতামত পরবর্তীতে জানানো হবে। |

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের মতামত |
|---|---|---|---|
| ৪ | অনুচ্ছেদ: ৭(২) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ ০১-০৭-০৯ তারিখের পূর্বের চাকরির মেয়াদদের ভিত্তিতে ৮ ও ১২ বৎসর পূর্তিতে ১ম ও ২য় টাইমস্কেলের সুবিধা শুধুমাত্র বেতন নির্ধারণের জন্য প্রযোজ্য হওয়ার কথা বলা হয়েছে। এ ক্ষেত্রে প্রশাসনিক মঞ্জুরীর প্রয়োজনীয়তা আছে কিনা? | চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে টাইমস্কেল প্রাপ্য হওয়ার কথা উল্লেখ থাকায় এক্ষেত্রেও প্রশাসনিক মঞ্জুরীর আবশ্যকতা রয়েছে মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ৫ | অনুচ্ছেদ: ৬(৩) ১, ২ উপ-অনুচ্ছেদের পদ্ধতিতে বেতন নির্ধারণ করায় ৩০-০৬-০৯ খ্রিঃ তারিখের বেতন নির্ধারিত হয় ১৬,৫০০ টাকা। উক্ত সময়ে উত্তোলন করেন ১৭,৬০০ টাকা। ০১-০৭-০৯ তারিখে মূল বেতন ২৫,৮৫০ টাকা এক্ষেত্রে ০১-০৭-০৯ খ্রিঃ হতে ৩০-১১-০৯ খ্রিঃ এর বকেয়া পরিশোধের ক্ষেত্রে ২৫,৮৫০ টাকা থেকে ১৬,৫০০ টাকা এর কোন অংকটি বিয়োগ করতে হবে? | এ ক্ষেত্রে ২৫,৮৫০ টাকা থেকে ১৬,৫০০ টাকা বিয়োগ করে বকেয়া প্রদান করতে হবে। কারণ ৩০/১১/০৯ খ্রিঃ তারিখের পূর্বে গৃহীত অতিরিক্ত অর্থ ফেরতযোগ্য নয়। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ৬ | সাকুল্য বেতনের কর্মচারীদের মহার্ঘভাতা প্রদান করা যাবে কিনা? | সর্বসাকুল্য বেতন ০১/০৭/০৯ খ্রিঃ তারিখ হতে নতুন ভাবে প্রবর্তনের ফলে মহার্ঘভাতা প্রাপ্য নয়। | সিজিএ কার্যালয়ের সাথে একমত |
| ৭ | স্কেল ভিত্তিক আনুষঙ্গিক কর্মচারীদের জাতীয় বেতন স্কেল, ০৯ এর আওতায় আনা হবে কি না? | স্কেল ভিত্তিক আনুষাঙ্গিক কর্মচারীদের জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর আওতায় আনা যাবে না মর্মে এ কার্যালয় মনে করে। | মতামত পরে জানানো হবে। |
| ৮ | জাতীয় বেতন স্কেল, ০৯ এর অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ ৪(খ) এ মাসিক নীট পেনশন প্রাপ্ত অবসরভোগী ৬৫ বছরের উর্ধ্বে কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি এবং অন্যান্যদের ক্ষেত্রে নীট পেনশনের পরিমাণ ৪০% বৃদ্ধি পাবে। এক্ষেত্রে পারিবারিক পেনশনার ও প্রতিবন্ধী পেনশনারগরণর পেনশন বৃদ্ধির পরিমাণ ৪০% হবে নাকি ৫০% হবে? | এ কার্যালয়ের মতে পারিবারিক পেনশনার ও প্রতিবন্ধি পেনশনারগণের বয়স ৬৪ বছরের উর্ধ্বে হলেই ৫০% পেনশন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। | জাতীয় বেতন স্কেল ০৯ এর ৬(৪)(খ) উপানুচ্ছেদের মর্মানুযায়ী চাকুরে নিজে পেনশনার হলে তার ক্ষেত্রে ৫০% পেনশন বৃদ্ধি পেয়েছে এবং অন্যান্যদের ক্ষেত্রে ৪০% বৃদ্ধি হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজেই শুধুমাত্র মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ৬৫ বছর উর্ধ্বে কর্মকর্তা/ কর্মচারীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি পেয়েছে এবং পারিবারিক পেনশনভোগী ও প্রতিবন্ধী পারিবারিক পেনশনভোগীগণের পেনশন বৃদ্ধি হয়েছে ৪০% |
| ৯ | ০১/০৭/২০০৯ খ্রিঃ এর পরে পেনশনারদের বয়স যখন ৫০ বছর বা তদূর্ধ্ব হবে তারা ৫০% বৃদ্ধি পাবে কি না? | এ কার্যালয়ের মতে ০১-০৭-২০০৯ খ্রিঃ এর পর পেনশনারদের বয়স ৬৫ বছরের উর্ধ্বে হলে ৫০% বৃদ্ধির সুবিধা পাবে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৬ (৪) (খ) উপানুচ্ছেদের মর্মানুযায়ী ০১৭/২০০৯ খ্রিঃ তারিখের পর পেনশনারগণের বয়স যখন ৬৫ বছর উর্ধ্ব হবে তখনই তাদের পেনশন ৫০% বৃদ্ধি পাবে তবে ৬৫ বৎসরের নিম্নে থাকাবস্থায় ৪০% বৃদ্ধির সুবিধাপ্রাপ্তদের উক্ত ৪০% এর সাথে ১০% যোগকরে মোট ৫০% বৃদ্ধি পাবে। |

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের মতামত |
|---|---|---|---|
| ১০ | জাতীয় বেতন স্কেল/০৯ এর ৩(ক) ও ১১ অনুচ্ছেদ অনুযায়ী অন্যান্য সকল ভাতাদি ৩০/৬/০৯ খ্রিঃ তারিখে প্রাপ্য অংকে ৩০/৬/১০ খ্রিঃ জুন পর্যন্ত প্রদান করা হবে। অপরদিকে জাতীয় বেতন স্কেল/০৯ এর ১৪ অনুচ্ছেদে বাড়িভাড়া ভাতা ০১/৭/০৯ খ্রিঃ হতে ৩০/৬/১০ খ্রিঃ এর মধ্যে প্রাপ্ত বার্ষিক ইনক্রিমেন্ট যোগ হলেও জাতীয় বেতন স্কেল/০৯ প্রবর্তন না হলে যে হারে বাড়ী ভাড়া প্রাপ্য হত, একই হারে ৩০/৬/১০ খ্রিঃ পর্যন্ত প্রাপ্য হবেন বলে উল্লেখ থাকায় সংশয়ের সৃষ্টি হয়েছে। | জাতীয় বেতন স্কেল/০৫ অনুযায়ী ০১/৭/০৯ খ্রিঃ হতে ৩০/৬/১০ খ্রিঃ পর্যন্ত সকল কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্ট যোগ হলে যে হারে বাড়ীভাড়া প্রাপ্য হতেন সে হারে বাড়ীভাড়া ভাতা হবে মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ১১ | ০১/০১/০৫ খ্রিঃ তারিখ সিলেকশন গ্রেড প্রাপ্ত জাতীয় বেতন স্কেল/০৯এর ৬/ (৩) (গ) অনুচ্ছেদ অনুযায়ী বেতন নির্ধারণকারীদের বেতন নির্ধারণসম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা আছে। কিন্তু কি হারে ০১/১২/০৯ খ্রিঃ তারিখ হতে বাড়িভাড়া প্রাপ্য হবে তা সুস্পষ্ট উল্লেখ নেই। ফলে বাড়ীভাড়া প্রাপ্যতা সম্পর্কে সংশয় সৃষ্টি হয়েছে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ১৪(১) অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০০৯ প্রবর্তন না হলে যে বেতন প্রাপ্য হতেন উহার উপর বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হবে মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ১২ | কোন অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারী ৬৫ বৎসরের উর্ধ্বে উপনীত হয়ে নীট পেনশনের ৫০% বৃদ্ধির সুবিধা গ্রহণ করার পর মৃত্যুবরণ করলে তার পরিবার পারিবারিক পেনশন উক্ত ৫০% বৃদ্ধির সুবিধাসহ নীট পেনশন প্রাপ্য হবেন কি-না? | মূল পেনশনার ৫০% বৃদ্ধিসহ যে নীট পেনশন গ্রহণ করেছেন উহাই পারিবারিক নীট পেনশন হিসাবে প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। | পেনশনারের মৃত্যুর সময় নীট পেনশনের পরিমাণ যা হবে পারিবারিক পেনশনভোগীগণ সম্মিলিতভাবে তা-ই পাবে। এ ক্ষেত্রে কমানোর কোন সুযোগ নেই। কাজেই অবসরভোগী কর্মকর্তা/ কর্মচারী ৬৫ বৎসরের উর্ধ্বে উপনীত হয়ে নীট পেনশনের ৫০% বৃদ্ধির সুবিধা গ্রহণ করার পর মৃত্যু বরণ করলে তার পারিবারিক পেনশনভোগীগণ সম্মিলিতভাবে উক্ত ৫০% বৃদ্ধির সুবিধাসহ নীট পেনশন প্রাপ্য হবে। |
| ১৩ | পারিবারিক পেনশনভোগীদের বয়স কিভাবে কিসের ভিত্তিতে নিরূপণ করা হবে। | যে সকল পারিবারিক পেনশনভোগীদের এসএসসি পাসের সনদ রয়েছে উহার ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপণ করতে হবে। অন্যান্য ক্ষেত্রে পেনশন কেইস দাখিল করার সময় যে বয়স দেখানো হয়েছে উহার ভিত্তিতে পারিবারিক পেনশন ভোগীদের বয়স নিরূপণ করতে হবে। যদি সে সময় বয়স না থাকে তাহলে জাতীয় পরিচয় পত্রের উল্লিখিত বয়সের ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপণ করতে হবে। | জাতীয় পরিচয় পত্রে উল্লিখিত বয়সের ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীদের বয়স নিরূপণ করতে হবে। তবে যে সকল পারিবারিক পেনশনভোগীগণের জাতীয় পরিচয় পত্র নেই তাদের ক্ষেত্রে এসএসসি পাসের সনদে উল্লিখিত বয়সের ভিত্তিতে এবং যাদের পরিচয় পত্র ও এসএসসি সনদ নেই, তাদের ক্ষেত্রে পেনশন কেইস দাখিল করার সময় যে বয়স দেখানো হয়েছে তার ভিত্তিতে পারিবারিক পেনশনভোগীগণের বয়স নিরূপণ করতে হবে। |
| ১৪ | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৬(২) ধারা অনুযায়ী কোন কর্মকর্তা/ কর্মচারী ৩০ জুন, ২০০৯ তারিখের পর বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হলে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হবেন তার পূর্ববর্তী মাসের মূলবেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হবে। সে অনুযায়ী সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের বেতন নির্ধারণপূর্বক বেতনের বকেয়া প্রদানের সময় ইতিপূর্বে ইনক্রিমেন্টসহ প্রদত্তাংশ কেটে বিভিন্ন কার্যালয় হতে বকেয়া প্রদান করা হচ্ছে। ইহা সঠিক কি না? | জাতিয় বেতন স্কেল, ২০০৯ এর ১৬(২) অনুযায়ী উৎসব ভাতার সাথে ইনক্রিমেন্টসহ উৎসব ভাতা প্রদত্ত হলে ইনক্রিমেন্ট এর অংশ কর্তনযোগ্য হবে মর্মে এ কার্যালয় মনে করে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ ঘোষণা না করা হলে কর্মকর্তা/ কর্মচারীগণ যে হারে উৎসব ভাতা পেতেন তার অতিরিক্ত প্রদত্ত হলে তা কর্তনযোগ্য। |

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের মতামত |
|---|---|---|---|
| ১৫ | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ নং - ১৩ তে চিকিৎসা ভাতা ৬৫ বৎসরের উর্ধ্বে পেনশনারদের মাসিক ১০০০ টাকা এবং অন্যান্য ক্ষেত্রে ৭০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। এ আদেশে উল্লিখিত সুবিধা প্রদানের নিমিত্তে মাসিক নীট পেনশনপ্রাপ্ত পারিবারিক পেনশন ভোগীর বয়স ৬৫ বছরের ঊর্ধ্বে গণনার ক্ষেত্রে সংশ্লিষ্ট মৃত চাকরিজীবীর বয়স গণনা হবে, না কি পারিবারিক পেনশন ভোগীর বয়স গণনা করা হবে তা স্পষ্ট নয় বিধায় বিষয়টি স্পষ্টীকরণ প্রয়োজন। | উভয় ক্ষেত্রেই অর্থ্যাৎ বর্তমানে যিনি পেনশন ভোগ করছেন তার বয়স গণনা করে চিকিৎসা ভাতার সুবিধা প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৩(২) অনুচ্ছেদের মর্মানুযায়ী পেনশনার বলতে যারা বর্তমান পেনশন ভোগ করছেন তাদেরকে বুঝানো হয়েছে। মৃত ব্যক্তির পেনশনার হবার সুযোগ নেই। অতএব ৬৫ বৎসরের উর্ধ্বে পেনশনার এবং ৬৫ বৎসরের উর্ধ্বের পারিবারিক পেনশনভোগী - উভয় ক্ষেত্রেই বর্তমানে যিনি পেনশন ভোগ করছেন তার বয়স গণনা করে চিকিৎসা ভাতা প্রদান করতে হবে। |
| ১৬ | ০১/৭/২০০৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০১০ খ্রিঃ তারিখের মধ্যে কোন কর্মচারী/ কর্মকর্তা টাইম-স্কেল, সিলেকশন গ্রেড, পদোন্নতি ও নবনিয়োগপ্রাপ্ত হলে সে ক্ষেত্রে তারা বাড়ী ভাড়া কিভাবে পাবেন বা কোন তারিখের Basic এর উপর বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হবেন। | এক্ষেত্রে জাতীয় বেতন স্কেল/২০০৯ প্রবর্তন না হলে, যে স্কেলে টাইম-স্কেল, সিলেকশন গ্রেড, পদোন্নতি ও নবনিয়োগপ্রাপ্ত হতেন সে স্কেলের মূল বেতনের উপর জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ ১৪(১) অনুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ১৭ | জাতীয় বেতন স্কেল/২০০৯ এ যদি পদোন্নতি না হতো ভিত্তিতে বেতন নির্ধারণের বিধান না থাকায় জুনিয়র কর্মচারী/ কর্মকর্তা, সিনিয়র কর্মচারী/ কর্মকর্তার চেয়ে বেতন বেশী পাচ্ছে। সে ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল/২০০৫ এর অনুচ্ছেদ নং-৬(১)(ঙ) এর ন্যায় যদি পদোন্নতি না হত ভিত্তিতে ০১/০৭/২০০৯ খ্রিঃ তারিখে বেতন নির্ধারণ করা যাবে কি-না? | জুনিয়র/ সিনিয়র কর্মচারী/ কর্মকর্তার বেতন বৈষম্য দূরীকরণার্থে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৬(১)(ঙ) এর ন্যায় যদি পদোন্নতি না হত ভিত্তিতে ০১/০৭/২০০৯ খ্রিঃ তারিখেও বেতন নির্ধারণ করা যায় মর্মে এ কার্যালয় মনে করে। | যদি পদোন্নতি না হত এসব বিষয় Case to Case নথি পর্যালোচনা করে নিষ্পত্তি করা যেতে পারে (বাস্তবায়ন অনুবিভাগের ২৮/৩/১০ তারিখের ২৬ নং স্মারক অনুযায়ী)। |
| ১৮ | যে সকল ৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা অর্থ মমত্রণালয়ের স্মারক নং - ১১৩ তাং - ০৯/০৭/২০০৮ খ্রিঃ স্মারক নং - ১৫১ তাং - ১৪/০৯/২০০৮ খ্রিঃ এবং স্মারক নং - ১৫২ তাং -১৫/০৯/২০০৮ খ্রিঃ অনুযায়ী এখনও কোন আর্থিক সুবিধা গ্রহণ করেন নাই তারাও এ সুবিধা ৩০/১১/২০০৯ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্য হবেন কি-না? | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৬(৩)(গ)(২) অনুযায়ী যারা এখন পর্যন্ত এ সুবিধা গ্রহণ করেননি তারাও ৩০/১১/২০০৯ খ্রিঃ তারিখ পর্যন্ত এ সুবিধা প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। | সিজিএ কার্যালয়ের সাথে একমত। |
| ১৯ | জাতীয় বেতন স্কেল/২০০৯ এর অনুচ্ছেদ ১৬(২) এ উল্লেখ রয়েছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ তারিখের পর কোন কর্মকর্তা/ কর্মচারী বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হলে সে ক্ষেত্রে তিনি যে তারিখে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হবেন তার পূর্ববর্তী মাসের মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হবে। তবে শ্রান্তি বিনোদন ভাতার ক্ষেত্রে কোন কিছু উল্লেখ করা হয় নি। | শ্রান্তি ও বিনোদন ভাতা উৎসব ভাতার ন্যায় প্রাপ্য। তবে জাতীয় বেতন স্কেল/২০০৯ জারির পূর্বে যে সকল কর্মকর্তা/ কর্মচারী ০১/০৭/২০০৯ তারিখ বা তার পরে বার্ষিক ইনক্রিমেন্টসহ শ্রান্তি ও বিনোদন ভাতা গ্রহণ করেছেন তাদের নিকট হতে উক্ত ইনক্রিমেন্ট জনিত বর্ধিত টাকা আদায়যোগ্য হবে মর্মে এ কার্যালয় মনে করে। | জাতীয় বেতন স্কেল, ২০০৯ ঘোষণা না করা হলে কর্মকর্তা/ কর্মচারীগণ যে হারে বেতন পেতেন সে হারে শ্রান্তিবিনোদন ভাতা প্রাপ্য হবেন। |

| ক্রঃ নং | সমস্যাসমূহ | সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের মতামত |
|---|---|---|---|
| ২০ | ০১/০১/২০০৫ তারিখ হতে ৩০/১১/২০০৯ খ্রিঃ তারিখের মধ্যে ৬ষ্ঠ গ্রেডে স্কেল প্রাপ্ত যে সকল ১ম শ্রেণীর কর্মকর্তাগণ অবসর গ্রহণ করেছেন, সে সকল কর্মকর্তাগণের মধ্যে যাদের প্রশাসনিক জটিলতার কারণে ০১/০১/২০০৫ খ্রিঃ তারিখে অর্থ বিভাগের ১৪/০৯/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং-১৫১ এবং ১৫/৯/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং - ১৫২ মোতাবেক ৫ম গ্রেডে সরাসরি সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা হয়নি/ বেতন নির্ধারণে বিলম্ব হয়েছে সে ক্ষেত্রে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণীর ভিত্তিতে তারা আনুতোষিক প্রাপ্য হবেন কি-না? | ৩০/১১/২০০৯ খ্রিঃ তারিখ পর্যন্ত যারা সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণ প্রাপ্য ছিলেন তারা সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণ করে পেনশন ও আনুতোষিক গ্রহণ করতে পারবেন মর্মে এ কার্যালয় মনে করে। | বর্ণিত ১৫১ ও ১৫২ নং স্মারকের বিষয়ে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। উক্ত কমিটির সিদ্ধান্তের পর বিষয়টিতে মতামত প্রদান করা হবে। |
| ২১ | অর্থ বিভাগের ০৯/০৭/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং - ১১৩, ১৪/৯/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং - ১৫১ এবং ১৫/০৯/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং - ১৫২ মোতাবেক ৫ম গ্রেডে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণীর ভিত্তিতে তারা আনুতোষিক প্রাপ্য হবেন কি-না? | জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ নং-৬(৩)(গ) অনুযায়ী সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করে ৩০/১১/২০০৯ খ্রিঃ পর্যন্ত বকেয়া বেতন ভাতাদি প্রদান করা যেতে পারে মর্মে এ কার্যালয় মনে করে। | বর্ণিত ১৫১ ও ১৫২ নং স্মারকের বিষয়ে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। উক্ত কমিটির সিদ্ধান্তের পর বিষয়টিতে মতামত প্রদান করা হবে। |

মফিজ উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা -১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ মাঘ ১৪১৭/১৭ জানুয়ারী ২০১১

এস.আর.ও নং–১৫-আইন/২০১১/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০১০।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশের অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (৬) এর পরিবর্তে নিম্মরূপ উপ-অনুচ্ছেদ (৬) প্রতিস্থাপিত হবে, যথা:-

'(৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ৮ বছর অথবা উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদমহ ৮ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বা যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপ-সচিব পদসহ সাকুল্যে ৮ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০–৩৩৭৫০ টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ছাড়া ০১-০৭-২০০৯ তারিখের পূর্বের কোন বকেয়া প্রাপ্য হবেন না:

তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম-স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না'

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৪ মাঘ ১৪১৭/১৭ জানুয়ারী ২০১১

এস.আর.ও নং–১৬-আইন/২০১১/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০১০।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (বাংলাদেশ পুলিশ) এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশের অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) প্রতিস্থাপিত হবে, যথা:-

'(৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ৮ বছর অথবা উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদমহ ৮ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বা যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপ-সচিব পদসহ সাকুল্যে ৮ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০–৩৩৭৫০ টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ছাড়া ০১-০৭-২০০৯ তারিখের পূর্বের কোন বকেয়া প্রাপ্য হবেন না:

তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম-স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না'।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ আশ্বিন, ১৪১৮/ ২৯ সেপ্টেম্বর, ২০১১

এস.আর.ও নং–৩০২আইন/২০১১/০৭.১৬১.০০০.০০.০০.০১৮.২০১০-২৩৪।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস.আর.ও নং–২৫৫ আইন/ ২০০৯/ অম/ অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-১/ ২০০৯/ ২৩২ তারিখ-০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারিকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ঞ) এর শেষে দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নতুন দফা (ট) সংযোজিত হইবে, যথা:-

'(ট) জাতীয় বেতন স্কেল, ২০০৯ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০৭-২০০৯ খ্রিঃ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ২০০৯ তে নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাঁহার জাতীয় বেতন স্কেল, ২০০৯-তে যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন, ০১-০৭-২০০৯ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৯ তে প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।

>
> Provided that this provision will be attracted in cases where the junior person whose pay exceeds that of his senior was given before 1-7-77, or is given after 30-6-1977 as personal pay, Special pay, Deputation pay, advance increment for higher qualification etc., or any other payment in the nature of pay.'

This Notification shall be deemed to have taken effect from 1-7-1977.

By Order of the President

**K.A. MANNAN**
Joint Secretary

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINSTRY OF FINANCE
IMPLEMENTATION DIVISION

## NOTIFICATION

No. MF/(ID)-II/P-/78 Pt.964, Dated, the 18th July, 1980

In exercise of the powers conferred by Section 5 of the Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975), the Government is pleased to make the following further amendments in the Services (Bank and Financial Institutions) (Pay and Allowances) Order, 1978, issued under this Division's Notification No. MF(ID) -5/ 78/ 1025, Dated the 15th September, 1978 namely:-

In the aforesaid Order, in paragraph 5, sub-paragraph (I) after clause (d) the following new clause (e) shall be inserted namely:

'(e) If as a consequence of the earlier date of increment, the pay of a person becomes higher than that of another who is senior to him in the gradation list for the same cadre and whose pay on 30-6-1977 was not less than that of the junior person, the date of increment of the senior person shall be advance to equalise his pay with the pay of the first mentioned person:

Provided that this provision will be attracted in cases where the junior person whose pay exceeds that of his senior was given before 1-7-77, or is given after 30-6-1977 as personal pay, Special pay, Deputation pay, advance increment for higher qualification etc., or any other payment in the nature of pay.'

This Notification shall be deemed to have taken effect from 1-7-1977.

By Order of the President

**K.A. MANNAN**
Joint Secretary

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINSTRY OF FINANCE
FINANCE DIVISION
(IMPLEMENTATION WING)
SECTION-I

No.MF/FD(IMP)-1/MNS-23(G)/85/137 Dated 21.12.85

In exercise of the powers conferred by section 5 of the Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975), the Government is pleased to make the following further amendment in the Modified New Scales of Pay, 1985 Orders issued vide SRO 354-L/ 85/ MF/ FD (Imp1)-1/ MNS-16/ 85-58 dated 5.8.1985, SRO 355-L/ 85/ MF/ FD (Imp1)-1/ MNS-17/ 85-59 dated 5.8.1985, SRO 356-L/ 85/ MF/ FD (Imp1)-1/ MNS-18/ 85-60 dated 6.8.1985, SRO 358-L/ 85/ MF/ FD (Imp1)-1/ MNS-19/ 85-61 dated 7.8.1985 and SRO 359-L/ 85/ MF/ FD (Imp1)-1/ MNS-20/ 85-62 dated 8.8.1985 namely:-

In the aforesaid Orders, in paragraph 6, sub-paragraph (1) after clause (b) the following new clause (c) shall be inserted namely:-

'(c) If as a consequence of the earlier date of increment, the pay of a person becomes higher than that of another who is senior to him in gradation list for the same order/ post and whose pay on 31.5.85 was not less then that of the junior person, the date of increment of the senior person shall be advanced to equalise his pay with the pay of the first mentioned person:

Provided that this provision will not be attracted in cases where the pay of the junior person exceeds that of his senior because of Personal Pay, Personal Allowance, advance increment for higher qualification etc. or any other payment in the nature of pay, given before 1.6.85 or thereafter.

2. This Notification shall be deemed to have taken effect from 1.6.1985.

By Order of the President

H.R.Datta
Deputy Secretary

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন উইং
শাখা-৪

নং-এম,এফ/এফ,ডি(আই,এম,পি)৪/ইউ(জি)-৩০/৮৩/৬ তারিখ: ২১-২-১৯৮৬ ইং।

**বিষয়: নতুন জাতীয় স্কেল/ নতুন স্কেলে অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রাপ্ত সিনিয়রদের বেতন মডিফাইড নিউ স্কেলে অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রাপ্ত জুনিয়রদের বেতন অপেক্ষা কম হওয়ায় উদ্ভূত সমস্যা সম্পর্কিত।**

এ মর্মে সরকার অবহিত হয়েছে যে, সরকারি অফিস/ স্বায়ত্তশাসিত সংস্থা/ ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানের বিভিন্ন পদে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে অথবা প্লানিং ও ডিজাইন শাখায় কাজ করার জন্য স্নাতক/ এ,এম,আই,ই (AMIE) ডিগ্রির ভিত্তিতে যেসব ক্ষেত্রে অতিরিক্ত ইনক্রিমেন্টে নতুন জাতীয় স্কেল/ নতুন স্কেলে প্রদান করা হয় উহার উপর বাৎসরিক ইনক্রিমেন্টসহ ৩১-৫-১৯৮৫ তারিখে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে মডিফাইড নিউ স্কেলে ১-৬-১৯৮৫ তারিখে যথারীতি বেতন নির্ধারিত হওয়ার ফলে ১-৬-১৯৮৫ থেকে যারা একই ভিত্তিতে অনুরূপ অতিরিক্ত ইনক্রিমেন্ট মডিফাইড নিউ স্কেলে পেয়েছেন, তাঁদের বেতন তাঁদের সিনিয়র (অর্থাৎ ১-৬-৮৫ তারিখের পূর্বে যারা নতুন জাতীয় স্কেলে/ নতুন স্কেলে অনুরূপ ইনক্রিমেন্টে পেয়েছেন) অপেক্ষা বেশী হয়েছে। এর কারণে সিনিয়র ও জুনিয়রদের মডিফাইড নিউ বেতনে অসামঞ্জস্য সৃস্টি হয়েছে।

২। বিষয়টি বিবেচনা করে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ১-৬-১৯৮৫ তারিখের পূর্বে যাঁরা শিক্ষাগত/ কারিগরী যোগ্যতার ভিত্তিতে অথবা প্লানিং ও ডিজাইন শাখার কাজ করার জন্য প্রচলিত বিধান অনুসারে যে সংখ্যক অতিরিক্ত ইনক্রিমেন্ট পেয়েছিলেন এবং ৩১-৫-১৯৮৫ তারিখেও নতুন জাতীয় স্কেল নতুন স্কেলে মূল বেতনের সাথে উহা আহরণ করেছিলেন তাঁদের বেতন মডিফাইড নিউ স্কেলে নিম্নলিখিত পদ্ধতিতে ১-৬-১৯৮৫ তারিখে নির্ধারণ করতে হবে।

ক) যে ক্ষেত্রে প্রচলিত বিধান অনুসারে শিক্ষাগত/ কারিগরী যোগ্যতার ভিত্তিতে অথবা প্লানিং ও ডিজাইন শাখায় কাজ করার জন্যে যে সংখ্যক অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান করা হয়েছিল এবং ৩১-৫-১৯৮৫ তারিখেও উহা মূল বেতনের সাথে যুক্ত করে বেতন নির্ধারিত ও আহরিত হয়েছিল সেক্ষেত্রে মডিফাইডনিউ স্কেলে বেতন নির্ধারণের জন্যে মডিফাইড নিউ স্কেল আদেশ সম্বলিত বিজ্ঞপ্তির ৫(এ) অনুচ্ছেদে বর্ণিত মূল বেতন থেকে সমসংখ্যক ইনক্রিমেন্টের (শেষ প্রাপ্ত হারে) অংক বিয়োগ করে মূল বেতন নির্ধারণ করতে হবে,

খ) অতঃপর মডিফাইড নিউ স্কেল আদেশ সম্বলিত বিজ্ঞপ্তির ৫(বি), (সি) ও (ডি) অনুচ্ছেদের বিধান সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রয়োগ করতে হবে,

গ) উপরোক্ত (ক) ও (খ) এ বর্ণিত প্রক্রিয়ায় প্রাপ্ত বেতনের ভিত্তিতে বিজ্ঞপ্তির ৬(১)(এ) অনুচ্ছেদ অনুসারে মডিফাইড নিউ স্কেলে বেতন নির্ধারণ করতে হবে,

ঘ) উপরোক্ত (গ) অনুসারে নির্ধারিত মূল বেতন থেকে যে সংখ্যক ইনক্রিমেন্ট (ক) অনুসারে বিয়োগ করা হয়েছিল, সে সংখ্যক ইনক্রিমেন্ট মডিফাইড নিউ স্কেলের সংশ্লিষ্ট ছকে হিসাব করে ব্যক্তিগত বেতন (পিপি) হিসাবে আলাদাভাবে ১-৬-১৯৮৫ হতে প্রদেয় হবে এবং এই ব্যক্তিগত বেতন বিধি মোতাবেক বেতন গণ্য হবে।

৩। সরকার আরও সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ১-৬-১৯৮৫ তারিখ ও তারপর হতে যাঁরা শিক্ষাগত/ কারিগরী যোগ্যতার ভিত্তিতে অর্থাৎ প্ল্যানিং ও ডিজাইন শাখায় কাজ করার জন্যে যে অতিরিক্ত ইনক্রিমেন্ট মডিফাইড নিউ স্কেল আদেশ সম্বলিত বিজ্ঞপ্তির ১০ অনুচ্ছেদ অনুসারে প্রাপ্য হবেন তাঁদের স্কেলেও সেইসব ইনক্রিমেন্ট-এর অংক মূল বেতনের সাথে যুক্ত হবে না, তবে উহা ব্যক্তিগত বেতন হিসেবে আলাদাভাবে প্রদেয় হবে এবং ব্যক্তিগত বেতন বিধি মোতাবেক বেতন স্কেল হিসেবে গণ্য হবে।

৪। মডিফাইড নিউ স্কেল, ১৯৮৫ আদেশে এতদসংক্রান্ত প্রয়োজনীয় সংশোধনী যথাসময়ে জারি করা হবে।

এইচ, আর দত্ত
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন উইং, শাখা-৪

নং-এম,এফ/এফ,ডি(ইম,পি)(৪ইউ(জি)৩০/৮৩/৬৭ তারিখ: ২২/৫/১৯৮৬ ইং।

**বিষয়: নতুন জাতীয় স্কেল/ নতুন অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রাপ্ত সিনিয়রদের বেতন মডিফাইড নিউ স্কেলে অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রাপ্ত জুনিয়রদের বেতন অপেক্ষা কম হওয়ায় উদ্ভূত সমস্যা সম্পর্কিত।**

শিক্ষা, সংস্কৃতি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর থেকে এ মর্মে প্রশ্ন তোলা হয়েছে যে অর্থ বিভাগের বাস্তবায়ন ব্রাঞ্চের ২১/৬/১৯৮৬ তারিখের অফিস স্মারক নং এম,এফ/ এফ(ডি)আই,এম(পি)৪/ ইউ(জি)-৩০/ ৮০/ ৬ এর মাধ্যমে শিক্ষাবগ/ কারিগরী যোগ্যতা প্লানিং ও ডিজাইন শাখার কাজ করার জন্য ১/৬/১৯৮৫ তারিখ থেকে যে ব্যক্তিগত বেতন (পিপি) প্রদানের বিধান করা হয়েছে, উক্ত ব্যক্তিগত বেতন (পিপি)-কে বেতন হিসাবে গণ্য করে উহার ভিত্তিতে ভাতাদি প্রদানের কোন অবকাশ আছে কিনা।

২) এ প্রসঙ্গে উপরোল্লিখিত ২১/৬/১৯৮৬ তারিখের স্মারকের ২(৭) অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, আলোচ্য ব্যক্তিগত বেতন সার্বিকভাবে বেতন হিসাবে গণ্য হবে এবং উহার ভিত্তিতে ভাতাদি প্রদেয় হবে।

মোঃ নাসিম
উপ-সচিব ২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-উঃস্কেঃ-২-৮৮-৬৪

তারিখ: ২৫/৬/১৯৮৮ইং।
১০/৩/১৩৯৫ বাং।

**বিষয়: উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তিতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রবর্তনের ফলে যেসব ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারী, সংশোধিত বেতন স্কেল, ৮৫ জারির পূর্বে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁরা, যেসব কনিষ্ঠ কর্মচারী, সংশোধিত বেতন স্কেল, ৮৫ জারির পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁদের অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এর কারণ হচ্ছে সংশোধিত বেতন স্কেল, ৮৫ তে বার্ষিক ইনক্রিমেন্টের হার, ১৯৭৭ সালের নতুন জাতীয় বেতন স্কেলের বার্ষিক ইনক্রিমেন্টের হার অপেক্ষা বেশী। আরও দেখা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম স্কেলে) বেতন নির্ধারণকালে, ধাপে নিয়ে যাওয়ায়, পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হচ্ছেন না। অপরদিকে, কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম স্কেল এ) বেতন নির্ধারণকালে, ধাপ না মিলায়, পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা পায়। ফলে, এরূপ ক্ষেত্রে একজন জ্যেষ্ঠ কর্মচারী, তাঁর কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা বেতন কম পাচ্ছেন। এতে করে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীদের বেতন প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দেখা দিয়েছে।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর বেতন বৈষম্য দূরীকরণার্থে, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, যেসব ক্ষেত্রে একই উচ্চতর (স্কেলে-টাইম স্কেলে), জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ পাবেন, সেসব ক্ষেত্রে, যে তারিখ হতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ প্রাপ্য হবেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মচারীর বেতন, কনিষ্ঠ কর্মচারীর বেতনের সমান করা যেতে পারে এবং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সেজন্য জ্যেষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে, একই করা যেতে পারে।

৩। এই আদেশ ১-৬-১৯৮৫ ইং তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

এইচ. আর. দত্ত
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-বেঃ স্কেঃ(সঃ)-৬/৮৮/৭০

তারিখ: ৩-৮-১৯৮৯ ইং / ১৯-৪-১৩৯৬ বাং

**বিষয়: নিম্নপদে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) জানিত কারণে, পরবর্তী একই পদে পদোন্নতিতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে বেতনের অসমতা দূরীকরণ সংক্রান্ত।**

কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, একই পদ থেকে একজন জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী যিনি নিম্ন পদের বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) পাওয়ার পূর্বে পদোন্নতি পেয়েছেন, তিনি তাঁর কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী যিনি নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) পাওয়ার পর পদোন্নতি পেয়েছেন, তাঁর থেকে কম বেতন পাচ্ছেন।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর মধ্যে বেতন নির্ধারণের যে, অসমতা দেখা দিয়েছে তা দূরীকরণের জন্য বিষয়টি বিবেচনার পর, সরকার সদয় হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যেন, যে তারিখে কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী একই পদে তার জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী থেকে বেতন বেশী পাচ্ছে সে তারিখে জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী সে তারিখে জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী তাঁর কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর সমান বেতন প্রাপ্য হবেন এবং পরবর্তীতে একই পদে জ্যেষ্ঠ কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় দেখা না দেয় সজন্য জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী বেতনের বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী বেতনের বার্ষিক ইনক্রিমেন্টের তারিখে নির্ধারিত হবে।

৩। এই আদেশ ১-৬-১৯৮৫ সন হতে কার্যকর হবে।

এ, কে, এম, ফজলুল হক
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩।

নং-অম-অবি(বা)-৩-বেঃ স্কেঃ(সঃ)-১/৯০/৬৮

তারিখ: ২২-৭-১৯৯০ ইং / ৬-৪-১৩৯৭ বাং

**বিষয়: জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁট-লিপিকারগণের মধ্যে বেতন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

সাঁট-লিপিকারগণের ক্ষেত্রে সিলেকশন গ্রেড এবং উচ্চতর স্কেল/ টাইম স্কেল/ উভয় প্রকারের সুবিধা প্রদান করার ফলে দেখা যায় যে, একজন জ্যেষ্ঠ সাঁট-লিপিকার যিনি **১**ম টাইম-স্কেল প্রাপ্তির পর সিলেকশন গ্রেড স্কেল পেয়েছেন-তিনি, তার কনিষ্ঠ সাঁট-লিপিকার যিনি সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর সর্বোচ্চ **৩**টি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা পেয়েছেন,-তার থেকে **১**টি কম বেতন স্কেল পাচ্ছেন।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁট-লিপিকারগণের মধ্যে বেতন স্কেলের যে বৈষম্য দেখা দিয়েছে তা দূরীকরণের জন্য বিবেচনার পর, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তিজনিত কারণে যে ক্ষেত্রে কনিষ্ঠ সাঁট-লিপিকার, তার জ্যেষ্ঠ সাঁট-লিপিকার থেকে **১**টি বেশী উচ্চতর বেতন স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হচ্ছেন সেক্ষেত্রে কনিষ্ঠ সাঁট-লিপিকার যে তারিখ হতে **১**টি বেশী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন/ প্রাপ্য হবেন সে তারিখে জ্যেষ্ঠ সাঁট-লিপিকারকে **১**টি অতিরিক্ত উচ্চতর স্কেল ব্যক্তিগত স্কেল হিসাবে প্রদান করে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁট-লিপিকারের বেতন সমতা আনয়ন করা হবে।

এ, কে, এম, ফজলুল হক
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি(বাস্ত-১)/আর-১৮/৮৯/১১

তারিখ: ২৬-২-৯২ইং। / ১৩-১১-৯৮ বাং।

## অফিস আদেশ

সরকার ১-৭-৯১ইং হইতে সকল সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তন করিয়াছেন। জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে বেতন নির্ধারণ করার পর দেখা যাইতেছে যে, একই ক্যাডার/ পদে কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের ভিন্নতার কারণে, কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী, তাঁহার জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী হইতে অধিক বেতন প্রাপ্য হইতেছেন।

২। উপরোক্ত কারণে একই ক্যাডার/ পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীদের বেতনের পার্থক্য দূরীকরণের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, একই ক্যাডার/ পদে সংশ্লিষ্ট জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী যাহার বেতন ৩০-৬-১৯৯১ ইং তারিখে কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতনের কম ছিল না কিন্তু পরবর্তীতে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির কারণে, কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন হইতে বেশী হইয়াছে, এইরূপ ক্ষেত্রে একই ক্যাডার/ পদে জ্যৈষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ, কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন বৃদ্ধির তারিখে আগাইয়া আনিয়া কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখে নির্ধারিত হইবে।

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অথবা অন্য কোন প্রকার বেতন প্রদানের কারণে যদি কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী তাহার জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর হইতে বেশী বেতন প্রাপ্য হন তবে সেই ক্ষেত্রে বেতনের সমতা আনয়নের ব্যাপারে উপরোক্ত পদ্ধতি প্রযোজ্য হইবে না।

৩। এই আদেশ ১-৭-১৯৯১ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**মোঃ ফারুক শিকদার**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২৩৫১১১/৩০২৪

নং-অম/অবি(বাস্ত-১)/আর-১৮/৮৯/১১(৫০০)

তারিখ: ২৬-২-৯২ইং। / ১৩-১১-৯৮ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ, শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-সমতা-১/৯১/৩২ তারিখ: ০১-৪-১৯৯২ ইং। / ১৮-১২-১৩৯৮ বাং।

**বিষয়: জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারীগণের মধ্যে বেতন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, একজন উচ্চমান সহকারী/ শাখা সহকারী যিনি নিম্ন পদে (নিম্নমান সহকারী পদে) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর উচ্চমান সহকারী/ শাখা সহকারী পদে পদোন্নতি পেয়েছেন, তিনি তাঁর কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারী যিনি নিম্ন পদে (নিম্নমান সহকারী পদে) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর পদোন্নতি পেয়েছেন, তাঁর (কনিষ্ঠ) থেকে ১টি বেতন স্কেল কম পাচ্ছেন।

২। উপরোক্ত কারণে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারীগণের মধ্যে বেতন স্কেলের যে বৈষম্য দেখা দিয়েছে তা দূরীকরণের জন্য বিষয়টি বিবেচনার পর, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তিজনিত কারণে যে ক্ষেত্রে কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারী, তাঁর জ্যেষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারী থেকে ১টি বেতন স্কেল প্রাপ্য হচ্ছেন, সে ক্ষেত্রে কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারী যে তারিখ হতে ১টি বেতন স্কেল বেশী পেয়েছেন/ প্রাপ্য হবেন, সে তারিখে জ্যেষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারীকে ১টি উচ্চতর স্কেল, ব্যক্তিগত স্কেল হিসাবে প্রদান করে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারীর বেতন স্কেলের সমতা আনয়ন করা হবে।

মানিক লাল সমদ্দার
উপ-সচিব

বিতরণ:
১। রাষ্ট্রপতির দপ্তর, বঙ্গ ভবন, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর দপ্তর, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। হিসাব মহানিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিস ইহার অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৬। প্রশাসন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল শাখা।

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-উঃস্কেঃ-২/৮৮/১২৭

তারিখ: ১-১১-৯২ ইং।
১৭-০৭-৯৯ বাং।

**বিষয়: উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তিতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রবর্তনের ফলে যে সব ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পূর্বে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁরা, যে সব কনিষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁদের অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এর কারণ হচ্ছে জাতীয় বেতন স্কেল, ৯১তে বার্ষিক ইনক্রিমেন্ট হার, ১৯৮৫ সালের সংশোধিত নতুন বেতন স্কেলের বার্ষিক ইসক্রিমেন্টের হার অপেক্ষা বেশী। আরও দেখা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম স্কেলে) বেতন নির্ধারণকালে, ধাপে মিলে যাওয়ায়, পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হচ্ছে না। অপরদিকে, কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম স্কেলে) বেতন নির্ধারণকালে, ধাপ না মিলায় পরবর্তী ধাপে বেতন নির্ধারণের সুবিধা পাচ্ছেন। ফলে এরূপ ক্ষেত্রে একজন জ্যেষ্ঠ কর্মচারী, তাঁর কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা বেতন কম পাচ্ছেন। এতে করে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীদের বেতন প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দেখা দিয়েছে।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর বেতন বৈষম্য দূরীকরণার্থে, সরকার অর্থ বিভাগের ২৫-৬-১৯৮৮ ইং তারিখের অম-অবি(বা)-৩-উঃস্কে-২-৮৮-৬৪ নম্বর স্মারকের অনুসরণে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, যেসব ক্ষেত্রে একই উচ্চতর স্কেলে (টাইম স্কেলে), জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ পাবেন, সেসব ক্ষেত্রে, যে তারিখ হতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ প্রাপ্য হবেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মচারীর বেতন, কনিষ্ঠ কর্মচারীর বেতনের সাথে সমান করা যেতে পাবে এবং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সেজন্য জ্যেষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে একই করা যেতে পারে।

৩। এই আদেশ ০১-০৭-৯১ ইং তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

মানিক লাল সমাদ্দার
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-আর(জি)-৪/৮৭/১৬

তারিখ: ০৭-০২-১৯৯৩ ইং।
২৫-১০-১৩৯৯ বাং।

**বিষয়: শর্টহ্যান্ড ও টাইপিং-এ দক্ষতা প্রদর্শনহেতু অগ্রিম ইনক্রিমেন্ট প্রাপ্তিতে জ্যেষ্ঠ কর্মচারী কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৮-৯-৮৬ ইং তারিখের এমএফ-এফডি(ইম্প)-৩-আর(জি)-১৬-৮৩(অংশ-১)/১৬১ এবং ১২-১১-৮৬ ইং তারিখের এমএফ-এফডি (ইম্প)-৩-আর(জি)-১৬-৮৩(অংশ-১)/১৮০ নং স্মারক।

শর্টহ্যান্ড ও টাইপিং-এ দক্ষতা প্রদর্শনহেতু ২টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের ফলে, যে সব ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পূর্বে অগ্রিম ইনক্রিমেন্ট পেয়েছেন, তাঁরা, যে সব কনিষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পর অগ্রিম ইনক্রিমেন্ট পেয়েছেন, তাঁদের অনেকে কম বেতন পাচ্ছেন। এর কারণ হচ্ছে জাতীয় বেতন স্কেল, ৯১তে বার্ষিক ইনক্রিমেন্টের হার, ১৯৮৫ সালের সংশোধিত নতুন বেতন স্কেলের বার্ষিক ইনক্রিমেন্টের হার অপেক্ষা বেশী। এতে করে কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীদের বেতন প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দেখা দিয়েছে।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর বেতন বৈষম্য দূরীকরণার্থে, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, যে সব ক্ষেত্রে একই স্কেলে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ পাবেন, সে সব ক্ষেত্রে, যে তারিখ হতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ প্রাপ্য হবেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মচারীর বেতন, কনিষ্ঠ কর্মচারীর বেতনের সাথে সমান করা যেতে পারে এং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সে জন্য জ্যেষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে একই করা যেতে পারে।

৩। এ আদেশ ০১-৭-১৯৯১ ইং তারিখ হতে কার্যকর করা হয়েছে বলে গণ্য হবে।

মানিক লাল সমাদ্দার
উপ-সচিব

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব -------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-আর(জি)-৪/৮৭-১৭

তারিখ: ০৭-০২-১৯৯৩ ইং।
২৫-১০-১৩৯৯ বাং।

**বিষয়: সিলেকশন গ্রেড স্কেল-এর সাথে অগ্রিম ইনক্রিমেন্ট প্রাপ্তিতে জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক, কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

সিলেকশন গ্রেড স্কেল-এর সাথে ৩টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের ফলে যে সব জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পূর্বে ৩টি অগ্রিম ইনক্রিমেন্ট পেয়েছেন, তাঁরা, সে সব কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক, জাতীয় বেতন স্কেল, ৯১ জারির পর ৩টি অগ্রিম ইনক্রিমেন্ট পেয়েছেন, তাঁদের অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এর কারণে হচ্ছে জাতীয় বেতন স্কেল, ৯১তে বার্ষিক ইনক্রিমেন্টের হার, ১৯৮৫ সালের সংশোধিত নতুন স্কেলের বার্ষিক ইনক্রিমেন্টের হার অপেক্ষা বেশী। আরও দেখা যায় যে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণকালে,ধাপে মিলে যাওয়ায়, পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হচ্ছেন না। অপরদিকে, কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণকালে, ধাপে না মিলায় পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা পান। ফলে এরূপ ক্ষেত্রে একজন জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক তাঁর কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এতে করে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিকদের বেতন প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দেখা দিয়েছে।

২। উপরোক্ত কারণে, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর বেতন বৈষম্য দূরীকরণার্থে, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, যে সব ক্ষেত্রে সিলেকশন গ্রেড স্কেলে, জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক, কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক থেকে বেতন কম পাচ্ছেন/ পাবেন, সে সব ক্ষেত্রে, যে তারিখ হতে জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক, কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক থেকে বেতন কম পাচ্ছেন/ প্রাপ্য হবেন, সেই তারিখে জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর বেতন, কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর বেতনের সাথে সমান করা যেতে পারে এবং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ-এর বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সে জন্য জ্যেষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিকদের বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ সাঁটমুদ্রাক্ষরিক-এর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে একই করা যেতে পারে।

৩। এ আদেশ ০১-৭-১৯৯১ ইং তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

মানিক লাল সমদ্দার
উপ-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-উঃস্কেঃ(সঃ)-১/৯৩-৭৯

তারিখ: ১১-০৭-১৯৯৩ ইং। / ২৭-০৩-১৪০০ বাং।

**বিষয়: একই ক্যাডারভুক্ত/ একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদ বা সমমান পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাদের মধ্যে বেতন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

কোন কোন ক্ষেত্রে লক্ষ্য করা গিয়োছে যে, একজন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা ০১-৭-১৯৯১ ইং তারিখের পূর্বে সিলেকশন গ্রেড স্কেল টাঃ ২৪০০-৩৬০০/- পাওয়ার ফলে উক্ত স্কেলের সর্বোচ্চ ধাপে পৌঁছাইতে পারেন নাই বা সর্বোচ্চ ধাপে পৌঁছানোর পর ১ (এক) বৎসর পূর্তি না হওয়ার কারণে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাঃ ২৮০০-৪৪২৫/- প্রাপ্ত হন নাই। অপর পক্ষে একই ক্যাডারভুক্ত/ একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদে বা সমমান পদে একজন কনিষ্ঠ প্রথম শ্রেণীর সহকারী কর্মকর্তা ০১-৭-৯১ ইং তারিখের পূর্বে সিলেকশন গ্রেড স্কেল না পাওয়ার কারণে তাঁহার পদের স্কেলের (টাঃ ১৬৫০-৩০২০) সর্বোচ্চ ধাপে পৌঁছানোর ১ (এক) বৎসর পূর্তির পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্ত হইয়াছেন। ফলে জ্যেষ্ঠ কর্মকর্তাগণ তাহাদের কনিষ্ঠ কর্মকর্তাগণের চেয়ে ১(এক)টি বেতন স্কেল কম পাইয়াছেন।

২। উপরোক্ত কারণে একই ক্যাডারভুক্ত/ একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদ বা সমমান পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণের মধ্যে বেতন স্কেলের যে বৈষম্য দেখা দিয়েছে উহা দূরীকরণের জন্য বিষয়টি বিবেচনার পর সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সকল ক্ষেত্রে উপরে বর্ণিত জ্যেষ্ঠ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ ০১-৭-৯১ ইং তারিখের পূর্বে সিলেকশন গ্রেড পাওয়ার কারণে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্ত হন নাই এবং তাহাদের কনিষ্ঠ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের চেয়ে ১(এক)টি বেতন স্কেল কম পাইতেছেন, সেই সকল ক্ষেত্রে কনিষ্ঠ কর্মকর্তা যে তারিখ হইতে ১ (এক)টি উচ্চতর স্কেল টাঃ ২৮০০-৪৪২৫/- বেশী পাইয়াছেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মকর্তাকে সংশ্লিষ্ট উচ্চতর স্কেল টাঃ ২৮০০-৪৪২৫/- ব্যক্তিগত স্কেল হিসেবে প্রদান করিয়া জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাগণের মধ্যে বেতন স্কেলে সমতা আনয়ন করা যাইতে পারে। পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাহাতে পুনরায় না দেখা দেয় সেই জন্য জ্যেষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে একই করা যাইতে পারে।

মানিক লাল সমদ্দার
উপ-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৩। সচিব, প্রধামন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব (অন্যান্য সকল মন্ত্রণালয়/ বিভাগ)---------------------- তাঁদের অধীনস্থ সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। বিভাগীয় কমিশনার---------------------------------------- বিভাগ।
৯। জেলা প্রশাসক (সকল জেলা)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১১। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
১২। গার্ড নথি।

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব
ফোন: ৩০৫৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-(বেতন)-৪/৯৩/১২৯

তারিখ: ১৯-৬-১৪০০ বাংলা। / ০৪-১০-১৯৯৩ ইং।

**বিষয়: বিসিএস (প্রশাসন) ক্যাডারের জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাগণের মধ্যে সৃষ্ট বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

কোন কোন ক্ষেত্রে দেখা গিয়েছে যে, সাবেক বিসিএস (প্রশাসন) ক্যাডারের কোন জ্যেষ্ঠ কর্মকর্তা ৩০-৬-১৯৯১ ইং তারিখে মাঠ পর্যায়ে কর্মরত থাকার কারণে উক্ত তারিখে সচিবালয়ে কর্মরত একই ক্যাডারে তাঁর কনিষ্ঠ কোন কর্মকর্তার ০১-৭-৯১ তারিখে নির্ধারিত বেতন অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এই বেতন বৈষম্যর কারণ হচ্ছে ৩০-৬-৯১ ইং তারিখে সচিবালয়ে কর্মরত সাবেক বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব, সিলেকশন গ্রেড প্রাপ্ত সহকারী সচিব এবং সিনিয়র সহকারী সচিব পদগুলো পরস্পর বদলিযোগ্য বিবেচনা করে তাঁদের **১ম** শ্রেণী পদে চাকরিতে যোগদানের তারিখ হতে চাকরিকাল গণনা করে জাতীয় বেতন স্কেল আদেশ **১৯৯১** এর ৬ (খ) উপ-অনুচ্ছেদের বিধান অনুযায়ী সর্বনিম্ন **১টি** এবং সর্বোচ্চ **৩টি** ইনক্রিমেন্ট প্রদান করা হয়েছে। পক্ষান্তরে, মাঠ পর্যায়ের অনুরূপ স্কেলভুক্ত পদগুলো, পরস্পর বদলিযোগ্য না হওয়ায় ৩০-৬-৯১ ইং তারিখে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণকে তাঁদের একই পদের বা পরস্পর বদলিযোগ্য পদের চাকরিকাল গণনা করে বেতন বৃদ্ধি প্রদান করা হয়েছে।

২। উপরোক্ত কারণে, সাবেক বিসিএস (প্রশাসন) ক্যাডারের জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তার বেতন বৈষম্য দূরীকরণের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, যে সকল ক্ষেত্রে ৩০-৬-৯১ ইং তারিখে মাঠ পর্যায়ে কর্মরত থাকার কারণে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কোন জ্যেষ্ঠ কর্মকর্তার ০১-৭-৯১ ইং তারিখে নির্ধারিত বেতন একই ক্যাডারে তাঁর কনিষ্ঠ কোন কর্মকর্তা অপেক্ষা কম হয়েছে, সে সকল ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জ্যেষ্ঠতা সংক্রান্ত প্রত্যায়ন পত্র প্রদান সাপেক্ষে ১-৭-৯১ ইং তারিখে সংশ্লিষ্ট জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তার বেতনের সমতা বিধান করা যেতে পারে। পরবর্তী সময়ে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সে জন্য জ্যেষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখেই ধার্য করতে হবে।

মানিক লাল সমাদ্দার
উপ-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৩। সচিব, প্রধামন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা। তাঁর মন্ত্রণালয়ের বিধি শাখা-৪ এর ইউও নোট নং ৭৪/৯৩, তারিখ ১৭-৪-৯৩ইং এর প্রেক্ষিতে।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব (অন্যান্য সকল মন্ত্রণালয়/ বিভাগ)---------------------- তাঁদের অধীনস্থ সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। বিভাগীয় কমিশনার---------------------------------------- বিভাগ।
৯। জেলা প্রশাসক (সকল জেলা)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১১। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
১২। গার্ড নথি।

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব
ফোন: ৩০৫৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বা-৩)-সমতা-১/৯১/৩৬

তারিখ: ০৭-০৫-১৯৯৪ ইং
২৪-০১-১৪০১ বাং

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগের জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারীগণের মধ্যে সৃষ্ট বেতন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

মন্ত্রণালয়/ বিভাগের (উচ্চমান সহকারী এবং শাখা সহকারী) নিয়োগবিধি, ১৯৮৪ থেকে দেখে যায় ৩টি উৎস যথা: (১) পুল 'এ', (২) পুল 'বি' ও (৩) পুল 'সি' হতে উচ্চমান সহকারী/ শাখা সহকারি পদে পদোন্নতির বিধান রাখা হয়েছে। পুল 'এ'তে এলডিএ এবং এলডিএ-কাম-টাইপিষ্ট; পুল 'বি'তে টাইপিষ্ট এবং টাইপিষ্ট-কম-এলডিএ; পুল 'সি'তে রয়েছে ষ্টেনোটাইপিষ্ট।

২। কোন কোন দেখা যায় একজন জ্যেষ্ঠ উচ্চমান সহকারী/ শাখা সহকারি যিনি নিম্নপদে (ষ্টেনো-টাইপিষ্ট পদে) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর উচ্চমান সহকারি/ শাখা সহকারি পদে পদোন্নতি পেয়েছেন, তিনি তাঁর কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারি যিনি নিম্নপদে (স্টেনোটাইপিষ্ট পদে) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর পদোন্নতি পেয়েছেন, তাঁর (কনিষ্ঠ) পদে ১টি বেতন স্কেল কম পাচ্ছেন। অনুরূপ একজন জ্যেষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারি যিনি নিম্ন-পদে (টাইপিষ্ট পদে) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তির পর পদোন্নতি পেয়েছেন, তাঁর (কনিষ্ঠ) থেকে ১টি বেতন স্কেল কম পাচ্ছেন।

৩। পুল 'এ' হতে অর্থাৎ নিম্নমান সহকারি হতে উচ্চমান সহকারি/ শাখা সহকারি পদে পদোন্নতিপ্রাপ্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারিদের মধ্যে অনুরূপভাবে সৃষ্ট বেতন স্কেল বৈষম্য ইতিমধ্যে অর্থ বিভাগের ০১-৪-৯২ইং তারিখের স্মারক নং অম/ অবি(বা)-৩-সমতা-১/ ৯১/ ৩২- এর মাধ্যমে দূরীকরণ করা হয়েছে। একইভাবে উপরের ২নং অনুচ্ছেদে বর্ণিত পুল 'বি' ও পুল 'সি' হতে পদোন্নতিপ্রাপ্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারিদের মধ্যে সৃস্ট বেতন স্কেল বৈষম্য দূরীকরণের জন্য বিষয়টি বিবেচনার পর সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এবং সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তিজনিত কারণে যে ক্ষেত্রে কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারি, একই পুল হতে পদোন্নতিপ্রাপ্ত কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারি যে তারিখ হতে ১টি বেতন স্কেল বেশী পেয়েছেন/ প্রাপ্য হবেন, সে তারিখে জ্যেষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারিকে ১টি উচ্চতর স্কেল, ব্যক্তিগত স্কেল হিসেবে প্রদান করে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ উচ্চমান সহকারি/ শাখা সহকারি বেতন স্কেলের সমতা আনয়ন করা হবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ব্যক্তিগত স্কেলের ভিত্তিতে টাইম-স্কেল প্রদেয় নয় বিধায় সংশ্লিষ্ট কর্মচারীগণ উচ্চমান সহকারী পদের মূল বেতন স্কেলের ভিত্তিতেই উচ্চমান সহকারি পদে টাইম-স্কেল প্রাপ্য হবেন, ব্যক্তিগত স্কেলেরভিত্তিতে নয়।

৪। পুল 'বি' হতে পদোন্নতিপ্রাপ্ত জ্যেষ্ঠ কর্মচারীর বেতন-স্কেল শুধুমাত্র পুল 'বি' হতে পদোন্নতিপ্রাপ্ত কনিষ্ঠ কর্মচারীর বেতন স্কেলের সমতাকরণের ক্ষেত্রে এবং পুল 'সি' হতে পদোন্নতিপ্রাপ্ত জ্যেষ্ঠ কর্মচারীর বেতন স্কেল শুধুমাত্র পুল 'সি' হতে পদোন্নতিপ্রাপ্ত কনিষ্ঠ কর্মচারীর বেতন স্কেলের সমতাকরণের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে।

মানিক লাল সমদ্দার
উপ-সচিব

বিতরণ:

১। রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৪। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। হিসাব মহানিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা। তার অধীনস্থ সংশ্লিষ্ট সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৬। প্রশাসন অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল শাখা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বেঃ সমতা-৪/৯৪/৫৩ তারিখ: ০৩-০৪-১৯৯৫ ইং / ২০-১২-১৪০১ বাং

**বিষয়: একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদে ও একই স্কেলে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য দূরীকরণ প্রসঙ্গে।**

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রবর্তনের ফলে কোন কোন ক্ষেত্রে লক্ষ্য করা গিয়াছে যে, একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদে ও একই স্কেলে একজন জ্যেষ্ঠ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা জাতীয় বেতন স্কেল আদেশ, ১৯৯১ জারির পূর্বে এবং/ বা পরে তৃতীয় শ্রেণীভুক্ত কর্মচারী হিসাবে একই পদে ৮/১২ বৎসর চাকরি পূর্তির ভিত্তিতে ১টি বা ২টি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্ত হইয়াছেন। পক্ষান্তরে নিম্ন ও পদোন্নতিপ্রাপ্ত উভয় পদে তাঁহার কনিষ্ঠ কর্মকর্তা তৃতীয় শ্রেণীভুক্ত কর্মচারী হিসেবে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ আদেশ জারির পূর্বে এবং/ বা পরে ১২ ও ১৫ বৎসর পূর্তির ভিত্তিতে ২টি বা ৩টি উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তির পর দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা পদে পদোন্নতি প্রাপ্তির কারণে বেশী বেতন পাইয়াছেন/ পাইবেন। দ্বিতীয় শ্রেণী পদে পদোন্নতি প্রাপ্তির পূর্বে নিম্ন পদ অর্থাৎ তৃতীয় শ্রেণীর পদে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) কম বেশী পাওয়ার কারণে এই বেতন বৈষম্যের সৃষ্টি হইয়াছে।

২। উপরোক্ত কারণে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার মধ্যে সৃষ্ট বেতন বৈষম্য দূরীকরণার্থে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সব ক্ষেত্রে একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদে ও একই স্কেলে নিম্নপদ ও পদোন্নতিপ্রাপ্ত উভয় পদে জ্যেষ্ঠ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা তাঁহার কনিষ্ঠ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা হইতে একই স্কেলে বেতন কম পাইয়াছেন/ পাইবেন, সে সব ক্ষেত্রে যে তারিখ হইতে জ্যেষ্ঠ কর্মকর্তা, কনিষ্ঠ কর্মকর্তা হইতে বেতন কম পাইতেছেন/ পাইবেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতনের সাথে সমান করা যাইতে পারে এবং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাহাতে পুনরায় না দেখা দেয় সেই জন্য জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের সাথে একই করা যাইতে পারে।

৩। চাকরি রেকর্ড সন্তোষজনক না থাকার কারণে বা শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে কোন জ্যেষ্ঠ কর্মকর্তা উচ্চতর (টাইম-স্কেল) প্রাপ্ত না হইয়া থাকিলে সে ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হইবে না।

৪। এই আদেশ ০১-৭-১৯৯১ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারী সচিব
ফোন-৩০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-সিঃ-১/৯২/২২

তারিখ: ২৪-২-১৪০১ বাংলা।
০৭-৬-১৯৯৫ ইং।

**বিষয়: সিলেকশন গ্রেড এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তিজনিত কারণে জ্যেষ্ঠ সাঁট-লিপিকার তাঁর কনিষ্ঠ সাঁট-লিপিকার থেকে বেতন স্কেল কম পেলে সেক্ষেত্রে সৃষ্ট বেতন স্কেল বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে জারিকৃত স্মারক নং অম-অবি(বা)-৩-বেঃস্কেঃ (সঃ)-১/৯০/৬৮ তারিখ ২২-৭-৯০ ইং এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সিলেকশন গ্রেড এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তিজনিত কারণে একজন জ্যেষ্ঠ সাঁট-লিপিকার তাঁর কনিষ্ঠ সাঁট-লিপিকার থেকে বেতন স্কেল কম পেলে সেক্ষেত্রে উভয়ের মধ্যে সৃষ্ট উক্ত বেতন স্কেল বৈষম্য উল্লিখিত স্মারকে বর্ণিত বিধান অনুযায়ী সমতাকরণের ব্যবস্থা রয়েছে। তবে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে একাধিকবার বেতন বৈষম্য দেখা দিলে সেক্ষেত্রে তা কিভাবে দুরীকরণ করা যাবে সে সম্পর্কে উক্ত স্মারকে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ না থাকায় বিষয়টি বিশদভাবে পরীক্ষান্তে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, প্রয়োজন বশতঃ উক্ত স্মারকে বর্ণিত বিধান একাধিকবার প্রয়োগ করে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁট-লিপিকারের বেতন স্কেলের সমতা আনয়ন করা হবে। এক্ষেত্রে উচ্চতর স্কেলটি ব্যক্তিগত স্কেল হিসেবে গণ্য হবে।

মোঃ নূরুল আমীন পাটোয়ারী
উপ-সচিব।

বিতরণ:

১। রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগ। তাঁদের অধীনস্থ সকল সরকারি/ স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৪৩, কাককরাইল সড়ক, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৫। হিসাব মহানিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৭। বিভাগীয় কমিশনার------------------------------------------ বিভাগ।
তাঁর অধীনস্থ সকল দপ্তরে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৮। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব/ পশ্চিম), সিআরবি ভবন, চট্টগ্রাম/ রাজশাহী।
৯। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১০। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১১। পরিচালক, রেলওয়ে অডিট, সিআরবি ভবন, ঢাকা।
১২। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। প্রশাসন উইং (প্রশাসন শাখা-৫), অর্থ বিভাগ। এ প্রেক্ষিতে উক্ত শাখার নথি নং- অম/ অবি/ প্রঃ৫/ পি-১ (২৬)/৯১ এর ১০-৪-৯৪ইং তারিখের নোট উল্লেখ্য।
১৬। অর্থ বিভাগের বাস্তবায়ন প্রবিধি অনুবিভাগের সকল কর্মকর্তা, ঢাকা।
১৭। গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বেঃসমতা-১১/৯৮/১৭১ তারিখ: ১৯-০৫-১৪০৫ / ০৩-০৯-১৯৯৮

## অফিস স্মারক

সরকার ০১-০৭-১৯৯৭ হইতে সকল সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তন করিয়াছেন। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে বেতন নির্ধারণ করার পর দেখা যাইতেছে যে, একই ক্যাডার/ পদে কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের ভিন্নতার কারণে কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারী তাঁহার জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারী হইতে অধিক বেতন প্রাপ্য হইতেছেন।

২। উপরি-উক্ত কারণে একই ক্যাডার/ পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীদের বেতনের পার্থক্য দূরীকরণের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, একই ক্যাডার/ পদে সংশ্লিষ্ট জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারী যাহার বেতন ৩০-৬-১৯৯৭ তারিখ কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর বেতনের কম ছিল না, কিন্তু পরবর্তীতে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির কারণে কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর বেতন জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর বেতন হইতে বেশী হইয়াছে এইরূপ ক্ষেত্রে একই ক্যাডার/ পদে জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর বেতন বৃদ্ধির তারিখে আগাইয়া আনিয়া কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখে নির্ধারিত হইবে।

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অথবা অন্য কোন প্রকার বেতন প্রদানের কারণে যদি কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী তাঁহার জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী হইতে বেশী বেতন প্রাপ্য হন, তবে সেই ক্ষেত্রে বেতনের সমতা আনয়নের ব্যাপারে উপরি-উক্ত/ পদ্ধতি প্রযোজ্য হইবে না।

৩। এই আদেশ ০১-০৭-১৯৯৭ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ আখতার উদ্দিন খান
উপ-সচিব

নং-অম/অবি(বাস্ত-১)/বেঃসমতা-১১/৯৮/১৭১ তারিখ: ১৯-০৫-১৪০৫ / ০৩-০৯-১৯৯৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, ------------------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ) তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিস ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭। সকল স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ------------------------------------------- সকল রাষ্ট্রায়ত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
৯। যুগ্ম-সচিব, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ ব্যাংকিং অনুবিভাগ/ অর্থ বিভাগ।
১০। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এ, এ, জি), সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১১। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাহার অধীনস্থ ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৪। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৫। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি ভবন, চট্টগ্রাম।
১৭। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৮। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালাপণী, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------------------------ সকল মন্ত্রণালয়/ বিভাগ।
২০। বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোহাম্মদ ইউছুফ
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১/সিএণ্ডএজি-২/৯৫/৪৫(২০০)    তারিখ: ২৩-০২-১৯৯৯

## অফিস স্মারক

**বিষয়: একই ক্যাডারভুক্ত/ একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদ বা সমমান পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাদের মধ্যে বেতন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

কোন কোন ক্ষেত্রে লক্ষ্য করা গিয়াছে যে, একজন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা ০১-০৭-১৯৯৭ তারিকের পূর্বে সিলেকমন গ্রেড স্কেল টাঃ ৪১০০–৬৫০০ পাওয়ার ফলে উক্ত স্কেলের সর্বোচ্চ ধাপে পৌছাইতে পারেন নাই বা সর্বোচ্চ ধাপে পৌছানোর পর ১ (এক) বৎসর পূর্তি না হওয়ার কারণে উচ্চতর স্কেল (টাইপ স্কেল) টাঃ ৪৮০০-৭২৫০ প্রাপ্ত হন নাই। অপর পক্ষে একই ক্যাডারভুক্ত/ একই গ্রেডেশন তালিকভুক্ত একই পদে বা সমমান পদে একজন কনিষ্ঠ প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা ০১-০৭-১৯৯৭ তারিখের পূর্বে সিলেকশন গ্রেড স্কেল না পাওয়ার কারণে তাঁহার পদের স্কেলের (টাঃ ২৮৫০-৫১৫৫) সর্বোচ্চ ধাপে পৌছানোর ১ (এক) বৎসর পূর্তির পর উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রাপ্ত হইয়াছেন। ফলে জ্যেষ্ঠ কর্মকর্তাগণ তাহাদের কনিষ্ঠ কর্মকর্তাগণের তুলনায় ১ (এক)টি বেতন স্কেল কম পাইতেছেন।

২। উপরি-উক্ত কারণে একই ক্যাডার/ একই গ্রেডেশন তালিকাভুক্ত একই পদে বা সমমান পদে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণের মধ্যে বেতন স্কেলের যে বৈষম্য দেখা দিয়াছে উহা দূরীকরণের জন্য বিষয়টি বিবেচনার পর সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সকল ক্ষেত্রে উপরে বর্ণিত জ্যেষ্ঠ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের তুলনায় ১(এক)টি বেতন স্কেল কম পাইতেচেন, সেই সকল ক্ষেত্রে কনিষ্ঠ কর্মকর্তা যে তারিখ হইতে ১ (এক)টি উচ্চতর স্কেল টাঃ ৪৮০০-৭২৫০ বেশী পাইয়াছেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মকর্তাকে সংশ্লিষ্ট উচ্চতর স্কেল টাঃ ৪৮০০-৭২৫০ (১৯৯১ সালের) ব্যক্তিগত স্কেল হিসাবে প্রদান করিয়া জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাগণের মধ্যে বেতন স্কেলের সমতা আনয়ণ করা যাইতে পারে। পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ-এর বেতনের অসমতা যাহাতে পুনরায় না দেখা দেয় সেই জন্য জ্যৈষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মকর্তার বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে এক করা যাইতে পারে।

মোঃ আবদুল লতিফ মণ্ডল
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, ------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ) তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিস ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭। বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগের সকল কর্মকর্তা। বাস্তবায়ন শাখা-৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বেতন সমতা-১/৯৯/১০৬(১০০০) তারিখ: ২০-০১-১৪০৬ / ০৩-০৫-১৯৯৯

**বিষয়: উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্তিতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রবর্তনের ফলে যে সব ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ জারির পূর্বে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁরা যে সব কনিষ্ঠ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ জারির পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পেয়েছেন, তাঁদের অপেক্ষা কম বেতন পাচ্ছেন। এর কারণ হচ্ছে চাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে বার্ষিক ইনক্রিমেন্টের হার, ১৯৯১ সালের বেতন স্কেলের বার্ষিক ইনক্রিমেন্টের হার অপেক্ষা বেশী। আরও দেখা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) বেতন নির্ধারণকালে, ধাপে মিলে যাওয়ায়, পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হচ্ছেন না। অপরদিকে, কোন কোন ক্ষেত্রে কনিষ্ঠ কর্মচারীর উচ্চতর স্কেলে (টাইম-স্কেল) বেতন নির্ধারণকালে, ধাপ না মিলায় পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণের সুবিধা পান। ফলে এরূপ ক্ষেত্রে একজন জ্যেষ্ঠ কর্মচারী, তাঁর কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা বেতন কম পাচ্ছেন। এতে করে কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীদের বেতন প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দেখা দিয়েছে।

২। উপরোক্ত কারণে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর বেতন বৈষম্য দূরীকরণার্থে, সরকার অর্থ বিভাগের ২৫-৬-১৯৮৮ তারিখের অম-অবি(বা)-৩-উঃস্কেঃ-২-৮৮-৬৪ এবং ১-১১-১৯৯২ তারিখের অম-অবি(বা)-৩-উঃস্কেঃ-২-৮৮-১২৭ নম্বর স্মারকের অনুসরণে সিদ্ধান্ত গ্রহণ হয়েছে যে, যে সব ক্ষেত্রে একই উচ্চতর স্কেলে (টাইম-স্কেল), জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছেন/ পাবেন, সে সব ক্ষেত্রে, যে তারিখ হতে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারীর থেকে বেতন কম পাচ্ছেন/ প্রাপ্য হবেন, সেই তারিখে জ্যেষ্ঠ কর্মচারীর বেতন, কনিষ্ঠ কর্মচারীর বেতনের সাথে সমান করা যেতে পারে এং পরবর্তীতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠের বেতনের অসমতা যাতে পুনরায় না দেখা দেয়, সেজন্য জ্যেষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ, কনিষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে একই করা যেতে পারে।

মোঃ শ্যমসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, ------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিস এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ------------------------------------------- (সকল রাষ্ট্রায়ত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)।
৭। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-২

নং-অম/অবি(বাস্তঃ-২)বেঃবৈঃদূঃ(সংস্থাপন)-৩/২০০৬/২২০ তারিখ: ১২/৯/২০০৭

## অফিস স্মারক

**বিষয়: শর্টহ্যান্ড ও টাইপিংয়ে দক্ষতা প্রদর্শন হেতু অগ্রিম ইনক্রিমেন্ট প্রাপ্তিতে জ্যেষ্ঠ কর্মচারী কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাওয়ার প্রেক্ষিতে তা সমতাকরণ প্রসঙ্গে।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নথি নং-সম(প্রঃ৩)-বিবিধ-২০/২০০৭ এর মাধ্যমে প্রেরিত প্রস্তাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল জ্যেষ্ঠ কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পূর্বে শর্টহ্যান্ড ও টাইপিংয়ে দক্ষতা প্রদর্শন হেতু ২টি অগ্রিম ইনক্রিমেন্ট পেয়েছেন, তারা যে সকল কনিষ্ঠ কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর উল্লিখিত ২টি ইনক্রিমেন্টের সুবিধা পেয়েছেন, তাদের থেকে কম বেতন পাচ্ছেন। এর কারণ হলো জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পর বার্ষিক ইনক্রিমেন্টের হার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ইনক্রিমেন্টের হারের চেয়ে বেশী। এতে কোন কোন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীদের মধ্যে বেতন বৈষম্য দেখা দিয়েছে।

২। উপর্যুক্ত কারণে অর্থ বিভাগের ৩০/৮/১৯৯৯ তারিখের অম/ অবি/ বাস্ত-৬/ শিল্প-১/৯৯/৮০ নং স্মারকের ধারাবাহিকতায় জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর সৃষ্ট বেতন বৈষম্য দূরীকরনার্থে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সব ক্ষেত্রে একই স্কেলে জ্যেষ্ঠ কর্মচারী, কনিষ্ঠ কর্মচারী থেকে বেতন কম পাচ্ছে বা পাবেন, সেসব ক্ষেত্রে যে তারিখ হতে জ্যেষ্ঠ কর্মচারী কনিষ্ঠ কর্মচারী অপেক্ষা কম বেতন পাচ্ছেন বা প্রাপ্য হবেন, সে তারিখে জ্যেষ্ঠ কর্মচারীর বেতন কনিষ্ঠ কর্মচারীর বেতনের সাথে সমান করা যেতে পারে এবং পরবর্তিতে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মচারীর মধ্যে যাতে বেতনের অসমতা দেখা না দেয়, সে জন্য জ্যেষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ কনিষ্ঠ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্টের তারিখের সাথে এক করা যেতে পারে।

৩। এ আদেশ ১/১/২০০৫ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

বিমান বিহারী বড়ুয়া
উপ-সচিব

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব-------------------.(সকল) মন্ত্রণালয়/ বিভাগ তাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ ঢাকা।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------সকল মন্ত্রণালয়/ বিভাগ।
১০। অর্থনৈতিক উপদেষ্টা/ যুগ্ম-সচিব,প্রশাসন ও সমন্বয়/ মনিটরিং সেল/ ব্যাংকিং/ বাজেট/ উন্নয়ন বাজেট/ ব্যায় নিয়ন্ত্রক ও পরিদর্শন/ অনুবিভাগ, অর্থ বিভাগ।
১১। বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা- ৪

নং- অম/অবি/(বাস্তঃ- ৪)/বিবিধ- ২৩ (সমতা)/০৮/১৫২ তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০০৮

**বিষয়: একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠ ক্যাডার কর্মকর্তাদের মধ্যে সৃষ্ট বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত।**

সূত্র: সিজিএ/পদ্ধতি- ১/৫০৯/খ- - ১/সিএন্ডও/সিএন্ডএজি/৩৮৭, তারিখ: ২১- ০৮- ২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর আওতায় একই গ্রেডেশন তালিকাভুক্ত ক্যাডার কর্মকর্তাদের মধ্যে ০১- ০১- ২০০৫ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত কর্মকর্তাদের বেতন সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে নির্ধারণের কারণে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাদের মধ্যে সৃষ্ট বেতন বৈষম্য নিরসনের জন্য সংশ্লিষ্ট জ্যেষ্ঠ কর্মকর্তার বেতন কনিষ্ঠ কর্মকর্তার ০১- ০১২০০৫ তারিখে প্রাপ্ত বেতনের সাথে সমতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

ড. অর্দ্ধেন্দু শেখর রায়
উপ- সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বেতন সমতা-৬/৯৮/৭১ তারিখ: ০৭/০১/১৪১৬ বঙ্গাব্দ
২০/০৪/২০০৯ খ্রিষ্টাব্দ

**বিষয়: জাতীয় বেতন স্কেল জারির পূর্বে এবং পরে টাইম-স্কেল (উচ্চতর স্কেল)/ সিলেকশন গ্রেড প্রাপ্তিতে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন অপেক্ষা কম হলে তা সমতাকরণ প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয় -এর ০১/০৩/২০০৯ তারিখের সিজিএ/পদ্ধতি-১/৩৬৯/খন্ড-২/ডাক/৫৩৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির পূর্বে এবং পরে টাইম-স্কেল (উচ্চতর স্কেল)/ সিলেকশন গ্রেড প্রাপ্তিতে একই গ্রেডেশন তালিকাভুক্ত জ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন কনিষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীর বেতন অপেক্ষা কম হলে তা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৮(৪) ধারা মোতাবেক সমতা করা যেতে পারে।

পীরজাদা শহীদুল হারুন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা

বিতরণ: সদয় অবগতির জন্য

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা

# সিলেকশন গ্রেড/ টাইম স্কেল

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINSTRY OF FINANCE
IMPLEMENTATION DIVISION

## OFFICE MEMORANDUM

No.MF(ID)R-12/77/Part-II/19, Dated, Dacca the 6th January, 1981

**Subject: The Services (Grades, Pay and Allowances) Order, 1977**

The undersigned is directly to say that the Government have been pleased to place on review the following Common Category posts of Bangladesh Secretariat on the New National Scale of Pay as shown below:

<table>
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৩। পরিচালক, প্রশাসন/ হিসাব ও অর্থ/ চলাচল ও সংরক্ষণ, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা বিভাগ, খুলনা।
৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।
৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন শাখা- ৪

নং অম/অবি(বাস্ত- ৪)চট্টঃ বন্দর- ৪০/৯১- ১৯(৫০০) তারিখ: ২২- ৩- ১৯৯৫ইং / ০৮- ১২- ১৪০১বাং

**বিষয়: নিম্ন পদ ও উচ্চ পদের চাকুরীর মেয়াদের সমষ্টির ভিত্তিতে টাইম স্কেল প্রদান প্রসংগে।**

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১- ১২- ৮৪ইং তারিখের অম/ অবি(বা)- ৩- আর- (জি)- ১- ৮৪(অংশ২)- ১৫৫ নং অফিস স্মারকের অনুবৃত্তিক্রমে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, উক্ত স্মারকের 'ত' ব্যাখ্যায় বলা হয়েছে যে, যে সকল অফিসে নিম্নপদ ও উচ্চ পদের বেতন স্কেল এক, সে সব ক্ষেত্রে উভয় পদের চাকুরীর মেয়াদের সমষ্টির ভিত্তিতে উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদান করা হবে। এই প্রেক্ষিতে যে সময়কালে নিম্নপদ ও উচ্চ পদের বেতন স্কেল এক ছিল না, সেই সময়কাল উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদানের ক্ষেত্রে গণনাযোগ্য হবে না। তাই উক্ত ১- ১২- ৮৪ইং তারিখের অফিস স্মারকের অপব্যাখ্যা বা ভুল ব্যাখ্যা করে যদি কোন অফিসে কর্মচারীদেরকে উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদানকালে নিম্ন পদ ও উচ্চ পদের বেতন স্কেল যে সময়কালে এক ছিল না সে সময়কাল গণনাকরে উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রদান করা হয়ে থাকে, তবে তা সত্বর সংশোধন করে সঠিক বেতন স্কেলে সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণের জন্য অনুরোধ করা হলো।

২। ঐ সকল মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর, দপ্তর, সংস্থাকে এ বিষয়ে গৃহীত কার্যক্রমের বিস্তারিত বিবরণী/ তথ্য বা শূন্য রিপোর্ট এই পত্র প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরাধ করা হলো।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্র বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন শাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/বেনি-১১/৯৩/৪৮ তারিখ: ০৮/০৬/১৪০৩ বাং / ২৩/০৯/১৯৯৬ ইং

**বিষয়: বেতন সংরক্ষণ।**

অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ হইতে বিভিন্ন সময়ে বিভিন্ন পদের বেতন স্কেল উন্নীত/ পুনঃনির্ধারণ করিয়া আদেশ জারি করা হইয়াছে। এই আদেশসমূহ কোন কোন ক্ষেত্রে ১-৭-৭৭ ইং তারিখ হইতে, কোন কোন ক্ষেত্রে নিয়োগবিধি জারির তারিখ হইতে, আবার কোন কোন ক্ষেত্রে আদেশ জারির তারিখ হইতে বা কোন কোন ক্ষেত্রে একটি নির্দিষ্ট তারিখ হইতে কার্যকর করা হইয়াছে। লক্ষ্য করা গিয়াছে যে, নিয়োগ বিধি জারির তারিখ বা আদেশ জারির তারিখ হইতে বা কোন নির্দিষ্ট তারিখ হইতে উন্নীত/ পুনঃনির্ধারিত স্কেলের কার্যকারিতা প্রদান করায় কোন কোন ক্ষেত্রে পূর্বে টাইম-স্কেল ও সিলেকশন গ্রেডে উচ্চতর স্কেল প্রাপ্তির কারণে পরবর্তীতে সংশোধিত আদেশ মোতাবেক উন্নীত/ পুনঃনির্ধারিত বেতন স্কেলে বেতন নির্ধারণকালে বেতন হ্রাস পাইয়াছে।

২। বিভিন্ন সময়ে সরকার কর্তৃক জারিকৃত বেতন স্কেলের আদেশসমূহে নতুন বেতন স্কেল প্রবর্তনের তারিখের পূর্বে প্রাপ্ত বেতন সংরক্ষণের বিধান রাখা হইয়াছে। কিন্তু প্রথম অনুচ্ছেদে বর্ণিত কারণে বেতন হ্রাস পাইলে তাহা সংরক্ষণের বিষয়ে কোন আদেশ/ সুস্পষ্ট ব্যাখ্যা না থাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হইয়াছেন/ হইবেন।

৩। এমতাবস্থায়, বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, উন্নীত/ পুনঃনির্ধারিত বেতন স্কেলে বেতন নির্ধারণকালে যে সকল ক্ষেত্রে টাইম স্কেলে (উচ্চতর স্কেল) ও সিলেকশন গ্রেডে পূর্বে প্রাপ্ত বেতন হ্রাস পাইয়াছে/ পাইবে, সেই সকল ক্ষেত্রে পূর্বে প্রাপ্ত বেতন সংরক্ষিত হইবে।

মানিক লাল সমদ্দার
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

নং-অম/অবি(বাস্ত-৪)/বেনি-১১/৯৩/৪৮/১(৩০০) তারিখ: ০৮/০৬/১৪০৩ বাং / ২৩/০৯/১৯৯৬ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা
৩। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----------------------------.(সকল মন্ত্রণালয়/ বিভাগ)
(তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৫। বিভাগীয় কমিশনার -------------বিভাগ
(তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ঢাকা।
(তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা
৮। জেলা প্রশাসক -----------------জেলা
(তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------------. মন্ত্রণালয়/ বিভাগ, ঢাকা
১০। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
১১। গার্ড ফাইল/ সংকলন শাখা।

মোঃ মকবুল হোসেন
সিনিয়র সহকারী সচিব

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-১

নং-অম/অবি/বাস্তঃ৩/টাইমস্কেল-৩/৯৬(অংশ)/৭২(২০০) তারিখ: ২৬-০৯-১৪০৪ বাং / ১০-১১-১৯৯৭ ইং

**বিষয়: সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত**

অর্থ বিভাগের ২৯-৫-৮৪ইং তারিখের প্রজ্ঞাপন নং MF/ FD(Imp)-III-R(G)-12/ 83/ 79 তে উল্লেখিত বিধান অনুযায়ী কোন কর্মচারীকে পদোন্নতি ব্যতিরেকে, পদের মূল স্কেল অপেক্ষা ৩টির বেশী উচ্চতর স্কেল প্রদেয় নহে। অপরদিকে, অর্থ বিভাগের ৫-৮-৮৫ইং তারিখের স্মারক নং অম/ অবি(বা)-৫-আর(জি)-১-৮৪(অংশ-৪)-১২৫ তে ৮ অথবা ১২ অথবা ১৫ বৎসর চাকরি পূর্তির পর সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে, সিলেকশন গ্রেডের জন্য নির্ধারিত স্কেল অপেক্ষা উচ্চতর স্কেল ব্যক্তিগত স্কেল হিসাবে প্রদানের বিধান রাখা হইয়াছে। এই প্রেক্ষিতে উক্ত রূপে প্রাপ্ত ব্যক্তিগত স্কেল, কোন পদের জন্য নির্দিষ্ট সংখ্যক উচ্চতর স্কেলের (টাইম স্কেল) মধ্যে গণ্য করা হইবে কিনা সেই সম্পর্কে সংশয় সৃষ্টি হইয়াছে। উক্ত সংশয় নিরসনের লক্ষ্যে আদিষ্ট হইয়া এতদিষয়ে নিম্নোক্ত ব্যাখ্যা জারি করা হইল:

> 'যে সকল পদের সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম স্কেল) এর উভয় প্রকার সুবিধা বিদ্যমান, সেই সকল পদে একজন কর্মচারী প্রচলিত বিধান মোতাবেক প্রাপ্যতা সাপেক্ষে সিলেকশন গ্রেডের অতিরিক্ত সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক উচ্চতর স্কেল (টাইমস্কেল) এর সুবিধা প্রাপ্য হইবেন, অর্থাৎ কোন কর্মচারী নির্ধারিত স্কেলে সিলেকশন গ্রেড প্রাপ্ত হইলে বা নির্ধারিত স্কেলে সিলেকশন গ্রেড না পাওয়ার কারণে ব্যক্তিগত স্কেল হিসাবে সিলেকশন গ্রেড প্রাপ্ত হইলে, উহা নির্ধারিত সংখ্যক টাইম স্কেলের মধ্যে গণ্য হইবে না। এই ক্ষেত্রে প্রাপ্যতা সাপেক্ষে অবশিষ্ট উচ্চতর স্কেল (টাইম স্কেল) প্রাপ্তির ক্ষেত্রে উক্ত রূপে প্রাপ্ত ব্যক্তিগত স্কেল কোন অন্তরায় হইবে না এবং কোন কর্মচারীই পদের জন্য নির্ধারিত সিলেকশন গ্রেড স্কেলের পরবর্তি তিনটি উচ্চতর স্কেল এর বেশী উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবে না। তবে শর্ত থাকে যে, একই গ্রেডেশন তালিকাভুক্ত কোন জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁটলিপিকারের মধ্যে বেতন স্কেলের বৈষম্য দেখা দিলে, সেই ক্ষেত্রে অর্থ বিভাগের ৭-৬-৯৫ইং তারিখের স্মারক নং-অম/ অবি (বা-৩-সি-১/ ৯২/ ২২ তে বর্ণিত বিধান প্রয়োগ করিয়া জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সাঁটলিপিকারের বেতন স্কেলের সমতা আনয়ন করা যাইবে।'

আবু বকর সিদ্দিক
উপ-সচিব-২ (বাস্তবায়ন)

বিতরণ:

১। রাষ্ট্রপতির কারয়ালয়, পার্সোনাল বিভাগ।
২। রাষ্ট্রপতির কারয়ালয়, পাবলিক বিভাগ।
৩। প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ। তাঁহাদের অধীনস্ত সকল সরকারি/ স্বায়ত্তশাসিত কার্যালয়ে ইহার অনুলিপি প্রেরণ করিবার জন্য অনোরোধ করা হইল।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, (বেসামরিক/ সামরিক সচিবালয়)।
৭। সকল কর্মকর্তা, বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-আর(জি)-১-৮৪(অংশ-৫)/২২ তারিখ: ০৫-০৩-৯২ বাং / ২১-১১-৯৮ ইং

প্রেরক: মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব।

প্রাপক: মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ
২/৩, আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।

**বিষয়: 'পদোন্নতি না হইলে' পূর্ব পদের ভিত্তিতে প্রদত্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল), পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সমান বা উচ্চতর হইলে সেই ক্ষেত্রে ন্যূনতম আর্থিক সুবিধা টাঃ ৬০/৭৫ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: আপনার কার্যালয়ের ০৪-০৫-৯১ইং তারিখের সিএজি/ প্রো-৯/ ২৭৭/ ১৯৫ নং পত্র।

মহোদয়,

সূত্রোল্লিখিত পত্রের বরাতে আমি নির্দেশিত হইয়া জানাইতেছি যে, পদোন্নতিরপ্রাপ্ত পদের বেতন নির্ধারণকালে যেসব ক্ষেত্রে ন্যূনতম আর্থিক সুবিধা প্রদান পূর্ব হইতে প্রচলিত ছিল তাহা সংশোধিত নতুন বেতন স্কেল আদেশ ১৯৮৫তেও বহাল রাখা হয় (vide অর্থ বিভাগের স্মারক নং এমএফ/ এফবি/ (ইম্প)-১/ এফ-১(জি)৮৬/ ১৩৭ তারিখ ৩১-৭-৮৩ইং)। কাজেই নিরীক্ষা ও হিসাব বিভাগের যে সকল এস, এ, এস, অধীক্ষক ও হিসাবরক্ষণ কমকর্তা অর্থ বিভাগের ১-১২-৮৪ তারিখের অম-অবি(বা)-৩-আর(জি)-১-১-৮৪(অংশ-২)-১৫৫নং অফিস স্মারকের ট অনুচ্ছেদের ব্যাখ্যা অনুযায়ী অর্থাৎ যদি 'পদোন্নতি না পাইতেন' এই ভিত্তিতে পূর্বের পদে টাইমস্কেল পাইয়াছিলেন, তাহারা পদোন্নতিপ্রাপ্ত পদে বেতন নির্ধারণকালে নিম্নপদে প্রাপ্ত টাইম স্কেলের বেতনের সাথে যথাক্রমে ৬০/- টাকা ও ৭৫/- টাকা যোগ করিয়া বেতন নির্ধারণী সুবিধা প্রাপ্য হইবেন। অনুরূপ সুবিধা যাহারা শাখা সহকারী/সাঁটলিপিকার পদ হইতে সহকারী সচিব (প্রাক্তন শাখা প্রধান) পদে পদোন্নতি পাইয়াছেন এবং যদি পদোন্নতি না পাইতেন ভিত্তিতে পূর্ব পদে টাইম-স্কেল পাইয়াছিলেন তাহারাও উক্ত ন্যূনতম বেতন নির্ধারণী সুবিধা টাঃ ৭৫/- প্রাপ্য হইবেন।

অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১০-১২-৮৭ইং তারিখের অম-অবি(বা)-৩-আর(জি)-১-৮৪(অংশ-৫)-১৭০ নং পত্রে প্রদত্ত সিদ্ধান্ত এই প্রেক্ষিতে এতদ্বারা বাতিল করা হইল।

আপনার অনুগত,

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব

নং-অম-অবি(বা)-৩-আর(জি)-১-৮৪(অংশ-৫)/২২/১(১২৫) তারিখ: ০৫-০৩-৯২ বাং / ২১-১১-৯৮ইং

অবগতি ও প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
২। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
৩। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), সেগুনবাগিচা, ঢাকা।
৪। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, ঢাকা।
৫। পরিচালক, রেলওয়ে অডিট, সিআরবি ভবন, চট্টগ্রাম।
৬। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক তার ও দুরালাপনী, ঢাকা।
৭। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, --------------------------------------।
৯। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ এর সকল কর্মকর্তা।

মোঃ খোরশেদ আলম
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন শাখা-৪

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-১৮/৯৮/২৪ তারিখ: ২৫-০২-১৪০৬ বাং। / ০৮/৬/১৯৯৯ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

সরকার সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানে কর্মরত জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর ৩৪০০−৬৬২৫/- টাকা স্কেল বিশিষ্ট উপ-সহকারী প্রকৌশলীর মোট পদের ২৫% পদের বিপরীতে সিলেকশন গ্রেড হিসেবে জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর ৪৩০০−৭৭৪০/- টাকার স্কেল প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। জ্যেষ্ঠতার ভিত্তিতে এ সিলেকশন গ্রেড স্কেল প্রদেয় হবে, তবে সিলেকশন গ্রেড প্রাপ্তির জন্য চাকরিতে স্থায়ী, ১০ম গ্রেডে চাকরির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্তি এবং চাকরির রেকর্ড সন্তোষজনক হতে হবে।

২। উক্ত সিলেকশন গ্রেড স্কেলের সুবিধা এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-১৮/৯৮/২৪/১(৫০০) তারিখ: ২৫-০২-১৪০৬ বাং। / ০৮-৬-১৯৯৯ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব/ ভারপ্রাপ্ত সচিব -----------------------, (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশিত গেজেটের ৫০০ কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। অফিস কপি/ সংকলন কপি/ গার্ড নথি।

সেলিমা আকতার বানু
সিনিয়র সহকারী সচিব
বাস্তবায়ন শাখা-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৪

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-১২/৯৫/৭৭ তারিখ: ২২-১০-২০০০ ইং।

**প্রজ্ঞাপন**

সরকার গণপূর্ত অধিদপ্তরের নিয়মিত ভার্টিক্যাল ট্রান্সপোর্ট এটেনডেন্ট (ভি,টি,এ)-দেরকে ৪ (চার) বছর চাকরি পূর্তিতে নিয়মিত মোট পদের ৫০% পদে সিলেকশন গ্রেড স্কেল টাকা ২১০০–৪৩১৫/- (১৯৯৭) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। উক্ত সিলেকশন গ্রেড স্কেলের সুবিধা এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-১২/৯৫/৭৭/১(২০০) তারিখ: ২২-১০-২০০০ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশিত গেজেটের ২০০ (দুইশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। অফিস কপি/ সংকলন কপি/ গার্ড নথি।

সেলিমা আকতার বানু
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন শাখা-৪

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-২৮/২০০০/২৬ তারিখ: ১৩/৬/২০০১ ইং।

**প্রজ্ঞাপন**

সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রাধীন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিসটেন্ট পদটি ব্লকড পদ বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের মঞ্জুরীকৃত পদের ৫০% পদে ৩৪০০−৬৬২৫/- (৯৭ সনের ১০ নং গ্রেড) টাকার স্কেলটি সিলেকশন গ্রেড হিসাবে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই সিলেকশন গ্রেড জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদেয় হবে, তবে তা প্রাপ্তির জন্য উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিটেন্ট পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকরি পূর্তি ও চাকরির রেকর্ড সন্তোষজনক হতে হবে।

২। প্রদত্ত সিলেকশন গ্রেড সুবিধা এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)
অর্থ বিভাগ

নং-অম-অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-২৮/২০০০/২৬ তারিখ: ১৩/৬/২০০১ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক, সেগুনবাগিচা, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৫। বাস্তবায়ন, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যার প্রকাশ করে প্রকাশিত গেজেট ১০০ (একশত) কপি অত্র মন্ত্রণালয়ের প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সেলিমা আকতার বানু
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও পরিদর্শন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-২

নং-অম/অবি(বাস্তঃ-২)সিঃগ্রেঃ(সচিবালয়)-১:২০০২/২৭৮ তারিখ: ২২-৯-২০০২

**বিষয়: বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে মন্ত্রণালয়/ বিভাগসমূহে নিয়োজিত অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক (এল,ডি,এ কাম -টাইপিষ্ট) পদে সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে মন্ত্রণালয়/ বিভাগসমুহে নিয়োজিত অফিস সহকারী -কাম-মুদ্রাক্ষরিক (এল,ডি,এ কাম-টাইপিষ্ট) পদে নিম্নরূপ শর্তানুসারে সিলেকশন গ্রেড স্কেল প্রদানে সরকার সম্মত হয়েছেনঃ-

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (জাঃবেঃ স্কেঃ১৯৯৭) | সিলেকশন গ্রেড স্কেল (জাঃ বেঃ স্কেঃ ১৯৯৭) | শর্তাদি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক (এল,ডি,এ কাম-টাইপিষ্ট) | টাঃ ১৯৭৫-৩৬০৫/- (১৬ নং স্কেল) | টাঃ ১৯৭৫-৩৯২০/- (১৫ নং স্কেল) | সংশ্লিষ্ট পদধারীর কমপক্ষে ৫ (পাঁচ) বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ সাপেক্ষে ৩৩১/৩% ভাগ পদে বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে প্রদেয়। |

২। উপরের ছকের ৫ নং কলামের শর্তানুযায়ী অফিস সহকারী -কাম-মুদ্রাক্ষরিকগণ সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্য হবেন।

৩। যে সকল নিম্নমান সহকারী -কাম-মুদ্রাক্ষরিকগণ (বর্তমানে অফিস সহকারী -কাম-মুদ্রাক্ষরিক) ইতোপূর্বে অর্থ বিভাগের 10-8-81 তারিখের স্মারক নং- MFD(ID)V/ R(G)-6/ 78/ 1031, 6-1-81 তারিখের স্মারক নং- MF(ID)/ R-12/ 77/ Part-II/ 19 এবং 23-11-83 তারিখের স্মারক নং- MFP/ FD (Imp)-IV/ U(G)-2/ 83/ 189 অনুযায়ী সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্ত হয়েছেন, তাদের ক্ষেত্রে এ আদেশ ভূতাপেক্ষিক ভাবে কার্যকর হবে। তবে শর্ত তাবে যে, যারা পরবর্তীতে সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্য হবেন তাদের ক্ষেত্রে এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

৪। এই আদেশ জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নজরুল ইসলাম
যুগ্ম-সচিব (বাস্তঃ ও পরিঃ)

নং-অম/অবি(বাস্ত-২)সিঃগ্রেঃ(সচিবালয়)-১/২০০২/২৭৮/৫ তারিখ: ২২-৯-২০০২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি:-

১) সচিব ----------------, মন্ত্রণালয়/ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট হাউজ, ঢাকা।
৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, -----------------------।
৪) বাস্তবায়ন অনুবিভাগের সকল শাখা, অর্থ বিভাগ।
৫) সংশ্লিষ্ট নথি/ গার্ড নথি।

তহমিনা বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৮৬১১৪৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বিবিধ-২৫/৯৩/১৯৬ তারিখ: ১-১১-২০০৩ খ্রিষ্টাব্দ। / ১৭-০৭-১৪১০ বঙ্গাব্দ।

## প্রজ্ঞাপন

**বিষয়: সকল বিসিএস ক্যাডারের ৬ষ্ঠ গ্রেডের বেতন স্কেলভুক্ত পদের ৫০% পদের বিপরীতে ৫ম গ্রেডের বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।**

বিভিন্ন বিসিএস ক্যাডারের বেতন স্কেলের অসামঞ্জস্য দূরীকরণের লক্ষ্য The Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975) ধারা-৫ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রদান করিল:

ক) বাংলাদেশ সিভিল সার্ভিসভুক্ত সকল ক্যাডারের ৬ষ্ঠ গ্রেডের বেতন স্কেলভুক্ত পদের ৫০% পদে ক্যাডারে ৫০% পদের ক্যাডারে ১০ (দশ) বৎসর চাকরি পূর্তি, সন্তোষজনক চাকরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে ৫ম গ্রেডের বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন।

খ) যে সকল ক্যাডারের কর্মকর্তা ইতোমধ্যে উক্ত সুবিধা পাইয়াছেন তাহাদের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

গ) এই আদেশ অনুযায়ী কোন্ ক্যাডারের কতগুলি পদের বিপরীতে এই সুবিধা প্রাপ্য হইবেন তাহা ক্যাডার কম্পোজিশন রুলস এর অনুমোদিত ৬ষ্ঠ গ্রেডের পদ সংখ্যা ভিত্তিতে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগ নির্ধারণ করিয়া সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক সরকারি আদেশ জারি করিবেন।

ঘ) পদের সংখ্যা বেজোড় (১ এর অধিক) হইলে ৫০% পদ হিসাবের সময় ১টা পদ বাদ দিতে হইবে। তবে, পদের সংখ্যা ১টি হইলে ব্যতিক্রম হিসাবে ১টি পদের বিপরীতে ১টি পদেই এই সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

ঙ) এই প্রজ্ঞাপনটি জারির তারিখ হইতে কার্যকর হইবে।

মোঃ নজরুল ইসলাম
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

নং-অম/অবি(বাস্ত-১)/বিবিধ-২৫/৯৩/১৯৬ তারিখ: ১-১১-২০০৩ খ্রিষ্টাব্দ। / ১৭-০৭-১৪১০ বঙ্গাব্দ।

অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----------------------, (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সংশ্লিষ্ট সংস্থা/ সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, ১৮৯ শহিদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সংশ্লিষ্ট সংস্থা/ সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। বিভাগীয় কমিশনার-----------------------------------।
৮। জেলা প্রশাসক---------------------------------------।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,---------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিয়া গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১১। গার্ড নথি/ সংকলন/ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও পরিদর্শ ন অনু বিভাগ
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি/(বাস্ত- ১)/বিবিধ- ৪/২০০৩/১৬৪(১০০) তারিখ: ১৮- ১২- ২০০৪ খ্রিঃ।

প্রেরক: আবদুল বারী
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক: হিসাব মহা নিয়ন্ত্রক
সচিবালয় ভবন (৩য় ফেজ)
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

**বিষয়: 'পদোন্নতি না হইলে' পূর্ব পদের ভিত্তিতে প্রদত্ত উচ্চতর স্কেল (টাইম স্কেল) পদোন্নতি প্রাপ্ত পদের স্কেলের সমান বা উচ্চতর হইলে, সেই ক্ষেত্রে নূন্যতম আর্থিক সুবিধা ৭৫/- প্রদান প্রসংগে।**

সূত্র: অম/অবি(বা- )৩- আর(জি)- ১- ৮৪(অংশ- ৫)/২২, তারিখ: ৫- ৩- ১৯৯২ইং।

মহোদয়,

সূত্রোল্লিখিত পত্রের বরাতে নির্দেশিত হইয়া জানাইতেছি যে, অর্থ বিভাগের ৫- ৩- ১৯৯২ তারিখের অম/ অবি(বা)- ৩- আর(জি)- ১- ৮৪(অংশ- ৫)/ ২২ নং স্মারকে যাঁহারা শাখা সহকারী/ সাঁটলিপিকার পদ হইতে সহকারী সচিব পদে পদোন্নতি পাইয়াছেন এবং 'যদি পদোন্নতি না পাইতেন' ভিত্তিতে পূর্ব পদে টাইম স্কেল পাইয়াছিলেন, তাঁহারাও পদোন্নতিপ্রাপ্ত পদে বেতন নির্ধারণকালে নিম্ন পদে প্রাপ্ত টাইম স্কেলের বেতনের সাথে নূন্যতম বেতন নির্ধারণী সুবিধা টাকা ৭৫/- প্রাপ্য হইবেন বলিয়া উল্লেখ আছে।

২। সরকার সকল দায়িত্ব, কার্যপরিধি ও সুযোগ সুবিধা অপরিবর্তিত রাখিয়া শাখা সহকারী পদকে প্রথমে ১৩- ০৯- ১৯৯৫ তারিখের সম/ সওব্য/ টিম- ১ (সংস্থাপন- সাংকা)- ২৪/ ৯৪- ১৭০ নং আদেশবলে প্রশাসনিক কর্মকর্তা এবং সাঁটলিপিকার পদকে ব্যক্তিগত কর্মকর্তা পদে রূপান্তর এবং পরবর্তীতে ২৮- ০৪- ১৯৯৭ তারিখের সম(কল্যাণ)- আর- ৩/ ৯০- ৬৪ নং আদেশবলে পদসমূহকে ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদাসহ বেতনস্কেল উন্নীত করে। সূত্রোস্থ আদেশে প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্ম কর্তা উল্লেখ না থাকায় পদমর্যাদাসহ পদবী পরিবর্তনের কারণে জটিলতার সৃষ্টি হইয়াছে। উল্লেখিত জটিলতা নিরসনের জন্য ৫- ৩- ১৯৯২ তারিখের ২২ নং স্মারকে উল্লেখিত শাখা সহকারী/ সাঁট- লিপিকার পদের স্থলে প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা প্রতিস্থাপিত হইবে। প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা পদ থেকে ১ম শ্রেণীর পদে (সহকারী সচিব নন- ক্যাডার) পদোন্নতি প্রাপ্তদেরকে পদোন্নতি পদে ৭৫/- টাকা বেতন নির্ধারণী সুবিধা প্রদানে ৫- ৩- ১৯৯২ তারিখের ২২ নং স্মারকটি নিম্নোক্তভাবে সংশোধন করা হইল:

'প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা পদ থেকে ১ম শ্রেণীর পদে (সহকারী সচিব, নন- ক্যাডার) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতি পদে ন্যূনতম বেতন নির্ধারণী সুবিধা টাকা ৭৫/প্রাপ্য হইবেন'।

৩। এই আদেশ ২৮- ০৪- ১৯৯৭ তারিখ হইতে কার্যকর হইবে।

আবদুল বারী
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বিবিধ-২৫/৯৩(অংশ-৩)/১০৯

তারিখ: ১৪ আষাঢ়, ১৪১২ বঙ্গাব্দ। / ২৮ জুন, ২০০৫ খ্রিষ্টাব্দ।

**বিজ্ঞপ্তি**

**বিষয়: বিসিএস কর্মকর্তাদের জন্য ৬ষ্ঠ গ্রেডের বেতন স্কেল হইতে ৫ম গ্রেডের বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, The Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর ধারা-৫ এর প্রদত্ত ক্ষমতাবলে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০১/১১/২০০৩ খ্রিষ্টাব্দের প্রজ্ঞাপন নং-অম/অবি (বাস্ত-১)/ বিবিধ-২৫/৯৩/১৯৬ বাতিলপূর্বক নং এস.আর.ও–১১৯-আইন/২০০৫/ অম/ অবি (বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-১/২০০৫/৭৩ এর ৭নং অনুচ্ছেদের (৭) উপ-অনুচ্ছেদ অনুসরণে বিসিএস ক্যাডারসমূহের কর্মকর্তাদের জন্য সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে সরকার নিম্নরূপ বিজ্ঞপ্তি জারি করিলঃ

ক) বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারসমূহের সকল পদে জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর ৬ষ্ঠ স্কেলভুক্ত কর্মরত কর্মকর্তাগণ (১০০%), ১০ (দশ) বৎসর চাকরি পূর্তি ও সন্তোষজনক চাকরীর রেকর্ডের ভিত্তিতে ৫ম গ্রেডের বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন। স্থায়ী পদে কর্মরত পদ সংখ্যার ভিত্তিতে এই সিলেকশন গ্রেডের পদসংখ্যা নির্ধারণ করিতে হইবে।

খ) যে সকল ক্যাডারের কর্মকর্তা ইতোমধ্যে উক্ত সুবিধা পাইয়াছেন অথবা ১০ (দশ) বৎসর চাকরী পূর্তিতে বা তাঁহার পূর্বে ৫ম গ্রেডের বেতন স্কেলভুক্ত পদে পদোন্নতি পাইয়াছেন তাহাদের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

গ) এই আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগ Composition and Cadre Rules-এর অনুমোদিত ৬ষ্ঠ গ্রেডের পদ সংখ্যা নির্ণয় করিয়া সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক সরকারি আদেশ জারি করিবে।

ঘ) যথাযথ মূল্যায়নের ভিত্তিতে যাঁহারা যোগ্য বিবেচিত হইবেন তাহাদের ক্ষেত্রে উক্ত সিলেকশন গ্রেড প্রদেয় হইবে।

ঙ) এই বিজ্ঞপ্তি ০১-১-২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব-------------------------., (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সংশ্লিষ্ট দপ্তরসমূহের ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। বিভাগীয় কমিশনার------------------------------------(সকল বিভাগ)।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহাদের আওতাভুক্ত সংশ্লিষ্ট অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। অতিরিক্ত মহা-পরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল অফিস ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। জেলা প্রশাসক----------------------------------------- (সকল জেলা)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,----------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১১। উপজেলা নির্বাহী অফিসার----------------------------(সকল উপজেলা)।
১২। বিভাগীয় হিসাবরক্ষক,---------------------------------(সকল বিভাগ)।
১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,---------------------------(সকল জেলা)।

১৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,---------------------------- (সকল উপজেলা)।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিয়া গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১৭। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হইবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৩

নং-অম/অবি(বাস্ত-৩)/সিঃগ্রেঃ(স্বাস্থ্য-৪৪)/২০০৬/১৫০ তারিখ: ২৬ আশ্বিন, ১৪১৩ / ১১ অক্টোবর/২০০৬

**প্রজ্ঞাপন**

সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফার্মাসিষ্ট পদটি ব্লকড বিধায় সংশ্লিষ্ট ফার্মাসিষ্টদের মঞ্জুরীকৃত পদের ৫০% মূল পদের পরবর্তী স্কেলটি অর্থাৎ ৪১০০–৮৮২০/- টাকার স্কেলের পরবর্তী স্কেল টাঃ ৫১০০–১০৩৬০/- (জাঃ বেঃ স্কেঃ/২০০৫ ১০ নং গ্রেড) সিলেকশন গ্রেড স্কেল হিসাবে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই সিলেকশন গ্রেড জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদেয় হবে। তবে তা প্রাপ্তির জন্য ফার্মাসিস্ট পদে ন্যূনতম ৫(পাঁচ) বৎসর চাকরি পূর্তি ও চাকরির রেকর্ড সন্তোষজনক হতে হবে।

২। প্রদত্ত সিলেকশন গ্রেড সুবিধা আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কুদ্দুস খান
যুগ্ম-সচিব (বাস্তঃ প্রবিধি)
অর্থ বিভাগ।

নং-অম/অবি(বাস্ত-৩)/সিঃগ্রেঃ(স্বাস্থ্য-৪৪)/২০০৬/১৫০ তারিখ: ২৬ আশ্বিন, ১৪১৩ / ১১ অক্টোবর/২০০৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫) হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬) যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭) যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রক ও পরিদর্শন অনুবিভাগ, অর্থ বিভাগ।
৮) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করে প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অত্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

মোঃ মাহতাব উদ্দিন জমাদার
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

অম/অবি(বাশা-২)-৫-বিবিধ-১/(উঃ)/২০০৬/২৬০

তারিখ: ১৯/১১/২০০৬
০৫/০৮/১৪১৩

**বিষয়: টাইম-স্কেল প্রদানের বিধি/ বিধান প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: শিম/প্রশা-১/৩-৬/৯৯/১৬৫, তাং–২৩/০২/২০০৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কর্মচারীদের টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে তাদের প্রকল্পে চাকরিকাল গণনা করা হবে কিনা-এ বিষয়ে অর্থ বিভাগের নিম্নরূপ সিদ্ধান্ত নির্দেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হলো:

'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কর্মকর্তা ও কর্মচারীদের টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের চাকরিকাল গণনা করা যেতে পারে। তবে এক্ষেত্রে বকেয়া প্রাপ্য হবেন না। উপরন্তু বিষয়টিতে সংস্থাপন মন্ত্রণালয়েরও মতামত নেয়া যেতে পারে।'

মোহাম্মদ আলতাফ-উল-আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৭৩১৪

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-২

নং-অম/অবি(বাস্তঃ-২)বেঃস্কেঃনিঃ(সংস্থাপন)-৩৮/২০০৬/১৫০ তারিখ: ০৪/৭/২০০৭

**বিষয়: জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড মঞ্জুরীর তারিখ ও বকেয়া আর্থিক সুবিধা প্রদান সংক্রান্ত।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নথি নং -সম(বিধি-৫)-২১/২০০৭ এর মাধ্যমে প্রেরিত প্রস্তাব।

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত প্রসতাবের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের যোগ্যতা, সন্তোষসজনক সার্ভিস রেকর্ড এবং পদ শূন্যে থাকার শর্ত পূরণ হলে ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড সিলেকশন গ্রেড প্রাপ্যতার তারিখ থেকে আর্থিক সুবিধাসহ কর্মকর্তাদের সিলেকশন গ্রেড প্রদান করতে হবে মর্মে আদিষ্ট হয়ে জানিয়ে দেয়া হল।

বিমান বিহারী বড়ুয়া
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

অম/অবি(বাস্ত-৪)বিবিধ-১২(সিঃগ্রেঃ)/২০০৬/১০১ তারিখ: ২১ আষাঢ় ১৪১৪ / ৫ জুলাই ২০০৭ খ্রিঃ

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৫ বাস্তবায়নের প্রারম্ভে তারিখ অর্থ্যাৎ ০১-০১-২০০৫ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের বেতন করসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে নির্ধারণ প্রসঙ্গে।**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৫ (সরকারি-বেসামরিক) এর ৭(৬) অনুচ্ছেদে ২য় শ্রেণীর পদে সিলেকশন গ্রেড স্কেল প্রদানের বিধান প্রবর্তন করা হয়েছে। উক্ত বিধান অনুযায়ী যে সকল ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ০১-০১-২০০৫ তারিখে সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্ত হবেন/ হয়েছেন, তাদের ক্ষেত্রে ০১-০১-২০০৫ তারিখে সরাসরি সিলেকশন গ্রেডে নিম্নে বর্ণিতভাবে বেতন নির্ধারণ হবে:-

ক) জাতীয় বেতন স্কেল, ২০০৫ (সরকারি-বেসামরিক) বাস্তবায়নের প্রারম্ভে তারিখ অর্থ্যাৎ ০১-০১-২০০৫ তারিখে করসপনিডং স্কেলে বেতন নির্ধারণের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে বেতন নির্ধারণ হবে;

খ) সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণকালে সংশ্লিষ্ট কর্মকর্তার বেতন সিলেকশন গ্রেডের সমতূল্য ধাপে নির্ধারণ হবে;

গ) যদি সমতূল্য ধাপ না থাকে তাহলে নিম্নধাপে বেতন নির্ধারণ করে অবশিষ্ট অংক ব্যক্তিগত বেতন (পিপি) হিসেবে গণ্য হবে। এই ব্যক্তিগত বেতন পরবর্তী বার্ষিক ইনক্রিমেন্টের সাথে সমন্বয় হবে।

ঘ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পূর্বে সিলেকশন গ্রেড প্রাপ্ত কোন ২য় শ্রেণীর গেজেটেড পদের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হবে না।

রাজিয়া বেগম, এন ডি সি
যুগ্ম-সচিব।

অম/অবি(বাস্ত-৪)বিবিধ-১২(সিঃগ্রেঃ)/২০০৬/১০১ তারিখ: ২১ আষাঢ় ১৪১৪ / ৫ জুলাই ২০০৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৩) সচিব/ ভারপ্রাপ্ত সচিব -----------------মন্ত্রণালয় বিভাগ।
৪) হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৫) অফিস কপি।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/বাজাস(সিগ্রে)/০৬/১২৯ তারিখ: ০৫/০৯/২০০৭

**বিষয়: দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক নং -বাজাসস-সং-২(সিঃ গ্রেডঃ ২য়)/৩(৩)/২০০৫/২৭৯ তারিখ ১৮-৭-২০০৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২য় শ্রেণীর কর্মকর্তাগণকে সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে পদের সংখ্যা বেজোড় (১ এর অধিক) এবং ১টি মাত্র পদ হলে নিম্নলিখিত নীতিমালা অনুসৃত হবে:

'পদের সংখ্যা বেজোড় (১ এর অধিক) হলে ৫০% পদ হিসেবের সময় ১টি পদ বাদ দিতে হবে। তবে পদের সংখ্যা ১(এক) হলে এবং পদটি ব্লক পদ হলে ব্যতিক্রম হিসেবে ১(এক)টি পদের বিপরীতে ১টি পদেই সিলেকশন গ্রেড দেয়া যাবে'।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব

সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়,
শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বেঃস্কেঃউঃ-৩(প্রাগম)/২০০৬/৩২৯ তারিখ: ২৮-১১-২০০৭

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ।**

সূত্র: ডিও নং -প্রাগম/বিদ্যালয়-২/৩০ পিটিআই-৬/০২(অংশ)/১১৭৯ তারিখ: ৬-১১-২০০৭

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের জটিলতা নিরসনের লক্ষ্যে সরকার নিম্নোক্ত নীতিমালা অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষকগণের বেতন স্কেল উন্নীত হওয়ার পূর্বে যিনি যে সংখ্যক টাইম-স্কেল পেয়েছেন/ প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতন স্কেল উন্নীত করার অব্যবহিত পূর্বে তার সর্বশেষ আহরিত/ প্রাপ্য মূলবেতনের ভিত্তিতে স্কেল উন্নীত করার তারিখ এভাবে সরাসরি নির্নীত সর্বশেষ স্কেলের কোন ধাপে মিললে ঐ ধাপে, ধাপে না মিললে বি, এস আর ১ম খন্ডের ৪২(১) (ii) বিধি অনুসরণে নিম্নধাপে বেতন নির্ধারণ করে অবশিষ্ট টাকা পি,পি (Personal Pay) হিসাবে প্রদান করতে হবে। এবং উক্ত পি,পি পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধিতে সমন্বয় হবে। উক্ত পদ্ধতিতে বেতন নির্ধারণকালে মাঝখানে কোন বেতন স্কেলে/ গ্রেডে বেতন নির্ধারণ করা যাবে না।

খ) যিনি কোন টাইম-স্কেল পাননি তার সর্বোশেষে আহরিত/ প্রাপ্য মূলবেতনের ভিত্তিতে বেতন স্কেল উন্নীতকরণের তারিখে উন্নীত স্কেলের কোন ধাপে মিললে ঐ ধাপে, ধাপে না মিললে বি,এস,আর ১ম খন্ডের ৪২(১) (iii) বিধি অনুসরণে নিম্নধাপে বেতন নির্ধারণ করে অবশিষ্ট টাকা পি,পি (Personal Pay) হিসাবে প্রদান করতে হবে এবং উক্ত পি,পি (Parsonal Pay) পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধিতে সমন্বয় হবে। তবে সর্বোশেষ আহরিত/ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণকালে যদি দেখা যায় কারো বেতন সর্বশেষ স্কেলের নিম্নধাপের চেয়ে কম সেক্ষেত্রে তার বেতন সর্বনিম্ন ধাপে নির্ধারণ করতে হবে।

২। উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের সময় যে সকল ক্ষেত্রে টাইমস্কেলে (উচ্চতর স্কেল) পূর্বে প্রাপ্ত/ প্রাপ্য বেতন হ্রাস পেয়েছে/ পাবে, সে সকল ক্ষেত্রে অর্থ বিভাগের ২৩-৯-১৯৯৬ তারিখের অম/ অবি(বাস্ত-৪)/ বেঃ নিঃ -১১/ ৯৩/ ৪৮ নং স্মারক অনুযায়ী পূর্বে প্রাপ্ত/ প্রাপ্য বেতন সংরক্ষিত হবে।

রাজিয়া বেগম, এনডিসি
যগ্ম -সচিব (বাস্তঃও প্রবিধি)
অর্থ বিভাগ।

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি(বাস্ত-১)/বেঃস্কেঃউঃ-৩(প্রাগম)/২০০৬/৩২৯/১(৭) তারিখ: ২৮-১১-২০০৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
২। মহা-পরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সচিব মহাদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। অফিস কপি/ গার্ড ফাইল/ মাষ্টার ফাইল।

মমতাজ আহম্মেদ
সহকারী সচিব (বাস্তবায়ন শাখা-১)
টেলিঃ ৭১৬২৯৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাজেট অনুবিভাগ-১।

অম/অবি(বাস্ত-৪)বিবিধ-১/(উঃ)/২০০৬/২১

তারিখ: ০২/০৩/২০০৮
১৯/১১/১৪১৪

**বিষয়: টাইম-স্কেল প্রদানের বিধি/ বিধান প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ থেকে গত ১৯/১১/২০০৬ তারিখে জারিকৃত অম/ অবি/ বাশা-২/৫-বিবিধ-১(উঃ)/২০০৬/২৬০ নং স্মারকের মাধ্যমে দেয়া মন্তব্য (সংযুক্ত) নির্দেশক্রমে বাতিল করা হলো।

মোহাম্মদ আলতাফ-উল-আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৭৩১৪

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়-৪ অধিশাখা

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেঃ)/০৭/৪৭ তারিখ: ২৪-০৩-০৮ খ্রিঃ

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইম-স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নথি নং সম(বিধি-৩)/ বিবিধ-৩০/০৬

উপর্যুক্ত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী নির্দেশক্রমে জানাচ্ছে যে, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান করার অবকাশ নাই। এ প্রসঙ্গে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের ০২-০৩-২০০৮ তারিখের অম/ অবি/ বাশাঃ২/-৫-বিধি-১(উঃ)/ ২০০৬/ ২১ নং স্মারকটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেঃ)/০৭/৪৭ তারিখ: ২৪-০৩-০৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করা হলো।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

অম/অবি(বাস্ত-৩)/জাঃবেঃস্কেঃ(স্বরাষ্ট-০১/২০০৬/৮৬ তারিখ: ০১/০৪/২০০৮ খ্রিঃ

**বিষয়: পুলিশ কনষ্টেবল পদে টাইমস্কেলের প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: ক) স্বরাষ্ট মন্ত্রণালয়ের ১২/৯/২০০৬ তারিখের পত্র নং -স্বঃ মঃ (পুঃ-৪) পি১বি -৫/২০০০/৫৩৮।
খ) স্বরাষ্ট মন্ত্রণালয়ের ২২/১/২০০৮ তারিখের পত্র নং -স্বঃ মঃ (পুঃ-৪) পি১বি -৫/২০০০/৫৯।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, অর্থ বিভাগের অফিস স্মারক নং- অম/ অবি (বাস্ত)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৮৪, তারিখ: ১২/১২/৯১ খ্রিঃ ও অম/ অবি(বাস্ত)-১/ বেতন সমতা -৮/ ২০০৫/ ১৩৪ তারিখ: ৩০/৭/২০০৫ খ্রিঃ অনুসারে স্বরাষ্ট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পুলিশ কনষ্টেবলদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে উদ্ভুত জটিলতা নিরসনকল্পে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

ক) অর্থ বিভগের ১২/১২/৯১ তারিখের অম/ অবি(বাস্ত)-১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৮৪ নং স্মারকে প্রদত্ত পুলিশ কনষ্টেবলদের ১২, ১৫ বছর চাকরি পূর্তিতে ১ম ও ২য় টাইমস্কেল প্রাপ্তির শর্ত বাতিল করে জাতীয় বেতন স্কেল ১৯৯১ এর ৮। (১) অনুচ্ছেদ অনুযায়ী ৮, ১২, ১৫ বছর চাকরি পূর্তিতে ১ম ২য় ও ৩য় টাইমস্কেল প্রদানের বিধান পূনবর্হাল করা হলো।

খ) অর্থ বিভাগের স্মারক নং -অম/ অবি(বাস্ত) -১/ জাঃ বেঃ স্কেল-৫/ ৯১/ ৮৪ তারিখ:১২/১২/৯১ ও স্মারক নং- অম/ অবি(বাস্ত)-১/ বেতন সমতা-৮/ ২০০৫/ ১৩৪, তারিখ- ৩০/৭/২০০৫ দ্বারা পুলিশ কনষ্টেবলদের প্রদত্ত উন্নীত বেতন স্কেল জাতীয় বেতন স্কেলসমূহের সংশ্লিষ্ট অনুচ্ছেদ এবং BSR এর part-1 এর ধারা 42 (i) (ii) এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণ করতে হবে।

২। এক্ষেত্রে, পুলিশ কনষ্টেবলদের বেতন স্কেল উন্নীত হওয়ার অব্যবহিত পূর্বে যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়েছেন/ পাবেন, উন্নীত বেতন স্কেললের সাথে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে, বেতন স্কেল উন্নীত হওয়ার পূর্বে সর্বশেষ আহরিত/ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে, উন্নীত বেতন স্কেল কার্য-কারিতার তারিখ থেকে সরাসরি নির্নীত সর্বশেষ স্কেলের কোন ধাপে মিললে ঐ ধাপে; ধাপে না মিললে BSR এর part-1 এর ধারা 42,(i)(ii) এর বিধান অনুযায়ী নিম্নধাপে বেতন নির্ধারণ করে অবশিষ্ট টাকা পিপি (personal pay) হিসাবে প্রদান করতে হবে। উক্ত পিপি (personal pay) পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনের সাথে সমন্বয় হবে। এই পদ্ধতিতে বেতন নির্ধারণকালে মাঝখানে কোন বেতন স্কেলে/ গ্রেডে বেতন নির্ধারণ করা যাবে না।

রাজিয়া বেগম, এনডিসি
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

সচিব
স্বরাষ্ট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-অম/অবি/বাস্তঃ৩/জাঃবেঃস্কেঃ(স্বরাষ্ট্র-০১)/২০০৬/৮৬(৭) তারিখ: ০১/০৪/২০০৮ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
৫। অফিস কপি/ গার্ড নথি/ মাস্টার ফাইল।

বিমান বিহারী বড়ুয়া
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/বিকে-২/৯৪/৪৯১

তারিখ: ০৮/০৩/১৪১৫
২২/৬/২০০৮

**বিষয়: গাড়ী চালকদের হালকা ও ভারী গাড়ী চালনার লাইসেন্সধারী হিসাবে সিলেকশন গ্রেড স্কেল প্রদান সংক্রান্ত।**

সূত্র:- নং-সিজিএ/পদ্ধতি-২/স্বাস্থ্য/১৪২/৩০৮ তারিখ-৮/১১/২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাড়ী চালকদের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ২৮/৬/১৯৮২ তারিখের স্মারক নং-MF(ID)-III/ A(G)-1/ 82/ 1167 অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

মোঃ গোলাম মোস্তফা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬২৯৭৬

উপ-হিসাব মহা-নিয়ন্ত্রক (পদ্ধতি)
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
সেগুনবাগিচা
ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

নং-অম/অবি(বাস্ত-৩)/সিঃগ্রেঃ(খাদ্য-৩)/২০০৬/১৬৯ তারিখ:-০৮/৭/২০০৮ খ্রিঃ।

**বিষয়: খাদ্য অধিদপ্তরের মটরযান মেকানিক্স পদের জন্য সিলেকশন গ্রেড মঞ্জুর প্রসঙ্গে।**

সূত্র: খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের ১৯/৬/২০০৮ তারিখের পত্র খাদুব্যম/ খাঃপ্রঃ/ বিবিধ-২৯/২০০২-৪৩৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের মটরযান ম্যাকানিক্স পদটি কারিগরী ও ব্লক পদ বিবেচনায় অর্থ বিভাগের ১৬/৬/৭৯ তারিখের ৬৪৪ নং স্মারকের রেফারেন্সে 'মিল রাইটদের ন্যায়' মটরযান মেকানিক্সদেরও ৫(পাঁচ) বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে মঞ্জুরীকৃত মোট পদের ২৫% পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে ১৯৭৭ এর বেতন স্কেল টাঃ ৩০০−৫৪০ (১৬ নং স্কেল) থেকে টাঃ ৩২৫−৬১০ (১৫ নং স্কেল) সিলেকশন গ্রেড প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

জীবন কুমার চৌধুরী
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৪৫

সচিব
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-১৬/০৭/১১৩

তারিখ: ২৫/০৩/১৪১৫বঙ্গাব্দ
০৯/০৭/২০০৮ খ্রিষ্টাব্দ

**বিষয়: জাতীয় বেতন স্কেল ২০০৫ এর আওতায় সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।**

সূত্র:- নং-সিজিএ/পদ্ধতি-১/জাঃ বেঃ স্কেঃ/৫৩৫/খন্ড-২/৩৩৩ তারিখ:- ২২/০৬/২০০৮ খ্রীঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের তথ্য অনুযায়ী অর্থ বিভাগের ২৬/১২/১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)- 26/ 80/ 1749 নং স্মারকের ধারাবাহিকতায় তৎকালীন মহা হিসাবরক্ষক (সিভিল) কার্যালয়ের ২৫/০১/১৯৮২ তারিখের নিঃ/ সমন্বয়/ ৫৩/ ৪৩/ ১১৮ নং স্মারক জারি করা হয়।

২। পরবর্তীতে হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় থেকে ১৫/০৩/২০০৬ তারিখের সিজিএ/ পদ্ধতি-১/ জাঃ বেঃ স্কেঃ/ ৫৩৫/ ২০০৫/ ৪৮ নং পত্র জারি এবং পুনরায় ২৪/০৪/২০০৬ তারিখের সিজিএ/ পদ্ধতি-১/ জাঃ বেঃ স্কেঃ/ ৫৩৫/ ২০০৫/ ২৬৪৩ (১০০) নং স্মারক দ্বারা বর্ণিত ৪৮নং পত্র বাতিল করায় সরাসরি সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে।

৩। উদ্ভুত জটিলতা নিরসনকল্পে অর্থ বিভাগের ২৬/১২/১৯৮০ তারিখের MF(ID)-VI-(G)-26/ 80/ 1749 নং স্মারক এবং মহা হিসাবরক্ষক (সিভিল) কার্যালয়ের ২৫/০১/১৯৮২ তারিখের নিঃ/ সমন্বয়/ ৫৩/ ৪৩/ ১১৮ নং স্মারক অনুযায়ী জাতীয় বেতন স্কেল/ ২০০৫ বাস্তবায়নের তারিখে অর্থাৎ ০১/০১/২০০৫ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন:- ৯৫৬৫৭৩৩।

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সচিবালয় ভবন, ৩য় ফেজ,
সেগুনবাগিচা, ঢাকা।

বিতরণ: সদয় অবগতির জন্য:

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

অম/অবি(বাস্ত-৩)-সিঃগ্রেঃ(যোগাযোগ)-২/২০০৪/১৭৯ তারিখ: ১৩/৭/২০০৮ খ্রিঃ।

**বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত আরবরিকালচার সেকশনাল অফিসার/ এস্টিমেটর পদে ২০০৫ এর টাঃ ৪১০০–৮৮২০ (১১ নং স্কেল) থেকে ৫১০০–১০৩৬০ (১০ নং স্কেল) টাকা বেতন স্কেল সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।**

সূত্র: যোগাযোগ মন্ত্রণালয়ের ৩০/৬/২০০৮ তারিখের পত্র নং -সজস-২/ সিঃ গ্রেড-৫/২০০৮ -৩৮৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত আরবরিকালচার সেকশনাল অফিসার/ এস্টিমেটর পদে ৩ (তিন) বছর মেয়াদী 'Diploma in Agriculture from a recofnised Institute' থাকা সাপেক্ষে মঞ্জুরীকৃত মোট পদের ৫০% পদে জাঃ বেঃ স্কেল, ২০০৫ এর বিদ্যমান বেতন স্কেল টাঃ ৪১০০–৮৮২০ (১১ নং স্কেল) থেকে পরবর্তী উচ্চতর স্কেল টাঃ ৫১০০–১০৩৬০ (১০ নং স্কেল) সিলেকশন গ্রেড স্কেল হিসাবে প্রদানে আদিষ্ট হয়ে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সম্মতি জ্ঞাপন করা হলো:

ক) সংশ্লিষ্ট পদধারীর ৫ (পাঁচ) বছর সন্তোষজনক চাকরিকাল হতে হবে;
খ) জ্যেষ্ঠতার ভিত্তিতে সিলেকশন গ্রেড প্রদানযোগ্য হবে;
গ) বেতন নির্ধারণী সুবিধা ব্যতিত আদেশ জারির তারিখের পূর্বের কোন প্রকার বকেয়া প্রদেয় হবে না।

জীবন কুমার চৌধুরী
উপ-সচিব।
ফোন: ৯৫৫০৭৪৫

সচিব
যোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
যোগাযোগ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

অম/অবি(বাস্ত-৪)বিবিধ-১৬/০৭/১৫১ তারিখ: ১৪/০৯/২০০৮

**বিষয়: জাতীয় বেতন স্কেল ২০০৫ এর আওতায় সরাসসি সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ।**

সূত্র: সিজিএ/পদ্ধতি-১/জাঃ বেঃ স্কেঃ/৫৩৫/খন্ড-২/২০০৫/৩৮৯ তারিখ: ২৫/৮/০৮

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৯/৭/২০০৮ তারিখের অম/ অবি/ (বাস্ত-৪)/ বিবিধ-১৬/ ০৭/ ১১৩ নং স্মারকে অর্থ বিভাগের ২৬/১২/১৯৮০ তারিখের MF(ID) -VI-(G)-26/ 80/ 1749 নং স্মারক এবং মহা হিসাবরক্ষক (সিভিল) কার্যালয়ের ২৫/১০/১৯৮২ তারিখের নিঃ/ সমন্বয়/ ৫৩/ ৪৩/ ১১৮ নং স্মারক অনুযায়ী জাতীয় বেতন স্কেল/২০০৫ বাস্তবায়নের তারিখে অর্থ্যাৎ ০১/০১/২০০৫ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বেতন সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে নির্ধারণের নির্দেশনা দেয়া হয়। অন্যদিকে সিলেকশন গ্রেড সংক্রান্ত অর্থ বিভাগের ১০/০৫/৮৩ তারিখের ৭৪ নং বিজ্ঞপ্তির (ক) অনুচ্ছেদ বিদ্যমান থাকায় বেতন নির্ধারণে সংশয় সৃষ্টি হয়েছে উল্লেখ করে সূত্রোক্ত স্মারকে অর্থ বিভাগের সিদ্ধান্ত চাওয়া হয়েছে।

২। সে প্রেক্ষিতে ০১/০১/২০০৫ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত ক্যাডার অফিসারদের বেতন সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে নির্ধারণের ক্ষেত্রে নিম্নে বর্নিত পদ্ধতি অনুসরণ করার নির্দেশনা দেয়া হলো:

ক) সরাসরি সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণকালে সংশ্লিষ্ট কর্মকর্তার বেতন সিলেকশন গ্রেডের সমতুল্য ধাপে নির্ধারণ হবে;

খ) যদি সমতুল্য ধাপ না থাকে তাহলে নিম্নধাপে বেতন নির্ধারণ করে অবশিষ্ট অংক ব্যক্তিগত বেতন (পিপি) হিসেবে গণ্য হবে। এই ব্যক্তিগত বেতন পরবর্তী বার্ষিক ইনক্রিমেন্ট এর সাথে সমন্বয় হবে।

ড. অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিতরণ: সদয় অবগতির জন্য:

১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়,
অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত স্মারক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/প্রম-৯(বেতনসমতা)/২০০৬/১৫৬ তারিখ: ২২/০৯/২০০৮

**বিষয়: ওয়াসার কনস্টেবল ও পিজি কনষ্টেবল পদে টাইমস্কেলের প্রাপ্যতা প্রসঙ্গে।**

সুত্রঃ ২২.৪৪.১.০০.৪৫.২০০৫-২৮৪(২) তারিখ: ১১-৫-২০০৮ খ্রিঃ
২। ২২.৪৪.১.০০.৪৫.-২০০৫-৪৯০ (২) তারিখ: ১০-৭-২০০৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৮-৯-২০০৭ তারিখের অম/ অবি/ (বাস্ত-৪)/ প্রম-৯ (বেতন সমতা) ২০০৬/ ১৩৭ নং প্রজ্ঞাপনে প্রধান উপদেষ্টার কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় গোয়েন্দা অধিদপ্তর (এন,এস,আই) এর ফিল্ড অফিসার ও জুনিয়র ফিল্ড অফিসার এবং ওয়াসার কনষ্টেবল এবং পিজি কনষ্টেবল পদের উন্নীত বেতন স্কেলের বর্নিত শর্তাদির 'খ' তে উল্লেখিত পিজি কনষ্টেবল/ ওয়াসার কনষ্টেবলগণ একই পদে ১২ ও ১৫ বছর চাকরি পূর্তির পরে ১ম ও ২য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল টাইম-স্কেল হিসাবে প্রাপ্তির শর্ত বাতিল করে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী ৮, ১২ ও ১৫ বছর চাকরি পূর্তিতে যথাক্রমে ১ম, ২য়, ও ৩য় টাইমস্কেল প্রদানের বিধান বহাল করা হলো।

ড. অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

সচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

অম/অবি(বাস্ত-৩)-টাঃস্কেল(স্বরাষ্ট্র-১২)/২০০২/২৬২(৩) তারিখ: ২২/১০/২০০৮ খ্রিঃ।

**বিষয়: কারারক্ষীদের ০৩ (তিন)টি টাইমস্কেলের প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২১/৯/২০০৮ তারিখে পত্র নং-স্বঃমঃ ১ই-৮০/২০০৮ (কারা-১)-৭৩৪।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়াধীন কারা অধিদপ্তরের কারারক্ষীদের ১২ ও ১৫ বছর চাকরি পূর্তিতে যথাক্রমে ১ম ও ২য় টাইমস্কেল প্রদান সংক্রান্ত অর্থ বিভাগের ২১/৫/১৯৯২ তারিখের অম/ অবি(বাস্ত) -৪/ স্বরাষ্ট্র-১৮/ ৯২/ ২৪ নং অফিস স্মারকের শর্ত বাতিলপূর্বক জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর অনুচ্ছেদ ৮ (১) অনুযায়ী ৮, ১২ ও ১৫ বছর চাকরি পূর্তিতে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় টাইমস্কেল প্রাপ্তির বিধান পূনর্বহালে আদিষ্ট হয়ে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

জীবন কুমার চৌধুরী
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৪

বিতরণ

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
৭৭/৭, কাকরাইল, ঢাকা।

২। সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/সংসদ(সিঃগ্রেঃ)/২০০৮/১৬৫ তারিখ: ২২/১০/২০০৮

**বিষয়: সাঁট-লিপিকার, সাঁট মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক, এবং অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে সিলেকশন গ্রেড এবং অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের জন্য গতি পরীক্ষা টাইপ রাইটারের পরিবর্তে কম্পিউটারে গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং-১২(৯)/২০০৮ -মাস-২(বিবিধ)/১৮৯. তারিখ: ০৯-৪-২০০৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাঁট-লিপিকার, সাঁট মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক এবং অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে সিলেকশন গ্রেড প্রদানের শতকরা হারের বিদ্যমান কোটা ও ক্ষেত্র অপরিবর্তিত রেখে স্ব-স্ব পদে ন্যূনতন ৫(পাঁচ) বছর চাকরি পূর্তিতে সিলেকশন গ্রেড প্রদেয় হবে। আলোচ্য পদসমূহে সিলেকশন গ্রেড ও অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের জন্য অর্থ বিভাগের ১৪-৯-১৯৮৬ তারিখের MF-FD(IMP)-3-R(G)-16-83 (pt-I)/ 161 নং স্মারকে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে গতি পরীক্ষা নেয় হতো। বর্তমান কম্পিউটার চালু হওয়ায় এই পরীক্ষা কম্পিউটারে নেয়ার জন্য বিভিন্ন কার্যালয় থেকে প্রস্তাব আসে। প্রসতাবের প্রেক্ষাপট বিবেচনা করে যে সকল স্থানে টাইপ রাইটারের পরিবর্তে কম্পিউটার ব্যবহার হচ্ছে সে সকল স্থানে টাইপ রাইটারের পরিবর্তে নিম্নবর্ণিত পদ্ধতিতে কম্পিউটারে পরীক্ষা গ্রহণ করার সম্মতি দেয়া হলো:

ক) কম্পিউটারে নিম্নলিখিত বিষয়গুলোর ওপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে:

১. Basics of operating system
২. Microsoft Word
৩. Microsoft XL
৪. Microsoft power point & Microsoft Access

খ) শর্ট হ্যান্ড ও কম্পিউটারে কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম নিম্নরূপ গতি থাকতে হবে:

| পদের নাম | শর্টহ্যান্ড-এ প্রতি মিনিটে গতি | কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি |
|---|---|---|
| সাঁট-লিপিকার | ইংরেজী-৮০, বাংলা-৫০ | ইংরেজী-৪৫, বাংলা-৩০ |
| সাঁট মুদ্রাক্ষরিক | ইংরেজী-৭০, বাংলা-৪৫ | ইংরেজী-৪৫, বাংলা-৩০ |
| মুদ্রাক্ষরিক | --------- | ইংরেজী-৪৫, বাংলা-৩০ |
| অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক | --------- | ইংরেজী-৪৫, বাংলা-৩০ |

২। উপরিউক্ত সিদ্ধান্ত এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে:

ড. অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

সচিব, ----------------------------------------
তার অধীনস্ত দপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/ ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানসমূহে ইহার অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নং-অম/অবি(বাস্ত-৪)/সংসদ(সিঃগ্রেঃ)/২০০৮/১৬৫/১(৫০) তারিখ: ২২/১০/২০০৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাব মহানিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করা হলো।

ড. অর্দ্ধেন্দু শেখর রায়
উপ-সচিব।

(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হইবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৫

নং-অম-অবি/(বাস্ত৫)/অর্থ(সিঃগ্রেড)-২/২০০৮/৪৬ তারিখ: ০৫/০৩/২০০৯ খ্রিঃ।

**বিষয়: সচিবালয়স্থ মন্ত্রণালয়/ বিভাগসমূহের প্লেইন পেপার কপিয়ার ও ফটোকপি মেশিন অপারেটর পদে সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের প্রশাসন-৫ অধিশাখার ২৯/১০/২০০৮ তারিখের অম/ অবি/ প্র-৫/ পি-৭(০১)/৯০/৫৬৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার পুনর্বিবেচনার পর সচিবালয়স্থ মন্ত্রণালয়/ বিভাগসমূহের ফটোকপি মেশিন অপারেটর ও প্লেইন পেপার কপিয়ার পদে নিম্নের ছকের ৫নং কলামে বর্ণিত শর্ত সাপেক্ষে ৪নং কলামে উল্লিখিত বেতন স্কেল সিলেকশন গ্রেড স্কেল হিসাবে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন:

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল, ২০০৫) | সিলেকশন গ্রেড স্কেল (জাঃ বেঃ স্কেল, ২০০৫) | শর্তাদি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্লেইন পেপার কপিয়ার | টাঃ ৩০০০-৫৯২০ (১৬নং গ্রেড) | ৩১০০-৬৩৮০ (১৫নং গ্রেড) | সংশ্লিষ্ট পদে কমপক্ষে ১০ বছর সন্তোষজনক চাকরিকাল পূর্তি সাপেক্ষে। |
| ২ | ফটোকপি মেশিন অপারেটর | টাঃ ২৮৫০-৫৪১০ (১৭নং গ্রেড) | ৩০০০-৫৯২০ (১৬নং গ্রেড) | সংশ্লিষ্ট পদে কমপক্ষে ১০ বছর সন্তোষজনক চাকরিকাল পূর্তি সাপেক্ষে। |

২। এ সিলেকশন গ্রেডের সুবিধা আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

মোঃ নজরুল ইসলাম
উপ-সচিব
ফোন: ৭১৬২৯৭৬

বিতরণ:

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,
মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়
৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা।

২। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ
সেগুনবাগিচা, ঢাকা।

৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

নং-অম-অবি/(বাস্ত৫)/অর্থ(সিঃগ্রেড)-২/২০০৮/৪৬ তারিখ: ০৫/০৩/২০০৯ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগগিত ও প্রয়োজনীয় জ্ঞাতার্থেঃ</u>

১) সচিব
সকল মন্ত্রণালয়/ বিভাগ।

২) হিসাবরক্ষণ কর্মকর্তা
সকল মন্ত্রণালয়/ বিভাগ।

৩) অফিস কপি/ গার্ড নথি।

মোঃ নজরুল ইসলাম
উপ-সচিব
ফোন: ৭১৬২৯৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)বিবিধ-২০/(উঃস্কেল)/২০০৭/৪৭ তারিখ: ১৩/৬/২০০৯

**প্রজ্ঞাপন**

সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিসটেন্ট পদটি ব্লকড পদ বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের মঞ্জুরীকৃত পদের ৫০% পদে ৩৪০০–৬৬২৫/-(৯৭ সনের ১০ নং গ্রেড) টাকার স্কেলটি সিলেকশন গ্রেড হিসাবে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই সিলেকশন গ্রেড জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদেয় হবে, তবে তা প্রাপ্তির জন্য উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিসটেন্ট পদে ন্যূনতম ৫(পাঁচ) বৎসর চাকরি পূর্তি ও চাকরির রেকর্ড সন্তোষজনক হতে হবে।

২। প্রদত্ত সিলেকশন গ্রেড সুবিধা এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)
অর্থ বিভাগ।

নং-অম/অবি(বাস্ত-৪)বিবিধ-২০/(উঃস্কেল)/২০০৭/৪৭ তারিখ: ১৩/৬/২০০৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৫। বাস্ববায়ন, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অত্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সেলিমা আকতার বানু
সিঃ সহকারী সচিব।

[বাংলাদেশ গেজেটের ১ম খন্ডে, ১৭ই জানুয়ারী, ২০০২ ইং তারিখে প্রকাশিত]

অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন শাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ই জুন ২০০১

নং-অম/অবি/(বাস্ত-৪)/সিঃগ্রেঃ-২৮/২০০০/২৬-সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিসটেন্ট পদটি ব্লকড পদ বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের মঞ্জুরীকৃত পদের ৫০% পদে ৩৪০০−৬৬২৫ (৯৭ সনের ১০নং গ্রেড) টাকার স্কেলটি সিলেকশন গ্রেড হিসাবে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই সিলেকশন গ্রেড জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদেয় হবে, তবে তা প্রাপ্তির জন্য উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এসিসটেন্ট পদে ন্যুনতম ৫ (পাঁচ) বৎসর চাকরি পূর্তি ও চাকরির রেকর্ড সন্তোষজনক হতে হবে।

২। প্রদত্ত সিলেকশন গ্রেড সুবিধা এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

বাঃসঃমুঃ-২০০১/২০০২-৪৪৭২জি-১০০-১৮-৩-২০০২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনু বিভাগ
বাস্তবায়ন- ৪ অধিশাখা

নং- অম/অবি/বাস্তঃ- ৪/রাকা- ৯ (সিঃগ্রেঃ)/২০০৯/৬২ তারিখ: ০২- ৮- ২০০৯ খ্রিঃ

**বিষয়: ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে সিলেকশন গ্রেড প্রদান।**

সূত্র: রাষ্ট্রপতির কার্যালয়ের ২০- ৭- ০৯ তারিখের রাকা/জন/প্রঃ/৩/১৩/২০০০- ২৫২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রপতির কার্যালয়ের জন বিভাগে কর্মরত (এল.পি.আর ভোগরত) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর জনাব মোঃ লোকমান আলী সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত প্রচলিত বিধি- বিধান ও শর্তাদি পূরণ সাপেক্ষে চাকুরী সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে নিয়োগের তারিখ থেকে গণনাপূর্বক চাকুরী মেয়াদ ১০ (দশ) বৎসর পূর্তিতে পরবর্তী তারিখ থেকেই সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন।

এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ৩০- ৩- ১৯৮৩ তারিখের MFP(Imp)-1/4-B-4(G)/83/95 নং স্মারক পত্রটির (সংযুক্ত) বিধানাবলী অনুসরণ করা যেতে পারে।

মতিউর রহমান
উপ- সচিব।
ফোন: ৭১ ৬১ ৪৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদরশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-২

অম/অবি(বাস্ত-২)সিঃগ্রেঃ(শিক্ষা)-৪/২০০৯/১৪৭ তারিখ: ৩/০৮/২০০৯

**বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে সহকারী অধ্যাপক ও প্রভাষকদের সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ২১/৭/২০০৯ তারিখের শাঃ ৬/৭সি-২/২০০৯/৮৩৫ শিক্ষা নং স্মারক।

২। শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/৭/২০০৯ তারিখের শাঃ ৬/৭সি-২/২০০৯/৮৫৯ শিক্ষা নং স্মারক।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৭/৭/২০০৯ তারিখের সম/ সওব্য/ গ-২২/০৩/ (সিঃস্কেলগ্রেঃ) (অংশ)-১৮) -১৮৫ নং স্মারক।

৪। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৭/৭/২০০৯ তারিখের সম/ সওব্য/ গ-৯১/৯৫/ (মা,উ,শি,অ) -১৮৬ নং স্মারক।

উপর্যুক্ত বিয়য় ও সুত্রোক্ত ও পত্রসমূহের প্রেক্ষিতে সংস্থাপন মন্ত্রণালয়ের ২/৫/০৬ তারিখের সম/ সওবা/ গ-২২/০৩(সিঃস্কেঃসিঃ) (অংশ-১৮) ১১২ নং স্মারকে সম্মতির প্রেক্ষিতে অর্থ বিভাগের ২৮/৬/২০০৫ তারিখের অম/ অবি(বাস্ত-১) বিবিধ -২৫/ ৯৩(অংশ-৩)/ ১০৯ নং স্মারকে প্রদত্ত শর্তাদি ও এতদসংক্রান্ত বিষয়ে প্রচলিত আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী বিসিএস(সাধারণ শিক্ষা) ক্যাডারের ৬ষ্ঠ গ্রেড বেতন স্কেলভুক্ত মোট ২০৬১ (দুই হাজার একষট্রি)টি সহকারী অধ্যাপক পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাঃ ১১০০০–১৭৬৫০/- (৬ষ্ঠ গ্রেড) থেকে টাঃ ১৩৭৫০–১৯২৫০/- (৫ম গ্রেড) বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রদানে এবং সংস্থাপন মন্ত্রণালয়ের ৬/১১/১৯৯৭ তারিখের সম/ সওব্য/ গ-৯১/ ৯৫ (মা,উ,শি,অ) -২০৪ নং স্মারকে সম্মতির প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে ৯ম গ্রেড বেতন স্কেলভুক্ত ১১৭৬ (এগারশত ছিয়াত্তর)টি প্রভাষক পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাঃ ৬৮০০–১৩০৯০/- (৯ম গ্রেড) থেকে টাঃ ৯০০০–১৫৪৮০/- (৭ম গ্রেড) বেতন স্কেলে সিলেকশন গ্রেড প্রদানে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো। তবে শর্ত থাকে যে, ৯ম গ্রেডভুক্ত পদে ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানে এতদসংক্রান্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ৯/১/৯৪ তারিখের এস.আর.ও–১১/ আইন/ ৯৪/ সম(উন্নয়ন ও বাস্তবায়ন-২) -৭৩/ ৯৩-০১ ও ১৭/৯/৯৪ তারিখের সম/ (বিধি-৫) -৯১/ ৯৪-১৬৫ নং এবং ২৩/ ৩/ ৯৪-১৬৫ নং এবং ২৩/৩/৯৫ তারিখের সম/ (বিধি-৫) -৪৩/ ৯৫-৯৫-৩৯ নং পরিপত্রসমূহের শর্তাদি যথাযথভাবে প্রতিপালিত করতে হবে।

জিনাত আরা
সিনিয়র সহকারী সচিব

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায় শাখা -৪

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেল)/২০০৭/৯১ তারিখ: ১৫-১২-২০০৯ খ্রিঃ

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইম-স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) অম/ অবি/ (বাস্ত-৪)/ বিবিধ-২০ (উঃস্কেঃ)/০৭/৪৭, তারিখ: ২৪-০৩-২০০৮ খ্রিঃ

২) হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়ের ৯-৯-২০০৮ তারিখের স্মারক নং সিজিএ/পদ্ধতি-১/উন্নয়ন/৪৭০/৪০৪

৩) হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়ের ২০-৪-২০০৮ তারিখের স্মারক নং সিজিএ/পদ্ধতি-২/খন্ড-৫(১৬)/ ২০০৬-০৭/৮৩২

৪) সংস্থাপন মন্ত্রণালয়ের ছায়ানথি নম্বর-সম(বিবিধ-৩ অধিঃ)-বিবিধ-৩০/২০০৬/২৫৯, ১২-৭-২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের টাইম স্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক জটিলতা, আর্থিক শৃংখলা বজায় রাখার লক্ষ্যে অর্থ বিভাগের নিম্নলিখিত ব্যাখ্যা/ সিদ্ধান্ত প্রদান করা হলো:-

ক) প্রকল্পের চাকরিতে থাকাকালীন সময়ে প্রকল্পের ব্যবস্থাপনায় যদি কোন কর্মকর্তা/ কর্মচারীকে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান করা হয়ে থাকে এবং তৎপর পেনশনে গিয়ে থাকেন তা কর্তন বা কর্তনযোগ্য এমন মতামত/ বক্তব্য অর্থ বিভাগ থেকে জারিকৃত ২৪-৩-২০০৮ তারিখের অম/ অবি/ (বাস্ত-৪)/ বিবিধ-২০ (উঃস্কেঃ)/ ০৭/ ৪৭নং স্মারকে বলা হয়নি।

খ) প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকালের সহিত রাজস্বখাতের চাকরিকাল যুক্ত/ গণনা করে অর্থাৎ প্রকল্পের ও রাজস্বখাতের চাকরির সমষ্টির ভিত্তিতে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদেয় নয়।

গ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জেষ্ঠ্যতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর ৫(৬) অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরের পর শুধুমাত্র রাজস্ব খাতের চাকরিকাল গণনা করে জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী এতদসংক্রান্ত বিধি-বিধান অনুসরণে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদেয় হবে।

মতিউর রহমান
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/(বাস্ত-৪)/বিবিধ-২০(উঃস্কেল)/২০০৭/৯১ তারিখ: ১৫-১২-২০০৯ খ্রিঃ

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ
সেগুনবাগিচা, ঢাকা।

মতিউর রহমান
উপ-সচিব
ফোন: ৭১৬১৪৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি/বাস্ত-৩/বেঃস্কেঃউঃ(যোগাযোগ-৫)/২০০৮(অংশ)/৪৩ তারিখ: ২৪/০২/২০১০ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ রেলওয়ে হাসপাতালসমূহের ফার্মাসিস্ট (ব্লকড পোস্ট) পদে জাঃ বেঃ স্কেল, ২০০৫ এর টাঃ ৪১০০-৮৮২০ (১১ নং স্কেল) থেকে ৫০% পদে পরবর্তী উচ্চতর স্কেল টাঃ ৫১০০-১০৩৬০ (১০ নং স্কেল) সিলেকশন গ্রেড স্কেল প্রদান প্রসঙ্গে।**

সূত্র: যোগাযোগ মন্ত্রণালয়ের ২৭/১২/২০০৯ তারিখের পত্র নং-যোগা/রেপ্র/সিঃ গ্রেড-৩৬/০৮-১০৯২।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে বিভাগের হাসপাতালসমূহে নিয়োজিত ডিপ্লোমাধারী ফার্মাসিস্টদের (ব্লকড পোস্ট) পাঁচ বৎসরের সন্তোষজনক চাকরি পূর্তিতে ও এতদসংক্রান্ত বিষয়ে প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে জ্যেষ্ঠতার ভিত্তিতে মঞ্জুরিকৃত মোট পদের ৫০% পদে জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর টাঃ ৪১০০-৮৮২০ (১১ নং স্কেল) হতে পরবর্তী উচ্চতর স্কেল টাঃ ৫১০০-১০৩৬০ (১০ নং স্কেল) সিলেকশন গ্রেড স্কেল হিসাবে প্রদানে আর্দিষ্ট হয়ে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

তবে শর্ত থাকে যে, এ আদেশ জারির তারিখ থেকে সিলেকশন গ্রেড স্কেলের সুবিধা কার্যকর হবে।

মোঃ আব্দুল্লাহ মাসুদ
উপ-সচিব
ফোন: ৯৫৫০৭৪৫

সচিব,
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক ও রেলপথ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেল ভবন, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
অধিশাখা-৫

অম/অবি(বাস্ত-৫)-সিঃগ্রেঃ/টাঃস্কেল/০৫/২০০৯/২৬ তারিখ: ২৮/০৩/২০১০ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী ২য় শ্রেণীর কর্মকর্তাগণকে উচ্চতর স্কেল (টাইমস্কেল) ও সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

জাতীয় বেতন স্কেল/ ২০০৯ অনুযায়ী সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের ২য় শ্রেণীর কর্মকর্তাগণকে উচ্চতর স্কেল (টাইমস্কেল) ও সিলেকশন গ্রেড স্কেল প্রদান সংক্রান্ত বিষয়ে উত্থাপিত জটিলতা নিরসনকল্পে নির্দেশক্রমে নিম্নলিখিত ব্যাখ্যা প্রদান করা হলো:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| ক) ০১-০৭-২০০৯ -এ পে-স্কেল জারি করার পূর্বে যে সমস্ত ২য় শ্রেণীর কর্মকর্তা (যারা পূর্বে তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসেবে উচ্চতর স্কেল (টাইমস্কেল পেয়েছেন) অবসর গ্রহণ করেছেন তাদের জাতীয় বেতন স্কেল/ ২০০৯ এর ৭(২) অনুচ্ছেদ অনুযায়ী ৮ ও ১২ বছর চাকরি পূর্তিতে উচ্চতর বেতন স্কেল (টাইমস্কেল) এর প্রাপ্যতা সংক্রান্ত; | জাতীয় বেতন স্কেল/ ২০০৯ অনুযায়ী কেবলমাত্র চাকরিতে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ বেতন স্কেল/ ০৯-এ প্রদেয় সুবিধাদি প্রাপ্য হবেন এবং এসব সুবিধা ১লা, জুলাই ২০০৯ হতে প্রদেয় হবে। অর্থ্যাৎ যে সকল কর্মকর্তা/ কর্মচারী ০১-০৭-২০০৯ এর পূর্বে এলপিআর কিংবা অবসরে গেছেন তারা জাতীয় বেতন স্কেল/ ০৯ এর ৭(২) অনুচ্ছেদে প্রদেয় উচ্চতর স্কেল (টাইমস্কেল) এর সুবিধা প্রাপ্য হবেন না। |
| খ.১. যে সকল ২য় শ্রেণীর কর্মকর্তা সিলেকশন গ্রেড প্রাপ্তির পূর্বে টাইমস্কেল প্রাপ্য হয়েছেন<br>অথবা<br>খ.২. একই তারিখে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্য হয়েছেন তাদের ক্ষেত্রে কোনটি সিলেকশন গ্রেড এবং কোনটি টাইমস্কেল? | ১. টাইমস্কেল ও সিলেকশন গ্রেড সংক্রান্ত বিষয়ে জাতীয় বেতন স্কেল/০৯ এর ৭(১) অনুচ্ছেদ অনুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২. একই তারিখে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্য হলে ১ম টি সিলেকশন গ্রেড ও ২য়টি টাইমস্কেল হিসাবে বিবেচ্য। |
| গ) জাতীয় বেতন স্কেল/ ২০০৯ অনুযায়ী ৭৪০০–১৩২৫০/- (৮ম গ্রেড) টাকার স্কেলবিশিষ্ট ব্যক্তিগত কর্মকর্তাদের ক্ষেত্রে সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রদানের বিষয় মতামত; | Individual Case পর্যালোচনা করে মতামত প্রদান করা যেতে পারে। |
| ঘ) ০১-০৭-২০০৯ তারিখে সিলেকশন গ্রেড প্রাপ্ত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের বেতন করসপন্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেড স্কেলে নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ; | অর্থ বিভাগের অম/ অবি(বাস্ত-৪)/ বিবিধ-১২/ (সিঃগ্রেঃ)/ ২০০৬/ ১০১, তারিখ: ৫-৭-২০০৭ স্মারক অনুযায়ী ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের বেতন স্কেল, ২০০৫ -এ করেসপান্ডিং স্কেলের পরিবর্তে সরাসরি সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের সুযোগ ছিল।<br>জাঃ বেঃ স্কেঃ/ ০৯ এর ৬ (৩) (ক) অনুচ্ছেদ অনুযায়ী ০১-০৭-২০০৯ তারিখে কোন কর্মকর্তা/ কর্মচারী সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রাপ্ত হলে ঐ তারিখে প্রথমে ৩০-৬-২০০৯ তারিখে প্রাপ্ত বেতন স্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে করসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণ করার পর নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে সিলেকশন গ্রেড ও টাইমস্কেলে বেতন নির্ধারণ হবে। |

বিবিধ:

| | |
|---|---|
| ১) ০১-০৭-২০০৯ তারিখে এবং এর পর এলপিআর ভোগরত কর্মকর্তা/ কর্মচারীদের অনুকূলে টাইমস্কেল প্রদান করা প্রসঙ্গে। | এলপিআর ভোগরত কর্মকর্তা/ কর্মচারীগণ শুধুমাত্র বার্ষিক বেতনবৃদ্ধির সুবিধা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য) ছাড়া অন্য কোন সুবিধা প্রাপ্য হবেন না। |
| ২) 'যদি পদোন্নতি না হতো' তাহলে নিম্নপদের ভিত্তিতে উচ্চতর স্কেল (টাইমস্কেল) প্রদানের বিষয়ে কি ব্যবস্থা নিতে হবে? | 'যদি পদোন্নতি না হতো' এসব বিষয় Case to Case নথি পর্যালোচনা করে নিষ্পত্তি করা যেতে পারে। |

মোঃ নজরুল ইসলাম
উপ-সচিব
ফোন:- ৭১৬২৯৭৬

বিতরণ:

১) সচিব/ভারপ্রাপ্ত সচিব---------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
তার আওতাভুক্ত সংশ্লিষ্ট সংস্থা/ সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে ইহার অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

২) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
তার আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩) হিসাব মহা নিয়ন্ত্রক বাংলাদেশ, ঢাকা।
তার আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনেন্স, সেগুনবাগিচা, ঢাকা।
তার আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৫) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পুর্ব) সিআরবি ভবন, চট্টগ্রাম।
তার আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৬) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী তার আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৭) পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।

৮) পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।

৯) পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।

১০) পরিচালক, স্থানীয় ও বাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।

১১) সদয় অবগতির জন্য অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

১২) বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।

১৩) গার্ড ফাইল/ অফিস কপি।

মোঃ নজরুল ইসলাম
উপ-সচিব
ফোন: ৭১৬২৯৭৬

(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হইবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

অম/অবি(বাস্ত-৩)-সিঃগ্রেঃ(স্বাস্থ্য)-১১২/২০০৭/৭৩ তারিখ: ২৫/০৪/২০১০ খ্রিঃ।

**অফিস স্মারক**

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন সরকারি হাসপাতালসমূহসহ অন্যান্য সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে কর্মরত ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমাধারী মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী, রেডিওগ্রাফি, রেডিওথেরাপি, ডেন্টাল, সেনেটারী ইন্সপেক্টর ও ফিজিওথরাপী) পদে জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর টাঃ ৪১০০–৮৮২০ (১১ নং স্কেল) থেকে টাঃ ৫১০০–১০৩৬০ (১০ নং স্কেল) এ সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭ এপ্রিল, ২০০৯ তারিখের পত্র নং -স্বাপকম/ প্রশা-১/ এডি এসজি-১/ ০৪/ অংশ/ ৬৪৭।
২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬ মে, ২০০৯ তারিখের পত্র নং -স্বাপকম/ প্রশা-১/ এডি পি এইচ/১ই -৪/ ২০০৮/ ৬৮৩।
৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৬ অক্টোবর, ২০১০ তারিখের পত্র নং-স্বাপকম/ প্রশা-১/ এডি/ পিএইচ/ ১ই-৪/ ২০০৮/ ১৯৯০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন সরকারি হাসপাতালসহ অন্যান্য সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে (মেডিকেল কলেজ, ইনস্টিটিউটসমূহ, সিভিল সার্জন অফিস, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি/ মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল) কর্মরত 'বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ স্বীকৃত প্রতিষ্ঠানসমূহ হতে' ৩ (তিন) বছর মেয়াদী কোর্সে ডিপ্লোমাধারী মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী, রেডিওগ্রাফী, রেডিওথেরাপী, ডেন্টাল, সেনেটারি ইন্সপেক্টর ও ফিজিওথরাপী) পদসমূহ কারিগরী পদ বিবেচনায় ফার্মাসিস্ট ও উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/ মেডিকেল এ্যাসিস্ট্যান্ট পদের ন্যায় সংশ্লিষ্ট পদে ৫ (পাঁচ) বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে মঞ্জুরীকৃত মোট পদের ৫০% পদে জেষ্ঠ্যতার ভিত্তিতে বিদ্যমান বেতনস্কেল, ২০০৫ এর টাঃ ৪১০০–৮৮২০ (১১ নং স্কেল) এর পরবর্তী উচ্চতর স্কেলটি জাঃবেঃস্কেল, ২০০৫ এর টাঃ ৫১০০–১০৩৬০ (১০ নং স্কেল) সিলেকশন গ্রেড স্কেল হিসাব প্রদান আদিষ্ট হয়ে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

তবে শর্ত থাকে যে, এ আদেশ জারির তারিখ থেকে সিলেকশন গ্রেড স্কেলের সুবিধা কার্যকর হবে।

মোঃ আবদুল্লাহ মাসুদ
উপ-সচিব।
ফোন: ৯৫৫০৭৪৫

সচিব,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি

১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকর কার্যালয়, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২) হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকর কার্যালয়, সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
অধিশাখা-৫

অম/অবি(বাস্ত-৫)-সিঃগ্রেঃ/টাঃস্কেল/২০১০/(অংশ)/৩৬ তারিখ: ০৩/০৫/২০১০ খ্রিঃ

**বিষয়: ২য় শ্রেণীর কর্মকর্তাগণকে সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেল (টাইমস্কেল) প্রদান সংক্রান্ত।**

সূত্র:- স্মারক নং-অম/অবি/প্রশা-৪/সিঃগ্রেঃ ও টাঃস্কেঃ/২০০৯/২৮৫, তারিখ:- ১৩-০৪-২০১০।
২। নথি নং -অম/অবি/প্র-৪/সিঃগ্রেঃ(৩৯)/২০০৫।

উপর্যুক্ত সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল/ ২০০৫ অনুযায়ী ৫১০০–১০৩৬০/- (১০ নং গ্রেড) টাকার বেতন স্কেল বিশিষ্ট ২য় শ্রেণীর কর্মকর্তাগণকে সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেল (টাইমস্কেল) প্রদান সংক্রান্ত বিষয়ে নিম্নোক্তভাবে নির্দেশক্রমে সরকারি সিদ্ধান্ত জ্ঞাপন করা হলো:

ক) ২য় শ্রেণীর কোন কর্মকর্তা সিলেকশন গ্রেড প্রাপ্তির পূর্বে টাইমস্কেল প্রাপ্য হলে সেক্ষেত্রে ৬৮০০–১৩০৯০/- টাকার স্কেল ১ম টাইমস্কেল হিসাবে প্রদান করে প্রাপ্যতা অনুযায়ী সিলেকশন গ্রেড হিসাবে ৭৪০০–১৩২৪০/- টাকার স্কেল ব্যক্তিগত স্কেল হিসেবে এবং পরবর্তীতে টাইমস্কেল প্রাপ্য হলে সেক্ষেত্রে ৯০০০–১৫৪৮০/- টাকার স্কেল ২য় টাইমস্কেল হিসেবে প্রদেয় হবে;

খ) ৭৪০০–১৩২৪০/- টাকার বেতন স্কেল ভোগরত ব্যক্তিগত কর্মকর্তাগণ তাদের পদের বিপরীতে সিলেকশন গ্রেডের জন্য নির্ধারিত ৬৮০০–১৩০৯০/- টাকার বেতন স্কেলের চেয়ে উচ্চতর স্কেলে বেতন আহরণ করছেন এবং বর্তমানে আহরিত বেতন স্কেল ও উক্ত পদের জন্য নির্ধারিত ১ম টাইমস্কেল একই অর্থ্যাৎ ৭৪০০–১৩২৪০/- টাকা। তাই তাদেরকে সিলেকশন গ্রেড ও ১ম টাইমস্কেল প্রদানের সুযোগ নেই। তবে, ব্যক্তিগত কর্মকর্তা পদে ১২ বছর চাকরি পূর্তিতে ৯০০০–১৫৪৮০/- (৭নং গ্রেড) টাকায় ২য় টাইমস্কেল হিসেবে প্রদেয় হবে;

গ) ২য় শ্রেণীর পদে সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে ২য় শ্রেণীর কোন কর্মকর্তা নিজ পদের বেতন স্কেল থেকে সিলেকশন গ্রেড ও ২টি টাইমস্কেলসহ সর্বমোট ৩টির অধিক উচ্চতর স্কেল প্রাপ্য হবেন না;

ঘ) উক্ত সিলেকশন গ্রেড ও টাইমস্কেল বাবদ ১-৭-০৯ তারিখের পূর্বে বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত কোন বকেয়া প্রদেয় হবে না;

ঙ) আলোচ্য সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে এতদসংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।

মোঃ নজরুল ইসলাম
উপ-সচিব
ফোন:-৭১৬২৯৭৬।

উপ-সচিব (প্রশাসন-৪)
অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.০৬১.০০০.০০.২৩.০০২.২০১০-২৯৮ তারিখ: ২৬-০৯-২০১০ খ্রিঃ।

**বিষয়: ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের জেলা কাঠামোতে নিয়োজিত বেতার যন্ত্রচালকদের অনুকূলে সিলেকশন গ্রেড প্রদান।**

সূত্র: নং-খাদুব্যম/ ত্রাণ প্রশাসন-২/ সিঃগ্রেড/২০১০-৩৬১ তাং-১৮/০৭/২০১০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে দুর্যোগব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের অধীনস্থ ত্রাণ অধিদপ্তরাধীন সাংগঠনিক কাঠামোতে কর্মরত বেতার যন্ত্রচালক পদটি সমউর্ন ব্লকড ও কারিগরী পদ বিবেচনায় চাকরি ১০ (দশ) বছর পূর্তিতে ১৩৭৫-২৮৭০ (১৪নং গ্রেড) (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাঃ ৫২০০-১১২৩৫) এর পরবর্তি স্কেল টাঃ ১৪৭৫-৩১৫০ (১৩ নং গ্রেড) করেসপন্ডিং জাঃ বেঃ স্কেল, ২০০৯ অনুযায়ী টাঃ ৫৫০০–১২০৯৫ স্কেলে সিলেকশন গ্রেড প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

২। প্রদত্ত সিলেকশন গ্রেড আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং বেতন নির্ধারণ সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সেহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-০৭.০৬১.০০০.০০.২৩.০০২.২০১০-২৯৮ তারিখ: ২৬-০৯-২০১০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ ভবন, ৯২-৯৩, মহাখালী বা/ এ, ঢাকা-১২১২।
৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সেহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারী ১৮, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

## প্রজ্ঞাপন

তারিখ, ৪মাঘ ১৪১৭/১৭ জানুয়ারী ২০১১

এস.আর.ও নং–১৫-আইন/২০১১/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০১০।–Services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর ধারা-৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরী (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুছেদ ৭এর উপ-অনুচ্ছেদ (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:-

৬) যে সকল ক্যাডারে ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ নাই সে সকল ক্যাডারের কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড পদে ৮ (আট) বছর অথবা উপ-সচিব বা সমস্কেলের ক্যাডার পদসহ ৮ বছর সন্তোষজনক চাকরী পূর্তিতে বা যে সকল ক্যাডার ৪র্থ গ্রেডের পদোন্নতিযোগ্য পদ থাকা সত্ত্বেও নিজ ক্যাডারের ৪র্থ গ্রেডে পদোন্নতি (লাইন প্রমোশন) ব্যতিরেকে ৫ম গ্রেডে উপ-সচিব বা সমস্কেলের পদে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপ-সচিব পদসহ সাকুল্যে ৮ (আট) বছর সন্তোষজনক চাকরী পূর্তিতে ৪র্থ গ্রেডে টাকা ২৫৭৫০–৩৩৭৫০ টাইমস্কেল প্রাপ্য হইবেন। এই সুবিধা ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে প্রদেয় হইবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ছাড়া ০১-০৭-২০০৯ তারিখের পূর্বের কোন বকেয়া প্রাপ্য হবেন না:

তবে শর্ত থাকে যে, যে কোন ক্যাডার কর্মকর্তা পদোন্নতি ব্যতিরেকে একই পদে একটির বেশি টাইম-স্কেল সুবিধা প্রাপ্য হইবেন না।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্টপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৪
www.mof.gov.bd

নং-অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/উঃ স্কেঃ/২০০৭/(অংশ)/৭৪ তারিখ: ২২/০৯/২০১১ খ্রিঃ।

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্হানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.২১১.০১৫.০১.০০.০০৯.২০১০-৫৯ তাং ০৩/০২/২০১১ খ্রিঃ।
২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.০১৫.০০.০০.০২১.২০১১-২৬৪ তাং ২৮/০৭/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এসআরও হিসেবে জারিকৃত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্হানান্তরিত পদের পদধারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর বিধি-৬ এ বর্ণিত আছে 'নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।' এ বিধিতে প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে কিছু বলা হয়নি। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্হানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে পূর্বে প্রদত্ত মতামত/ ব্যাখ্যা যথার্থ। (অর্থ বিভাগের সিদ্ধান্তের অনুলিপি সংযুক্ত)।

উল্লেখ্য যে, 'টাইম স্কেল' ও 'সিলেকশন গ্রেড' আর্থিক সুবিধা হলেও বেতন, ছুটি এবং পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের সাথে এর কোন সম্পর্ক নেই। কারণ 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রাপ্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট কতিপয় বিধি-বিধান/ পদ্ধতি অনুসরণীয়। সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদটি রাজস্বখাতের পদ হতে হয়। রাজস্বখাতে স্হানান্তরিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি রাজস্বখাতে নিয়মিতকরণের তারিখ থেকে নির্দিষ্ট সময়কাল গণনা করে চাকরির সন্তোষজনক রেকর্ড এবং এসএসবি/ডিপিসি-এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রদান করা হয়। উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্হানান্তরিত কর্মরত কর্মচারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে প্রায়োগিক হলেও টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রকল্পের চাকরিকাল গণনাযোগ্য নহে।

এমতাবস্হায়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্হানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' এর আওতায় উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্হানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে 'টাইমস্কেল' এবং 'সিলেকশন গ্রেড' প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ইতোপূর্বেকার মতামত/ ব্যাখ্যা যথার্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত বিধিমালার সাথে সাংঘর্ষিক কিংবা অসঙ্গতিপূর্ণ নয় মর্মে নির্দেশক্রমে পুনরায় জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

জিনাত আরা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬১৪৩১

১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ৩

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০৮.১২- ১২৪ তারিখ: ০৩- ০৬- ২০১২ খ্রিঃ

**'অফিস স্মারক'**

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমূহের এম,এল,এস,এস এবং দপ্তরী পদে সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার মন্ত্রণালয়/ বিভাগসমূহের এম,এল,এস,এস এবং দপ্তরী পদে নিম্নরূপ শর্তাদি প্রতিপালন সাপেক্ষে সিলেকশন গ্রেড প্রদান করেছে:

| ক্রঃ নং | অফিসের নাম | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | সিলেকশন গ্রেড স্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মন্ত্রণালয়/ বিভাগসমূহ | এম,এল,এস,এস | টাঃ ৪১০০- ৭৭৪০ (২০নং স্কেল) | টাঃ ৪২৫০- ৮১৪০ (১৯নং স্কেল) |
| ২ | মন্ত্রণালয়/ বিভাগসমূহ | দপ্তরী | টাঃ ৪২৫০- ৮১৪০ (১৯নং স্কেল) | টাঃ ৪৪০০- ৮৫৮০ (১৮নং স্কেল) |

শর্তাদি:

(ক) সংশ্লিষ্ট পদধারীদের ১০ (দশ) বছর চাকুরী পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হবে। তবে এ সুবিধা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং এ পদে কর্মরত কর্মচারীগণ বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না;

(খ) এ আদেশ জারির পরিপ্রেক্ষিতে এতদসংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের ১৭.০৫.১৯৭৮ তারিখের Office Memorandum No. MF (ID) III/B-1/78/538 এর Para 4 & 5 এর বিধানাবলী মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত এম,এল,এস,এস ও দপ্তরীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন- ১)
ফোন: ৭১৬৬৮৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ................................................মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ................................................মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০৮.১২- ১২৪/১৫ তারিখঃ- ০৩- ০৬- ২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:
১. অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
৩. সিনিয়র সচিব এর একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪. গার্ড/সংশ্লিষ্ট নথি।

মফিজ উদ্দীন আহমেদ
উপ- সচিব।
ফোন: ৯৫৫০৭৮১

# অগ্রীম ইনক্রিমেন্ট

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
IMPLEMENTATION WING
SECTION –III

# NOTIFICATION

No.MF-FD(Imp)-3-R(G)-12-83(Pt.I)-218 Dated: 24.12.1985

In exercise of the powers conferred by section 5 of the services (Re-organisation and Conditions) Act, 1975 (XXXII of 1975), the Government is pleased to make the following additions in this Division's Notification No. MF-FD(Imp)-III-R(G)-12-83(Pt.L)-35 dated 20.2.1985;

In the aforsaid order, the following shall be added below 'Notes' of Sub-Paragraph (c) of paragraph 2, namely:

'Notes-2: For the purpose of this order, 'Service' shall also mean actual period of service rendered in a post carrying a pay scale-

a) the minimum of which was Tk. 300 or above and the maximum of which was Tk. 675 or above prior to 1.7.73.

and

b) in NFS Grade-V, Tk. 475–1275 or above w.e.f 1.7.73 and in NNS Tk. 750–1470 or above w.e.f 1.7.77.

The period of service rendered in a post carrying the above mentioned scales shall be counted w.e.f 22.4.1968 subject to the fulfilment of all the conditions laid down in (a) & (b) of Notes 2 above. Any other period of service rendered in such a post prior to 22.41968 shall not be counted.

The conditions laid down in (a) & (b) of Notes-2 above shall also apply, mutatis mutandis, to a Defence Service Commissioned Officer who has been subsequently absorbed in non-cadre post.

By order of the President

H.R. Datta
Deputy Secretary.

Distribution:
1. CMLA'S Secretariat, old Sangshad Bhaban, Tejgaon, Dhaka.
2. President's Secretariat, Personal Division, Dhaka.
3. President's Secretariat, Public Division, Dhaka.
4. Prime Minister's Secretariat, Dhaka.
5. All Ministries/ Divisions with the request to endorse copies to the offices under their Administrative Control.
6. Comptroller and Auditor General of Bangladesh, Dhaka.
7. Controller General, Defence Finance (M.A.G), Dhaka with the request to endorse copies to all offices under his control.
8. Accountant General (Civil), Bangladesh, Dhaka with the request to endorse copies to all Chief Accounts offices, District Accounts Offices and upzila Accounts Offices.
9. Accountant General (Works & WAPDA), Bangladesh, Dhaka.
10. Director General, Commercial Audit, Bangladesh, Dhaka.
11. Director, Railway Audit, C.R.B., Chittagong.
12. Director General Local & Revenue Audit, Bangladesh, Dhaka.
13. Accountant General, P.T. & T. Bangladesh, Dhaka.
14. Additional A.G., Foreign Affairs, Dhaka.
15. Expenditure Control and Regulation Wing, Finance Div.
16. Implementation Section, Cabinet Division, Dhaka.
17. Officer-in-Charge, Bangladesh Govt. Press for publication in the next official gazette.
18. All Officers of Implementation Wing, Finance Div.
19. Guard File.
20. Compilation File.

S.T.R. Yusuff
Section Officer.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINSTRY OF FINANCE, FINANCE DIVISION
IMPLEMENTION WING
SECTION III

# OFFICE MEMORANDUM

NO:MF/FD(Imp)-3-R(G)-16-83(Pt.I)/161 Dated: 14-9-1986

**Sub: Advance Increments to the Stenographers/ Steno-typists, Typists for showing proficiency in Shorthand and Typing, both in English and Bengali.**

With reference to the subject noted above, the undersigned is directed to say that the government have been pleased to allow two advance increments, in their respective scales of pay, to the Stenographers and Steno-typists who acquire the following speed in Shorthand and Typing, both in English and Bengali, in a test to be conducted by the respective appointing authority, from the date of passing the said test.

| | | | Minimum shorthand speed per minute | Minimum Typing Speed per minute |
|---|---|---|---|---|
| a) | Stenographer: | i) | English-80 | 30 |
| | | ii) | Bengali-50 | 25 |
| b) | Steno-typists: | i) | English-70 | 28 |
| | | ii) | Bengali-45 | 23 |

2. In the case of Typists, who acquire, the following speed, both in English and Bengali Typing, in a test to conducted by the appointing authority, they will get two advance increment in their respective scales of pay, from the date of passing the said test.

| | | Minimum Typing speed per minute |
|---|---|---|
| Typists: | i) | English-30 |
| | ii) | Bengali-20 |

3. This order shall come into force immediately.

H.R. DATTA
Deputy Secretary

Distribution:
1. CMLS's Secretariat, Old Sangshad Bhaban, Tejgaon, Dhaka.
2. President's Secretariat, Personal Division, Dhaka.
3. President's Secretariat, Public Division, Dhaka.
4. Prime Minister's, Secretariat, Dhaka.
5. All Ministries/ Divisions with the request to endorse copies to the offices under their Administrative officers.
6. Comptroller and Auditor General of Bangladesh. Dhaka.
7. Comptroller General, Defense Finance (H.A.G.), Dhaka. With the request to endorse copies to all officers under his control.
8. Comptroller General of Accounts, Bangladesh, Dhaka. With the request to endorse copies to all Accounts Officers, District Accounts Offices and Upa-Zilla Accounts Offices.
9. Accountant General (works and WAPDA), Bangladesh, Dhaka.
10. Director General, Commercial Audit, Bangladesh, Dhaka.
11. Director, Railway Audit, C.R.B, Chittagong.
12. Director General, Local & Revenue Audit, Bangladesh, Dhaka.
13. Accountant General, F.T & T., Bangladesh, Dhaka.
14. Director General, Audit & Accounts Training Academy, Shegunbagicha, Dhaka.
15. Additional A.G., Foreign Affairs, Dhaka.
16. Expenditure Control and Regulation wing, Finance Division.
17. Implementation Section, Cabinet Division, Dhaka.
18. All Officers of Implementation wing, Finance Division.
19. Guard file.
20. Compilation file.

S.T.R. Yusuff
Assitant Secretary

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

নং-অম-অবি(বা)-৩-আর(জি)-৯-৮৬-১৩ তারিখ: ২৮-১-৮৮ ইং / ১৩-৯-৯৪ বাং

**বিষয়: বাংলা ও ইংরেজী উভয় ভাষায় শর্টহ্যান্ড ও টাইপিং-এ দক্ষতা প্রদর্শনের জন্য সাঁট-লিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক ও নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিকগণকে দুটি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।**

উপরোল্লিখিত বিষয়ে অর্থ বিভাগের বাস্তবায়ন উইং-এর ১২-১১-৮৬ ইং তারিখের এম, এফ, ডি (ইম্প)-৩-আর(জি)-৯-৮৬-১৮০ নং স্মারকের অনুসরণে, নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, সরকারের সিদ্ধান্ত মোতাবেক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৪-৯-৮৬ ইং তারিখের এম,এফ,এফ,ডি (ইম্প)-৩-আর(জি)-১৬-৮৩(পার্ট-১)/ ১৬১ নং স্মারকে বর্ণিত দুটি অগ্রিম ইনক্রিমেন্ট এর সুবিধা, উক্ত আদেশে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সাইফার ডিপার্টমেন্টের যে সকল সাইফার সহকারী কাম মুদ্রাক্ষরিকগণ ১৯৮৫ সালের নিয়োগবিধি জারির পূর্বে একটি ভাষায় টাইপিং-এ দক্ষতার ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যে সকল সাইফার সহকারী-কাম-মুদ্রাক্ষরিকগণ ১৯৮৫ ইং সালের নিয়োগবিধি অনুযায়ী দুটি ভাষায় টাইপিং-এ দক্ষতার ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হয়েছেন, তাঁদের ক্ষেত্রে উক্ত দুটি ইনক্রিমেন্টের সুবিধা প্রদেয় হবে না। কেননা তাঁদের ক্ষেত্রে নিয়োগের শর্ত হলো দুটি ভাষায় টাইপিং-এ দক্ষতা অর্জন।

এইচ আর দত্ত
উপ-সচিব।

বিতরণ:

১। প্রতিরক্ষা মন্ত্রণালয়।
২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স।
৪। ব্যয় নিয়ন্ত্রণ ও প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ।
৫। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৭। গার্ড নথি।

শ, ভ, র ইউসুফ
সহকারী

# বিভিন্ন কমিশনে কর্মরতদের বেতন- ভাতা নির্ধারণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি- ৩/সম্মানী- ০৬/২০০০/১৭ তারিখ: ০২/০৫/২০১১ খ্রিঃ

**বিষয়: রেগুলেটরী রিফর্মস কমিশনের চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও সংযুক্ত/ সহযোগী কর্মকর্তা- কর্মচারীবৃন্দের সম্মানীর হার অনুমোদন প্রসংগে।**

সূত্র: পত্র সংখ্যা- ৫৩.৪২.০৫.০০.০০.২২.২০০৭- ৫৭(৩) তারিখ: ০৬/০২/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে যানানো যাচ্ছে যে, রেগুলেটরী রিফর্মস কমিশনের চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও কমিশনের কাজে সহায়তার জন্য বিনিয়োগ বোর্ড সংযুক্ত/ সহযোগী কর্মকর্তা- কর্মচারীদের নিম্নবর্ণিত হারে সম্মানী ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| | | |
|---|---|---|
| ক) | কমিশনের একটি সভায় সভাপতিত্ব করার জন্য চেয়ারম্যান | ১০,০০০/- টাকা |
| খ) | কমিশনের একটি সভায় অংশগ্রহণের জন্য কমিশনের প্রতি জন বেসরকারি সদস্য | ৫,০০০/- টাকা |
| গ) | কমিশনের একটি সভায় অংশগ্রহণের জন্য কমিশনের প্রতি জন রকারি সদস্য | ৩,০০০/- টাকা |
| ঘ) | কমিশনের কাজে সহায়তার জন্য বিনিয়োগ বোর্ডে সংযুক্ত/ সহযোগী কর্মকর্তা- কর্মচারীবৃন্দ ও বিনিয়োগ বোর্ডের সচিব এক অর্থ বছরে সম্মানী ভাতা বাবদ | **১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ একবার** |

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব,
প্রধান উপদেষ্টার কার্যালয়
পুরাতন সংসদ ভবন,
তেজগাঁও, ঢাকা।
(দৃঃ আঃ জনাব শেখ মোঃ আব্দুল আহাদ, পরিচালক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-১৫৫ তারিখ: ০২/০৫/২০১১ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও কমিশনারগণের বেতন ভাতাদি ও পদমর্যাদা নির্ধারণ।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/বিধি-২/১এস-৬/৯৮/২৪, তাং- ০৯/০৮/২০০৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও কমিশনারগণের বেতন-ভাতাদি ও পদমর্যাদা অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| পদের নাম | মূল বেতন | বাড়ী ভাড়া | পদমর্যাদা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **চেয়ারম্যান** | ৯০,০০০/- (পূর্ব নির্ধারিত) | ৩,০০০/- (নতুন) | মন্ত্রিপরিষদ সচিব |
| **ভাইস চেয়ারম্যান** | ৭৫,০০০/- (পূর্ব নির্ধারিত) | ২,৫০০/- (নতুন) | সচিব |
| **কমিশনার** | ৬৫,০০০/- (পূর্ব নির্ধারিত) | ২,৫০০/- (নতুন) | অতিঃ সচিব |

শর্তাবলী:

ক) কমিশনের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও কমিশনারগণের সাকুল্যে বেতন, বাড়ীভাড়া পূর্ব থেকে নির্ধারিত থাকায় তাঁদের জন্য সুপারিশকৃত আপ্যায়ন ভাতা অনুচ্ছেদ ২(গ) এর পদ্ধতি অনুসরণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে;

খ) সুপারিশকৃত পদমর্যাদা প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে;

গ) বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে সুপারিশকৃত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রদানের বেলায় প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রচলিত নিয়মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পাদনপূর্বক বিদ্যমান চুক্তির শর্তাবলী সংশোধন/সংযোজন করতে হবে;

ঘ) বর্ণিত পদগুলোতে নতুন করে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সুপারিশকৃত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রদানে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রচলিত নিয়মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে;

ঙ) কমিশনের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও কমিশনারগণের জন্য অর্থ বিভাগের ০৯/০৮/২০০৬ তারিখের অম/ অবি/ বিধি-২/ ১এস-৬/ ৯৮/ ২৪ নং স্মারকের মাধ্যমে প্রদত্ত অন্যান্য সুবিধাদি যথারীতি বহাল থাকবে; এবং

চ) কোন মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর, পরিদপ্তর, সংস্থা এবং প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণ কমিশনের উল্লিখিত পদে নিয়োগপ্রাপ্ত হয়ে নির্দিষ্ট মেয়াদ শেষে স্ব স্ব প্রতিষ্ঠানের চাকরিতে ফেরত গেলে, সে ক্ষেত্রে তাঁরা কমিশনে কর্মরত অবস্থায় প্রাপ্ত বেতন-ভাতাদি, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন না।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

সচিব,
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-১৫৬ তারিখ: ০২/০৫/২০১১ খ্রিঃ

**বিষয়: সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং যুবক সংক্রান্ত কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের বেতন ভাতাদি ও পদমর্যাদা নির্ধারণ।**

সূত্র: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং-৫৩.০০২.০৩১.০০.০০.০০৩.২০০৯-১২২, তাং ২৩-০৩-২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং যুবক সংক্রান্ত কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের বেতন ভাতাদি ও পদমর্যাদা অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে নিম্নরূপভাবে নির্ধারণ/ পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| **কমিশন/কর্তৃপক্ষের নাম** | **পদের নাম** | **মূলবেতন-বাড়ী ভাড়া (সাকুল্যে)** | **আপ্যায়ন** | **পদমর্যাদা** | **অন্যান্য সুবিধা** |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন | চেয়ারম্যান | ৯০,০০০/- | ৩,০০০/- | মন্ত্রিপরষদ সচিব | সার্বক্ষণিক একটি গাড়ী এবং অফিস ও আবাসিক টেলিফোন সুবিধা। |
| | সদস্য | ৬৫,০০০/- | ২,৫০০/- | অতিরিক্ত সচিব | |
| বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | চেয়ারম্যান | ৯০,০০০/- | ৩,০০০/- | মন্ত্রিপরষদ সচিব | |
| | সদস্য | ৬৫,০০০/- | ২,৫০০/- | অতিরিক্ত সচিব | |
| যুবক সংক্রান্ত কমিশন | চেয়ারম্যান | ৯০,০০০/- | ৩,০০০/- | সচিব | |
| | সদস্য | ৬০,০০০/- | ২,০০০/- | যুগ্ম-সচিব | |

২। শর্তাবলী:-

ক) সুপারিশকৃত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/অধ্যাদেশ/বিধিমালা/আদেশ ইত্যাদি প্রণয়ন/সংশোধনসহ অনুচ্ছেদ-২ (খ, গ এবং ঘ) এর পদ্ধতি অনুসরণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে;

খ) সুপারিশকৃত পদমর্যাদা প্রশাসনিক বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে;

গ) বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে সুপারিশকৃত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রদানের বেলায় প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রচলিত নিয়মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/ সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পাদনপূর্বক বিদ্যমান চুক্তির শর্তাবলী সংশোধন/ সংযোজন করতে হবে;

ঘ) বর্ণিত পদগুলোতে নতুন করে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সুপারিশকৃত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রদানে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রচলিত নিয়মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/ সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে; এবং

ঙ) কোন মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর, পরিদপ্তর, সংস্থা এবং প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণ উল্লিখিত পদে নিয়োগপ্রাপ্ত হয়ে নির্দিষ্ট মেয়াদ শেষে স্ব স্ব প্রতিষ্ঠানের চাকরিতে ফেরত গেলে, সে ক্ষেত্রে তাঁরা অনুচ্ছেদ-১ এ বর্ণিত বেতন-ভাতা, পদমর্যাদা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন না।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

সচিব,
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-২২০ তারিখ: ২৯/০৮/২০১১ খ্রিঃ

**বিষয়: যুবক সংক্রান্ত কমিশনের সদস্য-এর বেতন ভাতাদি ও পদমর্যাদা নির্ধারণ।**

সূত্র: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং-৫৩.০০২.০৩১.০০.০০.০০৩.২০০৯-৩৬৫, তাং ১৩-০৭-২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে যুবক কমিশনের সদস্যদের বেতন-ভাতা ও পদমর্যাদা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| পদের নাম | সম্মানী ভাতা (সাকুল্যে) | আপ্যায়ন | পদমর্যাদা | অন্যান্য সুবিধা |
|---|---|---|---|---|
| সদস্য | ৬৫,০০০/- | ২,৫০০/- | অতিরিক্ত সচিব | সার্বক্ষণিক একটি গাড়ী এবং অফিস ও আবাসিক টেলিফোন সুবিধা। |

২। এ বিষয়ে অর্থ বিভাগের ০২/০৫/২০১১ তারিখের ০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-১৫৬ নং স্মারকে বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

সচিব,
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-২৭০ তারিখ: ০৩/১১/২০১১ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধাদি পুনঃনির্ধারণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের বেতন-ভাতাদি ও পদমর্যাদা অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে নিম্নরূপভাবে নির্ধারণ/ পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের মতামত/ সুপারিশ প্রদান করা হলো:

| পদের নাম | মূল বেতন | বাড়ী ভাড়া | পদমর্যাদা | অন্যান্য সুবিধা |
|---|---|---|---|---|
| **চেয়ারম্যান** | ৪৫,০০০/- | ২২,৫০০/- | মন্ত্রিপরিষদ সচিবের সমান | মন্ত্রিপরিষদ সচিবের সমান |
| **সদস্য** | ৪০,০০০/- | ২০,০০০/- | সরকারের সচিবের সমান | সরকারের সচিবের সমান |

২। শর্তাবলী:

ক) সুপারিশকৃত বেতন ভাতাদি বাস্তবায়নে প্রশাসনিক মন্ত্রণালয় সংশ্লিষ্ট আইন সংশোধনসহ প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করবে।

খ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট আইনের সংশোধনীর আদেশ জারির তারিখ থেকে বর্ধিত বেতন-ভাতাদি কার্যকর হবে।

গ) কর্ম কমিশনের যে সকল সদস্য জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর ভিত্তিতে বেতন ভাতাদি গ্রহণ করছেন, তাঁদেরকে ০১/০৭/২০০৯ তারিখ হতে নতুন আদেশ জারির তারিখের পূর্বদিন পর্যন্ত জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর Corresponding স্কেলে বেতন ভাতাদি প্রদান করা যেতে পারে।

ঘ) সুপারিশকৃত পদমর্যাদা নির্ধারণের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। এবং

ঙ) কোন প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণ কর্ম কমিশনে নিয়োগপ্রাপ্ত হয়ে নির্দিষ্ট মেয়াদ শেষে স্ব স্ব প্রতিষ্ঠানের চাকরিতে ফেরত গেলে, সে ক্ষেত্রে তাঁরা কমিশনে কর্মরত অবস্থায় প্রাপ্ত পদমর্যাদা, বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রাপ্ত হবেন না।

মমতাজ-আলা-শাকুর আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

সচিব,
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-২৭০ তারিখ: ০৩/১১/২০১১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

মমতাজ-আলা-শাকুর আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-২৪ তারিখ: ০৭/০২/২০১২ খ্রিঃ

**বিষয়: সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সদস্যগণের বেতন ভাতাদি ও পদমর্যাদা পুনঃনির্ধারণ।**

সূত্র: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৬-১০-২০১১ তারিখের মাননীয় অর্থমন্ত্রীর জন্য সার-সংক্ষেপ।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে অর্থ বিভাগের ০২/০৫/২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৬১.০০০.০০. ০০.০০২.২০১০-১৫৬ নং স্মারকের অনুচ্ছেদ-১ আংশিক সংশোধনপূর্বক বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সদস্যগণের বেতন-ভাতাদি ও পদমর্যাদা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| কমিশন/কর্তৃপক্ষের নাম | পদের নাম | মূলবেতন-বাড়ী ভাড়া (সাকুল্যে) | আপ্যায়ন | পদমর্যাদা | অন্যান্য সুবিধা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন | সদস্য | ৮০,০০০/- | ২,৫০০/- | অতিঃ সচিব | সার্বক্ষণিক একটি গাড়ী এবং অফিস ও আবাসিক টেলিফোন সুবিধা। |

২। উক্ত পুনঃনির্ধারণকৃত বেতন ভাতাদি ও পদমর্যাদা বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ০২-০৫-২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-১৫৬ নং স্মারকের অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

মমতাজ-আলা-শাকুর আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# বেতনবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১৭/৯৪/১৮০

তারিখ: ২৯- ১২- ১৯৯৪ ইং / ১৫- ০৯- ১৪০১ বাং

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের বেতনবৃদ্ধি প্রদান প্রসংগে।**

সরকার সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারীকে তাহাদের ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতনের ১০% বেতনবৃদ্ধি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উক্ত বেতনবৃদ্ধির সুবিধা নিম্ন লিখিতভাবে প্রদেয় হইবে:

ক) সকল কর্মকর্তা/ কর্মচারীর ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতনের উপর ভিত্তি করিয়া ১০% বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

খ) উক্ত ১০% বেতনবৃদ্ধির সুবিধার অর্ধেক ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে এবং পূর্ণ আর্থিক সুবিধা ০১- ০৭- ১৯৯৫ তারিখ হইতে কার্যকর হইবে।

গ) ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ থাকিলে উহা তাহারা যথারীতি প্রাপ্য হইবেন।

ঘ) ৩১- ১২- ১৯৯৪ তারিখে কর্মকর্তা/ কর্মচারীদের মূল বেতনের উপরে যে ১০% বেতনবৃদ্ধি ঘটিবে তাহা যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর নিজ নিজ বেতনস্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ০১- ০১- ১৯৯৫ তারিখে ঐ ধাপেই তাহার বেতন নির্ধারণ করিতে হইবে। আর যদি ধাপে না মিলে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে। অতঃপর ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতন এবং ১০% বৃদ্ধি ও ধাপের সুবিধাসহ ০১- ০১- ১৯৯৫ তারিখে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্ধেক ০১- ০১- ১৯৯৫ তারিখে এবং পূর্ণ আর্থিক সুবিধা ০১- ০৭- ১৯৯৫ তারিখে প্রাপ্য হইবে। ০১- ০১- ১৯৯৫ তারিখে উক্ত বেতনবৃদ্ধির অর্ধেক সুবিধা প্রদান করার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর প্রাপ্য বেতন তাহার নিজ স্কেলের কোন ধাপে না মিলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কেলের নিম্নতর ধাপে বেতন নির্ধারণ করিয়া পার্থক্যটুকু ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে যাহা ০১- ০৭- ১৯৯৫ তারিখে পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের সময় সমন্বয় করিতে হইবে।

ঙ) যে সকল কর্মকর্তা/ কর্মচারী এই বেতনবৃদ্ধি প্রদানের পূর্বেই নিজ নিজ বেতনস্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়াছেন, তাহারা উক্ত বেতন স্কেলের সর্বোচ্চ বেতনের উপর ভিত্তি করিয়া উপরোল্লিখিত উভয় তারিখে অর্থাৎ ০১- ০১- ১৯৯৫ তারিখে অর্ধেক এবং ০১- ০৭- ১৯৯৫ তারিখে বাকী অর্ধেক বেতনবৃদ্ধির সুবিধা ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

চ) ০১- ০১- ১৯৯৫ তারিখে অর্ধেক বেতনবৃদ্ধি পাওয়ার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারী তাহার নিজ বেতনস্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়া যান বা সর্বোচ্চসীমা অতিক্রম করেন, তবে সেই ক্ষেত্রে তাহার বেতন সর্বোচ্চসীমায় নির্ধারণ করিতে হইবে এবং সর্বোচ্চ সীমার উপরের বেতনের অংশটুকু তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করিতে হইবে।

ছ) যে কর্মকর্তা/ কর্মচারী ০১- ০৭- ১৯৯৫ তারিখে তাহাদের নিজ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় থাকিবেন, তাহারা উক্ত তারিখে অবশিষ্ট অর্ধেক বর্ধিত বেতনের সুবিধা ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

জ) যে সকল পদের বেতন নির্দিষ্ট (Fixed) রহিয়াছে, সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ উক্ত নির্দিষ্ট বেতনের ভিত্তিতে এই আর্থিক সুবিধা উভয় তারিখে এই আদেশের আওতায় ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

ঝ) ০১- ০১- ১৯৯৫ তারিখে অর্ধেক বেতনবৃদ্ধি পাওয়ার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারী নিজ বেতন স্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়া যান বা সর্বোচ্চসীমা অতিক্রম করেন, তবে তিনি ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত কোন তারিখে প্রাপ্য সাধারণ বার্ষিক ইনক্রিমেন্ট (একটির অধিক নহে) যথারীতি ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

ঞ) যে সকল কর্মকর্তা/ কর্মচারী ০১- ০১- ১৯৯৫ ও ০১- ০৭- ১৯৯৫ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকিবেন তাহারা উপরোক্ত বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র পেনশন নির্ধারণের ক্ষেত্রে প্রাপ্য হইবেন।

ট) সকল পেনশনভোগীগণ তাহাদের ৩১- ১২- ১৯৯৪ তারিখে 'নীট পেনশন' এর উপর ১০% অবসর ভাতা বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন যাহার অর্ধেক ০১- ০১- ১৯৯৫ তারিখে এবং অবশিষ্ট অর্ধেক ০১- ০৭- ১৯৯৫ তারিখে প্রদেয় হইবে।

ঠ) অন্য আদেশে যাহাই থাকুক না কেন এই আদেশের মাধ্যমে বেতনবৃদ্ধির সুবিধা প্রদান করার ফলে যে সকল কর্মকর্তা/ কর্মচারীর বেতন নিজ নিজ স্কেলের সর্বোচ্চসীমায় নির্ধারিত হওয়ার পর যে অংশ ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে, সেই ব্যক্তিগত বেতনও বাড়ী ভাড়া ভাতা, উৎসব ভাতা/ উৎসব বোনাস, পেনশন ইত্যাদি নির্ধারণের ক্ষেত্রে মূল বেতন হিসাবে গণ্য হইবে। অনুরূপভাবে এই আদেশ কার্যকর হওয়ার পূর্বে যাহারা নিজ নিজ বেতনস্কেলে সর্বোচ্চসীমায় পৌঁছিয়াছেন এবং/ অথবা এই আদেশের মাধ্যমে বেতনবৃদ্ধি প্রদান করার ফলে যে অংশটুকু ব্যক্তিগত বেতন হিসাবে পাইয়াছেন তাহাদের ক্ষেত্রেও ঐ ব্যক্তিগত বেতন মূল বেতন হিসাবে গণ্য হইবে এবং তদানুসারে উপরে বর্ণিত আনুষঙ্গিক সুবিধাদি পাইবেন।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম- সচিব
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/বেতন বৃদ্ধি- ১/৯৫/০৯

তারিখ: ১৯- ০১- ১৯৯৫ ইং
০৬- ১০- ১৪০১ বাং

**বিষয়: আধা- সরকারি/ স্বায়ত্ত শাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বেতন বৃদ্ধি প্রদান প্রসংগে।**

সরকার আধা- সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক/ অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীকে তাহাদের ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতনের ১০% বেতনবৃদ্ধি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উক্ত বেতনবৃদ্ধির সুবিধা নিম্ন লিখিতভাবে প্রদেয় হইবে:

ক) সকল কর্মকর্তা/ কর্মচারীর ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতনের উপর ভিত্তি করিয়া ১০% বেতনবৃদ্ধি প্রদেয় হইবে।

খ) উক্ত ১০% বেতনবৃদ্ধির সুবিধার অর্ধেক ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে এবং পূর্ণ আর্থিক সুবিধা ০১- ০৭- ১৯৯৫ তারিখ হইতে কার্যকর হইবে।

গ) ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক বেতনবৃদ্ধি তারিখ থাকিলে উহা তাহারা যথারীতি প্রাপ্য হইবেন।

ঘ) ৩১- ১২- ১৯৯৪ তারিখে কর্মকর্তা/ কর্মচারীদের মূল বেতনের উপরে যে ১০% বেতন বৃদ্ধি ঘটিবে তাহা যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর নিজ নিজ বেতনস্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে ০১- ০১ ১৯৯৫ তারিখে ঐ ধাপেই তাহার বেতন নির্ধারণ করিতে হইবে। আর যদি ধাপে না মিলে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে। অতঃপর ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতন এবং ১০% বৃদ্ধি ও ধাপের সুবিধাসহ ০১- ০১- ১৯৯৫ তারিখে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্ধেক ০১- ০১- ১৯৯৫ তারিখে এবং পূর্ণ আর্থিক সুবিধা ০১- ০৭- ১৯৯৫ তারিখে প্রাপ্য হইবে। ০১- ০১- ১৯৯৫ তারিখে উক্ত বেতনবৃদ্ধির অর্ধেক সুবিধা প্রদান করার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর প্রাপ্য বেতন তাহার নিজ স্কেলের কোন ধাপে না মিলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কেলের নিম্নতর ধাপে বেতন নির্ধারণ করিয়া পার্থক্যটুকু ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে যাহা ০১- ০৭- ১৯৯৫ তারিখে পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের সময় সমন্বয় করিতে হইবে।

ঙ) যে সকল কর্মকর্তা/ কর্মচারী এই বেতনবৃদ্ধি প্রদানের পূর্বেই নিজ নিজ বেতন স্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়াছেন, তাহারা উক্ত বেতন স্কেলের সর্বোচ্চ বেতনের উপর ভিত্তি করিয়া উপরোল্লিখিত উভয় তারিখে অর্থাৎ ০১- ০১- ১৯৯৫ তারিখে অর্ধেক এবং ০১০৭- ১৯৯৫ তারিখে বাকী অর্ধেক বেতনবৃদ্ধির সুবিধা ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

চ) ০১- ০১- ১৯৯৫ তারিখে অর্ধেক বেতনবৃদ্ধি পাওয়ার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারী তাহার নিজ বেতনস্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়া যান বা সর্বোচ্চসীমা অতিক্রম করেন, তবে সেই ক্ষেত্রে তাহার বেতন সর্বোচ্চসীমায় নির্ধারণ করিতে হইবে এবং সর্বোচ্চসীমার উপরের বেতনের অংশটুকু তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করিতে হইবে।

ছ) যে সকল কর্মকর্তা/ কর্মচারী ০১- ০৭- ১৯৯৫ তারিখে তাহাদের নিজ নিজ বেতন স্কেলের সর্বোচ্চসীমায় থাকিবেন, তাহারা উক্ত তারিখে অবশিষ্ট অর্ধেক বর্ধিত বেতনের সুবিধা ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

জ) যে সকল পদের বেতন নির্দিষ্ট (Fixed) রহিয়াছে, সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ উক্ত নির্দিষ্ট বেতনের ভিত্তিতে এই আর্থিক সুবিধা উভয় তারিখে এই আদেশের আওতায় ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

ঝ) ০১- ০১- ১৯৯৫ তারিখে এই বেতনবৃদ্ধি পাওয়ার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারী নিজ নিজ বেতনস্কেলের সর্বোচ্চসীমায় পৌঁছিয়া যান বা সর্বোচ্চসীমা অতিক্রম করেন, তবে তিনি ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত কোন তারিখে প্রাপ্য সাধারণ বার্ষিক ইনক্রিমেন্ট (একটির অধিক নহে) যথারীতি ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন।

ঞ) যে সকল কর্মকর্ত/কর্মচারী ০১- ০১- ১৯৯৫ ও ০১- ০৭- ১৯৯৫ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকিবেন তাহারা উপরোক্ত বেতনবৃদ্ধির সুবিধা শুধুমাত্র পেনশন নির্ধারণের ক্ষেত্রে প্রাপ্য হইবেন।

ট) সকল পেনশনভোগীগণ তাহাদের **৩১-১২-১৯৯৪** তারিখে 'নীট পেনশন' (যে ক্ষেত্রে প্রযোজ্য) এর উপর **১০%** অবসর ভাতা বৃদ্ধি সুবিধা প্রাপ্য হইবেন যাহার অর্ধেক **০১-০১-১৯৯৫** তারিখে এবং অবশিষ্ট অর্ধেক **০১-০৭-১৯৯৫** তারিখে প্রদেয় হইবে।

ঠ) অন্য আদেশে যাহাই থাকুক না কেন এই আদেশের মাধ্যমে বেতনবৃদ্ধির সুবিধা প্রদান করার ফলে যে সকল কর্মকর্তা/ কর্মচারীর বেতন নিজ নিজ স্কেলের সর্বোচ্চসীমায় নির্ধারিত হওয়ার পর যে অংশ ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে, সেই ব্যক্তিগত বেতন ও বাড়ী ভাড়া ভাতা, উৎসব ভাতা/উৎসব বোনাস, পেনশন ইত্যাদি নির্ধারণের ক্ষেত্রে মূলবেতন হিসাবে গণ্য হইবে। অনুরূপভাবে এই আদেশ কার্যকর হওয়ার পূর্বে যাহারা নিজ নিজ বেতনস্কেলে সর্বোচ্চসীমায় পৌঁছিয়াছেন এবং/ অথবা এই আদেশের মাধ্যমে বেতনবৃদ্ধি প্রদান করার ফলে যে অংশটুকু ব্যক্তিগত বেতন হিসাবে পাইয়াছেন তাহাদের ক্ষেত্রেও ঐ ব্যক্তিগত বেতন মূল বেতন হিসাবে গণ্য হইবে এবং তদানু সারে উপরে বর্ণিত আনুসঙ্গিক সুবিধাদি পাইবেন।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম- সচিব
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১৭/৯৪(অংশ- ২)/৩১ তারিখ: ২৫- ০২- ১৯৯৫ ইং / ১৩- ১১- ১৪০১ বাং

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বেতনবৃদ্ধি প্রদান প্রসংগে।**

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ হইতে ২৯- ১২- ১৯৯৪ তারিখের স্মারক নং- অম/ অবি (বাস্ত- ১)/ বিবিধ- ১৭/ ৯৪/ ১৮০, ১৯- ০১- ১৯৯৫ তারিখের স্মারক নং-অম/ অবি/ (বাস্ত- ১) বেতনবৃদ্ধি- ১/ ৯৫/ ০৯ এবং সশস্ত্র বাহিনীর কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয় হইতে ৩১- ০১- ১৯৯৫ তারিখের স্মারক নং পে- ৯/ ৯১ ডি- ১৯/ অংশ- ২/ ২০ জারি করিবার পর অডিট অফিসসহ বিভিন্ন অফিস/ সংস্থা/ ব্যক্তি কতিপয় প্রশ্ন উত্থাপন করিয়া সেইগুলির উপরে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ জানাইয়াছেন। বিস্তারিত পর্যালোচনার পর সরকারের সিদ্ধান্ত মোতাবেক নিম্ন বর্ণিত উত্তর প্রদান করা হইল:

১। প্রশ্ন: যাহারা ৩১- ১২- ১৯৯৪ তারিখে এল.পি.আর, এ ছিলেন কিন্তু ১- ১- ১৯৯৫ তরিখে অবসর গ্রহণ করিয়াছেন, তাঁহারা এই ১০% বেতনবৃদ্ধির সুবিধা কিভাবে প্রাপ্য হইবেন ?

উত্তর: যেহেতু সংশ্লিষ্ট ক্ষেত্রে তাঁহাদের ১- ১- ১৯৯৫ তারিখে বেতন নির্ধারণের কোন সুযোগ নাই, সেহেতু তাঁহারা ১০% বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন না। তবে ৩১- ১২- ১৯৯৪ তারিখে মূল বেতনের উপর পেনশন নির্ধারণের পর পেনশনভোগীদের ন্যায় ১- ১- ১৯৯৫ তারিখে নীট পেনশনের উপর ১০% বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন, যাহার অর্ধেক ১- ১- ১৯৯৫ তারিখে এবং বাকী অর্ধেক ১- ৭- ১৯৯৫ তারিখে প্রাপ্য হইবেন।

২। প্রশ্ন: ১- ১- ৯৫ তারিখে ১০% বেতনবৃদ্ধির পরিপ্রেক্ষিতে বাড়ী ভাড়া ভাতা কিভাবে নির্ধারণ/কর্তন করা হইবে?

উত্তর: ১- ১- ৯৫ তারিখে ১০% বেতনবৃদ্ধির কারণে প্রাপ্য মূল বেতন ও ব্যক্তিগত বেতনের উপর প্রচলিত নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন এবং একই নিয়মে বাড়ী ভাড়া কর্তন করা হইবে।

৩। প্রশ্ন: ১- ১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত পদোন্নতি/টাইম- স্কেল/সিলেকশন গ্রেড বা অন্য কোন কারণে বেতনস্কেলের পরিবর্তন হইলে কিভাবে বেতন নির্ধারণ করা হইবে?

উত্তর: ১- ১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত পদোন্নতি/টাইম- স্কেল/সিলেকশন গ্রেড বা অন্য কোন কারণে স্কেলের পরিবর্তন হইলে উচ্চতর স্কেল প্রাপ্য হওয়ার তারিখে তাহার বেতন ১- ১- ১৯৯৫ তারিখ হইতে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে। উক্ত তারিখে তাহাদের বেতনের সাথে ব্যক্তিগত বেতন থাকিলে উহা ব্যক্তিগত বেতন হিসাবেই বহাল থাকিবে এবং ১- ৭- ১৯৯৫ তারিখে তাহার মূল বেতন+ব্যক্তিগত বেতন+৫% ভাগ বর্ধিত বেতনের সমষ্টির ভিত্তিতে পদোন্নতি/ টাইম- স্কেল/ সিলেকশন গ্রেড স্কেলের পরবর্তী ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে।

৪। প্রশ্ন: ১- ১- ১৯৯৫ তারিখ হইতে নূতন নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ এই বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন কিনা? হইলে, কিভাবে প্রাপ্য হইবেন।

উত্তর: ১- ১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত নূতন নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীগণ চাকুরীতে যোগদানের তারিখে মূল বেতনের ১০% বেতনবৃদ্ধির সুবিধা সংশ্লিষ্ট আদেশে বর্ণিত নিয়মানু যায়ী প্রাপ্য হইবেন। যাহারা ১- ৭- ১৯৯৫ তারিখ হইতে নূতনভাবে নিয়োগপ্রাপ্ত হইবেন তাহারা চাকুরীতে যোগদানের তারিখে ১০% বেতনবৃদ্ধি সুবিধা পরবর্তী ধাপসমেত প্রাপ্য হইবেন।

৫। প্রশ্ন: ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতন+১০% বর্ধিত বেতনের সমষ্টি যদি স্ব- স্ব বেতনস্কেলের সর্বোচ্চসীমা অতিক্রম করে সেই ক্ষেত্রে বেতন কিভাবে নির্ধারণ করা হইবে?

উত্তর: ১- ১- ১৯৯৫ তারিখে বেতন নির্ধারণের ক্ষেত্রে মূল বেতন+১০% বর্ধিত বেতনের আর্থিক সুবিধার সমষ্টি যদি স্ব- স্ব বেতন স্কেলের সর্বোচ্চসীমা অতিক্রম করে, সেই ক্ষেত্রে পরবর্তী ধাপ প্রদান করা যাইবে না। কেননা এইরূপ ক্ষেত্রে পরবর্তী ধাপ প্রদানের সুযোগ নাই। তাঁহারা ৩১- ১২- ১৯৯৪ তারিখের মূল বেতনের উপর ১০% বর্ধিত বেতনের সুবিধার অর্ধেক ১- ১- ১৯৯৫ তারিখে এবং বাকী অর্ধেক ১- ৭- ১৯৯৫ তারিখে মূল বেতনের সাথে প্রাপ্য হইবেন। ১- ১- ১৯৯৫ তারিখে উক্ত বেতনবৃদ্ধির অর্ধেক সুবিধা প্রদান করার কারণে যদি কোন কর্মকর্তা/ কর্মচারীর প্রাপ্য বেতন তাঁহার নিজ স্কেলের কোন ধাপে না মিলে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কেলের নিম্নতর ধাপে বেতন নির্ধারণ করিয়া পার্থক্যটুকু ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে। ১-

৭-১৯৯৫ তারিখে পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের সময় স্ব-স্ব বেতন স্কেলের সর্বোচ্চ ধাপে বেতন নির্ধারণ করিয়া অবশিষ্ট অংশ ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে।

৬। প্রশ্ন: ২-১-১৯৯৫ তারিখ হইতে ৩০-৬-১৯৯৫ তারিখ পর্যন্ত যাহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদের ক্ষেত্রে বর্ধিত বেতনের সুবিধা কিভাবে প্রদান করা হইবে?

উত্তর: অবসর প্রস্তুতি ছুটি থাকা অবস্থায় ৩১-১২-১৯৯৪ তারিখের মধ্যে বর্ধিত বেতন প্রাপ্য হইলে উক্ত বর্ধিত বেতনের সুবিধাসমেত ৩১-১২-১৯৯৪ তারিখের প্রাপ্য বেতনের উপর অন্যান্যদের মত ১-১-১৯৯৫ তারিখে তাঁহাদের বেতন নির্ধারিত হইবে। ১-১-১৯৯৫ তারিখে প্রাপ্য ৫% বর্ধিত বেতনের সুবিধাসমেত অবসর গ্রহণের তারিখে তাঁহাদের পেনশন নির্ধারণ করা হইবে। ২-১-১৯৯৫ হইতে ৩০-৬-১৯৯৫ পর্যন্ত অবসর গ্রহণের পূর্বে কোন বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইলে তাহাও পেনশন- নির্ধারণের ক্ষেত্রে গণ্য হইবে। ১-৭-১৯৯৫ তারিখ হইতে পেনশন ভোগীদের ন্যায় তিনিও নীট পেনশনের ৫% আর্থিক সুবিধা পেনশনের সাথে প্রাপ্য হইবেন।

৭। প্রশ্ন: অবসর গ্রহণের পর চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ ১০% হারে বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন কিনা?

উত্তর: জাতীয় বেতন স্কেলের অমর্ন্তভুক্ত পদে চুক্তিভিত্তিক নিয়োজিত অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন নিয়োজিত পদের বেতনের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং তদানু সারে ধারণাগত গ্রস পেনশন উক্ত বেতন হইতে যথানিয়মে বাদ যাইবে। অন্যদিকে তিনি নীট পেনশনের বর্ধিত সুবিধা যথানিয়মে প্রাপ্য হইবেন।

৮। প্রশ্ন: সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ এই বেতনবৃদ্ধির সুবিধাপ্রাপ্য হইবেন কি-না? হইলে, কিভাবে প্রাপ্য হইবেন?

উত্তর: স্ব-বেতনের চাকুরীরত অবস্থায় চুক্তিভিত্তিক নিয়োজিত থাকিলে তাহারা যথানিয়মে বর্ধিত বেতনের সুবিধাপ্রাপ্য হইবেন।

৯। প্রশ্ন: ৩১-১২-১৯৯৪ তারিখে যাহারা চাকুরী হইতে সাময়িকভাবে কর্মচ্যুত আছেন তাঁহারা বর্ধিত বেতনের সুবিধাপ্রাপ্য হইবেন কি না?

উত্তর: সাময়িকভাবে কর্মচ্যুতির আগের দিনের মূল বেতনের উপর ভিত্তি করিয়া ১-১-১৯৯৫ তারিখে নিয়মানুযায়ী বেতন নির্ধারণ করিতে হইবে। নির্ধারিত মূল বেতনের যথানিয়মে ৫০% খোরপোষ ভাতা প্রাপ্য হইবেন।

১০। প্রশ্ন: ১০% বেতনবৃদ্ধির কারণে ১-১-১৯৯৫ তারিখে অথবা ১-১-১৯৯৫ তারিখ হইতে ৩০-৬-১৯৯৫ তারিখের মধ্যে বর্ধিত বেতন প্রাপ্য থাকিলে এবং ১-৭-১৯৯৫ তারিখে বেতন নির্ধারণের ক্ষেত্রে দক্ষতাসীমার ধাপ থাকিলে সেই ক্ষেত্রে কিভাবে বেতন নির্ধারণ করা হইবে?

উত্তর: এইরূপ ক্ষেত্রে শাস্তিমূলক কোন ব্যবস্থা না থাকিলে আপনা- আপনি দক্ষতাসীমা অতিক্রান্ত হইবে। তবে যাহাদের ক্ষেত্রে বিভাগীয় মামলা বা অন্য কোন কারণে বার্ষিক বর্ধিত বেতন/দক্ষতাসীমা অতিক্রম করার বিষয় স্থগিত রহিয়াছে, তাহারা এই বর্ধিত বেতনের আর্থিক সুবিধা মূল বেতনের সহিত ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট ক্ষেত্রে সিদ্ধান্ত অনুযায়ী প্রচলিত বিধি-বিধান মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হইবে।

১১। প্রশ্ন: যাহারা consolidated বেতন প্রাপ্য হন (মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপ-মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা/ কর্মচারীগণ) তাহারা এই বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন কি না?

উত্তর: মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপ-মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে যাঁহারা কনসলিডেটেড বেতন প্রাপ্ত হন তাঁহারা নিয়োজিত পদের নির্ধারিত বেতন স্কেলের প্রারম্ভিক মূল বেতনের উপরে বর্ণিত আদেশের আর্থিক সুবিধা যথানিয়মে প্রাপ্য হইবেন।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম-সচিব
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ।

নং অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১৭/৯৪ (অংশ- ২)/৩১(৩০০০) তারিখ: ২৫- ০২- ১৯৯৫ ইং / ১৩- ১১- ১৪০১ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ---------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাহার আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, ৪৩, কাকরাইল, ঢাকা। (তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম,এ,জি), সেগুনবাগিচা, ঢাকা। (তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। (তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১০। বিভাগীয় কমিশনার---- বিভাগ (তাঁহার অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১১। সকল স্ব- শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
১২। ব্যবস্থাপনা পরিচালক, --------------------- সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
১৩। জেলা প্রশাসক (সকল জেলা) (তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৫। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৭। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৮। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৯। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
২১। থানা নির্বাহী কর্মকর্তা, (সকল থানা)।
২২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,-----------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল জেলা)।
২৪। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল থানা)।
২৫। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৭। গার্ড নথি/ সংকলন/ অফিস কপি।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১৭/৯৪(অংশ- ১)/২০১

তারিখ: ৩০- ০৯- ১৯৯৫ ইং
১৫- ০৬- ১৪০২ বাং

## 'অফিস আদেশ'

**বিষয়: সরকারি/ অধা- সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের যে সমস্ত কর্মকর্তা/ কর্মচারী ০১- ০১- ৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ৯৫ তারিখ এবং তৎপরবর্তী সময়ে পদোন্নতি পাইবেন বা নতুন নিয়োগ প্রাপ্ত হইবেন তাহাদেরকে মূল বেতনের উপর ১০% বেতন বৃদ্ধির সুবিধা প্রদান প্রসংগে।**

সূত্র: বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের স্মারক নং বাসককস/প্রশা- ১/বেঃ ভাঃ- ১৫/৯৫/২৮২০- তারিখ ০২- ০২- ১৯৯৫।

হিসাব মহা- নিয়ন্ত্রকের কার্যালয়ের স্মারক নং সিজিএ/প্রশা- ৭/এফ- ৮১৬/১৩৪০, তারিখ- ১৮- ০৬- ১৯৯৫।

উপরোক্ত বিষয়ে এবং সূত্রে অর্থ বিভাগের স্মারক নং অম/ অবি (বাস্ত- ১)/ বিবিধ- ১৭/ ৯৪ (অংশ২)/ ৩১, তারিখ ২৫- ০২- ১৯৯৫ এর ৩ ও ৪ নং প্রশ্ন ও উত্তরের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক পুনরায় স্পষ্টিকরণ করা যাইতেছে যে, ০১- ০১- ১৯৯৫ তারিখ হইতে ৩০- ০৬- ১৯৯৫ তারিখ এবং তদপরবর্তী সময়ে যে সমস্ত কর্মকর্তা/ কর্মচারীগণ পদোন্নতি পাইয়াছেন/ পাইবেন, তাঁহাদের বেতন যদি স্কেলের সর্ব নিম্ন ধাপে নির্ধারিত হয়, তাহা হইলে তাহারা প্রচলিত নিয়ম অনুযায়ী ৩০- ০৬- ১৯৯৫ তারিখ পর্যন্ত বেতন নির্ধারণী সুবিধাসহ ৫% বেতনবৃদ্ধির সুবিধা এবং ০১- ০৭- ১৯৯৫ তারিখ হইতে ১০% বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। একজন নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর বেতনও তাহার চাকুরীতে যোগদানের তারিখে একইভাবে নির্ধারিত হইবে বিধায় একই স্কেলে/ পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর চাইতে কম বেতন পাইবেন না।

২। আরও উল্লেখ্য যে, ১০% বেতনবৃদ্ধি করার ফলে প্রতিটি বেতন স্কেলের নিম্নতম ধাপে ১০% বেতন যোগকরতঃ এতদসংক্রান্ত আদেশের বিধান অনুযায়ী যে ধাপ নির্ধারিত হইবে উহাই হইবে ঐ স্কেলের নিম্নতম ধাপ।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারি সচিব।

# বেতন-স্কেল পুনঃনির্ধারণ/ উন্নীতকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১১/৯৮/১৩৪(২০০০) তারিখ: ১৮/০২/১৪০৬
০১/০৬/১৯৯৯

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং ব্যক্তিগত কর্মকর্তা পদ অর্থাৎ সাবেক বিসিএস (সচিবালয়) ক্যাডারের সহকারী সচিবের ফিডার পদসমূহের বেতন স্কেল, ১৯৯৭ সালের ২৫৫০-৫৫০৫/- টাকা (১১নং স্কেল) হইতে ১৯৯৭ সালের ৩৪০০-৬৬২৫/- টাকার (১০নং স্কেল) স্কেলে উন্নীত করা হইল।

২। এই আদেশ জারির তারিখ হইতে ইহা কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাসসুজ্জোহা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

নং- অম/অবি(বাস্ত- ১)/বিবিধ- ১১/৯৮/১৩৪(২০০০) তারিখ: ১৮/০২/১৪০৬
০১/০৬/১৯৯৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব ..................................... (মন্ত্রণালয়/ বিভাগ)।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা- ১০০০।
৫। উপ- নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিয়া প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি/বাজেট/ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগসমূহের সকল কর্মকর্তা।
৭। অফিস কপি/সংকলন/গার্ড নথি।

মোঃ ইউসুফ
সিনিয়র সহকারী সচিব

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০০১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## আদেশ

তারিখ, ৬ই আগষ্ট, ২০০১ইং

**বিষয়: বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের জেলা পশুসম্পদ কর্মকর্তা পদের সমমানের পরস্পর বদলীযোগ্য বিভন্ন পদনামের ক্যাডারপদের বেতন স্কেল, বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী পদগুলোর সমমানের পারস্পরিক বদলীযোগ্য বিভিন্ন পদনামের ক্যাডারপদের এবং বিসিএস (রেলওয়ে: পরিবহন ও বাণিজ্যিক) ক্যাডারের বিভাগীয় ট্রান্সপোর্টেশন/ কমার্শিয়াল অফিসার পদগুলোর সমমানের পারস্পরিক বদলিযোগ্য বিভিন্ন পদনামের ক্যাডার পদের বেতন স্কেল ৭২০০-১০৮৪০×(৯৭) টাকা (৬ষ্ঠ গ্রেড) থেকে ৯৫০০-১২১০০-(৯৭) (৫ম গ্রেড) টাকায় উন্নীতকরণ।**

নং অম/অবি (বাস্তঃ-১)/বিবিধ-১৮/৯৯/১৬০—সরকার অর্থ বিভাগের ২-১১-১৯৯৫ তারিখের অম/অবি (বাস্তঃ-১)/বিবিধ-২৫/ ৯৩/ ২১৮ নং স্মারক পর্যালোচনাপূর্বক The Services (Re-organization and Conditions) Act, 1975 (XXXII of 1975)- এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ক্যাডারভুক্ত পদসমূহের বেতন-স্কেল জাতীয় বেতন-স্কেল আদেশ, ১৯৯৭ অনুযায়ী নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করেছেন:

| ক্রমিক নং | ক্যাডারের নাম | পদের নাম | বর্তমান জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ | পুনঃনির্ধারিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ |
|---|---|---|---|---|
| ১। | বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের জেলা পশু-সম্পদ কর্মকর্তা পদের (উন্নীতকরণের পূর্বের) সমমানের পরস্পর বদলীযোগ্য বিভিন্ন পদ। | সহকারী পরিচালক/ সিঃ সায়েন্টিফিক অফিসার/ সহকারী অধ্যাপক/ পোল্ট্রী নিউট্রিশনিষ্ট/ পোল্ট্রী জেনেটিশনিষ্ট/ ডেপুটি কিউরেটর, চিড়িয়াখানা/ ভেটেরিনারী অফিসার/ লাইভষ্টক ষ্ট্যাটিসটিক্যাল অফিসার/ অধ্যক্ষ এলটিআই/ ডেইরী ইকোনমিষ্ট/ ডেইরী অফিসার/ ফার্ম সুপারিনটেনডেন্ট/ পোল্ট্রী এক্সটেনশন অফিসার/ বায়ার অফিসার। | টাঃ ৭২০০–১০,৮৪০ | টাঃ ৯৫০০–১২,১০০ |
| ২। | বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলি/ নির্বাহী প্রকৌশলী পদগুলোর (উন্নীতকরণের পূর্বের) সমমানের পারস্পরিক বদলীযোগ্য বিভিন্ন পদ। | **সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ:**<br>সেতু প্রকৌশলী/ পিএসটডিজি/ ট্র্যাক সরবরাহ কর্মকর্তা/ ডেপুটি ডাইরেক্টর (ইঞ্জিনিয়ারিং)/ সিনিয়র ট্রেনিং অফিসার (ইঞ্জিনিয়ারিং)<br>**মেকানিক্যাল বিভাগ:**<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/ যান্ত্রিক প্রকৌশলি/ ওয়ার্কস ম্যানেজার/ প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ মেরিন সুপরিনটেনডেন্ট/ সিনিয়র ট্রেনিং কর্মকর্তা (যান্ত্রিক)/ ডেপুটি ডাইরেক্টর (মেকানিক্যাল)<br>**সংকেত ও টেলিযোগাযোগ বিভাগ:**<br>বিভাগীয় সংকেত ও টেলিযোগাগ প্রকৌশলি/ জেলা সাংকেত প্রকৌশলী/ ডেপুটি ডাইরেক্টর (সিগন্যাল এণ্ড টেলিকম)/ টেলিযোগাযোগ প্রকৌশলী।<br>**সরঞ্জাম বিভাগ:**<br>জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/ ডেপুটি ডাইরেক্টর (সংগ্রহ)<br>**বিদ্যুৎ বিভাগ:**<br>বিভাগীয় বিদ্যুৎ প্রকৌশলী/ জেলা বিদ্যুৎ প্রকৌশলী | টাঃ ৭২০০–১০,৮৪০ | টাঃ ৯৫০০–১২,১০০ |

| ক্রমিক নং | ক্যাডারের নাম | পদের নাম | বর্তমান জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ | পুনঃনির্ধারিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ |
|---|---|---|---|---|
| ৩। | বিসিএস (রেলওয়ে: পরিবহন ও বাণিজ্যিক) | ডেপুটি চীফ অপারেটিং সুপারিনটেনডেন্ট/ ডেপুটি চীফ কমার্শিয়াল ম্যানেজার (রেইটস এণ্ড ডেভেলপমেন্ট)/ পেপুটি চীফ কমার্শিয়াল ম্যানেজার (ক্লেইমস)/ সিনিয়র ট্রেনিং অফিসার (ট্রাফিক)/ ডেপুটি ডাইরেক্টর (ফ্লাইট মার্কেটিং সেল)/ বিভাগীয় ট্রাফিক সুপারিনটেনডেন্ট/ ডেপুটি ডাইরেক্টর (ট্রাফিক ট্রান্সপোর্টেশন)/ ডেপুটি ডাইরেক্টর (ট্রাফিক কমার্শিয়াল)/ ডেপুটি ডাইরেক্টর (সিডাব্লিউসিএস)। | টাঃ ৭২০০–১০,৮৪০ | টাঃ ৯৫০০–১২,১০০ |

**মোঃ সামসুজ্জোহা**
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)।

(একই নম্বর ও তারিখে জারিকৃত স্মারক পত্রের স্থালাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৫

নং- অম/অবি/বিধি- ৫/বেনি- ১০/৯৯/২৫ তারিখ: ১০/০৩/২০০২ খ্রিঃ
২৬/১১/১৪০৮ বং

**বিষয়: পদোন্নতিপ্রাপ্ত পদে বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।**

লক্ষ্য করা গিয়াছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা কর্তৃক পদোন্নতি প্রদান ও পদস্থাপনের প্রচলিত বিধি-বিধান অনেক ক্ষেত্রে অনুসরণ না করিয়া কোন কোন কর্মকর্তাকে পদোন্নতি দিয়া সরাসরি প্রেষণে নিয়োগ করা হয়। এমনকি, কোন কোন প্রেষণরত কর্মকর্তাকে পদোন্নতি দিয়া প্রেষণেই পদস্থাপন করা হয়। আবার অনেক ক্ষেত্রে ভূতাপেক্ষভাবে কার্যকর করিয়া পদোন্নতির আদেশ জারি করা হয়। এই সকল ক্ষেত্রে পদোন্নতির আদেশ মোতাবেক পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের সুযোগ না থাকায় পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন নির্ধারণ ও প্রদানে জটিলতা সৃষ্টি হয়। উক্ত জটিলতা নিরসনকল্পে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে:

ক) শুন্যপদের বিপরীতে পদোন্নতি দিতে হইবে এবং পদোন্নতি প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় প্রচলিত বিধি- বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করিবে।

খ) প্রেষণে কর্মরত কর্মকর্তা পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হইবে না। পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে ঐ পদের বেতনস্কেলে বেতন নির্ধারণ করিতে হইবে। তবে, প্রেষণ ব্যতীত অন্যান্য কর্মকর্তাদের ভূতাপেক্ষ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পদোন্নতি কার্যকর করার তারিখ হইতে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন নির্ধারিত হইবে। কিন্তু উক্ত পদে যোগদানের তারিখের পূর্বের কোন বকেয়া প্রদেয় হইবে না।

গ) প্রেষণে কর্মরত কর্মকর্তাকে পদস্থাপন করার ক্ষেত্রে নতুন প্রেষণ পদে যোগদানের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান করিতে হইবে নতুবা পদোন্নতি কার্যকর হইবে না। কোন কর্মকর্তা প্রেষণরত অবস্থায় পদোন্নতি পাইয়া সরাসরি একই প্রেষণ পদে অথবা অপর একটি প্রেষণ পদে যোগদান করিতে পারিবেন না। প্রেষণে থাকাকালে বেতন ভাতা প্রদান করা হয় মূল পদের বেতন ভাতার ভিত্তিতে বিধায় পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন ভাতা পাইতে হইলে প্রথমে মূল পদে যোগদান করিয়া ইহার পর প্রেষণের পদে যোগদান করিতে হইবে। মূল পদে যোগদানের তারিখ হইতে সংশ্লিষ্ট কর্মকর্তা পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল প্রাপ্য হইবেন।

এ,কে,এম ওয়ালিউল হক
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ

বিতরণ:
১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গবভন, ঢাকা।
৪। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৫। সচিব ...................................... মন্ত্রণালয়/ বিভাগ (সকল), অধীনস্থ দপ্তর/সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হইল।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিজিডিএফ সেগুনবাগিচা, ঢাকা
৭। অফিস কপি/গার্ড নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.১৬১.০০০.০০.০০.০২১.২০১০- ৩৭৩ তারিখ: ২৫/১১/২০১০ খ্রিঃ

# অফিস স্মারক

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমূহের 'সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের বেতনস্কেল পুনঃ নির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার মন্ত্রণালয়/ বিভাগসমূহের 'সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে:-

| অফিসের নাম | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল, ২০০৯ | পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল, ২০০৯ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | টাঃ ৫২০০- ১১২৩৫ (১৪নং গ্রেড)<br>টাঃ ৫৫০০- ১২০৯৫ (১৩নং গ্রেড) (সিঃ গ্রেঃ) | টাঃ ৫৫০০- ১২০৯৫ (১৩নং গ্রেড)<br>টাঃ ৬৪০০- ১৪২৫৫ (১১নং গ্রেড) (বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে) |

২। সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মচারীগণ এ পুনঃনির্ধারিত বেতনস্কেল প্রাপ্য হবেন।

৩। ইহা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব,------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,--------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.১৬১.০০০.০০.৩৮.০০৮.২০১০- ৩৭৬ তারিখ: ২৮/১১/২০১০ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের 'জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট' পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার 'জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট' পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে:-

| পদের নাম | বিদ্যমান বেতনস্কেল, ২০০৯ | পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল, ২০০৯ |
|---|---|---|
| জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট | টাঃ ১৫০০০- ২৬২০০ (৭নং স্কেল) | টাঃ ১৮৫০০- ২৯৭০০ (৬নং স্কেল) |

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই- এর সুপারিনটেনডেন্ট পদ এবং সহকারী পরিচালক পদ পরস্পর বদলীযোগ্য পদ হিসেবে নিয়োগ বিধিমালা সংশোধন সাপেক্ষে এ পুনঃনির্ধারিত বেতনস্কেল কার্যকর হবে।

৩। এ পুনঃনির্ধারিত বেতনস্কেলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শুধুমাত্র বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত আদেশ জারির তারিখের পূর্বের কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৩। সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.১৬১.০০০.০০.৪৪.০১৭.২০১০- ৩৭৭ তারিখ: ২৯/১১/২০১০ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের 'উপ- পরিদর্শক, সহকারী উপ- পরিদর্শক এবং সিপাহী'পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের 'উপ- পরিদর্শক, সহকারী উপ- পরিদর্শক এবং সিপাহী' পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে:-

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল, ২০০৯ | সুপারিশকৃত বেতনস্কেল, ২০০৯ |
|---|---|---|---|
| ১ | উপ- পরিদর্শক | টাঃ ৫৯০০- ১৩১২৫ (১২নং স্কেল) | টাঃ ৬৪০০- ১৪২৫৫ (১১নং স্কেল) |
| ২ | সহকারী উপ- পরিদর্শক | টাঃ ৪৯০০- ১০৪৫০ (১৫নং স্কেল) | টাঃ ৫২০০- ১১২৩৫ (১৪নং স্কেল) |
| ৩ | সিপাহী | টাঃ ৪৪০০- ৮৫৮০ (১৮নং স্কেল) | টাঃ ৪৫০০- ৯০৯৫ (১৭নং স্কেল) |

২। এ পুনঃনির্ধারিত বেতনস্কেল আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীগণ বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত আদেশ জারি তারিখের পূর্বের কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

মোঃ জালাল উদ্দিন
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৩। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৩

নং-০৭.১৬৩.০০০.০০.৪৫.১৪৫.২০১১-৫৭ তারিখ: ২৪/০২/২০১১ খ্রিঃ

**বিষয়: বেসামরিক ক্ষেত্রে নার্সিং পেশায় নিয়োজিত ডিপ্লোমাধারী নার্সদের পদমর্যাদা ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীতে উন্নীতকরণে বেতনস্কেল উন্নীতকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৫/২/২০১১ তারিখের পত্র নং-স্বাপকম/নাসা/পদোন্নতি-৪/২০০১/৬৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি, ২০১১ তারিখের পত্র সংখ্যা-০৫.১৫৯.০১৫.৪৫.০০.০২৪.২০১০-২২ ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ১৩/২/২০১১ তারিখের পত্র সংখ্যা ০৭.১৫৬.০১৫.৪৫.০২.০২.২০১১-৭০ এর শর্তযুক্ত সম্মতির প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বেসামরিক ক্ষেত্রে নার্সিং পেশায় নিয়োজিত ডিপ্লোমাধারী নার্সদের ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীতে উন্নীতকরণের নিমিত্ত বেতনস্কেল নিম্নরূপ শর্তে নির্ধারণে আদিষ্ট হয়ে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

| পদের নাম | বর্তমানে বিদ্যমান বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক উন্নীত বেতনস্কেল, ২০০৯ | যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **ডিপ্লোমাধারী নার্স** | টাঃ ৬৪০০-১৪২৫৫/- (১১নং স্কেল) | টাঃ ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) | **সরাসরি ক্ষেত্রে যোগ্যতা:** সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে নার্সিং এ ডিপ্লোমা কোর্স সম্পন্ন। |

শর্তাদি:

ক) এতদসংক্রান্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিপত্রের ‘(গ) ও (ঘ)’ অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি প্রতিপালনপূর্বক পদমর্যাদা ও উন্নীত বেতনস্কেল কার্যকরের পদক্ষেপ গ্রহণ করতে হবে। উক্ত শর্তের ব্যত্যয় ঘটিয়ে বেতনস্কেল কার্যকর করা যাবে ন।

খ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত মঞ্জুরী আদেশ (জি.ও) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে।

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৪৫

সচিব,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ৭৭/৭, কাকরাইল সড়ক, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৮। পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৯। যুগ্ম-সচিব (ব্যঃ নিঃ), ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১১। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১৬১.০০০.০০.৩৮.০০৩.২০১০-১২৩ তারিখ: ২৬/০৪/২০১১ খ্রিঃ

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পদোন্নতিপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের উন্নীত স্কেলে বেতন নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের স্মারক নং-সিজিএ/পদ্ধতি-১/প্রাথমিক ও গণশিক্ষা/৪৯৯/৭১৫, তাং-১৬/০৩/২০১১ খ্রিঃ।

উর্পযুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের বরাতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণারয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পদোন্নতিপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের উন্নীত স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের ৩০-১১-২০১০ তারিখের ০৭.১৬১.০০০.০০.৩৮.০০৩.২০১০-৩৭৯ নং স্মারকটি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে এবং সিজিএ কার্যালয়ের ০৩-৮-২০১০ তারিখের সিজিএ/ পদ্ধতি-১/ প্রাথমিক ও গণশিক্ষা/৪৯৯/৮৮৯ নং স্মারকে বর্ণিত মতামতের সাথে অর্থ বিভাগ একমত পোষণ করায় উক্ত স্মারকের মর্মানুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পদোন্নতিপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের উন্নীত স্কেলে বেতন নির্ধারিত হবে।

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৭.১৬১.০০০.০০.৩৮.০০৩.২০১০-১২৩ তারিখ: ২৬/০৪/২০১১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক. সিভিল অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা। তাঁর অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধসহ।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, পুরানা পল্টন ঢাকা।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-----------------------------------(সকল)।
৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-----------------------------------(সকল)।
৭। অফিস কপি/ গার্ড ফাইল।

মফিজ উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.১৬১.০০০.০০.০০.০২১.২০১০- ২৫৩ তারিখ: ১৮/১০/২০১১ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমূহের 'সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের বেতনস্কেল পুনঃ নির্ধারণ।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১৬১.০০০.০০.০০.০২১.২০১০- ৩৭৩,তাং- ২৫- ১১- ২০১০ খ্রিঃ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, 'সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের বেতনস্কেল পুনঃনির্ধারণের বিষয়ে সূত্রে উল্লেখিত অফিস স্মারকের বর্ণিত 'সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা' এবং 'বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ' বিষয়ে অর্থ বিভাগের ব্যাখ্যা/ স্পষ্টীকরণ নিম্নরূপ:-

ক. সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা বলতে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন- গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬' কে বুঝানো হয়েছে ; এবং

খ. 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন- গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬'- এ মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত 'সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের জন্য বিভাগীয় প্রশিক্ষণের বিষয়ে কোন কিছু উল্লেখ না থাকায়, উক্ত পদে কর্মরত কর্মচারীগণ সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণে উত্তীর্ণের সনদ প্রাপ্ত হলে তাঁদেরকে, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত, বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট 'বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি (ডিপিসি)'- এর সুপারিশ সাপেক্ষে সূত্রে উল্লেখিত স্মারকে বর্ণিত টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেল (১১নং গ্রেড) প্রদানের বিষয় বিবেচনা করা যেতে পারে।

মমতাজ- আলা- শাকুর আহমেদ
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)
ফোন: ৭১৬৯৬৪৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব,- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৭। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৮। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬১.২১.১২(অংশ)- ৫৪ তারিখ: ২২/০৩/২০১২ খ্রিঃ

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমূহের 'সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদধারীদের পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল প্রাপ্তি সংক্রান্ত।**

সূত্র: (ক) অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১৬১.০০০.০০.০০.০২১.২০১০- ৩৭৩,তাং ২৫/১১/২০১০খ্রিঃ;এবং
(খ) অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১৬১.০০০.০০.০০.০২১.২০১০- ২৫৩,তাং ১৮/১০/২০১১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে (খ) সূত্রে উল্লেখিত স্মারকের ধারাবাহিকতায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের 'সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল প্রাপ্তির বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগ হতে পুনরায় নিম্নরূপভাবে ব্যাখ্যা/ স্পষ্টীকরণ করা হলো:

| ক্রঃনং | প্রশ্ন/ জিজ্ঞসা | অর্থ বিভাগের ব্যাখ্যা/ স্পষ্টীকরণ |
|---|---|---|
| ১। | টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেল পাওয়ার জন্য নিয়োগপূর্ব প্রশিক্ষণ সনদ না নিয়োগ পরবর্তী প্রশিক্ষণ সনদ প্রযোজ্য? | টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেল পাওয়ার জন্য সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটদের নিয়োগ পরবর্তী প্রশিক্ষণ সনদ প্রযোজ্য হবে। |
| ২। | প্রশিক্ষণের মেয়াদ কত দিন হতে হবে? | প্রশিক্ষণের মেয়াদ আপাততঃ ন্যূনতম ২(দুই) সপ্তাহের হতে হবে। |
| ৩। | টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেলটি সিলেকশন গ্রেড না হলে এর পরবর্তী সিলেকশন গ্রেড কোনটি? | কম্পিউটার অপারেটর পদের বেতনস্কেলের সাথে সামঞ্জস্য রেখে মন্ত্রণালয়/ বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেট পদের বেতনস্কেল সাধারণভাবে ১৩ নং স্কেলে এবং বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে ১১ নং স্কেলে পুনঃনির্ধারণ করা হয়েছে।কাজেই,উক্ত পদে কর্মরত কর্মচারীদেরকে আলাদাভাবে সিলেকশন গ্রেড প্রদানের কোন অবকাশ/সুযোগ নেই। |
| ৪। | টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেলটি পাওয়ার বিষয়ে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান বলতে কোন্ কোন্ প্রতিষ্ঠানকে বুঝানো হয়েছে? | টাঃ ৬৪০০- ১৪২৫৫ স্কেলটি পাওয়ার ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান বলতে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/সংসহার অধীনস্থ বা আওতাভুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ সংশ্লিষ্ট কারিগরী প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে বুঝানো হয়েছে। |
| ৫। | সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের বেতনস্কেল পুনঃনির্ধারণের ফলে অর্থ বিভাগের ১৪- ০৯- ১৯৮৬তারিখে MF-FD(Imp) -3-R(G)-16-83(Pt.I)/ 161 নং আদেশ অনুযায়ী শর্টহ্যান্ড ও টাইপিং- এর গতি পরীক্ষায় উত্তীর্ণের জন্য অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান করা যাবে কিনা? | কম্পিউটার অপারেটর পদের বেতনস্কেলের সাথে সামঞ্জস্য রেখে মন্ত্রণালয়/ বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের বেতনস্কেল সাধারণভাবে ১৩ নং স্কেলে এবং বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে ১১ নং স্কেলে পুনঃনির্ধারণ করা হয়েছে। বর্তমানে মন্ত্রণালয়/ বিভাগে শর্টহ্যান্ড ও টাইপিং- এর কোন কাজ নেই এবং একই শিক্ষাগত যোগ্যতা ও বেতনস্কেলের আওতাভুক্ত কম্পিউটার অপারেটর পদে অগ্রিম ইনক্রিমেন্ট প্রাপ্তির সুযোগ নেই বিধায়, তাদের ক্ষেত্রে অর্থ বিভাগের ১৪- ০৯- ১৯৮৬ তারিখের MF-FD(Imp)-3-R(G)-16-83(Pt.I)/161 নং আদেশের আর কোন কার্যকারিতা নেই। |

মফিজ উদ্দীন আহমেদ
উপ- সচিব
ফোন: ৯৫৫০৭৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন,ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব,- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৭। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬১.০৭.০০৭.১২- ১১৩ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমুহের 'সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদের পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল আদেশের ২নং অনুচ্ছেদ শিথিলকরণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার শুধুমাত্র বর্তমানে মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত নন- স্নাতক সাঁট- মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরদের জন্য অর্থ বিভাগের ২৫/১১/২০১০ খ্রিঃ তারিখের ০৭.১৬১.০০০. ০০.০০.০২১.২০১০- ৩৭৩ নং অফিস স্মারকের ২নং অনুচ্ছেদে বর্ণিত সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার (স্নাতক) শর্তটি শিথিল করেছে।

মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন- ১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,--------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।

নং- ০৭.০০.০০০০.১৬১.০৭.০০৭.১২- ১১৩ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-
১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মফিজ উদ্দীন আহমেদ
উপ- সচিব
ফোন: ৯৫৫০৭৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬১.২৩.০৩৬.১২- ১১৪ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)- এর সিকিউরিটি এসিসট্যান্ট সাব- ইন্সপেক্টর (এসএএসআই) পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)- এর সিকিউরিটি এসিসট্যান্ট সাব- ইন্সপেক্টর (এসএএসআই) পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে:-

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | পুনঃনির্ধারিত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) |
|---|---|---|---|
| ১। | এসএএসআই | টাঃ ৪৯০০- ১০৪৫০ (১৫নং স্কেল) | টাঃ ৫২০০- ১১২৩৫ (১৪নং স্কেল) |

২। এ পুনঃনির্ধারিত বেতনস্কেল আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং বর্তমানে এ পদে কর্মরত কর্মকর্তাগণ বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন- ১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৬১.২৩.০৩৬.১২- ১১৪ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-
১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মফিজ উদ্দীন আহমেদ
উপ- সচিব
ফোন: ৯৫৫০৭৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৫.১২- ১১৫ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

# অফিস স্মারক

**বিষয়: জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ট্রেসার পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ট্রেসার পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে:

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | পুনঃনির্ধারিত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) |
|---|---|---|---|
| ১। | ট্রেসার | টাঃ ৪৫০০- ৯০৯৫ (১৭নং স্কেল) | টাঃ ৪৭০০- ৯৭৪৫ (১৬নং স্কেল) |

২। এ পুনঃনির্ধারিত বেতনস্কেল আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং বর্তমানে এ পদে কর্মরত কর্মচারীগণ বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন- ১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, পুরানা পল্টন, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৫.১২- ১১৫ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-

১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। গার্ড নথি/ সংশ্লিষ্ট নথি।

মফিজ উদ্দীন আহমেদ
উপ- সচিব
ফোন: ৯৫৫০৭৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা- ২
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬২.০৩.০১৭.১২- ১২৯ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের কতিপয় পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে,সরকার জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের যুগ্ম- পরিচালক (বিদ্যমান উপ- পরিচালক) ও উপ- পরিচালক (বিদ্যমান সহকারী পরিচালক) পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্রঃ নং | পদনাম | জাঃবেঃস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | বিদ্যমান | পুনঃনির্ধারিত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | উপ- পরিচালক (বিদ্যমান সহকারী পরিচালক) | টাঃ ১৫০০০- ২৬২০০ (৭ম গ্রেড) | টাঃ ১৮৫০০- ২৯৭০০ (৬ষ্ঠ গ্রেড) | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় ফিডার পদের মোট চাকুরীকাল ৫ বছরের সহলে ৭ বছর করা সাপেক্ষে। |
| ২. | যুগ্ম- পরিচালক (বিদ্যমান উপ- পরিচালক) | টাঃ ১৮৫০০- ২৯৭০০ (৬ষ্ঠ গ্রেড) | টাঃ ২২২৫০- ৩১২৫০ (৫ম গ্রেড) | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় ফিডার পদের মোট চাকুরীকাল ৭ বছরের সহলে ৫ বছর করা সাপেক্ষে। |

শর্তাবলী:

১। এনএসআই- এর সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় অর্থ বিভাগের ৩১- ০৫- ২০১২খ্রিঃ তারিখের ০৭.০০. ০০০০.১৬২. ০৩.০১৭.১২- ১২৮নং অফিস স্মারকের মাধ্যমে পরিবর্তিত পদনাম ও উপরোক্ত ছকের ৫নং কলামে বর্ণিত চাকুরীর অভিজ্ঞতা অন্তর্ভূক্ত করে যথানিয়মে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা সংশোধন করতে হবে এবং নিয়োগ বিধিমালা সংশোধনীর আদেশ জারির তারিখ হতে পুনঃনির্ধারিত বেতনস্কেল কার্যকর হবে।

২। উপরোক্ত অনুচ্ছেদ- ১ এর কলাম- ৩ এ উল্লিখিত বেতনস্কেলে বর্তমানে কর্মরত কর্মকর্তাগণ পুনঃনির্ধারিত বেতনস্কেলে শুধুমাত্র বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

মমতাজ আলা শাকুর আহমেদ
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৬২.০৩.০১৭.১২- ১২৯ তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-

১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। গার্ড নথি/সংশ্লিষ্ট নথি।

জিনাত আরা
উপ সচিব
ফোন: ৭১৬২৯৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা- ৫
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬৫.৪৯.০০১.১২- তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর জনশক্তি জরিপ অফিসার পদের বেতনস্কেল পুনঃনির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর জনশক্তি জরিপ অফিসার পদের বেতনস্কেল নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল | পুনঃনির্ধারিত বেতনস্কেল |
|---|---|---|---|
| ১। | জনশক্তি জরিপ অফিসার | টাঃ ৫৫০০- ১২০৯৫<br>(১৩ নং স্কেল) | টাঃ ৬৪০০- ১৪২৫৫<br>(১১নং স্কেল) |

২। এ পুনঃনির্ধারিত বেতনস্কেল আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং বর্তমানে এ পদে কর্মরত কর্মকর্তাগণ বেতন নির্ধারণের সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

মমতাজ আলা শাকুর আহমেদ
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৬২.০৩.০১৭.১২- তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:
১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। গার্ড নথি/সংশ্লিষ্ট নথি।

মোঃ আব্দুল্লাহ মাসুদ
উপ সচিব
ফোন: ৯৫১৪৪৮৭

# অধ্যায়- ৭: ভাতা ও সম্মানী

## সূচিপত্র


| | | বিষয় | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ০১ | | **বাড়ী ভাড়া ভাতা** | | | |
| | ০১ | Housing Facility in Autonomous Bodies etc | MF(ID)H-2/77/612 | 26-09-1977 | ১১৪৮ |
| | ০২ | Housing Facility in Autonomous Bodies etc | MF(ID)H-2/77/48 | 10-01-1978 | ১১৫১ |
| | ০৩ | Housing facility in Autonomous Bodies etc | MF(ID)H-2/77/28 | 16-01-1978 | ১১৫২ |
| | ০৪ | Housing Facility in Autonomous Bodies etc | MF(ID)H-2/77/316 | 18-03-1978 | ১১৫৩ |
| | ০৫ | Housing facility in Autonomous Bodies etc | MF(ID)H-2/77/Pt/640 | 14-06-1978 | ১১৫৪ |
| | ০৬ | অবসর প্রস্তুতি ছুটিসহ গড় ও অর্ধ- গড় বেতনে ছুটি বা সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন সময়ে বাড়ী ভাড়া প্রাপ্তি প্রসংগে। | অর্থমঃ/প্রবি- ২/এইচ,আর- ১/৭৭/৩৬২(৩০০) | 29-12-1978 | ১১৫৫ |
| | ০৭ | House Rent Allowance | MF(ID)-1-3/77/139 | 07-02-1979 | ১১৫৬ |
| | ০৮ | জাতীয় বেতনস্কেল ১৯৭৭- এর বাড়ীভাড়া সংক্রান্ত সংশোধনী | MF(ID)-I-3/77(Part-II)/172 | 20-02-1979 | ১১৫৭ |
| | ০৯ | স্বামী- স্ত্রী সরকারি চাকরিজীবী হলে সেক্ষেত্রে বাড়ী ভাড়া। | MF(IMP)-II-(2)-F(W)-23/83/Pt.1/179 | 01-01-1984 | ১১৫৮ |
| | ১০ | Amendment in the Notification No. MF (TD)-M-3f77/ 854 dated 20-12-1977 related to House Rent. | MF/FD(Imp)-IV/H(G)-6/85/46 | 24-04-1985 | ১১৫৯ |
| | ১১ | বিনা বেতনে ছুটিকালীন সময়ে কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা ও চিকিৎসাভাতা সম্পর্কে। | অম/অবি/প্রবি- ২/ছুটি- ১/৮৫/৭ | 09-03-1991 | ১১৬০ |
| | ১২ | সশস্ত্র বাহিনীর সদস্যদের বিদেশে প্রশিক্ষণ, সেমিনার/ সিম্পোজিয়াম/ ওয়ার্কশপ/ মিটিং/ ইন্সপেকশন/ কনফারেন্স/ প্রশিক্ষণ পর্যবেক্ষণ/ বক্তব্য প্রদান (Address) ইত্যাদিতে যোগদানকালে প্রাপ্য ভাতা ও অন্যান্য সুযোগ- সুবিধাবলী প্রসংগে। | অম/বহিঃঅর্থ/বা- ২/২(১)/৯৩- ৯৬/১১১ | 20-11-1996 | ১১৬১ |
| | ১৩ | মাঠ পর্যায়ে কর্মরত সরকারি কর্মকর্তাগণের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণার্থে ঢাকায় বদলি হওয়ার পর তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে সরকারি বাসা বরাদ্দ অথবা প্রাপ্ত বাড়ীভাড়া ভাতা দ্বিগুণ হারে প্রদান প্রসঙ্গে। | অম/অবি/প্রবি- ৪/বাড়ী ভাড়া- ১/২০০৩/২৬৩ | 01-11-2003 | ১১৬২ |
| | ১৪ | খাগড়াছড়ি জেলার সড়ক বিভাগের সরকারি বাসায় বসবাসরত কর্মকর্তা- কর্মচারীদের মাসিক বেতন বিলে বাড়ী ভাড়া গ্রহণ এবং ৭.৫% ও ৫% হারে বাড়ী ভাড়া কর্তন প্রসঙ্গে। | অম/অবি/প্রবি- ৪/বাড়ী ভাড়া- ১/২০০৪/৬০ | 24-06-2004 | ১১৬৩ |
| | ১৫ | বঙ্গভবনের বাইরে সরকারি বাসায় অবস্থানকারী রাষ্ট্রপতির কার্যালয়ে কর্মরত কর্মকর্তা- কর্মচারীগণের সরকারি আবাসনসমূহ বঙ্গভবনের অংশ হিসেবে গণ্য করে তাদেরকে বিদ্যুৎ বিল পরিশোধের দায় হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে। | অম/অবি/প্রবিধি- ৪/বাড়ী ভাড়া- ২/২০০৩/৬৬ | 12-07-2004 | ১১৬৪ |
| | ১৬ | মাঠ পর্যায়ে কর্মরত সরকারি কর্মকর্তাগণের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিত করণার্থে ঢাকায় বদলি হওয়ার পর তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে সরকারি বাসা বরাদ্দ প্রদান অথবা প্রাপ্ত বাড়ীভাড়া ভাতা দ্বিগুণ হারে প্রদান প্রসঙ্গে। | অম/অবি/প্রবিধি- ৪/বাড়ী ভাড়া- ১/২০০৩/৮৪ | 10-06-2007 | ১১৬৫ |
| | ১৭ | দ্বিগুণ হারে বাড়ীভাড়া প্রসঙ্গে। | অম/অবি/প্রবিধি- ৪/বাড়ী ভাড়া- ১/২০০৩/১৫১ | 17-09-2007 | ১১৬৬ |
| | ১৮ | সশস্ত্র বাহিনীর সদস্যদের বিদেশ প্রশিক্ষণকালে বাড়ী ভাড়া ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে। | অম/অবি/ব্যাংনিঃ-৭(১)/২০০৭/৬৭ | 13-11-2007 | ১১৬৭ |
| | ১৯ | অর্ধগড় বেতনে অথবা বিনা বেতনে অসাধারণ ছুটিতে থাকাবস্থায় ০১/০৭/২০০৬ তারিখ হতে জাতীয় বেতনস্কেল/ ০৫ অনুযায়ী বর্ধিতহারে বাড়ীভাড়া ও চিকিৎসা ভাতা প্রাপ্যতা প্রসঙ্গে। | অম/অবি/প্রবিধি- ৪/বাড়ী ভাড়া- ১/২০০৪/৮১ | 25-05-2008 | ১১৬৮ |
| | ২০ | জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা (পিএটিপি) এর ৯ (iv) এ Free Accomodation সুবিধার বিষয়ে ঘটনাত্তোর সম্মতি প্রদান। | ০৭.১৭৩.০২২.২২.০২.০০.০০৫.২০১১-৬৮ | 19-04-2011 | ১১৬৯ |
| ০২ | | **দেশের অভ্যন্তরে দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা** | | | |
| | ০১ | Payment of fees to Govt. servants nominated to Autonomus or Semi-Autonomous bodies and Private Companies. | MF/RII/Misc-65/73-282 | 16-09-1974 | ১১৭১ |
| | ০২ | সরকারি পদসমূহের শ্রেণী বিন্যাস | পত্রাংশনংঅঃমঃ(বাংসেঃ)খ- ২/৭০/৭৪৭ | 02-05-1975 | ১১৭২ |
-----------------------------------------------------------------

---------------------------------------------

**প্রজ্ঞাপন**

নং-এস.আর.ও, ---------------------------------------------- তারিখ: ---------------------------------------------------

---------------------------------------------------------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------------এর ----------------------------------

--------তে প্রদত্ত ক্ষমতাবলে ---------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------, সরকারের পূর্ব অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:-** (১) এই প্রবিধানমালা ------------------------------------------------------------------------------------------------------------ কর্মচারী ভ্রমণ ভাতা প্রবিধানমালা,১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা --------------------------এর সকল কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই প্রবিধানমালায়,:-

ক) 'উপর্যুক্ত কর্তৃপক্ষ' অর্থ এই প্রবিধানমালার অধীন কোন ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব পালনের উদ্দেশ্য ------------------ কর্তৃক নিযুক্ত কোন কর্মকর্তা,

খ) '--------------------------' অর্থ ---------------------------------------- (----------------------) এর অধীন প্রতিষ্ঠিত ---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------;

গ) কর্মচারী বলিতে --------------------------------------------------এর যে কোন কর্মচারীকে বুঝাইবে এবং একজন কর্মকর্তা বা শিক্ষানবিশও ইহার অন্তর্ভুক্ত;

ঘ) 'কিলোমিটার ভাতা' অর্থ প্রবিধান ৪ (৪)এ নির্ধারিত কিলোমিটার ভাতা;

ঙ) 'দৈনিক ভাতা' অর্থ প্রবিধান ৫এ নির্ধারিত দৈনিক ভাতা;

চ) 'পরিবার' অর্থ কোন কর্মচারীর স্ত্রী বা স্ত্রীগণ বা ক্ষেত্রমত স্বামী এবং উক্ত কর্মচারীর উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল পুত্র, অবিবাহিতা বা বিধবা কন্যা, পিতা, মাতা এবং মৃত পুত্রের স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান সন্ততি;

ছ) 'ব্যয় বহুল স্থান' অর্থ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী পৌর এলাকা;

জ) 'ভ্রমণ' অর্থ --------------------------------এর কার্য পালনের উদ্দেশ্যে বা উহার স্বার্থে ভ্রমণ;

ঝ) 'ভ্রমণ ভাতা' অর্থ এই প্রবিধান মালার অধীন প্রদেয় আর্থিক সুবিধাদি, ;

ঞ) 'হেড কোয়ার্টার' অর্থ, উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ভিন্নভাবে নির্ধারিত না হইলে, সংশ্লিষ্ট কর্মচারীর যে কার্য্যালয়ে কর্মরত সেই কার্যালয়।

৩। **কর্মচারীগণের শ্রেণী বিভাগ:-** ভ্রমণ ভাতার প্রাপ্যতা নির্ধারণের উদ্দশ্যে কর্মচারীগণকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা হইবে, যথা:-

১) ক-শ্রেণী- সংশোধিত নতুন বেতন স্কেলের ১৬৫০-৩০২০/ বা তদূর্ধ্ব স্কেলের সকল কর্মচারী;

২) খ-শ্রেণী- ক শ্রেণীভুক্ত কর্মচারী ব্যতীত অন্যান্য এমন সকল কর্মচারী যাহাদের মূল বেতন সংশোধিত নুতন বেতন স্কেলে ১২৫০ টাকা কম নহে;

৩) গ-শ্রেণী- ক, খ ও ঘ শ্রণীভুক্ত কর্মচারী ব্যতীত অন্যান্য সকল কর্মচারী;

৪) ঘ-শ্রেণী- এম, এল, এস, এস এবং সমপদমর্যাদা সম্পন্ন কর্মচারীগণ।

৪। **বিভিন্ন প্রকার যানবাহনে ভ্রমণের জন্য ভ্রমণ ভাতার হার:-** (১) রেলপথ বা স্ট্রীমারে ভ্রমণের ক্ষেত্রে কর্মচারীগণ নিম্নরূপ শ্রেণীতে ভ্রমণ করিবার এবং নিম্নবর্ণিত হারে ভাতা পাইবার অধিকারী হইবেন:-

| কর্মচারী শ্রেণী | ভ্রমণের শ্রেণী | ভ্রমণ ভাতা |
|---|---|---|
| ক- শ্রেণী<br>১) সংশোধিত নুতন বেতন স্কেলের ৩৭০০-৪৮২৫ টাকা বা তদূর্ধ্ব বেতনক্রমভুক্ত কর্মচারী | শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী এবং উক্তরূপ শ্রেণী না থাকিলে নিম্নতর উচ্চতম শ্রেণী | প্রকৃত ভাড়া, আসন সংরক্ষণের জন্য অতিরিক্ত খরচ (যদি থাকে) ও আনুষঙ্গিক খরচ বাবদ উক্ত ভাড়ার ৫০% |
| ২) অন্যান্য কর্মচারী | প্রথম শ্রেণী | -ঐ- |
| খ- শ্রেণী | দুইটির বেশী শ্রেণী থাকিলে দ্বিতীয় শ্রেণী, এবং শুধু দুইটি শ্রেণী থাকিলে উচ্চতর শ্রেণী | প্রকৃত ভাতা ও আনুষঙ্গিক খরচ বাবদ উক্ত ভাড়ার ৮০%। |
| গ- শ্রেণী | দুইটির বেশী শ্রেণী থাকিলে দ্বতীয় শ্রেণী, এবং শুধু দুইটি শ্রেণী থাকিলে নিম্নতর শ্রেণী | - ঐ - |
| ঘ- শ্রেণী | নিম্নতম শ্রেণী | - ঐ - |

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারী রেলপথে বা স্টীমারের যে শ্রেণীতে ভ্রমণ করিত অধিকারী সেই শ্রেণীতে ভ্রমণ না করিয়া নিম্নতর কোন শ্রেণীতে ভ্রমণ করিলে বা তাহাকে নিম্নতর শ্রেণীতে ভ্রমণ করিতে হইলে, তিনি ভ্রমণ-ভাতা বাবদ উক্ত শ্রেণীর প্রকৃত ভাড়া এবং যে শ্রেণীতে ভ্রমণের অধিকারী উপরোক্ত হারে সেই শ্রেণীর আনুষঙ্গিক খরচ পাইবেন।

২) সংশোধিত নুতন বেতন স্কেলের ৩৭০০-৪৮২৫ টাকা বা তদূর্ধ্ব বেতনক্রমভুক্ত ক- শ্রেণীর কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে বিমানের ইকনমি শ্রেণীতে ভ্রমণের অধিকারী হইবেন:-

তবে শর্ত থাকে যে, বিশেষ পরিস্থিতিতে উপর্যুক্ত কর্তৃপক্ষ অনুমতি প্রদান করিলে, অন্যকোন কর্মচারীও বিমানে ভ্রমণ করিতে পারিবেন।

৩) বিমানে ভ্রমণজনিত দুর্ঘটনার ঝুঁকির ব্যাপারে বিমানে ভ্রমণকারী কর্মচারীর কোন ব্যক্তিগত বীমা পলিসি বা না থাকিলে এবং অনুরূপ ভ্রমণের পূর্বে তিনি সেই মর্মে ঘোষণা প্রদান করিলে, প্রতিটি উড্ডয়নের জন্য ------------ এর খরচে অনধিক দুইলাখ টাকার বীমা পলিসির ব্যবস্থা করা যাইতে পারে।

৪) সড়ক পথে কোন কর্মচারীর ভ্রমণের ক্ষেত্রে, ভাড়া প্রদান করিত হয় এইরূপ কোন যানবাহনে উক্ত কর্মচারী সড়ক পথে ভ্রমণ করিলে, প্রবিধান ৮ ও ৯ এর বিধানাবলী সপেক্ষে, তিনি নিম্নবর্ণিত হারে কোলোমিটার ভাতা পাইবেন যথা:-

| কর্মচারীর শ্রেণী | কিলোমিটার ভাতার হার (প্রতি কিলোমিটার বা উহার অংশের জন্য) |
|---|---|
| ক- শ্রেণী | ১.০০ |
| খ- শ্রেণী | ০.৮০ |
| গ- শ্রেণী | ০.৬০ |
| ঘ- শ্রেণী | ০.৪০ |

ব্যাখ্যা- 'সড়ক পথে ভ্রমণ' বলিতে নৌকা, স্পীড বোট বা যন্ত্রচালিত নৌকাযোগে ভ্রমণও অন্তর্ভুক্ত হইবে।

৫) কোন কর্মচারী -------------------এর কোন যানবাহনে --------- কর্তৃক ভাড়াকৃত বা অন্যবিধভাবে সংগৃহীত যানবাহনে ভ্রমণ করিলে তিনি প্রবিধান ৬ (২) অনুসারে শুধুমাত্র দৈনিক ভাতা পাইবেন।

৫। **দৈনিক ভাতা**।- (১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারী তাহার হেড কোয়ার্টার হইতে ৮ কিঃ মিঃ ব্যাসার্ধের বাহিরে কোন স্থানে ভ্রমণ করিলে এবং এইরূপ ভ্রমণের কারণে হেড কোয়ার্টার হইতে তাহাকে অন্যূন আট ঘন্টাকাল অনুপস্থিত থাকিতে হইলে, উক্ত সময়ের ব্যয় নির্বাহের জন্য তিনি নিম্নবর্ণীত হারে দৈনিক ভাতা পাইবেন:-

| কর্মচারী শ্রেণী | সাধারণ স্থানের জন্য দৈনিক ভাহার হার | ব্যয়বহুল স্থানের জন্য দৈনিক ভাতার হার |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ক- শ্রেণী (১) মাসিক মূল বেতন অনূর্ধ্ব ২৪০০ টাকার কম হইলে | ৩২.০০ টাকা | |
| (২) মাসিক মূল বেতন ২৪০০ টাকার বেশী কিন্তু ৩৬৯৯ টাকার বেশী না হইলি | ৩৬.০০ টাকা | |
| (৩) মাসিক মূল বেতন অনূর্ধ্ব ৩৭০০/- টাকা বা ততোধিক হইলে | ৩৬.০০ টাকা এবং ৩৭০০/- টাকা বেতনের অতিরিক্ত প্রতি ১০০০ টাকা বা উহার অংশ বিশেষের জন্য ৮.০০ টাকা | |
| খ- শ্রেণী (১) মাসিক মূল বেতন ১২৫০ টাকা বা উহার বেশী কিন্তু ১৮৪৯ টাকা বেশী না হইলে | ২৫.০০ টাকা | কলাম-২ এ উল্লিখিত হার ও উহার এক তৃতীয়াংশ |
| (২) মাসিক মূল বেতন ১৮৫০ টাকা বা ততোধিক হইলে | ২৫.০০ টাকা এবং ১৮৫০ টাকা বেতনের অতিরিক্ত প্রতি ৫০০/- টাকা বা উহার অংশ বিশেষের জন্য ৩.০০ টাকা | |
| গ- শ্রেণী | সর্বনিম্ন দৈনিক ভাতা ১৫ টাকা সপেক্ষে, মাসিক মূল বেতনের প্রতি ২০০/- টাকা বা উহার অংশ বিশেষের জন্য ৩.৫০ টাকা | |
| ঘ- শ্রেণী | ১৫.০০ টাকা | |

(২) কোন কর্মচারী ------------------------------------------ এর কোন যানবাহনে বা ------------------------------------------------------------------------------------- কর্তৃক ভাড়াকৃত বা অন্যবিধভাবে সংগৃহীত যানবাহনে হেড কোয়ার্টার হইতে তের কিঃমিঃ ব্যাসার্থের বাহিরে কোন স্থানে ভ্রমণ করিলে এবং এইরূপ ভ্রমণের কারণে তাহাকে হেড কোয়ার্টার হইতে অনুযন আট ঘন্টাকাল অনুপস্থিত থাকিতে হইলে তিনি উপ-প্রবিধান (১) এ নির্ধারিত হারে দৈনিক ভাতা পাইবেন, এবং এইরূপ ক্ষেত্রে তিনি কোন কিঃমিঃ ভাতা পাইবেন না।

৩) খাগড়াছড়ি, বান্দরবন ও রাংগামাটি এলাকায় কোন কর্মচারীর ভ্রমণের ক্ষেত্রে তিনি সরকারি কর্মচারীগণের বেলায় প্রযোজ্য বিধিমালা বা অন্যবিধ নিয়মাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ, অনুসারে দৈনিক ভাতা পাইবেন।

৪) কোন কর্মচারী ভ্রমণকালে হেড কোয়ার্টারের বাহিরে দশ দিনের বেশী কিন্তু ৬০ দিনের বেশী নয় এইরূপ সময় অতিবাহিত করিলে তিনি, উপ-প্রবিধান ৯১), (২) এবং (৩) এর বিধানাবলী সাপেক্ষে, নিম্নবর্ণীত হারে দৈনিক ভাতা পাইবেন:-

ক) প্রথম দশ দিনের জন্য পূর্ণ হারে;

খ) প্রথম দশ দিনের পরবর্তী বিশ দিন পর্যন্ত সময়ের জন্য পূর্ণহারের তিন চতুর্থাংশ;

গ) দফা (খ)-তে উল্লিখিত সময়ের পরবর্তী ত্রিশ দিন সময়ের জন্য পূর্ণহারের অর্ধেক হারে;

ঘ) ৬০ দিনের অতিরিক্ত সময়ব্যাপী অবস্থান করিলে তিনি কোন দৈনিক ভাতা পাইবেন না।

৬। **দৈনিক ভাতার পরিবর্তে হোটেল খরচ।**- (১) ভ্রমণকালে ব্যয়-বহুল স্থানে অবস্থানের জন্য ---------------- বা সরকার বা অন্যকোন স্থানীয় কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন কোন অতিথিশালা, ডাকবাংলা বা সার্কিট হাউস বা বিশ্রামশালায় স্থান সংকুলান না হইলে, ----------------------------------------- কর্তৃক নির্ধারিত ক-শ্রেণীভুক্ত কর্মচারীগণকে দৈনিক ভাতার পরিবর্তে ------------------------------------------ কর্তৃক নির্ধারিত হারে বা হোটেলে অবস্থানের প্রকৃত ভাড়া, দুইয়ের মধ্যে যাহা কম, এবং উক্ত দৈনিক ভাতার ৫০% প্রদান করা যাইতে পারে:

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধানের অধীনে নির্ধারিত হারের পরিমাণ দৈনিক ৮০০ টাকার বেশী হইবে না: আরও শর্ত থাকে যে, উক্ত ভাড়ার মধ্যে সুরা জাতীয় বা হালকা পানীয়, লন্ড্রী খরচ বা বখ্‌শিষ অন্তর্ভুক্ত হইবে না।

২) উপ-প্রবিধান (১) এর অধীনে ভাড়া গ্রহণ করিতে হইলে, সংশ্লিষ্ট কর্মচারী ভ্রমণ ভাতা বিলে এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, তিনি ----------------- বা সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন কোন সার্কিট হউস বা ডাকবাংলা বা অতিথিশালায় বা বিশ্রাম শালায় অবস্থানের সুবিধা পান নাই, এবং তিনি উক্ত বিলের সহিত হোটেল ভাড়া প্রদানের রশিদও দাখিল করিবেন।

৮। **বদলির ক্ষেত্র ভ্রমণ ভাতা।**- এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে কোন কর্মচারীর বদলির ক্ষেত্রে, -

ক) তিনি রেলপথ বা স্টীমারে ভ্রমণ করিলে তাহার নিজের জন্য একটি প্রকৃত ভাড়া এবং তাহার প্রাপ্য শ্রেণীর অতিরিক্ত দুইটি ভাড়া প্রদান করা হইবে, এবং তাহার সঙ্গে পরিবারের সদস্যগণ ভ্রমণ করিলে, প্রত্যেক পূর্ণ বয়স্ক ব্যক্তির জন্য একটি এবং শিশুর জন্য অর্ধেক ভাড়া প্রদান করা হইবে; এইরূপ ক্ষেত্র প্রকৃত ভাড়া প্রদান করা হইবে এবং ইহা উক্ত কর্মচারী যে শ্রেণীতে ভ্রমণের অধিকারী তাহার অতিরিক্ত হইবেনা;

খ) তিনি সড়কপথে ভ্রমণ করিলে তাহার নিজের জন্য এবং তাহার সহিত ভ্রমণকারী পরিবারের অনধিক দুইজন সদস্যের প্রকৃত ভাড়া এবং প্রত্যেকের জন্য একটি অতিরিক্ত ভাড়া প্রদান করা হইবে, এবং দুইজনের অধিক সদস্যের প্রত্যেকের জন্য একটি করিয়া প্রকৃত ভাড়া প্রদান করা হইবে;

গ) ব্যক্তিগত মালামাল পরিবহনের খরচ বাবদ সরকারি কর্মচারীদের ক্ষেত্র প্রযোজ্য বিধিমালা বা নিয়মাবলী অনুসারে প্রকৃত পরিবহন খরচ এবং প্যাকিং খরচ প্রদান করা হইবে;

ঘ) তাহার পরিবারের সদস্যগণ উক্ত কর্মচারী কর্তৃক দায়িত্ব হস্তান্তরের পরবর্তী ছয় মাসের মধ্যে নুতন কর্মস্থলে পৌছাইলে বা বদলির ফলে পুরাতন কর্মস্থল হইতে অন্যত্র গমণ করিলে দফা (খ) বা (গ) অনুসারে তাহার পুরাতন কর্মস্থল হইতে নুতন কর্মস্থল পর্যন্ত ভ্রমণ প্রাপ্য বাবদ ভাতা প্রদান করা হইবে।

৯। **কিলোমিটার ভাতা ও উহা নির্ধারণের পদ্ধতি।**- (১) ভ্রমৰণের ব্যয় নির্বাহের উদ্দশ্যে কিলোমিটার ভাতা প্রদান করা হইবে এবং যাত্রা আরম্ভের স্থান ও ভ্রমণ স্থানের দূরত্বের ভিত্তিতে উহা নিরূপিত হইবে।

২) কিলোমিটার ভাতা নির্ধাণের উদ্দেশ্যে দুইটি স্থানের মধ্য স্বল্প দূরত্ব বা অধিকতর সুবিধাজনক পথে ভ্রমণ অনুমোদন করা হইবে।

৩) যে পথে স্বল্পতম সময়ে ভ্রমণ করা যায় তাহাই স্বল্প দুরত্বের পথ গণ্য হইবে, এবং এই ব্যাপারে কোন সন্দেহ থাকিলে উপর্যুক্ত কর্তৃপক্ষ তাহা নির্ধারণ করিবে।

৪) কোন কর্মচারী স্বল্প দুরত্বের পথে ভ্রমণ না করিলেও উহা যদি স্বল্প ব্যয় সম্পন্ন হয় তাহ হইলে এইরূপ স্বল্প ব্যয়সম্পন্ন পথে ভ্রমণ বাবদ ভ্রমণ ভাতা দেওয়া যাইতে পারে।

৫) ভ্রমণের স্থান রেলপথ বা স্টীমার দ্বারা সংযুক্ত হইলে কিলোমিটার ভাতা প্রদেয় হইবে না:

তবে শর্ত থাকে যে, রেলপথ বা স্টীমার যোগাযোগ থাকা সত্ত্বেও সড়ক পথে ভ্রমণ সংঘটিত হইলে উপর্যুক্ত কর্তৃপক্ষ রেল বা স্টীমারে ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য শ্রেণীর ভাড়ার অধিক নহে এইরূপ ভাতা মঞ্জুর করিতে পারেন।

**১০। বিদেশে যাতায়াতের ভ্রমণ ভাতা।** - কোন কর্মচারী বিদেশে ভ্রমণ করিলে তিনি সরকারি র্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা নিয়মাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ, অনুসারে ভ্রমণ ভাতা পাইবেন।

**১১। ভ্রমণ আদেশ।** - ভ্রমণে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সংগ্রহ করিবেন।

**১২। ভ্রমণ আরম্ভ ও সমাপ্তি স্থান।** - উপর্যুক্ত কর্তৃপক্ষ ভিন্নরূপ সিদ্ধান্ত গ্রহণ না করিলে, সাধারণতঃ সংশ্লিষ্ট কর্মচারীর হেড কোয়ার্টারকে ভ্রমণের আরম্ভস্থল এবং ভ্রমণকারীর গন্তব্যস্থলকে ভ্রমণ সমাপ্তির স্থান হিসাবে গণ্য করা হইবে।

**১৩। ভ্রমণ ভাতা বিল পেশ করার সময়সীমা।**-১) বদলি ব্যতীত অন্যান্য ভ্রমণের ক্ষেত্র, ভ্রমণ সমাপ্তির পর হেড কোয়ার্টারে প্রত্যাবর্তনের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে ভ্রমণ-ভাতা বিল পেশ করিতে হইবে, তবে উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ ক্ষেত্রে উক্ত সময়সীমা অনধিক দুই মাস পর্যন্ত বর্ধিত করিতে পারে।

২) বদলির ক্ষেত্রে পুরাতন কর্মস্থলে দায়িত্বভার হস্তান্তরের বা দায়িত্বমুক্ত (রিলিজ) হওয়ার ছয় মাসের মধ্যে ভ্রমণ-ভাতা বিল পেশ করিতে হইবে, তবে উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ পরিস্থিতিতে, উক্ত সময়সীমা তিন মাস পর্যন্ত বর্ধিত করিতে পারে।

৩) উপ-প্রবিধান (১) বা (২) এ নির্ধারিত সময়সীমার পর কোন ভ্রমণ ভাতা বিল পেশ করা হইলে উহা মঞ্জুর করা হইবে না।

**১৪। অগ্রিম ভ্রমণ-ভাতা, ইত্যাদি।** - উপর্যুক্ত কর্তৃপক্ষ ভ্রমণ আদেশের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মচারীর প্রাপ্য আনুমানিক ভ্রমণ-ভাতার অনধিক ৮০% অগ্রিম ভ্রমণ-ভাতা মঞ্জুর করিতে পারে; এবং উক্ত অগ্রিম (সমন্বিত না হওয়া পর্যন্ত উক্ত কর্মচারীকে আর কোন অগ্রিম ভ্রমণ-ভাতা দেওয়া হইবে না।

২) বদলির ক্ষেত্রে, উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হারে অগ্রিম ভ্রমণ-ভাতা ছাড়াও সংশ্লিষ্ট কর্মচারীকে তাহার এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অগ্রিম প্রদান করা যাইবে এবং সংশ্লিষ্ট কর্মচারী নুতন কর্মস্থলে যোগদান করিলে তিনটি সমান কিস্তিতে তাহার মাসিক বেতন হইতে উক্ত অগ্রিম কর্তন করা হইবে।

**১৫। আসন সংরক্ষণ বাতিল, ইত্যাদি।** - কোন ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণ-সুচি পরিবর্তনের কারণে ভ্রমণকারীকে তাহা সংরক্ষিত আসন বাতিল করিতে হইলে এবং উক্ত বাতিলকরণের ফলে কোন অর্থ কর্তন করা হইলে, উপর্যুক্ত কর্তৃপক্ষ উক্তরূপ বাতিলের পরিস্থিতি বিবেচনা করিয়া, কর্তনকৃত অর্থকে ভ্রমণ-ভাতার অংশ গণ্য কিয়া ভ্রমণভাতা মঞ্জুর করিতে পারে।

**১৬। স্থায়ী ভ্রমণ-ভাতা।**- এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, যে সকল স্থায়ী কর্মচারীকে সাধারণতঃ ব্যাপকভাবে ভ্রমণ করিতে হয়, সেই সকল কর্মচারীর জন্য ------------------------------, সরকারেরর পূর্ব অনুমোদনক্রমে, লিখিত আদেশ দ্বারা মাসিক ভিত্তিততে স্থায়ী ভ্রমণ-ভাতা নির্ধারণ করিতে পারে।

**১৭। পার্বত্যচট্টগ্রাম এলাকায় ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণ-ভাতা।** - কোন কর্মচারী খাগড়াছড়ি, বান্দরবন ও রাংগামাটি এলাকায় ভ্রমণ করিলে তাহাকে সরকারি কর্মচারীগণের বেলায় প্রযোজ্য বিধিমালা বা অন্যবিধ নিয়মাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ, অনুসারে ভ্রমণ-ভাতা প্রদান করা হইবে।

**১৮। ভ্রমণ-ভাতা বিলের ফরম।** ------------------------------------, লিখিত আদেশ দ্বারা, ভ্রমণ-ভাতা বিলের ফরম এবং উহা উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিলের পদ্ধতিও নির্ধারণ করিতে পারিবে।

**১৯। উপর্যুক্ত কর্তৃপক্ষের ক্ষমতা, ইত্যাদি।**-১) উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ভ্রমণ-ভাতা বিল অনুমোদিত না হইলে কোন কর্মচারীর ভ্রমণ-ভাতা বাবদ প্রাপ্য অর্থ প্রদেয় হইবে না।

২) ভ্রমণ-ভাতা বিল অনুমোদনের সময় উপর্যুক্ত কর্তৃপক্ষ ভ্রমণ-ভাতা বিলে প্রদত্ত সকল তথ্য, দাবীকৃত অর্থের যথার্থতা এই প্রবিধান মালার বিধানাবলীদৃষ্টে পরীক্ষা করিবেন এবং প্রয়োজনবোধে বিলে প্রদত্ত তথ্য সম্পর্কিত প্রয়োজনীয় কাগজাদি বা অন্যবিধ তথ্য-প্রদান তলব করিতে অথবা কারণ লিপিবদ্ধ করিয়া ভ্রমণ-ভাতা বিল সংশোধনের নির্দেশ দিতে বা উহা আংশিক বা সম্পূর্ণরূপে নাকচ করিতে বা দাবীকৃত অর্থের পরিমাণ হ্রাস করিতে পারিবেন।

**২০। আদালত ইত্যাদিতে সাক্ষ্য প্রদানের ক্ষেত্রে ভ্রমণ-ভাতা।** - কোন আদালত, ট্রাইবুনাল বা অনুরূপ কর্তৃপক্ষের সম্মুখে সাক্ষ্য প্রদানের জন্য কোন কর্মচারী ভ্রমণ করিলে এবং এতদুদ্দশ্যে তিনি উক্ত আদালত, ট্রাইবুনাল বা কর্তৃপক্ষের নিকট হইতে কোন অর্থ গ্রহণ করিলে তিনি কোন ভ্রমণ-ভাতা পাইবেন না।

**২১। অসুবিধা দূরীকরণ।**- ভ্রমণ সংক্রান্ত কোন বিষয়ে এই প্রবিধানমালায় অপর্যাপ্ত বিধান থাকিলে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা বা অন্যবিধ নিয়মাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ, অনুসরণ করিতে হইবে এবং কোন বিষয়ে এইরূপ বিধিমালা বা নিয়মাবলী অনুসরণে অসুবিধা দেখা দিলে, সরকারেরর কোন সাধারণ বা বিশেষ নির্দেশ সাপেক্ষে, উক্ত বিষয়ে ----------------- প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে এবং উক্তরূপ সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

-------------------------- আদেশক্রমে,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-২

নং-অম-অবি(প্রবি-২)/টি,এ/ডি,এ-১৭/৮৫-৪০

তারিখ: ১৭ ই শ্রাবণ ১৩৯৯ / ১ লা আগষ্ট ১৯৯২

**বিষয়: দৈনিক ভাতা (Daily Allowance) এবং সড়ক পথে পথ ভাড়া ভাতা (Road Mileage) এর হার সংশোধন (এতদুদ্দেশ্যে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণীবিন্যাস)।**

উল্লিখিত বিষয়ে পূর্বের সকল আদেশ বাতিলপূর্বক, সরকার ভ্রমণ ভাতার ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের প্রচলিত শ্রেণীবিন্যাস নিম্নরূপে পরিবর্তন করিতে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। ভ্রমণ ভাতা সংক্রান্ত সাধারণ বিধিমালা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে বে-সামরিক প্রশাসনের আওতাধীন সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত হারে ভ্রমণ ভাতা দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:

ক) **সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণীবিন্যাস:**

ক-শ্রেণী: মূল বেতন নির্বিশেষে সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা যাঁহাদের মূল বেতন মাসিক ৪,১০০ টাকা বা তদূর্ধ্ব।

খ-শ্রেণী: মাসিক ৪,১০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী যাঁহাদের মূল বেতন মাসিক ২,১০০ টাকা বা তদূর্ধ্ব।

গ-শ্রেণী: খ এবং ঘ শ্রেণী ব্যতীত সকল তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী।

ঘ-শ্রেণী: ফরেষ্ট গার্ড, পুলিশ কনষ্টবল (প্রধান কনষ্টবল ব্যতীত), জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School)-এর দ্বাররক্ষী এবং সকল ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারী।

খ) **দৈনিক ভাতা:**

| | | সাধারণ হার | ব্যয়বহুল স্থানের জন্য অর্থাৎ ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং সিলেট শহরের জন্য। |
|---|---|---|---|
| ১। | ক-শ্রেণীভুক্ত সরকারি কর্মকর্তা: মাসিক মূল বেতন | | |
| ১) | ৪,১০০ টাকা পর্যন্ত | ৪০ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| ২) | ৪,১০১ টাকা হইতে ৬,২৯৯ টাকা পর্যন্ত। | ৪৫ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| ৩) | ক) ৬,৩০০ টাকা হইতে ৭,৭৯৯ টাকা পর্যন্ত। | ৫৫ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| | খ) ৭, ৮০০ টাকা হইতে ৯,২৯৯ টাকা পর্যন্ত। | ৬৫ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| | গ) ৯,৩০০ টাকা ও তদূর্ধ্ব | ৭৫ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| ২। | খ-শ্রেণীভুক্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারী: | মাসিক মূল বেতন ৩,২০০ টাকা পর্যন্ত ৩৫ টাকা এবং পরবর্তী প্রতি ১০০০ টাকা বা উহার অংশের জন্য অতিরিক্ত ৫ টাকা হারে, সর্বোচ্চ -৪০ টাকা। | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| ৩। | গ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী: | মাসিক মূল বেতন ১,২০০ টাকা পর্যন্ত ৩০ টাকা এবং পরবর্তী প্রতি ৫০০ টাকা বা উহার অংশের জন্য অতিরিক্ত ৫ টাকা হারে, সর্বোচ্চ -৩৫ টাকা। | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |
| ৪। | ঘ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী | ২৫ টাকা | সাধারণ হারের ৩৩ ১/৩% বেশী। |

গ) **পথ ভাড়া ভাতা (Road Mileage)**

| **শ্রেণী** | **টাকা (কিলোমিটার প্রতি)** |
|---|---|
| ১) ক-শ্রেণী | প্রতি কিঃমিঃ ১.২৫ টাকা। |
| ২) খ-শ্রেণী | প্রতি কিঃমিঃ ১.০০ টাকা। |
| ৩) গ-শ্রেণী | প্রতি কিঃমিঃ ০.৭৫ টাকা। |
| ৪) ঘ-শ্রেণী | প্রতি কিঃমিঃ ০.৫০ টাকা। |

ভ্রমণকৃত দূরত্ব যাহাই হউক না কেন, উপরোক্ত হার সড়ক পথে সমগ্র ভ্রমণের জন্য প্রযোজ্য হইবে।

ঘ) **পথ ভাড়া ভাতা (Mileage Allowance) নির্ণয়ের জন্য শ্রেণী-প্রাপ্যতা।**

**১। রেলপথে ভ্রমণ:**

ক) ক-শ্রেণীভুক্ত সরকারি কর্মকর্তা:

১) টাকা ৬,৩০০-৮,০৫০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণে শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকিলে প্রথম শ্রেণী।

২) ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তা - প্রথম শ্রেণী।

খ) খ-শ্রেণীর সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ - দ্বিতীয়/শোভন/সুলভ শ্রেণী।

গ) গ-শ্রেণীর সকল সরকারি কর্মচারী - ট্রেনে দুইটি শ্রেণী থাকিলে নিম্নতর শ্রেণী। তিনটি শ্রেণী থাকিলে, যাঁহাদের মূল বেতন মাসিক ১৩৭৫ টাকা এবং তদূর্ধ্বে তাঁহারা মধ্যম (Middle) শ্রেণী এবং যাহাদের মূল বেতন মাসিক ১৩৭৫ টাকার কম তাঁহারা-নিম্নতম শ্রেণী।

ঘ) ঘ-শ্রেণীর সরকারি সকল কর্মচারী-নিম্নতম শ্রেণী।

**২। সমূদ্র বা নদীপথে ষ্টীমারে ভ্রমণ:**

ক) ক-শ্রেণীর সরকারি কর্মকর্তাগণঃ

১) টাকা ৬,৩০০-৮,০৫০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলের সকল প্রথম শ্রেণীর কর্মকর্তা শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকিলে প্রথম শ্রেণী।

২) ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তাগণ- প্রথম শ্রেণী।

খ) খ-শ্রেণীর সরকারি কর্মকর্তা/ কর্মজারিগণ-দুইটি শ্রেণী থাকিলে, উচ্চতর শ্রেণী। দুইটির অধিক শ্রেণী থাকিলে-দ্বিতীয় শ্রেণী।

গ) গ-শ্রেণীর সরকারি কর্মচারীগণ-দুইট শ্রেণী থাকিলে, নিম্নতম শ্রেণী। তিনটি শ্রেণী থাকিলে মধ্যম (Middle) শ্রেণী। চারটি শ্রেণী থাকিলে-নিম্নতম শ্রেণীর অব্যবহিত উচ্চতর শ্রেণী।

ঘ) ঘ-শ্রেণীর সরকারি কর্মচারীগণ-নিম্নতম শ্রেণী।

**৩। বিমানে ভ্রমণ:**

**(বাংলাদেশের অভ্যন্তরে)**

নিম্নলিখিত কর্মকর্তা/ কর্মচারীগণ বিমানের Economy Class এ ভ্রমণের সুবিধা পাইবেন:-

১) টাকা ৬,৩০০-৮,০৫০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ।

২) ব্যক্তিগত কর্মকর্তা/ কর্মচারীগণ (রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং মন্ত্রীগণের সফর সংগী হিসাবে)।

৩) বিশেষ ক্ষেত্রে অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীগণকেও বিমানে ভ্রমণের অনুমতি প্রদান করা যাইতে পারে। তবে এরূপ প্রত্যেকটি ভ্রমণের ক্ষেত্রে, ন্যূনপক্ষে মন্ত্রণালয়/ বিভাগের সচিব-এর অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং ইহার অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

ঙ) **পথ ভাড়া ভাতার হার (Mileage Allowance)**

১) **ট্রেন/ ষ্টীমার/ জাহাজে ভ্রমণ:**

ক) বদলি ব্যতীত শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীতে ভ্রমণের জন্য পথ ভাড়া ভাতা, উক্ত শ্রেণীর ভাড়ার ১ ১/২ গুণ হইবে।

খ) বদলি এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভ্রমণ ব্যতীত, সকল শ্রেণীর সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যে শ্রেণীতে ভ্রমণের অধিকারী, সেই শ্রেণীতে ভ্রমণ করিলে, উক্ত শ্রেণীর ভাড়ার ১ ৪/৫ গুণ হারে পথ ভাড়া ভাতা প্রাপ্য হইবেন। উক্ত কর্মকর্তা/ কর্মচারী প্রাপ্য শ্রেণীর নিম্নতর শ্রেণীতে ভ্রমণ করিলে, তিনি নিম্নতর শ্রেণীর জন্য প্রদত্ত ভাড়া এবং প্রাপ্য শ্রেণীর ভাড়ার ৪/৫ হারে পথ ভাড়া প্রাপ্য হইবেন।

২) **বিমানে ভ্রমণ:** অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে, প্রদত্ত বিমান ভাড়া এবং একটি দৈনিক ভাতা তিনি প্রাপ্য হইবেন।

**চ) বদলিজনিত ভ্রমণ ভাতা:**
বদলিজনিত ভ্রমণের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ নিম্নবর্ণিত সুবিধাদি প্রাপ্য হইবেন:-

ক) **ট্রেন/ ষ্টীমার/ জাহাজে ভ্রমণ:**

১) নিজের জন্য তিনি প্রাপ্য শ্রেণীর তিনটি ভাড়া প্রাপ্য হইবেন।

২) প্রকৃত ভাড়া প্রদান সাপেক্ষে, তাঁহার পরিবারের প্রত্যেক সহগামী প্রাপ্তবয়স্ক সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া এবং প্রত্যেক শিশুর জন্য ১/২ ভাড়া প্রাপ্য হইবেন।

খ) **সড়ক পথে ভ্রমণ:**

১) স্বীয় শ্রেণী অনুসারে তিনি যে হারে পথ ভাড়া ভাতা প্রাপ্য, সেই হারে তিনি একটি অতিরিক্ত পথ ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

২) যদি তাঁহার পরিবারের দুইজন সদস্য তাঁহার সহগামী হন, তবে তিনি যে হারে পথ ভাড়া ভাতা প্রাপ্য, সেই হারে দ্বিতীয় একটি অতিরিক্ত পথ ভাড়া ভাতা এবং দুই এর অধিক সদস্য তাঁহার সহগামী হইলে তৃতীয় একটি অতিরিক্ত পথ ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

২। ট্রেন/ ষ্টীমার/ জাহাজের শ্রেণী সংখ্যা নিরূপনের ক্ষেত্রে শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীকে **১ম** শ্রেণী হিসাবে গণ্য করিতে হইবে।

৩। বদলি এবং অন্যান্য ভ্রমণের ক্ষেত্রে প্রাপ্য ভাড়া হইতে কোনরূপ সারচার্জ (Surcharge) কর্তন করা হইবে না।

৪। আসন সংরক্ষণ, শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর বিছানাপত্র, ইত্যাদির জন্য বাধ্যতামূলকভাবে পরিশোধিত অর্থ তিনি প্রাপ্য হইবেন।

৫। বিমান টিকেটের ক্ষেত্রে পরিশোধিত যাবতীয় বিমান বন্দর ট্যাক্স/ ফিস তিনি প্রাপ্য হইবেন।

৬। এতদ্‌সংক্রান্ত সংশ্লিষ্ট বিধিসমূহ যথাসময়ে সংশোধন করা হইবে।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

এইচ, আর, দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও বিধি)

নং-অম-অবি(প্রবি-২)/টি,এ/ডি,এ-১৭/৮৫-৪০

তারিখ: ১৭-৪-১৩৯৯ বাং / ১-৮-১৯৯২ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, ------------------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ) তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিস ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এ, এ, জি), সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। বিভাগীয় কমিশনার, ------------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। জেলা প্রশাসক (সকল জেলা)। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১১। থানা নির্বাহী কর্মকর্তা (সকল থানা)।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৪। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৫। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি ভবন, চট্টগ্রাম।
১৭। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।

১৮। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালাপণী, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
২১। জেলা ট্রেজারি কর্মকর্তা (সকল জেলা)।
২২। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা)।
২৩। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মূদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। এই আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
২৬। গার্ড নথি/ সংকলন।

মোঃ আফতাব উদ্দিন
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ২

নং-অম/অবি/প্রবি-২/টিএ/ডিএ-১৭/৮৫/৮৩(৫০০০) তারিখ: ১৪-০৮-১৪০২ বাং / ২৮-১১-৯৫ ইং

**বিষয়: প্রচলিত ভ্রমণ ভাতা নীতিমালা ও সংশ্লিষ্ট বিধি-বিধান সংশোধন।**

উল্লিখিত বিষয়ের সংশ্লিষ্ট অংশ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিলপূর্বক, সরকার ভ্রমণ ভাতার ক্ষেত্রে সরকারি চাকুরেদের প্রচলিত নীতিমালায় ও সংশ্লিষ্ট বিধি-বিধানে এতদ্বারা নিম্নরূপ সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:-

ক) অভ্যন্তরীণ বিমান ভ্রমণের ক্ষেত্রে আনুষঙ্গিক খরচ (Incidental charge) প্রচলিত একটি দৈনিক ভাতার পরিবর্তে রেলপথ/ ষ্টীমারে ভ্রমণের ক্ষেত্রে তুলনা করে বিমান ভাড়ার ২০% নির্ধারণ করা হইল (শতকরা বিশ ভাগ)।

খ) ভ্রমণ ভাতা বিলের সাথে বিমানের টিকেট সংযুক্তির বিধান রহিত করে রেলপথ/ নৌপথ ও অন্যান্য মাধ্যমে ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য একই ধরণের নিয়ম অনুসরণের বিধান করা হইল।

গ) বর্তমানে প্রচলিত অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে দৈনিক ভাতার হার ২০% বৃদ্ধি করা হইল (শতকরা বিশ ভাগ)।

এতদসংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা ও বিধিসমূহ সংশোধিত বিবেচিত হইবে।

ইহা আদেশ জারির তারিখ হইতে কার্য্যকরী হইবে।

মোঃ আনোয়ার উদ্দিন
উপ-সচিব(প্রবিধি)
ফোন: ৮৬২৯৩১

নং-অম/অবি/প্রবি-২/টিএ/ডিএ-১৭/৮৫/৮৩(৫০০০) তারিখ: ১৪-০৮-১৪০২ বাং / ২৮-১১-৯৫ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ---------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, মগবাজার, ঢাকা। (তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম,এ,জি), সেগুনবাগিচা, ঢাকা। (তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, বাংলাদেশ, ঢাকা (তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৯। বিভাগীয় কমিশনার----------------------------------------- বিভাগ (তাঁহার অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১০। জেলা প্রশাসক (সকল জেলা) (তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১১। থানা নির্বাহী কর্মকর্তা, (সকল থানা)।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১৪। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৫। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৭। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।

১৮। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,-----------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল জেলা)।
২১। জেলা ট্রেজারি কর্মকর্তা, (সকল জেলা)।
২২। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল থানা)।
২৩। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
২৬। গার্ড নথি/ সংকলন।

এম,এ, মনসুর
সিঃ সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১/২০০০(অংশ-১)/৪১ তারিখ: ১৫/৪/২০০২

**বিষয়: জাতীয় বেতন স্কেল' ১৯৯৭ এর আওতায় প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা প্রাপ্যতা প্রসঙ্গে।**

**সূত্র: নং-সিএজি/প্রো-১/৮৫(ক)/অংশ-৪/৩১৫, তারিখ: ২৮-২-২০০২ ইং।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে জানাচ্ছেন যে, দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতার হার নির্ধারণে শ্রেণী বিন্যাসের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল ১৯৯১ এর করেসপন্ডিং বেতন স্কেল ১৯৯৭ বিবেচনা করতে হবে। অর্থাৎ যে সব ২য় শ্রেণীর সরকারি কর্মকর্তার মূল বেতন ১৯৯৭ সনের বেতন স্কেল অনুযায়ী মাসিক ৪১০০/- টাকা বা তদূর্ধ্ব তাদের বেতন ১৯৯১ এর বেতন স্কেলের করেসপন্ডিং কত সেটি বিবেচনা করতে হবে। ১৯৯১ এর বেতন স্কেলে ২য় শ্রেণীর সরকারি কর্মকর্তার মূল বেতন ৪১০০/- বা তদূর্ধ্ব হলেই ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার নির্ধারণে 'ক' শ্রেণীভুক্ত হবেন। এক্ষেত্রে ১৯৯৭ এর বেতন স্কেলে মূল বেতন ৪১০০/- বা তদূর্ধ্ব হলেই 'ক' শ্রেণীভুক্ত হবে না।

বিলকিস জাহান রিমি
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,
১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি।
ঢাকা।
(দৃঃআঃ- জনাব মোঃ আবদুল বাছেত খান
অতিঃ উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১/২০০০/১৪৪ তারিখ: ১৩/১১/২০০২খ্রিঃ

**বিষয়: দেশের অভ্যন্তরে ভ্রমণের জন্য দৈনিক ভাতা।**

১৭ শ্রাবন, ১৩৯৯/ ১ আগষ্ট, ১৯৯২ তারিকের স্মারক নং- অম/ অবি(প্রবি-২)/ টি,এ/ ডি,এ-১৭/ ৮৫-৪০ এর আংশিক সংশোধনক্রম সরকার দেশের অভ্যন্তরে ভ্রমণের ক্ষেত্রে ১৫,০০০/- (পনের হাজার) টাকা (নির্ধারিত) বেতনক্রমের এবং তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের দৈনিক ভাতা ৩০০/- (তিনশত) টাকায় নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এ,বি,এম, আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৮৬১৬৮০৩

নং-অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১/২০০০/১৪৪ তারিখ: ১৩/১১/২০০২খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, জাতীয় সংসদ বিষয়ক সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব ---------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।

বিলকিস জাহান রিমি
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/(প্রবি-৪)/টিএ/ডিএ-১/২০০০/১৭৬ তারিখ: ২৩/০১/২০০৩ খ্রিঃ।

**বিষয়: দৈনিক ভাতা (Daily Allowance) এর হার সংশোধন এবং এতদুদ্দেশ্যে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণীবিন্যাস।**

সূত্র: ১) অম/অবি/প্রবি-২/টিএ/ডিএ-১৭/৮৫-৪০ তারিখ-১লা আগষ্ট, ১৯৯২ ইং।
২) অম/অবি/প্রবি-২/টিএ/ডিএ-১৭/৮৫/৮৩(৫০০০) তারিখ-১৪-৮-১৪০২ বাং, ২৮/১১/৯৫ ইং।
৩) অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১/২০০০/১৪৪, তারিখ-১৩/১১/২০০২ খ্রিঃ।

১। সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণীবিন্যাস:

উল্লিখিত বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহ সংশোধনপূর্বক সরকার ভ্রমণ ভাতার ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণীবিন্যাস নিম্নরূপ পরিবর্তন করতে সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক-শ্রেণী: মূল বেতন নির্বিশেষে সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের মূল বেতন মাসিক ৬১৫০/- টাকা বা তদূর্ধ্ব।

খ-শ্রেণী: মাসিক ৬,১৫০/- টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের মূল বেতন মাসিক ৩১০০/- টাকা বা তদূর্ধ্ব।

গ-শ্রেণী: খ ও ঘ শ্রেণী ব্যতীত সকল তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী।

ঘ-শ্রেণী: ফরেষ্ট গার্ড, পুলিশ কনষ্টেবল (প্রধান কনষ্টেবল ব্যতীত) জেল ওয়ার্ডর, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School) এর দ্বাররক্ষী এবং সকল চতুর্থ শ্রেণীর সরকারি কর্মচারী।

২। দৈনিক ভাতা:

ভ্রমণ ভাতা সংক্রান্ত সাধারণ বিধিমালা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে বেসামরিক প্রশাসনের আওতাধীন সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন।

| কর্মকর্তা/ কর্মচারীদের শ্রেণী অনুযায়ী বেতনক্রম | সাধারণ হার | ব্যয় বহুল স্থানের জন্য অর্থাৎ নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল এবং সিলেট শহরের জন্য |
|---|---|---|
| **ক-শ্রেণীভুক্ত সরকারি কর্মকর্তা:** | | |
| ১) মাসিক মূল বেতন ৬১৫০/- টাকা পর্যন্ত | টাঃ ৮০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| ২) ৬১৫১/- টাকা হতে ৯৪৯৯/- টাকা পর্যন্ত | টাঃ ৯০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| ৩) ক) ৯৫০০/- টাকা হতে ১১৬৯৯/- টাকা পর্যন্ত | টাঃ ১২০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| খ) ১১৭০০/- টাকা হতে ১৩৯৪৯/- টাকা পর্যন্ত | টাঃ ১৪০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| গ) ১৩৯৫০/- টাকা হতে ১৪৯৯৯/- টাকা পর্যন্ত | টাঃ ১৬০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| ঘ) ১৫০০০/- টাকা (নির্ধারিত) ও তদূর্ধ্ব। | টাঃ ৩০০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| **খ-শ্রেণীভুক্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারী:** | | |
| মাসিক মূল বেতন ৪৮০০ টাকা পর্যন্ত এবং পরবর্তী প্রতি ১০০০ টাকা বা উহার অংশের জন্য অতিরিক্ত ১০/- টাকা হারে। | টাঃ ৭০/- সর্বোচ্চ টাকা ৮০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| **গ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী** | | |
| মাসিক মূল বেতন ১৮৭৫ টাকা পর্যন্ত এবং পরবর্তী প্রতি ৫০০ টাকা বা উহার অংশের জন্য অতিরিক্ত ১০/- টাকা হারে। | টাঃ ৬০/- সর্বোর্চ্চ টাকা ৭০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |
| **ঘ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী** | টাঃ ৫০/- | সাধারণ হারের ৩৩.৩৩% বেশী। |

৩। পুনরাদেশ না দেয়া পর্যন্ত ভ্রমণের ক্ষেত্রে পথ ভাড়া ভাতার হার এবং বদলিজনিত ভ্রমণ ভাতা ১-৮-৯২ তারিখের অম/অবি/প্রবি-২/টিএ/ডিএ-১৭/৮৫-৪০ অনুসারে নির্ধারিত হবে।

৪। পথ ভাড়া ভাতা নির্ণয়ের জন্য শ্রেণী প্রাপ্যতার ক্ষেত্রে ১৯৯৭ সালের বেতন স্কেলে ১৯৯১ সালের করেসপন্ডিং স্কেল বিবেচনা করতে হবে।

৫। বিমান ভ্রমণের ক্ষেত্রে প্রদত্ত বিমান ভাড়া এবং ২০% আনুষঙ্গিক খরচ হিসাবে প্রাপ্য হবে।

৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ,বি,এম আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)
অর্থ বিভাগ।

নং-অম/অবি/(প্রবি-৪)/টিএ/ডিএ-১/২০০০/১৭৬ তারিখ: ২৩/০১/২০০৩ খ্রিঃ।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, জাতীয় সংসদ বিষয়ক সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

মোঃ শরাফ আলী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১৮/৮৬/২৫৭ তারিখ: ০৬-১০-২০০৩ খ্রিঃ

**বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত ব্লক সুপারভাইজারদের নির্দিষ্ট (Fixed) ভ্রমণ ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-কৃম/শা-১/সঃ২/২০০৩/২৩ ও ১৪১৪, তারিখ: যথাক্রমে ০৬/০১/০৩ ও ২৩/৬/২০০৩ খ্রিঃ
২। অর্থ বিভাগের পত্র নং-অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১৮/৮৬/১৮৫ তারিখ: ১০/৩/২০০৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন জেলা সদরের বাইরে মাঠ পর্যায়ে কর্মরত ব্লক সুপারভাইজারদের নির্ধারিত ভ্রমণ ভাতা বৃদ্ধির বিষয়টি পরীক্ষা-নিরীক্ষান্তে ১৯৯৭ সনের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ এর ১২(১) নং অনুচ্ছেদের আওতায় প্রস্তাবিত নির্দিষ্ট ভ্রমণ ভাতা বর্তমান মাসিক ৯৫/- টাকা হতে ১২৫/- টাকার পরিবর্তে ২০০/- টাকায় বৃদ্ধি করণে নিম্নবর্ণিত শর্তে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:-

ক) কৃষি মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারির তারিখ হতে এ ভাতা বৃদ্ধি কার্যকর হবে;
খ) ব্লক সুপারভাইজারগণকে অন্তত পক্ষে ১৫ দিন নিজস্ব এলাকায়, অর্থাৎ উপজেলার অভ্যন্তরে ভ্রমণ করতে হবে;
গ) ব্লক সুপারভাইজারগণ ছুটিতে থাকাকালীন সময়ে এ ভাতা পাবেন না;
ঘ) জেলা সদরে নিয়োজিত ব্লক সুপারভাইজারগণকে নির্ধারিত এ ভ্রমণ ভাতা প্রদান করা যাবে না;
ঙ) এ বাবদ ব্যয় চলতি আর্থিক সনের বরাদ্দকৃত বাজেট হতে মিটাতে হবে।

২। উল্লেখ্য যে, এতদবিষয়ে ১০/৩/২০০৩ তারিখের অম/অবি/প্রবি-৪/টিএ/ডিএ-১৮/৮৬/১৮৫ নম্বর পত্রটি এতদ্বারা বাতিল করা হ'ল।

মোঃ শাহনেওয়াজ চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
কৃষি মন্ত্রণালয়
(দৃ:আ:- জনাব বশীর উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবিধি-৪/বিভা-৩/২০০৫/০২

তারিখ: ২০/০৯/১৪১২ বাং
০৩/০১/২০০৬ খ্রিঃ

**বিষয়: বদলিজনিত কারণে প্যাকিং চার্জ প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়ের পত্র নং-সিজিএ/ পদ্ধতি-১/ জা: বে: স্কে:/২০০৫/৫৩৫/৫১৪ তাং-১৮/১০/২০০৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ২২ অনুচ্ছেদের আলোকে কর্মকর্তা-কর্মচারীদের বদলিজনিত কারণে ব্যক্তিগত মালামালের প্যাকিং চার্জ গ্রেড ভিত্তিক পূর্ব নির্ধারিত হারের অনুপাতিক হারে প্রদেয় হবে। সে মতে প্রদেয় প্যাকিং চার্জ ক্ষেত্রসমূহ নিম্নোক্ত হারে প্রযোজ্য হবে:

| | | |
|---|---|---|
| শ্রেণী-ক | : | ১০০০/- টাকা |
| শ্রেণী-খ | : | ৬০০/- টাকা |
| শ্রেণী-গ | : | ৩০০/- টাকা |
| শ্রেণী-ঘ | : | ১০০/- টাকা |

০২। উল্লিখিত হার ১ জুলাই, ২০০৬ তারিখ হতে কার্যকর হবে।

মোঃ আলাউদ্দিন
উপ-সচিব (প্রবিধি-১)
অর্থ বিভাগ।

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ
সেগুনবাগিচা, ঢাকা
{দৃষ্টি আকর্ষণ: উপ হিসাব মহা নিয়ন্ত্রক (পদ্ধতি)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবি-৬/প্রঃমঃ/ভাতা-১০/২০০৭/১২৮ তারিখ: ১২/১১/২০০৭ খ্রিঃ

**বিষয়: ইন এইড অব সিভিল পাওয়ার এর দায়িত্বে নিয়োজিত সেনাবাহিনীর সদস্য জেসিও/ ওআরগণের জন্য অতিরিক্ত ডি/এ ভাতা বরাদ্দ প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ ডি-১৯/ ভাতা-৩/২০০৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ইন এইড সিভিল পাওয়ার এর চলমান দায়িত্বে নিয়োজিত সেনা সদস্য (জেসিও/ ওয়ার)দের বিদ্যমান ডি/এ ৯.৭৫ টাকার সাথে অতিরিক্ত ৫.২৫ টাকা বিশেষ ডি/এ প্রদানের সাময়িক আদেশ জারির জন্য অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হ'ল।

০২। বর্তমানে চলমান ইন এইড অব সিভিল পাওয়ার এর দায়িত্ব শেষ হওয়ার সাথে সাথে অতিরিক্ত ৫.২৫ টাকা দৈনিক ভাতা প্রদানের আদেশ অকার্যকর হয়ে যাবে।

০৩। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

মমতাজ আহাম্মদ
সহকারী সচিব
ফোন: ৭১৭৩০৫৭

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-১১/২০০৭/১৩০ তারিখ: ১৪/০৮/১৪১৪ বঙ্গাব্দ / ২৮/১১/২০০৭ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের দৈনিক ভাতা (Daily Allowance) এর হার সংশোধন।**

সূত্র: অম/অবি/(প্রবি-৪)/টিএ/ডিএ-১/২০০০/১৭৬ তারিখ: ২৩/১/২০০৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের আদেশ সংশোধনক্রমে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের দৈনিক ভাতার হার নিম্নরূপে পরিবর্তন করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১। দৈনিক ভাতা:

ভ্রমণ ভাতা সংক্রান্ত সাধারণ বিধিমালা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে বেসামরিক/সামরিক প্রশাসনের আওতাধীন সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপ হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেনঃ

| শ্রেণী বিন্যাস | মূল বেতন | সাধারণ হার | ব্যয় বহুল স্থানের উপর হার (অর্থাৎ ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল এবং সিলেট শহরের জন্য) |
|---|---|---|---|
| ক-শ্রেণীভুক্ত কর্মকর্তা | ১) ৬৮০০ হতে ৯০০০ টাকা পর্যন্ত | ২০০ টাকা | সাধারণ হারের ৩৩% অধিক। |
| | ২) ৯০০১ টাকা হতে ১৪৯৯৯ টাকা পর্যন্ত | ২৫০ টাকা | |
| | ৩) ১৫০০০ টাকা হতে ২০৬৯৯ টাকা পর্যন্ত | ৩০০ টাকা | |
| | ৪) ২০৭০০ টাকা হতে ২২৬৯৯ টাকা পর্যন্ত | ৩৫০ টাকা | |
| | ৫) ২৩০০০ টাকা (নির্ধারিত) ও তদূর্ধ্ব | ৪০০ টাকা | |
| খ-শ্রেণীভুক্ত কর্মকর্তা/ কর্মচারী | ১) ৬৮০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল ২য় শ্রেণীর কর্মকর্তা। | ১৪০ টাকা | সাধারণ হারের ৩৩% অধিক। |
| | ২) ৪,৮০০ টাকা বা তদূর্ধ্ব মূল বেতনের সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী। | ১২০ টাকা | |
| গ-শ্রেণীভুক্ত কর্মচারী | খ ও ঘ শ্রেণী ব্যতিরেকে সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী | ১০০ টাকা | সাধারণ হারের ৩৩% অধিক। |
| ঘ-শ্রেণীভুক্ত কর্মচারী | ফরেষ্ট গার্ড, পুলিশ কনষ্টেবল (প্রধান কনষ্টেবল ব্যতীত) জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School) এর দ্বাররক্ষী এবং সকল চতুর্থ শ্রেণীর সরকারি কর্মচারী। | ৮০ টাকা | |

২। পুনরাদেশ না দেয়া পর্যন্ত ভ্রমণের ক্ষেত্রে পথ ভাড়ার হার এবং বদলিজনিত ভ্রমণ ভাতা ১/৮/১৯৯২ তারিখের অম/অবি(প্রবি-২)/টি,এ/ডি,এ-১৭/৮৫-৪০ নং অফিস স্মারক অনুসারে নির্ধারিত হবে। তবে, বদলিজনিত মালামাল পরিবহণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ২২ অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে।

৩। পথ ভাড়া ভাতা নির্ণয়ের জন্য এবং বিমান ভ্রমণের ক্ষেত্রে অর্থ বিভাগের ২৩/১/২০০৩ তারিখের অম/অবি(প্রবি-৪)/টিএ/ডিএ-১/২০০০/১৭৬ স্মারকের অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ এর বিধানাবলী অপরিবর্তিত থাকবে।

৪। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাজিয়া বেগম এন,ডি,সি
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-১১/২০০৭/১৩০(৩০০)

তারিখ: ১৪/০৮/১৪১৪ বঙ্গাব্দ
২৮/১১/২০০৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক, নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৬। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------।
৭। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৯। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১০। জেলা প্রশাসক (সকল) --------------------------------------।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, ঢাকা-ইহা বাংলাদেশ গেজেট প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

মমতাজ আহাম্মদ
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬প্রঃমঃ/ভাতা-১১/২০০৭/০৩ তারিখ: ০৪/১০/১৪১৪ বাং
১৭/০১/২০০৮ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের দৈনিক ভাতা (Daily Allowance) এর হারের কার্যকারীতা সংক্রান্ত।**

সূত্র: সশস্ত্র বাহিনী বিভাগ এর পত্র নং-২০০৪/ জয়েন্ট অপস (এ)/১৮৯৮ তারিখ: ১০ ডিসেম্বর ২০০৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দৈনিক ভাতার হার সংক্রান্ত অর্থ বিভাগের অম/ অবি/ প্রবিধি-৬/ প্রঃমঃ/ ভাতা-১১/২০০৭/১৩০, তারিখ: ২৮/১১/২০০৭ নং প্রজ্ঞাপন ০২/১২/২০০৬ তারিখ হতে কার্যকর করা হলো।

রাজিয়া বেগম *এন,ডি,সি*
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

নং-অম/অবি/প্রবিধি-৬প্রঃমঃ/ভাতা-১১/২০০৭/০৩(২০০) তারিখ: ০৪/১০/১৪১৪ বাং
১৭/০১/২০০৮ খ্রিঃ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিণ হলো:-

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা (তার অধীনস্থ সকল অফিসের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫) সচিব/ ভারপ্রাপ্ত সচিব ------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ (তার অধীনস্থ সকল অফিসের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬) বিভাগীয় কমিশনার (সকল) -----------------
৭) অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
৮) হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা (তার অধীনস্থ সকল অফিসের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯) কন্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তার অধীনস্থ সকল অফিসের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০) জেলা প্রশাসক (সকল) (তার অধীনস্থ সকল অফিসের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

মমতাজ আহাম্মদ
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-১০/২০০৭(অংশ-১)/৯১ তারিখ: ০৪/০২/২০১০ খ্রিঃ / ২২/১০/১৪১৬ বাং

**বিষয়: ডিএ 'ইন এইড টু সিভিল পাওয়ার' বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-১৯/ভাতা-৩/২০০৪ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর (জেসিও/ ওআর)দের অপারেশন রেবেল হান্ট ও ঘূর্ণিঝড় আইলা পরবর্তী উদ্ধার ও জরুরী ত্রাণ কার্যক্রমে সহায়তার জন্য নিয়োজিতসহ পরবর্তীতে, 'ইন এইড অব সিভিল পাওয়ার' এর আওতায় পরিচালিত অপারেশনে নিয়োজিত সেনাসদস্যদের ডিএ ১৫.০০ টাকা নির্ধারণের পূর্ব নজিরের আলোকে (জেসিও/ ওআর)দের 'ইন এইড অব সিভিল পাওয়ার' অংশগ্রহণকারীদের ডিএ-এর হার ৯.৭৫ টাকার পরিবর্তে ১৫.০০ টাকা নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

মাহবুবা আক্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৭০৬১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলানগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০২২.১৪.০২.০০.০০৫.২০১১-৩০(২০০) তারিখ: ০১ ফেব্রুয়ারী, ২০১১

## অফিস স্মারক

**বিষয়: ব্যয়বহুল স্থান হিসেবে গাজীপুর জেলায় বাড়ী ভাড়া ও ভ্রমণ ভাতার হার নির্ধারণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার গাজীপুর জেলাকে বিশেষ ক্যাটাগরীর জেলায় উন্নীত করায় ব্যয়বহুল স্থান হিসেবে গাজীপুর জেলার শহর এলাকার জন্য বাড়ী ভাড়ার হার অন্যান্য স্থানের চেয়ে ৫% অধিক এবং দৈনিক ভাতা সাধারণ হারের চেয়ে ৩৩% অধিক নির্ধারণ করা হয়েছে।

২। অর্থ বিভাগের এ সংক্রান্ত আদেশসমূহ উপরোক্ত মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৩। এ বিধান অবিলম্বে কার্যকর হবে।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব----------------------------মন্ত্রণালয়/ বিভাগ (সকল)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৫। বিভাগীয় কমিশনার ---------------------------- (সকল)
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৮। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৯। জেলা প্রশাসক ----------------------- (সকল)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
১০। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০১৭.১১-১৫৯ তারিখ: ৬ জুলাই ২০১১

**বিষয়: সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসারদের নির্ধারিত ভ্রমণভাতার মাসিক হার পুনঃনির্ধারণ।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-প্রাগম/ প্রশা-১/১৫ (২)-ভ্রমণভাতা/২০০৯-৩৬৩, তারিখ-১৫ মে ২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা/ থানা শিক্ষা অফিসারদের নির্ধারিত মাসিক ভ্রমণভাতা নিম্নলিখিত শর্তে ২০০/- টাকার স্থলে ৫০০/- টাকা নির্ধারণে নিদেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

ক) সাধারণ ক্ষেত্রে সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসারগণ মাসে ৪০০/- টাকা হারে যথারীতি ভ্রমণ ভাতা পাবেন। তদারককারী কর্তৃপক্ষ সহকারী থানা শিক্ষা অফিসারদের পরিদর্শনের সংখ্যাগত ও গুণগতমান নিশ্চিত করতে সচেষ্ট থাকবেন।

খ) সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসারদের মধ্যে যে সকল অফিসারগণ নিজ ক্লাস্টারের নির্ধারিত স্কুলসমূহে নির্দিষ্ট মাসে ১০০% পরিদর্শনে সমর্থ হবেন তারা নির্ধারিত ভ্রমণ ভাতা ৪০০/- টাকার অতিরিক্ত ১০০/- টাকা পাবেন।

গ) বর্ণিত আর্থিক সুবিধা সংশ্লিষ্ট কর্মকর্তা যে মাসে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করবেন শুধুমাত্র সে মাসের ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

ঘ) নির্ধারিত ভ্রমণ ভাতা বিল উত্তোলনে তদারককারী কর্মকর্তার লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত প্রত্যয়ন পত্র বিলের সঙ্গে দাখিল করতে হবে। প্রকৃত ভ্রমণ ও লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কে নিশ্চিত হয়েই শুধুমাত্র তদারককারী কর্মকর্তাগণ এ প্রত্যয়ন পত্র প্রদান করবেন।

ঙ) নির্ধারিত ভ্রমণ ভাতা গ্রহণের কারণে ভ্রমণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দৈনিক ভাতা অথবা মাইলেজ প্রাপ্য হবেন না। তবে পাহাড়ি এলাকা ও বাংলাদেশের অন্যান্য এলাকার সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসারগণ সরকারি আদেশে বিশেষ কারণে নির্দিষ্ট এলাকার বহির্ভূত স্থানের ক্ষেত্রে মাসিক নির্ধারিত ভ্রমণ ভাতার অতিরিক্ত হিসেবে তারা মৌলিক ভ্রমণ ভাতার আওতায় সংশ্লিষ্ট ভ্রমণের জন্য মৌলিক ভ্রমণ ভাতাদির সুবিধা পাবেন।

চ) ছুটি থাকাকালীন সময়ে উক্ত ভ্রমণ ভাতা গ্রহণ করা যাবে না।

ছ) ২০১১-১২ অর্থ বছরের ১ জুলাই হতে এ আদেশ কার্যকর হবে।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, অক্টোবর ৯, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

## প্রজ্ঞাপন

তারিখ, ২ অক্টোবর ২০১১

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০১১.১১-২০০।- পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীর ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা ইত্যাদি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হ'ল:-

### ১. সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শ্রেণীবিন্যাস:

| | |
|---|---|
| ক-শ্রেণী: | মূল বেতন নির্বিশেষে সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা যাদের মূল বেতন মাসিক ১৫,০০০ টাকা বা তদূর্ধ্ব। |
| খ-শ্রেণী: | মাসিক ১৫,০০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং ঐ সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের মূল বেতন মাসিক ৮,০০০ টাকা বা তদূর্ধ্ব। |
| গ-শ্রেণী: | খ এবং ঘ শ্রেণী ব্যতীত সকল তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী। |
| ঘ-শ্রেণী: | ফরেস্ট গার্ড, পুলিশ কনস্টবল (প্রধান কনস্টবল ব্যতীত), জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School)-এর দ্বাররক্ষী এবং সকল ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারী। |

### ২. দৈনিক ভাতা:

| শ্রেণী | মূল বেতন | সাধারণ হার | ব্যয় বহুল স্থানের অর্থাৎ ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর এবং সিলেট শহরের জন্য |
|---|---|---|---|
| ক-শ্রেণী | ১) ৪০,০০০ টাকা (নির্ধারিত) ও তদূর্ধ্ব | ১০০০ টাকা | সাধারণ হারের অতিরিক্ত ৩০% |
| | ২) ৩৫০০১-৩৯৯৯৯ টাকা পর্যন্ত | ৮৭৫ টাকা | |
| | ৩) ২৫০০১-৩৫০০০ টাকা পর্যন্ত | ৭৫০ টাকা | |
| | ৪) ১৫০০১-২৫০০০ টাকা পর্যন্ত | ৬২৫ টাকা | |
| | ৫) ১১০০০-১৫০০০ টাকা পর্যন্ত | ৫০০ টাকা | |
| খ-শ্রেণী | ১) ১৫০০০ টাকার কম মূল বেতন গ্রহণকারী সকল ২য় শ্রেণীর কর্মকর্তা। | ৩৫০ টাকা | |
| | ২) ৮০০০ টাকা বা তদূর্ধ্ব মূল বেতন গ্রহণকারী সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী | ৩০০ টাকা | |
| গ-শ্রেণী | খ ও ঘ শ্রেণী ব্যতিরেকে সকল তৃতীয় শ্রেণীর কর্মচারী | ২৫০ টাকা | |
| ঘ-শ্রেণী | ঘ-শ্রেণীভুক্ত সরকারি কর্মচারী। | ২০০ টাকা | |

### ৩. পথ ভাড়া ভাতা (Mileage Allowance):

ভ্রমণের দূরত্ব নির্বিশেষে সড়ক পথে ভ্রমণের জন্য নিম্নোক্ত হার প্রযোজ্য হবে:-

| ক্রমিক নং | শ্রেণী | টাকা/ কিলোমিটার |
|---|---|---|
| ১ | ক-শ্রেণী | ২.৫০ |
| ২ | খ-শ্রেণী | ২.০০ |
| ৩ | গ-শ্রেণী | ১.৫০ |
| ৪ | ঘ-শ্রেণী | ১.০০ |

৪.  **পথ ভাড়া ভাতা (Mileage Allowance) নির্ণয়ের জন্য শ্রেণী- প্রাপ্যতাঃ**

| ক্রমিক নং | ভ্রমণের ধরন | শ্রেণী | প্রাপ্যতা | পথ ভাড়া ভাতার হার (MileageAllowance) |
|---|---|---|---|---|
| ১ | রেলপথ ভ্রমণ | ক-শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০ – ৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণ। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকলে প্রথম শ্রেণী। | ১) বদলি ব্যতীত শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীতে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার দেড় গুণ হবে।<br>২) বদলি এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভ্রমণ ব্যতীত, সকল শ্রেণীর সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ যে শ্রেণীতে ভ্রমণের অধিকারী, সে শ্রেণীতে ভ্রমণ করলে, পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার ১.৮ গুণ হবে। |
| | | ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তা | প্রথমশ্রেণী। | |
| | | খ-শ্রেণীর সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ | দ্বিতীয়/ শোভন/ সুলভ শ্রেণী | |
| | | গ- শ্রেণীর সকল সরকারি কর্মচারীর - ট্রেনে দু'টি শ্রেণী থাকলে নিম্নতম শ্রেণী। তিনটি শ্রেণী থাকলে, যাদের মূল বেতন মাসিক ৫২০০ টাকা এবং তদূর্ধ্ব তারা মধ্যম (Middle) শ্রেণী এবং যাদের মূল বেতন মাসিক ৫২০০ টাকার কম তারা নিম্নতম শ্রেণী। | নিম্নতম শ্রেণী | |
| | | ঘ-  শ্রেণীর সরকারি সকল কর্মচারী | নিম্নতম শ্রেণী | |
| ২ | সমুদ্র বা নদীপথে ষ্টীমার/ জাহাজ/ লঞ্চে ভ্রমণ | ক- শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০ – ৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণ। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণী। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী না থাকলে প্রথম শ্রেণী | |
| | | ক-শ্রেণীভুক্ত অন্যান্য কর্মকর্তা | প্রথম শ্রেণী | |
| | | খ-শ্রেণীর সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ | দ্বিতীয়/ শোভন/ সুলভ শ্রেণী | |
| | | গ-শ্রেণীর সকল সরকারি কর্মচারীগণ– দু'টি শ্রেণী থাকলে, নিম্নতম শ্রেণী। তিনটি শ্রেণী থাকলে, মধ্যম (Middle) শ্রেণী। চারটি শ্রেণী থাকলে, নিম্নতম শ্রেণীর অব্যবহিত উচ্চতর শ্রেণী। | নিম্নতম শ্রেণী। | |
| | | ঘ-শ্রেণীর সরকারি সকল কর্মচারী | নিম্নতম শ্রেণী | |
| ৩ | বাসে ভ্রমণ | সকল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা | শীতাতপ নিয়ন্ত্রিত আসন | বাসে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার দ্বিগুণ হবে। |
| | | অন্যান্য সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী | শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন আসন | |
| ৪ | বিমানে ভ্রমণ: (বাংলাদেশের অভ্যন্তরে) | ১.ক-শ্রেণীভুক্ত টাকা ২২,২৫০–৩১,২৫০ (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব বেতন স্কেলভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ।<br>২. ব্যক্তিগত কর্মকর্তা-কর্মচারীগণ (রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং মন্ত্রীগণের সফর সংগী হিসেবে)।<br>৩. বিশেষ ক্ষেত্রে অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণকেও বিমানে ভ্রমণের অনুমতি প্রদান করা যেতে পারে। তবে এরূপ প্রত্যেকটি ভ্রমণের ক্ষেত্রে, ন্যূনপক্ষে মন্ত্রণালয়/ বিভাগের সচিব-এর অনুমোদন গ্রহণ করতে হবে এবং এর অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | Economy Class | ১) অভ্যন্তরীণ রুটে বিমানে ভ্রমণের ক্ষেত্রে আনুষঙ্গিক খরচ বাবদ বিমান ভাড়ার ২০% প্রাপ্য হবেন তাছাড়া আগমনের দিন অর্ধ হারে এবং পরবর্তী দিন প্রস্থানের জন্য অর্ধ হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন।<br>২) বিমান টিকেটের ক্ষেত্রে বিমান বন্দরে পরিশোধিত যাবতীয় ট্যাক্স/ ফিস প্রাপ্য হবেন।<br>৩) বিমানে ভ্রমণের ক্ষেত্রে প্রাধিকার বলতে ৫ম গ্রেডভুক্ত পদধারী ও তদূর্ধ্ব কর্মকর্তাগণকে বুঝাবে। |

৫. **বদলিজনিত ভ্রমণ ভাতা:**

ক) বদলিজনিত ভ্রমণের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ নিম্নবর্ণিত সুবিধা প্রাপ্য হবেনঃ-

| ক্রমিক | ভ্রমণের ধরন | প্রাপ্যতা |
|---|---|---|
| ১ | ট্রেন/ স্টীমার/ লঞ্চ/ জাহাজে ভ্রমণ | ১) নিজের জন্য প্রাপ্য শ্রেণীর তিনটি ভাড়া।<br>২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| ২ | সড়ক পথে ভ্রমণ | ১) নিজের জন্য প্রাপ্য শ্রেণীর দু'টি ভাড়া।<br>২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| ৩ | বিমানে ভ্রমণ | ১) নিজের জন্য প্রাধিকার অনুযায়ী একটি ভাড়া। |

**খ)** সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের বদলির সময়ে পরিবহণের জন্য নিজস্ব মালামালের (Personal effects) পরিমাণ এবং প্যাকিং চার্জের প্রাপ্যতা নিম্নরূপঃ–

| শ্রেণী | একাকী ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | সপরিবারে ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | প্যাকিং চার্জ হার (টাকায়) |
|---|---|---|---|
| ক-শ্রেণী | ১৫০০ | ২৩০০ | ১৫০০ |
| খ-শ্রেণী | ৮০০ | ১২০০ | ১০০০ |
| গ-শ্রেণী | ৫০০ | ৭০০ | ৫০০ |
| ঘ-শ্রেণী | ২০০ | ৩০০ | ২০০ |

সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ বদলিজনিত মালামাল পরিবহনের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিলোমিটার পরিবহনের জন্য প্রতি ১০০ কেজি ভাড়া বাবদ ২.০০ টাকা প্রাপ্য হবেন।

৬। এ প্রজ্ঞাপন জারির পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত অন্যান্য আদেশসমূহ অনুরূপভাবে পরিবর্তিত/ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ ইমদাদুল হক
অতিরিক্ত সচিব

# বিদেশ ভ্রমণকালে ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহিঃ অর্থ উপ-বিভাগ
বাজেট শাখা-২

নং-এম,এফ/ই,এফ-২(বি)২(১৯)/৮২/৩৬৫(২০০০) তারিখ: ১লা জানুয়ারি, ১৯৮২ ইং

# স্মারকলিপি

**বিষয়: সরকারি কর্মচারী ও বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের কর্মচারীবৃন্দের (বদলী ছাড়া) সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী।**

ইতিপূর্বে সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের জন্য সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের পদমর্যাদাকে পর্যায় নিরূপণের মাপকাঠি হিসাবে ধরিয়া নেওয়া হইয়াছিল। নতুন বেতন ক্রমের বাস্তবায়নের প্রেক্ষাপটে সরকারি বিভাগ, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পর্যায় নিরূপণে সামঞ্জস্য সাধন ও পৃথিবীর সর্বত্র জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, বিশেষ করিয়া হোটেল ভাড়া বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদির হার পুনঃনির্ধারণ অত্যাবশ্যক বিধায় সরকারি নির্দেশক্রমে নিম্নস্বাক্ষরকারী অত্র মন্ত্রণালয় কর্তৃক ২রা ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে জারিকৃত এম, এফ/ই, এফ-২(বি)/ ২(১৯)/ ৮২/ ২৫(২০০০) নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী ও পরবর্তী বিভিন্ন সময়ে জারিকৃত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশানামা রহিতপূর্বক মন্ত্রীবর্গ, জাতীয় সংসদের সদস্য, সামরিক ও বেসামরিক সরকারি কর্মকর্তা-কর্মচারী, বেসরকারি ব্যক্তিবর্গ ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নিম্নরূপ করিতে আদিষ্ট হইয়াছেন।

২। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রদানের ব্যাপারে সরকারি কর্মকর্তা-কর্মচারী ও অন্যান্যদের নিম্নবর্ণিত পাঁচটি পর্যায়ে বিভক্ত করা হইয়াছে:-

**<u>বিশেষ পর্যায়:</u>**

১) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, জাতীয় সংসদের স্পীকার এবং কেবিনেট মন্ত্রীগণ ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ;

২) প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী, জাতীয় সংসদের স্পীকার এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ;

৩) জাতীয় সংসদের সদস্যবৃন্দ; এবং

৪) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের প্রধানগণ যথা রাষ্ট্রদূত ও হাই-কমিশনারগণ (তাঁহাদের অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে।

**‘ক’ পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২,৭৫০ টাকা বা তদূর্ধ্ব এবং

২) সরকারি প্রতিনিধিদলের বেসরকারি নেতা।

**‘খ’ পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১,৪৭০ টাকা বা এবং তদূর্ধ্ব কিন্তু ২,৭৫০ টাকার নিম্নে এবং

২) সরকারি প্রতিনিধিদলের বেসরকারি সদস্যবৃন্দ।

**‘গ’ পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক কর্মচারীবৃন্দ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫৪০ টাকা এবং তদূর্ধ্ব কিন্তু ১,৪৭০ টাকার নিম্নে।

**‘ঘ’ পর্যায়:**

সামরিক ও বেসামরিক কর্মচারীবৃন্দ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫৪০ টাকার নিম্নে।

৩। বৈদেশিক মুদ্রায় দৈনিক ভাতা প্রদানের ব্যাপারে পৃথিবীর দেশসমূহকে পাঁচটি গ্রুপে ভিভক্ত করা হইয়াছে তাহা নিম্নরূপঃ

গ্রুপ-০১ : সৌদি আরব, ইরান, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত, কাতার, জাপান।

গ্রুপ-০২ : উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ, ইউরোপের (সোভিয়েত রাশিয়াসহ) দেশসমূহ অস্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড।

গ্রুপ-০৩ : আফ্রিকা ও তুরস্কসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ।

গ্রুপ-০৪ : অন্যান্য এশীয় দেশসমূহ (ভারত, শ্রীলংকা, নেপাল, আফগানিস্তান, পাকিস্তান ও ভুটান ছাড়া)।

গ্রুপ-০৫ : ভারত, শ্রীলংকা, নেপাল, আফগানিস্তান, পাকিস্তান ও ভুটান।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদি:

ক) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, জাতীয় সংসদের স্পীকার এবং কেবিনেট মন্ত্রী মহোদয়গণ ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে প্রকৃত হোটেল ভাড়া in a moderate suite এবং নিম্নবর্ণিত হারে নগদ ভাতা পাইবেন:

খ) নগদ ভাতা:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ | ভাতার হার |
|---|---|
| ১ | ৪৫ |
| ২ | ৪০ |
| ৩ | ৩৫ |
| ৪ | ৩০ |
| ৫ | ৩০ |

গ) বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য কর্মকর্তা/ব্যক্তিবর্গ বিদেশ ভ্রমণকালে ১ ও ২ নং গ্রুপের দেশসমূহের জন্য হোটেল ভাড়া বাবদ দৈনিক ৮৫.০০ মার্কিন ডলার, ৩ নং গ্রুপের দেশসমূহের জন্য দৈনিক ৭০.০০ মার্কিন ডলার এবং অন্যান্য গ্রুপের দেশসমূহের জন্য দৈনিক ৬০.০০ মার্কিন ডলার ও নিম্নবর্ণিত হারে নগদ ভাতা পাইবেন।

ঘ) নগদ ভাতা:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| ভাতার হার | ৩০ | ২৫ | ২৫ | ২৫ | ২৫ |

ঙ) বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তা/ব্যক্তিবর্গ-এর বিদেশে কোনও স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অর্ন্তভুক্ত।

চ) বিশেষ পর্যায়ভুক্ত কোনও কর্মকর্তা/ব্যক্তিবর্গের পত্নী রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বামীর সহিত বিদেশে ভ্রমণ করিলে তাঁহার স্বামী যে হারে ভাতা পাবেন, তাঁহাকেও সেই হারেই দৈনিক ভাতা দেওয়া হইবে।

**ব্যতিক্রম:**

ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধানগণকে বিদেশে যদি কোন অনুষ্ঠানে (ceremonial function) অংশগ্রহণ করিতে হয় তাহা হইলে তাঁহার 'ক' পর্যায়ের জন্য অনুমোদিত হারে হোটেল ভাড়া প্রাপ্য হইবে। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিগণের জন্য নির্ধারিত হোটেল ভাড়ার হার তাঁহাদের বেলায় প্রযোজ্য হইবে না।

খ) উপরোক্ত সুবিধাদি গ্রহণ না করিয়া বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের কেহ বিদেশে স্বেচ্ছায় বন্ধু কিংবা আত্মীয়স্বজনের সহিত অথবা অন্য কোনভাবে অবস্থান করিলে 'ক' পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন।

৫। ভ্রমণকারী কর্মকর্তা-কর্মচারীগণ নিজেদের সুবিধানুযায়ী হোটেল ভাড়াভিত্তিক (নগদসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারেন।

৬। ভ্রমণকারী কর্মকর্তা-কর্মচারী নিম্নবর্ণিত হোটেল ভাড়াভিত্তিক (নগদসহ) ভাতা গ্রহণ করিতে পারেন:

ক) হোটেল ভাড়া:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 'ক' পর্যায় | ৭৫ | ৬৫ | ৬০ | ৫০ | ৪০ |
| 'খ' পর্যায় | ৬৫ | ৫৫ | ৫০ | ৪০ | ৩৫ |
| 'গ' পর্যায় | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| 'ঘ' পর্যায় | ৪০ | ৩৫ | ৩৫ | ৩০ | ২৫ |

খ) বিদেশে হোটেলে অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time) হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া নেন তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে পূর্ণ হারে হোটেল ভাড়া পাইবেন।

গ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ কর্মচারীগণকে নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রদান করা হইবে:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 'ক' পর্যায় | ৩০ | ২৫ | ২৫ | ২৫ | ২৫ |
| 'খ' পর্যায় | ৩০ | ২৫ | ২৫ | ২৫ | ২৫ |
| 'গ' পর্যায় | ৩০ | ২৫ | ২৫ | ২৫ | ২০ |
| 'ঘ' পর্যায় | ২৫ | ২০ | ২০ | ১৫ | ১৫ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত নগদ ভাতার অর্ন্তভুক্ত।

ঘ) কোন স্থানে কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করিয়াও যদি ১২ ঘন্টার অধিক হোটেলে অবস্থান করেন তাহা হইলে নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত তাহাকে উক্ত স্থানের জন্য উপরোক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) দেওয়া হইবে। এইভাবে কোথাও ৬ ঘন্টার অধিককাল হোটেলে অবস্থান করিলে নির্ধারিত প্রকৃত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার এক-চতুর্থাংশ দেওয়া হইবে।

বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা-কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাহিরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেলে অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারিবেন:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 'ক' পর্যায় | ৬৮ | ৫৯ | ৫৪ | ৪৫ | ৪০ |
| 'খ' পর্যায় | ৬১ | ৫৩ | ৪৯ | ৪২ | ৩৬ |
| 'গ' পর্যায় | ৫৭ | ৪৯ | ৪৫ | ৩৮ | ৩৩ |
| 'ঘ' পর্যায় | ৪৫ | ৩৯ | ৩৬ | ৩৩ | ২৬ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমনঃ বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত সর্বসাকুল্য ভাতার অর্ন্তভুক্ত।

খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২৮ রাত্রির অধিক হয়, তাহা হইলে তাঁহাকে ২৮ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে কম দেওয়া হইবে। অবস্থানকাল যদি ৫৬ রাত্রির অধিক হয়, তাহা হইলে ৫৬ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হিসাবে কম দেওয়া হইবে।

গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা-কর্মচারীগণ হেডকোর্য়াটারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য যদি রাত্রিযাপন না করিয়া ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার $^1/_2$ অংশ প্রাপ্য হবেন।

৮। ক) গন্তব্য স্থলে প্রতি রাত্রিযাপনের জন্য ক্ষেত্র অনুসারে একদিনের হোটেল ভাড়া ভিত্তিক ভাতা কিংবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হইবে।

খ) বিদেশ ভ্রমণকালে বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হইবে না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করিতে দেওয়া হইবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করিবার নিমিত্ত প্রয়োজনীয় ভাড়া দাবী করা যাইতে পারে।

১০। যখন সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, জাতীয় পরিষদের স্পীকার কিংবা কোন কেবিনেট মন্ত্রী বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হইবেন অর্থাৎ যদি তাঁহার আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তখন তাঁহাকে প্রতি রাত্রিযাপনের জন্য ৩০ মার্কিন ডলার হিসাবে পকেট ভাতা দেওয়া হইবে।

বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হইবেন, তখন তাঁহাকে স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে দেওয়া হইবে।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কেহ যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁহার আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তাহা হইলে সেই দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ তাঁহাকে পকেট ভাতা দেওয়া হইবে। তবে, তাঁহাকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হইয়া থাকিলে, তিনি এই ভাতা পাইবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তাহা হইলে সেই ক্ষেত্রেও এই ভাতা প্রাপ্য হইবে না। স্বল্পকালীন প্রশিক্ষণ, সেমিনার ও ওর্য়াকশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হইবে না।

১২। হেডকোর্য়াটার হইতে বিদেশে এবং বিদেশ হইতে হেডকোর্য়াটারে সরকারি কার্যে বিমানে কোথাও গেলে প্রতিটি ভ্রমণের জন্য প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে ষ্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ, বকশিশ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে দেওয়া হইবে। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হইতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) ইত্যাদি স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রদান করা হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশের বিমান বন্দরের কোন টার্মিনাল চার্জ দেওয়া হইবে না। এই টার্মিনাল চার্জ প্রতিটি ভ্রমণের প্রারম্ভে ও শেষে (both commencement and termination of each journey) প্রাপ্য হইবে। টার্মিনাল চার্জ সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশ হইলে উহার জন্য কোন ভাউচার লাগিবে না। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশের অধিক হয়, তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে উহা প্রাপ্য বলিয়া গণ্য হইবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার বিশ শতাংশের অধিক দেওয়া হইবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/ পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেওয়া টার্মিনাল চার্জ/ বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেওয়া হইবে।

১৩। ক) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, এবং কেবিনেট মন্ত্রী মহোদায়গণ ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ যথা-ডেপুটি স্পীকার ও বিরোধী দলের সংসদ নেতা বিদেশে ভ্রমণকালে গন্তব্য স্থলে যাইবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ১৮ মার্কিন ডলার হিসাবে ভাতা পাইবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গদের 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্দিষ্ট সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগ ট্রানজিট ভাতা দেওয়া হইবে।

খ) অন্যান্য পর্যায়ভুক্ত কর্মচারীগণের বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে দেওয়া হইবে। বহির্গমনেরকালে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগ প্রদান করা হইবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও প্রতিটি ভ্রমণ দিনের জন্য শেষ কর্মস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২০ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদান করা হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশন/ দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (one way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এক পথে (One way) তিন ঘন্টা বা ততোধিক সময় অতিবাহিত হইলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে, তবে যাওয়া আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হইলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা অত্র স্মারকলিপির অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হইবে। তবে সরকারি গাড়িতে সড়ক পথে ভ্রমণ করিলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে না।

গ) হেডকোয়ার্টার হইতে যাত্রা আরম্ভের সময় হইতে গন্তব্যস্থলে পৌঁছান এবং শেষ কর্মস্থল হইতে যাত্রা করিয়া হেডকোর্য়াটারে প্রত্যাবর্তন করা পর্যন্ত ট্রানজিট পিরিয়ড হিসাবে গণ্য করা হইবে। প্রতিটি ভ্রমণদিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টা ধরা হইবে। অবশ্য ট্রানজিট পিরিয়ড ২৪ ঘন্টার কম হইলেও একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হইলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাত্রিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তাহা হইলে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের অনুমোদন সাপেক্ষে এইরূপ অবস্থায় প্রতি রাত্রিযাপনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হইবে, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তাহা হইলে সরকারি কর্মকর্তা/ কর্মচারী প্রচলিত নিয়মনুযায়ী ট্রানজিট ভাতা পাইবেন, কিন্তু দৈনিক ভাতা পাইবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করেন, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/ কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা পাইবেন। একই দিনে ট্রানজিট থাকিয়া গন্তব্যস্থলে পৌঁছাইলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসঙ্গে প্রাপ্য হইবেন। কারণ দৈনিক

ভাতা গন্তব্যস্থলে পৌঁছিয়া ব্যয় করিবার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করিবার জন্য দেওয়া হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় যদি সেই দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হয় তাহা হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। অবশ্য বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে।

ঘ) বিদেশী কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে:

১) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অর্থ অগ্রিম প্রদান করিয়া থাকেন, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী দেওয়া যাইবে না।

২) যেসব ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় প্রদান করেন বা দৈনিক ভাতা মোট অবস্থান হইতে অতিরিক্ত সময়ের জন্য প্রদান করিয়া থাকেন, স্পষ্টতঃ এ মর্মেই যে, আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করিতে পারিবেন, সেইসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করিতে পারিবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি খাতে জমা দেওয়া হইবে।

৩) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা ভ্রমনের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করেন না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করা হয় না, সেইক্ষেত্রেই বর্হিগমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী প্রদান করা যাইবে এবং উহা একাধিক দেশে/ স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রাপ্য হইবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তাহা হইলে মঞ্জুরীকৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে।

১৪। কোন ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার আহার ও বাসস্থানের ব্যবস্থা করাইয়া লইলে কৃত ব্যবস্থার সর্বপ্রকার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির/ কর্মকর্তা/ কর্মচারীর উপর বর্তাইবে।

১৫। বিদেশে কোন স্থানে কর্তব্যরত অবস্থায় চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবী করা যাইবে যদি উক্ত ভাড়া নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হয়। উহা অনধিক হইলে কোন দাবী করা যাইবে না। সংশ্লিষ্ট স্থানের জন্য নির্দিষ্ট সর্বসাকুল্য ভাতার ১০ ভাগের অতিরিক্ত যে ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেহ অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে বিদেশ হইতে ফিরিবার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের স্বপক্ষে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করিতে হইবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করিলেও যথারীতি এক মাসের মধ্যে বিলের সমন্বয় সাধন করিতে হইবে।

১৭। ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। যদি কোন অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় তাহা ফেরত প্রদান করা সম্ভব না হয় তবে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্বৃত্ত অর্থ ফেরৎ দিতে হইবে এবং উহার অর্ধেক অর্থ জরিমানা হিসাবে আদায় করা হইবে অর্থাৎ উদ্বৃত্ত অর্থ অনাদায়ের জন্য প্রত্যেকবারই বিনিময় হারের দ্বিগুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকিলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরৎ দেওয়া হইয়াছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এইজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলিয়া উহাতে প্রয়োজনীয় (Entry) রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়।

খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বদলির বেলায়ও উপরোক্ত বিধি (১৭'ক') প্রযোজ্য হইবে। জরিমানা হিসাবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। উহা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের হিসাবে (XLVI Miscellaneous penalty on refund in Bangladesh currency of the excess foreign exchange drawn in advance for foreign tour খাতে জমা দিতে হইবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করিবার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্বৃত্ত অর্থ ফেরত দেওয়া হইয়াছে- এ মর্মে মন্ত্রণালয়/ সংস্থা প্রধান

কর্তৃক স্বাক্ষরকৃত সার্টিফিকেট পেশ করিতে হইবে। উদ্বৃত্ত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংককে ফেরত দেওয়া হইয়াছে তাহার নাম সার্টিফিকেটে উল্লেখ করিতে হইবে। বাংলাদেশী মুদ্রায় করা হইলে, নির্দিষ্ট হারে আদায় করা হইয়াছে কিনা তাহা উল্লেখ করইতে হইবে। উল্লেখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রাহ্য হইবে না। এইরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেওয়া বৈদেশিক মুদ্রার হিসাবে সমন্বয় সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

১৯। ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হইতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হইবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হইতে সার্টিফিকেট লইয়া তাহা বিলে দাবীকৃত অংশের স্বপক্ষে প্রমাণস্বরূপ পেশ করিতে হইবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরুণ সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যাহাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীগণের ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামা প্রসূত লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হইবে। যদি কেহ ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির পরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করিয়া দেওয়া হইবে। অপরপক্ষে যদি কেহ লাভবান হন তাহা হইলে তাহার ভ্রমণ ভাতা বিলে লাভের পরিমাণ অর্থ মোট প্রাপ্য হইতে কমাইয়া দেওয়া হইবে। সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী যে খাত হইতে ভাতা গ্রহণ করেন সেই খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় সাধন করা হইবে।

খ) অনুমোদিত ডিলারগণ (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/ চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন, উহা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলিয়া গণ্য হইবে এবং ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে উহা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হইবে।

২০। অত্র স্মারকলিপির ৪(খ), ৪(ঘ), ৬(গ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সর্বপ্রকার ব্যয় অবশ্যই উপর্যুক্ত রশিদ পত্রাদির মাধ্যমে সম্পাদন করিতে হইবে। বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় ট্যাক্সি ভাড়া, বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যাহার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেই সব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তার (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) সহিকৃত সার্টিফিকেট থাকিতে হইবে। তবে এইরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত যে ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে।

২১। সরকারি খরচে বিমান পথে বিদেশ ভ্রমণকালে সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, জাতীয় সংসদের স্পীকার, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রীগণ, ডেপুটি স্পীকার, অথবা সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ ব্যতিরেকে আর কেহ বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিলে পারিবেন না।

**ব্যতিক্রম:**

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/ হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন:

১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হইয়াছেন, সেদেশে যখন প্রথম যাইবেন।
২) যখন তাঁহারা বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হইয়া বাংলাদেশে আগমন করিবেন।

২২। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে অত্র স্মারকলিপিতে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হইবে না।

২৩। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার সময় প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করিয়া থাকেন ইহাতে অনেক ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করা হইয়া থাকে। এ অনিয়মের দরুণ ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করিয়া প্রয়োজনীয় কার্যক্রম সম্ভবপর হইয়া ওঠে না। এইসব অসুবিধা দূরীকরণার্থে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করিবার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/ সময় উল্লেখ থাকিতে হইবে।

গ) নির্ধারিত সফরের সম্পূর্ণ অংশ যাহা ভ্রমণ সূচীতে উল্লেখ থাকিবে তজ্জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/ কর্মচারীগণের মুখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্য সম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশতঃ পথিমধ্যে অন্য কোথাও সফর/ অবস্থান করিতে হয় তজ্জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা-এর বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করিতে হইবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভবপর নহে সেক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাইবে না।

চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বৈদেশিক মুদ্রা ওয়েজ আর্নারস/XPL মার্কেট হইতে ক্রয় করা যাইবে না। তবে ওয়েজ আর্নারস/XPL মার্কেট হইতে ভ্রমণ বাবদ বৈদেশিক মূদ্রার প্রয়োজন অত্যাবশ্যক হইলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগের পূর্ব অনুমোদিত অবশ্যই গ্রহণ করিতে হইবে।

ছ) অত্র অনুচ্ছেদের (ঙ) ও (চ) তে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করিতে হইবে।

বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং উহার প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে নিশ্চিত উদ্যোগ গ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে। তদানুসারে প্রশাসনিক বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে কি-না?

২) হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রহিয়াছে কি-না এবং

৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রহিয়াছে কি-না এবং এইরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না?

উল্লেখ্যযোগ্য যে, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২৪। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিতে হইলে নিম্নলিখিত তথ্য/ কাগজপত্র অবশ্যই সরবরাহ করিতে হইবে:

ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।

খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।

গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠান হইবে, তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে পাঠাইতে হইবে।

ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/ সংস্থা বহন করেন, তাহা হইলে তাহার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাইতে হইবে।

ঙ) অত্র স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তিবর্গ/ কর্মকর্তা/ কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তাহা জানাইতে হইবে।

চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য প্রস্তাব কমপক্ষে বিদেশ ভ্রমনের ৭ দিন পূর্বে পাঠাইতে হইবে।

ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে অত্র স্মারকের ৬ ও ৭-এ উল্লেখিত হারসমূহের কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রহণযোগ্য তাহা পরিষ্কারভাবে জানাইতে হইবে।

জ) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয়সাধন করা হইয়াছে কি-না তাহাও উল্লেখ করিতে হইবে।

যেক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করেন, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করিয়া মঞ্জুরী প্রদান করিতে হইবে।

২৫। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা, ক্ষেত্র বিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেওয়া যাইবে। যেমন বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন তেমনি বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় মুদ্রার ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেওয়া যাইতে পারে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুযায়ী প্রাপ্যতা হিসাব করিয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করিতে হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অত্র স্মারকলিপির ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তাহা বিনিময় হারের ১$^{১}/_{২}$ গুণ হারে ফেরত দিতে হইবে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথকভাবে হিসাব করিয়া যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত

অগ্রিম অর্থের সমন্বয় সাধন করিতে হইবে। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্বেকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হইয়াছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি উহা সম্পূর্ণ খরচ না হইয়া থাকে, তাহা হইলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়াছেন তাহার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করিতে হইবে। যেইক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণতঃ দেওয়া যাইবে না এবং সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হইবে।

খ) উপরোল্লিখিত তথ্যাদির পূর্ণ ব্যবহারপূর্বক যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করিতে হইবে।

২৬। সরকারি কর্মচারীগণের বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হইতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সেই ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এইরূপ অগ্রিম প্রদান করিবেন। যেমন- ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হইলে তিনি অগ্রিম গ্রহণ করিতে পারেন। তবে, এইরূপ অগ্রিম প্রদান দ্রুত সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সর্তক দৃষ্টি রাখিবেন:

ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কি-না, তাহা নিশ্চিত হইবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করিবেন না।

খ) যখনই মিশন কর্তৃপক্ষ কোন অগ্রিম প্রদান করিবেন, তখনই প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের বহিঃঅর্থ অনুবিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাইতে হইবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করিতে হইবে বলিয়া উল্লেখ করিতে হইবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাইবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করিবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করিবেন যাহা সঠিক খাতে ব্যয় দেখাইয়া সমন্বয় সাধন করিতে হইবে।

ঘ) সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন এবং ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে অগ্রিম সমন্বয় সাধন করিবেন। এই বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করিবেন যাহার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখাইয়া প্রাপ্য অর্থ হইতে বাদ দিতে হইবে।

২৭। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হইলে উহা রীতি বিরুদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

২৮। অত্র স্মারকলিপি অবিলম্বে কার্যকরী হইবে।

নাজেম আহমদ চৌধুরী
যুগ্ম-সচিব।

নং-এম, এফ/ই, এফ-২(বি)২(১৯)/৮২/৩৬৫(২০০০) তারিখ: ১লা জানুয়ারি, ১৯৮২ ইং

বিতরণ:

১) সমস্ত সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব এবং উপ-সচিব, (২) সমস্ত মন্ত্রণালয়/ বিভাগ (শাখাভিত্তিক), (৩) বাংলাদেশ দূতাবাসসমূহ, (৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, (৫) সমস্ত বিভাগীয় কমিশনার/ জিলা প্রশাসক/ জিলা জজগণ, (৬) অর্থ উপদেষ্টা/ উপ-অর্থ উপদেষ্টা/ সহ অর্থ উপদেষ্টাগণ, (৭) সরকারি ও আধা-সরকারি সংস্থাসমূহ, (৮) সচিব, কর্ম কমিশন, (৯) রাষ্ট্রপতির সচিব, (১০) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ, (১১) মাননীয় উপ-রাষ্ট্রপতির সচিব, (১২) রাষ্ট্রপতির সামরিক সচিব, (১৩) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, (১৪) মহা-হিসাব রক্ষক (বেসামরিক), বাংলাদেশ, (১৫) মহা-হিসাব রক্ষক (সামরিক), বাংলাদেশ, ঢাকা (১৬) মহা-হিসাব রক্ষক (ডাক, তার ও দূরালাপনী), বাংলাদেশ, ঢাকা, (১৭) মহা-হিসাব রক্ষক (পূর্ত, পানি ও বিজলী), বাংলাদেশ, ঢাকা, (১৮) অতিরিক্ত মহা-হিসাব রক্ষক, পররাষ্ট্র বিষয়ক ও (১৯) বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

কাজী মনোয়ারুল হক
শাখা প্রধান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহিঃ অর্থ উপ-বিভাগ
বাজেট শাখা-২

নং-অবি/বহিঃঅর্থ/বা-২/২(১৯)/৮৬-৮৭/১৯(১৫০০)

তারিখ: ২৩শে ফেব্রুয়ারি, ১৯৮৭ ইং
১০ই মাঘ, ১৩৯৩ বাং

## স্মারকলিপি

**বিষয়: সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী।**

পৃথিবীর সর্বত্র জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, বিশেষ করিয়া হোটেল ভাড়া বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদির হার পুনঃনির্ধারণ অত্যাবশ্যক বিধায় সরকারি নির্দেশক্রমে নিম্নস্বাক্ষরকারী অত্র মন্ত্রণালয় কর্তৃক ১লা জানুয়ারি, ১৯৮২ তারিখে জারিকৃত এম, এফ-২(বি)/ ২(১৯)/ ৮২/ ৩৬৫(২০০০) নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী ও পরবর্তীতে জারিকৃত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশানামা রহিতপূর্বক মন্ত্রীবর্গ, জাতীয় সংসদের সদস্য, সামরিক ও বেসামরিক সরকারি কর্মকর্তা-কর্মচারী, বেসরকারি ব্যক্তিবর্গ ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নিম্নরূপ নির্ধারণ করিতে আদিষ্ট হইয়াছেন।

২। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রদানের ব্যাপারে সরকারি কর্মকর্তা-কর্মচারী ও অন্যান্যদেরকে নিম্নবর্ণিত পাঁচটি পর্যায়ে বিভক্ত করা হইয়াছে:-

**বিশেষ পর্যায়:**

ক) ১) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি ডেপুটি স্পীকার এবং কেবিনেট মন্ত্রীগণ ও কেবিনেট মন্ত্রীর সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ;

২) প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ;

৩) জাতীয় সংসদের সদস্যবৃন্দ; এবং

৪) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের প্রধানগণ যথা রাষ্ট্রদূত ও হাই-কমিশনারগণ (তাঁহাদের অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে।

**'ক' পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫,৫০০ টাকা বা তদূর্ধ্ব;

২) সরকারি প্রতিনিধিদলের বেসরকারি নেতা।

**'খ' পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক সরকারি কর্মকর্তাগণ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৩,০২০ টাকা বা এবং তদূর্ধ্ব কিন্তু ৫,৫০০ টাকার নিম্নে;

২) সরকারি প্রতিনিধিদলের বেসরকারি সদস্যবৃন্দ।

**'গ' পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তাগণ এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীবৃন্দ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১,৪১৫ টাকা বা এবং তদূর্ধ্ব কিন্তু ৩,২২০ টাকার পর্যন্ত।

**'ঘ' পর্যায়:**

১) সামরিক ও বেসামরিক সরকারি কর্মচারীবৃন্দ যাহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১,৪১৫ টাকার নিম্নে।

৩। বৈদেশিক মুদ্রায় দৈনিক ভাতা প্রদানের ব্যাপারে পৃথিবীর দেশসমূহকে চারটি গ্রুপে ভিভক্ত করা হইয়াছে:-

গ্রুপ-০১ : সৌদি আরব, ইরান, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত, কাতার, জাপান, ব্রুনাই ও ওমান।

গ্রুপ-০২ : উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ, ইউরোপের (সোভিয়েত রাশিয়াসহ) দেশসমূহ অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড।

গ্রুপ-০৩ : আফ্রিকা ও তুরস্কসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ।

গ্রুপ-০৪ : অন্যান্য এশীয় দেশসমূহ।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদি:

ক) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি এবং কেবিনেট মন্ত্রী মহোদয়গণ ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে প্রকৃত হোটেলে একটি মডারেট স্যুইটে (in a moderate suite) এবং নিম্নবর্ণিত হারে নগদ ভাতা পাইবেন:

খ) নগদ ভাতা:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| ভাতার হার | ৫০ | ৪৫ | ৪০ | ৪০ |

(গ) বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ বিদেশ ভ্রমণকালে ১ ও ২ নং গ্রুপের দেশসমূহের জন্য হোটেল ভাড়া বাবদ দৈনিক ৯৫ মার্কিন ডলার, ৩ নং গ্রুপের দেশসমূহের জন্য দৈনিক ৮০ মার্কিন ডলার এবং ৪নং গ্রুপের দেশসমূহের জন্য দৈনিক ৭০ মার্কিন ডলার এবং নিম্নবর্ণিত হারে নগদ ভাতা পাইবেন।

ঘ) নগদ ভাতা:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| ভাতার হার | ৪০ | ৩৫ | ৩৫ | ৩৫ |

ঙ) বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের বিদেশে কোনও স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অর্ন্তভুক্ত।

চ) বিশেষ পর্যায়ভুক্ত কোনও ব্যক্তির পত্নী রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বামীর সহিত বিদেশে ভ্রমণ করিলে তাঁহার স্বামী যে হারে ভাতা পাবেন, তাঁহাকেও সেই হারে দৈনিক ভাতা দেওয়া হইবে।

**ব্যতিক্রম:**

ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধানগণকে বিদেশে যদি কোন অনুষ্ঠানে (Ceremonial function) অংশগ্রহণ করিতে হয়, তাহা হইলে তাঁহার 'ক' পর্যায়ের জন্য অনুমোদিত হারে হোটেল ভাড়া প্রাপ্য হইবেন। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিগণের জন্য নির্ধারিত ৪(গ) অনুচ্ছেদে বর্ণিত হোটেল ভাড়ার হার তাঁহাদের বেলায় প্রযোজ্য হইবে না। তবে রাষ্ট্রীয় প্রতিনিধি দলের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত থাকিলে বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিগণের ন্যায় মিশন প্রধানগণ বর্ণিত সুবিধাদি পাইবেন।

খ) উপরোক্ত সুবিধাদি গ্রহণ না করিয়া বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের কেহ বিদেশে স্বেচ্ছায় স্বীয় ব্যবস্থায় অথবা অন্য কোনভাবে অবস্থান করিলে তাঁহারা সাধারণ পর্যায়ের (ক) উপ-পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন।

৫। ভ্রমণকারী কর্মকর্তা-কর্মচারীগণ নিজেদের সুবিধানুযায়ী হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারেন।

৬। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা-কর্মচারীগণ নিম্নবর্ণিত হোটেল ভাড়াভিত্তিক (নগদসহ) ভাতা গ্রহণ করিতে পারেন:

ক) হোটেল ভাড়া:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ |
| 'ক' পর্যায় | ৮৫ | ৭৫ | ৭০ | ৬০ |
| 'খ' পর্যায় | ৭৫ | ৬৫ | ৬০ | ৫০ |
| 'গ' পর্যায় | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ |
| 'ঘ' পর্যায় | ৫০ | ৪৫ | ৪৫ | ৩৫ |

বিদেশে হোটেলে অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিষ্ক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time) হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া নেন তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে পূর্ণ হারে হোটেল ভাড়া পাইবেন।

খ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ কর্মচারীগণকে নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রদান করা হইবে:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ |
| 'ক' পর্যায় | ৪০ | ৩৫ | ৩৫ | ৩৫ |
| 'খ' পর্যায় | ৩৬ | ৩২ | ৩০ | ৩০ |
| 'গ' পর্যায় | ৩৬ | ৩০ | ৩০ | ৩০ |
| 'ঘ' পর্যায় | ৩০ | ২৫ | ২৫ | ২৫ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত নগদ ভাতার অর্ন্তভুক্ত।

গ) কোন স্থানে কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করিয়াও যদি ১২ ঘন্টার অধিক হোটেলে অবস্থান করেন তাহা হইলে নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত তাহাকে উক্ত স্থানের জন্য উপরোক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) দেওয়া হইবে। এইভাবে কোথাও ৬ ঘন্টার অধিককাল হোটেলে অবস্থান করিলে নির্ধারিত প্রকৃত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার অর্ধেক দেওয়া হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাহিরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেলে অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারিবেন:

(আমেরিকান ডলার)

| পর্যায় | দেশের গ্রুপ | | | |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ |
| 'ক' পর্যায় | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ |
| 'খ' পর্যায় | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ |
| 'গ' পর্যায় | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| 'ঘ' পর্যায় | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমনঃ বকশিস, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত সর্বসাকুল্য ভাতার অর্ন্তভুক্ত।

খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২০ রাত্রির অধিক হয়, তাহা হইলে তাঁহাকে ২০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে কম দেওয়া হইবে। অবস্থানকাল যদি ৪০ রাত্রির অধিক হয়, তাহা হইলে ৪০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হিসাবে কম দেওয়া হইবে। প্রকৃত হোটেল ভাড়াভিত্তিক ভাতা এবং সর্বসাকুল্য ভাতা উভয় ক্ষেত্রেই এ ব্যবস্থা প্রযোজ্য হবে।

গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা-কর্মচারীগণ হেডকোর্য়াটারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য যদি রাত্রিযাপন না করিয়া ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার $^১/_২$ অংশ প্রাপ্য হবেন।

৮। ক) গন্তব্য স্থলে প্রতি রাত্রিযাপনের জন্য ক্ষেত্র অনুসারে একদিনের হোটেল ভাড়া ভিত্তিক ভাতা কিংবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হইবে।

খ) বিদেশ ভ্রমণকালে বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হইবে না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করিতে দেওয়া হইবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করিবার নিমিত্ত প্রয়োজনীয় ভাড়া দাবী করা যাইতে পারে।

১০। যখন উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, ডেপুটি স্পীকার কিংবা কোন কেবিনেট মন্ত্রী পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হইবেন অর্থাৎ যদি তাঁহার আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তখন তাঁহাকে প্রতি রাত্রিযাপনের জন্য ৩৫ মার্কিন ডলার হিসাবে পকেট ভাতা দেওয়া হইবে। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন

রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হইবেন, তখন তাঁহাকে স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে দেওয়া হইবে।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কেহ যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁহার আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তাহা হইলে সেই দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ তাঁহাকে পকেট ভাতা দেওয়া হইবে। তবে, তাঁহাকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হইয়া থাকিলে, তিনি এই ভাতা পাইবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তাহা হইলে সেই ক্ষেত্রেও এই ভাতা প্রাপ্য হইবে না। স্বল্পকালীন প্রশিক্ষণ, সেমিনার ও ওর্য়াকশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হইবে না।

১২। হেডকোর্য়াটার হইতে বিদেশে এবং বিদেশ হইতে হেডকোর্য়াটারে সরকারি কার্যে বিমানে কোথাও গেলে প্রতিটি ভ্রমণের জন্য প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে ষ্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ, বকশিশ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে দেওয়া হইবে। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হইতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) ইত্যাদি স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রদান করা হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশের বিমান বন্দরের কোন টার্মিনাল চার্জ দেওয়া হইবে না। এই টার্মিনাল চার্জ প্রতিটি ভ্রমণের প্রারম্ভে ও শেষে (both commencement and termination of each journey) প্রাপ্য হইবে। টার্মিনাল চার্জ সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশ হইলে উহার জন্য কোন ভাউচার লাগিবে না। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশের অধিক হয়, তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে উহা প্রাপ্য বলিয়া গণ্য হইবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার বিশ শতাংশের অধিক দেওয়া হইবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/ পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেওয়া টার্মিনাল চার্জ/ বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেওয়া হইবে।

১৩। ক) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি, এবং কেবিনেট মন্ত্রী মহোদায়গণ ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ যথা-ডেপুটি স্পীকার ও বিরোধী দলের সংসদ নেতা বিদেশে ভ্রমণকালে গন্তব্য স্থলে যাইবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ২৫ মার্কিন ডলার হিসাবে ভাতা পাইবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গদের 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্দিষ্ট সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা দেওয়া হইবে।

খ) অন্যান্য পর্যায়ভুক্ত কর্মচারীগণের বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে দেওয়া হইবে। বহির্গমনেরকালে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ প্রদান করা হইবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও প্রতিটি ভ্রমণ দিনের জন্য শেষ কর্মস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদান করা হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশন/ দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (one way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এক পথে (One way) তিন ঘন্টা বা ততোধিক সময় অতিবাহিত হইলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে, তবে যাওয়া আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হইলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা অত্র স্মারকলিপির অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হইবে। তবে সরকারি গাড়িতে সড়ক পথে ভ্রমণ করিলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে না।

গ) হেডকোয়ার্টার হইতে যাত্রা আরম্ভের সময় হইতে গন্তব্যস্থলে পৌঁছান এবং শেষ কর্মস্থল হইতে যাত্রা করিয়া হেডকোর্য়াটারে প্রত্যাবর্তন করা পর্যন্ত ট্রানজিট পিরিয়ড হিসাবে গণ্য করা হইবে। প্রতিটি ভ্রমণদিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টা ধরা হইবে। অবশ্য ট্রানজিট পিরিয়ড ২৪ ঘন্টার কম হইলেও একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হইলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাত্রিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তাহা হইলে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের অনুমোদন সাপেক্ষে এইরূপ অবস্থায় প্রতি রাত্রিযাপনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হইবে, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তাহা হইলে সরকারি কর্মকর্তা/ কর্মচারী প্রচলিত নিয়মনুযায়ী ট্রানজিট ভাতা পাইবেন, কিন্তু দৈনিক ভাতা পাইবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করেন, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/ কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা পাইবেন। একই দিনে ট্রানজিট থাকিয়া

গন্তব্যস্থলে পৌঁছাইলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসঙ্গে প্রাপ্য হইবেন। কারণ দৈনিক ভাতা গন্তব্যস্থলে পৌঁছিয়া ব্যয় করিবার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করিবার জন্য দেওয়া হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় যদি সেই দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হয় তাহা হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। অবশ্য বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে।

ঘ) বিদেশী কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে:

১) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অর্থ অগ্রিম প্রদান করিয়া থাকেন, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী দেওয়া যাইবে না।

২) যেসব ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় প্রদান করেন বা দৈনিক ভাতা মোট অবস্থান হইতে অতিরিক্ত সময়ের জন্য প্রদান করিয়া থাকেন, স্পষ্টতঃ এ মর্মেই যে, আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করিতে পারিবেন, সেইসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করিতে পারিবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি খাতে জমা দেওয়া হইবে।

৩) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা ভ্রমনের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করেন না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করা হয় না, সেইক্ষেত্রেই বর্হিগমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী প্রদান করা যাইবে এবং উহা একাধিক দেশে/ স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রাপ্য হইবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তাহা হইলে মঞ্জুরীকৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে।

১৪। কোন ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার আহার ও বাসস্থানের ব্যবস্থা করাইয়া লইলে কৃত ব্যবস্থার সর্বপ্রকার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির/ কর্মকর্তা/ কর্মচারীর উপর বর্তাইবে।

১৫। বিদেশে কোন স্থানে কর্তব্যরত অবস্থায় চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবী করা যাইবে না। তবে, এইরূপ ব্যয় নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেহ অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে বিদেশ হইতে ফিরিবার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের স্বপক্ষে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করিতে হইবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করিলেও যথারীতি এক মাসের মধ্যে বিলের সমন্বয় সাধন করিতে হইবে।

১৭। ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। যদি কোন অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় তাহা ফেরত প্রদান করা সম্ভব না হয় তবে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্বৃত্ত অর্থ ফেরৎ দিতে হইবে এবং উহার অর্ধেক অর্থ জরিমানা হিসাবে আদায় করা হইবে অর্থাৎ উদ্বৃত্ত অর্থ অনাদায়ের জন্য প্রত্যেকবারই বিনিময় হারের ১১/২ গুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকিলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরৎ দেওয়া হইয়াছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এইজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলিয়া উহাতে প্রয়োজনীয় (Entry) রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়।

খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বদলির বেলায়ও উপরোক্ত বিধি (১৭'ক') প্রযোজ্য হইবে। জরিমানা হিসাবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। উহা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের হিসাবে (XLVI Miscellaneous penalty on refund in Bangladesh currency of the excess foreign exchange drawn in advance for foreign tour খাতে জমা দিতে হইবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করিবার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্বৃত্ত অর্থ ফেরত দেওয়া হইয়াছে- এ মর্মে মন্ত্রণালয়/ সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরকৃত সার্টিফিকেট পেশ করিতে হইবে। উদ্বৃত্ত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংককে ফেরত দেওয়া হইয়াছে তাহার নাম সার্টিফিকেটে উল্লেখ করিতে হইবে। বাংলাদেশী মুদ্রায় করা হইলে, নির্দিষ্ট হারে আদায় করা হইয়াছে কিনা তাহা উল্লেখ করইতে হইবে। উল্লেখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রাহ্য হইবে না। এইরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেওয়া বৈদেশিক মুদ্রার হিসাবে সমন্বয সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

১৯। ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হইতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হইবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হইতে সার্টিফিকেট লইয়া তাহা বিলে দাবীকৃত অংশের স্বপক্ষে প্রমাণস্বরূপ পেশ করিতে হইবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরুণ সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যাহাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীগণের ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামা প্রসূত লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হইবে। যদি কেহ ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির পরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করিয়া দেওয়া হইবে। অপরপক্ষে যদি কেহ লাভবান হন তাহা হইলে তাহার ভ্রমণ ভাতা বিলে লাভের পরিমাণ অর্থ মোট প্রাপ্য হইতে কমাইয়া দেওয়া হইবে। সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী যে খাত হইতে ভাতা গ্রহণ করেন সেই খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় সাধন করা হইবে।

খ) অনুমোদিত ডিলারগণ (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/ চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন, উহা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলিয়া গণ্য হইবে এবং ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে উহা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হইবে।

২০। অত্র স্মারকলিপির ৪র্থ অনুচ্ছেদে উল্লেখিত কেবল নগদ ভাতা এবং ৬(খ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সর্বপ্রকার ব্যয় অবশ্যই উপর্যুক্ত রশিদ পত্রাদির মাধ্যমে সম্পাদন করিতে হইবে। বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় ট্যাক্সি ভাড়া, বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যাহার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেই সব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তার (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) সহিকৃত সার্টিফিকেট থাকিতে হইবে। তবে এইরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত নগদ ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

২১। সরকারি খরচে আকাশ পথে বিদেশ ভ্রমণকালে উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, উপ-প্রধানমন্ত্রী, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পিকার, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীগণ অথবা সমমর্যাদাসম্পন্ন ব্যক্তি ব্যতিরেকে আর কেহ বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিলে পারিবেন না।

**ব্যতিক্রম:**

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/ হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন:

১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হইয়াছেন, সেদেশে যখন প্রথম যাইবেন।
২) যখন তাঁহারা বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হইয়া বাংলাদেশে আগমন করিবেন।

২২। ক) উপ-রাষ্ট্রপতি এবং মন্ত্রিপরিষদ সদস্যগণের সরকারি কাজে বিদেশে সফর সংশ্লিষ্ট আপ্যায়ন/ ফিরতিভোজ বাবদ খরচের নিমিত্তে অনূর্ধ্ব ৩০০ আঃ ডলার এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ অনূর্ধ্ব ১০০ আঃ ডলার পর্যন্ত ব্যয়ে মূল ভাউচার প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় মঞ্জুরী প্রদান করিতে পারিবেন। তবে তদূর্ধ্ব কোন ব্যয়ে অর্থ বিভাগের পূর্বানুমতি প্রয়োজন হইবে।

খ) মন্ত্রিপরিষদ সদস্য ছাড়া অন্যান্য ব্যক্তিবর্গ এবং কর্মকর্তাগণের সরকারি কাজে বিদেশে সফরে প্রতিনিধিত্বকালে আপ্যায়ন এবং আনুসংগিক ব্যয় বাবদ প্রাপ্যতা পূর্বাহ্নেই অর্থ বিভাগের অনুমোদনক্রমে নির্ধারণ করিয়া লইতে হইবে।

২৩। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে অত্র স্মারকলিপিতে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হইবে না।

২৪। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার

সময় প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করিয়া থাকেন ইহাতে অনেক ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করা হইয়া থাকে। এ অনিয়মের দরুণ ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করিয়া প্রয়োজনীয় কার্যক্রম সম্ভবপর হইয়া ওঠে না। এইসব অসুবিধা দূরীকরণার্থে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করিবার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/ সময় উল্লেখ থাকিতে হইবে।

গ) নির্ধারিত সফরের সম্পূর্ণ অংশ যাহা ভ্রমণ সূচীতে উল্লেখ থাকিবে তজ্জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/ কর্মচারীগণের মুখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্য সম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশতঃ পথিমধ্যে অন্য কোথাও সফর/ অবস্থান করিতে হয় তজ্জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা-এর বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করিতে হইবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভবপর নহে সেক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাইবে না।

চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বৈদেশিক মুদ্রা বিকল্প মুদ্রা বাজার (SEM) হইতে ক্রয় করা যাইবে না। তবে বিকল্প মুদ্রা বাজার (SEM) হইতে ভ্রমণ বাবদ বৈদেশিক মূদ্রার প্রয়োজন অত্যাবশ্যক হইলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগের পূর্ব অনুমোদিত অবশ্যই গ্রহণ করিতে হইবে।

ছ) অত্র অনুচ্ছেদের (ঙ) ও (চ) তে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করিতে হইবে। বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং উহার প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে নিশ্চিত উদ্যোগ গ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে। তদানুসারে প্রশাসনিক বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে কি-না?

২) হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রহিয়াছে কি-না এবং

৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রহিয়াছে কি-না এবং এইরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না?

উল্লেখ্যযোগ্য যে, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২৫। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিতে হইলে নিম্নলিখিত তথ্য/ কাগজপত্র অবশ্যই সরবরাহ করিতে হইবে:

ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।

খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।

গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠান হইবে, তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে পাঠাইতে হইবে।

ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/ সংস্থা বহন করেন, তাহা হইলে তাহার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাইতে হইবে।

ঙ) অত্র স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তিবর্গ/ কর্মকর্তা/ কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তাহা জানাইতে হইবে।

চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য প্রস্তাব কমপক্ষে বিদেশ ভ্রমনের ৭ দিন পূর্বে পাঠাইতে হইবে।

ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে অত্র স্মারকের ৬ ও ৭-এ উল্লেখিত হারসমূহের কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রহণযোগ্য তাহা পরিষ্কারভাবে জানাইতে হইবে।

জ) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয়সাধন করা হইয়াছে কি-না

তাহাও উল্লেখ করিতে হইবে।

যেক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করেন, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করিয়া মঞ্জুরী প্রদান করিতে হইবে।

২৬। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা, ক্ষেত্র বিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেওয়া যাইবে। যেমন বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন তেমনি বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় মুদ্রার ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেওয়া যাইতে পারে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুযায়ী প্রাপ্যতা হিসাব করিয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করিতে হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অত্র স্মারকলিপির ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তাহা বিনিময় হারের ১১/২ গুণ হারে ফেরত দিতে হইবে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথকভাবে হিসাব করিয়া যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত অগ্রিম অর্থের সমন্বয় সাধন করিতে হইবে। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্বেকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হইয়াছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি উহা সম্পূর্ণ খরচ না হইয়া থাকে, তাহা হইলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়াছেন তাহার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করিতে হইবে। যেইক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণতঃ দেওয়া যাইবে না এবং সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হইবে।

খ) উপরোল্লিখিত তথ্যাদির পূর্ণ ব্যবহারপূর্বক যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করিতে হইবে।

২৭। সরকারি কর্মচারীগণের বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হইতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সেই ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এইরূপ অগ্রিম প্রদান করিবেন। যেমন- ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হইলে তিনি অগ্রিম গ্রহণ করিতে পারেন। তবে, এইরূপ অগ্রিম প্রদান দ্রুত সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সর্তক দৃষ্টি রাখিবেন:

ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কি-না, তাহা নিশ্চিত হইবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করিবেন না।

খ) যখনই মিশন কর্তৃপক্ষ কোন অগ্রিম প্রদান করিবেন, তখনই প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের বহিঃঅর্থ অনুবিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাইতে হইবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করিতে হইবে বলিয়া উল্লেখ করিতে হইবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাইবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করিবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করিবেন যাহা সঠিক খাতে ব্যয় দেখাইয়া সমন্বয় সাধন করিতে হইবে।

ঘ) সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন এবং ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে অগ্রিম সমন্বয় সাধন করিবেন। এই বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করিবেন যাহার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখাইয়া প্রাপ্য অর্থ হইতে বাদ দিতে হইবে।

২৮। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হইলে উহা রীতি বিরুদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

২৯। অত্র স্মারকলিপি অবিলম্বে কার্যকরী হইবে।

এম, এ, হান্নান
যুগ্ম-সচিব।

বিতরণ:
১। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ

২।  রাষ্ট্রপতির সচিব
৩।  সচিব, জাতীয় সংসদ সচিবালয়
৪।  সচিব, নির্বাচন কমিশন
৫।  চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
৬।  উপ-রাষ্ট্রপতির সচিব
৭।  প্রধানমন্ত্রীর সচিব
৮।  রাষ্ট্রপতির সামরিক সচিব
৯।  মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ
১০। সচিব, বাংলাদেশ কর্মকমিশন
১১। বাংলাদেশ দূতাবাসসমূহ
১২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর
১৩। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
১৪। মহা-নিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর
১৫। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালপনী)/ পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/ পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ, এন, অডিট-এর দপ্তর।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের দপ্তর
১৭। সকল বিভাগীয় কমিশনারের দপ্তর
১৮। সকল সরকারি পরিদপ্তর ও অধস্তন দপ্তরসমূহ
১৯। সকল স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ
২০। বাংলাদেশ ব্যাংক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহিঃ অর্থ উপ-বিভাগ
বাজেট শাখা-২

নং-অবি/বহিঃঅর্থ/বা-২/২(১৯)/৮৮-৮৯/২২১(২৫০০) তারিখ: ২১শে নভেম্বর, ১৯৮৯ ইং / ৭ই অগ্রহায়ন, ১৩৯৬ বাং

## স্মারকলিপি

**বিষয়: সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী।**

পৃথিবীর সর্বত্র জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, বিশেষ করিয়া হোটেল ভাড়া বৃদ্ধির ফলে সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ইত্যাদির হার পুনঃনির্ধারণ অত্যাবশ্যক বিধায় নিম্ন স্বাক্ষরকারী অত্র মন্ত্রণালয় কর্তৃক ১৩ই এপ্রিল ১৯৮৯ইং/ ৩০শে চৈত্র, ১৩৯৫ বাং তারিখে জারিকৃত অবি/ বহিঃঅর্থ/ বা-২/ ২(১৯)/ ৮৮-৮৯/ ১৮৬ নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী রহিতপূর্বক উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের সদস্য, সরকারি কর্মকর্তা/ কর্মচারী, বেসরকারি ব্যক্তিবর্গ ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নিম্নরূপ নির্ধারণ করিতে আদিষ্ট হইয়াছেন।

২। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রাপ্য সরকারি কর্মকর্তা/ কর্মচারী ও অন্যান্যদেরকে নিম্নবর্ণিত পর্যায়ে বিভক্ত করা হইয়াছে:-

<u>বিশেষ পর্যায়:</u>

ক) ১) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি;
২) উপ-প্রধানমন্ত্রী, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন ব্যক্তি;
খ) ১) প্রতিমন্ত্রী, সুপ্রীম কোর্টের বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার, ডেপুটি চেয়ারম্যান পরিকল্পনা কমিশন, উপমন্ত্রী এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি;
২) মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সেনা/ নৌ/ বিমান বাহিনী প্রধান;
৩) জাতীয় সংসদের সদস্য; এবং
৪) অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা: রাষ্ট্রদূত ও হাইকমিশনার।

<u>সাধারণ পর্যায়:</u>

ক) ১) সরকারি কর্মকর্তা যাঁহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫,৫০০ টাকা বা তদূর্ধ্ব;
২) অধিক্ষেত্রাধীন এলাকার বাহিরে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা: রাষ্ট্রদূত ও হাইকমিশনার;
৩) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি নেতা।
খ) ১) সরকারি কর্মকর্তা যাঁহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৩,০২০ টাকা এবং তদূর্ধ্ব কিন্তু ৫,৫০০ টাকার নিম্নে;
২) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি সদস্য।
গ) দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণীর কর্মচারী যাঁহাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১,৪১৫ টাকা এবং তদূর্ধ্ব, কিন্তু ৩,২২০ টাকা পর্যন্ত।
ঘ) সরকারি কর্মচারী, যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১,৪১৫ টাকার নিম্নে।

৩। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রদানের জন্য পৃথিবীর দেশসমূহকে তিনটি গ্রুপে ভাগ করা হইয়াছে;

গ্রুপ-০১ : সৌদি আরব, ইরান, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত, কাতার, জাপান, ব্রুনাই, ওমান, উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ, ইউরোপের (রাশিয়াসহ) দেশসমূহ।

গ্রুপ-০২ : আফ্রিকা, তুরস্কসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ, অস্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড।

গ্রুপ-০৩ : অন্যান্য এশীয় দেশসমূহ।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদি:

ক) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার ও প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ২৫৬ | ২১০ | ১৮০ |

| | | | |
|---|---|---|---|
| নগদ ভাতা | ৫৮ | ৪৬ | ৪৬ |

খ) উপ-প্রধানমন্ত্রী, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ১৯২ | ১৫৮ | ১৩৫ |
| নগদ ভাতা | ৫৮ | ৪৬ | ৪৬ |

গ) বিশেষ পর্যায়ের (খ) উপ-পর্যায়ে অন্তর্ভুক্ত অন্যান্য ব্যক্তি ও কর্মকর্তাগণ দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ১৪৩ | ১২০ | ১০৫ |
| নগদ ভাতা | ৪৬ | ৪০ | ৪০ |

ঘ) বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অর্ন্তভুক্ত।

ঙ) বিশেষ পর্যায়ভুক্ত কোন ব্যক্তির পত্নী/ স্বামী রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বামী/ স্ত্রীর সহিত বিদেশে ভ্রমণ করিলে তাঁহার স্বামী/ স্ত্রী যে হারে ভাতা পাবেন, তাঁহাকেও সেই হারে ভাতা দেওয়া হইবে।

**ব্যতিক্রম:**

উপরোক্ত সুবিধাদি গ্রহণ না করিয়া বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের কেহ বিদেশে স্বেচ্ছায় স্বীয় ব্যবস্থায় অথবা অন্য কোনভাবে অবস্থান করিলে তাঁহারা সাধারণ পর্যায়ের (ক) উপ-পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন।

৫। সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ব্যক্তি/ ভ্রমণকারী কর্মকর্তা/ কর্মচারী নিজেদের সুবিধা অনুযায়ী হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারেন।

৬। ক) সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী সর্বোচ্চ হোটেল ভাড়া নিম্নবর্ণিত হারে গ্রহণ করিতে পারেন:

হোটেল (দৈনিক) (আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| সাধারণ পর্যায় | (ক) | ১২৮ | ১০৫ | ৯০ |
| | (খ) | ১১৩ | ৯০ | ৭৫ |
| | (গ) | ৯০ | ৭৫ | ৬৮ |
| | (ঘ) | ৭৫ | ৬৮ | ৫৩ |

বিদেশে হোটেলে অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিস্ক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time) হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া নেন তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে পূর্ণ হারে হোটেল ভাড়া পাইবেন।

খ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রদান করা হইবে:

নগদ ভাতা (দৈনিক) (আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| সাধারণ পর্যায় | (ক) | ৪৬ | ৪০ | ৪০ |
| | (খ) | ৪১ | ৩৫ | ৩৫ |
| | (গ) | ৪১ | ৩৫ | ৩৫ |
| | (ঘ) | ৩৫ | ২৯ | ২৯ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত নগদ ভাতার অর্ন্তভুক্ত।

গ) কোন স্থানে কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করিয়া যদি

১২ ঘন্টার অধিক হোটেলে অবস্থান করেন তাহা হইলে নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত তাহাকে উক্ত স্থানের জন্য উপরোক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) দেওয়া হইবে। এইভাবে কোথাও ৬ ঘন্টার অধিককাল হোটেলে অবস্থান করিলে নির্ধারিত প্রকৃত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার অর্ধেক দেওয়া হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাহিরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেলে অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারিবেন:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক) সাধারণ পর্যায় | (ক) | ৯২ | ৭৫ | ৬৯ |
| | (খ) | ৮১ | ৬৯ | ৬৩ |
| | (গ) | ৭৫ | ৬৩ | ৫৮ |
| | (ঘ) | ৬৩ | ৫২ | ৪৬ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমনঃ বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত সর্বসাকুল্য ভাতার অর্ন্তভুক্ত।

খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২০ রাত্রির অধিক হয়, তাহা হইলে তাঁহাকে ২০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে কম দেওয়া হইবে। অবস্থানকাল যদি ৪০ রাত্রির অধিক হয়, তাহা হইলে ৪০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হিসাবে কম দেওয়া হইবে। প্রকৃত হোটেল ভাড়াভিত্তিক ভাতা এবং সর্বসাকুল্য ভাতা উভয় ক্ষেত্রেই এ ব্যবস্থা প্রযোজ্য হবে।

গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোর্য়াটারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য যদি রাত্রিযাপন না করিয়া ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার $^{১}/_{২}$ অংশ প্রাপ্য হবেন।

৮। ক) গন্তব্য স্থলে প্রতি রাত্রি (স্থানীয় সময় সন্ধ্যা ছয় ঘটিক হইতে পর দিন সকাল ছয় ঘটিকা পর্যন্ত) যাপনের জন্য ক্ষেত্রে অনুসারে একদিনের হোটেল ভাড়া ভিত্তিক ভাতা কিংবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হইবে।

খ) বিদেশ ভ্রমণকালে বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হইবে না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করিতে দেওয়া হইবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করিবার নিমিত্তে প্রয়োজনীয় ভাড়া দাবী করা যেতে পারে।

১০। যখন উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, উপ-প্রধানমন্ত্রী, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হইবেন অর্থাৎ যদি তাঁহার আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তখন তাঁহাকে প্রতি রাত্রিযাপনের জন্য ৪০ মার্কিন ডলার হিসাবে পকেট ভাতা দেওয়া হইবে। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হইবেন, তখন তাঁহাকে স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে দেওয়া হইবে।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কেহ যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁহার আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তাহা হইলে সেই দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ তাঁহাকে পকেট ভাতা দেওয়া হইবে। তবে, তাঁহাকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হইয়া থাকিলে, তিনি এই ভাতা পাইবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তাহা হইলে সেই ক্ষেত্রেও এই ভাতা প্রাপ্য হইবে না। স্বল্পকালীন প্রশিক্ষণ, সেমিনার ও ওর্য়াকশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হইবে না।

১২। হেডকোর্য়াটার হইতে বিদেশে এবং বিদেশ হইতে হেডকোর্য়াটারে সরকারি কার্যে বিমানে কোথাও গেলে প্রতিটি ভ্রমণের জন্য প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে ষ্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ,

বকশিশ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে দেওয়া হইবে। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হইতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) ইত্যাদি স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রদান করা হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশের বিমান বন্দরের কোন টার্মিনাল চার্জ দেওয়া হইবে না। এই টার্মিনাল চার্জ প্রতিটি ভ্রমণের প্রারম্ভে ও শেষে (both commencement and termination of each journey) প্রাপ্য হইবে। টার্মিনাল চার্জ সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশ হইলে উহার জন্য কোন ভাউচার লাগিবে না। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশের অধিক হয়, তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে উহা প্রাপ্য বলিয়া গণ্য হইবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার বিশ শতাংশের অধিক দেওয়া হইবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/ পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেওয়া টার্মিনাল চার্জ/ বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেওয়া হইবে।

১৩। ক) উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, উপ-প্রধানমন্ত্রী এবং কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশ ভ্রমণকালে গন্তব্য স্থলে যাবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ২৯ মার্কিন ডলার হিসাবে ভাতা পাইবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ সাধারণ 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার ২৫ ভাগ ট্রানজিট ভাতা দেওয়া হইবে।

খ) সাধারণ পর্যায়ভুক্ত সকলকে বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে দেওয়া হইবে। বহির্গমনেরকালে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ প্রদান করা হইবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও প্রতিটি ভ্রমণ দিনের জন্য শেষ কর্মস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদান করা হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশন/ দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (one way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এক পথে (One way) তিন ঘন্টা বা ততোধিক সময় অতিবাহিত হইলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে, তবে যাওয়া আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হইলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা অত্র স্মারকলিপির অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হইবে। তবে সরকারি গাড়িতে সড়ক পথে ভ্রমণ করিলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে না।

গ) হেডকোয়ার্টার হইতে যাত্রা আরম্ভের সময় হইতে গন্তব্যস্থলে পৌঁছান এবং শেষ কর্মস্থল হইতে যাত্রা করিয়া হেডকোয়ার্টারে প্রত্যাবর্তন করা পর্যন্ত ট্রানজিট পিরিয়ড হিসাবে গণ্য করা হইবে। প্রতিটি ভ্রমণদিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টা ধরা হইবে। অবশ্য ট্রানজিট পিরিয়ড ২৪ ঘন্টার কম হইলেও একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হইলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাত্রিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তাহা হইলে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের অনুমোদন সাপেক্ষে এইরূপ অবস্থায় প্রতি রাত্রিযাপনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হইবে, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তাহা হইলে সরকারি কর্মকর্তা/ কর্মচারী প্রচলিত নিয়মনুযায়ী ট্রানজিট ভাতা পাইবেন, কিন্তু দৈনিক ভাতা পাইবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করেন, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/ কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা পাইবেন। একই দিনে ট্রানজিট থাকিয়া গন্তব্যস্থলে পৌঁছাইলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসঙ্গে প্রাপ্য হইবেন। কারণ দৈনিক ভাতা গন্তব্যস্থলে পৌঁছিয়া ব্যয় করিবার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করিবার জন্য দেওয়া হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় যদি সেই দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হয় তাহা হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। অবশ্য বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে।

ঘ) বিদেশী কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে:

১) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অর্থ অগ্রিম প্রদান করিয়া থাকেন, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী দেওয়া যাইবে না।

২) যেসব ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় প্রদান করেন বা দৈনিক ভাতা মোট অবস্থান হইতে অতিরিক্ত সময়ের জন্য প্রদান করিয়া থাকেন, স্পষ্টতঃ এ মর্মেই যে, আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করিতে পারিবেন, সেইসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা

ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করিতে পারিবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি খাতে জমা দেওয়া হইবে।

৩) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা ভ্রমনের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করেন না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করা হয় না, সেইক্ষেত্রেই বর্হিগমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী প্রদান করা যাইবে এবং উহা একাধিক দেশে/ স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রাপ্য হইবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তাহা হইলে মঞ্জুরীকৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে।

১৪। কোন ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার আহার ও বাসস্থানের ব্যবস্থা করাইয়া লইলে কৃত ব্যবস্থার সর্বপ্রকার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির/ কর্মকর্তা/ কর্মচারীর উপর বর্তাইবে।

১৫। বিদেশে কোন স্থানে কর্তব্যরত অবস্থায় চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবী করা যাইবে না। তবে, এইরূপ ব্যয় নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেহ অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে বিদেশ হইতে ফিরিবার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের স্বপক্ষে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করিতে হইবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করিলেও যথারীতি এক মাসের মধ্যে বিলের সমন্বয় সাধন করিতে হইবে।

১৭। ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। যদি কোন অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় তাহা ফেরত প্রদান করা সম্ভব না হয় তবে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্বৃত্ত অর্থ ফেরৎ দিতে হইবে এবং উহার অর্ধেক অর্থ জরিমানা হিসাবে আদায় করা হইবে অর্থাৎ উদ্বৃত্ত অর্থ অনাদায়ের জন্য প্রত্যেকবারই বিনিময় হারের ১$^{১}/_{২}$ গুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকিলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরৎ দেওয়া হইয়াছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এইজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলিয়া উহাতে প্রয়োজনীয় (Entry) রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়।

খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বদলির বেলায়ও উপরোক্ত বিধি (১৭'ক') প্রযোজ্য হইবে। জরিমানা হিসাবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। উহা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের হিসাবে XLVI Miscellaneous penalty on refund in Bangladesh currency of the excess foreign exchange drawn in advance for foreign tour খাতে জমা দিতে হইবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করিবার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্বৃত্ত অর্থ ফেরত দেওয়া হইয়াছে- এ মর্মে মন্ত্রণালয়/ সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরকৃত সার্টিফিকেট পেশ করিতে হইবে। উদ্বৃত্ত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংকে ফেরত দেওয়া হইয়াছে তাহার নাম সার্টিফিকেটে উল্লেখ করিতে হইবে। বাংলাদেশী মুদ্রায় করা হইলে, নির্দিষ্ট হারে আদায় করা হইয়াছে কিনা তাহা উল্লেখ করইতে হইবে। উল্লেখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রাহ্য হইবে না। এইরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেওয়া বৈদেশিক মুদ্রার হিসাবে সমন্বয় সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

১৯। ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হইতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হইবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হইতে সার্টিফিকেট লইয়া তাহা বিলে দাবীকৃত অংশের স্বপক্ষে প্রমাণস্বরূপ পেশ করিতে হইবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরুণ সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যাহাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীগণের ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামা প্রসূত লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হইবে।

যদি কেহ ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির পরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করিয়া দেওয়া হইবে। অপরপক্ষে যদি কেহ লাভবান হন তাহা হইলে তাহার ভ্রমণ ভাতা বিলে লাভের পরিমাণ অর্থ মোট প্রাপ্য হইতে কমাইয়া দেওয়া হইবে। সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী যে খাত হইতে ভাতা গ্রহণ করেন সেই খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় সাধন করা হইবে।

খ) অনুমোদিত ডিলারগণ (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/ চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন, উহা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলিয়া গণ্য হইবে এবং ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে উহা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হইবে।

২০। অত্র স্মারকলিপির ৪র্থ অনুচ্ছেদে উল্লেখিত কেবল নগদ ভাতা এবং ৬(খ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সর্বপ্রকার ব্যয় অবশ্যই উপর্যুক্ত রশিদ পত্রাদির মাধ্যমে সম্পাদন করিতে হইবে। বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় ট্যাক্সি ভাড়া, বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যাহার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেই সব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তার (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) সহিকৃত সার্টিফিকেট থাকিতে হইবে। তবে এইরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত নগদ ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

২১। সরকারি খরচে আকাশ পথে বিদেশ ভ্রমণকালে উপ-রাষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পীকার, প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, উপ-প্রধানমন্ত্রী, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পিকার, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীগণ অথবা সমমর্যাদাসম্পন্ন ব্যক্তি ব্যতিরেকে আর কেহ বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিলে পারিবেন না।

**ব্যতিক্রম:**

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/ হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন:

১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হইয়াছেন, সেদেশে যখন প্রথম যাইবেন।
২) যখন তাঁহারা বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হইয়া বাংলাদেশে আগমন করিবেন।

২২। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে অত্র স্মারকলিপিতে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হইবে না।

২৩। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার সময় প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করিয়া থাকেন ইহাতে অনেক ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করা হইয়া থাকে। এ অনিয়মের দরুণ ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করিয়া প্রয়োজনীয় কার্যক্রম সম্ভবপর হইয়া ওঠে না। এইসব অসুবিধা দূরীকরণার্থে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করিবার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/ সময় উল্লেখ থাকিতে হইবে।

গ) নির্ধারিত সফরের সম্পূর্ণ অংশ যাহা ভ্রমণ সূচীতে উল্লেখ থাকিবে তজ্জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/ কর্মচারীগণের মুখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্য সম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশতঃ পথিমধ্যে অন্য কোথাও সফর/ অবস্থান করিতে হয় তজ্জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা-এর বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করিতে হইবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভবপর নহে সেক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাইবে না।

চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বৈদেশিক মুদ্রা বিকল্প মূদ্রা বাজার (SEM) হইতে ক্রয় করা যাইবে

না। তবে বিকল্প মূদ্রা বাজার (SEM) হইতে ভ্রমণ বাবদ বৈদেশিক মূদ্রার প্রয়োজন অত্যাবশ্যক হইলে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগের পূর্ব অনুমোদিত অবশ্যই গ্রহণ করিতে হইবে।

ছ) অত্র অনুচ্ছেদের (ঙ) ও (চ) তে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করিতে হইবে। বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং উহার প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে নিশ্চিত উদ্যোগ গ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে। তদানুসারে প্রশাসনিক বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে কি-না?

২) হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রহিয়াছে কি-না এবং

৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রহিয়াছে কি-না এবং এইরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না?

উল্লেখ্যযোগ্য যে, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২৪। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিতে হইলে নিম্নলিখিত তথ্য/ কাগজপত্র অবশ্যই সরবরাহ করিতে হইবে:

ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।

খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।

গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠান হইবে, তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে পাঠাইতে হইবে।

ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/ সংস্থা বহন করেন, তাহা হইলে তাহার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাইতে হইবে।

ঙ) অত্র স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তিবর্গ/ কর্মকর্তা/ কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তাহা জানাইতে হইবে।

চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য প্রস্তাব কমপক্ষে বিদেশ ভ্রমনের ৭ দিন পূর্বে পাঠাইতে হইবে।

ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে অত্র স্মারকের ৬ ও ৭-এ উল্লেখিত হারসমূহের কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রহণযোগ্য তাহা পরিষ্কারভাবে জানাইতে হইবে।

জ) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয়সাধন করা হইয়াছে কি-না তাহাও উল্লেখ করিতে হইবে।

যেক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করেন, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করিয়া মঞ্জুরী প্রদান করিতে হইবে।

২৫। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা, ক্ষেত্র বিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেওয়া যাইবে। যেমন বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন তেমনি বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় মুদ্রার ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেওয়া যাইতে পারে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুযায়ী প্রাপ্যতা হিসাব করিয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করিতে হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অত্র স্মারকলিপির ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তাহা বিনিময় হারের ১½ গুণ হারে ফেরত দিতে হইবে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথকভাবে হিসাব করিয়া যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত অগ্রিম অর্থের সমন্বয় সাধন করিতে হইবে। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্বেকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হইয়াছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি উহা সম্পূর্ণ খরচ না হইয়া থাকে, তাহা হইলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়াছেন তাহার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করিতে হইবে। যেইক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণতঃ দেওয়া যাইবে না এবং সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হইবে।

খ) উপরোল্লিখিত তথ্যাদির পূর্ণ ব্যবহারপূর্বক যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করিতে হইবে।

২৬। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হইতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এই সিদ্ধান্ত

গ্রহণ করিয়াছেন যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সেই ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এইরূপ অগ্রিম প্রদান করিবেন। যেমন- ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হইলে তিনি অগ্রিম গ্রহণ করিতে পারেন। তবে, এইরূপ অগ্রিম প্রদান দ্রুত সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সর্তক দৃষ্টি রাখিবেন:

ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কি-না, তাহা নিশ্চিত হইবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করিবেন না।

খ) যখনই মিশন কর্তৃপক্ষ কোন অগ্রিম প্রদান করিবেন, তখনই প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের বহিঃঅর্থ অনুবিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাইতে হইবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করিতে হইবে বলিয়া উল্লেখ করিতে হইবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাইবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করিবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করিবেন যাহা সঠিক খাতে ব্যয় দেখাইয়া সমন্বয় সাধন করিতে হইবে।

ঘ) সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন এবং ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে অগ্রিম সমন্বয় সাধন করিবেন। এই বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করিবেন যাহার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখাইয়া প্রাপ্য অর্থ হইতে বাদ দিতে হইবে।

২৭। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হইলে উহা রীতি বিরুদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

২৮। অত্র স্মারকলিপি ২১-৯-১৯৮৯ তারিখ হইতে কার্যকরী হইবে।

শামসুজ্জামান চৌধুরী
যুগ্ম-সচিব।

বিতরণ:

১। সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়
৩। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ
৪। সচিব, জাতীয় সংসদ সচিবালয়
৫। সচিব, নির্বাচন কমিশন
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
৭। উপ-রাষ্ট্রপতির সচিব
৮। প্রধানমন্ত্রীর সচিব
৯। রাষ্ট্রপতির সামরিক সচিব
১০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ
১১। সচিব, বাংলাদেশ কর্মকমিশন
১২। বাংলাদেশ দূতাবাসসমূহ
১৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর
১৪। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
১৫। মহানিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর
১৬। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালপনী)/ পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/ পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ, এন, অডিট-এর দপ্তর।
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের দপ্তর
১৮। সকল বিভাগীয় কমিশনারের দপ্তর
১৯। সকল সরকারি পরিদপ্তর ও অধস্থন দপ্তরসমূহ
২০। সকল স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ
২১। বাংলাদেশ ব্যাংক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহিঃ অর্থ অনুবিভাগ
বাজেট শাখা-২

নং-অবি/বহিঃঅর্থ/বা-২/২(১৯)/৯৪-৯৫/১০৫(২৫০০)

তারিখ: ১লা জুলাই, ১৯৯৫ ইং / ১৭ই আষাঢ়, ১৪০২ বাং

## অফিস স্মারক

**বিষয়: সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী।**

পৃথিবীর সর্বত্র জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, বিশেষ করিয়া হোটেল ভাড়া বৃদ্ধির ফলে সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ইত্যাদির হার পুনঃনির্ধারণ অত্যাবশ্যক বিধায় নিম্নস্বাক্ষরকারী অত্র মন্ত্রণালয় কর্তৃক ২১ নভেম্বর, ১৯৮৯/ ৭ই অগ্রহায়ন, ১৩৯৬ বাং তারিখে জারিকৃত অবি/ বহিঃঅর্থ/ বা-২/ ২(১৯)/ ৮৮-৮৯/ ২২১(২৫০০) নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী ও পরবর্তীতে জারিকৃত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশনামা রহিতপূর্বক মন্ত্রীবর্গ, জাতীয় সংসদের সদস্য, সরকারি কর্মকর্তা/ কর্মচারী, বেসরকারি ব্যক্তিবর্গ ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নিম্নরূপ নির্ধারণ করিতে আদিষ্ট হইয়াছেন।

২। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রাপ্য সরকারি কর্মকর্তা/ কর্মচারী ও অন্যান্যদেরকে নিম্নবর্ণিত কয়েকটি পর্যায়ে বিভক্ত করা হইয়াছে:

**বিশেষ পর্যায়:**

ক) ১) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি;
২) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন ব্যক্তি

খ) ১) প্রতিমন্ত্রী, সুপ্রীম কোর্টের বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার, ডেপুটি চেয়ারম্যান, পরিকল্পনা কমিশন, উপমন্ত্রী এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি;
২) মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সেনা/ নৌ/ বিমান বাহিনী প্রধান;
৩) জাতীয় সংসদের সদস্য; এবং
৪) অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা: রাষ্ট্রদূত ও হাইকমিশনার।

**সাধারণ পর্যায়:**

ক) ১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৯,০০০ টাকা বা তদূর্ধ্ব;
২) অধিক্ষেত্রাধীন এলাকার বাহিরে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা- রাষ্ট্রদূত ও হাইকমিশনার;
৩) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি নেতা।

খ) ১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫,১৫৫ টাকা এবং তদূর্ধ্ব কিন্তু ৯,০০০ টাকার নিম্নে;
২) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি সদস্য।

গ) দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২,৩৩৫ টাকা এবং তদূর্ধ্ব, কিন্তু ৫,৪৪০ টাকা পর্যন্ত।

ঘ) সরকারি কর্মচারী, যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২,৩৩৫ টাকার নিম্নে।

৩। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রদানের জন্য পৃথিবীর দেশসমূহকে তিনটি গ্রুপে ভাগ করা হইয়াছে;

গ্রুপ-০১ : সৌদি আরব, ইরান, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত, কাতার, জাপান, ব্রুনাই, ওমান, উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ, ইউরোপের (রাশিয়াসহ) দেশসমূহ।

গ্রুপ-০২ : আফ্রিকা, তুরস্কসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ, অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড।

গ্রুপ-০৩ : অন্যান্য এশীয় দেশসমূহ।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদি:

ক) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ৩৩৩ | ২৭৩ | ২৩৪ |
| নগদ ভাতা | ৭৬ | ৬০ | ৬০ |

খ) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি রাষ্ট্রীয় কাজে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ২৫০ | ২০৬ | ১৭৬ |
| নগদ ভাতা | ৭৬ | ৬০ | ৬০ |

গ) বিশেষ পর্যায়ের (খ) উপ-পর্যায়ে অন্তর্ভুক্ত অন্যান্য ব্যক্তি ও কর্মকর্তাগণ দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ১৮৬ | ১৫৬ | ১৩৭ |
| নগদ ভাতা | ৬০ | ৫২ | ৫২ |

ঘ) বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অর্ন্তভুক্ত।

ঙ) বিশেষ পর্যায়ভুক্ত কোন ব্যক্তির পত্নী/ স্বামী রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বামী/ স্ত্রীর সহিত বিদেশে ভ্রমণ করিলে তাঁহার স্বামী/ স্ত্রী যে হারে ভাতা পাবেন, তাঁহাকেও সেই হারে ভাতা দেওয়া হইবে।

**ব্যতিক্রম:**

উপরোক্ত সুবিধাদি গ্রহণ না করিয়া বিশেষ পর্যায়ভুক্ত [(ক)(২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ ব্যতীত] ব্যক্তিবর্গের কেহ বিদেশে স্বেচ্ছায় স্বীয় ব্যবস্থায় অথবা অন্য কোনভাবে অবস্থান করিলে তাঁহারা সাধারণ পর্যায়ের (ক) উপ-পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন। বিশেষ পর্যায়ের (ক)(২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ নিম্নে বর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক)<br>বিশেষ পর্যায়ের (ক) (২) উপ-পর্যায় | ১৫০ | ১২০ | ১২০ |

৫। সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ব্যক্তি/ ভ্রমণকারী কর্মকর্তা/ কর্মচারী নিজেদের সুবিধা অনুযায়ী হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারেন।

৬। ক) সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী সর্বোচ্চ হোটেল ভাড়া নিম্নবর্ণিত হারে গ্রহণ করিতে পারেন:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| হোটেল ভাড়া (দৈনিক) সাধারণ পর্যায় | (ক) | ১৬৭ | ১৩৭ | ১১৭ |
| | (খ) | ১৪৭ | ১১৭ | ৯৮ |
| | (গ) | ১১৭ | ৯৮ | ৮৯ |
| | (ঘ) | ৯৮ | ৮৯ | ৬৯ |

বিদেশে হোটেলে অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time) হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া নেন তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে পূর্ণ হারে হোটেল ভাড়া পাইবেন।

খ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রদান করা হইবে:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| নগদ ভাতা (দৈনিক) সাধারণ পর্যায় | (ক) | ৬০ | ৫২ | ৫২ |
| | (খ) | ৫৪ | ৪৬ | ৪৬ |
| | (গ) | ৫৪ | ৪৬ | ৪৬ |
| | (ঘ) | ৪৬ | ৩৮ | ৩৮ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিশ, ট্যাক্সি ভাড়া,

কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত নগদ ভাতার অর্ন্তভুক্ত।

গ) কোন স্থানে কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করিয়া যদি ১২ ঘন্টার অধিক হোটেলে অবস্থান করেন তাহা হইলে নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত তাহাকে উক্ত স্থানের জন্য উপরোক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) দেওয়া হইবে। এইভাবে কোথাও ৬ ঘন্টার অধিককাল হোটেলে অবস্থান করিলে নির্ধারিত প্রকৃত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার অর্ধেক দেওয়া হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাহিরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেলে অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারিবেন:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক) সাধারণ পর্যায় | (ক) | ১২০ | ৯৮ | ৯০ |
| | (খ) | ১০৬ | ৯০ | ৮২ |
| | (গ) | ৯৮ | ৮২ | ৭৬ |
| | (ঘ) | ৮২ | ৬৮ | ৬০ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমনঃ বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত সর্বসাকুল্য ভাতার অর্ন্তভুক্ত।

খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২০ রাত্রির অধিক হয়, তাহা হইলে তাঁহাকে ২০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে কম দেওয়া হইবে। অবস্থানকাল যদি ৪০ রাত্রির অধিক হয়, তাহা হইলে ৪০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হিসাবে কম দেওয়া হইবে। প্রকৃত হোটেল ভাড়াভিত্তিক ভাতা এবং সর্বসাকুল্য ভাতা উভয় ক্ষেত্রেই এ ব্যবস্থা প্রযোজ্য হবে।

গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোর্য়াটারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য যদি রাত্রিযাপন না করিয়া ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার $^1/_2$ অংশ প্রাপ্য হবেন।

৮। ক) গন্তব্যস্থলে প্রতি রাত্রিযাপনের জন্য ক্ষেত্র অনুসারে একদিনের হোটেল ভাড়াভিত্তিক ভাতা অথবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকারী ব্যক্তি গন্তব্যস্থলে স্থানীয় সময় সকাল ৬-০০ টার পর পৌঁছিয়া যদি ন্যূনপক্ষে ৬ ঘন্টা ঐ স্থানে অবস্থান করেন তা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি রাত্রিযাপন করিয়াছেন বলিয়া গণ্য করা হইবে। হোটেলে অবস্থানকারী ব্যক্তিকে আবশ্যিকভাবে হোটেলের বিল দাখিল করতে হইবে। সর্বসাকুল্য হারে দৈনিক ভাতা গ্রহণকারী ব্যক্তির বেলায় এয়ার লাইন্স টিকেট প্রমাণ হিসাবে দাখিল করতে হবে।

খ) বিদেশ ভ্রমণকালে বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হইবে না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করিতে দেওয়া হইবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করিবার নিমিত্তে প্রয়োজনীয় ভাড়া দাবী করা যেতে পারে।

১০। যখন জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হইবেন অর্থাৎ যদি তাঁহার আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তখন তাঁহাকে প্রতি রাত্রিযাপনের জন্য ৫২ মার্কিন ডলার হিসাবে পকেট ভাতা দেওয়া হইবে। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হইবেন, তখন তাঁহাকে স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে দেওয়া হইবে।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কেহ যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁহার আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তাহা হইলে সেই দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ তাঁহাকে পকেট ভাতা দেওয়া হইবে। তবে, তাঁহাকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হইয়া থাকিলে, তিনি এই ভাতা পাইবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তাহা হইলে সেই ক্ষেত্রেও এই ভাতা

প্রাপ্য হইবে না। স্বল্পকালীন প্রশিক্ষণ, সেমিনার ও ওর্য়াকশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হইবে না।

১২। হেডকোর্য়াটার হইতে বিদেশে এবং বিদেশ হইতে হেডকোর্য়াটারে সরকারি কার্যে বিমানে কোথাও গেলে প্রতিটি ভ্রমণের জন্য প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে ষ্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ, বকশিশ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে দেওয়া হইবে। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হইতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) ইত্যাদি স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রদান করা হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশের বিমান বন্দরের কোন টার্মিনাল চার্জ দেওয়া হইবে না। এই টার্মিনাল চার্জ প্রতিটি ভ্রমণের প্রারম্ভে ও শেষে (both commencement and termination of each journey) প্রাপ্য হইবে। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশের অধিক হয়, তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে উহা প্রাপ্য বলিয়া গণ্য হইবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার বিশ শতাংশের অধিক দেওয়া হইবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/ পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেওয়া টার্মিনাল চার্জ/ বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেওয়া হইবে।

১৩। ক) জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশ ভ্রমণকালে গন্তব্য স্থলে যাবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ৩৮ মার্কিন ডলার হিসাবে ভাতা পাইবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ সাধারণ 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার ২৫ ভাগ ট্রানজিট ভাতা দেওয়া হইবে।

খ) সাধারণ পর্যায়ভুক্ত সকলকে বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে দেওয়া হইবে। বহির্গমনেরকালে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ প্রদান করা হইবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও প্রতিটি ভ্রমণ দিনের জন্য শেষ কর্মস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদান করা হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশন/ দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (one way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এক পথে (One way) তিন ঘন্টা বা ততোধিক সময় অতিবাহিত হইলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। তবে যাওয়া আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হইলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা অত্র স্মারকলিপির অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হইবে। তবে সরকারি গাড়িতে সড়ক পথে ভ্রমণ করিলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে না।

গ) হেডকোয়ার্টার হইতে যাত্রা আরম্ভের সময় হইতে গন্তব্যস্থলে পৌঁছান এবং শেষ কর্মস্থল হইতে যাত্রা করিয়া হেডকোর্য়াটারে প্রত্যাবর্তন করা পর্যন্ত ট্রানজিট পিরিয়ড হিসাবে গণ্য করা হইবে। প্রতিটি ভ্রমণদিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টা ধরা হইবে। অবশ্য ট্রানজিট পিরিয়ড ২৪ ঘন্টার কম হইলেও একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হইলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাত্রিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তাহা হইলে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের অনুমোদন সাপেক্ষে এইরূপ অবস্থায় প্রতি রাত্রিযাপনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হইবে, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তাহা হইলে সরকারি কর্মকর্তা/ কর্মচারী প্রচলিত নিয়মনুযায়ী ট্রানজিট ভাতা পাইবেন, কিন্তু দৈনিক ভাতা পাইবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করেন, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/ কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা পাইবেন। একই দিনে ট্রানজিট থাকিয়া গন্তব্যস্থলে পৌঁছাইলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসঙ্গে প্রাপ্য হইবেন। কারণ দৈনিক ভাতা গন্তব্যস্থলে পৌঁছিয়া ব্যয় করিবার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করিবার জন্য দেওয়া হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় যদি সেই দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হয় তাহা হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। অবশ্য বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে।

ঘ) বিদেশী কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে:

১) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অর্থ অগ্রিম প্রদান করিয়া থাকেন, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী দেওয়া যাইবে না।

২) যেসব ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় প্রদান করেন বা দৈনিক ভাতা মোট অবস্থান হইতে অতিরিক্ত সময়ের জন্য প্রদান করিয়া থাকেন, স্পষ্টতঃ এ মর্মেই যে, আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করিতে পারিবেন, সেইসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করিতে পারিবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি খাতে জমা দেওয়া হইবে।

৩) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা ভ্রমনের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করেন না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করা হয় না, সেইক্ষেত্রেই বর্হিগমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী প্রদান করা যাইবে এবং উহা একাধিক দেশে/ স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রাপ্য হইবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তাহা হইলে মঞ্জুরীকৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে।

১৪। কোন ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার আহার ও বাসস্থানের ব্যবস্থা করাইয়া লইলে কৃত ব্যবস্থার সর্বপ্রকার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির/ কর্মকর্তা/ কর্মচারীর উপর বর্তাইবে।

১৫। বিদেশে কোন স্থানে কর্তব্যরত অবস্থায় চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবী করা যাইবে না। তবে, এইরূপ ব্যয় নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্ত অনধিক ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেহ অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে বিদেশ হইতে ফিরিবার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের স্বপক্ষে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করিতে হইবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করিলেও যথারীতি এক মাসের মধ্যে বিলের সমন্বয় সাধন করিতে হইবে।

১৭। ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। যদি কোন অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় তাহা ফেরত প্রদান করা সম্ভব না হয় তবে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্বৃত্ত অর্থ ফেরৎ দিতে হইবে এবং উহার অর্ধেক অর্থ জরিমানা হিসাবে আদায় করা হইবে অর্থাৎ উদ্বৃত্ত অর্থ অনাদায়ের জন্য প্রত্যেকবারই বিনিময় হারের ১$^{১}/_{২}$ গুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকিলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরৎ দেওয়া হইয়াছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এইজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলিয়া উহাতে প্রয়োজনীয় (Entry) রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়।

খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বদলির বেলায়ও উপরোক্ত বিধি (১৭'ক') প্রযোজ্য হইবে। জরিমানা হিসাবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। উহা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের হিসাবে জমা দিতে হইবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করিবার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্বৃত্ত অর্থ ফেরত দেওয়া হইয়াছে- এ মর্মে মন্ত্রণালয়/ সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরকৃত সার্টিফিকেট পেশ করিতে হইবে। উদ্বৃত্ত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংকে ফেরত দেওয়া হইয়াছে তাহার নাম সার্টিফিকেটে উল্লেখ করিতে হইবে। বাংলাদেশী মুদ্রায় করা হইলে, নির্দিষ্ট হারে আদায় করা হইয়াছে কিনা তাহা উল্লেখ করইতে হইবে। উল্লেখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রাহ্য হইবে না। এইরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেওয়া বৈদেশিক মুদ্রার হিসাবে সমন্বয় সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

১৯। ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হইতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হইবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হইতে সার্টিফিকেট

লইয়া তাহা বিলে দাবীকৃত অংশের স্বপক্ষে প্রমাণস্বরূপ পেশ করিতে হইবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরুণ সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যাহাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীগণের ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামা প্রসূত লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হইবে। যদি কেহ ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির পরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করিয়া দেওয়া হইবে। অপরপক্ষে যদি কেহ লাভবান হন তাহা হইলে তাহার ভ্রমণ ভাতা বিলে লাভের পরিমাণ অর্থ মোট প্রাপ্য হইতে কমাইয়া দেওয়া হইবে। সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী যে খাত হইতে ভাতা গ্রহণ করেন সেই খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় সাধন করা হইবে।

খ) অনুমোদিত ডিলারগণ (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/ চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন, উহা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলিয়া গণ্য হইবে এবং ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে উহা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হইবে।

২০। অত্র স্মারকলিপির ৪র্থ অনুচ্ছেদে উল্লেখিত কেবল নগদ ভাতা এবং ৬(খ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সর্বপ্রকার ব্যয় অবশ্যই উপর্যুক্ত রশিদ পত্রাদির মাধ্যমে সম্পাদন করিতে হইবে। বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় ট্যাক্সি ভাড়া, বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যাহার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেই সব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তার (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) সহিকৃত সার্টিফিকেট থাকিতে হইবে। তবে এইরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত নগদ ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

২১। ক) সরকারি খরচে আকাশ পথে বিদেশ ভ্রমণকালে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, প্রাক্তন রাষ্ট্রপতি, কেবিনেট মন্ত্রী, চীফ হুইপ, জাতীয় সংসদের ডেপুটি স্পিকার, জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা, কেবিনেট মন্ত্রীর সমপদমর্যাদার কর্মকর্তাগণ, প্রধান নির্বাচন কমিশনার, পরিকল্পনা কমিশনের উপ-চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট আপিল বিভাগের বিচারকগণ, নির্বাচন কমিশনার, সুপ্রীম কোর্ট হাই কোর্ট বিভাগের বিচারকগণ, মন্ত্রিপরিষদ সচিব, সেনা, নৌ এবং বিমান বাহিনীর প্রধানগণ এবং সরকারের মুখ্য সচিব প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারবেন।

**ব্যতিক্রম:**

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/ হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন:

১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হইয়াছেন, সেদেশে যখন প্রথম যাইবেন।
২) যখন তাঁহারা বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হইয়া বাংলাদেশে আগমন করিবেন।

খ) জাতীয় সংসদ সদস্য, এটোর্নি জেনারেল, কম্পট্রোলার এবং অডিটর জেনারেল, সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, মহাপুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশনের সদস্যগণ, সেনা/ নৌ/ বিমান বাহিনীতে মেজর জেনারেলের পদমর্যাদার কর্মকর্তাগণ, জাতীয় সংসদ সচিবসহ সরকারের সকল সচিব, জাতীয় নিরাপত্তা বিভাগের মহা-পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সার্বক্ষণিক সদস্যগণ, জাতীয় অধ্যাপকগণ, সরকারের সচিবের পদমর্যাদায় অধিষ্ঠিত কর্মকর্তাগণ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, পৌর কর্পোরেশনের মেয়রগণ, অতিরিক্ত এটর্নি জেনারেল, সরকারের অতিরিক্ত সচিবগণ, আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, টেরিফ কমিশনের চেয়ারম্যান, দুর্নীতি দমন ব্যুরোর মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের নির্বাহী ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ (সিলেকশন গ্রেড), বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ (অন্যান্য সময়ে) আকাশ পথে বিদেশ ভ্রমণকালে বিজনেস/ ক্লাব/ এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন।

গ) উপরের (ক) ও (খ) এ উল্লিখিত ব্যক্তিবর্গ/ কর্মকর্তাগণ ব্যতিরেকে অন্য কেহ সরকারি খরচে উড়োজাহাজে যথাক্রমে প্রথম শ্রেণীতে এবং বিজনেস/ ক্লাব/ এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করিতে পারবেন না।

২২। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে অত্র স্মারকলিপিতে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হইবে না।

২৩। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার সময় প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করিয়া থাকেন ইহাতে অনেক ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করা হইয়া থাকে। এ অনিয়মের দরুণ ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করিয়া প্রয়োজনীয় কার্যক্রম সম্ভবপর হইয়া ওঠে না। এইসব অসুবিধা দূরীকরণার্থে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করিবার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/ সময় উল্লেখ থাকিতে হইবে।

গ) নির্ধারিত সফরের সম্পূর্ণ অংশ যাহা ভ্রমণ সূচীতে উল্লেখ থাকিবে তজ্জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/ কর্মচারীগণের মুখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্য সম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশতঃ পথিমধ্যে অন্য কোথাও সফর/ অবস্থান করিতে হয় তজ্জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা-এর বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করিতে হইবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভবপর নহে সেক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাইবে না।

চ) অত্র অনুচ্ছেদের (ঙ) তে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করিতে হইবে। বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং উহার প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে নিশ্চিত উদ্যোগ গ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে। তদানুসারে প্রশাসনিক বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে কি-না?

২) হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রহিয়াছে কি-না এবং

৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রহিয়াছে কি-না এবং এইরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না?

উল্লেখ্যযোগ্য যে, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২৪। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিতে হইলে নিম্নলিখিত তথ্য/ কাগজপত্র অবশ্যই সরবরাহ করিতে হইবে:

ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।

খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।

গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠান হইবে, তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে পাঠাইতে হইবে।

ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/ সংস্থা বহন করেন, তাহা হইলে তাহার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাইতে হইবে।

ঙ) অত্র স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তিবর্গ/ কর্মকর্তা/ কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তাহা জানাইতে হইবে।

চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য প্রস্তাব কমপক্ষে বিদেশ ভ্রমনের ৭ দিন পূর্বে পাঠাইতে হইবে।

ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে অত্র স্মারকের ৬ ও ৭-এ উল্লেখিত হারসমূহের কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রহণযোগ্য তাহা পরিষ্কারভাবে জানাইতে হইবে।

জ) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয়সাধন করা হইয়াছে কি-না তাহাও উল্লেখ করিতে হইবে।

যেক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করেন, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করিয়া মঞ্জুরী প্রদান করিতে হইবে।

২৫। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা, ক্ষেত্র বিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেওয়া যাইবে। যেমন বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন তেমনি বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় মুদ্রার ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেওয়া যাইতে পারে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুযায়ী প্রাপ্যতা হিসাব করিয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করিতে হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অত্র স্মারকলিপির ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তাহা বিনিময় হারের ১১/২ গুণ হারে ফেরত দিতে হইবে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথকভাবে হিসাব করিয়া যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত অগ্রিম অর্থের সমন্বয় সাধন করিতে হইবে। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্বেকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হইয়াছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি উহা সম্পূর্ণ খরচ না হইয়া থাকে, তাহা হইলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়াছেন তাহার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করিতে হইবে। যেইক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণতঃ দেওয়া যাইবে না এবং সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হইবে।

খ) উপরোল্লিখিত তথ্যাদির পূর্ণ ব্যবহারপূর্বক যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করিতে হইবে।

২৬। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হইতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সেই ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এইরূপ অগ্রিম প্রদান করিবেন। যেমন- ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হইলে তিনি অগ্রিম গ্রহণ করিতে পারেন। তবে, এইরূপ অগ্রিম প্রদান দ্রুত সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সর্তক দৃষ্টি রাখিবেন:

ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কি-না, তাহা নিশ্চিত হইবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করিবেন না।

খ) যখনই মিশন কর্তৃপক্ষ কোন অগ্রিম প্রদান করিবেন, তখনই প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের বহিঃঅর্থ অনুবিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাইতে হইবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করিতে হইবে বলিয়া উল্লেখ করিতে হইবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাইবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করিবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করিবেন যাহা সঠিক খাতে ব্যয় দেখাইয়া সমন্বয় সাধন করিতে হইবে।

ঘ) সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন এবং ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে অগ্রিম সমন্বয় সাধন করিবেন। এই বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করিবেন যাহার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখাইয়া প্রাপ্য অর্থ হইতে বাদ দিতে হইবে।

২৭। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হইলে উহা রীতি বিরুদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

২৮। অত্র স্মারকলিপি অবিলম্বে কার্যকরী হইবে।

শামসুজ্জামান চৌধুরী
অতিরিক্ত সচিব।

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়
৩। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৪। সচিব, সকল, মন্ত্রণালয়/ বিভাগ
৫। সচিব, জাতীয় সংসদ সচিবালয়

৬। সচিব, নির্বাচন কমিশন
৭। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
৮। রাষ্ট্রপতির সামরিক সচিব
৯। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ
১০। সচিব, বাংলাদেশ কর্মকমিশন
১১। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস
১২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর
১৩। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
১৪। মহানিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর
১৫। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালপনী)/ পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/ পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ, এন অডিট-এর দপ্তর।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগনের দপ্তর
১৭। সকল বিভাগীয় কমিশনারের দপ্তর
১৮। সকল সরকারি পরিদপ্তর ও অধস্তন দপ্তরসমূহ
১৯। সকল স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ
২০। বাংলাদেশ ব্যাংক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহিঃ অর্থ অনুবিভাগ
বাজেট শাখা-২

নং-অম/অবি/বহিঃঅর্থ/বা-২/২(১৯)/২০০০-২০০১/৪৪(২৫০০) তারিখ: ১৫ই অক্টোবর, ২০০১ খৃঃ / ৩০শে আশ্বিন, ১৪০৮ বাং

# অফিস স্মারক

**বিষয়: সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী।**

পৃথিবীর সর্বত্র জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, বিশেষ করিয়া হোটেল ভাড়া বৃদ্ধির ফলে সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ইত্যাদির হার পুনঃনির্ধারণ নিম্ন স্বাক্ষরকারী অত্র মন্ত্রণালয় কর্তৃক ১লা জুলাই, ১৯৯৫ইং/ ১৭ই আষাঢ়, ১৪০২ বাং তারিখে জারিকৃত অবি/ বহিঃঅর্থ/ বা-২/ ২(১৯)/ ৯৪-৯৫/ ১০৫(২৫০০) নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী ও পরবর্তীতে জারিকৃত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশনামা রহিতপূর্বক মন্ত্রীবর্গ, জাতীয় সংসদের সদস্য, সরকারি কর্মকর্তা/ কর্মচারী, বেসরকারি ব্যক্তিবর্গ ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নির্দেশক্রমে নিম্নরূপ নির্ধারণ করিতে আদিষ্ট হইয়াছেন।

২। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রাপ্য সরকারি কর্মকর্তা/ কর্মচারী ও অন্যান্যদেরকে নিম্নবর্ণিত কয়েকটি পর্যায়ে বিভক্ত করা হইয়াছে:

**বিশেষ পর্যায়:**

ক) ১) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি;
২) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি

খ) ১) প্রতিমন্ত্রী, সুপ্রীম কোর্টের বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার, ডেপুটি চেয়ারম্যান, পরিকল্পনা কমিশন, উপমন্ত্রী এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি;
২) মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সেনা/ নৌ/ বিমান বাহিনী প্রধান;
৩) জাতীয় সংসদের সদস্য; এবং
৪) অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা: রাষ্ট্রদূত ও হাইকমিশনার।

**সাধারণ পর্যায়:**

ক) ১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ১৩,৫০০ টাকা বা তদূর্ধ্ব;
২) অধিক্ষেত্রাধীন এলাকার বাইরে বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান যথা- রাষ্ট্রদূত ও হাইকমিশনার;
৩) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি নেতা।

খ) ১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৭,৭৪০ টাকা এবং তদূর্ধ্ব কিন্তু ১৩,৫০০ টাকার নিম্নে;
২) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি সদস্য।

গ) দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৩,৬০৫ টাকা এবং তদূর্ধ্ব, কিন্তু ৮,১৬০ টাকার পর্যন্ত।

ঘ) সরকারি কর্মচারী, যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৩,৬০৫ টাকার নিম্নে।

৩। বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ভাতা প্রদানের জন্য পৃথিবীর দেশসমূহকে তিনটি গ্রুপে ভাগ করা হইয়াছে;

গ্রুপ-০১ : সৌদি আরব, ইরান, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত, কাতার, জাপান, ব্রুনাই, ওমান, উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ, ইউরোপের (রাশিয়াসহ) দেশসমূহ, উজবেকিস্তান, কাজাখিস্তান ও তুর্কিমিনিস্থান;

গ্রুপ-০২ : আফ্রিকা, তুরস্কসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড;

গ্রুপ-০৩ : অন্যান্য এশীয় দেশসমূহ।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা ইত্যাদি:

ক) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি রাষ্ট্রীয় কার্যে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ৪০০ | ৩২৮ | ২৮১ |
| নগদ ভাতা | ৯১ | ৭২ | ৭২ |

খ) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি রাষ্ট্রীয় কাজে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট স্যুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ৩০০ | ২৪৭ | ২১১ |
| নগদ ভাতা | ৯১ | ৭২ | ৭২ |

গ) বিশেষ পর্যায়ের (খ) উপ-পর্যায়ে অন্তর্ভুক্ত অন্যান্য ব্যক্তি ও কর্মকর্তাগণ দৈনিক ভিত্তিতে প্রকৃত হোটেল ভাড়া পাইবেন, যাহার সর্বোচ্চ হার এবং নগদ ভাতার হার নিম্নরূপ:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| হোটেল ভাড়া | ২২৩ | ১৮৭ | ১৬৪ |
| নগদ ভাতা | ৭২ | ৬২ | ৬২ |

ঘ) বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অর্ন্তভুক্ত।

ঙ) বিশেষ পর্যায়ভুক্ত কোন ব্যক্তির পত্নী/ স্বামী রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বামী/ স্ত্রীর সহিত বিদেশে ভ্রমণ করিলে তাঁহার স্বামী/ স্ত্রী যে হারে ভাতা পাবেন, তাঁহাকেও সেই হারে ভাতা দেওয়া হইবে।

**ব্যতিক্রম:**

উপরোক্ত সুবিধাদি গ্রহণ না করিয়া বিশেষ পর্যায়ভুক্ত [(ক) (২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ ব্যতীত] ব্যক্তিবর্গের কেহ বিদেশে স্বেচ্ছায় স্বীয় ব্যবস্থায় অথবা অন্য কোনভাবে অবস্থান করিলে তাঁহারা সাধারণ পর্যায়ের (ক) উপ-পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন। বিশেষ পর্যায়ের (ক) (২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ নিম্নে বর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) পাইবেন:

(আমেরিকান ডলার)

| দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক)<br>বিশেষ পর্যায়ের (ক) (২) উপ-পর্যায় | ১৮০ | ১৪৪ | ১৪৪ |

৫। সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ব্যক্তি/ ভ্রমণকারী কর্মকর্তা/ কর্মচারী নিজেদের সুবিধা অনুযায়ী হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারেন।

৬। ক) সাধারণ পর্যায়ে অন্তর্ভুক্ত ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী সর্বোচ্চ হোটেল ভাড়া নিম্নবর্ণিত হারে গ্রহণ করিতে পারেন:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| হোটেল ভাড়া (দৈনিক)<br>সাধারণ পর্যায় | (ক) | ২০০ | ১৬৪ | ১৪০ |
| | (খ) | ১৭৬ | ১৪০ | ১১৮ |
| | (গ) | ১৪০ | ১১৮ | ১০৭ |
| | (ঘ) | ১১৮ | ১০৭ | ৮৩ |

বিদেশে হোটেলে অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিষ্ক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া নেন তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে পূর্ণ হারে হোটেল ভাড়া পাইবেন।

খ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রদান করা হইবে:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| নগদ ভাতা (দৈনিক)<br>সাধারণ পর্যায় | (ক) | ৭২ | ৬২ | ৬২ |
| | (খ) | ৬৫ | ৫৫ | ৫৫ |
| | (গ) | ৬৫ | ৫৫ | ৫৫ |
| | (ঘ) | ৫৫ | ৪৬ | ৪৬ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত নগদ ভাতার অর্ন্তভুক্ত।

গ) কোন স্থানে কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করিয়া যদি ১২ ঘন্টার অধিক হোটেলে অবস্থান করেন তাহা হইলে নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত তাহাকে উক্ত স্থানের জন্য উপরোক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) দেওয়া হইবে। এইভাবে কোথাও ৬ ঘন্টার অধিককাল হোটেলে অবস্থান করিলে নির্ধারিত প্রকৃত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার অর্ধেক দেওয়া হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাহিরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেলে অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করিতে পারিবেন:

(আমেরিকান ডলার)

| | দেশের গ্রুপ- | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক) সাধারণ পর্যায় | (ক) | ১৪৪ | ১১৮ | ১০৮ |
| | (খ) | ১২৭ | ১০৮ | ৯৮ |
| | (গ) | ১১৮ | ৯৮ | ৯১ |
| | (ঘ) | ৯৮ | ৮২ | ৭২ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমনঃ বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপরোক্ত সর্বসাকুল্য ভাতার অর্ন্তভুক্ত।

খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২০ রাত্রির অধিক হয়, তাহা হইলে তাঁহাকে ২০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে কম দেওয়া হইবে। অবস্থানকাল যদি ৪০ রাত্রির অধিক হয়, তাহা হইলে ৪০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হিসাবে কম দেওয়া হইবে। প্রকৃত হোটেল ভাড়াভিত্তিক ভাতা এবং সর্বসাকুল্য ভাতা উভয় ক্ষেত্রেই এ ব্যবস্থা প্রযোজ্য হবে।

গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোর্য়াটারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য যদি রাত্রিযাপন না করিয়া ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার ১/ ২ অংশ প্রাপ্য হবেন।

৮। ক) গন্তব্যস্থলে প্রতি রাত্রিযাপনের জন্য ক্ষেত্র অনুসারে একদিনের হোটেল ভাড়াভিত্তিক ভাতা অথবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকারী ব্যক্তি গন্তব্যস্থলে স্থানীয় সময় সকাল ৬-০০ টার পর পৌঁছিয়া যদি ন্যূনপক্ষে ৬ ঘন্টা ঐ স্থানে অবস্থান করেন তা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি রাত্রিযাপন করিয়াছেন বলিয়া গণ্য করা হইবে। হোটেলে অবস্থানকারী ব্যক্তিকে আবশ্যিকভাবে হোটেলের বিল দাখিল করতে হইবে। সর্বসাকুল্য হারে দৈনিক ভাতা গ্রহণকারী ব্যক্তির বেলায় এয়ার লাইন্স টিকেট প্রমাণ হিসাবে দাখিল করতে হবে।

খ) বিদেশ ভ্রমণকালে বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হইবে না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করিতে দেওয়া হইবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করিবার নিমিত্তে প্রয়োজনীয় ভাড়া দাবী করা যেতে পারে।

১০। যখন জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হইবেন অর্থাৎ যদি তাঁহার আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তখন তাঁহাকে প্রতি রাত্রিযাপনের জন্য ৬২ মার্কিন ডলার হিসাবে পকেট ভাতা দেওয়া হইবে। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হইবেন, তখন তাঁহাকে স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে দেওয়া হইবে।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কেহ যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁহার আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করেন, তাহা হইলে সেই দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ তাঁহাকে পকেট ভাতা দেওয়া হইবে। তবে, তাঁহাকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হইয়া থাকিলে, তিনি এই ভাতা পাইবেন না। আহার ও বাসস্থান বাবদ

খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তাহা হইলে সেই ক্ষেত্রেও এই ভাতা প্রাপ্য হইবে না। স্বল্পকালীন প্রশিক্ষণ, সেমিনার ও ওর্য়াকশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য হইবে না।

ক) বাংলাদেশ নৌ বাহিনীর জাহাজ cruises, exercises, courtesy calls, transportation of naval personnel for manning newly acquired ships, refits ইত্যাদি কাজে বিদেশের বন্দরে অবস্থান করলে ঐ সকল জাহাজে কর্মরত কর্মকর্তা/ নাবিকগণ শতকরা ৩০% ভাগ হারে পকেট ভাতা প্রাপ্য হইবেন।

১২। হেডকোর্য়াটার হইতে বিদেশে এবং বিদেশ হইতে হেডকোর্য়াটারে সরকারি কার্যে বিমানে কোথাও গেলে প্রতিটি ভ্রমণের জন্য প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে ষ্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ, বকশিশ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে দেওয়া হইবে। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হইতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) ইত্যাদি স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রদান করা হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশের বিমান বন্দরের কোন টার্মিনাল চার্জ দেওয়া হইবে না। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্যে ভাতার শতকরা দশ শতাংশের অধিক হয়, তাহা হইলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে উহা প্রাপ্য বলিয়া গণ্য হইবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার বিশ শতাংশের অধিক দেওয়া হইবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/ পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেওয়া টার্মিনাল চার্জ/ বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেওয়া হইবে।

১৩। ক) জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশ ভ্রমণকালে গন্তব্য স্থলে যাবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ৪৬ মার্কিন ডলার হিসাবে ভাতা পাইবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ সাধারণ 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার ২৫ ভাগ ট্রানজিট ভাতা দেওয়া হইবে।

খ) সাধারণ পর্যায়ভুক্ত সকলকে বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে দেওয়া হইবে। বহির্গমনেরকালে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ প্রদান করা হইবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও প্রতিটি ভ্রমণ দিনের জন্য শেষ কর্মস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার হারের শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদান করা হইবে। বিদেশস্থ বাংলাদেশ মিশন/ দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীগণ হেডকোয়ার্টারের বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কার্য সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (one way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এক পথে (One way) তিন ঘন্টা বা ততোধিক সময় অতিবাহিত হইলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। তবে যাওয়া আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হইলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা অত্র স্মারকলিপির অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হইবে। তবে সরকারি গাড়িতে সড়ক পথে ভ্রমণ করিলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হইবে না।

গ) হেডকোয়ার্টার হইতে যাত্রা আরম্ভের সময় হইতে গন্তব্যস্থলে পৌঁছান এবং শেষ কর্মস্থল হইতে যাত্রা করিয়া হেডকোর্য়াটারে প্রত্যাবর্তন করা পর্যন্ত ট্রানজিট পিরিয়ড হিসাবে গণ্য করা হইবে। প্রতিটি ভ্রমণদিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টার কম হইলেও একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হইলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাত্রিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তাহা হইলে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের অনুমোদন সাপেক্ষে এইরূপ অবস্থায় প্রতি রাত্রিযাপনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হইবে, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তাহা হইলে সরকারি কর্মকর্তা/ কর্মচারী প্রচলিত নিয়মনুযায়ী ট্রানজিট ভাতা পাইবেন, কিন্তু দৈনিক ভাতা পাইবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করেন, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/ কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা পাইবেন। একই দিনে ট্রানজিট থাকিয়া গন্তব্যস্থলে পৌঁছাইলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসঙ্গে প্রাপ্য হইবেন। কারণ দৈনিক ভাতা গন্তব্যস্থলে পৌঁছিয়া ব্যয় করিবার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করিবার জন্য দেওয়া হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় যদি সেই দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হয় তাহা হইলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে না। অবশ্য বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হইবে।

ঘ) বিদেশী কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায়

নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে:

১) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অর্থ অগ্রিম প্রদান করিয়া থাকেন, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী দেওয়া যাইবে না।

২) যেসব ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় প্রদান করেন বা দৈনিক ভাতা মোট অবস্থান হইতে অতিরিক্ত সময়ের জন্য প্রদান করিয়া থাকেন, স্পষ্টতঃ এ মর্মেই যে, আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করিতে পারিবেন, সেইসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করিতে পারিবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি খাতে জমা দেওয়া হইবে।

৩) যে ক্ষেত্রে বিদেশী সরকার বা সংস্থা ভ্রমনের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করেন না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করা হয় না, সেইক্ষেত্রেই বর্হিগমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুরী প্রদান করা যাইবে এবং উহা একাধিক দেশে/ স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রাপ্য হইবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তাহা হইলে মঞ্জুরীকৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে।

১৪। কোন ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার আহার ও বাসস্থানের ব্যবস্থা করাইয়া লইলে কৃত ব্যবস্থার সর্বপ্রকার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির/ কর্মকর্তা/ কর্মচারীর উপর বর্তাইবে।

১৫। বিদেশে কোন স্থানে কর্তব্যরত অবস্থায় চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবী করা যাইবে না। তবে, এইরূপ ব্যয় নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্ত অনধিক ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেহ অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে বিদেশ হইতে ফিরিবার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের স্বপক্ষে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করিতে হইবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করিলেও যথারীতি এক মাসের মধ্যে বিলের সমন্বয় সাধন করিতে হইবে।

১৭। ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সর্বপ্রকার উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকিলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হয়েছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এইজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলে তাতে প্রয়োজনীয় Entry রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়।

খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বদলির ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় গৃহীত সকল ধরণের উদ্বৃত্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় ফেরত প্রদান করা সম্ভব না হয় তবে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্বৃত্ত অর্থ ফেরত দিতে হইবে এবং উহার অর্ধেক অর্থ জরিমানা হিসেবে আদায় করা হইবে অর্থাৎ উদ্বৃত্ত অর্থ অনাদায়ের জন্য প্রত্যেকবারই বিনিময় হারের ১$^{১}/_{২}$ গুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হইবে। যে সকল ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্বৃত্ত অর্থ ফেরত না দেওয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে উদ্বৃত্ত অর্থ ফেরত নেওয়ার জন্য উপর্যুক্ত ব্যবস্থাদি অবলম্বন করতে হইবে। কেহ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করিয়া থাকলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দেওয়া হইয়াছে কি-না, সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হইতে হইবে। এই জন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিষ্টার খুলে তাতে প্রয়োজনীয় Entry রাখিবেন যাহাতে উক্ত রেজিষ্টারের উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ (স্বীয় প্রাপ্যের অধিক) ফেরত নেওয়ার ব্যবস্থা করা যায়। জরিমানা হিসাবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। উহা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট হিসাবে জমা দিতে

হইবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করিবার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্বৃত্ত অর্থ ফেরত দেওয়া হইয়াছে- এ মর্মে মন্ত্রণালয়/ সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরকৃত সার্টিফিকেট পেশ করিতে হইবে। উদ্বৃত্ত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংকে ফেরত দেওয়া হইয়াছে তাহার নাম সার্টিফিকেটে উল্লেখ করিতে হইবে। বাংলাদেশী মুদ্রায় করা হইলে, নির্দিষ্ট হারে আদায় করা হইয়াছে কিনা তাহা উল্লেখ করইতে হইবে। উল্লেখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রাহ্য হইবে না। এইরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেওয়া বৈদেশিক মুদ্রার হিসাবে সমন্বয় সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

১৯। ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হইতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হইবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হইতে সার্টিফিকেট লইয়া তাহা বিলে দাবীকৃত অংশের স্বপক্ষে প্রমাণস্বরূপ পেশ করিতে হইবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরুণ সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ যাহাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীগণের ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামা প্রসূত লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হইবে। যদি কেহ ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির পরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করিয়া দেওয়া হইবে। অপরপক্ষে যদি কেহ লাভবান হন তাহা হইলে তাহার ভ্রমণ ভাতা বিলে লাভের পরিমাণ অর্থ মোট প্রাপ্য হইতে কমাইয়া দেওয়া হইবে। সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারী যে খাত হইতে ভাতা গ্রহণ করেন সেই খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় সাধন করা হইবে।

খ) অনুমোদিত ডিলারগণ (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/ চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন, উহা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলিয়া গণ্য হইবে এবং ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীকে উহা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হইবে।

২০। অত্র স্মারকলিপির ৪র্থ অনুচ্ছেদে উল্লেখিত কেবল নগদ ভাতা এবং ৬(খ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সর্বপ্রকার ব্যয় অবশ্যই উপর্যুক্ত রশিদ পত্রাদির মাধ্যমে সম্পাদন করিতে হইবে। বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় ট্যাক্সি ভাড়া, বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যাহার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেই সব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তার (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) সহিকৃত সার্টিফিকেট থাকিতে হইবে। তবে এইরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তাগণের বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হইলে প্রাপ্য হইবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যে প্রকৃত ব্যয় উহাই প্রাপ্য বলিয়া গণ্য হইবে। অর্থাৎ এই অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত নগদ ভাতার শতকরা ২০ ভাগের অধিক হইবে না।

২১। ক) সরকারি খরচে আকাশ পথে বিদেশ ভ্রমণকালে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, প্রাক্তন রাষ্ট্রপতি, কেবিনেট মন্ত্রী, চীফ হুইপ, জাতীয় সংসদের ডেপুটি স্পিকার, জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা, কেবিনেট মন্ত্রীর সমপদমর্যাদার কর্মকর্তাগণ, প্রধান নির্বাচন কমিশনার, পরিকল্পনা কমিশনের উপ-চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট আপিল বিভাগের বিচারকগণ, নির্বাচন কমিশনার, সুপ্রীম কোর্ট হাই কোর্ট বিভাগের বিচারকগণ, মন্ত্রিপরিষদ সচিব, সেনা, নৌ এবং বিমান বাহিনীর প্রধানগণ এবং সরকারের মুখ্য সচিব প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারবেন।

**ব্যতিক্রম:**
বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/ হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন:

১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হইয়াছেন, সেদেশে যখন প্রথম যাইবেন।
২) যখন তাঁহারা বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হইয়া বাংলাদেশে আগমন করিবেন।

খ) জাতীয় সংসদ সদস্য, এটোর্নী জেনারেল, কম্পট্রোলার এবং অডিটর জেনারেল, সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, মহাপুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশনের সদস্যগণ, সেনা/ নৌ/ বিমান বাহিনীতে মেজর জেনারেলের পদমর্যাদার কর্মকর্তাগণ, জাতীয় সংসদ সচিবসহ সরকারের সকল সচিব, জাতীয় নিরাপত্তা বিভাগের মহা-পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সার্বক্ষণিক সদস্যগণ, জাতীয় অধ্যাপকগণ, সরকারের সচিবের পদমর্যাদায় অধিষ্ঠিত কর্মকর্তাগণ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, পৌর কর্পোরেশনের মেয়রগণ, অতিরিক্ত এটর্নি জেনারেল, সরকারের অতিরিক্ত সচিবগণ, আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ডের চেয়ারম্যান,

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, টেরিফ কমিশনের চেয়ারম্যান, দুর্নীতি দমন ব্যুরোর মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের নির্বাহী ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ (সিলেকশন গ্রেড), বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ (অন্যান্য সময়ে) আকাশ পথে বিদেশ ভ্রমণকালে বিজনেস/ ক্লাব/ এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করিতে পারিবেন।

গ) উপরের (ক) ও (খ) এ উল্লিখিত ব্যক্তিবর্গ/ কর্মকর্তাগণ ব্যতিরেকে অন্য কেহ সরকারি খরচে উড়োজাহাজে যথাক্রমে প্রথম শ্রেণীতে এবং বিজনেস/ ক্লাব/ এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করিতে পারবেন না।

২২। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে অত্র স্মারকলিপিতে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হইবে না।

২৩। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার সময় প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করিয়া থাকেন ইহাতে অনেক ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করা হইয়া থাকে। এ অনিয়মের দরুণ ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করিয়া প্রয়োজনীয় কার্যক্রম সম্ভবপর হইয়া ওঠে না। এইসব অসুবিধা দূরীকরণার্থে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করিবার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/ সময় উল্লেখ থাকিতে হইবে।

গ) নির্ধারিত সফরের সম্পূর্ণ অংশ যাহা ভ্রমণসূচীতে উল্লেখ থাকিবে তজ্জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/ কর্মচারীগণের মুখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্য সম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশতঃ পথিমধ্যে অন্য কোথাও সফর/ অবস্থান করিতে হয় তজ্জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা-এর বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করিতে হইবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভবপর নহে সেক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাইবে না।

চ) অত্র অনুচ্ছেদের (ঙ) তে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ তদাবধি ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করিতে হইবে। বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং উহার প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে নিশ্চিত উদ্যোগ গ্রহণ করিতে অনুরোধ করা যাইতেছে। তদানুসারে প্রশাসনিক বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে:

১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে কি-না?

২) হেডকোয়ার্টার হইতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রহিয়াছে কি-না এবং

৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রহিয়াছে কি-না এবং এইরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না?

উল্লেখ্যযোগ্য যে, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২৪। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করিতে হইলে নিম্নলিখিত তথ্য/ কাগজপত্র অবশ্যই সরবরাহ করিতে হইবে:

ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।

খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।

গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠান হইবে, তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে পাঠাইতে হইবে।

ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/ সংস্থা বহন করেন, তাহা হইলে তাহার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাইতে হইবে।

ঙ) অত্র স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তিবর্গ/ কর্মকর্তা/ কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তাহা জানাইতে হইবে।

চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য প্রস্তাব কমপক্ষে বিদেশ ভ্রমনের ৭ দিন পূর্বে পাঠাইতে হইবে।

ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে অত্র স্মারকের ৬ ও ৭-এ উল্লেখিত হারসমূহের কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রহণযোগ্য তাহা পরিষ্কারভাবে জানাইতে হইবে।

জ) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয়সাধন করা হইয়াছে কি-না তাহাও উল্লেখ করিতে হইবে।

যেক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করেন, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করিয়া মঞ্জুরী প্রদান করিতে হইবে।

২৫। ক) ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা, ক্ষেত্রবিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেওয়া যাইবে। যেমন বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন তেমনি বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় মুদ্রার ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেওয়া যাইতে পারে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুযায়ী প্রাপ্যতা হিসাব করিয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করিতে হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হইবে। অত্র স্মারকলিপির ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তাহা বিনিময় হারের ১$^{১}/_{২}$ গুণ হারে ফেরত দিতে হইবে। অনুমোদিত ভ্রমণ-সূচী অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথকভাবে হিসাব করিয়া যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত অগ্রিম অর্থের সমন্বয় সাধন করিতে হইবে। ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীর পূর্বেকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হইয়াছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি উহা সম্পূর্ণ খরচ না হইয়া থাকে, তাহা হইলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়াছেন তাহার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করিতে হইবে। যেইক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণতঃ দেওয়া যাইবে না এবং সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হইবে।

খ) উপরোল্লিখিত তথ্যাদির পূর্ণ ব্যবহারপূর্বক যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করিতে হইবে।

২৬। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হইতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সেই ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এইরূপ অগ্রিম প্রদান করিবেন। যেমন- ভ্রমণকারী ব্যক্তি/ কর্মকর্তা/ কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হইলে তিনি অগ্রিম গ্রহণ করিতে পারেন। তবে, এইরূপ অগ্রিম প্রদান দ্রুত সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সর্তক দৃষ্টি রাখিবেন:

ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কি-না, তাহা নিশ্চিত হইবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করিবেন না।

খ) যখনই মিশন কর্তৃপক্ষ কোন অগ্রিম প্রদান করিবেন, তখনই প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের বহিঃঅর্থ অনুবিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাইতে হইবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করিতে হইবে বলিয়া উল্লেখ করিতে হইবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাইবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করিবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করিবেন যাহা সঠিক খাতে ব্যয় দেখাইয়া সমন্বয় সাধন করিতে হইবে।

ঘ) সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন এবং ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে অগ্রিম সমন্বয় সাধন করিবেন। এই বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করিবেন যাহার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখাইয়া প্রাপ্য অর্থ হইতে বাদ দিতে হইবে।

২৭। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হইলে উহা রীতি বিরুদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

২৮। অত্র স্মারকলিপি অবিলম্বে কার্যকরী হইবে।

বি. এম. এম. মোজহারুল হক, এনডিসি
অতিরিক্ত সচিব-১

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়
৩। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৪। সচিব, সকল, মন্ত্রণালয়/ বিভাগ
৫। সচিব, জাতীয় সংসদ সচিবালয়
৬। সচিব, নির্বাচন কমিশন
৭। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
৮। রাষ্ট্রপতির সামরিক সচিব
৯। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ
১০। সচিব, বাংলাদেশ কর্মকমিশন
১১। বাংলাদেশ দূতাবাসসমূহ
১২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর
১৩। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
১৪। মহানিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর
১৫। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালপনী)/ পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/ পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ, এন অডিট-এর দপ্তর।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের দপ্তর
১৭। সকল বিভাগীয় কমিশনারের দপ্তর
১৮। সকল সরকারি পরিদপ্তর ও অধস্থন দপ্তরসমূহ
১৯। সকল স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ
২০। বাংলাদেশ ব্যাংক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়- নিয়ন্ত্রণ অনুবিভাগ
শাখা- ৭

নং- অম/অবি/ব্যঃনিঃ- ৭(৪)/২০০৪/৯৯ তারিখঃ ১৩/১২/২০০৪ খ্রিঃ

**বিষয়: সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণভাতা ও অন্যান্য সুযোগ- সুবিধাবলী সংক্রান্ত প্রবিধানে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান পদবীকে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্র: নৌপম/প্রশা- ২/১নিঃ- ১/২০০৩- ১৬৮, তারিখঃ- ৩১/৫/২০০৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান পদকে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ১৫/১০/২০০১ খ্রিঃ তারিখের বিদেশ ভ্রমণ নীতিমালার ক্রমিক ২১(খ) এর অনুরূপ অন্যান্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চেয়ারম্যানদের ন্যায় বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণভাতা ও অন্যান্য সুযোগ- সুবিধা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

০২। আদেশ জারির তারিখ হতে তা কার্যকর হবে।

মোঃ ওয়ালী উল্লাহ
সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩৬

সচিব
নৌ- পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
(দৃঃআঃ সিঃ সহকারী সচিব, প্রশাসন শাখা- ২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়- নিয়ন্ত্রণ শাখা- ৭

নং- অম/অবি/ব্যঃনিঃ- ৭(৪)/২০০০- ০৪/৫০ তারিখঃ ২১/০৭/২০০৫ খ্রিঃ

**বিষয়: সকল রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকদের ন্যায় আকাশ পথে বিদেশ ভ্রমণকালে অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে অনুরূপ সুবিধা প্রদান।**

সূত্র: ব্যাংকিং অনুবিভাগের নথি নং- অম/অবি/ব্যাংকিং/প্রশা- ৩/এলা- ৫/২০০২ এর উদ্বৃতাংশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অর্থ বিভাগের বিদেশ ভ্রমণ নীতিমালার ১৫/০৮/২০০১ তারিখের ৪৪(২৫০০) নম্বর অফিস স্মারকের ২১ এর খ ধারা মোতাবেক সোনালী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের ন্যায় আকাশ পথে বিদেশ ভ্রমণকালে বিজনেস/ ক্লাব/ এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণের ক্ষেত্রে অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককেও অনুরূপ সুবিধা প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩৬

যুগ্ম- সচিব (ব্যাংকিং প্রশাসন)
অর্থ বিভাগ।

(দৃঃআঃ- সিনিয়র সহকারী সচিব)
ব্যাংকিং প্রশাসন শাখা- ৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫

নং-অম/অবি/বিধি-৫/পম/বিবিধ-৩/৮৮(অংশ)/৫৫ তারিখ: ২১/০৫/২০০৭ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ মিশনের স্বদেশভিত্তিক কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়ি বদলিকৃত কর্মস্থলে সরকারি খরচে পরিবহন সংক্রান্ত।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে বাংলাদেশ মিশন সমূহে স্বদেশ ভিত্তিক কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়ি তাঁদের বদলিকৃত কর্মস্থলে পরিবহনের ক্ষেত্রে সরকারি অর্থ ব্যয়ের বিষয়ে বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনার লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ অনুযায়ী প্রচলিত বিধি-বিধানের আওতায় ব্যক্তিগত গাড়ি পরিবহন খরচের মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) ব্যক্তিগত গাড়ি পরিবহন খরচের পরিমাণ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা পর্যন্ত মঞ্জুরী পররাষ্ট্র মন্ত্রণালয় জারি করবে। গাড়ি পরিবহন খরচের পরিমাণ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার বেশী হলে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।

খ) গাড়ি পরিবহন ব্যয় মঞ্জুরীর জন্য আবেদনপত্রের সাথে দাখিল করা প্রমাণ্য কাগজপত্রের ভিত্তিতে পররাষ্ট্র মন্ত্রণালয় ব্যক্তিগত গাড়ী পরিবহণ ব্যয় মঞ্জুরী জারি করবে অথবা প্রযোজ্য ক্ষেত্রে অর্থ বিভাগে প্রেরণ করবে।

গ) গাড়ি পরিবহন ব্যয় মঞ্জুরীর জন্য আবেদনকারী কর্মকর্তাকে আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে-

১) ব্যক্তিগত গাড়ী ব্যবহার ও রক্ষণাবেক্ষণের প্রমাণ স্বরূপ গাড়ীর ব্লু-বুক (Blue-book)-এর সত্যায়িত অনুলিপি;

২) বিল অব ল্যাডিং (Bill of Lading);

৩) বিল অব এন্ট্রি (Bill of Entry); এবং-

৪) কর্মকর্তা কর্তৃক ব্যক্তিগত গাড়ী ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট মিশন প্রধানের প্রত্যায়ন পত্র।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শওকত ওসমান
সিনিয়র সহকারী সচিব।

বিতরণ:
১। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ঢাকা।
২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব।
৬। অতিরিক্ত সচিব (ব্যাংকিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭। অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫

নং-অম/অবি/বিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১১৪ তারিখ: ০৬-০৫-১৪১৪ বাং / ২১-০৮-২০০৭ খ্রিঃ

**বিষয়: মন্ত্রণালয় হতে বিদেশসহ বাংলাদেশ মিশনসমূহে, মিশন হতে মন্ত্রণালয়ে এবং মিশন হতে মিশনে বদলিজনিত কারণে কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ গ্রুপ ভিত্তিক বিভিন্ন রুটের_জন্য নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের ১৭/১২/২০০২ তারিখের স্মারক নং-AD-B&EC-8173.

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে, মিশন হতে মন্ত্রণালয়ে এবং মিশন হতে মিশনে বদলিজনিত কারণে সংশ্লিষ্ট রুটে কর্মকর্তা/ কর্মচারীদের প্রদেয় ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ নিম্নোক্তভাবে নির্ধারণপূর্বক স্থিরীকরণের জন্য নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

ক) মন্ত্রণালয় হতে মিশনে এবং মিশন হতে মন্ত্রণালয়ে বদলির ক্ষেত্রে সংশ্লিষ্ট রুটে কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ হিসেবে প্রদেয় অর্থের বিবরণ।

| ক্রমিক নং | মিশন | মন্ত্রণালয় হতে মিশন (মার্কিন ডলার) | | | | মিশন হতে মন্ত্রণালয় (মার্কিন ডলার) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতিত) |
| ১ | অষ্ট্রেলিয়া, ক্যানবরা | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| ২ | বাহরাইন, মানামা | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| ৩ | বেলজিয়াম, ব্রাসলস্ | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৮৩০০ | ৪৯৮০ | ৩৭৩৫ | ২৯০৫ |
| ৪ | ভূটান, থিম্পু | ৪০০০ | ২৪০০ | ১৮০০ | ১৪০০ | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ |
| ৫ | ব্রুনাই, বন্দরসেরী বেগওয়ান | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৬৪০০ | ৩৮৪০ | ২৮৮০ | ২২৪০ |
| ৬ | কানাডা, অটায়া | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ১৩৫০০ | ৮১০০ | ৬০৭৫ | ৪৭২৫ |
| ৭ | চীন, বেইজিং | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ | ৭৮০০ | ৪৬৮০ | ৩৫১০ | ২৭৩০ |
| ৮ | চীন, হংকং | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ৯ | মিশর, কায়রো | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| ১০ | ফ্রান্স, প্যারিস | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮৬০০ | ৫১৬০ | ৩৮৭০ | ৩০১০ |
| ১১ | জার্মানি, বার্লিন | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮৬০০ | ৫১৬০ | ৩৮৭০ | ৩০১০ |
| ১২ | ভারত, আগরতলা | ৩০০০ | ১৮০০ | ১৩৫০ | ১০৫০ | ৩০০০ | ১৮০০ | ১৩৫০ | ১০৫০ |
| ১৩ | ভারত, কোলকাতা | ৩৫০০ | ২১০০ | ১৫৭৫ | ১২২৫ | ৩৫০০ | ২১০০ | ১৫৭৫ | ১২২৫ |
| ১৪ | ভারত, নয়া দিল্লী | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| ১৫ | ইন্দোনেশিয়া, জাকার্তা | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| ১৬ | ইরান, তেহরান | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ১৭ | ইরাক, বাগদাদ | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ১৮ | ইটালী, রোম | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮৬০০ | ৫১৬০ | ৩৮৭০ | ৩০১০ |
| ১৯ | জাপান, টোকিও | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| ২০ | জর্ডান, আম্মান | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ | ৪৮০০ | ২৮৮০ | ২১৬০ | ১৬৮০ |
| ২১ | কেনিয়া, নাইরাবি | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| ২২ | কোরিয়া, সিউল | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ | ৭২০০ | ৪৩২০ | ৩২৪০ | ২৫২০ |
| ২৩ | কুয়েত | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৪০০০ | ২৪০০ | ১৮০০ | ১৪০০ |
| ২৪ | লিবিয়া, ত্রিপলী | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| ২৫ | মালয়েশিয়া, কুয়ালালামপুর | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬৪০০ | ৩৮৪০ | ২৮৮০ | ২২৪০ |
| ২৬ | মালদ্বীপ, মালে | ৪০০০ | ২৪০০ | ১৮০০ | ১৪০০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ২৭ | মরক্কো, রাবাত | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| ২৮ | মায়ানমার, সিটুয়ে | ৩৫০০ | ২১০০ | ১৫৭৫ | ১২২৫ | ৩৭০০ | ২২২০ | ১৬৬৫ | ১২৯৫ |
| ২৯ | মায়ানমার, ইয়াঙ্গুন | ৪৬০০ | ২৭৬০ | ২০৭০ | ১৬১০ | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ |
| ৩০ | নেপাল, কাঠমুন্ডু | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ৩১ | নেদারল্যান্ডস, দি হেগ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮৩০০ | ৪৯৮০ | ৩৭৩৫ | ২৯০৫ |
| ৩২ | ওমান, মাস্কাট | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬৭০০ | ৪০২০ | ৩০১৫ | ২৩৪৫ |
| ৩৩ | পাকিস্তান, ইসলামাবাদ | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ৩৪ | পাকিস্তান, করাচি | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |

| ক্রমিক নং | মিশন | মন্ত্রণালয় হতে মিশন (মার্কিন ডলার) | | | | মিশন হতে মন্ত্রণালয় (মার্কিন ডলার) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতিত) |
| ৩৫ | ফিলিপাইনস, ম্যানিলা | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| ৩৬ | কাতার, দোহা | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| ৩৭ | রাশিয়া, মস্কো | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ | ১৪৫০০ | ৮৭০০ | ৬৫২৫ | ৫০৭৫ |
| ৩৮ | সৌদিআরব, জেদ্দা | ৫১০০ | ৩০৬০ | ২২৯৫ | ১৭৮৫ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| ৩৯ | সৌদিআরব, রিয়াদ | ৫১০০ | ৩০৬০ | ২২৯৫ | ১৭৮৫ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| ৪০ | সিঙ্গাপুর | ৪০০০ | ২৪০০ | ১৮০০ | ১৪০০ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| ৪১ | দক্ষিণ আফ্রিকা, প্রিটোরিয়া | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৮৮০০ | ৫২৮০ | ৩৯৬০ | ৩০৮০ |
| ৪২ | স্পেন, মাদ্রিদ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮৬০০ | ৫১৬০ | ৩৮৭০ | ৩০১০ |
| ৪৩ | শ্রীলংকা, কলম্বো | ৪০০০ | ২৪০০ | ১৮০০ | ১৪০০ | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ |
| ৪৪ | সুইডেন, স্টকহাম | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| ৪৫ | সুইজারল্যান্ড, জেনভা | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| ৪৬ | থাইল্যান্ড, ব্যাংকক | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| ৪৭ | তুরস্ক, আংকারা | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| ৪৮ | সংযুক্ত আরব আমিরাত,আবুধাবী | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| ৪৯ | সংযুক্ত আরব আমিরাত,দুবাই | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| ৫০ | যুক্তরাজ্য, বার্মিংহাম | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| ৫১ | যুক্তরাজ্য, লন্ডন | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| ৫২ | যুক্তরাজ্য, ম্যানচস্টার | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| ৫৩ | যুক্তরাষ্ট্র, ওয়াশিংটন | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ | ১২৮০০ | ৭৬৮০ | ৫৭৬০ | ৪৪৮০ |
| ৫৪ | যুক্তরাষ্ট্র, নিউ ইয়র্ক | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ | ১২৮০০ | ৭৬৮০ | ৫৭৬০ | ৪৪৮০ |
| ৫৫ | যুক্তরাষ্ট্র, লস্ এঞ্জেলস্ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ | ১২৮০০ | ৭৬৮০ | ৫৭৬০ | ৪৪৮০ |
| ৫৬ | উজবেকিস্তান, তাসখন্দ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ | ১৪৫০০ | ৮৭০০ | ৬৫২৫ | ৫০৭৫ |
| ৫৭ | ভিয়েতনাম, হ্যানয় | ৫০০০ | ৩০০০ | ২২৫০ | ১৭৫০ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |

খ) মিশন হতে মিশনে বদলিজনিত কারণে কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত মালামাল পরিবহনের খরচ নির্ধারণের জন্য ভৌগলিক অবস্থানের ভিত্তিতে মিশনসমূহের গ্রুপ ভিত্তিক বিভাজন

| গ্রুপ | মিশন |
|---|---|
| ১ | মিশর<br>মরক্কো<br>লিবিয়া |
| ২ | কেনিয়া |
| ৩ | দক্ষিণ আফ্রিকা |
| ৪ | সেনেগাল |
| ৫ | সৌদিআরব<br>কুয়েত<br>বাহরাইন<br>কাতার<br>সংযুক্ত আরব আমিরাত<br>ওমান |
| ৬ | ইরান<br>ইরাক<br>জর্ডান<br>তুরস্ক |
| ৭ | ভারত<br>পাকিস্তান<br>নেপাল<br>ভূটান |

| গ্রুপ | মিশন |
|---|---|
| ৮ | শ্রীলংকা<br>মালদ্বীপ |
| ৯ | আফগানিস্তান<br>উজবেকিস্তান |
| ১০ | রাশিয়া<br>ইউক্রেন<br>রোমানিয়া |
| ১১ | চীন<br>ফিলিপাইন<br>ইন্দোনেশিয়া<br>দক্ষিণ কোরিয়া<br>জাপান<br>অস্ট্রেলিয়া |
| ১২ | ব্রুনাই<br>মালয়েশিয়া<br>সিঙ্গাপুর<br>ভিয়েতনাম<br>থাইল্যান্ড<br>মায়ানমার |

| গ্রুপ | মিশন |
|---|---|
| ১৩ | বেলজিয়াম<br>ফ্রান্স<br>ইটালি<br>নেদারল্যান্ডস<br>সুইজারল্যান্ড |
| ১৪ | স্পেন<br>জার্মানি<br>পোলান্ড |
| ১৫ | যুক্তরাজ্য<br>সুইডেন<br>ডেনমার্ক<br>নরওয়ে |
| ১৬ | যুক্তরাষ্ট্র<br>ক্যানাডা<br>মেক্সিকো |
| ১৭ | ব্রাজিল<br>আর্জেন্টিনা |

নোট-০১: গ্রুপ ৪ এবং গ্রুপ ১৭ তে অন্তর্ভুক্ত দেশে বর্তমানে বাংলাদেশের কোন মিশন নেই কিন্তু পূর্বে ছিল এবং ভবিষ্যতে মিশন খোলার সম্ভাবনা আছে, তাই এ গ্রুপ দু'টি রাখা হয়েছে।

গ) উপরের (খ) অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী মিশন হতে মিশনে কর্মকর্তা/ কর্মচারীদের বদলিজনিত কারণে ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ হিসেবে প্রদেয় অর্থের বিবরণ।

১)

| এক গ্রুপের যে কোন মিশন হতে অন্য গ্রুপের যে কোন মিশনে পরস্পর বদলির ক্ষেত্রে | ১ম শ্রেণী (মার্কিন ডলার) | ২য় শ্রেণী (মার্কিন ডলার) | ৩য় শ্রেণী (মার্কিন ডলার) | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত) (মার্কিন ডলার) |
|---|---|---|---|---|
| গ্রুপ ১-২ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ১-৩ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ১-৫ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ১-৬ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ১-৭ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১-৮ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১-৯ | ১৪৫০০ | ৮৭০০ | ৬৫২৫ | ৫০৭৫ |
| গ্রুপ ১-১০ | ১৪৫০০ | ৮৭০০ | ৬৫২৫ | ৫০৭৫ |
| গ্রুপ ১-১১ | ১০৫০০ | ৬৩০০ | ৪৭২৫ | ৩৬৭৫ |
| গ্রুপ ১-১২ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ১-১৩ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ১-১৪ | ৭৭০০ | ৪৬২০ | ৩৪৬৫ | ২৬৯৫ |
| গ্রুপ ১-১৫ | ৭৭০০ | ৪৬২০ | ৩৪৬৫ | ২৬৯৫ |
| গ্রুপ ১-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ২-৩ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ২-৫ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ২-৬ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ২-৭ | ১০৫০০ | ৬৩০০ | ৪৭২৫ | ৩৬৭৫ |
| গ্রুপ ২-৮ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ২-৯ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ২-১০ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ২-১১ | ১০৫০০ | ৬৩০০ | ৪৭২৫ | ৩৬৭৫ |
| গ্রুপ ২-১২ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ২-১৩ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ২-১৪ | ৭৭০০ | ৪৬২০ | ৩৪৬৫ | ২৬৯৫ |
| গ্রুপ ২-১৫ | ৭৭০০ | ৪৬২০ | ৩৪৬৫ | ২৬৯৫ |
| গ্রুপ ২-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৩-৫ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৩-৬ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ৩-৭ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ৩-৮ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ৩-৯ | ১৩৫০০ | ৮১০০ | ৬০৭৫ | ৪৭২৫ |
| গ্রুপ ৩-১০ | ১৩৫০০ | ৮১০০ | ৬০৭৫ | ৪৭২৫ |
| গ্রুপ ৩-১১ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৩-১২ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ৩-১৩ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ৩-১৪ | ৮৩০০ | ৪৯৮০ | ৩৭৩৫ | ২৯০৫ |
| গ্রুপ ৩-১৫ | ৮৩০০ | ৪৯৮০ | ৩৭৩৫ | ২৯০৫ |
| গ্রুপ ৩-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৫-৬ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ৫-৭ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ৫-৮ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| গ্রুপ ৫-৯ | ১১৫০০ | ৬৯০০ | ৫১৭৫ | ৪০২৫ |
| গ্রুপ ৫-১০ | ১৪৫০০ | ৮৭০০ | ৬৫২৫ | ৫০৭৫ |
| গ্রুপ ৫-১১ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ৫-১২ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৫-১৩ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৫-১৪ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৫-১৫ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৫-১৬ | ১২৭০০ | ৭৬২০ | ৫৭১৫ | ৪৪৪৫ |
| গ্রুপ ৬-৭ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ৬-৮ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ৬-৯ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ৬-১০ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |

| এক গ্রুপের যে কোন মিশন হতে অন্য গ্রুপের যে কোন মিশনে পরস্পর বদলির ক্ষেত্রে | ১ম শ্রেণী (মার্কিন ডলার) | ২য় শ্রেণী (মার্কিন ডলার) | ৩য় শ্রেণী (মার্কিন ডলার) | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত) (মার্কিন ডলার) |
|---|---|---|---|---|
| গ্রুপ ৬-১১ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ৬-১২ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৬-১৩ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৬-১৪ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৬-১৫ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ৬-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৭-৮ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| গ্রুপ ৭-৯ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৭-১০ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৭-১১ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৭-১২ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৭-১৩ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৭-১৪ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৭-১৫ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৭-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৮-৯ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ৮-১০ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৮-১১ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ৮-১২ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৮-১৩ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ৮-১৪ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ৮-১৫ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৮-১৬ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ৯-১০ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ৯-১১ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ৯-১২ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৯-১৩ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ৯-১৪ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ৯-১৫ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ৯-১৬ | ১৩০০০ | ৭৮০০ | ৫৮৫০ | ৪৫৫০ |
| গ্রুপ ১০-১১ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ১০-১২ | ১২৫০০ | ৭৫০০ | ৫৬২৫ | ৪৩৭৫ |
| গ্রুপ ১০-১৩ | ৭৫০০ | ৪৫০০ | ৩৩৭৫ | ২৬২৫ |
| গ্রুপ ১০-১৪ | ৮০০০ | ৪৮০০ | ৩৬০০ | ২৮০০ |
| গ্রুপ ১০-১৫ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ১০-১৬ | ১৩০০০ | ৭৮০০ | ৫৮৫০ | ৪৫৫০ |
| গ্রুপ ১১-১২ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ১১-১৩ | ৯৫০০ | ৫৭০০ | ৪২৭৫ | ৩৩২৫ |
| গ্রুপ ১১-১৪ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ১১-১৫ | ১০০০০ | ৬০০০ | ৪৫০০ | ৩৫০০ |
| গ্রুপ ১১-১৬ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১২-১৩ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১২-১৪ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১২-১৫ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ১২-১৬ | ৯০০০ | ৫৪০০ | ৪০৫০ | ৩১৫০ |
| গ্রুপ ১৩-১৪ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১৩-১৫ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ১৩-১৬ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১৪-১৫ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ১৪-১৬ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |
| গ্রুপ ১৫-১৬ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |

২)

| একই গ্রুপের বিভিন্ন দেশে অবস্থিত মিশনে পরস্পর বদলির ক্ষেত্রে | ১ম শ্রেণী (মার্কিন ডলার) | ২য় শ্রেণী (মার্কিন ডলার) | ৩য় শ্রেণী (মার্কিন ডলার) | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত) (মার্কিন ডলার) |
|---|---|---|---|---|
| গ্রুপ ১ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ২ | প্রযাজ্য নয় | | | |
| গ্রুপ ৩ | প্রযাজ্য নয় | | | |
| গ্রুপ ৫ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৬ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ৭ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ৮ | ৫৫০০ | ৩৩০০ | ২৪৭৫ | ১৯২৫ |
| গ্রুপ ৯ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১০ | ৬৫০০ | ৩৯০০ | ২৯২৫ | ২২৭৫ |
| গ্রুপ ১১ | ৭০০০ | ৪২০০ | ৩১৫০ | ২৪৫০ |
| গ্রুপ ১২ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১৩ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১৪ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১৫ | ৬০০০ | ৩৬০০ | ২৭০০ | ২১০০ |
| গ্রুপ ১৬ | ৮৫০০ | ৫১০০ | ৩৮২৫ | ২৯৭৫ |

৩)

| একই দেশে অবস্থিত বিভিন্ন মিশনে পরস্পর বদলির ক্ষেত্রে | ১ম শ্রেণী (মার্কিন ডলার) | ২য় শ্রেণী (মার্কিন ডলার) | ৩য় শ্রেণী (মার্কিন ডলার) | ৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত) (মার্কিন ডলার) |
|---|---|---|---|---|
| চীন | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| ভারত | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| সৌদিআরব | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| মায়ানমার | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| পাকিস্তান | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| সংযুক্ত আরব আমিরাত | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| যুক্তরাজ্য | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |
| যুক্তরাষ্ট্র | ৪৫০০ | ২৭০০ | ২০২৫ | ১৫৭৫ |

**নোট:** একই গ্রুপের বিভিন্ন দেশের মধ্যে অবস্থিত মিশনসমূহের মধ্যে এবং একই দেশে অবস্থিত বিভিন্ন মিশনের মধ্যে বদলির ঘটনা খুবই বিরল। তবে ক্ষেত্রবিশেষে কোন কারণে এ ধরনের বদলির ঘটনা ঘটলে পরিবহন খরচ নির্ধারণে যাতে কোনরূপ অসুবিধার সৃষ্টি না হয় তা বিবেচনায় রেখে পরিবহন খরচ নির্ধারণ করা হয়েছে।

**বিধানাবলীঃ**

ক) উপরোক্তভাবে নির্ধারণকৃত ও প্রদেয় ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অগ্রিম মঞ্জুরী হিসেবে বিবেচিত হবে এবং তা এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে। প্রয়োজনবোধে প্রতি তিন বছর অন্তর অর্থ বিভাগে যুগ্ম-সচিব পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকের মাধ্যমে সম্ভাব্য মুদ্রাস্ফীতি ও আনুষঙ্গিক সকল দিক পর্যালোচনা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শতকরা হারের ভিত্তিতে বৃদ্ধি করে মালামাল পরিবহন খরচ পুনঃনির্ধারণ করা যাবে। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত সময়সীমার মধ্যে বৈঠক অনুষ্ঠানে বিলম্ব ঘটলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সর্বোচ্চ ১০% হারে বৃদ্ধি যোগ করে পরিবহণ খরচ পুনঃনির্ধারণ করা যাবে। অতঃপর আন্তঃমন্ত্রণালয় বৈঠকের মাধ্যমে পুনঃনির্ধারণকৃত পরিবহন খরচের হার অনুযায়ী উক্ত বর্ধিত পরিবহন খরচ সমন্বয় করতে হবে।

খ) যদি এমন কোন দেশে বাংলাদেশ সরকার কোন নতুন মিশন স্থাপন করেন যা বর্তমানে প্রদত্ত গ্রুপের অন্তর্ভুক্ত নয় সে ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থ বিভাগের সম্মতিক্রমে উক্ত দেশকে ভৌগলিক অবস্থানের ভিত্তিতে একটি গ্রুপের অন্তর্ভুক্ত করে মিশন খোলার প্রাক্কালে পরিবহন খরচ নির্ধারণ করবে।

গ) আকস্মিক কোন পরিবর্তনের ফলে কোন দেশে অবস্থিত মিশনের জন্য নির্ধারণকৃত ও স্থিরীকৃত মালামাল পরিবহন খরচ অপ্রতুল প্রতীয়মান হলে সেক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থ বিভাগের সম্মতিক্রমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) ব্যক্তিগত মালামাল পরিবহনের জন্য প্রদত্ত খরচ সমন্বয়কালে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীকে এ মর্মে প্রত্যয়ন দিতে হবে যে, তিনি সংশ্লিষ্ট রুটে বদলিজনিত ভ্রমণ করেছেন। কর্মচারীদের ক্ষেত্রে বদলিকৃত কর্মসহলে তাঁর অব্যবহিত ঊর্ধ্বতন কর্মকর্তা এবং কর্মকর্তাগণের ক্ষেত্রে কর্মকর্তা নিজেই এ প্রত্যয়ন দিবেন।

ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ বদলির আদেশসহ আবেদনপত্র দাখিলপূর্বক মালামাল পরিবহন খরচ উত্তোলন করতে পারবেন। মালামাল পরিবহন খরচ সমন্বয়ের আবেদনপত্রের সাথে বদলির আদেশ, সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীকে তাঁর বদলিকৃত কর্মসহলে যোগদানকাল নিয়মিতকরণের অফিস আদেশ এবং মালামাল পরিবহন খরচের মঞ্জুরী আদেশ দাখিল করতে হবে। বদলির আদেশ ও বদলিকৃত কর্মসহলে যোগদানকাল নিয়মিতকরণের অফিস আদেশ দাখিল করলেই তা সংশ্লিষ্ট রুটে ভ্রমণের প্রত্যয়নপত্র হিসেবে এবং ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ হিসেবে গৃহীত অগ্রিম মঞ্জুরী চূড়ান্তভাবে সমন্বয় করা হয়েছে বলে গণ্য হবে।

চ) এ বিষয়ে আদেশ জারির পর থেকে ৮০% মজুরী প্রদানের বিদ্যমান বিধান রহিত হবে এবং এতদ্‌সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান সংশোধন করতে হবে। অতিরিক্ত ব্যবস্থা হিসেবে মালামাল পরিবহনের জন্য প্রকৃত খরচ প্রদানের বিদ্যমান বিধানও বলবৎ থাকবে।

ছ) যাবতীয় আনুষ্ঠানিকতাদি প্রতিপালনপূর্বক এ বিষয়ে সরকারি আদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জারি করে অর্থ বিভাগ থেকে পৃষ্ঠাঙ্কন করে নিতে হবে।

রাজিয়া বেগম *এনডিসি*
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

সচিব,
পররাষ্ট্র মন্ত্রণালয়,
ঢাকা।

নং-অম/অবি/বিধি-৫/পম/বিবিধ-২৬/৯৯/১১৪/(১-৬)

তারিখ: ০৬-০৫-১৪১৪ বাং
২১-০৮-২০০৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে-

১। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
২। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, মিশন অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৬। অফিস কপি/ গার্ড ফাইল।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়- নিয়ন্ত্রণ, শাখা- ৭

নং- অম/অবি/ব্যনি- ৭/ভ্রমণ নীতিমালা- ১/অংশ- ১/২০০৮/৬ তারিখঃ ০১/০২/২০০৯ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতার গ্রুপ পরিবর্তন প্রসঙ্গে।**

সূত্র: নং- এডি- বিএন্ডইসি- ৮১৭১/ এফএ, ইএ, ইডিএ/ ২০০৭/ ৮৭, তাং- ১৫ অক্টোবর ২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতার ক্ষেত্রে ২নং গ্রুপ হতে ১নং গ্রুপে অন্তর্ভুক্তিকরণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

সুলেখা রানী বসু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৯৯৫১

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-২
www.mof.gov.bd

নং-০৭.১৭২.০১৮.১৯.০০.০১৩.২০১০-৯৪ তারিখ: ১২ জুলাই ২০১১

**বিষয়: মন্ত্রণালয় থেকে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে, মিশন হতে মন্ত্রণালয়ে এবং মিশনে বদলিজনিত কারণে কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন রুটে ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ (গ্রুপ ভিত্তিক বিভিন্ন রুটের জন্য) নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-এডি-বিএন্ডইসি-৮১৭৩/রুলস/২০০৬/৩০৮, তারিখ: ১২.০৬.২০১১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় সূত্রের বরাতে অন্তর্বতীকালীন ব্যবস্থা হিসেবে ১ মে ২০১১ খ্রিঃ তারিখ হতে মন্ত্রণালয় থেকে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে, মিশন হতে মন্ত্রণালয়ে এবং মিশনে বদলিজনিত কারণে কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন রুটে ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ/ভাড়া ১০% বৃদ্ধিতে নির্দেশক্রেম অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হল।

০২। বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সমুদ্রপথে আন্তর্জাতিক রুটে ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ বিদ্যমান খরচ/ভাড়ার উপর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয় এর সুপারিশসহ পরিবহন ভাড়া বৃদ্ধির বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৯৫৬১১৩১

সচিব
পরারাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

# শ্রান্তি ও বিনোদন ভাতা

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
REGULATION WING
SECTION-II

## NOTIFICATION

S.R.O.No.61.L/79-MF/R-II/L-1/78-71 Dated: 17-3-1979

In exercise of the powers conferred by the proviso to article 133 of the Constitution of the People's Republic of Bangladesh, and in supersession of all other rules, orders and notifications made or issued in this behalf, the President is pleased to make the following rules, namely:-

The Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979.

1. 1) These rules may be called the Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979.

   2) They shall come into force on the 1st day of July, 1979.

2. For the purposes of these rules-

   a) 'Government' means the Government of the People's Republic of Bangladesh;

   b) 'Leave' means leave on average pay or earned leave as admissible under the existing rules taken for the purpose of rest and recreation for a period of not less than one month;

   Provided that in the case of employees of the vacation department, long vacation of not less than one month's duration shall be treated as leave for the purpose of these rules;

   c) 'pay' means the pay admissible to a Government servant under the Services (Grades Pay and Allowances) Order, 1977;

   d) 'recreation allowance' means the allowance admissible under these rules;

   e) 'service' means the continuous Government service rendered under the Government by a Government servant to whom these rules apply.

3. These rules shall apply to all non-gagetted Government servants other than those employed in work-charged establishment or paid from the contingency fund or appointed on contract.

4. A Government servant to whom these rules apply shall be granted a recreation allowance equal to one month's pay once in every three years if he takes leave for rest and recreation: Provided that -

   a) a Government servant who has completed three years or more of service on the 1st day of July, 1979, shall be entitled to the recreation allowance with effect from the date on which these rules come into force;

   b) a Government servant who has not yet completed three years' service, or who may appointed after the 1st day of July, 1979, shall be entitled to the recreation allowance on completion of three years' service.

5. The recreation allowance shall be granted in addition to the leave salary as admissible under the rules.

6. A government servant who cannot be granted leave in the exigencies of public service and cannot thereby avail of the recreation allowance at the time he applied for the leave, he shall be granted such allowance when he goes on leave, but in his case the next payment of the recreation allowance shall be due after an interval of three years from the date on which he had applied for the leave.

7. The power of interpreting these rules is reserved to the Government in the Finance Division of the Ministry of Finance.

By Order of the President,

Md. Sayeedur Rahman
Deputy Secretary

No.MF/R-II/L-1/78-71(1000) Dated: 17-3-1979

Copy forwarded for information and necessary action to .

1. Ministry Secretary to the President.
2. Private Secretary to the President, Bangladesh, Dacca.
3. All Private Secretariates to the Ministries/ state Ministers.
4. All Secretatires to the Govt. of Bangladesh.
5. All Addl. Secretaries to the Govt. of Bangladesh.
6. All Joint Secretaries/Financial Advisers to the Govt. of Bangladesh.
7. All Deputy Secretaries/Deputy Financial Advisers to the Govt. of Bangladesh.
8. All Ministers/Divisions (Section-Wise).
9. All Officers of the Ministry of Finance.
10. Controller and Auditor General.
11. Accountant General (Civil)/ Accountant General (Military).
12. Accountant General (Works and WAPDA).
13. Accountant General, P.T.&T.
14. Accountant General, Bangladesh Railways.
15. AddL Accountant General, Ministry of Foreign Affairs.
16 Chairman, National Board of Revenue.
17 All Heads ofthe Departments.
18 All Divisional Commissioners.
19 All Heads of the Directorates.
20 All Deputy Commissioners.
21 All Sub-Divisional Officers.
22 All Treasury Officers.
23 Registrar, Supreme Court.
24 Registrar, High Court.
25 Bangladesh Public Service Commission.
26 Principal Information Officer, Ministry of Information and Broadcasting.
27. O.S.D., Bangladesh Govt. Press.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
Implementation Division

# NOTIFICATION

No.MF(ID)III/R-17/79/698 Dated: Dacca the 4th July, 1979

In exercise of the powers conferred by section 5 of the Services (Reorganization Conditions) Act, 1975 (XXXII of 1975), the Government is pleased to make the following further amendment in the Services (Grades, Pay and Allowances) Order 1977, namely: -

In the aforesaid Order, in paragraph 11, after clause (b) the following new clause shall be inserted, namely:-

'(bb) Recreation allowance granted under the Bangladesh Services (Recreation Allowance) Rule, 1979.

By Order of the President,

A.F.M. EHASANUL KABIR
Secretary.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধান উইং
শাখা- ২

নং-এম,এফ(আর-২)এল-১/৭৮(অংশ-২)/৫৯ তারিখ: ৮-৯-১৯৭৯

## স্মারকলিপি

অত্র বিভাগ কর্তৃক জারিকৃত ১৭-৩-১৯৭৯ তারিখের S.R.O. No. 61-L/ 79-MF (R-II)L-1/ 78-71 বিজ্ঞপ্তিতে বর্ণিত বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে নিম্নলিখিত সংশয়গুলি দেখা দিয়াছে:-

১) নন-গেজেটেড কর্মচারীরা চলতি দায়িত্বের ভিত্তিতে গেজেটেড পদ ধারণ করিলে শ্রান্তি ও বিনোদন ছুটির ক্ষেত্রে তাঁহারা গেজেটেড অফিসার হিসাবে গণ্য হইবেন কি না।

২) নূতন জাতীয় বেতনের ১৪নং স্কেলের উর্ধ্বের কর্মচারীরা শ্রান্তি ও বিনোদন ছুটির ক্ষেত্রে গেজেটেড কর্মচারীরূপে গণ্য হইবেন কি না।

৩) যে সমস্ত কর্মচারীরা অবসর প্রস্তুতি ছুটিতে (এল.পি.আর) আছেন তাঁহারা বিনোদন ভাতা প্রাপ্ত হইবেন কি না।

৪) শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণ না করিয়া কোন কর্মচারী বিনোদন ভাতা গ্রহণ করিতে পারেন কি না।

৫) শ্রান্তি ও বিনোদন ছুটির পরিমাণ এক মাসের কম সময়ের জন্য মঞ্জুরী দেওয়া যাইবে কি না।

৬) বিনোদন ভাতা প্রদানের ক্ষেত্রে জ্যেষ্ঠতা কিভাবে নির্ণিত হইবে।

বর্ণিত সংশয়গুলি পরীক্ষা করতঃ সরকার সদসয় হইয়া ক্রমিক নং অনুযায়ী নিম্নলিখিত স্পষ্টীকরণ প্রদান করিতেছে:-

১) যে সমস্ত নন-গেজেটেড কর্মচারীরা চলতি দায়িত্বের ভিত্তিতে গেজেটেড পদে কাজ করিতেছেন তাঁহারা গেজেটেড পদের বেতন প্রাপ্ত হন না। তাঁহারা স্ব-কাজের দায়িত্বসহ উচ্চতর পদের কাজ দেখা শোনা করিয়া থাকেন। অতএব, তাঁরা গেজেটেড পদের পূর্ণ দায়িত্বও পালন করেন না। গেজেটেড পদের পূর্ণ দায়িত্ব পালন না করিলে এবং পদের বেতন প্রাপ্ত না হইলে গেজেটেড অফিসার হিসাবে গণ্য করিবার সুযোগ নাই। অতএব, বিনোদন ভাতার ক্ষেত্রে তাঁহাদিগকে গেজেটেড অফিসার হিসাবে গণ্য করিবার অবকাশ নাই।

২) নূতন জাতীয় বেতন স্কেল অনুযায়ী কোন পদের মর্যাদার পুনঃর্বিন্যাস এখনও করা হয় নাই। অর্থাৎ, কোন পদ গেজেটেড অথবা নন-গেজেটেড বলিয়া গণ্য হইবে এই বিষয়টি নূতন জাতীয় বেতন স্কেলের পরিপ্রেক্ষিতে এখনও নির্ধারণ করা হয় নাই। অতএব, যে সমস্ত পদ ৩০-০৬-৭৭ তারিখে নন-গেজেটেড পদ হিসাবে গণ্য হইত, ঐ সকল পদ নূতন জাতীয় বেতন স্কেলের যে স্কেলেই অন্তর্ভুক্ত হোক না কেন- সেই সকল পদের ক্ষেত্রে বিনোদন ভাতা প্রদানযোগ্য হইবে।

৩) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণ। যে সমস্ত কর্মচারীরা অবসর প্রস্তুতির ছুটিতে (এল.পি.আর) আছে তাঁহাদের পক্ষে উক্ত ছুটি শ্রান্তি ও বিনোদন ছুটিতে পরিবর্তিত করিবার অবকাশ নাই। অতএব, বর্ণিত কর্মচারীরা বিনোদন ভাতা প্রাপ্ত হইবেন না।

৪) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরী। অতএব উক্ত ছুটির মঞ্জুরী ছাড়া বিনোদন ভাতা প্রদানে অবকাশ নাই।

৫) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল এক মাস শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরী। অতএব, উক্ত সময়ের কম সময়ের জন্য ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে বিনোদন ভাতা প্রাপ্তব্য নহে।

৬) বিনোদন ভাতা মঞ্জুরীর বিষয়ে সরকারি কর্মচারীর জ্যেষ্ঠতা সরকারি চাকরিতে তাহারা যোগদানের তারিখ থেকে নির্ধারিত হইবে। তবে যে সমস্ত কর্মচারীর অবসর প্রস্তুতির ছুটি/ চাকরি থেকে অবসর গ্রহণ নিকটবর্তী তাহাদেরকে বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

মোঃ সাইদুর রহমান
উপ-সচিব

নং-এম,এফ(আর-২)এল১/৭৮(অংশ-২)/৫৯(১০০০) তারিখ: ৮-৯-১৯৭৯

প্রতিলিপি জ্ঞাতার্থে ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ------------------------------------- সমীপে প্রেরিত হইল।

কে. এম করিম
সেকশন অফিসার

বন্টন:
১। মহামান্য রাষ্ট্রপতির সচিব।
২। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।
৩। মহামান্য উপ-রাষ্ট্রপতির সচিব।
৪। মহামান্য উপ-রাষ্ট্রপতির একান্ত সচিব।
৫। মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৬। মাননীয় উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। মাননীয় মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৮। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৯। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব।
১০। সকল সচিব মহোদয়ের একান্ত সচিব বৃন্দ।
১১। রাষ্ট্রপতির সচিবালয়।
১২। সকল মন্ত্রণালয়/ বিভাগ (শাখা ভিত্তিক)।
১৩। অর্থ মন্ত্রণালয়ের সকল অফিসারবৃন্দ।
১৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
১৫। প্রত্যেক অর্থ উপদেষ্টার দপ্তর।
১৬। সচিব, পাবলিক সার্ভিস কমিশন।
১৭। রেজিষ্ট্রার, সুপ্রীম কোর্ট।
১৮। প্রধান নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
১৯। মহা-হিসাবরক্ষক (সামরিক)।
২০। মহা-হিসাবরক্ষক (ডাক, তার ও দুরালাপনী)।
২১। মহা-হিসাবরক্ষক (সিভিল)।
২২। অতিরিক্ত হিসাবরক্ষক, পররাষ্ট্র মন্ত্রণালয়।
২৩। মহা-হিসাব পরিচালক (বাণিজ্যিক হিসাব নিরীক্ষণ)
২৪। মহা-হিসাবরক্ষক জেলওয়ে চট্টগ্রাম।
২৫। সচিবালয়ের প্রত্যেক হিসাবরক্ষণ অফিসার ডি.ডি.ও।
২৬। প্রত্যেক পরিদপ্তর প্রধান।
২৭। প্রত্যেক বিভাগীয় কমিশনার।
২৮। প্রত্যেক জেলা প্রশাসক।
২৯। প্রত্যেক মহকুমা প্রশাসক।
৩০। প্রত্যেক ট্রেজারি সাব-ট্রেজারি অফিসার।
৩১। প্রত্যেক জেলা বিচারক।
৩২। মহা-পরিচালক, নিপা।
৩৩। মহা-পরিচালক হিসাব নিরীক্ষণ প্রশিক্ষণ একাডেমী।
৩৪। প্রধান তথ্য অফিসার, তথ্য ও বেতার মন্ত্রণালয়।
৩৫। মহা-হিসাবরক্ষক (পূর্ত পানি ও বিজলী)
৩৬। মহা পরিচালক (স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা)।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
Regulation Wing
Section-II

## NOTIFICATION

No.S.R.O.250-L/81-MF/R-II/L-6/79(Pt-I)-162 Dated: 6-8-81

In exercise of the powers conferred by the proviso to article 133 of the Constitution of the People's Republic of Bangladesh the President is pleased to make the following amendments in the Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979, namely:-

### Amendments

In the aforesaid rules, -

1) in rule 3, the word 'non-gazetted' shall be omitted; and

2) in rule 4, for the proviso the following shall be substituted, namely:-

'Provided that-

a) a Gazetted Government servant who has completed three years or more of service on the 1st day of July, 1981, shall be entitled to the recreation allowance:

b) a Gazetted Government servant who has not completed three years' service on 1st day of July, 1981, or who may be appointed on or after the 1st day of July, 1981 shall be entitled to the recreation allowance on completion of three years' service;

c) a non-Gazetted Government who has completed three years or more of service on the 1st day of July, 1979, shall be entitled to the recreation allowance;

d) a non-Gazetted Government servant who has not completed three years' service on the 1st day of July, 1979, or who may be appointed on or after the 1st day of July, 1979, shall be entitled to the recreation allowance on completion of three years service'.

By order of the President,

Sd/- Md/ Jamal Hossain
Deputy Secretary

No.MF/R-II/L-6/79(Pt-I)-162(1000) Dated: 6-8-81

Copy forwarded for information and necessary action to ………………………

M. A. Rahim Mian
Section Officer
Phone No. 409688

Distribution:

1. Private Secretary to the Hon'ble President.
2. Private Secretary to the Hon'ble Prime Minister/Deputy Prime Ministers/Ministers/State Ministers/Deputy Ministers.
3. All Secretaries/Additional Secretaries/Joint Secretaries/Financial Adviser to the Govt. of Bangladesh.
4. All Ministries/Division.
5. Comptroller and Auditor General of Bangladesh, Dacca.
6. Millitary Accountant General/ Accountant General (Civil)/ Accountant General (W&W)/ Accountant General (P.T & T)/ Additional Accountant General, Foreign Affairs/ Accountant General (Railways), Chittagong.
7. All Heads ofthe Departments.
8. O.S.D., Bangladesh Govt. Press, Dacca.

9. All Officers & Sections of the Ministry of Finance, Finance Division.
10. Bangladesh Public Service Commission, Dacca.
11. Bangladesh Election Commission, Dacca.
12. Registrar, Supreme Court, Dacca.
13. Registrar, High Court, Dacca/All District Judges.
14. All Divisioin Commissioners/Deputy Commissioners/Sub-Divisional Officers.
15. All District Accounts Officers/Treasury Officers/Sub-Treasury Officers
16. Principal Information Officers, Ministry of Information & Broadcasting, Dacca.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
REGULATION WING
SECTION-II

Memo.No-MF/R-II/L-6/79(Pt-1)/235 Dated: 10.12.81

# CIRCULAR

**Subject:- Guide-lines for the grant of recreation allowance.**

In has come to the notice of the Government that rest and recreation leave is being sanctioned to the gazetted officers by some Ministries/ Divisions/ Departments/ Directorates/ Subordinate office etc, overlooking guide-lines about the number of officers to be allowed to enjoy rest and recreation leave in a year and the maximum ceiling of expenditure admissible on this account each year. In this connection it may be pointed out that (one-third) of the eligible officers only shall be allowed to enjoy it in a year and the expenditure on this account must be restricted within $^{1}/_{36}$ (one-thirty sixth) of the total budget grants under the head 'pay of officers' of each year.

2. All concerned are not again requested strictly to adhere to the above guide-lines so as to avert any future complication. It may also be made clear to them that no excess allotment of funds over the ceiling of expenditure admissible on this account will be available in the current year.

(K. M. Ahmed)
Joint Secretary.

No-MF/R-II/L-6/79(Pt-1)/235(1000) Dated: 10.12.81

Copy forwarded for information and necessary action to ------------

Sd/- K.M. Karim,
Section Officer
Phone No. 409688

Distribution:-

1. Private Secretary to the Hon'ble President.
2. Private Secretaries to the Hon'ble Prime Minister/ Deputy Prime Ministers/ Ministers/ State ministers/ Deputy Ministers.
3. All Secretaries/ Additional Secretaries/ Joint Secretaries/ Financial Advisers to the Government of Bangladesh.
4. All Ministries/ Division.
5. Comptroller & Auditor General/ Accountant-General of Bangladesh, Dacca.
6. Military Accountant General/ Accountant-General (Civil)/ Accountant-General (W&W)/ Accountant-General (PT&T)/ Additional Account-General, Foreign Affairs/ Accountant-General (Rail Ways), Chittagong.
7. All Heads of Departments.
8. OSD Bangladesh Govt. Press, Dacca.
9. All officers and Sections of Ministry of Finance, Finance Division.
10. Bangladesh Public Service Commission, Dacca.
11. Bangladesh Election Commission, Dacca.
12. Registrar Supreme Court, Dacca.
13. Registrar, High Court, Dacca/ All District Judges.
14. All Divisional Commissioners/ Deputy Commissioners/ Sub Divisional Officers.
15. All District Accounts officers/ Treasury Officers/ Sub-Treasury Officers.
16. Principal Information Officer, Ministry of Information & Broadcasting, Dacca.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE & PLANNING
FINANCE DIVISION
REGULATION BRANCH
SECTION-II

# NOTIFICATION

No.S.R.O.36-L/83/MF/R-II/L-6/79(Pt-I)/443 Dated: 31-1-1983

In pursuance of the Proclametion of the 24th March, 1982, and in exercise of powers enabling him in that behalf, the Chief Martial Law Administrator is pleased make the following further amendment in the Bangladesh Service (Recreation Allowance) Rules, 1979 namely:-

In the aforesaid Rules, in rule 2, in clause (b),

a) for the words 'one month' the words 'fifteen days' shall be substituted; and

b) for the word 'one month's' the words 'fifteen days' shall be substituted.

2. The amendment shall in respect of Government servants in the National Board of Revenue, be deemed to have taken effect from the 5th January, 1982, and in respect of others, from the date of the publication of this notification.

By order of the
Chief Martial Law Administrator

Aolad Hossain Khan
Deputy Secretary,
Finance Division.

No.S.R.O.36-L/83/MF/R-II/L-6/79(Pt-I)/443(1000) Dated: 31-1-1983

Copy forwarded for information and necessary action to:-

K.M. Karim
Section Officer
Phone No. 235111/3688

Distribution:
1. Principal Staff Officer to the CMLA, Old Assembly House, Tejgaon, Dhaka.
2. Private Secretary to the President, Bangabhaban, Dhaka.
3. Private Secretaries to the DCMLA'S
4. Private Secretaries to the Ministers.
5. All Zonal Martial Law Administrators
6. All Ministries/Divisions (Section Wise)
7. Comptroller and Auditor General, Dhaka.
8. Accountant General (Civil), Bangladesh, Dhaka.
9. Accountant General (Railways), Bangladesh, Chittagong
10. Accountant General (Millitary), Bangladesh, Dhaka.
11. Accountant General (Work & WAPDA), Bangladesh, Dhaka.
12. Accountant General (PT & T), Bangladesh, Dhaka.
13. Accountant General (Foreign Affairs), Bangladesh, Dhaka.
14. All Head of the Departments
15. All Divisional Commissioners
16. All Deputy Commissioners
17. All Thana Executive
18. All Distrist Accountants/Treasury Officers
19. All Officer of the Finance Division (including all DFAS), NBR, Shegunbagicha, Dhaka
20. All Sub-Divisional Officers
21. Bangladesh Public Service Commission.
22. Bangladesh Election Commission.
23. Registrar, Supreme Court, Dhaka
24. Principal COTA, Dhaka.
25. Director-General NIPA, Dhaka.
26. Director STI, Shegun Bagicha, Dhaka.
27. Principal Information Officer, Ministry of Information and Broadcasting Bangladesh Secretariat, Dhaka.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-২

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮

তারিখ: ২০-৩-১৯৮৯ ইং
৬-১২-১৩৯৫ বাং

## অফিস স্মারক

**বিষয়: শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদান সংক্রান্ত।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছেন যে, অত্র বিভাগ কর্তৃক জারিকৃত ১৭-৩-১৯৭৯ তারিখের এস.আর.ও নং ৬১-এল/৭৯ এম এফ/ আর II/ এল-১/৭৮-৭১ বিজ্ঞপ্তিতে বর্ণিত শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্যতার ভিত্তি হিসাবে নিম্নলিখিত চার ধরণের তথ্য বিবেচনা করা হয় বলিয়া সরকারের গোচরীভূত হইয়াছে:-

১) চাকরিতে নিয়োগের তারিখ ;

২) বিগত শ্রান্তি ও বিনোদন ছুটি শুরুর তারিখ ;

৩) ছুটি শেষ হওয়ার পরের দিনের তারিখ ;

৪) আবেদনপত্রের তারিখ।

এই চার ধরণের গণনার দরুণ সম্ভাব্য বিভ্রান্তি দূরীকরণার্থে নিম্নবর্ণিত স্পষ্টীকরণ প্রদান করা হইল:

ক) ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদনকারীর আবেদনের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর হিসাব করিতে হইবে।

খ) কোন কর্মচারী যে মাসে ছুটিতে যাইবেন সেই মাসে যে মূল বেতন পাইবেন উহাই তাঁহার চিত্ত-বিনোদন ছুটির বিধিসম্মত এক মাসের বেতন বলিয়া গণ্য হইবে।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারী সচিব (প্রবি-২)।

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮

তারিখ: ২০-৩-১৯৮৯ ইং
৬-১২-১৩৯৫ বাং

**অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হইল:-**

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
২। সচিব ---------------------------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ঢাকা।
৪। মহা-হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
৭। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিযোগাযোগ), ঢাকা।
৮। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
৯। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১০। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারী সচিব (প্রবি-২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
<u>বাস্তবায়ন শাখা- ১</u>

নং-অম/অবি(বাস্ত-১)/ভাতা-১৬/৯৫/১৭৬

তারিখ: ২৮-৩-১৪০৬ বাং / ১২-৭-১৯৯৯ ইং

## অফিস স্মারক

**বিষয়: সরকারি কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, Bangladesh Service (Recreation Allowance) Rulse 1979 অনুযায়ী সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারী প্রতি তিন বছর অন্তর ছুটি পাওনা সাপেক্ষে ন্যূনতম ১৫ দিনের অর্জিত ছুটিসহ এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসাবে প্রাপ্য হন। কিন্তু অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/ অবি (বাস্ত-৪) এফবি-১২/৮৬/২৯ তারিখ ৮-৭-১৯৮৮ইং/২০-৩-১৩৯৫ বাং মূলে গেজেটেড কোন কর্মকর্তা যে অর্থ বছরে চিত্ত বিনোদন ভাতা গ্রহণ করিবেন সেই অর্থ বছরে উৎসব ভাতা প্রাপ্য হইবেন না মর্মে শর্ত আরোপ করায় এবং বাস্তবে প্রতি অর্থ বছরে উৎসব ভাতার পরিমাণ ২ (দুই) মাসের মূল বেতনের সমান এবং চিত্ত বিনোদন ভাতার পরিমাণ এক মাসের মূল বেতনের সমান হওয়ায় কোন কর্মকর্তাই সঙ্গত কারণে চিত্ত বিনোদন ভাতা গ্রহণ করেন না।

২। কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য শ্রান্তি বিনোদনের অপরিহার্যতা বিবেচনা করিয়া উৎসব ভাতা গ্রহণ সত্ত্বেও সকল কর্মকর্তার প্রাপ্যতা অনুযায়ী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে সরকার বিষয়টি পর্যালোচনাপূর্বক অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/ অবি (বাস্ত-৪) এফবি-১২/ ৮৬/ ২৯ তারিখ ৩-৭-১৯৮৮ইং/২০-৩-১৩৯৫ বাং এর প্রথম অনুচ্ছেদের শেষাংশে বর্ণিত 'তবে ঘোষিত (গেজেটেড) কোন কর্মকর্তা যে আর্থিক বৎসরে চিত্ত বিনোদন ভাতা গ্রহণ করিবেন ঐ অর্থ বৎসরে তিনি কোন উৎসব ভাতা প্রাপ্য হইবেন না' শর্তটি এতদ্বারা বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

৩। এই সিদ্ধান্ত ০১-৭-১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)।

নং-অম/অবি(বাস্ত-১)/ভাতা-১৬/৯৫/১৭৬

তারিখ: ২৮-৩-১৪০৬ বাং / ১২-৭-১৯৯৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেওয়া হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
তাঁহার অধীন অফিসগুলিতে ইহার অনুলিপি দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীন অফিসগুলিতে ইহার অনুলিপি দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগে সচিব/ ভারপ্রাপ্ত সচিব ------------------------------
তাঁহার অধীন অফিসগুলিতে ইহার অনুলিপি দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়- প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করিয়া গেজেটের একশত কপি অর্থ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।

মোঃ ইউসুফ
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা- ১

নং- অম/অবি/বাউ- ১/বিবিধ- ৩০/৯৯/১২০৭ তারিখ: ১৫/০৭/১৯৯৯ খ্রিঃ
৩১/০৩/১৪০৬ বং

প্রেরক: মোঃ আমজাদ হোসেন
উপ- সচিব (বাজেট- ১)

প্রাপক: সচিব
.................................... মন্ত্রণালয়/ বিভাগ।

**বিষয়: শ্রান্তি বিনোদন ভাতা বাবদ অতিরিক্ত বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

মহোদয়,

Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 অনুযায়ী সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারী প্রতি তিন বছর অন্তর ছুটি পাওনা সাপেক্ষে ন্যূনতম ১৫ দিনের অর্জিত ছুটিসহ এক মাসে মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য হন। অর্থ বিভাগের ১২/০৭/৯৯ খ্রিঃ তারিখের অম/অবি(বাস্ত- ১)/ভাতা- ১৬/৯৫/১৭৬ নং অফিস স্মারকে "ঘোষিত (গেজেটেড) কোন কর্মকর্তা যে আর্থিক বৎসরে চিত্ত বিনোদন ভাতা গ্রহণ করিবেন, ঐ অর্থ বৎসরে তিনি কোন উৎসব ভাতা প্রাপ্য হইবেন না" শর্তটি ০১/০৭/১৯৯৯ খ্রিঃ তারিখ হইতে বাতিল করায় চলতি (১৯৯৯- ২০০০) অর্থ বৎসরে কর্মকর্তাগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গ্রহণের জন্য স্বাভাবিকভাবেই আবেদন করিবেন। কিন্তু চলতি অর্থ বৎসরের বাজেটে কর্মকর্তাদেরকে শ্রান্তি বিনোদন ভাতা প্রদান বাবদ কোন অর্থ বরাদ্দ রাখা হয় নাই বিধায় প্রয়োজনীয় অর্থের অভাবে কর্মকর্তাদেরকে শ্রান্তি বিনোদন ভাতা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরসমূহ অসুবিধার সম্মুখীন হইবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে শ্রান্তি বিনোদন ভাতা প্রদানের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরসমূহের অসুবিধা দুর করিবার লক্ষ্যে চলতি অর্থ বৎসরের বাজেটে মঞ্জুরী নং- ৪ এর অধীন 'অর্থ বিভাগ- অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা- বেতনস্কেল বাস্তবায়ন' (কোড নং- ৩- ০৯২৩- ০০০০- ৬৬৮৭) খাত হইতে কর্মকর্তাদেরকে শ্রান্তি বিনোদন ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় অর্থ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরের বাজেটে অতিরিক্ত বরাদ্দ হিসাবে প্রদান করা হইল। এই অতিরিক্ত বরাদ্দ প্রদানের ফলে মন্ত্রণালয়/ বিভাগসমূহের আওতাধীন অপারেশন ইউনিটসমূহের বাজেটে কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতা বাবদ রক্ষিত বিদ্যমান বরাদ্দের সাথে কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ভাতা বাবদ প্রয়োজনীয় বরাদ্দ যোগ হইবে। উল্লিখিত অতিরিক্ত বরাদ্দসহ শ্রান্তি বিনোদন ভাতা বাবদ চলতি অর্থ বৎসরের পুনঃনির্ধারিত বরাদ্দের পরিমাণ সম্বলিত মন্ত্রণালয়/ বিভাগ ওয়ারী একটি বিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হইল।

৩। কর্মকর্তাদেরকে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে নিম্নে বর্ণিত নীতিমালা অনুসরণ করিতে হইবে।

ক) কোন দপ্তর /অপারেশন ইউনিটে কর্মরত কর্মকর্তাগণের মধ্যে জ্যেষ্ঠতম এক তৃতীয়াংশ কর্মকর্তাকে চলতি (১৯৯৯- ২০০০) অর্থ বৎসরে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুর করা যাইতে পারে।

খ) যে সকল কর্মকর্তা বর্তমানে অর্থ বৎসরে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমন করিবেন তাহারা উপরের (ক) অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/অপারেশন ইউনিটে কর্মরত কর্মকর্তাগণের মধ্যে জ্যেষ্ঠতম এক তৃতীয়াংশ কর্মকর্তার অন্তর্ভুক্ত না হইলেও তাঁহাদের অনুকূলে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুর করা যাইতে পারে। তবে কোনক্রমেই সংশ্লিষ্ট দপ্তর/অপারেশন ইউনিটে কর্মরত কর্মকর্তাগণের এক তৃতীয়াংশ কর্মকর্তার অধিক কর্মকর্তাকে চলতি অর্থ বৎসরে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুর করা যাইবে না।

গ) সংশ্লিষ্ট দপ্তর/অপারেশন ইউনিটের স্বাভাবিক কাজ- কর্ম যাহাতে ব্যহত না হয় তাহার প্রতি লক্ষ্য রাখিয়া সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ শ্রান্তি বিনোদন ছুটি ও বিনোদন ভাতা মঞ্জুরীর উপযুক্ত সময় নির্ধারণ করিবেন।

আপনার অনুগত

মোঃ আমজাদ হোসেন
উপ- সচিব (বাজেট- ১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
শাখা-৩

নং-অম/অবি/প্রবি-৩/ছুটি-৩/৯০/৪০ তারিখ: ২০/০৩/২০০৭ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ ব্যাংকের ন্যায় অন্যান্য রাষ্ট্রায়াত্ব বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ব্যাংকিং প্রশাসন অনুবিভাগের অম/ অবি/ ব্যাংকিং/ প্রঃশা-৩/ এলা-২/৯৯ নং নথির নোটানুচ্ছেদ ৭৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য শ্রান্তি বিনোদন ভাতা প্রচলনের মাধ্যমে অন্যান্য রাষ্ট্রয়াত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানগুলোর দাবী যৌক্তিকতা পাইয়াছে। বাংলাদেশ ব্যাংকের ন্যায় অন্যান্য রাষ্ট্রয়াত্ব বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের জন্য বিদ্যমান ছুটি নগদায়ন প্রথা বাতিলপূর্বক সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে প্রতি ৩ (তিন) বছর অন্তর শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরের প্রস্তাব যৌক্তিক মর্মে বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের নিকট প্রতীয়মান হইয়াছে।

মোঃ ইউনুচ আলী খান
সহকারী সচিব
অর্থ বিভাগ।

যুগ্ম-সচিব
ব্যাংকিং প্রশাসন অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

# উৎসব ভাতা

GOVERNMERT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
Implementation Division

No.MF(ID)IV/IND(A)-7/80/1057, Dated, Dhaka the 6th August. 1980.

## OFFICE MEMORANDUM

**Subject: Festival Bonus for Corporation & Autonomous Bodies.**

The undersigned is directed to say that Govt. have been pleased to decide that with effect from 1st January, 1980, employees (i.e. Officers & Staff) of only the Corporation and Autonomous Bodies whose principal functions are production, manufacturing generation, processing distribution trading and other commercial activities but which are not dependent on Govt., budget are provision for financing their operation shall be entitled to an Annual Festival bonus equivalent to one month's pay payable in one or two instalments, to be decided by the respective organisation'

K. A. MANNAN
Joint Secretary
(Current Charge)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
E. C. R. S IMPLEMENTATION WING

No.MF-FD(Imp)-IV-FB-1-84-120 Dated: 5-9-1984.

**Sub: Festival Bonus 'Festival allowance' for the employees of Corporation Autonomous Bodies and Govt. servants.**

With reference to the former Implementation Division's 0 M. No. MF (ID)IV/ IND (A)/ 80/ 1057 dated 6-8-1980 and Finance Division, E. C. R. and Implementation Wing's O M. No. MFP/ FD (Imp)-IV/ FE/ 12/ 84/ 76 dated 2-6-1984 the undersigned is directed to any that the provisions of these orders are quite clear. However, to remove confusion it is clarified that the Festival bonus allowance IS to be treated differently from Profit bonus or Incentive bonus (which is admissible when an organisation makes profit). Festival bonus/ allowance is given irrespective of whether any organisation makes a profit or not. This is a special dispensation of the nature of the ex-gratia payment by Govt. employer.

For those employees who are governed by the Wages Act, if the relevant Govt. order sanctioning Festival bonus/ allowance determined it in terms of monthly Wages, then their will, according to the wages Act, include Dearness Allowance, unless the relevant order restricts it to basic wage. But for other employees who are not governed by the Wages Act, i. o. Govt. employees and employees of Autonomous Bodies 'Corporations, Festival bonus allowance, according to the relevant Government order is determined in terms of one month's pay which does not and can not include Dearness Allowance.

This is for information and guidance of all concerned.

H. R. Datta.
Deputy Secretary.

GOVERNMENT OF PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
E.C.R.& IMPLEMENTATION WING

NO-MFP/FD(Imp)-IV/FB/12/84/78 Dated 2.6.1984

## OFFICE MEMORANDUM

**Subject:- Festival Allowance for all Government Servants and employees of Corporations and Autonomous Bodies.**

The undersigned is directed to say that the Government have been pleased to decide that all Govt. servants shall be entitled to an annual Festival Allowance equivalent to one month's basic pay payable in two instalments to the Muslim employees on the occasion of two Eid-Festivals and in one instalment to the employees of other communities payable on the occassion of any main festival, subject to the condition that the gazetted officers will not be entitled to draw this in the year in which they enjoy Rest and Recreation Leave and draw Rest and Recreation allowance.

2. The above benefit will also be admissible to the employees and officers of the Corporations and Autonomous Bodies provided festival bonus is not admissible to them as per existing order.

3. This will take effect from the date of issue of this order.

H. R. Datta
Deputy Secretary.

Distribution:-
1) P.S.O to CMLA, Secretariat, Old, Sangshad Bhaban, Tejgaon, Dhaka.
2) President Secretariat. Personal Division, Dhaka.
3) President Secretariat Public Division, Dhaka,
4) Prime Minister' s Secretariat, Dhaka.
5) All Ministries/ Divisions with the request to endorse it's copy to the offices under their Administrative Control.
6) Heads of all Corporations and Autonomous Bodies.
7) C & A.G. Bangladesh, Dhaka.
8) Controller General, Defence finance (M---G) Bangladesh, Dhaka.
9) Accountant General, (Civil), Bangladesh. Dhaka.
10) Accountant General (Works &WAPSA), Bangladesh, Dhaka.
11) Director General, Commercial Audit, Bangladesh, Dhaka.
12) Director, Railway Audit, C.R.B, Chittagong
13) director General Local & Revenue Audit, Bangladesh, Dhaka.
14) Accountant General, P.T, & T, Bangladesh, Dhaka.
15) Additional A.G. foreign Affairs, Dhaka.
16) All Dy, Financial Advisers.
17) Officer-in-Charge. Bangladesh Govt, Press for Publication in the next official Gazette.
18) All officers of Implementation wing, Finance Division,
19) Autonomous Bodies wing, Finance Division.
20) Guard File.

Sirajuddun Ahmed
Section Officer- IV

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ, প্রবিধি ও বাস্তবায়ন উইং
বাস্তবায়ন শাখা- ৪

নং-অম-অবি(বা)-৪-এফ,বি-১২-৮৪/(অংশ)/১০৭ তারিখ: ৩০-৭-১৯৮৪ ইং।

**বিষয়: সাময়িক বরখাস্তকালীন এবং অবসর প্রস্তুতিজনিত ছুটিতে থাকাকালীন সময়ে উৎসব ভাতা প্রাপ্যতা প্রসঙ্গে।**

অর্থ বিভাগের ২-০৬-১৯৮৪ তারিখের এম,এফ,পি/ এফ-ডি(ইমপ্লি)-৪/এফ-বি/১২/৮৪/৭৮ নং স্মারকে মঞ্জুরীকৃত উৎসব ভাতা প্রসঙ্গে আদিষ্ট হয়ে নিম্নবর্ণিত ব্যাখ্যা প্রদান করা হল:

ক) অবসর প্রস্তুতিজনিত ছুটিতে থাকাকালীন সময়ে সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ উক্ত ছুটির অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের ভিত্তিতে অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীগণের ন্যায় উৎসব ভাতা প্রাপ্য হইবেন।

খ) সাময়িক বরখাস্তকালীন সময়ে সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের সাময়িকভাবে বরখাস্তের অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের যে অংশ 'সাবসিসটেন্স গ্র্যান্ট' হিসাবে প্রাপ্য, সে অংশের সমান উৎসব ভাতা ইসলাম ধর্মাবলম্বী কর্মকর্তা/ কর্মচারীগণ দুই ঈদ উৎসবে সমান দু'ভাগে এবং অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা/ কর্মচারীগণ তাহাদের মূল উৎসবে এককালীন প্রাপ্য হবেন।

এইচ, আর, দত্ত
উপ-সচিব।

বিতরণ:

১। প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির সচিবালয়, পারসোনাল বিভাগ, ঢাকা।
৩। রাষ্ট্রপতির সচিবালয়, পাবলিক বিভাগ, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর সচিবালয়, ঢাকা।
৫। সকল মন্ত্রণালয়/ বিভাগকে তাদের অধীনস্থ সকল সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে ইহার অনুলিপি প্রেরণ করার অনুরোধ করা হ'ল।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৭। কন্ট্রোলার জেনারেল, সামরিক অর্থ (এম,এ,জি), বাংলাদেশ, ঢাকা।
৮। মহা-হিসাবরক্ষক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
৯। মহা-হিসাবরক্ষক (পূর্ত, পানি ও বিজলী), বাংলাদেশ, ঢাকা।
১০। মহা পরিচালক, বাণিজ্যিক নিরীক্ষা বাংলাদেশ, ঢাকা।
১১। পরিচালক রেলওয়ে নিরীক্ষা সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১২। মহা-পরিচালক, স্থানীয় রাজস্ব নিরীক্ষা, বাংলাদেশ, ঢাকা।
১৩। মহা হিসাবরক্ষক (ডাক, তার ও দুরালাপনী), বাংলাদেশ, ঢাকা।
১৪। অতিরিক্ত মহা-হিসাবরক্ষক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। সকল মন্ত্রণালয়/ বিভাগের উপ-অর্থ-উপদেষ্টা।
১৬। বাস্তবায়ন উইং-এর সকল কর্মকর্তাবৃন্দ।
১৭। গার্ড ফাইল।
১৮। কম্পাইলেশন ফাইল।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
E. C. R. & Implementation Wing

No.MF/FD(Imp)-4-F-B/12/84/Part/114 Date 28-8-1984

## OFFICE MEMORANDUM

**Sub: Festival Allowance for all Government servants and employees of Corporation Autonomous Bodies.**

It has come to the notice of the Government that certain confusion has arise the admissibility of Festival Allowance to the employees and officers of the Corporation and Autonomous Bodies, allowed vide a para 2 of the Finance Division (ECR & Implementation Wing) O.M. No. MFP/FD(Imp)- IV/ FB/ 12/ 84/ 78 dated 2-6-1984.

2. The matter has been examined and the Government announced to make the following clarification in order to remove any confusion in this regard:

Festival Allowance will be admissible to all employees and officers of the corporation and Autonomous Bodies, excepting those who draw Festival Bonus or Ordinary Bonus/ allowance or any such benefit on the occasion of religious festivals, by whatever these may be called.

3. The above clarification is issued for information and guidance of all concerned.

H. R. Datta
*Deputy Secretary*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ, প্রবিধি ও বাস্তবায়ন উইং
বাস্তবায়ন শাখা-৪

নং-অম-অবি(বা)-৪-এফ,বি-১২-৮৪/১১৯ তারিখ: ৪-৯-১৯৮৪ খ্রিঃ

**বিষয়: সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী এবং কর্পোরেশন ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য উৎসব ভাতা প্রদান।**

উপরোল্লিখিত বিষয়ে, অর্থ বিভাগের ই, সি, আর ও বাস্তবায়ন উইং-এর ২-৬-১৯৮৪ তারিখের এম এফ বি/ এফ ডি/ (ইম)-IV/এফ বি/১২/৮৪/৭৮ নং অফিস স্মারকের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে, নিম্নবর্ণিত ব্যাখ্যাসমূহ প্রদান করা হলো:-

ক) উপরোল্লিখিত আদেশ 'বাৎসরিক' শব্দটি দ্বারা 'আর্থিক বৎসর' বুঝানো হয়েছে। যে সকল ঘোষিত (গেজেটেড) কর্মকর্তা ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরের চিত্ত বিনোদন ছুটি উপভোগ করেছেন এবং ভাতা আহরণ করেছেন, তারা ১৯৮৪ সালের ১লা জুলাই তারিখে অনুষ্ঠিত ঈদ-উল-ফিতর উৎসব উপলক্ষে উৎসব ভাতা প্রাপ্য হবেন না তবে তাঁরা ১৯৮৪ সালের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিতব্য ঈদ-উল- আজহা উপলক্ষে উৎসব ভাতা প্রাপ্য হবেন।

খ) উৎসব ভাতার খরচ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অফিস, দপ্তর, পরিদপ্তর. কর্পোরেশন ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক বৎসরের বাজেট-এর 'ভাতা ও সম্মানী ইত্যাদি' উপ-খাত হতে মেটাতে হবে। যেসব ক্ষেত্রে উৎসব ভাতার খরচ মেটানোর জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে ছিল না যেমন ক্ষেত্র 'এ' বাবদ অতিরিক্ত খরচের কারণ উল্লেখ করলেই চলবে।

গ) অবেক্ষাধীন (on probation) কর্মচারী/ কর্মকর্তাগণ উৎসব ভাতা প্রাপ্য হবেন তবে দৈনিক ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণ উৎসব ভাতা প্রাপ্য হবেন না।

ঘ) যে মাসে সংশ্লিষ্ট উৎসব অনুষ্ঠিত হবে, তার অব্যবহিত পূর্ববর্তী মাসের শেষ আহরিত মূল বেতনের উপর ভিত্তি করে উৎসব ভাতা প্রাপ্য হবে। তবে উক্ত পদে নব নিযুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণ ঐ মাসের আহরিত মূল বেতনের উপর উৎসব ভাতা প্রাপ্য হবেন। যদি কোন কারণে পূর্ববর্তী মাসের মূল বেতন আহরিত না হয়ে থাকে, তবে তার অব্যবহিত পূর্বে যে মাসে মূল বেতন আহরিত হয়েছে, তার উপর ভিত্তি করে উৎসব ভাতা প্রাপ্য হবে। কোন কারণে মূল বেতন ভূতাপেক্ষিক বৃদ্ধি পেলে বৃদ্ধিপ্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতার বকেয়া দাবী পরিশোধযোগ্য হবে না।

ঙ) যেসব কন্টিনজেন্ট ও ওয়ার্কচার্জড কর্মচারী নিয়মিত স্কেলে বেতন পাচ্ছেন তারা উৎসব ভাতা প্রাপ্য হবেন। তবে নির্ধারিত বেতনে নিয়োজিত কন্টিনেন্টাল ওয়ার্কচার্জিড কর্মচারী উৎসব ভাতা প্রাপ্য হবেন না।

চ) কন্ট্রাক্ট সার্ভিসে অর্থাৎ চুক্তি ভিত্তিতে কর্মকর্তা/ কর্মচারীগণ উৎসব ভাতা প্রাপ্য হবেন।

ছ) হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান কর্মকর্তা/ কর্মচারীগণ যথাক্রমে দূর্গা পূজা. বৌদ্ধ পূর্ণিমা ও খ্রিষ্টমাস উৎসবে, উৎসব ভাতা প্রাপ্য হবেন।

জ) অবসর প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ উৎসব ভাতা প্রাপ্য হবেন না।

এইচ আর দত্ত
উপ- সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন শাখা-৪

নং-এম,এফ/এফ-ডি(ইমপ্লি)-৪-এফ-বি/১২/৮৪/১১৫ তারিখ: ৩০-৯-৮৫ ইং

**বিষয়: সাময়িক বরখাস্তকালিন সময়কে ডিউটি হিসাবে গণ্য করায় উৎসব ভাতার বকেয়া দাবী প্রসঙ্গে।**

সূত্র: মহা হিসাব রক্ষকের কার্যালয়ের (সিভিল) স্মারক নং উঃনিঃ/৫১৫ তাং ২৫-৭-৮৫ইং।

মহা হিসাব রক্ষকের কার্যালয়ের সূত্রোল্লেখিত ২৭-৫-৮৫ তারিখের স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, সাময়িকভাবে বরখাস্তকালীন সময়কে পরবর্তী সময়ে কর্তব্য কাজে রত হিসাবে গণ্য করে বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতা প্রদান করা হলে, সে ক্ষেত্রে উৎসব ভাতা বকেয়া প্রদান করা যাবে।

সিরাজ উদ্দিন মাহমুদ
শাখা প্রধান (বা-৪)

মহা হিসাবরক্ষক (সিভিল) কার্যালয়
বাংলাদেশ, ঢাকা।

নং-এম,এফ/এফ-ডি(ইমপ্লি)-৪-এফ-বি/১২/৮৪/১১৫ তারিখ: ৩০-৯-৮৫ ইং

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নলিখিত মহলে অনুলিপি প্রেরণ করা হলো:

১। অত্র কার্য্যালয়ের সকল তদারকী অফিসার।
২। সকল প্রধান হিসাবরক্ষণ অফিসার।
৩। অত্র কার্যালয়ের সকল বিল পাশকারী মাকা অফিসার/ সুপার।
৪। সকল আঞ্চলিক/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ অফিসার।

আব্দুল লতিফ
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন উইং

নংএম,এফ/এফ-ডি(ইমপ্লি)-৪এফ-বি/১২/৮৪/৬৬ তারিখ: ২০-৫-১৯৮৬ ইং।

**বিষয়: বকেয়া উৎসব ভাতা প্রদান সংক্রান্ত।**

বাংলাদেশ নির্বাচন কমিশন অর্থ বিভাগকে এ মর্মে অবহিত করেছেন যে, যে সমস্ত কর্মকর্তা/ কর্মচারী মোডিফাইড নিউ স্কেল, ১৯৮৫-এর বেতন ১৯৮৫ সালে অনুষ্ঠিত ঈদুল আজহার পূর্বে নির্ধারিত হয়নি এবং ঐ সমস্ত কর্মকর্তা/ কর্মচারীগণ ১৯৭৭ সালের নুতন জাতীয় বেতন স্কেলের ভিত্তিতে উৎসব ভাতা গ্রহণ করেছেন এবং কর্মকর্তা/ কর্মচারীগণকে মোডিফাইড নিউ স্কেল, ১৯৮৫ আদেশের ২১(৬) বিধান মোতাবেক কেবলমাত্র ১৯৮৫ সালে অনুষ্ঠিত ঈদুল ফিতরের উৎসব ভাতার বকেয়া প্রদান করা হচ্ছে।

২। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, মোডিফাইড স্কেল, ১৯৮৫-এর আদেশের ২১(৬) বিধান মোতাবেক নুতন জাতীয় বেতন স্কেল, ১৯৭৭ এর বেতনের ভিত্তিতে উত্তোলিত উৎসব ভাতা এবং মোডিফাইড নিউ স্কেল নির্ধারিত বেতনের পার্থক্য, উৎসব ভাতার বকেয়া হিসাবে প্রদেয় অথবা উক্ত বকেয়া কেবলমাত্র ১৯৮৫ সালে অনুষ্ঠিত ঈদুল ফিতরের উৎসবের ক্ষেত্রে সীমাবদ্ধ নহে, ইহা ঈদুল আযহা ১৯৮৫ অথবা তৎপরবর্তী সময়ে অনুষ্ঠিত উৎসবের ক্ষেত্রেও প্রযোজ্য।

মোঃ নাসিম
উপ-সচিব-২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৪

**অফিস স্মারক**

নং-অম/অবি(বাস্ত-৪)/এফবি-১২/৮৬-২৯ তারিখ: ৩-৭-৮৮ ইং / ২০-৩-৯৫ বাং

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ রাষ্ট্রীয় মালিকানাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীগণকে উৎসব বোনাস/ উৎসব ভাতা প্রদান।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সরকার উপরোক্ত বিষয়ে ইতিপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিলপূর্বক এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সরকারি, আধা-সরকারি এবং রাষ্ট্রীয় মালিকানাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীগণকে আর্থিক বৎসর ১৯৮৮-৮৯ হইতে প্রতি অর্থ বছরে ২ (দুই) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ উৎসব ভাতা হিসাবে প্রদান করা হইবে। তবে ঘোষিত (গেজেটেড) কোন কর্মকর্তা যে আর্থিক বৎসরে চিত্ত বিনোদন ভাতা গ্রহণ করিবেন ঐ আর্থিক বৎসরে তিনি কোন উৎসব ভাতা প্রাপ্য হইবেন না।

২। উপরোক্ত সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মুসলমান কর্মকর্তা/ কর্মচারীগণকে প্রতি অর্থ বৎসরের ২ (দুই)টি ঈদে ২ (দুই) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ ২ (দুই)টি সমান কিস্তিতে প্রদান করিতে হইবে। অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা/ কর্মচারীগণ তাহাদের নিজ নিজ প্রধান উৎসবের প্রাক্কালে উল্লিখিত পরিমাণ উৎসব ভাতা প্রাপ্য হইবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

এইচ আর দত্ত
উপ- সচিব

বিতরণ:
১। রাষ্ট্রপতির সচিবালয়, পারসোনাল বিভাগ।
২। রাষ্ট্রপতির সচিবালয়, পারিবারিক বিভাগ।
৩। প্রধানমন্ত্রীর সচিবালয়, ঢাকা।
৪। সকল মন্ত্রণালয়/ বিভাগ। তাহাদের অধীনস্ত সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে উহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তার অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি) তাহার অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হইল।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা। তার অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। অর্থ উপদেষ্টা, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি আর সি ভবন চট্রগ্রাম।
৯। অর্থ উপদেষ্টা প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১০। পরিচালক হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১১। পরিচালক, বাণিজ্যিক নিরীক্ষা, ঢাকা।
১২। পরিচালক, রেলওয়ে অডিট সি, আর, সি ভবন, চট্রগ্রাম।
১৩। পরিচালক স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। পরিচালক হিসাব নিরীক্ষ ডাক তার ও দুরালাপনী, ঢাকা।
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ঢাকা।
১৬। প্রশাসন উইং, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। ব্যয় নিয়ন্ত্রক ও প্রবিধি উইং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৮। স্বায়ত্তশাসিত উইং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৯। ব্যাংকিং উইং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২০। বিনিয়োগ উইং, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২১। সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধানগণ,।
২২। অর্থ বিভাগের বাস্তবায়ন উইং এর সকল কর্মকর্তাগণ।
২৩। গার্ড নথি এবং
২৪। সংকলন নথি।

মোঃ ফজলুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৪

## অফিস স্মারক

নং-অম/অবি(বাস্ত-৪)-এফবি-১২/৮৪(অংশ-২)-১৬

তারিখ: ১৩-৪-১৯৮৯ ইং / ৩০-১২-১৩৯৫ বাং

**বিষয়: বৌদ্ধ ধর্মাবলম্বী উপজাতীয় কর্মকর্তা/ কর্মচারীগণকে 'বুদ্ধ পূর্ণিমার' পরিবর্তে 'বিজু উৎসবে' উৎসব ভাতা প্রদান**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সরকার উপরোক্ত বিষয়ে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, বৌদ্ধ ধর্মাবলম্বী উপজাতীয় কর্মকর্তা/ কর্মচারীগণ যাহারা 'বিজু উৎসব'কে প্রধান ধর্মীয় উৎসব হিসাবে পালন করেন, তাহারা উক্ত উৎসবের প্রাক্কালে ২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন উৎসব ভাতা হিসাবে গ্রহণ করিতে পারিবেন। তদরূপ বৌদ্ধ ধর্মাবলম্বীদের মধ্যে যাহারা 'বুদ্ধ পূর্ণিমা' উৎসবকে প্রধান ধর্মীয় উৎসব হিসাবে পালন করেন তাহারা 'বুদ্ধ পূর্ণিমা' উৎসবের প্রাক্কালে অনুরূপভাবে উৎসব ভাতা গ্রহণ করিতে পারিবেন। তবে বৌদ্ধ সম্প্রদায়ের উভয়ের মতাবলম্বী কোন কর্মকর্তা/ কর্মচারী উৎসব ভাতা হিসাবে একই অর্থ বৎসরে সর্বমোট ২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থের বেশী গ্রহণ করিতে পারিবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

এ.কে. এম ফজলুল হক
উপ-সচিব (২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৩

## অফিস স্মারক

নং-অম/অবি/(বাস্ত-৪)উঃ ভাতা-১০/৯২/৩২

তারিখ: ২৩-০২-১৩৯৯ বাং
১৬-০৬-১৯৯২ ইং

**বিষয়: সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী এবং কর্পোরেশন ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীগণের মূল উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: সিএজি/প্রো-১/৫৯(খ-১)/২১৭, তারিখ: ১২-০৫-১৯৯২ইং।

উপরোক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, কোন কর্মকর্তা/ কর্মচারী যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসে আহরিত মূল বেতনের 'সমান অর্থ' উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন অর্থাৎ কোন ব্যক্তি উৎসব অনুষ্ঠিত হবার মাসের অব্যবহিত পূর্বের মাসে বার্ষিক বর্ধিত বেতনের সুবিধা প্রাপ্য হয়ে থাকলে ঐ বর্ধিত বেতন যদি পূর্ববর্তী মাসের ১ তারিখে না হয়ে উক্ত মাসের পরবর্তী যে কোন তারিখে হয়ে থাকে তা হলে ঐ বাবদ বর্ধিত বেতনের প্রাপ্য অংশ ঐ মাসের মূল বেতনের সাথে যুক্ত করে মাস শেষে তিনি মূল বেতন হিসাবে বা আহরণ করবেন তা উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

মোঃ মকবুল হোসেন
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি/(বাস্ত-৪)উঃ ভাতা-১৬/৯২/৭০

তারিখ: ১৫-০৬-১৩৯৯ বাং
৩০-০৯-১৯৯২ ইং

**বিষয়: সুপ্রীম কোর্টের বিচারপতিগণের (আপীল ও হাইকোর্ট বিভাগ) উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় এবং আইন ও বিচার মন্ত্রণালয়ের ১৯/৮/৯২ এবং ৮/৯/৯২ তারিখের সিএও/ ভূ:আ:বি:/ গেজেট/ ডকেট/ ৩৯ এবং সিএও/ ভূমি/ আ:বি:/ গেজে/ ডকেট/ ৫১ নং স্মারকদ্বয়ের প্রেক্ষিতে নিম্নস্বারকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৯৮ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান অনুযায়ী ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে উৎসবভাতা এবং অন্যান্য ভাতা ৩১শে মে, ১৯৯২ তারিখ পর্যন্ত প্রদেয় হবে। সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য বিধায় তারা ৩০শে জুন, ১৯৯১ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে এপ্রিল, ১৯৯২ সনে অনুষ্ঠিত ঈদ-উল্-ফিত্র উপলক্ষে উৎসব ভাতা প্রাপ্য হবেন।

মোঃ মকবুল হোসেন
সহকারী সচিব।

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয় এবং আইন ও বিচার মন্ত্রণালয়
৩১, পুরানা পল্টন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/ অবি (বাস্ত-১)/ ভাতা-১৬/৯৫/১৪৬

তারিখ: ১২/০৮/১৯৯৫ ইং
২৮/০৪/১৪০২ বাং

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ রাষ্ট্রীয় মালিকানাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীগণের বকেয়া উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রদান প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, প্রচলিত নীতিমালা মোতাবেক কোন কর্মকর্তা/ কর্মচারীদেরকে একটি নির্দিষ্ট তারিখে প্রাপ্য অংকের বোনাসের অতিরিক্ত কোন বোনাস সাধারণত প্রদান করা হয় না। অর্থ বিভাগের স্মারক নং- এম, এফ (আইডি)-২৯-৭৫-৬৬ তারিখ ০৪-০১-১৯৭৭ এ বিধান রাখা হইয়াছে যে, বোনাসের কোন বকেয়া প্রদান করা যাইবে না। কিন্তু স্মারক নং- এম, এফ/ এফডি (ইম্প্লি)-৪-এফ-বি/১২/৮৪/৬৬ তারিখ ২০-০৫-৮৬ ইং এ বিধান রাখা হইয়াছে যে, পে-স্কেল জনিতকারণে বেতন নির্ধারণে বিলম্ব হইলে এই ক্ষেত্রে বকেয়া প্রদান করা যাইবে। তাছাড়া স্মারক নং- এম, এফ/ এফডি (ইম্প্লি)-৪-এফ-বি-১২-৮৪/১১৫, তারিখ ৩০-০৯-১৯৮৫ এ বিধান রাখা হইয়াছে যে, সাময়িকভাবে বরখাস্তকালীন সময়কে পরবর্তী সময়ে কর্তব্য কাজেরত হিসাবে গণ্য করিয়া বিধি মোতাবেক বকেয়া বেতন ও ভাতা প্রদান করা হইলে সেই ক্ষেত্রে উক্ত ভাতার বকেয়া প্রদান করা যাইবে। কিন্তু উপরোক্ত বিধান সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে দেখা যাইতেছে যে, বিশেষ অসুবিধা বা প্রশাসনিক জটিলতার কারণে যথা কর্মকর্তা/ কর্মচারীর প্রাপ্য বার্ষিক বেতন বৃদ্ধি/ পদোন্নতি বা অন্য কোন কারণে আদেশ জারি করিতে বিলম্ব হয় বিধায় সঠিক সময়ে উৎসব ভাতা/ উৎসব বোনাস উত্তোলন করা সম্ভব হয় না। ফলে অনেকেই প্রাপ্য বকেয়া বোনাস/ বোনাসের অংশ হইতে বঞ্চিত হন।

২। সরকার বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, কর্মকর্তা/ কর্মচারীদের উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রাপ্যতা প্রতিষ্ঠিত হইবার পর ইহা কিছুতেই ন্যায় নীতির (ইকুইটি) নিরীখে বাতিল হওয়া উচিত হইবে না। অতএব, এই উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রতিষ্ঠিত হওয়া সাপেক্ষে উহার সম্পূর্ণ বা আংশিক বকেয়া যে কোন সময়ে উত্তোলন/ প্রদান করা যাইবে।

৩। এই অফিস আদেশ অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের এতদসংক্রান্ত পূর্বের সকল আদেশের সংশোধনী হিসাব জারি করা হইল। অন্য কোন আদেশের সাথে অসঙ্গতি থাকিলেও ইহা বলবৎ হইবে।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৩০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর ভবন, ঢাকা।
৫। সচিব/অতিরিক্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ) তাহার আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৪৩ কাকরাইল, ঢাকা। তাহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ-এর জন্য অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন, এ, জি) সেগুনবাগিচা, ঢাকা। তাহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ-এর জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক) বাংলাদেশ, ঢাকা। তাহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। বিভাগীয় কমিশনার -------------------------------------- বিভাগ। তাহার অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১১। সকল স্ব-শাসিতারাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
১২। ব্যবস্থাপনা পরিচালক -------------------------------------- সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
১৩। জেলা প্রশাসন (সকল জেলা) তাহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন চট্টগ্রাম।
১৫। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৭। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৮। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৯। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
২১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২২। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৪। গার্ড নথি/সংকলন/অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্ত-১)/ভাতা-১৬/৯৫/১৬(৩০০)

তারিখ: ১৪-১০-১৪০৫ বাং
২৭-০১-১৯৯৯ ইং

## অফিস স্মারক

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ রাষ্ট্রীয় মালিকানাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রদানের আদেশ বাতিল প্রসঙ্গে।**

অর্থ বিভাগের ১২-৮-১৯৯৫/২৮-৪-১৪০২ তারিখের অম/ অবি (বাস্ত-১) ভাতা-১৬/৯৫/১৪৬ সংখ্যক অফিস আদেশ মূলে সরকারি/ আধা-সরকারি রাষ্ট্রীয় মালিকানাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষণে পর্যালোচনান্তে দেখা যাচ্ছে যে উক্ত আদেশটি চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর উৎসব ভাতা/ উৎসব বোনাস সম্পর্কিত অনুচ্ছেদের সাথে সঙ্গতিপূর্ণ নয়। এছাড়াও বকেয়া উৎসব ভাতা/ উৎসব বোনাস প্রদানের আদেশের ফলে নানা রকম জটিলতার সৃষ্টি হয়েছে।

২। উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে সরকার অর্থ বিভাগের ১২-৮-১৯৯৫/২৮-৪-১৪০২ তারিখের অম/ অবি (বাস্ত-১)/ ভাতা-১৬/৯৫/১৪৬ সংখ্যক অফিস আদেশটি বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেছে। তবে উক্ত অফিস আদেশের ভিত্তিতে কোন বকেয়া উৎসব ভাতা/ উৎসব বোনাস ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে তা কেস ভিত্তিক এক্স-গ্রাসিয়া হিসাবে প্রদান অথবা write off এর প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ, স্ব-শাসিত সংস্থা এবং ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান অর্থ বিভাগে প্রেরণ করবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আব্দুল লতিফ মন্ডল
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
ফোন: ৮৬৯৫০৭

বিতরনঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা। তার অধীনস্ত অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থায় অনুলিপি প্রেরনের অনুরোধ করা হলো।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীএর কার্যালয়, ঢাকা। তার অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থায় অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ,১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাক -১০০০। তার অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব --------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাদের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থায় এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হল।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। চেয়ারম্যান -------------------------------------- (সকল স্ব-শাসিত সংস্থা)।
৮। ব্যবস্থাপনা পরিচালক-------------------------- (সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/উৎসব ভাতা-১/৯৭/০৭ তারিখ: ২২/০১/২০০৪ খ্রিঃ

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাইতেছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের {স্কুল, কলেজ, মাদ্রাসা, এসএসসি (ভোকেশনাল), এইচ এস সি (ব্যবসায়-ব্যবস্থাপনা)-এর শিক্ষকদের সরকারি অংশের এক মাসের মূল বেতনের ২৫% হারে ও কর্মচারীদের সরকারি অংশের এক মাসের মূল বেতনের ৫০% হারে চলতি অর্থ বৎসরে একটি উৎসব ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করিতেছি।

২। আদেশ জারির তারিখ থেকে ইহা কার্যকর করা যাইতে পারে।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

অবগতির জন্য:
যুগ্ম-সচিব
বাজেট অনুবিভাগ
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিভা-৩/২০০০/৩৬ তারিখ: ০৬/৫/২০০৪ খ্রিঃ

**বিষয়: রেজিষ্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ১০% মহার্ঘ ভাতা ও উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-প্রাথম/প্রশা-৩/সমিতি-১/৯৮/৬১৩ ও ৬১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রেজিষ্ট্রার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরকে তাঁদের বেতনের সরকারি অংশের উপর ১০% হারে মহার্ঘ ভাতা এবং শিক্ষকগণের একমাসের মূল বেতনের সরকারি অংশের ২৫% হারে উৎসব ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি:
যুগ্ম-সচিব
বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২ তারিখ: ৮-৭-২০০৪ খ্রিঃ / ২৪-০৩-১৪১১ বাং

## অফিস স্মারক

**বিষয়: সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সরকার সকল শ্রেণীর সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্বশাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের ২০০৪-০৫ অর্থ বছর হতে মাসিক নীট পেনশনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসাবে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ সুবিধা ১০০% পেনশন সমর্পণকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

২। এ উৎসব ভাতা অবসরপ্রাপ্ত মুসলমান পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ নীট পেনশনের ৫০% হারে বছরে দুই ঈদে দু'টি এবং অন্যান্য ধর্মাবলম্বী পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ তাঁদের স্ব-স্ব প্রদান ধর্মীয় উৎসব উপলক্ষে নীট পেনশনের সমপরিমাণ একটি উৎসব ভাতা প্রাপ্য হবেন।

৩। ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন।

৪। ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলনকারীদের এ উৎসব ভাতা নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ বিধি-১/ ৩পি-২৬/ ৮(অংশ-২) ১২৮ তারিখ ১১-৯-২০০১ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

**এ বি এম আবুল কাশেম**
যুগ্ম-সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২ তারিখ: ৮-৭-২০০৪ খ্রিঃ / ২৪-০৩-১৪১১ বাং

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০। (তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। অতিরিক্ত সচিব (সকল)/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। মহা হিসাব নিয়ন্ত্রক সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। বিভাগীয় কমিশনার (সকল) ---------------------------------------------------------------------
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪। জেলা প্রশাসক (সকল) -------------------------------------------------- (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -----------------------------------------------

মোঃ শরাফত আলী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৪

নং-অম/অবি/প্রবিধি-৪/উৎসব ভাতা-২/২০০৫/১২০

তারিখ: ১০-৭-১৪১২ বঙ্গাব্দ / ২৫-১০-২০০৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতিসহ আপিল বিভাগ এবং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে উৎসব ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নথি নং-বিচার-৪/১ এইচ-১১/০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বারকারী নির্দেশক্রমে জানাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টেরে মাননীয় প্রধান বিচারপতিসহ আপিল বিভাগ এবং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে পূর্বের ধারাবাহিকতায় জাতীয় বেতন স্কেল, ২০০৫ মোতাবেক ৩১-১২-২০০৪ তারিখের আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে উৎসবভাতা প্রদানে এবং ১-৭-২০০৬ তারিখ থেকে মাননীয় বিচারপতিদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসবভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২. যেহেতু মামনীয় বিচারপতিগণের বেতন-ভাতাদি আইনের মাধ্যমে নির্ধারিত হয়ে থাকে, সেহেতু উক্ত উৎসবভাতা প্রদানের বিষয়টি আইনের আওতায় আনার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

সচিব
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৬/২০০৪/১৮৪ তারিখ: ২২শে কার্তিক ১৪১১ বাং / ৬-১১-২০০৪ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।**

সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর কোন কর্মকর্তা-কর্মচারী অবসরে যাওয়ার মাসে উৎসব অনুষ্ঠিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী পূর্ববর্তী মাসে আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ বি এম আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৬/২০০৪/১৮৪ (৫০০) তারিখ: ২২শে কার্তিক ১৪১১ বাং / ৬-১১-২০০৪ খ্রিঃ

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০। (তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
(তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। মহা হিসাব নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৯। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় কমিশনার (সকল) -------------------------------------------------------------------
১১। জেলা প্রশাসক (সকল) ------ (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ------------------------------------------------

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৪

নং-অম/অবি/প্রবিধি-৪/উৎসবভাতা-২/২০০৫/১৪৮

তারিখ: ১২-০৯-১৪১২ বঙ্গাব্দ
২৬-১২-২০০৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের প্রাপ্ত মাসিক বেতনের সমপরিমাণ অর্থ উৎসবভাতা প্রদান।**

সূত্র: ১। অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/প্রবি-৪/উৎসবভাতা-২/২০০৫/১২০, তারিখ- ২৫-১০-২০০৫

২। মাননীয় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়ের উপানুষ্ঠানিক পত্র নং-১৪২৭/২০০৫ তারিখ ১০-১১-২০০৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে মাননীয় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রীর আধা সরকারি পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের প্রাপ্ত মাসিক বেতনের সম পরিমাণ অর্থ উৎসব ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা যাচ্ছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় সরকারি আদেশ জারি করে বিষয়টি আপাতত নিষ্পত্তি করা যেতে পারে। তবে The Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 অনুযায়ী উৎসবভাতার বিধান না থাকায় এ ব্যাপারে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৪

নং-অম/অবি/প্রবিধি-৪/উৎসবভাতা-১/৯৭/০৪ তারিখ: ২৫-০৯-১৪১২ বঙ্গাব্দ / ৮-০১-২০০৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: অংগীভূত আনসারদের ঈদ-উল-আযহা উপলক্ষে বিশেষ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ডি.ও. নং-স্বঃমঃ(আন-২)/ব্যাটাঃ৩/৯৯/১৮০, তাং- ২৬/১২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, অংগীভূত আনসারদের ঈদ-উল-আযহার পূর্বে বছরে শুধু একবার ৩০ দিনের দৈনিক ভাতার সমপরিমাণ অর্থ বিশেষ ভাতা হিসেবে প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো। তবে, এ ব্যয়ভার প্রত্যাশী সংস্থা বহন করবে এবং সরকারি কোষাগার থেকে কোন অর্থ ছাড় করা যাবে না।

মোঃ আজহারুল ইসলাম
সহকারী সচিব

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৪

নং-অম/অবি/প্রবি-৪/উৎসবভাতা-১/৯৭/৫৭ তারিখ: ২১-০৫-২০০৬ খ্রিঃ

**বিষয়: অংগীভূত আনসার সদস্যদের জন্য বৎসরে ১টি বিশেষ ভাতার পরিবর্তে ২টি বিশেষ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ক) অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-অম/অবি/প্রবিধি-৪/উৎসবভাতা-১/৯৭/০৪, তাং ৮-১-০৬ইং।

খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নথি নং-স্বঃম(আন-২)ব্যাটা-৩/৯৯ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, নিয়োগকারী সংস্থা নিজস্ব বাজেট বরাদ্দ থেকে ব্যয়ভার বহন করবে-এ শর্তে অংগীভূত আনসারদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অংগীভূতকালীন সময়ে অংগীভূত আনসারদের বছরে একটির পরিবর্তে দুটি (৩০×২ = ৬০ দিনের দৈনিক ভাতার পরিমাণ অর্থ) বিশেষ ভাতা প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২। ইসলাম ধর্মাবলম্বীদের জন্য দুটি বেশেষ ভাতার একটি ঈদুল আযহার পূর্বে এবং অপরটি ঈদুল ফিতরের পূর্বে এবং অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে তাদের দুটি প্রধান ধর্মীয় উৎসবের পূর্বে প্রদেয় হবে।

৩। এই আদেশ বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বছরকে (জুলাই-জুন) বৎসর হিসেবে গণনা করা হবে এবং ১লা জুলাই, ২০০৬ হতে ইহা কার্যকর হবে।

তপন কান্তি মজুমদার
সহকারী সচিব

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, আনসার শাখা-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবিধি-৪/উৎসব ভাতা-১/২০০৫/৪৪

তারিখ: ১৭/১২/১৪১৪বঙ্গাব্দ
৩১/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ

**বিষয়: কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন কৃষি গবেষণা প্রতিষ্ঠানে নিয়োজিত, অংগীভূত আনসার সদস্যদের বৎসরে ২টি উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র:- কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-গবেষণা-১/বেতন (বারি)-২৭/২০০৬/৯১ তারিখ: ১৭/০২/২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে নিয়োগকারী সংস্থা নিজস্ব বাজেট থেকে ব্যয়ভার বহন করবে এ শর্তে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের ৯৮ জন অংগীভূত আনসার সদস্যদের বৎসরে ২টি বিশেষ ভাতা প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

মোঃ আবদুর রশিদ মিয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন:- ৭১৬৭৯০৩।

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ- সিনিয়র সহকারী সচিব গবেষণা শাখা-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/ অবি/ বিধি-১/ চাঃ বিঃ-৩/২০০৪/৯৯ তারিখ: ২৪/৬/২০০৮ খ্রিঃ / ১০/৩/১৪১৫ বাং

## পরিপত্র

**বিষয়: সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের ০৮/৭/২০০৪ খ্রিঃ (২৪/৩/১৪১১ বাং) তারিখের অম/ অবি/ বিধি-১/ চাঃ বিঃ-৩/ ২০০৪/১০২ নং পরিপত্র।

সরকার সকল শ্রেণীর সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থ সংলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের ২০০৮-২০০৯ অর্থ বছর হতে মাসিক নীট পেনশনের সমপরিমাণ বছরে দুইটি উৎসব ভাতা প্রদানের জন্য সূত্রোক্ত পরিপত্র নিম্নরূপে সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:-

২। অবসর প্রাপ্ত মুসলমান পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ নীট পেনশনের সমপরিমাণ বছরে দুই ঈদে দুইবার এবং অন্যান্য ধর্মাবলম্বী পেনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ তাঁদের স্ব-স্ব প্রধান ধর্মীয় উৎসব উপলক্ষে নীট পেনশনের সমপরিমাণ দুইটি উৎসব ভাতা প্রাপ্য হবেন।

৩। ১০০% পেনশন সমর্পণকারীগণ ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমাণ অর্থ দুইবার উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

৪। ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলনকারীদের এ উৎসব ভাতা নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১১/৯/২০০১ খ্রিঃ তারিখের অম/ অবি/ বিধি-১/ ৩পি-২৬/ ৮৬ (অংশ-২)/ ১২৮ নং স্মারকের নির্দেশনা অনুসরণীয় হবে।

রাজিয়া বেগম *এন ডি সি*
যুগ্ম- সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃ বিঃ-৩/২০০৪/৯৯ তারিখ: ২৪/৬/২০০৮ খ্রিঃ / ১০/৩/১৪১৫ বাং

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন,৭৭/৭ কাকরাইল ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো)।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। অতিরিক্ত সচিব (সকল)/অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (সকল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। বিভাগীয় কমিশনার (সকল), --------------------------------------।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪। জেলা প্রশাসক (সকল) --------------------------------------। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) --------------------------------------।

মোঃ ইউনুচ আলী খান
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং–৮৩-আইন/২০১০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেলঃ- ৪/২০১০।–Services (Reorganization and Conditions) Act, 1975 (XXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত আদেশ এর অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ- অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে। যথা–

'১) সরকারি আদেশ নং অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা প্রদেয় হইবে'।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৮, ২০১০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)
প্রজ্ঞাপন

তারিখ, ১লা চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/ ১৫ই মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং-৮৪-আইন/২০১০/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/২০১০।– Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশ এর অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা-

‘১) সরকারি আদেশ নং-অম/ অবি(বাস্ত)-৪/ এফবি-১২/ ৮৬/ ২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা প্রদেয় হইবে।’

২) ইহা ০১-০৭-২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব।

**(একই নম্বর ও তারিখের স্মারকের স্থলাভিষিক্ত হবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/উৎসব ভাতা-০১/৯৭/২৮ তারিখ: ০৯/০৯/২০১০ খ্রিঃ।

**বিষয়: অস্থায়ী ব্যাটালিয়ন আনসারদের (পুরুষ ও মহিলা) বিশেষ ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ (আন-২)ভাতা-১/২০০৯/২৮০, তারিখ: ০৩/০৮/২০১০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অস্থায়ী আনসারদের-কে ২৯৮১.১৬ টাকা হিসাবে ২ (দুই)টি বিশেষ ভাতা প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২। ইসলাম ধর্মাবলম্বীদের ক্ষেত্রে উল্লিখিত দুটি বিশেষ ভাতার একটি পবিত্র ঈদ-উল-ফিতরের পূর্বে এবং অপরটি পবিত্র ঈদ-উল-আযহার পূর্বে এবং অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে উক্ত বিশেষ ভাতা তাঁদের দুটি প্রধান ধর্মীয় উৎসবের পূর্বে প্রদেয় হবে।

৩। এ আদেশ ১লা জুলাই, ২০১০ হতে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং- ০৭.১৬১.০২২.০০.০০.০১৭.২০১০- ৩৩৬(১২০০) তারিখ: ২৪- ১০- ২০১০ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: স্ব-শাসিত ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ এবং ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে ১-৭-২০০৯ তারিখে আহরিত মূল বেতনের উপর ২০০৯ সালের উৎসব ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ক) অর্থ বিভাগের আদেশ নং- এস.আর.ও ২৫৯ আইন/ ২০০৯/ অম/ অবি/ (বাস্তঃ- ১)/ জাঃবেঃস্কেল- ৫/ ২০০৯/ ২৩৬, তারিখ: ০২- ১২- ২০০৯।

খ) অর্থ বিভাগের আদেশ নং- এস.আর.ও ২৫৮ আইন/ ২০০৯/ অম/ অবি/ (বাস্তঃ- ১)/ জাঃবেঃস্কেল- ৪/ ২০০৯/ ২৩৫, তারিখ: ০২- ১২- ২০০৯।

গ) অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং- এস.আর.ও নং ৮৪- আইন/ ২০১০/ অম/ অবি/ (বাস্তঃ- ১)/ জাঃবেঃস্কেল- ৫/ ২০১০, তারিখ: ১৫- ০৩- ২০১০।

ঘ) অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং- এস.আর.ও নং ৮৩- আইন/ ২০১০/ অম/ অবি/ (বাস্তঃ- ১)/ জাঃবেঃস্কেল- ৪/ ২০১০, তারিখ: ১৫- ০৩- ২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, (ক) ও (খ) সূত্রে উল্লেখিত প্রজ্ঞাপন দু'টির ১৫(১) অনুচ্ছেদ স্ব- শাসিত ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ এবং ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা- কর্মচারীগণকে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদানের বিষয়ে উল্লেখ রয়েছে। কিন্তু Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান শুধুমাত্র সরকারী কর্মকর্তা- কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধায়, (গ) ও (ঘ) সূত্রে উল্লেখিত প্রজ্ঞাপণের মাধ্যমে (ক) ও (খ) সূত্রে বর্ণিত আদেশের ১৫(১) উপানুচ্ছেদের 'এবং শ্রান্তি ও বিনোদন ভাতা' রহিত করা হয়। এ ক্ষেত্রে ভাতাদি প্রদানের বিষয়ে (ক) ও (খ) সূত্রে উল্লেখিত আদেশের ১(৩)(ক) উপানুচ্ছেদের বিধান অপরিবর্তিত রয়েছে।

নং- অর্থমঃ/প্রবি- ২/ভাতা- ১২/৭৬- ১৩৯ তারিখ: ১লা জুন, ১৯৭৮

প্রাপকঃ মহা- হিসাবরক্ষক (সিভিল),
বাংলাদেশ, ঢাকা।

**বিষয়: আ্যপ্যায়ন ভাতা।**

উপরোক্ত বিষয়ে তাহাদের ২রা মে, ১৯৭৮ তারিখের পত্র নং জিএ- ৩/ ডি/ ৫০১- এর বরাতে নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জ্ঞাত করিতে আদিষ্ট হইয়াছেন যে, প্রচলিত বিধি মোতাবেক বিভাগীয় প্রধানগণ মাসিক ১৫০ টাকা হারে আপ্যায়ন ভাতা প্রাপ্ত হইবেন। পূর্ণাংগ বিভাগীয় প্রধান পদে নিযুক্ত না হইলে উক্ত পদের কাজ দেখাশুনার জন্য নিযুক্ত সরকারি কর্মচারী সবের্বাচ্চ ১৫০ টাকা আপ্যায়ন খরচ প্রাপ্ত হইবেন এবং ইহা যথাযথ ভাউচারের মাধ্যমে সমন্বয় করিতে হইবে।

কে, এম, করিম
শাখা প্রধান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ, প্রবিধান উইং
শাখা নং-২

নং-অর্থঃম/প্রবি-২/ভাতা-১২/৭৬/১৭৬(৫০০) তারিখ: ১২/৬/৭৯ইং

সম্প্রতি এই মর্মে সংশয় দেখা দিয়াছে যে, আপ্যায়ন ভাতা প্রাপ্ত অফিসারদেরকে নিয়মিত ছুটিকালীন সময়ের জন্য আপ্যায়ন ভাতা প্রদানযোগ্য হইবে কিনা। বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করতঃ সরকার সদয় হইয়া এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, আপ্যায়ন ভাতা আয়ের উৎস নহে বিধায় এবং ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট অফিসারদেরকে সরকারি কাজে আগত অতিথিদের আপ্যায়ন করিতে হয় না বলিয়া ছুটিকালীন সময়ের জন্য আপ্যায়ন ভাতা প্রদানযোগ্য নহেন। এই অবস্থায়র পরিপ্রেক্ষিতে বর্ণিত অফিসারেরা অন্য কোন কারণে তাঁহাদের পদের দায়িত্ব পালন না করিলে তাঁহারা ঐ সময়ের জন্যও উক্ত ভাতা প্রাপ্ত হইবেন না।

মোঃ সাইদুর রহমান
উপ-সচিব
অর্থ মন্ত্রণালয়

নং-অর্থঃম/প্রবি-২/ভাতা-১২/৭৬/১৭৬(৫০০) তারিখ: ১২/৬/৭৯ইং

প্রতিলিপি জ্ঞাতার্থে ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল-

কে, এম করিম
শাখা প্রধান

বন্টন:

১। রাষ্ট্রপতির সচিবালয়, ২। রাষ্ট্রপতির একান্ত সচিব, ৩। রাষ্ট্রপতির প্রধান সচিবের একান্ত সচিব, ৪। অর্থ সচিবের ব্যক্তিগত সহকারী, ৫। প্রত্যেক মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ৬। সকল মন্ত্রণালয়/ বিভাগ (শাখা ভিত্তিক), ৭। মহা হিসাব নিয়ামক ও নিরীক্ষক, বাংলাদেশ, ঢাকা, ৮। মহা হিসাবরক্ষক, বাংলাদেশ ঢাকা, ৯। মহা হিসাবরক্ষক (সামরিক), ঢাকা, ১০। অতিরিক্ত হিসাবরক্ষক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, ১১। মহা হিসাবরক্ষক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা, ১২। হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ১৩। বাংলাদেশ সরকারের প্রত্যেক সচিব, ১৪। অর্থ মন্ত্রণালয়ের সকল অফিসার, ১৫। অর্থ মন্ত্রণালয়ের প্রত্যেক অধীনস্থ দপ্তর, ১৬। প্রত্যেক পরিদপ্তর প্রধান, ১৭। প্রত্যেক অর্থ উপদেষ্টার দপ্তর, ১৮। প্রত্যেক বিভাগীয় কমিশনার/ জেলা/ মহকুমা প্রশাসক, ১৯। প্রত্যেক ট্রেজারি অফিসার/ সাব ট্রেজারি অফিসারস, ২০। প্রত্যেক জেলা বিচারক, ২১। প্রধান সংবাদ বিভাগ তথ্য ও বেতার মন্ত্রণালয়, ঢাকা, ২২। মহা হিসাবরক্ষক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষণ, ২৫। মহাপরিচালক হিসাব নিরীক্ষণ প্রশিক্ষণ একাডেমী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
অর্থ বিভাগ
স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান উইং
শাখা-১

## স্মারকলিপি

নং-অম/অবি/স্বাঃশাঃপ্রঃশা-১/১৮৫/৮৩/৪৫৩/১(১৫) তারিখ: ১৫/৯/১৯৮৩ইং

**বিষয়: স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের কর্মচারীদের আপ্যায়ন ভাতা।**

উপরোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১-৪-১৯৭৫ ইং তারিখের স্মারক নং-অম/(স্বা:প্র)আ, ভা-১/৭৫.৫৬ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে যে, সরকার সম্প্রতি এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, বাণিজ্যিক ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের জেনারেল ম্যানেজারগণ মাসিক টাকা ১৫০/০০ হারে আপ্যায়ন ভাতা প্রাপ্ত হইবেন। তদনুসারে উক্ত স্মারকের ১ম অনুচ্ছেদের ‘২) মেম্বার/ডিরেক্টর টাকা ১৫০/০০ মাসিক’ আংশিক নিম্নবর্ণিত হারে সংশোধন করা হইল:

‘২) মেম্বার/ ডিরেক্টর/ বাণিজ্যিক ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের জেনারেল ম্যানেজার টাকা ১৫০/০০ মাসিক’।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

মোঃ সাইদুর রহমান
উপ-সচিব

বিতরণ:

সচিব, ব্যাংকি উইং/ বিনিয়োগ উইং/ চেয়ারম্যান/ ব্যবস্থাপক পরিচালক,

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE & PLANNING
FINANCE DIVISION

NO.MFP/FD(EC-1)FIN-1/84/39 Dated : 9-2-84

## OFFICE MEMORANDUM

**SUBJECT : Entertainment of Foreign Dignitaries on Visits to Bangladesh.**

The undersigned is directed to say that Government with a view to curtailing the increasing cost on account of entertainment, has decided that henceforth Ministers, Secretaries, Members of Planning Commission and Chairmen of Autonomous Bodies may, at their option, host at their residences instead of hotels lunches and dinners for foreign dignitaries. The Government for such functions will bear expenses to a maximum of Tk. 80/- per head with a ceiling of Tk. 1600/- or guests numbering not more than twenty (including) on any one occasion.

2. It will be necessary for the Secretaries to the Government, Members of the Planning Commission and the Chairmen of Autonomous Bodies to obtain prior permission of the concerned Ministers for holding such functions which will be limited only to the following categories of foreign dignitaries will be visiting Bangladesh:-

a) Ministers of Foreign Governments.

b) Ambassadors accredited to Bangladesh but stationed outside.

c) Heads of bilateral economic/ commercial/ cultural/ political delegations.

d) Officers of the rank of directors and above of organisations under the U.N. System (*e.g.* World Bank, Asian Development Bank, IMF, IDB, UNDP, UNESCO, FAO, WHO, UNICEF, ESCAP, etc.)

e) Executive Directors and Alternative Executive Directors of International Financial Institutions.

f) Dignitaries in the fields of Education, Sports, Culture, Journalism, Banking, etc.

3. The expenditure involved will be debited to the contingencies of the Ministries/Divisions, etc.

4. This has the approval of the President and the CMLA.

Shahidul Alam Chowdhury
Deputy Secretary.

To
All Ministries/ Division/ Member of Planning Commission/ Head of Autonomous Bodies and C&AG, AG (Civil)/ CAO (Concerned ones)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-২

নং-অম/অবি/প্রবি-২/ভাতা-৩/৮৪(অংশ)/৬৫ তারিখ: ৯/১১/৯২ইং / ২৫/৭/৯৯বাং

**বিষয়: আপ্যায়ন ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অর্থঃম/প্রবি-২/ভাতা-১২/৭৬/১৭০ তাং- ১৮/৫/৭৬ ইং

উপরোল্লিখিত বিষয় ও সূত্রে তাহার স্মারক নং সিএও/ বেঃসঃ/ গ্রেড-১) সিদ্ধান্ত (খন্ড-১)/২৩১/ ড/৬০৭ তাং ৪-৬-৯২ এর বরাতে আদিষ্ট হইয়া নিম্ন স্বাক্ষরকারী জানাইতেছে যে আপ্যায়ন ভাতা প্রদান করার উদ্দেশ্য সচিব, অতিঃসচিব এবং যুগ্ম সচিবগণ সরকারি/ বেসরকারি দেশী/ বিদেশী অনেক অতিথিদের সাথে বিভিন্ন সময়ে তাহাদের দপ্তরে আলোচনায় মিলিত হন। এ সমস্ত অতিথিদের আপ্যায়নের খরচ মেটানোর জন্য ভাতা প্রদান করা হয়। কোন কর্মকর্তা বিশেষ দায়িত্বে নিয়োজিত অবস্থায় নির্দিষ্ট কোন দায়িত্ব পালন করেন না বিধায় এ সময়ের জন্য তাহাকে আপ্যায়ন ভাতা প্রদান করা সমীচীন হইবে না।

মোঃ আফতাব উদ্দিন
সিঃ সহকারী সচিব (প্রবি-২)

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধান হিসার রক্ষণ কর্মকর্তার কার্যালয়
বেসামরিক সচিবালয়
এ.জি.বি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা- ১

নং- অম(ব্যঃ নিঃ- ১)অর্থ- ৯/৯২/২৬

তারিখ: ১৪- ২- ৯৩ ইং / ২- ১১- ৯৯ বাং

**অফিস স্মারক**

**বিষয়: বাসভবনে বিদেশী অতিথিদের আপ্যায়ন খরচের পরিমাণ বর্ধিতকরণ সংক্রান্ত।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাইতেছে যে, আপ্যায়ন বাবদ ক্রমবর্ধমান ব্যয় সংকোচনের লক্ষ্যে বিদেশী মেহমানদের সম্মানে হোটেলের পরিবর্তে বাসভবনে মধ্যাহ্ন বা নৈশভোজ উৎসাহিত করার জন্য অর্থ বিভাগের স্মারক নং এম এফ পি/এফ ডি (ইসি- ১) ফিন- ১/৮৪/৩৯, তারিখ: ৯- ২- ৮৪ ইং (অনুলিপি সংযোজিত) সংশোধনপূর্বক বিদেশী মেহমানদের আপ্যায়নার্থে বাসভবনে আয়োজিত মধ্যাহ্ন/ নৈশভোজের জন্য মাথাপিছু খরচ ৮০/- টাকার স্থলে ১৫০/- টাকায় বর্ধিত করিয়া অনধিক ২০ (জন) জনের জন্য ১৬০০/- টাকার স্থলে সর্বোচ্চ ৩০০০/- টাকায় বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। উল্লেখিত ৯- ২- ৮৪ ইং তারিখের স্মারকের অন্যান্য বিধিনিষেধ অপরিবর্তিত থাকিবে।

বজলুর রহমান সিকদার
উপ- সচিব (ব্যঃ নিঃ)।

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার জুলাই ২৮, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে আষাঢ় ১৪০৬/ ১৪ই জুলাই ১৯৯৯

নং-অম/অবি (বাস্ত-১)/ভাতা-৫/৯৯/১৮২-চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১২ (১) এর অনুসরণে এবং অর্থ বিভাগের অফিস স্মারক নং -অর্থঃম/ প্রবি-২/ ভাতা-১২/৭৬/১২০ (৪০০) তারিখ ১৮-৫-১৯৭৬ এর আংশিক সংশোধনক্রমে সরকার আপ্যায়ন ভাতার হার নিম্নরূপে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:

| | |
|---|---|
| ক) মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্য সচিব | মাসিক ১০০০ টাকা |
| খ) সচিব | মাসিক ৪৫০ টাকা |
| গ) অতিরিক্ত সচিব | মাসিক ৩৫০ টাকা |
| ঘ) যুগ্ম-সচিব ও অন্যান্য প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ | মাসিক ২৫০ টাকা |

২। এই বর্ধিত হার ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম -সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

# শিক্ষা ভাতা ও আপ্যায়ন ভাতা (বিদেশস্থ মিশন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বহি অর্থ, শাখা- ৪

নং- এমএফ/ই,এফ- ৪/এম(১০৭)/অংশ- ১/৯৯- ২০০১/৮ তারিখ: ১৯/০৪/২০০১ খ্রিঃ

**বিষয়: বৈদেশিক মিশনে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা- কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক- এডিবি আর এন্ড ডি- ০২৪, তারিখঃ ২৭/১২/১৯৯৯ খ্রিঃ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মিশনসমূহের স্বদেশভিত্তিক কর্মকর্তা ও কর্মচারীদের বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা বৃদ্ধির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রস্তাব পরীক্ষা ও পর্যালোচনাকরতঃ এবং সার্বিক আর্থিক অবস্থার দিকে দৃষ্টি রেখে সরকার বৈদেশিক মিশনে কর্মরত কর্মকর্তা- কর্মচারীদের বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা নিম্নবর্ণিত শর্তে বর্তমানে প্রাপ্ত হার অপেক্ষা শতকরা ১২.৫০ ভাগ বৃদ্ধি করলেন:

ক) বর্ধিত হার সিউল, ব্রুনাই দারুসসালাম ও মালে মিশনসমূহের জন্য প্রযোজ্য হবে না।

খ) চিকিৎসা ভাতার ক্ষেত্রে ইউরোপ ও যুক্তরাষ্ট্রসহ অন্যান্য যে সকল দেশে প্রযোজ্য সে সকল দেশের মিশনের কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা সেবার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক দ্রুত চিকিৎসা বীমা চালু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

গ) বিদ্যমান বাড়ী ভাড়া শতকরা ৫% ভাগের অধিক বৃদ্ধি করার প্রয়োজন হলে অর্থ বিভাগের পুর্বানুমতি গ্রহণ করতে হবে।

০২। এ আদেশ ২০০১ সালের ১লা জানুয়ারি থেকে কার্যকর হবে।

সৈয়দ হাসান ইমাম
সহকারী সচিব

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুন বাগিচা, ঢাকা

অনুলিপি: অবগতির জন্য
যুগ্ম- সচিব (বাজেট)
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ শাখা-৭

নং-অম/অবি/ব্যঃনিঃ-৭/এম(৫৪)/অংশ-১/২০০২-২০০৮/১৯ তারিখ: ০৮/০৪/২০০৭ খ্রিঃ।

**বিষয়: বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক আপ্যায়ন ও শিক্ষা ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৬-০৭, তারিখ- ১২-২-০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদেশস্থ বাংলাদেশের সকল মিশনে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতা ১৫% বৃদ্ধি এবং শিক্ষা ভাতা নিম্নোক্ত ৩টি ক্যাটাগরীতে ভাত করে ক-ক্যাটাগরী ২২টি মিশনের জন্য ১৫০০০ মার্কিন ডলার, খ-ক্যাটাগরী ২২টি মিশনের জন্য ১২০০০ মার্কিন ডলার ও গ-ক্যাটাগরী ১৩টি মিশনের জন্য ৭৮০০ মার্কিন ডলার পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| **ক-ক্যাটাগরী-২২টি** | **খ-ক্যাটাগরী-২২টি** | **গ-ক্যাটাগরী-১৩টি** |
|---|---|---|
| বার্লিন, ব্রাসেলস, জেনেভা, মস্কো, নিউইয়র্ক (পিএম), বেইজিং, প্যারিস, রোম, স্টকহোম, টোকিও, ওয়াশিংটন, সিউল, দি-হেগ, বার্মিংহাম, ক্যানবেরা, লন্ডন, ম্যানচেষ্টার, অটোয়া, লসঞ্জেলেস, হংকং, নিউইয়র্ক (সিজি) এবং মাদ্রিদ | আংকারা, মাসকাট, মানাসা, জাকার্তা, ম্যানিলা, তেহরান, তাসখন্দ, আম্মান, নাইরোবী, প্রিটোরিয়া, মালে, ব্রুনাই, কায়রো, রাবাত, রিয়াদ, দোহা,তিরিপেলী, কুয়ালালমপুর, সিঙ্গাপুর, জেদ্দা, কুয়েত এবং ব্যাংকক | আগরতলা, সিট্যুয়ে (মায়ানমার) কাঠমুন্ডু, থিম্পু, কলকাতা, করাচী, ইয়াংগুণ, হ্যানয়, কলম্বো, নয়াদিল্লী, ইসলামাবাদ, দুবাই এবং আবুধাবী |

০২। এ ভাতাসমূহ ২০০৭-২০০৮ অর্থ বছরের ১লা জুলাই/২০০৭ হতে কার্যকর হবে।

মোঃ আবদুল খালেক
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৩৬

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ ও পরিদর্শন অনুবিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ, শাখা-৭

নং-অম/অবি/ব্যনি-৭/এম(৩৯)/অংশ-২/২০০৮/৪১ তারিখ: ১৩/০৭/২০০৮ খ্রিঃ।

**বিষয়: বিদেশস্থ বাংলাদেশের বিভিন্ন মিশনে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক আপ্যায়ন ও শিক্ষা ভাতার হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: ১। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০৭-০৮/০৮, তারিখ-১০ ডিসেম্বর, ২০০৭।
২। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০৭-০৮/১৬, তারিখ-০৬ মে, ২০০৮।
৩। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০৭-০৮/১৭, তারিখ-০৭ মে, ২০০৮।
৪। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০৭-০৮/৩৫, তারিখ-১৬ জুন, ২০০৮।
৫। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০৭-০৮/৩৬, তারিখ-১৭ জুন, ২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদেশস্থ বাংলাদেশের নিম্নবর্ণিত মিশনসমূহে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক আপ্যায়ন ও শিক্ষা ভাতার হার পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:-

ক) সিউল মিশনের বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা বিদ্যমান হার হতে ২০% বৃদ্ধি করা হলো।
খ) মাস্কাট মিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক ভাতা সংযুক্ত আরব আমীরাত মিশনের জন্য নির্ধারিত হারের সমপরিমাণ ভাতা নির্ধারণ করা হলো।
গ) রোম মিশনের কর্মকর্তা-কর্মচারীদের শিক্ষা ভাতা বিদ্যমান হার হতে ৩০% বৃদ্ধি করা হলো।
ঘ) হ্যানয়, আবুধাবী ও দুবাই মিশনকে শিক্ষা ভাতার ক্ষেত্রে গ-ক্যাটাগরী হতে খ-ক্যাটাগরীতে উন্নীত করা হলো।

০২। এ সকল ভাতাদির হার ১ জুলাই, ২০০৮ হতে কার্যকর হবে। তবে শর্ত থাকে যে, এ সকল ভাতাদি বৃদ্ধিকে কখনও নজির হিসেবে দেখানো যাবেনা।

মোঃ আলি কদর
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৯৯৫১

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ, শাখা-৭

নং-অম/অবি/ব্যনি-৭/এম(৩৯)/২০০৮/৮৭ তারিখ: ২০/১১/২০০৮ খ্রিঃ।

**বিষয়: বাংলাদেশ হাইকমিশন লন্ডনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতা এবং বাংলাদেশ দূতাবাস মস্কোতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক, আপ্যায়ন ও শিক্ষা ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: ১। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭-২০০৮/৪৫, তারিখ- ১৬ জুলাই, ২০০৮।
২। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৬-২০০৭/০৯/৪৯, তারিখ- ২২ জুলাই, ২০০৮।
৩। নং-এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭-২০০৮/৫৭, তারিখ- ২৯ জুলাই, ২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ হাইকমিশন লন্ডনে কর্মরত কর্মকর্তাগণের আপ্যায়ন ভাতা বিদ্যমান হার হতে ১০% এবং বাংলাদেশ দূতাবাস মস্কোতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক ভাতা ১০% ও শিক্ষা ভাতা ২০% বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

সুলেখা রাণী বসু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৯৯৫১

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১

নং-অম/অবি(ব্যঃনিঃ-১)অর্থ-৬/২০০৯/৪৫ তারিখ: ২৬-১২-১৪১৬ বঙ্গাব্দ / ১০-০৩-২০১০ খ্রিষ্টাব্দ

## 'অফিস স্মারক'

**বিষয়: বাসভবনে বিদেশী অতিথিদের আপ্যায়ন ব্যয়ের হার পুনঃনির্ধারণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সার্বিক মূল্য পরিস্থিতি বিবেচনায় অর্থ বিভাগের ৫-৯-২০০০ইং তারিখের অম/ অবি (ব্যঃনিঃ-১)/ ৯/ ৯২/ ১৮৪ স্মাকের মাধ্যমে জনপ্রতি ৩০০/- টাকা ও সর্বোচ্চ ২০ জনের জন্য অনধিক ৬০০০/- টাকা ব্যয়ের যে হার/ পরিমাণ নির্ধারণ করা হয়েছিল তা বর্ধিত করে জনপ্রতি ৬০০/- (ছয়শত) টাকা এবং সর্বোচ্চ ২০ (বিশ) জনের জন্য অনধিক ১২,০০০/- (বার হাজার) টাকা পুনঃনির্ধারণ করা হল। একই হারে হোটেল/ রেস্তোঁরা বা অন্য কোন আপ্যায়ন কেন্দ্রে মধ্যাহ্ন/ নৈশ ভোজের ব্যবস্থা করা যাবে।

২। এতদবিষয়ে অর্থ বিভাগের ৯-২-৮৪ইং তারিখের অফিস স্মারক নং- এম,এফ,ডি/ এফ,ডি (ইসি-১) ফিন-১/ ৮৪/ ৩৯ এর অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সালিমা জাহান
উপ সচিব (ব্যঃনিঃ-১ অধিশাখা)
ই-মেইল: salimaj@finance.gov.bd

বিতরণ:

সকল মন্ত্রণালয়/ বিভাগ/ পরিকল্পনা কমিশনের সদস্য/
স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের প্রধান এবং সিএণ্ডএজি,
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ অধিশাখা-২
(www.mof.gov.bd)

নং- অম/অবি/ব্যঃনিঃ- ২/এম(৩৯)/অংশ- ৩/২০০৮/৪২ তারিখ: ০১/০৩/২০১২ খ্রিঃ।

**বিষয়: বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতা পুনঃনির্ধারণ।**

সূত্র: ১। এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭(অংশ- ১)/২১৪, তারিখ-২০/০৩/২০১১ খ্রিঃ।
২। এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭, তারিখ-২২/০৮/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বিদেশ অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক ও আপ্যায়ন ভাতা বাংলাদেশ নিউইয়র্ক মিশনের বৈদেশিক ও আপ্যায়ন ভাতাকে ভিত্তি ধরে তা ৪০% বৃদ্ধির পর তার ওপর ইউ.এন.ইনডেক্স প্রয়োগ করে বাংলাদেশের অন্যান্য মিশনের বৈদেশিক ও আপ্যায়ন ভাতার সামঞ্জস্য বিধান করে সকল মিশনের ভাতা মার্কিন ডলারে পুনঃনির্ধারণে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

ক) পুনঃনির্ধারিত শিক্ষাভাতার এ হার ০১ জুলাই, ২০১২ থেকে কার্যকর হবে।
খ) এ আদেশ কার্যকরের পর বৈদেশিক ও আপ্যায়ন ভাতা নির্ধারণ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।
গ) বৈদেশিক ও আপ্যায়ন ভাতা সংক্রান্ত সকল ব্যয় মার্কিন ডলারে পরিশোধ করতে হবে।
ঘ) পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বৈদেশিক ও আপ্যায়ন ভাতা সংক্রান্ত জারীকৃত সরকারি আদেশ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করাতে হবে।

মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া
উপ- সচিব
ফোন: ৭১৬১৬০২

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয়-নিয়ন্ত্রণ অধিশাখা-২
(www.mof.gov.bd)

নং- অম/অবি/ব্যঃনিঃ- ২/শিক্ষাভাতা- ১/২০০৯/৪৩ তারিখ: ০১/০৩/২০১২ খ্রিঃ।

**বিষয়: বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা- কর্মচারীগণের সন্তানদের শিক্ষা ভাতা পুনঃনির্ধারণ।**

সূত্র: ১। এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭(পার্ট- ১)/৪৪, তারিখ-০৬ সেপ্টেম্বর, ২০১০।
২। এডি-বিএন্ডইসি-৮১৭১/এফএ,ইএ,ইডিএ/২০০৭(পার্ট)/৪১, তারিখ-২৫ আগষ্ট, ২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বিদেশ অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের শিক্ষা ভাতা প্রদানের ক্ষেত্রে প্রকৃত খরচ এবং দুই সন্তানের জন্য বার্ষিক সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) মার্কিন ডলার এর মধ্যে যেটি কম সেটি পুনঃনির্ধারণে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:-

শর্তসমূহ:

ক) পুনঃনির্ধারিত শিক্ষাভাতার এ হার ০১ জুলাই, ২০১২ থেকে কার্যকর হবে।

খ) কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক প্রকৃত শিক্ষা ব্যয়ের ১৫% ব্যক্তিগতভাবে বহন করার বিদ্যমান ব্যবস্থা বহাল থাকবে।

গ) শিক্ষাভাতা প্রদানের ক্ষেত্রে কর্মকর্তা/ কর্মচারীগণের সন্তানদের বয়স সীমার বিদ্যমান ব্যবস্থা ২১ বছর বহাল থাকবে।

ঘ) এ আদেশ কার্যকরের পর শিক্ষাভাতা নির্ধারণ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।

ঙ) শিক্ষাভাতা সংক্রান্ত সকল ব্যয় মার্কিন ডলারে পরিশোধ করতে হবে।

মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া
উপ- সচিব
ফোন: ৭১৬১৬০২

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

# প্রেষণ ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবিধি অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/প্রঃভাঃ-১/২০০৪/১৮ তারিখ: ০৯/০৩/২০০৪ খ্রিঃ

**বিষয়: জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ২০০৩ অনুযায়ী সরকার পরিচালিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত অফিসারদের মূল বেতনের ৩০% ভাগ হারে বিশেষভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: সংস্থাপন বিভাগ পত্র নং-সম(ননি ও অ:প্র:-১)জপ্রপ্রনী-৩৪/২০০৩/২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সচিব সংস্থাপন মন্ত্রণালয়ের সভাপতিত্বে ২২-৫-২০০৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত 'ঙ' নং সিদ্ধান্ত অনুযায়ী Public Adminstration Training Policy-2003' এর নিম্নোক্ত উপ-অনুচ্ছেদ ৩.০(ii) বাস্তবায়ন বিষয়ে অর্থ বিভাগের ঘটনোত্তর সম্মতি জ্ঞাপন করা হ'ল:

9.0(ii) Special Allowance: Officers on deputation selected from the pool (8.3) to training institutions will be entitled to special allowance @ of 30 p.c of basic pay.

মোঃ শরাফত আলী
সহকারী সচিব

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,
(দৃঃআঃ উপ-সচিব (নঃনিঃ ও অঃ প্রঃ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/৩১ তারিখ: ২৪/১২/১৪১৪ বঙ্গাব্দ / ০৭/০৪/২০০৮ খ্রিষ্টাব্দ

**বিষয়: সামরিক/ বেসামরিক সরকারি কর্মকর্তাদের ২০% প্রেষণ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১) সংস্থাপন বিভাগ এর অফিস স্মারক নং-R II/ IC-1/ 72-63 তাং-২৫/০৫/১৯৭২
২) প্রতিরক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং-Pay-25/ 82/ D-19, তারিখ-১৪/০৭/১৯৮৩

সরকার প্রেষণে কর্মকালীন সময়ে সকল সামরিক/ বেসামরিক সরকারি কর্মকর্তার জন্য প্রেষণভাতা প্রবর্তন করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

০২। সকল সরকারি (সামরিক/ বেসামরিক) কর্মকর্তা প্রেষণে কর্মকালীন সময়ে মূল বেতনের ২০% প্রেষণ ভাতা প্রাপ্য হবেন।

০৩। স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এর ক্ষতিপূরণ ভাতা, প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর বিশেষ গার্ড ভাতা, রেপিড এ্যাকশন ব্যাটেলিয়ান (রেব) এর রেব ভাতা এবং সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে বিশেষ ভাতা যথারীতি বহাল থাকবে। এ সব ক্ষেত্রে এই প্রজ্ঞাপন দ্বারা প্রবর্তিত প্রেষণ ভাতা প্রযোজ্য হবে না।

০৪। প্রেষণে নিয়োজিত সামরিক বাহিনীর কর্মকর্তাদের জন্য অর্থ বিভাগ হতে ইতোপূর্বে জারিকৃত মূল বেতনের ২০% ক্ষতিপূরণ ভাতা প্রদানের অফিস স্মারকসমূহ বাতিল করা হ'ল। তদস্থলে উক্ত কর্মকর্তাগণ প্রেষণে কর্মকালীন সময়ে মূল বেতনের ২০% প্রেষণ ভাতা প্রাপ্য হবেন।

০৫। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

ফজলে কবির
অতিরিক্ত সচিব (ব্যাংনিঃ ও প্রবিধি)

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/৩১ তারিখ: ২৪/১২/১৪১৪ বঙ্গাব্দ / ০৭/০৪/২০০৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্ররিত হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব --------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৬। বিভাগীয় কমিশনার (সকল) ---------------------
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৯। জেলা প্রশাসক (সকল) --------------------
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা- ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা।
১১। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।

মোঃ আবদুর রশিদ মিয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৭৩০৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫
www.mof.gov.bd

নং-০৭.১৭৫.০৩১.০১.০০.০২৭.২০০৭(অংশ)/২০৩

তারিখ: ০৯/০৯/২০১০ খ্রিঃ
২৫/০৫/১৪১৭ বঃ

**বিষয়: একই সাথে বৈদেশিক ভাতা ও প্রেষণ ভাতা প্রদান বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ক) সংস্থাপন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১৭২.০২২.০৬.০০.০১৪.২০১০.৯৩.তারিখ: ২জুন/২০১০ ইং
খ) বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-বাম/ সিই/১ (৫৮)/২০০৭-র-৩/১৩৫ তারিখ: ০২/০৯/১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের বিভিন্ন উইং-এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ একই সাথে 'বৈদেশিক ভাতা' ও 'প্রেষণ ভাতা' প্রাপ্য হবেন না। তাঁরা শুধুমাত্র 'বৈদেশিক ভাতা' প্রাপ্য হবেন।

মাহবুবা আক্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৭০৬১

সচিব,
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপ- সচিব,
রপ্তানী-৩ অধিশাখা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন,৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
৬। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি -২ অধিশাখা
www.mof.gov.bd

নং -০৭.০০.০০০০.১৭২.০১.০০১.১২ -৭৭ তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ২১ মে, ২০১২ খ্রিস্টাব্দ

## অফিস স্মারক

**বিষয়: বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের বিভিন্ন উইং-এর কর্মকর্তাগণ কর্তৃক একই সাথে 'প্রেষণ ভাতা' ও 'বৈদেশিক ভাতা' গ্রহণের ক্ষেত্রে প্রেষণ ভাতা ফেরত প্রদান।**

**সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৭৫.০৩১.০১.০০.০২৭.২০০৭)অংশ/(২০৩, তারিখ :০৯.০৯.২০১০ খ্রি :**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে বিভিন্ন উইং-এ কর্মরত কর্মকর্তাগণ প্রচলিত নিয়মানুযায়ী একই সাথে **'প্রেষণ ভাতা' ও 'বৈদেশিক ভাতা'** প্রাপ্য হবেন না -মর্মে সূত্রে উল্লেখিত স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ-কে অবহিত করা হয়েছিল। বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, সূত্রোক্ত স্মারক জারির তারিখের পূর্বে বিদেশস্থ বাংলাদেশ মিশনের কোন কোন উইং-এর কর্মকর্তাগণ **একই সাথে দু'টি ভাতা গ্রহণ করেন নি এবং কোন কোন উইং-এর কর্মকর্তাগণ একই সাথে দু'টি ভাতা গ্রহণ করলেও পরবর্তীতে অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে 'প্রেষণ ভাতা' ফেরৎ প্রদান করেছেন।** কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উইং-এর কর্মকর্তাগণ নিয়ম বহির্ভূতভাবে একই সাথে আহরিত 'বৈদেশিক' ও 'প্রেষণ ভাতা'র মধ্যে থেকে এখনও **'প্রেষণ ভাতা' সরকারি কোষাগারে ফেরৎ প্রদান করেন নি।**

০২। এমতাবস্থায়, অর্থ বিভাগের মতামত প্রদানের তারিখের )০৯ -০৯ -২০১০ খ্রিঃ (পূর্বে বিদেশস্থ বাংলাদেশ মিশনের **যে সকল কর্মকর্তা একইসাথে 'প্রেষণ ভাতা' ও 'বৈদেশিক ভাতা' গ্রহণ করে এখনও 'প্রেষণ ভাতা' সরকারি কোষাগারে ফেরৎ দেননি** তাঁদের নিকট হতে অবিলম্বে **'প্রেষণ ভাতা' আদায়ের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

নাসরিন সুলতানা
উপসচিব )প্রবিধি -২ অধিশাখা(
ফোন: ৯৫৬১১৩১
e-mail : nsultana@finance.gov.bd

বিতরণ )জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:(
১. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৩. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং -০৭.০০.০০০০.১৭২.০১.০০১.১২ -৭৭ তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ২১ মে, ২০১২ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**
১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. মহাপরিচালক, বৈদেশিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাসরিন সুলতানা
উপসচিব )প্রবিধি -২ অধিশাখা(

# ডোমেস্টিক এইড এলাউন্স

GOVERNMENT OF THE REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
IMPLEMENTATION WING

# OFFICE MEMORANDUM

No-MFP/Imp(1)/85/126 Dated: 30.11.85

**Sub: Domestic Aid Allownace to the Secretaries to the Government.**

The Government have been pleased to sanction a domestic aid allowance of Tk. 420/- (four hundred twenty) per month to the Secretaries to the Government only with effect from 1.11.1985.

The expenditure involved in this regard will be met from within the budget provision of the prespective Ministry/Division and the charge will proceed from the sub-head 'Allownace and Honoraria' of the revenue budget of the respective Ministry/Division.

H.R. Datta
Deputy Secretary

Distribution:
1. P.S.O to CMLA, CMLA's Secretariat, Old Sangshad Bhaban, Tejgaon, Dhaka.
2. Secretary, President's Sectt., Personal Division.
3. Secretary, President's Sectt., Public Division
4. All Secretaries of the Ministries/Divisions, Dhaka.
5. All Ministries/Division, Dhaka.
6. Comptroller and Auditor General of Bangladesh.
7. Accountant General (Civil), Bangladesh, Dhaka
8. Chief Accounts Officer (Civil Secretariat), A.G (Civil) Building, Dhaka.
9. Expenditure Control and Regulation Wing, Finance Division, Dhaka.
10. Implementation Section, Cabinet Division, Dhaka.
11. All Officers of Implementation Wing, Finance Division.
12. Guard File
13. Compilation File.

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ২০, ১৯৯৯**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে আষাঢ় ১৪০৬/ ১৪ই জুলাই ১৯৯৯

নং-অম/অবি (বাস্ত-১)/ভাতা-৫/৯৯/১৭৯-চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১২ (১) এর অনুসরণে এবং অর্থ বিভাগের অফিস স্মারক নং-এমএফপি/ইম্প(১)/ ৮৫/ ১২৬, তারিখ ৩০-১১-১৯৮৫ এর আংশিক সংশোধনক্রমে সরকার বাংলাদেশ সরকারের সচিবগণের ডোমেষ্টিক এইড এলাউন্স এর মাসিক হার ৫২৫/- টাকা হইতে বৃদ্ধি করিয়া ৬৮৫/- টাকায় পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

২। এই বর্ধিত হার ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০৩.০০.০১৪.২০১০-৪২ তারিখ: ০৪/১০/২০১০ খ্রিঃ

**বিষয়: সরকারের সচিব ও সচিব পদমর্যাদা কর্মকর্তাগণের ডোমেস্টিক এইড এলাউন্স (Domestic Aid Allowance) বৃদ্ধি।**

সরকারের সচিব ও সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের বিদ্যমান মাসিক ডোমেস্টিক এইড এলাউন্স (Domesitc Aid Allowance) ১,৩০০/- (এক হাজার তিনশত মাত্র) টাকা হতে ৩,০০০/- (তিন হাজার মাত্র) টাকায় বৃদ্ধি করা হ'ল।

২। এ বাবদ প্রয়োজনীয় ব্যয়ভার সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার নিজস্ব বাজেট থেকে নির্বাহ করা হবে।

৩। এ বর্ধিত ভাতা ১ জুলাই, ২০১০ তারিখ থেকে কার্যকর হবে।

এ.এফ আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩। সচিব -------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৭.১৭৩.০৩১.০৩.০০.০১৪.২০১০-৪২ তারিখ: ০৪/১০/২০১০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-
১। যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (তাঁদের ০৯.০৯.২০১০ তারিখের ০৭.১৫৩.০১৫.০৪.০০.০২.২০১০/৫২৪ নং স্মারকের বরাতে)।
২। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। অর্থ সচিবের একান্ত সচিব, (অর্থ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

এ.এফ আমিন চৌধুরী
উপ-সচিব

# টেলিফোন ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/নীতি-৩/০২/২০৫

তারিখ: ০১/০৯/১৪১৫ বঃ
১৫/১২/২০০৮ খ্রিঃ

**বিষয়: সরকারি মোবাইল/ সেলুলার টেলিফোন ভাতা উত্তোলন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এখন হতে অতিরিক্ত সচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং যুগ্ম-সচিবগণ মোবাইল/ সেলুলার টেলিফোনের মাসিক ভাতা ৬০০ (ছয়শত) টাকা হারে প্রাপ্য হবেন।

০২। বর্ণিত কর্মকর্তাগণ এই ভাতা মাসিক বেতন বিলের সাথে উত্তোলন করবেন।

০৩। উল্লেখ্য, এই ভাতা উত্তোলনের জন্য কর্মকর্তাকে তাঁর ব্যবহার্য মোবাইল/ সেলুলার টেলিফোনের সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

০৪। এই আদেশ ০১, ডিসেম্বর, ২০০৮ তারিখ হতে কার্যকর হবে।

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

বিতরণ:

১। মহা -হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ,৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ অফিসসমূহে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
২। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৩। হিসাব মহা নিযন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ অফিসসমূহে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৪। অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/নীতি-৩/০২/২৩৯ তারিখ: ২১/১০/১৪১৫ বাং / ০৩/০২/২০০৯ খ্রিঃ

**বিষয়: সরকারি আবাসিক টেলিফোন নীতিমালা সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: ২৩/১০/০৮ তারিখে সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ হতে প্রাপ্ত নোট অনুচ্ছেদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারি আবাসিক টেলিফোনের ব্যয়সীমা ভ্যাট ও লাইন চার্জ/সারচার্জ ব্যতীত নিম্নোক্ত উপায়ে পুনঃনির্ধারণ করতঃ সমন্বিত সরকারি টেলিফোন নীতিমালা' ২০০৪ সংশোধনে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

১) অনুচ্ছেদ ৮ (খ)-এ '১২০০ কল'এর পরিবর্তে '১৮০০/০০ টাকা'

২) অনুচ্ছেদ ৮ (গ)-এ '১০০০ কল' এর পরিবর্তে '১৫০০/০০ টাকা'

৩) অনুচ্ছেদ ৮ (ঘ)-এ '৮০০ কল' এর পরিবর্তে '১২০০/০০ টাকা'

৪) অনুচ্ছেদ ৮ (ঙ)-এ '৬৫০ কল' এর পরিবর্তে '৯৭৫/০০ টাকা'

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব মোঃ রেজাউল আহসান, উপ-সচিব (প্রঃ-১ (২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/নীতি-৩/০২/৩৬৩

তারিখ: ০৫/১১/১৪১৬ বঃ
১৭/০২/২০১০ খ্রিঃ

**বিষয়: সরকারি মোবাইল/ সেলুলার টেলিফোন ভাতা উত্তোলন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এখন হতে উপসচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ মোবাইল/ সেলুলার টেলিফোনের মাসিক ভাতা ৪০০ (চারশত) টাকা হারে প্রাপ্য হবেন।

২। বর্ণিত কর্মকর্তাগণ এই ভাতা মাসিক বেতন বিলের সাথে উত্তোলন করবেন।

৩। উল্লেখ্য, এই ভাতা উত্তোলনের জন্য কর্মকর্তাকে তাঁর ব্যবহার্য মোবাইল/ সেলুলার টেলিফোনের সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

৪। এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

বিতরণ:
১। মহা -হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ,৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ অফিসসমূহে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
২। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৩। হিসাব মহা নিযন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ অফিসসমূহে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৪। অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/নীতি-০৩/২০০২(অংশ)/৪২৩ তারিখ: ০৬/০৬/২০১০ খ্রিঃ।

**বিষয়: সরকারি মোবাইল/ সেলুলার টেলিফোন সংযোগ ব্যবহার সংক্রান্ত নীতিমালা-২০০৪ এ সংশোধন আনয়ন সংক্রান্ত।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নোটাংশ ৪০-৪৫, তারিখ: ০৩/১২/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি মোবাইল/ সেলুলার সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪ এর সংশোধিত ৩ (জ) অনুচ্ছেদ অনুযায়ী মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী/ সচিব/ সচিব সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাদের মোবাইল সেটের মূল্য টাকা ১৫০০০/- (পনের হাজার) নির্ধারণে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হ'ল।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব রেজাউল আহসান, উপ-সচিব)

# শিক্ষা সহায়ক ভাতা

**<u>একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/বিভা-০৩/২০০৫/৪১৬ — তারিখ: ২৪/০৫/২০১০ খ্রিঃ।

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ-২৫ অনুযায়ী শিক্ষা সহায়ক ভাতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে ০১/০৭/২০১০ তারিখ হতে সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ২০০/-(দুইশত) টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ৩০০/-(তিনশত) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যেকোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ হবে। নিম্নোক্ত কাগজপত্র ( Documents) দাখিল সাপেক্ষে বর্ণিত সুবিধা প্রদেয় হবে:-

i) জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি (Attested Copy of Birth Certificate)।

ii) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolment Certificate from the Head of Educational Institution)।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

**বিতরণ:**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
৩) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫) সচিব/ভারপ্রাপ্ত সচিব---------------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৬) অতিরিক্ত সচিব ----------------------------------(সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭) মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৯) হিসাব মহা-নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১০) বিভাগীয় কমিশনার -----------------------------------------------বিভাগ (সকল বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১১) যুগ্ম-সচিব-----------------------------------------------(সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২) অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ নৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১৪) অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৮৬(১৩৫) তারিখ: ১২/১২/২০১০ খ্রিঃ।

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ-২৫ অনুযায়ী শিক্ষা সহায়ক ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/প্রবিধি-৩/বিভাগ-০৩/২০০৫/৪১৬, তারিখ: ২৪/০৫/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল ২০০৯, এর অনুচ্ছেদ ৫ এ বর্ণিত শিক্ষা সহায়ক ভাতা প্রদান সহজীকরণের নিমিত্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

ক) সূত্রোল্লিখিত স্মারকের ১(ii) উপ-অনুচ্ছেদে বর্ণিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রতি শিক্ষা বর্ষে শুধুমাত্র একবার প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে ; এবং

খ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সেক্ষেত্রে যেকোন একজনের সন্তান সংখ্যা এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান সংখ্যা গণনার ক্ষেত্রে কর্মকর্তাদের বেলায় তাঁদের স্ব স্ব বেতন বিলে প্রত্যয়ন পত্র এবং কর্মচারীদের বেলায় তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

২। শিক্ষা সহায়ক ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের ২৪/০৫/২০১০ তারিখের অম/ অবি/ প্রবিধি-৩/ বিভাগ-০৩/ ২০০৫/ ৪১৬ নং স্মারকে বর্ণিত অন্যান্য বিষয়/ শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
e-mail: aminc@finance.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
২. মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব----------------------------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৫. অতিরিক্ত সচিব ----------------------------------(সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৮. হিসাব মহা-নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা (তাঁর অধীনস্থ অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৯. বিভাগীয় কমিশনার ----------------------------------------------------------বিভাগ (সকল বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১০. যুগ্ম-সচিব----------------------------------------------------(সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২. অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -------------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১৪. কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-০৭.১৬১.০২২.০০.০০.০০১.২০১০-২৯৩ তারিখ: ২২/০৯/২০১০ খ্রিঃ

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের ফলে উদ্ভূত সমস্যার বিষয়ে মতামত প্রদান।**

সূত্র: নং - সিজিএ/পদ্ধতি-১/জাঃবেঃস্কেল/২০০৮/৫৪৭/৭৮৭ তাং- ০২/০৩/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্তপত্রের পরিপেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রবর্তনের ফলে উদ্ভূত সমস্যার বিষয়ে অর্থ বিভাগের সুনির্দিষ্ট মতামত (ছকে প্রদত্ত) নিম্নরূপভাবে কার্যকর হবে।

| ক্রঃ নং | উদ্ভূত সমস্যাসমূহ | উদ্ভূত সমস্যাসমূহের বিষয়ে সিজিএ কার্যালয়ের মতামত | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের মতামত |
|---|---|---|---|
| ১। | জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ১৩(১) অনুযায়ী বর্ধিত হারে চিকিৎসাভাতা যে সকল কর্মকর্তা/ কর্মচারি ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখে অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও প্রাপ্য হবেন কি- না? | ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখে যে সকল কর্মকর্তা/ কর্মচারি অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও অর্থ মন্ত্রণালয়ের পত্র নং- অম/ অবি(বাস্তব-১) বিবিধ- ৭/ ২০০৫(অংশ-১)/ ১০ তারিখ- ২৩/০১/২০০৬ খ্রিঃ অনুযায়ী জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ১৩(১) মোতাবেক বর্ধিত হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন। | সিজিএ কার্যালয়ের মতামতের সাথে একমত। |
| ২। | জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ১৪(৬) অনুযায়ী বর্ধিত হারে বাড়ীভাড়া ভাতা, যে সকল কর্মকর্তা/ কর্মচারি ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখ অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও প্রাপ্য হবেন কি- না? | ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখে যে সকল কর্মকর্তা/ কর্মচারি অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও অর্থ মন্ত্রণালয়ের পত্র নং- অম/ অবি(বাস্তব-১) বিবিধ- ৭/ ২০০৫(অংশ-১)/ ১০ তারিখ- ২৩/০১/২০০৬ খ্রিঃ অনুযায়ী জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ১৩(১) মোতাবেক বর্ধিত হারে বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হবেন। | সিজিএ কার্যালয়ের মতামতের সাথে একমত। |
| ৩। | জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ২৫ অনুযায়ী ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখ হতে প্রদেয় শিক্ষা সহায়ক ভাতা যে সকল কর্মকর্তা/ কর্মচারি ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখে অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও প্রাপ্য হবেন কি- না? | অবসর উত্তর ছুটিকাল যেহেতু পেনশনযোগ্য চাকরিকাল সেহেতু ০১/০৭/২০১০ খ্রিঃ তারিখে যে সকল কর্মকর্তা/ কর্মচারি অবসর উত্তর ছুটিতে (পিআরএল) থাকবেন তারাও জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ নং- ২৫ মোতাবেক শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন। | সিজিএ কার্যালয়ের মতামতের সাথে একমত। |

মফিজ উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৮১

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা -১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-০৭.১৭৩.০২২.১৪০০০.০০৯.২০১১-২৭ তারিখ: ২৭ জানুয়ারী, ২০১১

**বিষয়: বাংলাদেশ রাইফেলস এর সাময়িকভাবে বরখাস্ত এবং অবসর ছুটি ভোগরত বিভাগীয় কর্মকর্তা/ সৈনিক/ অসামরিক কর্মচারীদেরকে শিক্ষা সহায়ক ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ (প্রশা-১)-বিবিধ-৯/২০০০ (অংশ)-১১৮৩, তারিখ:২৯/০৯/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে সাময়িকভাবে বরখাস্তকৃত এবং অবসর-উত্তর ছুটি ভোগরত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদেরকে শিক্ষা সহায়ক ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# যাতায়াত ভাতা/টিফিন ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
<u>প্রবিধি শাখা- ২</u>

নং-অম(অবি)/প্রবি-২/টিএ-১০/৮৫/১০০ তারিখ: ২৩/২/১৩৯৪ বাং / ৭/৬/১৯৮৭ ইং

প্রেরক: জনাব এ, বি, চৌধুরী
যুগ্ম সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ

প্রাপক: মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
১০/ এস হাতী সড়ক, মগবাজার, ঢাকা।

**বিষয়: যাতায়াতের জন্য নন-গেজেটেড এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের রিকসা ভাড়া প্রদান প্রসঙ্গে।**

জনাব,

উপরোক্ত বিষয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (বেসামরিক সচিবালয়) এর ৩০-৫-১৯৮৫ তারিখের এন, জি, পি-১ (গ্যাম-১) রিকসা ভাড়া/ বাহির/ ৪৫৯ নং স্মারকের বরাতে আমি জানাইতে নির্দেশিত হইয়াছি যে, সরকার সদয় ইয়া এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, এফআর ও এস,আর (১ম খন্ড) এর এস, আর-৮৯/ বি, এস, আর (২য় খন্ড) এর ৮৬ নং বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে নন গেজেটেড ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদিগকে কার্যোপলক্ষে হেডকোয়ার্টার্সের ৫ (পাঁচ) মাইলের মধ্যে রিকসা যোগে ভ্রমণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ রিকসা ভাড়ার প্রতিপূরণ করা যাইতে পারে:

ক) পৌর এলাকায়/ ইউনিয়ন কাউন্সিল কর্তৃক অনুমোদিত নির্ধারিত হার অনুযায়ী হইবে।

খ) যে সকল এলাকায় রিকসা ভাড়া নির্ধারিত নাই সেই সকল এলাকার নিকটস্থ পৌরসভা/ ইউনিয়ন কাউন্সিল এর অনুমোদিত নির্ধারিত হার প্রযোজ্য হইবে।

গ) যে সব স্থান বিকল্প পরিবহন দ্বারা যুক্ত সেই সমস্ত ক্ষেত্রে রিকসা ভাড়া বিকল্প পরিবহণের নির্ধারিত হার পর্যন্ত সীমাবদ্ধ রাখিতে হইবে।

আপনার অনুগত

এ, বি, চৌধুরী

নং-অম(অবি)/প্রবি-২/টিএ-১০/৮৫/১০০(২০০০) তারিখ: ২৩/২/১৩৯৪ বাং / ৭/৬/১৯৮৭ ইং

প্রতিলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় কার্য্যক্রমের জন্য ------------------------ সমীপে প্রেরিত হইল।

কে, এম, করিম
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-২৩৫১১১/৩৬৮৮

বন্টন:

১। রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রপতির সচিবালয় (পার্সোনেল বিভাগ), বঙ্গ ভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।

৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
১০। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
১১। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
১২। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স, ঢাকা।
১৩। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১৪। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৫। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১৬। সকল মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।
১৭। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান।
১৮। সকল বিভাগীয় কমিশনার।
১৯। সকল জেলা প্রশাসক।
২০। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
২১। সকল উপজেলা নির্বাহী অফিসার।
২২। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
২৩। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। অর্থ বিভাগের সকল অফিসার।

(একই নম্বর ও তারিখে জারিকৃত স্মারক পত্রের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবিধি-৪/নি:ভাতা-১/২০০৪/১০২ তারিখ: ২৯/০৪/১৪১৩ বাং / ১৩/০৮/২০০৬ খ্রিঃ

## অফিস স্মারক

**বিষয়: জাতীয় বেতন স্কেল/২০০৫ এর ১০ম গ্রেডে বেতনপ্রাপ্ত (নন-গেজেটেড) কর্মচারীদের যাতায়াত ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-শিম/ প্রঃ-৩/১এম-৫৫/৯৭/২২৭, তারিখ: ২৬/০৬/২০০৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল ২০০৫ এর অনুঃ ১৫ মোতাবেক ১১ হতে ২০ নং স্কেলের (৪১০০-৮৮২০/- হতে ২৪০০-৪৩১০/-) আওতাভুক্ত নন-গেজেটেড কর্মচারীগণ যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। নন-গেজেটেড কর্মচারীগণদের ক্ষেত্রে টাইমস্কেল বা সিলেকশন গ্রেড প্রাপ্তির মাধ্যমে ১০ম বা তদূর্ধ্ব উচ্চতর স্কেল প্রাপ্তি তাঁদের যাতায়াত ভাতা প্রাপ্তিতে বাঁধা হবে না।

০২। বিবেচ্য বিষয়ে ইতোপূর্বেকার অর্থ বিভাগের ১৯/১০/২০০৫ তারিখের অম/ অবি/ প্রবি-৪/ নিঃভাতা-১/২০০৪/১১৬ সংখ্যক স্মারকটি বাতিল করা হ'ল।

০৩। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

বিবরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব -------------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৬। বিভাগীয় কমিশনার ------------------------------------------------ (সকল)।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৮। জেলা প্রশাসক ---------------------------------------------------------- (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/বি:ভাতা-১/২০০৪/১৮৯ তারিখ: ০৬/১১/২০০৮ ইং

## অফিস স্মারক

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের কতিপয় আর্থিক সুবিধা প্রদান সংক্রান্ত।**

সূত্র: বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/অবি(বাস্তবায়ন)-১/সি-১/৮৯/১১৫(৩০০), তারিখ: ১৬/৭/১৯৮৯ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের কতিপয় আর্থিক সুবিধা প্রদান বিষয়ে জারিকৃত অফিস স্মারক নং-অম/ অবি(বাস্তবায়ন)-১/ সি-১/ ৮৯/ ১১৫(৩০০), তারিখ: ১৬/৭/১৯৮৯-এ কর্মচারীদের অফিস সময়ের অতিরিক্ত বা ছুটির দিনে ৩ ঘন্টা কাজের জন্য দৈনিক ৮/- (আট) টাকা এবং ৩ ঘন্টার বেশী অতিরিক্ত কাজের জন্য দৈনিক ১০/- (দশ) টাকা টিফিন ভাতা নির্ধারিত ছিল।

২। এক্ষণে, উক্ত টিফিন ভাতার পরিমাণ বর্ধিত করে সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের অফিস সময়ের অতিরিক্ত বা ছুটির দিনে ৩ ঘন্টা কাজের জন্য দৈনিক ১৫/- (পনের) টাকা এবং ৩ ঘন্টার বেশী অতিরিক্ত কাজের জন্য দৈনিক ২০/- (বিশ) টাকা নির্ধারণ করা হ'ল।

৩। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

প্রণব চক্রবর্তী
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৭১৬৪৫২২

নং-অম/অবি/প্রবিধি-৩/বি:ভাতা-১/২০০৪/১৮৯ তারিখ: ০৬/১১/২০০৮ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলো:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
৩) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৪) সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৬) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৭) হিসাব মহা-নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮) বিভাগীয় কমিশনার -------------------------------------- বিভাগ (সকল বিভাগ)।
৯) জেলা প্রশাসক -------------------------------------- জেলা (সকল জেলা)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০) ব্যবস্থাপনা পরিচালক -------------------------------------- (সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান)।
১১) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক ------------------------------ (সকল স্ব-শাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান এর প্রধানগণ)।
১২) মহা পরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা
১৩) মহা-পুলিশ পরিদর্শক, সদর দপ্তর, ঢাকা।
১৪) যুগ্ম-সচিব -------------------------------------- (সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৫) অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৬) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সিআরভি ভবন, চট্টগ্রাম।
১৭) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৮) পরিচালক, হিসাব নিরীক্ষক, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৯) পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০) পরিচালক, রেলওয়ে অডিট, সিআরবি ভবন, চট্টগ্রাম।

২১) পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২২) পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
২৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২৪) অফিস কপি/গার্ড ফাইল।

মোঃ আবদুর মান্নান
উপ-সচিব
ফোন:- ৭১৭০১৭৪।

# পোষাক ভাতা/ধোলাই ভাতা

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ২০, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ,৩০শে আষাঢ় ১৪০৬/১৪ই জুলাই ১৯৯৯

নং-অম/অবি (বাস্ত-১)/ভাতা-৫/৯৯/১৮০-চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১২ (১) এর অনুসরণে এবং অর্থ বিভাগের অফিস স্মারক নং-অম/ অবি (বাস্তবায়ন)-১/ সি-১/৮৯/১১৫ (৩০০), তারিখ ১লা শ্রাবণ, ১৩৯৬ বাং/১৬ই জুলাই, ১৯৮৯ ইং এর আংশিক সংশোধনক্রমে সরকার ধোলাই ভাতার হার মাসিক ২৫.০০ (পঁচিশ) টাকা হইতে বৃদ্ধি করিয়া ৩৫.০০ (পয়ত্রিশ) টাকায় পূনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। প্রচলিত নিয়ম অনুযায়ী যে সকল কর্মচারী ধোলাই ভাতা প্রাপ্য হন, তাহারাই এই ভাতা প্রাপ্য হবেন।

২। এই বর্ধিত হার ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম- সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা- ৪

নং- অম/অবি/প্রবিধি- ৪/বিভা- ৪/২০০০/৮০ তারিখ: ২৫/০৭/২০০৫ খ্রিঃ

**বিষয়: প্রধানমন্ত্রীর কার্যালয়ের গাড়ীচালক, মেকানিক, ডি/ আর ও চতুর্থ শ্রেণী কর্মচারীদেরকে ধোলাই ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের নথি নং-

ক) অম/ অবি/ ব্যঃনিঃ- ৪/ প্রমকা- ১/০৫
খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং- ৬১.৩৯.৫.২.০২.২০০৪- ২০০৫/৮৮৮, তাং- ৪/৭/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের আলোচ্য কর্মচারীগণ সরকারের তরফ হতে সাজ- পোষাক প্রাপ্য হলে তারা ধোলাই ভাতা প্রাপ্য হবেন এবং এ হার অর্থ বিভাগের বাস্তবায়ন- ১ শাখার ১৪ জুলাই ১৯৯৯ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ১ জুলাই ১৯৯৯ তারিখের পূর্ব পর্যন্ত ২৫/- টাকা হারে এবং পরবর্তীতে ৩৫/- টাকা হারে প্রদান করা যেতে পারে।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬১১৩১

সিনিয়র সহকারী সচিব
ব্যয় নিয়ন্ত্রণ- ৪
অর্থ বিভাগ

অনুলিপি অবগতির জন্য:-

পরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

# বিশেষ ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা- ৩।

নং- অম/অবি/(বা)- ৩বেঃনিঃ(সঃ)- ১/৮৯/১২৪(১০০)

তারিখ: ২৭শে ডিসেম্বর ১৯৮৯ ইং
১৩ই পৌষ ১৩৯৬ বাং

**বিষয়: যুগ্ম- সচিব এবং তদূর্ধ্ব কর্মকর্তাগণের সাথে কর্মরত ব্যক্তিগত সহকারি (পি.এ.) গণের বিশেষ ভাতা প্রদান সংক্রান্ত।**

অর্থ মন্ত্রণালয়ের সাবেক বাস্তবায়ন বিভাগের ১৭- ৫- ৭৮ইং তারিখের এম, এফ (আইডি)- ৩/ বি১/ ৭৮/ ৫৩৮ নং অফিস স্মারকের ৭নং অনুচ্ছেদের আংশিক সংশোধনপূর্বক সরকার, যুগ্ম- সচিবগণের ব্যক্তিগত সহকারিগণের বিশেষ ভাতার মাসিক হার ৫০/- টাকা হতে ৭৫/- (পঁচাত্তর) টাকায় এবং অতিরিক্ত সচিব, সচিব এবং মন্ত্রিবর্গের ব্যক্তিগত সহকারিগণের বিশেষ ভাতার মাসিক হার ৮৫/- টাকা হতে ১২৫/- (একশত পঁচিশ) টাকায় বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। এ সিদ্ধান্ত অত্র অফিস স্মারক জারির তারিখ হতে কার্যকর হবে।

এ, কে, এম ফজলুল হক
উপ- সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা- ৩।

নং- অম/অবি/(বাস্ত - ৩)বেঃনিঃ(সঃ)- ১/৮৯/৫৬

তারিখ: ১২ নভেম্বর, ১৯৯৫ ইং
২৮শে কার্তিক, ১৪০২ বাং

**বিষয়: সরকারের যুগ্ম- সচিব, অতিরিক্ত সচিব, সচিব, মন্ত্রী/ উপদেষ্টাদের সমপর্যায়ের কর্মকর্তাগণের ব্যক্তিগত সহকারি (পি,এ)- দের বিশেষ ভাতা প্রদান সংক্রান্ত।**

অর্থ মন্ত্রণালয়ের অফিস স্মারক নং- এন এফ (আইডি)- ৩/ বি- ১/ ৭৮/ ৫৩৮, তারিখ ১৭- ৫- ৭৮ইং অনুযায়ী যুগ্ম- সচিব, অতিরিক্ত সচিব, সচিব, মন্ত্রী/ উপদেষ্টাগণের ব্যক্তিগত সহকারিগণ (পি,এ) নির্ধারিত হারে বিশেষ ভাতা (Special Allowance) পেয়ে থাকেন। কিন্তু ঐ সকল কর্মকর্তাগণের সমপর্যায়ের কর্মকর্তাদের সাথে কর্মরত ব্যক্তিগত সহকারিগণকে বিশেষ ভাতা প্রদানের কোন বিধান নেই। বিষয়টি সার্বিকভাবে পর্যালোচনা করে উপরোক্ত স্মারকটি আংশিক সংশোধনক্রমে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন:

ক) প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্য এবং পরিকল্পনা কমিশনের সদস্য, বিভাগীয় প্রধান ও যুগ্ম- প্রধানের সাথে কর্মরত ব্যক্তিগত সহকারিগণও নির্ধারিত হারে বিশেষ ভাতা প্রাপ্য হবেন।

খ) অন্যান্য ক্ষেত্রে সচিব, অতিরিক্ত সচিব ও যুগ্ম- সচিবের সমপর্যায়ের কর্মকর্তাদের সাথে কর্মরত ব্যক্তিগত সহকারিগণও নির্ধারিত হারে বিশেষ ভাতা প্রাপ্য হবেন। তবে ‘সম- পর্যায়’ নির্ধারণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

গ) যে সকল ব্যক্তিগত সহকারিগণ বিশেষ ভাতা পাবেন তাদেরকে অধিকাল ভাতা প্রদেয় হবে না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নুরুল আমীন পাটোয়ারী
উপ- সচিব
বাস্তবায়ন- ২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/বিধি-৬/প্রঃমঃ/ভাতা-৫/২০০৬/৯২ তারিখ: ১১/০৭/২০০৭ খ্রিঃ

**বিষয়: পিজিআর এর বিশেষ গার্ড ভাতার হার বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-ভাতা-১৪/৯৬/ ডি-১৯/৯৩, তাং-০৬/০৬/২০০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের সদস্যদের বিশেষ গার্ড ভাতা বিদ্যমান মূল বেতনের ২৫% এর স্থলে ৫০% করার মঞ্জুরি জ্ঞাপন করা হ'ল।

০২। সংশ্লিষ্ট জে এস আই প্রশাসনিক মন্ত্রণালয় সংশোধনের ব্যবস্থা নিবে।
০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।
০৪। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাখাল চন্দ্র দাস
সহকারী সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

<u>একই নাম্বার ও তারিখে প্রতিস্থাপিত</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
<u>প্রবিধি-৬ শাখা</u>

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৩/০৩/৮৮ তারিখ: ১৫/০৯/২০০৮খ্রিঃ।

**বিষয়: জাতিসংঘ শান্তি মিশনে নিয়োজিত সেনাদলের সদস্যদের প্রাপ্য ২০% অগ্রিম বৈদেশিক ভাতা মিশনে গমনের প্রাক্কালে ১২ (বার) মাসের এককালীন বৈদেশিক মুদ্রায় পরিশোধ সংক্রান্ত।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণায়ের নথি নং-প্রম/ডি-১৯/ভাতা-২/২০০৭ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্ন বর্নিত বিষয় অন্তর্ভুক্ত করে নীতিমালা সংশোধনের সুপারিশে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

- জাতিসংঘ মিশনে নিয়োজিত সশস্ত্র বাহিনীর সদস্যদের মিশনে গমনের পরে প্রতি মাসে ২০% বৈদেশিক ভাতা প্রদানের পরিবর্তে ০৬ (ছয়) মাসের বৈদেশিক ভাতার ২০% মার্কিন ডলারে অগ্রিম একত্রে মিশনে গমনের প্রাক্কালে প্রদান।
- জাতিসংঘ মিশনে উড্ডয়ন কাজে নিয়োজিত পাইলট এবং এয়ার-ক্রু বিমানসেনাদের বৈদেশিক ভাতার সহিত যথাক্রমে ৪০০ (চারশত) এবং ১৫০ (একশত পঞ্চাশ) মার্কিন ডলার করে উড্ডয়ন ভাতা প্রাপ্তির বিষয় সংযোজন।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-২)
ফোন-৭১৬২৯৩১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/বিভা-০২/২০০৭/৩৮৫ তারিখ: ৩১/০৩/২০১০ ইং।

**বিষয়: স্থানান্তরকালে (In transit) কারা বন্দীদের খোরাকী ভাতা প্রতিদিন ৪ × ২ = ৮/- টাকার স্থলে ১৬/- টাকায় উন্নীতকরণ সম্পর্কিত।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ (কারা-২)১পি-২৬/৮৯/৮২, তারিখ: ০৯/০৩/২০১০ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্থানান্তরকালে (In transit) কারা বন্দীদের খোরাকী ভাতা প্রতিদিন ৪/- × ২ = ৮/- টাকার স্থলে ১৬/- (ষোল) টাকায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

মোঃ সহিদউল্লাহ
উপ-সচিব
ফোন-৯৫৫৬৩০১
mshahidullah2@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ রুখসানা হাসিন, সিনিয়র সহকারী সচিব (কারা শাখা-২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/উৎসব ভাতা-০১/৯৭/০৪ তারিখ: ২৬/০৭/২০১০ খ্রিঃ।

**বিষয়: আনসার ব্যাটালিয়নের ৪৭৪৫ জন আনসারের উৎসব ভাতা সংস্থায় নিয়োজিত (কেপিআই) অঙ্গীভূত আনসারদের ন্যায় ৬০ দিনের দৈনিক ভাতার সমপরিমাণ অর্থ বৎসরে দু'টি উৎসব ভাতা হিসেবে প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। অম/ অবি/ প্রবিধি-৩/ বিভা-০৬/২০০৬ (অংশ-১)/৪০৪, তারিখ-১১/০৫/২০১০খ্রিঃ
২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নোটাংশ ১২০-১২২, তারিখ: ১৬/১১/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেরিত বিষয়ে ১নং সূত্রের মাধ্যমে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর প্রেক্ষিতে (স্কেল বহির্ভূত) আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের ৩০% হারে বর্ধিত ভাতাদির সুবিধা প্রদানে অর্থ বিভাগ হতে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। এই আদেশ ০১/০৭/২০০১০ তারিখ হতে কার্যকর হবে।

২। এমতাবস্থায়, সূত্রস্থ ২নং প্রস্তাবের বিষয়ে বিবেচনা করার প্রয়োজন নেই।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা।
(দৃঃ আঃ জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, সহকারী সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/বিভা-৬/৯০/২৪ তারিখ: ৩০/০৮/২০১০ খ্রিঃ।

**বিষয়: শিক্ষানবীস এসআই ও রিক্রুট কনস্টেবলদের প্রশিক্ষণ গ্রহণকালে খোরাকী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ (পুঃ-৪)-৬/২০০৮/৪১৬, তারিখ: ০৪/০৮/২০১০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষানবীস এসআই ও রিক্রুট কনস্টেবলদের খোরাকী-ভাতার হার ১,৫০০/- টাকার পরিবর্তে ১,৮০০/- টাকা নির্ধারণে বাজেট বরাদ্দ সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৫.০১০.১১-২৫৮ তারিখ: ১৯ ডিসেম্বর, ২০১১

**বিষয়: সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৪তম বৈঠকের কার্যবিবরণীর সুপারিশ বাস্তবায়নের জন্য ক্যাপিটেশন গ্রান্ট বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ক্যাপিটেশন গ্রান্ট-৩/২০১০(অংশ-১) নম্বর নথির নোটানুচ্ছেদ-২৩-২৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বেসরকারি এতিমখানার নিবাসীদের মাথাপিছু বরাদ্দ ৭০০/- টাকা হতে ১,০০০/- টাকায় উন্নীতকরণের প্রস্তাবে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

ক) সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে বিবিএস প্রণীত দারিদ্র মানচিত্রকে ভিত্তি ধরে অপেক্ষাকৃত দরিদ্র প্রবণ এলাকা থেকে বেশি হারে সুবিধাভোগী নির্বাচনের ব্যবস্থা রাখা;

খ) এ সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন/সংযোজনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার পরিষদ, স্থানীয় সুশীল সমাজের প্রতিনিধিদের মতামত গ্রহণ করা; এবং

গ) ক্যাপিটেশন গ্রান্ট বাবদ বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা তদারকির জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে একটি মনিটরিং কমিটি গঠন করা।

০২। এ বৃদ্ধির হার ১ জুলাই ২০১১ তারিখ হতে কার্যকর হবে।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ক্ষতিপূরণ ভাতা/ অনুদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/ক্ষঃপূঃভাতা-২৫/৯২/৫৮

তারিখ: ০৭/০৫/১৩৯৯
২২/০৮/১৯৯২

**বিষয়: প্রধানমন্ত্রীর কার্যালয়ের নন-গেজেটেড কর্মচারীদের জন্য বিশেষ ক্ষতিপূরণ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ, ও নোট নং -৬১. ১. ৫. ০. ১৫. ৯২-৩৬০ তাং -২৬/৫/৯২ ইং এবং পত্রসংখ্যা ৬১. ১. ৫. ০. ৯২-৪৯৩ তাং -২২/৭/৯২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের নন-গেজেটেড কর্মচারীদেরকে প্রতিমাসে তাহাদের মূল বেতনের শতকরা ১০ ভাগ হারে বিশেষ ক্ষতিপূরণ ভাতা প্রদানে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করিতেছে। তবে শর্ত থাকে যে সংশ্লিষ্ট কর্মচারীগণ কোন প্রকার অধিকাল ভাতা (Overtimes Allowance) প্রাপ্য হইবেন না।

২। এই বিশেষ ক্ষতিপূরণ ভাতা প্রদান সংক্রান্ত ব্যয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত হইতে মিটাইতে হইবে।

৩। উক্ত সুবিধা এই আদেশ জারির তারিখ হইতে প্রদেয় হইবে।

মোঃ মকবুল হোসেন
সহকারী সচিব
ফোন: ৩০০১

মহাপরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ: মোঃ আব্দুর রহিম, পরিচালক, প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম(অবি)/বিধি-৪/প্রঃমঃ/ভাতা-৩/৮৪/১৫৩ তারিখ: ০৫/০৪/১৯৯৪ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ রাইফেলস-এ প্রষণে নিয়োজিত সামরিক বাহিনীর কর্মকর্তাগণকে তাঁদের মূল বেতনের ২০% হারে ক্ষতিপূরণ ভাতা (Compensatory Allowance) প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) বিডিআর-এর ডি.ও নং-৩০২/৫/১১৩/ এ তাং-১৩/২/১৯৯৪ ইং
২) বিডিআর-এর ডি.ও নং-৩০২/৫/১১৭/ এ তাং-১৭/২/১৯৯৪ ইং
৩) স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের ডি.ও নং-৩/৯৪ (সী-১) তাং-৬/২/১৯৯৪ ইং

বি.ডি.আর-এ প্রষণে নিয়োজিত সামরিক বাহিনীর কর্মকর্তাদের ক্ষতিপূরণ ভাতা প্রদানের বিষয়টি বিধিগত দিকসমূহ আলোচনা করা হ'ল:

১) পর্যালোচনা করে দেখা যায় যে, ১৯৭৭ সালের জাতীয় স্কেল আদেশে (Pay Manual) যদিও সরকার ক্ষতিপূরণ ভাতাসহ বিভিন্ন ধরণের ভাতাদি প্রদান বন্ধ করে দেয়া হয়, কিন্তু উক্ত জাতীয় বেতন স্কেল আদেশ এবং পরবর্তী ১৯৮৫ ও ১৯৯১ সালের আদেশসমূহ, সরকারি, স্ব-শাসিত সংস্থা এবং বিডিআর-এর নিজস্ব কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য ছিল। সামরিক বাহিনী হতে বিডিআর-এ প্রষণে নিয়োজিত কর্মকর্তাদের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বেতন স্কেল আদেশসমূহ (Pay Manual) প্রযোজ্য নয়, কেননা তাঁরা জাতীয় বেতন স্কেল আদেশ (Pay Manual) এর আওতার বর্হিভূত।

২) সামরিক বাহিনীর কর্মকর্তাগণের জন্য সামরিক বাহিনীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য যৌথ বাহিনী নির্দেশনাবলী (J.S.I) প্রযোজ্য।

৩) অর্থ বিভাগের অনুমোদনক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১৪/০৭/৮৩ ইং তারিখে জারিকৃত আদেশে যদিও সামরিক বাহিনী হতে প্রেষণে বেসামরিক পদে নিযুক্তিতে সামরিক বাহিনীর কর্মকর্তাগণের বিশেষ ক্ষতিপূরণ ভাতা/ ডেপুটেশন এ্যালাউন্স পরে বন্ধ দেয়া হয় কিন্তু উক্ত আদেশটি বি.ডিআর এবং বিদেশে বাংলাদেশ দুতাবাসে প্রেষণরত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না বলে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

৪) সামরিক বাহিনীর সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য জে.এস.আই/৯১-তে সামরিক বাহিনী থেকে বিডিআর-এ প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রেষণ ভাতা, ক্ষতিপূরণ ভাতা প্রাপ্যতা সম্পর্কে কোন উল্লেখ নেই। অর্থাৎ বিডিআর-এ প্রেষণে নিয়োজিত সামরিক বাহিনীর কর্মকর্তাগণ ক্ষতিপূরণ ভাতা/ প্রেষণ ভাতা প্রাপ্য হবেন না, এরূপ কোন নিষেধাজ্ঞা আরোপিত নেই।

উপরোক্ত অবস্থায় প্রেক্ষিতে বর্ণিত বিধিগত দিক পর্যালোচনান্তে নির্দেশক্রমে জনানো যাচ্ছে যে, সামরিক বাহিনীর যে সকল কর্মকর্তা বিডিআর-এ প্রেষণে নিয়োজিত থাকবেন, তাঁদেরকে পূর্বের ন্যায়, জাতীয় বেতন স্কেল ১৯৯১/ জে.এস.আই-৯১ প্রবর্তনের পরেও ক্ষতিপূরণ ভাতা হিসেবে তাঁদের মূল বেতনের ২০% হারে ক্ষতিপূরণ ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হ'ল।

মোঃ খোরশেদ আলম
সিনিয়র সহকারী সচিব

সচিব
স্বারাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
{দৃঃআঃ যুগ্ম-সচিব (সীমান্ত)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিভা-২/৯৮/৮০ তারিখ: ০৭/০৭/২০০২ খ্রিঃ

**বিষয়: ক্ষতিপূরণ ভাতা প্রসঙ্গে।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডি.ও, পত্র নং-১.০.১৬.০.০.২.২০০২-১৪৫, তাং- ১০/০৬/২০০২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে জানাচ্ছে যে, বিভিন্ন দপ্তর/ পরিদপ্তরের কিছু কিছু কর্মচারী প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্তির ভিত্তিতে কর্মরত আছে। এসব কর্মচারী যতদিন প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্তিতে ভিত্তিতে কর্মরত থাকবেন ততদিন তাদের মূল বেতনের ১০% হারে এই কার্যালয়ের কর্মরত অন্যান্য নন-গেজেটেড কর্মচারীদের ন্যায় ক্ষতিপূরণ ভাতা প্রাপ্য হবেন। এ ভাতা তাদের মূল অফিস হতে প্রদেয় হবে এবং এর জন্য কোন অতিরিক্ত বাজেট বরাদ্দ দেয়া হবে না।

বিলকিস জাহান রিমি
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিভা-২/৯৮/২৯ তারিখ: ০৭/০৪/২০০৪ খ্রিঃ

**বিষয়: রাষ্ট্রপতির ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মরত প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তাগণকে ১০% বিশেষ ক্ষতিপূরণ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-৬১.৩৯.১১.০০.০০.০৮.২০০৪-৭৮, তারিখ: ২৬.০১.২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রপতির ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মরত ৩য় শ্রেণীর কর্মচারীগণ ২য় শ্রেণীর প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে পদোন্নতি প্রাপ্তির পর যারা ৩য় শ্রেণীর পদে প্রাপ্ত বিশেষ ক্ষতিপূরণ ভাতা প্রাপ্তি হতে বঞ্চিত হন, তারা তাদের নিজ নিজ পদোন্নতি প্রাপ্তির পূর্ব তারিখে বিশেষ ক্ষতিপূরণ ভাতার সমপরিমাণ অর্থ ২য় শ্রেণীর পদে পদোন্নতির তারিখ হতে ব্যক্তিগত ভাতা হিসেবে প্রাপ্য হবেন।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

১। সচিব
রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা-১০০০।

২। সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা
(দৃঃআঃ পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিভা-২/৯৮/৩২ তারিখ: ২৬/০৪/২০০৪ খ্রিঃ

**বিষয়: রাষ্টপতির কার্যালয়ে সংযুক্তির মাধ্যমে নিয়োজিত বিভিন্ন সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০% ক্ষতিপূরণ ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের পত্র নং-শা-২/২এম-১৩/২০০৩/২৪৫ ও ৫৪৪, তাং যথাক্রমে-২৪/০৪/২০০৩ ও ৬/৯/২০০৩

২। রাষ্ট্রপতির কার্যালয়ের পত্র নং-রাস (আপন)/ প্রশা-১এম-৩৯-২০০৪/২৪৪, তাং- ২৪/০২/২০০৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের বঙ্গবভন গণপূর্ত উপ-বিভাগ, বঙ্গবভন গণপূর্ত ই/ এম উপবিভাগ ও আরববী কালচার, টি এন্ড ডি বোর্ড, গণযোগাযোগ অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও মশক নিবারণী দপ্তরের ৩য় ও ৪য় শ্রেণীর নন-গেজেটেড কর্মচারীগণ (নামের তালিকা সংযোজিত) যতদিন পর্যন্ত রাষ্ট্রপতির কার্যালয়ে (সংযুক্তির মাধ্যমে) কর্মরত থাকবেন, ততদিন পর্যন্ত তারা তাদের মূল বেতনের ১০% হারে ক্ষতিপূরণ ভাতা প্রাপ্য হবেন মর্মে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

০২। এ ভাতা তাদের মূল অফিস হতে প্রদেয় হবে এবং এর জন্য কোন অতিরিক্ত বাজেট বরাদ্দ দেয়া হবে না। সংশিষ্ট সরকারি আদেশ জারির তারিখ হতে ইহা কার্যকর হবে।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

বিবরণ:
১। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গবভন, ঢাকা-১০০০।
২। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। চেয়ারম্যান, টি এন্ড টি বোর্ড,৩৭/ ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৫। মহা পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৭। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। সহকারী পরিচালক, মশক নিবারণী দপ্তর, ঢাকেশ্বরী রোড, লালবাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিবিধ-৪/২০০২/১৩০ তারিখ: ১০/১১/২০০৪ খ্রিঃ

**বিষয়: কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ কর্মকর্তা-কর্মচারীর পরিবারের অনুকূলে ক্ষতিপূরণ হিসেবে প্রদেয় এককালীন অনুদান বৃদ্ধি।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নথি নং-স্বম(পু-৪)/পি-১-বি-১১/৮৭ (ছায়া নথি) এর ১৭/০৭/০৪ তারিখের প্রস্তাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ কর্মকর্তা-কর্মচারীর পরিবারের অনুকূলে ক্ষতিপূরণ হিসেবে প্রদেয় এককালীন অনুদান সরকার ২,০০,০০০/- টাকা থেকে ৩,০০,০০০/- টাকায় বৃদ্ধি করেছেন। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

মোঃ মুকসুদুল আমিন
সহকারী সচিব

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/বিধি-৬/ভাতা-১/২০০৪/(অংশ-১)/০৭ তারিখ: ১৫/০৩/২০০৬ খ্রিঃ

**বিষয়: বিশেষ নিরাপত্তা বাহিনীর সদস্যদের ভাতা বৃদ্ধিকরণ সংক্রান্ত।**

সূত্র:ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-২২.৪৬.৫.০.০.৫৮.২০০০-৪৬৯ (২), তারিখ: ১২.১০.২০০৫
খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-২২.৪৬.৫.০.০.৫৮.২০০০-৩৫ (২), তারিখ: ৩১.০১.২০০৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিশেষ নিরাপত্তা বাহিনীর (এস.এস.এফ) সদস্যদের জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী মূল বেতনের ২৫% ভাগ এর পরিবর্তে ৫০% ভাগ বিশেষ ভাতা এবং উক্ত বাহিনীতে কর্মরত অন্যান্য কর্মচারীদের (ওভার টাইম গ্রহণকারী গাড়ী চালক বাদে) মূল বেতনের ২৫% ভাগ এর পরিবর্তে ৫০% ভাগ ক্ষতিপূরণ ভাতা মঞ্জুর করা হ'ল।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৩। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(দৃঃআঃ মোঃ ফিরোজ খানুন, পরিচালক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবিধি-৪/বিভা-২/৯৮/১৬৮ তারিখ: ০৯-১০-২০০৭ ইং

**বিষয়: বঙ্গভবন ও প্রধান উপদেষ্টার কার্যালয়ে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষতিপূরণ ভাতার হার বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: (ক) রাষ্ট্রপতির কার্যালয়ের সার সংক্ষেপ নং রাকা/জন/প্রঃ/৮(৪)/২০০৭-২৬৭, তাং ২৬.০৮.২০০৭
(খ) প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র নং-৬১.৩৯.১৬.০০.০০.৬০.২০০৭-৬৬০, তাং-২৭.০৮.২০০৭
(গ) Ps(Adm)/1(8)/78-252, dated.24.02.1979
(ঘ) অম/অবি/(বাস্ত-৪)/ক্ষঃপুঃ ভাতা-২৫/৯২/৫৮, তাং-২২.০৮.১৯৯২

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ক ও খ পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো হচ্ছে, সূত্রোক্ত গ ও ঘ স্মারকের মাধ্যমে যথাক্রমে রাষ্ট্রপতির কার্যালয়ের ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণরি কর্মচারীগণকে প্রদত্ত মূল বেতনের ১০% ক্ষতিপূরণ ভাতা বৃদ্ধি করে মাসিক মূল বেতনের ২০% নির্ধারণ করা হল।

মমতাজ আহাম্মেদ
সহকারী সচিব

সচিব
রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন)
প্রধান উপদেষ্টার কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৪.০২০.১১-১৮৯ তারিখ: ১৮ সেপ্টম্বর, ২০১১

**বিষয়: কর্তব্যরত অবস্থায় নিহত অথবা গুরুতর আহত পুলিশ সদস্যদের এককালীন থোক অনুদানের পরিমাণ বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ/ পুঃ-২/ বিধি-৭/২০১১/৫৫৩, তারিখ: ১৫/০৬/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে কর্তব্যরত অবস্থায় নিহত অথবা গুরুতর আহত পুলিশ সদস্যদের এককালীন থোক অনুদানের পরিমানের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তাবে নিম্নরূপভাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হলো:

| **ক্রমিক নং** | **বিষয়** | **অর্থ বিভাগের সুপারিশ (টাকায়)** |
|---|---|---|
| ০১ | কর্তব্যরত অবস্থায় নিহত | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) |
| ০২ | কর্তব্যরত অবস্থায় গুরুতর আহত | ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) |

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা
www.mof.gov.bd

নম্বর-০৭.০০.০০০০.১৭৩.৫৫.০১০.১২.৫৮ তারিখ: ২১ মে, ২০১২ খ্রিঃ

**বিষয়: দায়িত্ব পালনরত অবস্থায় দুর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণকারী বেসামরিক প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীদেরকে সম্মানীত করাসহ তাদের পরিবারের সদস্যদেরকে আর্থিক সহায়তা প্রদান।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.৯৯৯.০০.০০.২৬.২০১০-১০, তাং-০৯/০১/২০১২

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের বরাতে দায়িত্ব পালনরত অবস্থায় দুর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণকারী সরকারের বেসামরিক প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীর পরিবারের সদস্যদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাবিত ৩৬ মাসের মূল বেতনের স্থলে যৌথবীমা তহবিল হতে প্রাপ্তব্য অনুদানের অতিরিক্ত হিসেবে এককালীন ২.০০ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

খলিল আহমদ
উপ-সচিব (প্রবিধি-৩)
ফোন: ৭১৭০১৭৪

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ)
অর্থ বিভাগ।

# ঝুঁকি ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/বিবিধ-৪/১৯/১১০ তারিখ: ১১/০৯/২০০২ খ্রিঃ

**বিষয়: পুলিশ বিভাগের ঝুঁকিভাতা ও কীটভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বঃ মঃ (পু:-৪)পি-১বি-৫/৯৯-১২৩ তাং- ৪/৩/২০০২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, পুলিশ বিভাগের ঝুঁকিভাতা ও কীটভাতা নিম্নোক্তভাবে নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করেছে:

ঝুঁকিভাতা: (ক) ২০০/- (দুইশত) টাকার পরিবর্তে ৪০০/-(চারশত) (কনস্টেবল হতে পরিদর্শক পর্যন্ত)
কীটভাতা: (ক) পরিদর্শকগণকে ৯৭৫/- (নয়শত পচাত্তর) টাকার পরিবর্তে ২০০০/- (দুই হাজার) টাকা
(খ) পরিদর্শকগণের উর্ধ্বে কর্মকর্তাকে ১৪৬২/- (এক হাজার চারশত বাষট্টি) টাকার পরিবর্তে ৩০০০/- (তিন হাজার) টাকা

০২। এ বর্ধিত হার জি.ও জারির তারিখ হতে কার্যকর হবে। জি.ও জারির পূর্বে এ বিষয়ে সরকারি নিয়মনীতি অনুসরণ এবং আবশ্যিক সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

মোঃ সাইদুর রহমান মজুমদার
সহকারী সচিব

বিতরণ:
১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ে একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ অধিশাখা

নং-অম/ অবি/ প্রবিধি-২/ খসড়া বিধি (১)/২০০৯/৯৪ তারিখ: ৩০-০১-১৪১৬ বঃ / ১৩-০৫-২০০৯ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অপারেশনাল কর্মকান্ডের সাথে নিয়োজিতদের ঝুঁকিভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এর ডি, ও নং স্বঃমঃ (অগ্নি)/ এম-১৯/৯৬/১৩৯, তারিখ ২৩/০৪/২০০৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ডি, ও পত্রের বরাতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে নিয়োজিত স্টেশন অফিসার/ স্টেশন সাব অফিসার, ইঞ্জিন ড্রাইভার/ স্পীড বোর্ড ড্রাইভার, লিডার এবং ফায়ারম্যান/ ডুবুরী/ নার্সিং এটেনডেন্টদের মাসিক ৪০০/- (চারশত) টাকা হারে ঝুঁকি ভাতা প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

২। উল্লেখিত ভাতা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং ভাতা প্রদানের ক্ষেত্রে অন্যান্য বিধিবিধান যথাযখভাবে পালন করতে হবে।

মোঃ নুরুল ইসলাম
উপ-সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫

নং-০৭.১৭৫.০৩২.০২.০০.০১৩.১৯৯৬-৩৯ তারিখ: ৩১/০৩/২০১১ খ্রিঃ / ১৭/১২/১৪১৭ বাং

**বিষয়: বাংলাদেশ বিমান বাহিনীর এয়ার-ক্রু কর্মকর্তা/ ফ্লাইট ক্যাডেট/ বিমানসেনা/ যাত্রীদের উড্ডয়ন ঝুঁকি বীমার হার বৃদ্ধিকরণ সংক্রান্ত।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-পে-৯/৯১/অংশ-৪ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রস্তাবিত বিমানবাহিনীর সদস্যদের উড্ডয়ন ঝুঁকি বীমা নিম্নোক্ত হারে বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

| ক্র. নম্বর | পদবি | বর্তমান হার (এককালীন) | বর্ধিত হার (এককালীন) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | এয়ার-ক্রু কর্মকর্তা | ১০,১৪,০০০.০০ | ১২,০০,০০০.০০ |
| ০২. | ওয়ার-ক্রু বিমানসেবা | ৬,৭৬,০০০.০০ | ৮,০০,০০০.০০ |
| ০৩. | ফ্লাইট ক্যাডেট | ৫,০৭,০০০.০০ | ৬,০০,০০০.০০ |
| ০৪. | যাত্রী কর্মকর্তা | ৬,৭৬,০০০.০০ | ৮,০০,০০০.০০ |
| ০৫. | যাত্রী অন্যান্য | ৩,৩৮,০০০.০০ | ৪,০০,০০০.০০ |

০২। বিমানবাহিনীর সদস্যদের উড্ডয়ন ঝুঁকি বীমা এর হার বৃদ্ধিতে প্রশাসনিক মন্ত্রণালয় সংশ্লিষ্ট জেএসআই-এর সংশোধনী জারির ব্যবস্থা নিবে।

০৩। পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

কাজী মাহবুব হাসান
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন: ৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলানগর, ঢাকা।

# রেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অস/অবি/বিধি-৪/বিবিধ-৩/২০০২(অংশ-১)/১২৮ তারিখ: ০৫-১০-২০০৬ খ্রিঃ

**বিষয়: পুলিশ বিভাগের সকল গেজেটেড কর্মকর্তাদের সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে রেশন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর পত্র নং-স্বঃমঃ (পুঃ-4)/পি-১আর-৫/২০০৪/২১৮, তারিখ: ২৩-০৫-২০০৫ খ্রিঃ
খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর পত্র নং-স্বঃমঃ (পুঃ-4)/পি-১আর-৫/২০০৪/৫৪৮, তারিখ: ১৯-০৯-২০০৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পুলিশ সার্ভিসে কর্মরত গেজেটেড অফিসারদের রেশন নীতিমালা, ২০০৬ মোতাবেক নির্ধারিত প্রাধিকার, রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপ্যতা বিষয়ে নির্দেশক্রমে নীতিগতভাবে সম্মতি জ্ঞাপন করা হ'ল:-

ক) **প্রাধিকার প্রাপ্ত অফিসারঃ** পুলিশ ইন্সপেক্টর হতে ইন্সপেক্টর জেনারেল পর্যন্ত সকল গেজেটেড অফিসারগণ। এতদ্ব্যতীত অন্যান্য পদ যাহা সরকার কর্তৃক গেজেটেড হিসেবে গণ্য হবে সেইসকল পদে কর্মরত অফিসারগণ।

খ) রেশন আহটেম ও স্কেলঃ

| ক্রমিক নং | দ্রব্যের নাম | দৈনিক জনপ্রতি বরাদ্দকৃত পরিমাণ (গ্রাম) | একক মাসিক (কেজি) |
|---|---|---|---|
| ১। | চাল-সিদ্ধ/ আতপ | ৩৪৪ | ১০.৩২০ |
| ২। | গম | ২৮৪ | ৮.৫২০ |
| ৩। | চিনি | ৫৬.৭০ | ১.৭০০ |
| ৪। | সয়াবিন তৈল | ৭৮ | ২.৩৪০ |
| ৫। | ডাল | ১০৯ | ৩.২৭০ |

গ) প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা গেজেটেড অফিসারসহ ৪ (চার) জনের অধিক হবে না।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, পুলিশ শাখা-৪।

**একই নম্বর ও তারিখের জারিকৃত সরকারি আদেশের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/ বিবিধ-৩/২০০২ (অংশ-২)/১৩ তারিখ: ০১/০৩/২০০৯ খ্রিঃ। / ১৭/১১/১৪১৫ বঃ।

**বিষয়: বাংলাদেশ পুলিশের কর্মকর্তা-কর্মচারীদের সংশোধিত নীতিমালা ২০০৮ সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: উপানুষ্ঠানিক পত্র নং-স্বঃ মঃ/ পু-৪/ পি-১ আর-১১/৯৬-৭৭, তাং-২৩-২-২০০৯ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পুলিশের নন-গেজেটেড সদস্যদের বিদ্যমান রেশন-বৈষম্য দূরীকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত সংশোধিত রেশন নীতিমালা, ২০০৮ মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য রেশন প্রবর্তনের প্রস্তাবটি ব্যতীত নিম্নেবর্ণিত প্রাধিকার, রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপ্যতার বিষয়ে নির্দেশত্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

**ক. রেশন আইটেম ও স্কেলঃ**

| দ্রব্যের নাম | ১-সদস্য মাসিক স্কেল কেজি/ লিঃ | ২-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ | ৩-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ | ৪-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ |
|---|---|---|---|---|
| চাল-সিদ্ধ/ আতপ | ১১ | ২০ | ৩০ | ৩৫ |
| আটা | ১২ | ২০ | ২৫ | ৩০ |
| চিনি | ১.৭৫ | ৩ | ৪ | ৫ |
| ভোজ্য তেল | ২.৫ | ৪.৫ | ৬ | ৮ |
| ডাল | ৩.৫ | ৫.৫ | ৭ | ৮ |
| জ্বালানী কাঠ | ৩৭.৩২৪ | - | - | - |

খ. প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা কর্মকর্তা/ কর্মচারীসহ ০৪ (চার) জনের অধিক হবে না।

গ. জ্বালানী কাঠের প্রাধিকার শুধুমাত্র নন-গেজেটেড পুলিশ সদস্য এবং পুলিশ ইউনিটে কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য।

ঘ. উপরে বর্ণিত রেশন আইটেম ও স্কেল সম্মতি জ্ঞাপনের তারিখ হতে কার্যকর হবে।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন-৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/ প্রবি-৪/ বিভা-৪/২০০৭ (অংশ-১)/২১

তারিখ: ০২/০৪/২০০৯ খ্রিঃ
১৯-১২-১৪১৫ বঃ

**বিষয়: কারা অধিদপ্তরের ১ম, ২য় শ্রেণীর কর্মকর্তাসহ ৩য়, ৪র্থ শ্রেণীর সিভিল কর্মচারীর মৌলিক রেশন সুবিধা প্রবর্তনসহ কারারক্ষীদের পারিবারিক মৌলিক রেশন ৬০% হতে ১০০% এ উন্নীতকরণ ও স্কেল বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: ১। স্বঃ মঃ ১এস-৫/৮৩ (জেলা-১) (অংশ-১)-৭৭৫, তাং ৩০.৭.২০০৭
২। স্বঃ মঃ ১এস-২/৯৫ (জেলা-১) (অংশ-১)-১৭৪, তাং ২০.৩.২০০৯
৩। স্বঃ মঃ ১এস-২/৯৫ (জেলা-১) (অংশ-১)-১৭৫, তাং ২২.৩.২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কারা অধিদপ্তরের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সিভিল কর্মচারীর মৌলিক রেশন সুবিধা প্রবর্তন এবং কারারক্ষীদের পারিবারিক মৌলিক রেশন ৬০% হতে ১০০% বৃদ্ধিতে নিম্নবর্ণিত প্রাধিকার, রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপ্যতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক. রেশন আইটেম ও স্কেলঃ

| দ্রব্যের নাম | ১-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ২-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ৩-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ৪- সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার |
|---|---|---|---|---|
| চাল | ১১.০০০ কেজি | ২০.০০০ কেজি | ৩০.০০০ কেজি | ৩৫.০০০ কেজি |
| গম/ আটা | ১২.০০০ কেজি | ২০.০০০ কেজি | ২৫.০০০ কেজি | ৩০.০০০ কেজি |
| ভোজ্য তৈল | ২.৫০০ লিঃ | ৪.৫০০ লিঃ | ৬.০০০ লিঃ | ৮.০০০ লিঃ |
| চিনি | ১.৭৫০ কেজি | ৩.০০০ কেজি | ৪.০০০ কেজি | ৫.০০০ কেজি |
| ডাল | ৩.৫০০ কেজি | ৫.৫০০ কেজি | ৭.০০০ কেজি | ৮.০০০ কেজি |
| জ্বালানী কাঠ | ৩৭.৩২৪ কেজি | | | |

খ. প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা কর্মকর্তা/ কর্মচারীসহ ০৪ (চার) জনের অধিক হবে না;

গ. জ্বালানী কাঠ শুধুমাত্র প্রাধিকার প্রাপ্ত ১ সদস্য কারারক্ষীদের ক্ষেত্রে প্রযোজ্য;

ঘ. উপরে বর্ণিত রেশন আইটেম ও স্কেল ০২.০৪.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন: ৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/ অবি/ প্রবিধি-৬/ জাঃপেঃকঃ-১/২০০৫ (অংশ-১)/২৫

তারিখ: ৩০/১২/১৪১৫ বাং
১৩/০৪/২০০৯ খ্রিঃ

**বিষয়: সামরিক বাহিনীর পেনশনভোগীদের রেশনের পরিবর্তে রেশন ভাতার হার পুনঃনির্ধারণ খসড়া জেএসআইতে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ ডি-১৯/ ভাতা-৪/২০০২ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর পেনশন ভোগীদের রেশন ভাতা প্রাপ্ত বয়স্কদের জন্য ২৪৭ টাকা হতে ২৯৭ টাকা এবং অপ্রাপ্ত বয়স্কদের জন্য ১৩৫ টাকা হতে ১৬২ টাকা পুনঃনির্ধারণ সংক্রান্ত খসড়া জেএসআইতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

মাহবুবা আক্তার
সহকারী সচিব
ফোন: ৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/ অবি/ প্রবিধি-৬/ প্রঃমঃ/ ভাতা-১/৮৮/২৯ তারিখ: ১৩/০১/১৪১৬ বাং / ২৬/০৪/২০০৯ খ্রিঃ

**বিষয়: সামরিক বাহিনীর পেনশনভোগী ধর্মীয় শিক্ষকদের রেশনের পরিবর্তে রেশন ভাতা সংক্রান্ত।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-১ বিধি-১/২০০৩/ ডি-৩/২১, তাং: ২৫/০৩/২০০৯ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রস্তাবিত ২৭৭ জন পেনশনভোগী ধর্মীয় শিক্ষকদেরকে সশস্ত্র বাহিনীর অন্যান্য পেনশন ভোগীদের ন্যায় রেশন এর পরিবর্তে রেশন ভাতা প্রদানের লক্ষ্যে, সেনাবাহিনীর পেনশনভোগী ধর্মীয় শিক্ষকগণের রেশনের পরিবর্তে রেশন ভাতা প্রদানে পৃথক জেএসআই প্রকাশের জন্য Scale of Ration & Supplies (Rules) 1988 Section 3, Rule-50 দফা a Group-1 এর ধারা (10) সংশোধনের প্রস্তাবে আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং এর যাবতীয় অনুষ্ঠানিকতা সম্পন্ন করার শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-২)
ফোন: ৭১৬২৯৩১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/প্রবি-৪)/বিভা-৪/২০০৮/৩০

তারিখ: ১৭.০৫.২০০৯ খ্রিঃ।
০৩.০২.১৪১৬ বঃ।

**বিষয়: বাংলাদেশ রাইফেল্‌স-এর জেসিও পদবীর নিম্নে ৩য় ও ৪র্থ শ্রেণীর পোশাকধারী ও পোশাকবিহীন সদস্যদের পারিবারিক রেশন ৬০% হতে ১০০% এ উন্নীতকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-স্বঃ মঃ(সী-১)-৫৫/৯৩-৩৪১, তারিখ: ২৭/০৪/২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ রাইফেল্‌স-এর জেসিও পদবীর নিম্নে ৩য় ও ৪র্থ শ্রেণীর পোশাকধারী ও পোশাকবিহীন সদস্যদের পারিবারিক রেশন ৬০% হতে ১০০% এ উন্নীতকরণে নিম্নবর্ণিত প্রাধিকার রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

**ক.**

| ক্রমিক নং | আইটেম | ১-সদস্যের স্কেল পরিবার (স্ত্রী) | ২-সদস্যের স্কেল পরিবার (স্ত্রীসহ এক সন্তান) | ৩-সদস্যের স্কেল পরিবার (স্ত্রীসহ দুই সন্তান) |
|---|---|---|---|---|
| ১ | চাউল | ১৮.০০ কেজি | ৩৬.০০ কেজি | ৫৪.০০ কেজি |
| ২ | গম | ২.০০ কেজি | ৪.০০ কেজি | ৬.০০ কেজি |
| ৩ | ভোজ্য তেল | ১.০০ কেজি | ২.০০ কেজি | ৩.০০ কেজি |
| ৪ | চিনি | ১.০০ কেজি | ২.০০ কেজি | ৩.০০ কেজি |

খ. ৩ (তিন) বছর বয়সের নিচে সন্তান শুধুমাত্র ১ কেজি চিনি প্রাপ্য হবে;

গ. এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে;

ঘ. এ আদেশ ১৭/০৫/২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

সৈয়দ আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন-৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/ (প্রবিধি-৪)/বিভা-২/২০০৮/৩১ তারিখ: ১৮.০৫.২০০৯ খ্রিঃ। / ০৪.০২.১৪১৬ বঃ।

**বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৪৭৮ জন কর্মকর্তা/ কর্মচারীর রেশন প্রাধিকার সৃষ্টিসহ রেশন সামগ্রীর পরিমাণ বৃদ্ধিকরণ সংক্রান্ত।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-স্বঃ মঃ(অগ্নি)/বি-১/৯৭/১৪০, তারিখ: ২৬.০৪.২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৪৭৮ জন কর্মকর্তা/ কর্মচারীর রেশন প্রাধিকার সৃষ্টিসহ সর্বমোট ৬১৭৪ জন কর্মকর্তা/ কর্মচারীর নিম্নবর্ণিত প্রাধিকার রেশন আইটেম ও স্কেল পরিবার প্রতি প্রাপতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

**ক.**

| দ্রব্যের নাম | ১-সদস্য মাসিক স্কেল কেজি/ লিঃ | ২-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ | ৩-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ | ৪-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিঃ |
|---|---|---|---|---|
| চাল-সিদ্ধ/ আতপ | ১১ | ২০ | ৩০ | ৩৫ |
| আটা | ১২ | ২০ | ২৫ | ৩০ |
| চিনি | ১.৭৫ | ৩ | ৪ | ৫ |
| ভোজ্য তেল | ২.৫ | ৪.৫ | ৬ | ৮ |
| ডাল | ৩.৫ | ৫.৫ | ৭ | ৮ |

খ. প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা কর্মকর্তা/ কর্মচারীসহ ০৪ (চার) জনের অধিক হবে না;

গ. এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে;

ঘ. এ আদেশ ১৮.০৫.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

সৈয়দ আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন-৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/প্রবি-৪)/বিভা-৪/২০০৭/৩২

তারিখ: ১৮.০৫.২০০৯ খ্রিঃ।
০৪.০২.১৪১৬ বঃ।

**বিষয়: জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর সরাসরি নিয়োগপ্রাপ্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের রেশন প্রাধিকার সৃষ্টিসহ সকল কর্মকর্তা-কর্মচারীদের রেশন বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-২২.৪৪.৫.০.০১৪৫.২০০৭.১৫২.(২) তারিখ: ১৯/০৪/২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের সরাসরি নিয়োগপ্রাপ্ত প্রথম শ্রেণীর ২৩৩ জন কর্মকর্তা ও দ্বিতীয় শ্রেণীর ০৭ জন কর্মকর্তার রেশন প্রাধিকার সৃষ্টিসহ সর্বমোট ১৪৬৮ জন কর্মকর্তা-কর্মচারীর নিম্নলিখিত রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপ্যতার বিষয়ে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**ক.**

| দ্রব্যের নাম | ১-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ২-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিটার | ৩-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিটার | ৪-সদস্য পরিবার মাসিক স্কেল কেজি/ লিটার |
|---|---|---|---|---|
| চাল-সিদ্ধ/ আতপ | ১১.০০ কেজি | ২০.০০ কেজি | ৩০.০০ কেজি | ৩৫.০০ কেজি |
| গম/ আটা | ১২.০০ কেজি | ২০.০০ কেজি | ২৫.০০ কেজি | ৩০.০০ কেজি |
| ভোজ্য তেল | ২.৫০০ লিটার | ৪.৫০০ লিটার | ৬.০০ লিটার | ৮.০০ লিটার |
| চিনি | ১.৭৫০ কেজি | ৩.০০০ কেজি | ৪.০০ কেজি | ৫.০০ কেজি |
| ডাল | ৩.৫০০ কেজি | ৫.৫০ কেজি | ৭.০০ কেজি | ৮.০০ কেজি |

খ. প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা কর্মকর্তা/ কর্মচারীসহ ০৪ (চার) জনের অধিক হবে না;

গ. এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করবে;

ঘ. এ আদেশ ১৮.০৫.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

সৈয়দ আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন-৭১৬০২৯১

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/ অবি/ প্রবি-৪/ বিভা-৩/২০০৮/৩৫ তারিখ: ২১.০৫.২০০৯ খ্রিঃ / ০৭.০২.১৪১৬ বঃ

**বিষয়: আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা, ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড কর্মকর্তা/ কর্মচারী, ব্যাটালিয়ন আনসার, মহিলা আনসার ও চুক্তিভিত্তিক কর্মচারীদের রেশন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-স্বঃ মঃ (আ-১)-বিবিধ-১০/২০০৯/১৪০, তারিখ: ০৩.০৫.২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ১ম শ্রেণীর ২৮৫ জন কর্মকর্তা, ২য় শ্রেণীর ৮১১ জন কর্মকর্তা, ৩য় শ্রেণীর ১৯৬৬ জন কর্মচারী, ৪র্থ শ্রেণীর ২৮২ জন কর্মচারী, ৪র্থ শ্রেণীর চুক্তিভিত্তিক কর্মচারী ২৬ জন, ব্যাটালিয়ন আনসার ১৫৩৬০ জন, মহিলা আনসার ৬৭২ জন, আনসার ভিডিপি ও টিডিপি প্রশিক্ষণার্থী ৯৩৪৩ জন সর্বমোট ২৮৭৪৫ জন কর্মকর্তা/ কর্মচারীর নিম্নেবর্ণিত প্রাধিকার, রেশন আইটেম ও স্কেল পরিবার প্রতি প্রাপ্যতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক.

| দ্রব্যের নাম | ১-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ২-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ৩-সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার | ৪- সদস্য মাসিক স্কেল কেজি/ লিটার |
|---|---|---|---|---|
| চাল সেদ্ধ/আতপ | ১২.০০ কেজি | ২০.০০ কেজি | ৩০.০০ কেজি | ৩৫.০০ কেজি |
| গম/ আটা | ১২.০০ কেজি | ২০.০০ কেজি | ২৫.০০ কেজি | ৩০.০০ কেজি |
| ভোজ্য তৈল | ২.৫০০ লিঃ | ৪.৫০০ লিঃ | ৬.০০ লিঃ | ৮.০০ লিঃ |
| চিনি | ১.৭৫০ কেজি | ৩.০০০ কেজি | ৪.০০ কেজি | ৫.০০ কেজি |
| ডাল | ৩.৫০০ কেজি | ৫.৫০ কেজি | ৭.০০ কেজি | ৮.০০ কেজি |

খ. আনসার ভিডিপি এবং টিডিপি প্রশিক্ষণার্থীগণ (প্রশিক্ষণকালীন সময়) এক সদস্য মাসিক স্কেলে রেশন সুবিধা পাবেন;
গ. ৪র্থ শ্রেণীর চুক্তিভিত্তিক কর্মচারীগণ এক সদস্য মাসিক স্কেলে রেশন সুবিধা পাবেন;
ঘ. এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে;
ঙ. এ আদেশ ২১.৫.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন: ৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৬ শাখা
www.mof.gov.bd

নং-অম/অবি/বিধি-৬/প্রঃমঃ/ভাতা-৫/৮৪/(অংশ)/৬৯ তারিখ: ০৫/১০/২০০৯ খ্রিঃ / ২০-০৬-১৪১৬ বঃ

**বিষয়: বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের রেশন স্কেল বৃদ্ধি করে নৌ এবং বিমান বাহিনীর সদস্যদের সমপর্যায়ে আনয়েনের জন্য এস আর এস ১৯৮৮ সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ ডি-৩/ এসআরএস/ সে.নৌ.বি/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর রেশন স্কেল বৃদ্ধি করে নৌ এবং বিমান বাহিনীর সদস্যদের সমপর্যায়ে আনয়নের জন্য এস আর এস ১৯৮৮ সংশোধনের প্রস্তাবে নিম্নবর্ণিত ছক মোতাবেক নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক)

| ক্রমিক নং | দ্রব্যের নাম | রেশন স্কেল গ্রাম/ লিটার |
|---|---|---|
| ১। | চাউল | ৫৯৫ গ্রাম |
| ২। | চাউল/ আটা/ পাউরুটি/ ময়দা/ বিস্কুট | |
| ৩। | আটা/ পাউরুটি/ ময়দা/ বিস্কুট | |
| ৪। | চিনি | ৬৩ গ্রাম |
| ৫। | তৈল | ৮৫ গ্রাম |
| ৬। | ডাল | ৮৫ গ্রাম |
| ৭। | চা পাতা | ০৯ গ্রাম |
| ৮। | লবন | ১৪ গ্রাম |
| ৯। | তরল দুধ | ১৭০ মিঃ লিঃ |
| ১০। | গো-মাংস | ২২৬ গ্রাম |
| ১১। | ছাগ/ মেষ মাংস | ২২৬ গ্রাম |
| ১২। | মুরগী (জীবিত) | ৩১০ গ্রাম |
| ১৩। | মাছ (নদী) | ২৪৭ গ্রাম |
| ১৪। | ডিম | ০৪ টি |
| ১৫। | পিয়াজ | ৫৬ গ্রাম |
| ১৬। | আলু | ১১৩ গ্রাম |
| ১৭। | সবজী | ১৪১ গ্রাম |
| ১৮। | ফল রসালো/ রসবিহীন | ৮৫ গ্রাম প্রতিদিন |
| ১৯। | মসলা | ২১ গ্রাম প্রতিদিন |

খ) এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়কে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

গ) উপরে বর্ণিত রেশন আইটেম ও স্কেল আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

মাহবুবা আক্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৭০৬১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪

নং-অম/অবি/প্রবিধি-৪/বিভা-৪/২০০৭/৭২ তারিখ: ২৭.১০.২০০৯ খ্রিঃ। / ১২.০৭.১৪১৬ বঃ।

**বিষয়: স্পেশাল সিকিউরিটি ফোর্সের (SSF) বেসামরিক কর্মকর্তা-কর্মচারীদের স্বল্পমূল্যে রেশন সুবিধা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-২২.৪৬.১.০.০.২৪.২০০৯-৩৩৯(২) তারিখ: ১৪/০৭/২০০৯
খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-২২.৪৬.১.০.০.২৪.২০০৯-৫৪৮(৩) তারিখ: ২৭/০৯/২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল সিকিউরিটি ফোর্সের (SSF) সরাসরি নিয়োগপ্রাপ্ত (১ম শ্রেণীর ১ জন, ২য় শ্রেণীর ২ জন, ৩য় শ্রেণীর ৭৬, ৪র্থ শ্রেণীর ৫৫ জন) সর্বমোট ১৩৪ জন বেসামরিক কর্মকর্তা-কর্মচারীর রেশন প্রাধিকার সৃষ্টিসহ নিম্নলিখিত রেশন আইটেম ও স্কেল এবং পরিবার প্রতি প্রাপ্যতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

**রেশন আইটেম ও স্কেল:**

| জনবলের শ্রেণী বিন্যাস | দ্রব্যের নাম | ১-সদস্য বিশিষ্ট মাসিক স্কেল কেজি/ লিটার | ২-সদস্য বিশিষ্ট মাসিক স্কেল কেজি/ লিটার | ৩-সদস্য বিশিষ্ট মাসিক স্কেল কেজি/ লিটার | ৪-সদস্য বিশিষ্ট মাসিক স্কেল কেজি/ লিটার |
|---|---|---|---|---|---|
| ১ম শ্রেণী-১ জন | চাল-সিদ্ধ/ আতপ | ১১.০০ কেজি | ২০.০০ কেজি | ৩০.০০ কেজি | ৩৫.০০ কেজি |
| ২য় শ্রেণী-২ জন | আটা | ১২.০০ কেজি | ২০.০০ কেজি | ২৫.০০ কেজি | ৩০.০০ কেজি |
| ৩য় শ্রেণী-৭৬ জন | চিনি | ২.৫০০ লিটার | ৪.৫০০ লিটার | ৬.০০ লিটার | ৮.০০ লিটার |
| ৪র্থ শ্রেণী-৫৫ জন | ভোজ্য তেল | ১.৭৫০ কেজি | ৩.০০ কেজি | ৪.০০ কেজি | ৫.০০ কেজি |
| সর্বমোট ১৩৪ জন | ডাল | ৩.৫০০ কেজি | ৫.৫০ কেজি | ৭.০০ কেজি | ৮.০০ কেজি |

খ. প্রত্যেক পরিবারের রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা কর্মকর্তা/ কর্মচারীসহ ০৪ (চার) জনের অধিক হবে না;

গ. এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে;

ঘ. এ আদেশ ২৭.১০.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

মাহবুবা আক্তার
সিনিয়র সহকারী
ফোন-৯৫৬৭০৬১

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা -৪
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৪.৩০.০০১.১০-১০৪

তারিখ: ২৮/০৯/২০১১ খ্রিঃ।
২৯/০৫/১৪১৮ বঃ।

**বিষয়: বাংলাদেশ পুলিশে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সংশোধিত রেশন নীতিমালা, ২০০৮ এর আলোকে এলপিআর ভোগকালীন কোন পুলিশ সদস্য মারা গেলে তার পরিবারিক রেশন প্রদান, পুলিশ বাহিনীর কোন সদস্য অবসর গ্রহণ করলে অথবা কর্তব্যকালীন/অবসরকালীন মারা গেলে তার পরিবারিক আজীবন এবং মাতৃত্বকালীন/অন্যান্য ছুটিকালীন সময়ে রেশন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-স্বঃ মঃ(পুঃ-৪)-৬৫/২০১০/৭৫৫, তারিখ: ২৮.১১.২০১০
২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-স্বঃ মঃ(পুঃ-৪)-৬৫/২০১০/৫৮৭, তারিখ: ২১.০৮.২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিশ/প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নোক্তভাবে অর্থ বিভাগের মতামত প্রদান করা হ'ল:

১. মাতৃত্বকালীন সময়ে ও অন্যান্য স্বাভাবিক ছুটিকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীগণ স্বাভাবিকভাবে চাকরিতে থাকেন। যেহেতু রেশন প্রাপ্যতার বিষয়টি In Service-একটি সুবিধা সেহেতু মাতৃত্বকালীন সময়ে ও অন্যান্য স্বাভাবিক ছুটিকালীন সময়ে রেশন সুবিধা প্রদান করা যেতে পারে।

২. যেহেতু রেশন প্রাপ্যতার বিষয়টি In Service-একটি সুবিধা এলপিআর (বর্তমানে পিআরএল) ভোগরত অবস্থায় কোন সদস্য মৃত্যুবরণ করলে পিআরএল-এর বাকী সময়ের জন্য মরহুমের পরিবারের সদস্যগণকে প্রচলিত নিয়মে রেশন সুবিধা প্রদান করা যেতে পারে।

৩. সরকারি কাজে ব্যস্ততা, প্রেষণে কর্মরত থাকা, ছুটিকালীন সময়ে, অসুস্থতাজনিত কারণে, ট্রেনিং-এ থাকা, বদলি, সময়মত এলপিসি/ছাড়পত্র সময়মত না পৌছানো ইত্যাদি ক্ষেত্রে প্রযোজ্য অনধিক ০১ (এক) মাসের অনুত্তোলিত রেশন পরবর্তী মাসে উত্তোলন করা হলে তা Back Feeding এর আওতায় পড়বে না মর্মে প্রতীয়মান হয়।

কাজী মাহবুব হাসান
উপ-সচিব (প্রবিধি-২)
ফোন-৭১৬০২৯১

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# ইন্টার্নী ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/ইন্টার্নী/ভাতা-৫/৯৮/৪০ তারিখ: ৫/৪/২০০৫ খ্রিঃ

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন হাসপাতালে কর্মরত ইন্টার্নী ডাক্তারদের ইন্টার্নী/শিক্ষানবীশ ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নথি নং-
(ক) প্রশা-৩/৬ম-০২/৯৯(অংশ)
(খ) প্রশা-৩/৬ম-০২/৯৯(অংশ-১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন হাসপাতালে কর্মরত ইন্টার্নী ডাক্তারদের ইন্টার্নী ভাতা ০১/৫/২০০৪ তারিখ হতে ৫,০০০/- টাকার স্থলে ৫,৫০০/- টাকায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো। অতিরিক্ত ইন্টার্নী ডাক্তার যোগদান করার ফলে ইন্টার্নী ভাতা বাবদ বর্তমান অর্থ বছরে অতিরিক্ত ১,৯০,১৯,৬৪৬ টাকা চলতি অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাজেটে ৬৬৩৩ নতুন নিয়োগ খাতে বরাদ্দকৃত ২৫.০০ কোটি টাকার অব্যয়িত ১৫.০০ কোটি টাকা হতে কিংবা ৪৮৯৮ বিশেষ ব্যয় খাতে বরাদ্দকৃত ১০.০০ কোটি টাকার অব্যয়িত ৪.৭০ কোটি টাকা হতে সংকুলান করা যেতে পারে।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/ অবি/ প্রবিধি-৪/ ইন্টার্নীভাতা-৫/৯৮/১২৩ তারিখ: ২৪/০৭/১৪১২ বাং / ০৮/১১/২০০৫ খ্রিঃ

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মেডিকেল কলেজ হাসপাতালসমূহে কর্মরত ইন্টার্নী ডাক্তারদের ইন্টার্নীভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নথি নং-স্বাপকম/ প্রশা-৩/ বিবিধ-১/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মেডিকেল কলেজ হাসপাতালসমূহে কর্মরত মোট ১৪৭০ জন ইন্টার্নী ডাক্তারদের ইন্টার্নী ভাতা ০১/০৭/২০০৫ তারিখ হতে ৫,৫০০/- টাকা হতে ৬,৫০০/- টাকায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/ইন্টার্নী ভাতা-৫/৯৮/৪১০ তারিখ: ৩০/০৯/২০০৯ খ্রিঃ

**বিষয়: ৬৫০০/- টাকা স্থলে ১০,০০০/- টাকায় ইন্টার্নী চিকিৎসকদের মাসিক ইন্টার্নী ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নোট অনুচ্ছেদ ০৩-২০, তারিখ-২৯/০৬/২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেডিকেল কলেজ হাসপাতালসমূহে কর্মরত ইন্টার্নী ডাক্তারদের ইন্টার্নীভাতা ৬,৫০০/- টাকা হতে ১০,০০০/- টাকায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০২.০০.০১৮.২০১০-৭৪ তারিখ: ১৪/১১/২০১০ খ্রিঃ

**বিষয়: আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (এএফএমসি) এর ইন্টার্নী ডাক্তারদের ভাতা বৃদ্ধিকরণ।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-প্রম/মেঃকঃ/ইন্টার্নী/১০/ডি-৭/৪১০, তারিখ-৩১/০৮/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানাও যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার মন্ত্রণালয়ের অধীনস্থ মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত ইন্টার্নী ডাক্তারদের ন্যায় ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (এএফএমসি) এর ইন্টার্নী ডাক্তারগণের 'ইন্টার্নী ভাতা' প্রাপ্যতার বিষয়ে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হ'ল। তবে শর্ত থাকে যে,

ক) এ ভাতা বৃদ্ধির আদেশ ভূতাপেক্ষভাবে প্রদানের সুযোগ নেই;

খ) ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ অর্থ বছরেব বর্ধিত বরাদ্দের জন্য বাজেট অনুবিভাগের-১ এর সঙ্গে সংশোধিত বাজেট বরাদ্দের সময় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
aminc@finance.gov.bd

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

# প্রশিক্ষণ ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৩

নং-অম/অবি/প্রবি-৩/সম্মানী-২/৯৩/১৩৬

তারিখ: ১৪/০৮/১৪১২ বাং।
২৮/১১/২০০৬ খ্রিঃ।

**বিষয়: বিসিএস প্রশাসন একাডেমীতে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সের অতিথি বক্তাগণের সম্মানীর হার বৃদ্ধি করণ।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নথি নং-সম/ অঃপ্রঃ২/ একাডেমী-১/৯৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস প্রশাসন একাডেমীতে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের অতিথি বক্তাদের সম্মানী নিম্নে উল্লেখিত হারে বর্ধিতকরণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

| **ক্রমিক নং** | **বিষয়** | **বর্তমান হার** | **বর্ধিত হার** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ১। | মৌলিক আইন। | টাকা ৫০০/- (প্রতি ঘন্টা/ সেশনের জন্য) | ১) টাকা ৬০০/-<br>২) টাকা ৮০০/- | ১)যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে পদমর্যাদার বক্তাদের জন্য।<br>২) যুগ্ম-সচিব এবং তদুর্ধ্ব পদমর্যাদার বক্তাদের জন্য। |
| ২। | উপ-সচিবদের অবহিতকরণ কোর্স। | টাকা ৬০০/- (প্রতি ঘন্টা/ সেশনের জন্য) | ১) টাকা ৬০০/-<br>২) টাকা ৮০০/- | ১) যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে পদমর্যাদার বক্তাদের জন্য।<br>২) যুগ্ম-সচিব এবং তদুর্ধ্ব পদমর্যাদার বক্তাদের জন্য। |
| ৩। | সম্প্রসারণ বক্তৃতা। | টাকা ৭৫০/- (প্রতি ঘন্টা/ সেশনের জন্য) | টাকা ১০০০/- | সব বক্তাদের জন্য। |

আবু সাইদ মোঃ নোমান
সিনিয়র সহকারী সচিব

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়,
(দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব,
অভ্যন্তরীণ প্রশিক্ষণ শাখা-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০১/৯৪/১৯৫ তারিখ: ১৯/১১/২০০৭ ইং।

**বিষয়: বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) স্থানীয়ভাবে আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্সের ব্যয় বরাদ্দ বৃদ্ধি এবং প্রবন্ধ উপস্থাপনকারী ও অন্যান্যদের সম্মানী পুনঃনির্ধারণ**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের নোটাংশ ৪৫-৪৮ তারিখ: ১৬/০৮/২০০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত স্থানীয়ভাবে আয়োজিত প্রতিটি সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্সে প্রবন্ধ উপস্থানকারী ও অন্যান্যদের প্রদেয় বিদ্যমান সম্মানীর হার, বোর্ড অব গভর্নরস এর ৫০তম সভায় অনুমোদিত ও বিপিএটিসি কর্তৃত প্রস্তাবিত সম্মানীর হার এবং অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত সম্মানীর হার নিম্নবর্ণিত ছকের ৫নং কলাম অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্সের ব্যয়ের ধরন | সম্মানীর হার (জনপ্রতি) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | সভাপতি | ২,০০০/- |
| ২. | প্রবন্ধ উপস্থাপনকারী (১) জন<br>ক) মন্ত্রী/ সচিব এবং সচিব পদমর্যাদার কর্মকর্তা/ বিশিষ্ট গবেষকবর্গ<br>খ) অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয়ের অধ্যপক/ বিশিষ্ট ব্যক্তিবর্গ<br>গ) যুগ্ম-সচিবের নীচে সকল কর্মকর্তা/ বিশিষ্ট ব্যক্তিবর্গ | <br>২,৫০০/-<br>২,০০০/-<br>১,৫০০/- |
| ৩. | আলোচক (২) জন | ১,০০০/- |
| ৪. | রেপোটিয়ার (২) জন | ১,০০০/- |
| ৫. | রিপোর্ট এডিটর (১) জন | ১,০০০/- |
| ৬. | ওয়ার্ড প্রসেসর (২) জন | ৫০০/- |
| ৭. | অংশগ্রহণকারী (৫০) জন | ৫০০/- |
| ৮. | ফটোগ্রাফার (১) জন | ৫০০/- |
| ৯. | অডিও ক্যাসেট | ৪০০/- |
| ১০. | প্রেজেন্টেশন টেকনিশিয়ান (২) জন | ৫০০/- |
| ১১. | ব্যানার | ১,০০০/- |
| ১২. | চা নাস্তা বাবদ | ২০/- |
| ১৩. | দুপুর/ রাত্রির খাবার | ৮০/- |
| ১৪. | আনুষাঙ্গিক | ১,০০০/- |

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন নং-৭১৭০১৭৪

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ শাখা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০৪/৯৮/২৩২ তারিখ: ১৬/০১/২০০৮ ইং।

**বিষয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত প্রশিক্ষণ কোর্সে পাঠদানের জন্য আমন্ত্রিত অতিথি বক্তা/ সম্পন্ন ব্যক্তিদের সম্মানী প্রসঙ্গে।**

সূত্র: তম/ প্র-৫/ নিমকো-৮৯/২০০৫/১৮৮ তারিখ: ১০/১২/২০০৭

iii) ১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্বে হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে: প্রতি সভার জন্য সদস্য প্রতি সর্বাধিক ৩০০/- টাকা

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ,
শেরেবাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ জনাব শ্যামপদ দে, উপ-সচিব (পিটি শাখা)

# খন্ডকালীন ডাক্তারের সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-অম/অবি/প্রবি-৪/সম্মানী-২/৮৫/৬৫ তারিখ: ১১/০৬/২০০২ খ্রিঃ

**বিষয়: খন্ডকালীন ডাক্তারের সম্মানী বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: পিডি/ পিটি-১৯/ পউএ-প্রশা/৯৯/৫০৮১, তাং- ২২/০৫/২০০২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে জানাচ্ছে যে, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীর খন্ডকালীন ডাক্তারের সম্মানী বর্তমান হার ২০০০/- টাকার ৩০% বৃদ্ধি করে ২,৬০০/- টাকা নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

বিলকিস জাহান রিমি
সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব
পরিকল্পনা বিভাগ
পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, পিটি শাখা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০১/২০০২/২১২ তারিখ: ১০/১২/২০০৭ ইং।

**বিষয়: আনসার ও ভিডিপি অধিদপ্তরের অধীন ব্যাটালিয়নগুলোতে নিয়োজিত খন্ডকালীন চিকিৎসকদের সম্মানী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্বঃমঃ (আ-১)-২৫/২০০৭/৪২০ তারিখ: ১৮/১১/২০০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আনসার ও ভিডিপি অধিদপ্তরের অধীন ব্যাটালিয়গুলোতে নিয়োজিত খন্ডকালীন চিকিৎসকদের মাসিক সম্মানী ভাতা নিম্নবর্ণিত হারে প্রদানে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মাসিক সম্মানীভাতা |
|---|---|
| পার্বত্য এলাকা | ২০০০/- টাকা |
| সমতল এলাকা | ১৫০০/- টাকা |

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন নং-৭১৭০১৭৪

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-সচিব, আনসার অধিশাখা-১)

# জাতীয় অধ্যাপক/কোষাধক্ষ্যের সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি- ৩ শাখা

নং-অম/অবি/প্রবি-৩/সম্মানী-২/৯৫/১০২ তারিখ: ০৭/০৮/২০০৬ খ্রিঃ।

**বিষয়: জাতীয় অধ্যাপকদের সম্মানী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-শিমশা-৩/১জি-২৩/২০০৫/৩৩৪ তারিখ: ১০/০৪/২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, জাতীয় অধ্যাপকগণের মাসিক ভাতা ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী মাসিক ২৩,০০০/- (তেইশ হাজার) টাকায় উন্নীত করণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হল।

২। এই আদেশ ১-৭-২০০৬ খ্রিঃ থেকে কার্যকরী হবে।

তপন কান্তি মজুমদার
সহকারী সচিব
ফোন- ৭১৭৩০৫৭

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/বেশিক অবঃ সুবিঃ-৬৮/২০০৩/১৪১ তারিখ: ২৩/০৪/২০০৮ইং।

**বিষয়: বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবৈতনিক বা সম্মানী ভাতায় নিয়ুক্ত কোষাধ্যক্ষদের সম্মানীভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ ১৮/ বিবিধ-১৫/২০০৫/২০৯ তারিখ: ১৩/০৩/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অবৈতনিকভাবে নিয়োগপ্রাপ্ত কোষাধ্যক্ষগণের (যেখানে কোষাধ্যক্ষগণ সম্মানী ভাতার নিয়ুক্ত) মাসিক সম্মানী ভাতা ১০,০০০/- (দশ হাজার) টাকা হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকায় উন্নীত করণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হল।

২। এ ধরনের প্রস্তাব মাননীয় প্রধান উপদেষ্টা এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনের জন্য প্রেরণের পূর্বে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ যথাযত হতো।

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ জনাব রইছ উদ্দিন, উপ-সচিব, (বিশ্ববিদ্যালয়-২)

# চলচ্চিত্র/বেতার/টেলিভিশনে সংশ্লিষ্টদের সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
<u>প্রবিধি অধিশাখা-৩</u>

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০৪/২০০২/১২১ তারিখ: ৩১/১২/২০০৮ইং।

**বিষয়:** **<u>বাংলাদেশ বেতারের 'শিল্পী সম্মানী কাঠামো, ২০০৮' অনুমোদন প্রসঙ্গে।</u>**

সূত্র: তম/ বেতার-২/ শিল্পী সম্মানী-০১/০৮/৪৭২/ তারিখ: ২২/০৫/২০০৮ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে বাংলাদেশ বেতারের বিদ্যমান শিল্পী সম্মানী ভাতা ৩০% বৃদ্ধিতে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৬.০১৪.১১-২০৯ তারিখ: ৩ অক্টোবর ২০১১

**বিষয়: বাংলাদেশ টেলিভিশনের বার্তা শাখার শিল্পী সম্মানী বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-তম/ টিভি-২/১এইচ-২/০৭/৪৮০, তাং: ১২/০৭/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ টেলিভিশনের বার্তা শাখায় বিভিন্ন ক্যাটাগরিতে কর্মরত শিল্পীদের সম্মানীর হার নিম্নরূপভাবে বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হ'ল:

| ক্যাটাগরি | শিল্পী শ্রেণী | হার (টাকা) |
|---|---|---|
| ৫ মিনিট বুলেটিন | উচ্চ | ৭৭০/- প্রতি বুলেটিন |
| | ক | ৬৩০/- প্রতি বুলেটিন |
| | খ | ৪৯০/- প্রতি বুলেটিন |
| ১০ মিনিট বুলেটিন | উচ্চ | ১০৫০/- প্রতি বুলেটিন |
| | ক | ৯৪৪/- প্রতি বুলেটিন |
| | খ | ৭৭০/- প্রতি বুলেটিন |
| ১৫ মিনিট বুলেটিন | উচ্চ | ১২২৪/- প্রতি বুলেটিন |
| | ক | ১১২০/- প্রতি বুলেটিন |
| | খ | ৯৪৪/- প্রতি বুলেটিন |
| সংবাদ অনুবাদক/ মনিটর | ক | ৩৫০/- প্রতি দিন |
| | খ | ২৮০/- প্রতি দিন |
| সংবাদ প্রতিবেদন (বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত) | - | ৭৭০/- প্রতি রিপোর্ট |
| | - | ১৪৭০/- প্রতি মাসে বিবিধ ব্যয় |
| স্ট্যান্ডবাই সংবাদ পাঠ প্রতি মাসে | - | ২৬২৫/- এককালীন |
| আবহাওয়া বার্তা | | |
| ক) পাঠক | - | ৫২৫/- প্রতি বুলেটিন |
| খ) পান্ডুলিপি লেখক | - | ৪৫৫/- প্রতি বুলেটিন |
| গ) অবহাওয়াবিদ | - | ৪৫৫/- প্রতি বুলেটিন |
| অতিথি প্রযোজক (অন্যান্য অনুষ্ঠান) | ১০ থেকে ৪৫ মিনিট পর্যন্ত | ২৮০০/- প্রতি অনুষ্ঠান |
| | ৫০ থেকে ৯০ মিনিট পর্যন্ত | ৩৫০০/- প্রতি অনুষ্ঠান |

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
অতিরিক্ত সচিব (বাজেট), অর্থ বিভাগ।

(সম্মানী) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৬.০২৩.১১-২১০ তারিখ: ৩ অক্টোবর ২০১১

**বিষয়: চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে প্রকাশিত সচিত্র বাংলাদেশ, মাসিক নবারুণ, বাংলাদেশ কোয়ার্টারলি এবং এ্যাডহক প্রকাশনার লেখক সম্মানী পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-তম/ প্রেস-১/২এফ-২/৯১ (অংশ-২)/২১২, তাং: ৩০/০৫/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে প্রকাশিত সচিত্র বাংলাদেশ, মাসিক নবারুণ, বাংলাদেশ কোয়ার্টারলি এবং এ্যাডহক প্রকাশনার লেখক সম্মানীর হার নিম্নরূপভাবে বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হ'ল:

ক. **পাক্ষিক সচিত্র বাংলাদেশ**

| ক্রঃ নং | বিষয় | হার (টাকা) | |
|---|---|---|---|
| | | প্রতিষ্ঠিত গবেষক/ লেখক/ শিল্পী | নবীন গবেষক/ লেখক/ শিল্পী |
| ১. | প্রচ্ছদ প্রতিবেদন | ১৫০০/- | ১০০০/- |
| ২. | বিশেষ প্রতিবেদন | ১০০০/- | ৮০০/- |
| ৩. | ফিচার/ প্রবন্ধ/ নিবন্ধ | ১০০০/- | ৮০০/- |
| ৪. | সংবাদ প্রতিবেদন/ সাফল্য প্রতিবেদন/ সংবাদ পর্যালোচনা/ ঘটনাপঞ্জি | ৭০০/- | |
| ৫. | ফটোফিচার/ কার্টুনফিচার/ চিত্রকলা | ৭০০/- | ৫০০/- |
| ৬. | নিয়মিত বিভাগ | ৭০০/- | ৫০০/- |
| ৭. | কবিতা/ ছড়া | ৭০০/- | ৫০০/- |
| ৮. | গুচ্ছ কবিতা/ গুচ্ছ ছড়া | ৭০০/- | ৫০০/- |
| ৯. | গল্প | ১৫০০/- | ১০০০/- |
| ১০. | মিনি উপন্যাস/ উপন্যাসিকা | ৪০০০/- | ৩০০০/- |
| ১১. | গল্প/ প্রবন্ধ ইত্যাদি অনুবাদ/ রূপান্তর | ১৫০০/- | ১০০০/- |
| ১২. | কবিতা অনুবাদ | ৭০০/- | ৫০০/- |
| ১৩. | গ্রন্থ/ রিপোর্ট পর্যালোচনা/ চিত্রকলা সমালোচনা | ৭০০/- | ৫০০/- |
| ১৪. | ফরমায়েসী লেখা | ৪০০০/- | ৩০০০/- |
| ১৫. | রিভিউয়ার | ৩০০০/- | ২০০০/- |

খ. **শিশু কিশোরদের মাসিক নবারুণ**

| ক্রঃ নং | বিষয় | হার (টাকা) | |
|---|---|---|---|
| | | প্রতিষ্ঠিত গবেষক/ লেখক/ শিল্পী | নবীন গবেষক/ লেখক/ শিল্পী |
| ১. | প্রচ্ছদ প্রতিবেদন | ১৫০০/- | ১০০০/- |
| ২. | ফিচার/ প্রবন্ধ/ নিবন্ধ | ১০০০/- | ৮০০/- |
| ৩. | পাঠ প্রতিক্রিয়া/ মতামত | - | |
| ৪. | নিয়মিত বিভাগ | ১০০০/- | |
| ৫. | কবিতা/ ছড়া | ৭০০/- | ৫০০/- |
| ৬. | গুচ্ছ কবিতা/ গুচ্ছ ছড়া | ১০০০/- | ৮০০/- |
| ৭. | গল্প | ১৫০০/- | ১০০০/- |
| ৮. | সম্পূর্ণ কিশোর উপন্যাস | ৪০০০/- | ৩০০০/- |
| ৯. | শিশু সংবাদ/ প্রতিবেদন/ ঘটনাপঞ্জি | ১০০০/- | - |
| ১০. | শিশুদের আঁকা চিত্র, গল্প, কবিতা, ছড়া, নিবন্ধ ইত্যাদি | ৮০০/- | |
| ১১. | ফটোফিচার/ কার্টুনফিচার/ চিত্রকলা | ১০০০/- | ৫০০/- |
| ১২. | ফরমায়েসী লেখা | ৩০০০/- | ২০০০/- |
| ১৩. | রিভিউয়ার | ৩০০০/- | ২০০০/- |

গ. **ত্রৈমাসিক বাংলাদেশ কোয়াটারলি**

| ক্রঃ নং | বিষয় | হার (টাকা) | |
|---|---|---|---|
| | | প্রতিষ্ঠিত গবেষক/ লেখক/ শিল্পী | নবীন গবেষক/ লেখক/ শিল্পী |
| ১. | প্রচ্ছদ প্রতিবেদন | ২০০০/- | ১৫০০/- |
| ২. | বিশেষ প্রতিবেদন | ১০০০/- | ৮০০/- |
| ৩. | সংবাদ প্রতিবেদন/ সাফল্য প্রতিবেদন/ সংবাদ পর্যালোচনা/ ঘটনাপঞ্জি | ৭৫০/- | |
| ৪. | ফটোফিচার/ কার্টুনফিচার/ চিত্রকলা | ১০০০/- | ৫০০/- |
| ৫. | গবেষণা আর্টিকেল/ ফিচার/ প্রবন্ধ/ নিবন্ধ | ২০০০/- | ১৫০০/- |
| ৬. | নিয়মিত বিভাগ | ১০০০/- | |
| ৭. | কবিতা | ১০০০/- | ৭৫০/- |
| ৮. | গল্প | ২০০০/- | ১৫০০/- |
| ৯. | মিনি উপন্যাস | ৪০০০/- | ৩০০০/- |
| ১০. | বাংলা থেকে ইংরেজি অনুবাদ/ রূপান্তর | ১৫০০/- | ১২০০/- |
| ১১. | গ্রন্থপর্যালোচনা/ চিত্রকলা সমালোচনা | ১০০০/- | ৭০০/- |
| ১২. | কবিতা অনুবাদ | ১০০০/- | ৭০০/- |
| ১৩. | ফরমায়েসী লেখা | ৩০০০/- | ২০০০/- |
| ১৪. | রিভিউয়ার | ৩০০০/- | ২০০০/- |

ঘ. **অ্যাডহক**

| ক্রঃ নং | বিষয় | হার (টাকা) | |
|---|---|---|---|
| | | প্রতিষ্ঠিত গবেষক/ লেখক/ শিল্পী | নবীন গবেষক/ লেখক/ শিল্পী |
| ১. | লিফলেট (পৃষ্ঠা প্রতি) | ১৫০০/- | ১০০০/- |
| ২. | ফোল্ডার (পৃষ্ঠা প্রতি) | ১৫০০/- | |
| ৩. | বাংলা পুস্তক-পুস্তিকার পান্ডলিপি রচনা (প্রতি ফর্মা) | ৩৫০০/- | ৩০০০/- |
| ৪. | ইংরেজি পুস্তক-পুস্তিকার পান্ডলিপি রচনা (প্রতি ফর্মা) | ৫০০০/- | ৪০০০/- |
| ৫. | রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান লেখকদের ফরমায়েসী ফিচার/ প্রবন্ধ/ নিবন্ধ | ৫০০০/- | ৪০০০/- |
| ৬. | অনুবাদ (প্রতি ফর্মা) | ২৫০০/- | |
| ৭. | রিভিউয়ার | ৩০০০/- | ২০০০/- |

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
অতিরিক্ত সচিব (বাজেট), অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৫৬.০২৩.১১-২১১ তারিখ: ৩ অক্টোবর ২০১১

**বিষয়: বিশেষজ্ঞ কমিটি, জার্নাল, গবেষণা, পান্ডুলিপি, গ্রন্থ, প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপের সম্মানীর হার নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-বিএফএ/ লাইব্রেরী-৪২৪/২০০৩/১৩৩৬, তাং: ২১/০৭/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিভিন্ন কাজের সাথে সম্পৃক্ত উক্ত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী এবং বহিরাগত বিশেষজ্ঞদেরকে নিম্নেবর্ণিত হারে সম্মানী নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

| ক্রমিক | ব্যয়ের খাতসমূহের বিবরণ | হার (টাকা) |
|---|---|---|
| ০১. | বিশেষজ্ঞ কমিটির প্রতি সভায় যোগদানের জন্য সদস্য প্রতি সম্মানী | ২,০০০/- |
| ০২. | বিশেষজ্ঞ উপ-কমিটির প্রতি সভায় যোগদানের জন্য সদস্য প্রতি সম্মানী | ১,৫০০/- |
| ০৩. | সম্পাদনা পরিষদের উপদেষ্টাদের সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ৫,০০০/- |
| ০৪. | সম্পাদকের সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ১,৫০০/- |
| ০৫. | নির্বাহী সম্পাদকের সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ১,৫০০/- |
| ০৬. | সম্পাদনা সহযোগির সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ৭৫০/- |
| ০৭. | সম্পাদনা সহকারীর সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ৫০০/- |
| ০৮. | প্রচ্ছদ ও অঙ্গসজ্জার জন্য সম্মানী (প্রতি জার্নালের জন্য) | ৩,০০০/- |
| ০৯. | লেখক সম্মানী (প্রতি জার্নালের জন্য) | সর্বোচ্চ ৫,০০০/- সর্বনিম্ন ৩,০০০/- |
| ১০. | জার্নাল লেখা মূল্যায়নকারীর সম্মানী (প্রতি লেখার জন্য) | ২,০০০/- |
| ১১. | জার্নাল কম্পিউটার কম্পোজকারীর সম্মানী (প্রতি ফর্মার জন্য) | ২০০/- |
| ১২. | গবেষকের সম্মানী (প্রতি গবেষণার জন্য) | সর্বোচ্চ ৫০,০০০/- এবং সর্বনিম্ন ৩০,০০০/- |
| ১৩. | গবেষণা কর্মের তত্ত্বাবধায়কের সম্মানী (প্রতি গবেষণার জন্য) | সর্বোচ্চ ১০,০০০/- এবং সর্বনিম্ন ৫,০০০/- |
| ১৪. | পান্ডুলিপি প্রণয়নকারীর সম্মানী (প্রতি ফর্মার জন্য) | প্রতি ফর্মা ১,০০০/- |
| ১৫. | পান্ডুলিপি মূল্যায়নকারীর সম্মানী (প্রতি ফর্মার জন্য) | সর্বোচ্চ ৫০০/- এবং সর্বনিম্ন ২০০/- |
| ১৬. | গ্রন্থের প্রচ্ছদ ও ছবির জন্য সম্মানী (প্রতি প্রচ্ছদ ও প্রতি ছবির জন্য) | প্রচ্ছদ সর্বোচ্চ ২,৫০০/- এবং সর্বনিম্ন ১,৫০০/-<br>ছবির জন্য সর্বোচ্চ ৫০০/- সর্বনিম্ন ২০০/- |
| ১৭. | ফিল্ম এপ্রিসিয়েশন কোর্সের পরিচালকের সম্মানী ৩ মাস মেয়াদী (প্রতি মাসের জন্য) | ১০,০০০/- |
| ১৮. | উচ্চতর ফিল্ম এপ্রিসিয়েশন কোর্সের পরিচালকের সম্মানী ৬ মাস মেয়াদী (প্রতি মাসের জন্য) | ১০,০০০/- |
| ১৯. | ফিল্ম এপ্রিসিয়েশন কোর্সের সমন্বয়কারীর সম্মানী ৬ মাস মেয়াদী (প্রতি মাসের জন্য) | ২,০০০/- |
| ২০. | ফিল্ম এপ্রিসিয়েশন কোর্সের সহকারী সমন্বয়কারীর সম্মানী (প্রতি মাসের জন্য) | ১,৫০০/- |
| ২১. | এপ্রিসিয়েশন কোর্সের প্রশিক্ষকের সম্মানী (প্রতি ক্লাসের জন্য) | ৭৫০/- |
| ২২. | সেমিনারের মূল প্রবন্ধকারের সম্মানী (প্রতি প্রবন্ধের জন্য) | ২,৫০০/- |
| ২৩. | সেমিনার ওয়ার্কশপ আলোচকের সম্মানী (প্রতি সেমিনারে সর্বোচ্চ ৩ জন হিসেবে) | ১,০০০/- |

০২। উপরে বর্ণিত ক্রমিক নং-৮, ৯, ১০, ১২, ১৩, ১৬, ১৭, ১৮, ২২ এবং ২৩ এ বর্ণিত খাতসমূহে নির্ধারিত সম্মানী শুধুমাত্র বহিরাগত বিশেষজ্ঞদের জন্য প্রযোজ্য হবে।

খলিল আহমদ
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
akhalil@finance.gov.bd

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি</u>:

অতিরিক্ত সচিব (বাজেট), অর্থ বিভাগ।

# নকল নবীশ/আনসার বাহিনীর সদস্যদের সম্মানী

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবিধি-৩/বিভা-৬/৮৬/১৩ তারিখ: ০৮/০৮/২০১০ খ্রিঃ।

**বিষয়: দেশের সাব-রেজিস্ট্রী অফিসসমূহে কর্মরত নকল নবীশগণের (Extra-Muharrior) পারিশ্রমিক বৃদ্ধিকরণ।**

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নোটাংশ ৩২-৪০ এর উদ্ধৃতাংশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রস্তাব এবং সার্বিক অবস্থা বিবেচনায় সাব-রেজিস্ট্রী অফিসসমূহে কর্মরত নকল নবীশগণের পারিশ্রমিকের হার নিম্নোক্তভাবে বৃদ্ধিতে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল:

১। নকল বাবদ ফি (N- ফি) এর হার ১২/- টাকা থেকে ২৫/- টাকায় বৃদ্ধি ;
২। নকল নবীশগণের পারিশ্রমিকের হার ৭/- টাকা থেকে ১৫/- টাকায় বৃদ্ধি।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
e-mail: aminc@finance.gov.bd

সচিব
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয ঢাকা।

<u>**অনুলিপি:**</u>

উপ-সচিব
নন-ট্যাক্স রেভিনিউ (NTR)
অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-৪ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.১৭৪.০৩১.০০.০০.০৬.২০১১-৪

তারিখ: ১৩ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০১১ খ্রিস্টাব্দ

**বিষয়: আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিয়ন দলপতি/ দলনেত্রীর সম্মানী বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র নং- স্বঃ মঃ (আন-২) ভাতা-১/২০০৯ (অংশ)/৩২৮, তারিখ-২৬.০৯.২০১০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত প্রস্তাবের প্রেক্ষিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দলপতি/ দলনেত্রীগণের মাসিক সম্মানী ৪২২.৫০ (চারশত বাইশ দশমিক পাঁচ শূণ্য) টাকা থেকে উন্নীতকরতঃ ৬৩০/- (ছয়শত ত্রিশ) টাকা নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

০২। পত্র জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

নাসরিন সুলতানা
উপসচিব (প্রবিধি-৪ অধিশাখা)
ফোন: ৯৫৬১১৩১
nsultana@finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# মোবাইল কোর্টের সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০৩.০০.০১৩.২০১০-৭৩ তারিখ: ১৪/১১/২০১০ খ্রিঃ।

**বিষয়: যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক ও রেলপথ বিভাগ কর্তৃক ঢাকা মহানগরে ২০ বছরের পুরাতন ভাড়ায় চালিত ও ২৫ বছরের পুরাতন মালবাহী মোটরযান অপসারণের জন্য মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: যোগাযোগ মন্ত্রণালয়ের স্মারক নং-যোম/ পরি-১/ বাজেট-৩/০৮ (অংশ-১)/৪৩২, তারিখ-২৬/০৮/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যোগাযোগ মন্ত্রণারয়ের সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক ঢাকা মহানগর মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং তাঁদের সহযোগিদের সম্মানী প্রদানের প্রেরিত প্রস্তাব নিম্নবর্ণিত হারে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হল:

| **ক্রমিক নং** | **বিষয়** | **হার (টাকা)** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | ম্যাজিস্ট্রেট এর সম্মানী | ৫০০/- |
| ২ | পেশকারের সম্মানী | ২০০/- |
| ৩ | সহায়ক কর্মকর্তা/ কর্মচারীদের সম্মানী | ২০০/- |
| ৪ | এম, এল, এস, এস | ১০০/- |

এ.এফ. আমিন চৌধুরী
উপ-সচিব
ফোন-৭১৭০১৭৪
e-mail:amine@finance.gov.bd

সচিব
সড়ক ও রেলপথ বিভাগ
যোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# অতিথি বক্তার সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-১০/২০০৭/১৮ তারিখ: ০৮/১২/১৪১৫ বাং / ২২/০৩/২০০৯ খ্রিঃ

**বিষয়: ন্যাশনাল ডিফেন্স কলেজে অতিথি বক্তাদের সম্মানী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: (ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রঃমঃ/ ডি-২/ বিধি-১/২০০৬/ এনডিসি (ছায়ানথি)
খ) সেনাবাহিনী প্রধানের পত্র নং-১০৪১/১৬/ সিএএস তাং-০৯/০৬/২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে NDC & DSCSC এর পরিচালনা পর্ষদের যৌথ সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০০৯ ইং সনের কোর্স হতে শুধুমাত্র ন্যাশনাল ডিফেন্স কলেজের NDC কোর্সে আমন্ত্রিত বক্তাদের সম্মানী ভাতা ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা হতে বৃদ্ধি করে ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

মাহবুবা আক্তার
সহকারী সচিব
ফোন: ৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
২গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

# রক্ত দাতার সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-১৭/২০০৯/১৭

তারিখ: ০৪/১২/১৪১৫ বাং
১৮/০৩/২০০৯ খ্রিঃ

**বিষয়: সশস্ত্র বাহিনীর বদস্যগণের রক্তদাতাদের সম্মানী ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-১৯/ভাতা-৪/২০০৮ (ছায়ানথি)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জেএসআই-৪/২০০৫-এ উল্লেখিত রক্তদাতার সম্মানী প্রতি পাউন্ড ১৯৫ (একশত পচানব্বই) টাকা হতে ৩০০ (তিনশত) টাকায় বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল।

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন: ৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
২গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

# ইউনিয়ন পরিষদ/ উপজেলা পরিষদে কর্মরতদের বেতন- ভাতা/সম্মানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
বাজেট শাখা- ২

নং- অম/অবি/বা- ২/৩৭০১- ৩৬০৭(৫)৯৯/১৪৭ তারিখ: ১৯/০৪/২০০১ খ্রিঃ
০৫/০১/১৪০৭ বং

**বিষয়: ইউনিয়ন পরিষদ সেক্রেটারিদের সরকারি তহবিল থেকে ১০০% বেতন- ভাতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- প্রজেই- ৩/বিবিধ- ১৩/৯৯/৮২, তারিখ: ২৫/০১/২০০১ ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরিতব্য ইউনিয়ন পরিষদ সচিবদের সরকারি তহবিল থেকে ১০০% বেতন ভাতা প্রদানের প্রস্তাব সম্বলিত সার- সংক্ষেপে অর্থ বিভাগের নিম্নোক্ত মতামত সন্নিবেশিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে:

ক) অর্থ বিভাগ মনে করে যে, কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারীদেরকে কেন্দ্রীয় সরকার কর্তৃক শতকরা ১০০ ভাগ বেতন দেওয়া স্থানীয় স্বায়ত্তশাসনের ধারণার পরিপন্থী একটি প্রস্তাব।

খ) তবে বিশেষ বিবেচনায় ইউনিয়ন পরিষদের সচিবদের বেতনের শতকরা ৫০ ভাগের বদলে শতকরা ৭৫ ভাগ সরকার বহন করতে পারে। বিনিময়ে সকল সরকারি প্রতিষ্ঠানকে ইউনিয়ন পরিষদের করমুক্ত করতে হবে।

গ) উল্লিখিত বর্ধিত হার ১লা জুলাই, ২০০১ থেকে কার্যকর করা যেতে পারে।

মোঃ মহিউদ্দীন খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৬১২৯২৩

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ
বাজেট শাখা- ২

নং- অম/অবি/বা- ২/৩৬০৭(৫)৯৯/২১৮ তারিখ: ২৮/০৫/২০০১ খ্রিঃ
১৪/০২/১৪০৮ বং

**বিষয়: ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা বৃদ্ধির জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রসঙ্গে।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- প্রজেই- ৩/বিবিধ- ২৫/৯৯/২১৪, তারিখ: ২১/০৩/২০০১ ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের মাসিক সম্মানী ভাতা যথাক্রমে ১,০৫০/- টাকা থেকে ১,৫০০/- টাকা (সরকারি অংশের পরিমাণ ৫০০/- টাকা) এবং ৪০০/- টাকা থেকে ৭০০/- টাকায় (সরকারি অংশের পরিমাণ ৩৫০/- ) পুনঃনির্ধারণের জন্য প্রয়োজনীয় ৮০,৫৬,০০০/- টাকা এবং ৯,৬৫,৯০,৪০০/- টাকা মোট ১০,৪৬,৪৬,৪০০/- টাকা স্থানীয় সরকার বিভাগের আগামী অর্থ বছরের বাজেট প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। উল্লিখিত বর্ধিত হার ১লা জুলাই, ২০০১ থেকে কার্যকর করা হবে।

মোঃ মহিউদ্দীন খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৬১২৯২৩

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা- **১২**

নং- অম/অবি/বা- **১২/৩৭০৫- ৩৬০৫/১/২০০৩/২৩৯৫** তারিখ: **২৮/০৬/২০০৬** খ্রিঃ

**বিষয়: দফাদার ও মহল্লাদারদের মাসিক বেতনের সরকারি অংশ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ইউনিয়ন পরিষদে কর্মরত দফাদার এবং মহল্লাদারদের বেতনের সরকারি অংশের বিদ্যমান অর্থের পরিমাণ স্থানীয় সরকার বিভাগের প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে নিম্নরূপ বৃদ্ধিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| **ক্রমিক নং** | **পদবী** | **বিদ্যমান বেতনে সরকারি অংশের অর্থের পরিমাণ** | **সরকারি বেতনের অংশে বর্ধিত অর্থের পরিমাণ** | **বর্ধিত অর্থসহ সরকারি অংশে বেতন বাবদ প্রাপ্য মোট অর্থের পরিমাণ** |
|---|---|---|---|---|
| ১. | দফাদার | ৭০০/- | ৩০০/- | ১০০০/- |
| ২. | মহল্লাদার | ৫০০/- | ২৫০/- | ৭৫০/- |

শর্তাবলী:

১) এ বেতন বৃদ্ধির আদেশ **১**লা জুলাই/২০০৬ হতে কার্যকর হবে।

২) বেতন বৃদ্ধি বাবদ প্রয়োজনীয় ব্যয় আগামী অর্থ বছরে মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে, এ জন্য কোন অতিরিক্ত অর্থ প্রদান করা হবে না।

আশীষ কুমার সরকার
সিনিয়র সহকারী সচিব
ফোন: **৯৫৬৯৭৫৩**

বিতরণ:
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। হিসাব মহা- নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ৩

নং- অম/অবি/প্রবি- ৩/সম্মানী- ৩/২০০৬/৬৩ তারিখ: ১৪/০৫/২০০৭ খ্রিঃ

**বিষয়: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: বাজেট- ১২ শাখার ০৫- ০৪- ২০০৭ খ্রিঃ (২২- ১২- ১৪১৩ বং) তারিখের অম/অবি/বা- ১২/৩৭০৫- ৩৬০৭/১/ ২০০৫/৩৪২, নং ইউ, ও নোট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা বৃদ্ধি করার সাথে জড়িত আর্থিক সংশ্লেষ বিষয়ে নীতিগত সম্মতি বাজেট অধিশাখার বিবেচ্য বিষয়। জাতীয় পে- স্কেল ঘোষণার পরে পূর্ব নজির অনুযায়ী বৃদ্ধির স্বপক্ষে যুক্তি রয়েছে। সে প্রেক্ষিতে সম্মানী ভাতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণের পর পরবর্তী পাঁচ বৎসর আর ভাতা বৃদ্ধির প্রস্তাব উপস্থাপন না করার শর্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রেরিত নিম্নবর্ণিত সংশোধিত প্রস্তাব মোতাবেক বর্ণিত সম্মানী ভাতা প্রদানে বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের মতামত জ্ঞাপন করা হলো।

**সংশোধিত প্রস্তাব**

| পদবী | সরকারি অংশ | ইউপি অংশ | মোট | প্রয়োজনীয় সরকারি বরাদ্দ |
|---|---|---|---|---|
| চেয়ারম্যান | ১,৩৫০/- | ১,৬৫০/- | ৩,০০০/- | ৭.২৭ কোটি |
| সদস্য | ৭০০/- | ৮০০/- | ১,৫০০/- | ৪৫.২৬ কোটি |

দেওয়ান মোঃ ফারুক
সহকারী সচিব
প্রবিধি- ৩

যুগ্ম- সচিব,
বাজেট- ২ অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ- ২
বাজেট শাখা- ১২

নং- অম/অবি/বা- ১২/৩৭০৫- ৩৭০৭/১/২০০৫/৮৪৯ তারিখ: ২৭/০১/২০০৮ খ্রিঃ

**বিষয়: ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা বৃদ্ধিকরণ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ইপ/বিবিধ- ২৫/৯৯(অংশ- ১)/১৫২৫/১, তারিখ: ২৬/১২/২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ- এর চেয়ারম্যানদের মাসিক সম্মানী ভাতা ১,৫০০/- টাকা থেকে ৩,০০০/- টাকা (সরকারি অংশের পরিমান ১,৩৫০/- টাকা) এবং সদস্যদের মাসিক সম্মানী ভাতা ৭০০/- টাকা থেকে ১,৫০০/- টাকা (সরকারি অংশের পরিমাণ ৭০০/- টাকা) বৃদ্ধির প্রস্তাবে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

২. মাসিক ভাতা বৃদ্ধির উক্ত বর্ধিত হার আগামী ১লা এপ্রিল ২০০৮ হতে কার্যকর হবে।

খোন্দকার এহতেশামুল কবীর
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৮৭৯১

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০৩/২০০৬/২৩০ তারিখ: ২৭/০১/২০০৯ ইং।

**বিষয়: ইউনিয়ন পরিষদ সচিবদের বেতন ভাতা ১০০% সরকারি তহবিল হতে প্রদানের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: স্থাসবি/ইপ/ইউপি-১২/২০০০/১০০০, তারিখ: ১৮/০৮/২০০৮ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ইউনিয়ন পরিষদ সচিবদের বেতন ৭৫% হতে ১০০% -এ এবং উৎসব ও আনুতোষিক ভাতা ৫০% হতে ১০০% -এ উন্নীত করণের বিষয়টি অর্থ বিভাগ সমর্থন করে। তবে এ ক্ষেত্রে বেতনের অবশিষ্ট ২৫% এবং উৎসব ও আনুতোষিক ভাতার অবশিষ্ট ৫০% সরকারি কোষাগার হতে নির্বাহ না করে ইউনিয়ন পরিষদের উপর অর্পিত কর আরোপের ক্ষমতার যথাযথ প্রয়োগের মাধ্যমে ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় বৃদ্ধি করে সেখান থেকে নির্বাহ করা যেতে পারে। এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অধীন চলমান ‘Local Government Support Project (KGSP)’ প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে সম্পদ আহরণের মাধ্যমে ইউনিয়ন পরিষদসমূহের নিজস্ব আয় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে। সে প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ সচিবদের বেতনের ১০০% এবং উৎসব ও আনুতোষিক ভাতার ১০০% সরকারি কোষাগার হতে প্রদানের সুযোগ নেই।

মোঃ আবদুল মান্নান
উপ-সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ জনাব আখতারী বেগম, সিনিয়র সহকারী সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি- ২ অধিশাখা
www.mof.gov.bd

নং- অম/অবি/(প্রবিধি- ২)/আইন ও অধ্যাদেশ(৩)/২০০৯/৩৮২ তারিখ: ২২/০২/২০১০ খ্রিঃ

**বিষয়: উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের মাসিক সম্মানীর হার বৃদ্ধিকরণ।**

সূত্র: স্থাসবি/উপ- ২/আর- ২/২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা, ২০১০ এর ৬ নং অনুচ্ছেদ নিম্নবর্ণিত উপায়ে সংশোধনে নির্দেশক্রমে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হল:

| **পদের নাম** | **সম্মানীর হার** |
|---|---|
| চেয়ারম্যান | ১০,০০০ (দশ হাজার টাকা মাত্র) |
| ভাইস চেয়ারম্যান | ৭৫,০০ (সাত হাজার পাঁচশত টাকা মাত্র) |

মাহবুবা আক্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
(দৃঃ আঃ তসলিমা কানিজ নাহিদা, সিনিয়র সহকারী সচিব)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা- ৪

নং- ০৭.০০.০০০০.১২৯.০০.০১৬.১২- ১৮ তারিখ: ০১/০৩/২০১২ খ্রিঃ

**বিষয়: উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের মাসিক সম্মানী ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের নথি নং- ৪৬.০৪৬.০২২.০০.০০.০০২.২০০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের মাসিক সম্মানী ভাতা ১০,০০০/- (দশ হাজার) ও ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হতে যথাক্রমে ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) ও ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকায় পুনঃনির্ধারণে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক) পরিষদের নিজস্ব আয়/বরাদ্দ থেকে এ ব্যয়ভার নির্বাহ করতে হবে। এ বাবদ সরকার থেকে কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;

খ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যথানিয়মে আদেশ জারির তারিখ হতে এ বর্ধিত ভাতা কার্যকর হবে; এবং

গ) এ বিষয়ে প্রচলিত যাবতীয় বিধি/অনুষ্ঠানিকতা যথাযথভাবে পরিপালন করতে হবে।

মোঃ হাবিবুর রহমান
উপ সচিব
ফোন: ৯৫৬৭০৬১

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ফিস গ্রহণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/সম্মানী/ফিস-২০/৮৬/৪০ তারিখ: ২২/২/৮৭ ইং / ৯/১১/৯৩ বাং

## স্মারকলিপি

**বিষয়: স্ব-শাসিত সংস্থা, অর্থ-স্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সংস্থা, অর্থলগ্নী সংস্থা ও কোম্পানীর এ্যাক্টের দ্বারা নিয়ন্ত্রিত কোম্পানীসমূহে খন্ডকালীন সদস্য/ ডাইরেক্টর হিসাবে মনোনীত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের ফিস্ গ্রহণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ২১/৯/৮১ তারিখের এমএফ/ আর-২/ মিস-১০/৭৬ (অংশ)-২১৫ নং স্মারকলিপি আংশিক সংশোধনপূর্বক সরকার সদয় হইয়া এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, স্ব-শাসিত সংস্থা, অর্ধ-স্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সংস্থা, অর্থলগ্নী সংস্থা এবং কোম্পানী এ্যাক্টের দ্বারা নিয়ন্ত্রিত কোম্পানীসমূহে যে সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী (চুক্তিভিত্তিক নিযুক্ত কর্মচারীসহ) খন্ডকালীন সদস্য/ ডাইরেক্টর হিসাবে সরকার কর্তৃক মনোনীত তাঁহার, প্রচলিত শর্তসাপেক্ষে, এক আর্থিক বৎসরে টাকা ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) ফিস্ হিসাবে গ্রহণ করিতে পারিবেন।

কে, এম, করিম
সিনিয়র সহকারী সচিব

নং-অম(অবি)/প্রবি-২/সম্মানী/ফিস-২০/৮৬/৪০(২০০০) তারিখ: ২২/২/৮৭ ইং / ৯/১১/৯৩ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

কে, এম, করিম
সিনিয়র সহকারী সচিব

বন্টন:
১। মাননীয় রাষ্ট্রপতি মহোদয়ের একান্ত সচিব, বঙ্গ ভবন, ঢাকা।
২। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৩। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৪। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৫। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
৬। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৮। সচিব সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৯। মহা হিসাব নিরীক্ষক (বেসামরিক), সেগুনবাগিচা, ঢাকা।
১০। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
১১। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান
১২। সকল বিভাগীয় কমিশনার।
১৩। মহা হিসাব নিরীক্ষক (রেলওয়ে), চট্টগ্রাম।
১৪। মহা হিসাব নিরীক্ষক (পি, টিএন্ডটি), ঢাকা।
১৫। মহা হিসাব নিরীক্ষক (ওয়ার্কস এণ্ড ওয়াপদা), ঢাকা।
১৬। সকল মন্ত্রালয়ের চীফ একাউন্টস অফিসার।
১৭। সকল জেলা প্রশাসক।
১৮। সকল জেলা হিসাবরক্ষণ অফিসর।
১৯। সকল উপজেলা নির্বাহী অফিসার।
২০। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
২১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের সকল অফিসার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ২।

নং- অম/(অবি)/প্রবি- ২/সম্মানী/ফিস- ২১/৮৮/১৩১(১০০০) তারিখ: ৩১- ১০- ৮৮ ইং / ১৬- ৬- ৯৫ বাং

**স্পষ্টীকরণ আদেশ**

**বিষয়: স্ব- শাসিত সংস্থা, অর্ধ- স্ব- শাসিত সংস্থা, বিধিবদ্ধ সংস্থা, অর্থলগ্নী সংস্থা ও কোম্পানি এ্যাক্টের দ্বারা নিয়ন্ত্রিত কোম্পানিসমূহে খন্ডকালীন সদস্য/ ডাইরেক্টর হিসাবে মনোনীত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের ফিস্ গ্রহণ প্রসংগে।**

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ৯- ১১- ৯৩বাং/২২- ২- ৮৭ইং তারিখের অম/ (অবি)/ প্রবি- ২/ সম্মানী/ ফিস- ২০/ ৮৬/ ৪০ সংখ্যক স্মারকলিপির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে উক্ত স্মারকলিপিতে উল্লেখ করা হইয়াছে যে স্ব- শাসিত সংস্থা, অর্ধ- স্ব- শাসিত সংস্থা, বিধিবদ্ধ সংস্থা, অর্থলগ্নী সংস্থা এবং কোম্পানি এ্যাক্টের দ্বারা নিয়ন্ত্রিত কোম্পানিসমূহে যে সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী (চুক্তিভিত্তিক নিযুক্ত কর্মচারীসহ) খন্ডকালীন সদস্য/ ডাইরেক্টর হিসাবে সরকার কর্তৃক মনোনীত তাঁহারা প্রচলিত শর্তসাপেক্ষে, এক আর্থিক বৎসরে ৩৬০০ টাকা (তিন হাজার ছয়শত) ফিস্ হিসাবে গ্রহণ করিতে পারিবেন। এক্ষণে ২টি প্রশ্ন উত্থাপিত হইয়াছে যে:

১) প্রতি সভায় যোগদানের জন্য প্রত্যেক সরকারি সদস্য কত টাকা ফিস্ হিসাবে গ্রহণ করিতে পারিবেন, এবং

২) যিনি/যাঁহারা একাধিক সংস্থার খন্ডকালীন সদস্য/পরিচালক হিসাবে মনোনীত হইয়াছেন তিনি/তাহারা বৎসরে সর্বোচ্চ কত টাকা গ্রহণ করিতে পারিবেন।

এই প্রসংগে উপরোক্ত স্মারকে ২টি বিষয় লক্ষণীয়, যথা:

১) প্রচলিত শর্ত সাপেক্ষে,

২) এক আর্থিক বৎসরে ৩৬০০.০০ টাকা ফিস্ হিসাবে গ্রহণ করিতে পারিবেন।

ব্যাখ্যা:

১) প্রচলিত শর্ত সাপেক্ষে বলিতে বিশেষভাবে বুঝান হইয়াছে যে সংস্থা গুলির নিজস্ব আইন/ অধ্যাদেশ/ বিধি/ আর্টিকেল অব মেমোরেন্ডাম ইত্যাদিতে প্রতি সভায় যোগদানের জন্য ফিসের হার নির্ধারণ করিয়া দেওয়া আছে। সেই মোতাবেক কোন সংস্থা ২০০.০০ টাকা, কোন সংস্থা ২৫০.০০ টাকা কোন সংস্থা ৩০০.০০ টাকা ইত্যাদি হারে প্রতি সভায় যোগদানের জন্য ফিস্ দিয়া থাকে। কাজেই সভায় যোগদানকারী সদস্যগণ উক্ত হার মোতাবেক (যাঁহার জন্য যাহা প্রযোজ্য) ফিস্ পাইবেন।

২) একজন মনোনীত সরকারি সদস্য/ পরিচালক এবং গৃহীত ফিসের পরিমাণ এক অর্থ বছরে সর্বোচ্চ ৩৬০০.০০ টাকার বেশী হইবে না, এমনকি যদি তিনি একাধিক সংস্থার সদস্য/ পরিচালক হিসাবেও কাজ করেন। অর্থাৎ কোন অবস্থাতেই একজন মনোনীত সরকারি সদস্য/ পরিচালক এক আর্থিক বৎসরে ৩৬০০.০০ টাকার বেশী ফিস্ পাইবেন না।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারি সচিব (প্রবিধি- ২)।

# মহার্ঘ ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
অর্থ বিভাগ প্রবিধি ইউং
শাখা-২

## স্মারক

নং-অর্থম/প্রবি-২/ভাতা-৮/৮২/২৫২ তারিখ: ১৩-৭-৮২ইং

নুতন জাতীয় বেতন স্কেল/নতুন বেতন স্কেলের আওতাভুক্ত সকল বেমাসরিক সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীগণকে নিম্নবর্ণিত হারে ১-৬-৮২ তারিখ হইতে মহার্ঘ ভাতা প্রদানের মঞ্জুরী জ্ঞাপন করা হইল:

| | | |
|---|---|---|
| (ক) | নুতন জাতীয় বেতন স্কেল/নুতন বেতন স্কেলের আওতাভুক্ত যে সকল কর্মচারীর মূল বেতন মাসিক ১০০০ (এক হাজার) টাকা পর্যন্ত। | মূল বেতনের শতকরা মাসিক ৩০/- টাকা হারে। |
| (খ) | নুতন জাতীয় বেতন স্কেল/নুতন বেতন স্কেলের আওতাভুক্ত যে সকল কর্মচারীর মূল বেতন মাসিক ১০০০ (এক হাজার) টাকার উর্ধ্বে। | মূল বেতনের শতকরা মাসিক ২০/- টাকা হারে ন্যুনপক্ষে মাসিক ৩০০/- (তিনশত) টাকা ও উর্ধ্বে ৪০০/- (চারশত) টাকা। |

০২। কর্মচারীরা বেতন বিহীন ছুটি ব্যতীত অর্জিত ছুটিতে বা অবসর প্রস্তুতি ছুটিতে থাকাকালীন সময়ে এই আদেশের সুবিধা ছুটি-পূর্বকালীন শেষ প্রাপ্য মূল বেতনের উপর পাইবেন।

মোঃ সাঈদুর রহমান
উপসচিব

নং-অর্থ ম/প্রবি-২/ভাতা-৮/৮২/২৫২ তারিখ: ১৩-৭-৮২ইং

প্রতিলিপি জ্ঞাতার্থে ও যথাযথ কার্যক্রমের জন্য -------------------------------------- সমীপে প্রেরিত হইল।

কে, এম, করিম
শাখা প্রধান

বন্টন:
১। প্রধান সামরিক আইন প্রশাসনের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
৩। উপ-প্রধান সামরিক আইন প্রশাসকবৃন্দের একান্ত সচিববৃন্দ।
৪। সকল আঞ্চলিক সামরিক আইন প্রশাসকবৃন্দ।
৫। সকল মন্ত্রী মহোদয়ের একান্ত সচিববৃন্দ।
৬। সকল মন্ত্রণাল/বিভাগসমূহ।
৭। সকল দপ্তর/পরিদপ্তরের প্রধানগণ।
৮। সকল বিভাগীয় কমিশনার।
৯। সকল ডেপুটি কমিশনার।
১০। সকল মহকুমা প্রশাসক।
১১। সকল জেলা ট্রেজারি অফিসার।
১২। অর্থ উপদেষ্টা/উপ-অর্থ উপদেষ্টা/সহকারী অর্থ উপদেষ্টাসহ অর্থ বিভাগের সকল অফিসারবৃন্দ।
১৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
১৪। মহা-হিসাবরক্ষক (বেসামরিক), বাংলাদশ, ঢাকা।
১৫। মহা-হিসাবরক্ষক রেলওয়ে, চট্টগ্রাম।
১৬। মহা-হিসাবরক্ষক (সামরিক), বাংলাদশ, ঢাকা।
১৭। মহা-হিসাবরক্ষক (ওয়ার্কস এন্ড ওয়াপদা), বাংলাদশ, ঢাকা।
১৮। অতিরিক্ত মহা-হিসাবরক্ষক (পররাষ্ট্র বিষয়ক), বাংলাদশ, ঢাকা।
১৯। মহা-হিসাবরক্ষক (ডাক, তার ও টেলিফোন), বাংলাদশ, ঢাকা।
২০। সকল স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/করপোরেশসমূহের প্রধানগণ।
২১। সকল জাতীয়করণকৃত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রধানগণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধান শাখা-২।

স্মারক নং-অর্থম/প্রবি-২/ভাতা-৮/৮২/৪১৬ তারিখ, ১৪ই ডিসেম্বর, ১৯৮২।

নিম্ন স্বাক্ষরকারী নির্দেশিত হইয়া এই মর্মে জানাইতেছেন যে, কর্মরত কর্মচারীদের ন্যায় সকল প্রকার সামরিক ও বেসামরিক পেনশন ভোগীগণ অর্থাৎ, বার্ধক্যহেতু পেনশনভোগী (Superannuation Pensioner), অবসর পেনশনভোগী (Retiring Pensioners), অসমর্থ পেনশনভোগী (Invalid Pensioner), ক্ষতিপূরণ পেনশনভোগী (Compensation Pensioner), পারিবারিক পেনশনভোগী (Family Pensioner), সাহিত্য বিষয়ক পেনশনভোগী (Literary Pensioner), এবং অক্ষম পেনশনভোগী (Disability Pensioner) নিম্ন বর্ণিত হারে ১-৬-১৯৮২ ইং তারিখ হইতে মহার্ঘ ভাতা প্রাপ্ত হইবেন:-

| | | | |
|---|---|---|---|
| (ক) | পেনশনভোগী যাহাদের মাসিক নীট পেনশন অনূর্ধ্ব ৫০০ টাকা। | ... | মাসিক নীট পেনসনের ৩০% হারে। |
| (খ) | পেনশনভোগী যাহাদের মাসিক নীট পেনশন অনূর্ধ্ব ৫০০ টাকার উর্ধ্বে। | ... | মাসিক নীট পেনসনের ২০% হারে তবে ন্যূনতম ১৫০ টাকা। |

২। অবসরপ্রাপ্ত কর্মচারী চুক্তিভিত্তিক নিয়োগকালে ১৯-৯-১৯৮২ তারিখের অর্থম/ প্রবি-২/ ভাতা-৮/ ৮২/ ৩২৯ নং স্মারকে প্রাপ্য মহার্ঘ ভাতা কিংবা অত্র আদেশে প্রাপ্য মহার্ঘ ভাতা, যে কোন একটি পাইবেন।

মোঃ সাঈদুর রহমান
উপ-সচিব।
১৪-১২-৮২

স্মারক নং-অর্থম/প্রবি-২/ভাতা-৮/৮২/৪১৬(১০০০) তারিখ, ১৪ই ডিসেম্বর, ১৯৮২ ইং।

প্রতিলিপি জ্ঞার্তাথে ও যথাযথ কার্য্যক্রমের জন্য প্রেরিত হইল।
বন্টন:

১। প্রধান সামরিক আইন প্রশাসক-এর প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁ, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
৩। উপ-প্রধান সামরিক আইন প্রশাসকবৃন্দের একান্ত সচিববৃন্দ।
৪। সকল আঞ্চলিক সামরিক আইন প্রশাসকবৃন্দ।
৫। সকল মন্ত্রী মহোদয়ের একান্ত সচিববৃন্দ।
৬। সকল মন্ত্রণালয়/ বিভাগসমূহ।
৭। দপ্তর/পরিদপ্তরের প্রধানগণ।
৮। সকল বিভাগীয় কমিশনার।
৯। সকল ডেপুটি কমিশনার।
১০। সকল মহকুমা প্রশাসক।
১১। সকল জেলা ট্রেজারি অফিসার।
১২। অর্থ উপদেষ্টা/ উপ-অর্থ উপদেষ্টা/ সহকারী অর্থ উপদেষ্টাসহ অর্থ বিভাগের সকল অফিসারবৃন্দ।
১৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
১৪। মহা হিসাবরক্ষক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
১৫। মহা হিসাবরক্ষক, রেলওয়ে, চট্টগ্রাম।
১৬। মহা হিসাবরক্ষক (সামরিক) বাংলাদেশ, ঢাকা।
১৭। মহা হিসাবরক্ষক (ওয়ার্কস এণ্ড ওয়াপদা), বাংলাদেশ, ঢাকা।
১৮। অতিরিক্ত মহা হিসাবরক্ষক (পররাষ্ট্র বিষয়ক), বাংলাদেশ, ঢাকা।
১৯। মহা হিসাবরক্ষক (ডাক, তার ও টেলিফোন) বাংলাদেশ, ঢাকা।
২০। সকল স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/ কর্পোরেশনসমূহের প্রধানগণ।
২১। সকল জাতীয়করণকৃত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রধানগণ।

Government of the people's republic of bangladesh
Ministry of finance
Finance division
Regulation– II

Memo No.MF/RII/Allow-57/83-698 Dated: 21.8.1983

A question has been raised whether the dearness allowance sanctioned in this Division Memo No- অর্থ/ প্রবি-২/ ভাতা-৮/৮২/৪১৬ Dt. 14.12.82 shall be admissible to the Provisional Pension holders.

It is clarified that the dearness allowance at the rates mentioned in this Division Memo Dt. 14.12.82 cited above shall also be admissible to the Provisional Pension holders with effect from 1.6.82.

K.M. Karim
Section Officer.
Finance Division.

To
i) Accountant General (Civil),
Bangladesh, Dhaka
ii) District Account Officer,
Dhaka
iii) All other District Accounts Officers/ T.O.S/ S.T.O.S.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-২

স্মারক নং-অর্থম/প্রবি-২/ভাতা-১/৮৪/১০২ তারিখ: ২১শে মে, ১৯৮৪ইং

অর্থ বিভাগ কর্তৃক ১৩-৭-৮২ তারিখে জারিকৃত স্মারক নম্বর অর্থম/প্রবি-২/ভাতা-৮/৮২/২৫২ সংশোধনপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, নতুন জাতীয় বেতন স্কেলে/নতুন স্কেলের আওতাভুক্ত সকল বেসামরিক সরকারি স্বায়ত্তশাসিত,আধা-স্বায়াত্তশাসিত সংস্থা ও জাতীয়করণকৃত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীগণ নিম্নে বর্ণিত হারে মহার্ঘ ভাতা প্রাপ্ত হইবেন:

| | | |
|---|---|---|
| (ক) | নুতন জাতীয় বেতন স্কেল/নুতন বেতন স্কেলের আওতাভুক্ত যে সকল কর্মচারীর মূল বেতন মাসিক ১০০০ (এক হাজার টাকা পর্যন্ত)। | মূল বেতনের শতকরা মাসিক ৬০/- টাকা হারে। |
| (খ) | নুতন জাতীয় বেতন স্কেল/নুতন বেতন স্কেলের আওতাভুক্ত যে সকল কর্মচারীর মূল বেতন মাসিক ১০০০ (এক হাজার) টাকার উর্ধ্বে। | মূল বেতনের শতকরা মাসিক ৪০/- টাকা হারে ন্যূনপক্ষে মাসিক ৬০০/- (ছয়শত) টাকা ও উর্ধ্বে ১০০০/- (একহাজার) টাকা। |

২। এ নতুন হার ১-৬-৮৪ তারিখ হতে কার্যকরী হইবে।

৩। বেতনবিহীন ছুটি ব্যতীত কর্মচারগণ অর্জিত ছুটিতে বা অবসর প্রস্তুতি ছুটিতে থাকাকালীন সময়ে এই আদেশের সুবিধা ছুটি-পূর্বকালীন শেষ প্রাপ্য মূল বেতনের উপর পাইবেন।

৪। চুক্তিভিত্তিতে নিয়োজিত যে সমস্ত কর্মচারীর বেতন নতুন জাতীয় বেতন স্কেল/নতুন স্কেলে নির্ধারণ করা হইয়াছে পেনশনের উপর মহার্ঘ ভাতা না লইলে তাহারাও অত্র স্মারক অনুযায়ী প্রচলিত নিয়ম মতে মহার্ঘ ভাতা পাইবেন।

এস, এ দত্ত
উপসচিব

স্মারক নং-অর্থম/প্রবি-২/ভাতা-১/৮৪/১০২ তারিখ: ২১শে মে, ১৯৮৪ইং

প্রতিলিপি জ্ঞাতার্থে ও যথাযথ কার্যক্রমের জন্য -------------------------------------- সমীপে প্রেরিত হইল।

মোঃ আবদুল সাত্তার
শাখা প্রধান

বন্টন:
১। প্রধান সামরিক আইন প্রশাসনের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
৩। উপ-প্রধান সামরিক আইন প্রশাসকবৃন্দের একান্ত সচিববৃন্দ।
৪। সকল আঞ্চলিক সামরিক আইন প্রশাসকবৃন্দ।
৫। সকল মন্ত্রী মহোদয়ের একান্ত সচিববৃন্দ।
৬। সকল দপ্তর/পরিদপ্তরের প্রধানগণ।
৭। সকল মন্ত্রণালয়/ বিভাগসমূহ।
৮। সকল বিভাগীয় কমিশনার।
৯। সকল ডেপুটি কমিশনার।
১০। সকল উপজেলা নির্বাহী অফিসার।
১১। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
১২। অর্থ উপদেষ্টাসহ অর্থ বিভাগের সকল অফিসারবৃন্দ।
১৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
১৪। মহা-হিসাবরক্ষক (বেসামরিক), বাংলাদশ, ঢাকা।
১৫। মহা-হিসাবরক্ষক রেলওয়ে, চট্টগ্রাম।
১৬। মহা-নিয়ন্ত্রক, প্রতিরক্ষা অর্থ, বাংলাদশ, ঢাকা।
১৭। মহা-হিসাবরক্ষক (ওয়ার্কস এন্ড ওয়াপদা), বাংলাদশ, ঢাকা।
১৮। অতিরিক্ত মহা-হিসাবরক্ষক (পররাষ্ট্র বিষয়ক), বাংলাদশ, ঢাকা।
১৯। মহা-হিসাবরক্ষক (ডাক, তার ও টেলিফোন), বাংলাদশ, ঢাকা।
২০। উপজেলা হিসাবরক্ষণ অফিসারবৃন্দ।
২১। সকল স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/করপোরেশসমূহের প্রধানগণ।
২২। সকল জাতীয়করণকৃত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রধানগণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধান শাখা-২

স্মারক নং-অর্থম/প্রবি-২/মভা-১/৮৪/১২৮ তারিখ: ২৩-৭-১৯৮৪ইং

অর্থ বিভাগ কর্তৃক ১৪-১২-৮২ তারিখে জারিকৃত স্মারক নম্বর অর্থম/প্রবি-২/ভাতা-৮/৮২/৪১৬ সংশোধনপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, কর্মরত কর্মচারীদের ন্যায় সকল সামরিক ও বেসামরিক পেনশন ভোগীগণ অর্থাৎ বার্ধক্যহেতু পেনশনভোগী (Superannuation Pension’rs) অবসর পেনশনভোগী (Retiring Pensioners) অসমর্থ পেনশভোগী (Invalid Pensioners), অবসর পেনশনভোগী (Compensation Pensioners), পারিবারিক পেনশনভোগী (Family Pensioners), সাহিত্য বিষয়ক (Litorary Pensioners), এবং অক্ষম পেনশনভোগী (Disability Pensioners), নিম্নবর্ণিত হারে মহার্ঘ ভাতা প্রাপ্ত হইবেন:

| | | |
|---|---|---|
| (ক) | পেনশনভোগী যাহাদের মাসিক নীট পেনশন অনূর্ধ্ব ৫০০ (পাঁচশত) টাকা। | মাসিক নীট পেনশনের ৬০% (ষাট) হারে। |
| (খ) | পেনশনভোগী যাহাদের মাসিক নীট পেনশন অনূর্ধ্ব ৫০০ (পাঁচশত) টাকার উর্ধ্বে। | মাসিক নীট পেনশনের ৪০% (চল্লিশ) হারে তবে ন্যূনতম ৩০০ (তিনশত) টাকা। |

২। এ নূতন হার ১-৭-৮৪ তারিখ হতে কার্যকরী হইবে।

এম, এ হক
উপসচিব

স্মারক নং-অর্থম/প্রবি-২/মভা-১/৮৪/১২৮(১০০০) তারিখ: ২৩-৭-১৯৮৪ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হইল ---------------------------------------।

এম, এ রহিম মিয়া
শাখা প্রধান

বন্টন:

১। প্রধান সামরিক আইন প্রশাসনের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
৩। উপ-প্রধান সামরিক আইন প্রশাসকবৃন্দের একান্ত সচিববৃন্দ।
৪। সকল আঞ্চলিক সামরিক আইন প্রশাসকবৃন্দ।
৫। সকল মন্ত্রী মহোদয়ের একান্ত সচিববৃন্দ।
৬। সকল মন্ত্রণালয়/ বিভাগ/মন্ত্রণালয়/ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিতকরণ এবং স্ব-স্ব অধীনস্থ দপ্তর/পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/কর্পোরেশনসমূহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণের জন্য মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ করা হ’ল।
৭। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৮। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৯। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
১০। মহা-হিসাবরক্ষক (বেসামরিক), ঢাকা।
১১। মহা-পরিচালক (পূর্ত), বাংলাদেশ, ঢাকা।
১২। মহা-হিসাবরক্ষক, কমার্শিয়াল অডিট, বাংলাদেশ, ঢাকা।
১৩। মহা-পরিচালক, লোকাল এ রেভিনিউ অডিট, বাংলাদেশ ঢাকা।
১৪। মহা-হিসাবরক্ষক (ডাক, তার ও দুরালাপনী), ঢাকা।
১৫। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি, চট্টগ্রাম।
১৬। অতিরিক্ত মহা-হিসাবরক্ষক (পররাষ্ট্র বিষয়ক), ঢাকা।
১৭। সকল জাতীয়করণকৃত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রধানগণ।
১৮। বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কল্যাণ সমিতি বার্ডেস কমপ্লেক্স, শাহাবাগ এভিনিউ, ঢাকা।
১৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা (উপ-অর্থ উপদেষ্টাসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও পরিদর্শন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## অফিস স্মারক

নং-অম/অবি(বাস্ত-১)/বিবিধ-৮(মঃভাতা)/২০০৩/১২৫(১০০০) তারিখ: ১৯/০৭/২০০৩ খ্রিঃ / ০৪/০৪/১৪১০ বাঃ

**বিষয়: সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়াত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীগণকে এবং সামরিক বাহিনীর সকল সদস্যদেরকে মহার্ঘভাতা প্রদান।**

আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে, সরকার অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসাবে, সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়াত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীগণকে এবং সামরিক বাহিনীর সকল সদস্যদেরকে তাঁহাদের মূল বেতনের শতকরা ১০ (দশ) ভাগ হারে মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

২। কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে এই মহার্ঘ ভাতার পরিমাণ ন্যূনপক্ষে মাসিক ২০০ (দুইশত) টাকা হইবে।

৩। যে সকল কর্মকর্তা/ কর্মচারী অর্জিত ছুটি বা অবসর প্রস্তুতি ছুটিতে রহিয়াছেন, তাঁহারা অর্জিত ছুটি বা অবসর প্রস্তুতি ছুটিতে থাকাকালীন সময়ে উপর্যুক্ত মহার্ঘ ভাতা, ছুটি পূর্বকালীন শেষ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উপর্যুক্ত হারে পাইবেন। বেতন বিহীন ছুটিতে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণ মহার্ঘ ভাতা প্রাপ্য হইবেন না। সাময়িক বরখাস্তকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী সাময়িক বরখাস্তের অব্যবহিত পূর্ব মূল বেতনের ভিত্তিতে প্রাপ্য মহার্ঘ ভাতার অর্ধেক, মহার্ঘ ভাতা হিসাবে প্রাপ্য হইবেন।

৪। সকল পেনশনভোগীগণ তাঁহাদের নীট পেনশন এর উপর ১০% হারে উপর্যুক্ত মহার্ঘ ভাতা প্রাপ্য হইবেন।

৫। চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ চুক্তিভিত্তিক নিয়োজিত পদের নির্ধারিত মূল বেতনের ১০% হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হইবেন। তবে শর্ত এই যে, তাঁহারা হয় পেনশনভোগী হিসাবে অথবা চুক্তিভিত্তিক কর্মকর্তা/ কর্মচারী হিসেবে এই মহার্ঘভাতা প্রাপ্য হইবেন-উভয় ক্ষেত্র হইতে নহে।

৬। যে সকল কর্মকর্তা/ কর্মচারী বিদেশে কর্মরত (Posted) রহিয়াছেন, তাঁহাদের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হইবে না।

৭। এই আদেশ ১লা জুলাই, ২০০৩ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

কানিজ ফাতেমা
উপ-সচিব (বাস্তবায়ন)

বিতরণ:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব, রাষ্টপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব-------------------------------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভগ)
তাঁদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখসমূহে ইহার অনুলিপি প্রেরণে জন্য অনুরোধ করা হল।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি), সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৮। হিসাব মহা-নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। বিভাগীয় কমিশনার, ------------------------------------------বিভাগ। তাঁর অধীনস্থ সকল দপ্তরে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। জেলা প্রশাসক ----------------------------জেলা (সকল জেলা)
তাঁহার অধীনস্থ অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। থানা নির্বাহী অফিসার ------------------------------------ (সকল থানা)।

১২। ব্যবস্থাপনা পরিচালক-------------------------- সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
১৩। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক-------------- (সকল স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠার এর প্রধানগণ)।
১৪। মহা পরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা।
১৫। মহা-পুলিশ পরিদর্শক, সদর দপ্তর, ঢাকা।
১৬। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৭। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৮। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৯। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি ভবন, চট্টগ্রাম।
২১। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২২। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালাপণী, ঢাকা।
২৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা --------------------------------------------------------- (সকল জেলা)।
২৫। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা ---------------------------------------------------------- (সকল থানা)।
২৬। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মূদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা-৪

নং-অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২২(মঃভাতা)/২০০৮/১০৯(১০০০)

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৫ / ০১ জুলাই, ২০০৮

**বিষয়: সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ১লা জুলাই, ২০০৮ তারিখ থেকে ২০% হারে মহার্ঘ ভাতা প্রদান।**

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসাবে ০১/০৭/২০০৮ তারিখ থেকে ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ মহার্ঘ ভাতার সুবিধা নিম্নবর্ণিত ক্ষেত্রে কার্যকর হবে:-

ক) সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারী এবং সামরিক বাহিনীর সকল সদস্য;

খ) অর্জিত ছুটি বা অবসর প্রস্তুতি ছুটিতে থাকা কর্মকর্তা ও কর্মচারীগণ। অবসর প্রস্তুতি ছুটিতে থাকা কর্মকর্তা ও কর্মচারীগণ ছুটি পূর্বকালীন শেষ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উপরিউক্ত হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

গ) সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা/ কর্মচারীগণ সাময়িক বরখাস্তের তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ভিত্তিতে নির্ধারিত মহার্ঘ ভাতার ৫০% (অর্ধেক) প্রাপ্য হবেন;

ঘ) সরকার হতে পেনশন গ্রহণকারী পেনশনের বিদ্যমান অংশের অনুপাতে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

ঙ) এমপিও ভুক্ত বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

চ) জাতীয় বেতনস্কেলের আওতায় চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োজিত পদে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, তিনি পেনশনভোগী হলে নীট পেনশনের ভিত্তিতে অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোন এক ক্ষেত্রে এ মহার্ঘ ভাতার সুবিধা প্রাপ্য হবেন।

২। ক) বেতন বিহীন ছুটিতে থাকাকালীন কর্মকর্তা/ কর্মচারীগণ এ সুবিধা প্রাপ্য হবেন না;

খ) যে সকল অবসর গ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% (একশত ভাগ) অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না।

৩। রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত স্বায়ত্তশাসিত সংস্থা/ প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীদেরকে ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মিটানো হবে।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ- সচিব

বিতরণ:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়. ঢাকা।
৩) রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
৫) সচিব/ ভারপ্রাপ্ত সচিব-------------------------------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভগ)
তাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখসমূহে এর অনুলিপি প্রেরণে জন্য অনুরোধ করা হলো।
৬) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি), সেগুনবাগিচা, ঢাকা।
৮) হিসাব মহা-নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
তার অধীনস্ত অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯) বিভাগীয় কমিশনার---------------------------------------বিভাগ।
তার অধীনস্ত অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০) জেলা প্রশাসক -----------------------------জেলা (সকল জেলা)
তার অধীনস্ত অফিসসমূহে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
১১) উপজেলা নিবাহী অফিসার--------------------------- (সকল উপজেলা)।
১২) ব্যবস্থাপনা পরিচালক---------------------------সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান।
১৩) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক-------------- (সকল স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠার এর প্রধানগণ)।
১৪) মহা পরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা।
১৫) মহা-পুলিশ পরিদর্শক, সদর দপ্তর, ঢাকা।
১৬) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি, ভবন, চট্রগ্রাম।
১৭) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম) রাজশাহী।
১৮) পরিচালক, হিসাব নিরীক্ষক, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৯) পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০) পরিচালক, রেলওয়ে অডিট, সি আর, বি, ভবন, চট্রগ্রাম।
২১) পরিচালক স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২২) পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
২৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা-------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২৪) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা---------------------------- (সকল জেলা)।
২৫) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ----------------------- (সকল উপজেলা)।
২৬) অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
২৭) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেট প্রকাশের জন্যা)

# অধিকাল ভাতা

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
IMPLEMENTATION WING
SECTION-III

**Office Memorandum**

No.MF-FD(Imp)-3-0(G)-1-85-204, dated 9-12-1985

**Subject: Over Time Allowances for Drivers.**

A question has been raised as to whether the Drivers shall get their Over Time Allowance from 1-6-1985 on the basis of their basic pay in the Modified New Scales of Pay of 1985 or On the basis of their basic pay as on 31-5-1985 in the New National Scales of Pay of 1977.

After due consideration, the Govt. have been pleased to Clarify that with effect from 1-6-1985, the Over Time Allowance of the Drivers shall be calculated On the basis of their pay in the relevant Modified New Scale of Pay of 1985 and paid accordingly subject to, the Conditions laid down by the Ministry of Establishment in this respect.

H. R. Datta
Deputy Secretary.

Distribution:

৩। এই স্মারকলিপিতে উল্লেখিত সিদ্ধান্তসমূহ ১৯-৯-৮৬ ইং তারিখ হইতে কার্যকরী হইবে।

৪। এতদসংক্রান্ত সংশ্লিষ্ট বিধি/বিধিমালা যথাসময়ে এবং যথাযথ নিয়মে সংশোধন করা হইবে।

এম এম রহমান
উপ-সচিব (বিধি)

নং-অঃমঃ(বিধি-১) ৩পি-২৬/৮৬/৮৩ তারিখ: ২০/৯/১৯৮৭ ইং

প্রতিলিপি জ্ঞাতার্থে ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ------------------------------------------------------------------------ ------------------------------------------------------------------------------------------ প্রেরিত হইল।

এ, কে, এম হেফাজতুল্লাহ
সিনিয়র সহকারী সচিব

বিতরণঃ

১। রাষ্ট্রপতির মুখ্য-সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। উপ রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
১০। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
১১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
১২। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স, ফাইন্যান্স, ঢাকা।
১৪। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলওয়ে), চট্টগ্রাম।
১৫। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৬। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১৭। সকল মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।
১৮। সকল বিভাগ/পরিদপ্তর প্রধান।
১৯। সকল বিভাগীয় কমিশনার।
২০। সকল জেলা প্রশাসক।
২১। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
২২। সকল উপজেলা নির্বাহী অফিসার।
২৩। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
২৪। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন অনুবিভাগ
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
শাখা-১

**বিজ্ঞপ্তি**

নং এম, এফ/এফডি(ইমপ্লি)-১/পি-২(জি)/৮৭(অংশ)/৫৯ তারিখ: ২২-৫-১৯৮৮ / ৮-২-১৩৯৫

দি সার্ভিসেস (রি-অর্গানাইজেশন এন্ড কন্ডিশন) এক্ট, ১৯৭৫ (১৯৭৫ সালের এক্ট নং ৩২) এর ৫ম ধারার প্রদত্ত ক্ষমতা বলে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৫-৮-১৯৮৫ তারিখের এস আর ও নং ৩৫৪-এল/৮৫/এমএফ/এফডি(ইমপ্লি)-১/এমএনএস-১৬/৮৫-৫৮ এর মাধ্যমে জারিকৃত দি সার্ভিসেস (পে এন্ড এলাউন্স) অর্ডার ১৯৮৫ নিম্নোক্তভাবে সংশোধন করা হইল:-

উপরোক্ত আদেশের ৬(৪) অনুচ্ছেদের নিম্নে প্রদত্ত ব্যাখ্যার পর, নিম্নলিখিত ব্যাখ্যা সংযোজন করা হইল:-

In the case of a person who on the commencing day, would have been on leave preparatory to retirement had he not been appointed on contract to a post under the Govt. in the interest of public service, his pension shall be calculated on the basis of what would have been his pay on the commencing day in accordance with provision of sub-paragraph (4) subject to the following conditions:

a) Pension/Gratuity already drawn on the basis of his last pay drawn will be adjusted against the recalculated pension/gratuity and

b) The recalculated gross pension (prior to commutation/surrender) will be deducted from the monthly pay fixed for this contract employment.

২। এই বিজ্ঞপ্তি ১-৬-১৯৮৫ইং তারিখ হইতে কার্যকর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এইচ, আর, দত্ত
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-৪

**প্রজ্ঞাপন**

নং-সম(বিধি-৪)-বিবিধ-২৮/৮৮-৯২

তারিখ: ৮ই আগষ্ট ১৯৮৮ / ২৪শে শ্রাবণ ১৩৯৫

বিষয়: **সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের ৫৭ বৎসর বয়স পূর্ণ হইলে অবসরগ্রহণ করার বাধ্যবাধকতা।**

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭/১২/১৩৯৩ বাং (১-৪-১৯৮৭) তারিখের প্রজ্ঞাপন নং সম (বিধি-৪) -১ই-৪/৮৭-১৮(৪০০)।

নিম্ন স্বাক্ষরকারী আদেশক্রমে জানাইতেছে যে ১৯৭৪ সালের দি পাবলিক সার্ভেন্টস্ (রিটায়ারমেন্ট) আইনের (হালনাগাদ সংশোধিত কপি সংযুক্ত) ৪ নং ধারা অনুসারে উক্ত আইনে বর্ণিত একজন পাবলিক সার্ভেন্ট এর বয়স ৫৭ বৎসর পূর্ণ হইলে অবসর গ্রহণ বাধ্যতামূলক। আইনের এই বিধানের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া ইতিপূর্বে সংস্থাপন মন্ত্রণালয় হইতে একাধিকবার স্মারক জারি করা হইয়াছে। সূত্রে বর্ণিত ১-৪-৮৭ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের একটি অনুলিপি সংযুক্ত করা হইল।

২। উপরোক্ত স্মারক জারি সত্ত্বেও লক্ষ্য করা যাইতেছে যে এখনও কিছু কিছু ক্ষেত্রে আইনের উক্ত বিধানের বরখেলাপ হইতেছে এবং ৫৭ বৎসর পার হইবার পরে অতিরিক্ত চাকুরীকালকে নিয়মিত করিবার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তাব আসিতেছে। কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে মিথ্যার আশ্রয় গ্রহণ করিয়া ৫৭ বৎসর বয়স পূর্ণ হইবার পরে কাজ করিবার প্রবণতা দেখা যায় এবং পরবর্তী পর্যায়ে তাহাদের অপরাধ প্রমাণিত হইলে প্রাপ্য পেনশনের কিছু অংশ কর্তন করিয়া শাস্তির বিধান করা হয়। ইহা অত্যন্ত অবাঞ্ছিত ও দুঃখজনক।

৩। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/ বিভাগ/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থাকে তাহাদের প্রশাসনিক অধীনে নিযুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারীর চাকুরী হইতে অবসর গ্রহণের আদেশ যাহাতে ১৯৭৪ সনের পাবলিক সার্ভেন্টস (অবসর) আইনের বিধান অনুযায়ী যথা সময়ে জারি করা হয় তাহার প্রতি বিশেষ লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা যাইতেছে। সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদেরকে তাহাদের নিজ নিজ অবসর গ্রহণ সংক্রান্ত বিষয়ে অধিকতর মনোযোগী হওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

৪। এই স্মারকের প্রাপ্তি স্বীকার করার জন্য অনুরোধ করা হইল।

মীর মোজাম্মেল হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ১

## স্মারকলিপি

নং-এম,এফ/অঃবিঃ(বিধি-১)৩পি-৬৩/৮৭/৬৬ তারিখ: ২৭/১১/১৯৮৮ ইং / ১৩-৮-১৩৯৫ বাং

**বিষয়: অবসর সংক্রান্ত সুযোগ সুবিধা এবং পেনশন সংক্রান্ত নীতিমালার সংশোধনী।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছেন যে, সরকার অর্থ বিভাগের ২১-১-১৯৭৪ইং তারিখের এম/ এফ (আইসি)-II-১৪/৭৪ নম্বর স্মারক আংশিক সংশোধনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারী যাহারা অবসর গ্রহণ প্রস্তুতি ছুটি ভোগ করিয়া ১-৭-১৯৮৮ইং তারিখ বা উহার পরে অবসর গ্রহণ করিয়াছেন বা করিবেন, তাঁহাদের অবসর গ্রহণের তারিখে 'Emoluments'-এর সহিত অবসরপ্রস্তুতি ছুটিকালীন প্রাপ্য বাৎসরিক বর্ধিত বেতন (যদি থাকে) যোগ করিয়া পেনশন নির্ধারণ করিতে হইবে। তবে অবসরপ্রস্তুতি ছুটিকালীন (Leave salary) চলতি বিধি/ সরকারি আদেশানুযায়ী অপরিবর্তিত থাকিবে।

২। অত্র স্মারকের সংশোধনী ১লা জুলাই, ১৯৮৮ ইং হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারক অনুযায়ী সংশ্লিষ্ট বিধি/ সরকারি আদেশ পরিবর্তন হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ সাদেক
উপ-সচিব (বিধি)

নং-এম,এফ/অঃবিঃ(বিধি-১)৩পি-৬৩/৮৭/৬৬ তারিখ: ১৩-৮-১৩৯৫ বাং / ২৭/১১/১৯৮৮ ইং

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

বন্টন:
১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয় (পার্সোনেল বিভাগ), বঙ্গ ভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। সচিব ------------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১১। মহা হিসাব নিরীক্ষআ পরিচালক (পূর্ত), ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারী সচিব (প্রবিধি-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-২

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-৩/৮৫/৫১

তারিখ: ৩০/৫/৮৯ইং / ১৬/২/৯৬বাং

**'অফিস স্মারক'**

**বিষয়: বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পাওনা ছুটির পরিবর্তে নগদ অর্থ প্রদান প্রসঙ্গে।**

অর্থ বিভাগের ২১/১/৮৫ইং তারিখের অম/ অবি/ প্রবি-২/ ছুটি-১৬/৮৪/৯ সংখ্যক স্মারকের নীতিমালা অনুযায়ী ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা এবং ৯/৮২ নং সামরিক আইন আদেশের আওতায় বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ ১২ মাসের ছুটি নগদায়ন করিতে পারিবেন কিনা, এই প্রশ্নটি সরকারের বিবেচনাধীন ছিল।

২। প্রচলিত বিধানাবলীর আলোকে বিষয়টি পরীক্ষা করিয়া সরকার এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, যেহেতু উপরোক্ত বিধিমালা এবং সামরিক আইন আদেশের আওতায় বাধ্যতামূলকভাবে অবসর প্রদান এক ধরণের শাস্তিমূলক ব্যবস্থা এবং শাস্তিপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীকে অতিরিক্ত আর্থিক সুবিধা প্রধান সরকারের অভিপ্রায় নহে, সেহেতু বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারী উপরোক্ত স্মারকের আওতায় ১২ মাসের ছুটি নগদায়ন করিতে পারিবে না।

মোহাম্মদ সাদেক
উপ-সচিব (প্রবিধি)

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-৩/৮৫/৫১(৫০)

তারিখ: ৩০/৫/৮৯ইং / ১৬/২/৯৬বাং

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
২। সচিব ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৪। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
৭। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
৮। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
৯। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১০। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোহাম্মদ সাদেক
উপ-সচিব (প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/বিধি-১/৩পি-২৮/৮৫/৬১ তারিখ: ৫/৭/১৯৮৯ ইং / ২১/৩/১৩৯৬ বাং

## স্মারক পত্র

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশনের পরিমাণ এবং উহার হার নির্ধারণ প্রসঙ্গে।**

এই মর্মে জানান যাইতেছে যে, অর্থ বিভাগের ১০-৮-১৯৮৫ ইং তারিখের এম, এফ/এফ, ডি/রেগু-১/৩পি-২৮/৮৫/৬০ সংখ্যক স্মারক আংশিক সংশোধন করতঃ পেনশনের সর্বোচ্চ পরিমাণ ৪০০০ টাকার স্থলে ৫০০০ টাকায় নির্ধারণে এবং একই স্মারকের Annexure- A এর আংশিক সংশোধন করতঃ ২৫ বছর বা তদূর্ধ্ব পেনশনযোগ্য চাকরি সমাপ্তির পর অবসর গ্রহণকারীর প্রাপ্য পেনশনের পরিমাণ Emoluments এর ৭০% হইতে ৮০% এ উন্নীত করণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

২। এই আদেশ ১-৭-১৯৮৯ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আতাউল করিম
যুগ্ম-সচিব

নং-অম/বিধি-১/৩পি-২৮/৮৫/৬১(১০০) তারিখ: ৫/৭/১৯৮৯ ইং / ২১/৩/১৩৯৬ বাং

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৩। উপ রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৫। সচিব --------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১১। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারী সচিব (প্রবিধি-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/বিধি-১/ ৩পি-২৮/৮৫/৬২ তারিখ: ৫/৭/১৯৮৯ ইং / ২১/৩/১৩৯৬ বাং

## স্মারক পত্র

**বিষয়: বিভিন্ন স্তরে সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণকে প্রদেয় আনুতোষিকের হার সংশোধন সম্পর্কে।**

এই মর্মে জানান যাইতেছে যে, অর্থ বিভাগের ২১-১২-১৯৮২ইং তারিখের এম, এফ/এফ, ডি/রেগু-১/৩পি-২২/৮২/১৪৭ সংখ্যক স্মারক আংশিক সংশোধন করতঃ সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, ১০ বছর বা তদূর্ধ্ব পেনশনযোগ্য চাকরি সমাপ্ত করার পর অবসর গ্রহণ করিলে তাঁহার অথবা মৃত্যু ঘটিলে তাঁহার পরিবারের প্রাপ্য আনুতোষিক সমর্পিত (Surrendered) পেনশনের প্রতি ১ (এক) টাকার জন্য নিম্নবর্ণিত সংশোধিত হারে নির্নয় করিতে হইবে:-

| পেনশনযোগ্য চাকরিকাল | আনুতোষিকের বর্তমান হার | আনুতোষিকের সংশোধিত হার |
|---|---|---|
| | টাকা | টাকা |
| ১) ১০ বছর বা ততধিক কিন্তু ১৫ বছরের কম হইবে। | ২১০.০০ | ২৩০.০০ |
| ২) ১৫ বছর বা ততধিক কিন্তু ২০ বছরের কম হইবে। | ১৯৫.০০ | ২১৫.০০ |
| ৩) ২০ বছর বা ততধিক হইলে | ১৮০.০০ | ২০০.০০ |

২। এই আদেশ ১-৭-১৯৮৯ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আতাউল করিম
যুগ্ম-সচিব।

নং-অম/বিধি-১/৩পি-২৮/৮৫/৬২(১০০) তারিখ: ৫/৭/১৯৮৯ ইং / ২১/৩/১৩৯৬ বাং

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৩। উপ-রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, ঢাকা।
৫। সচিব --------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১১। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ সিরাজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

## অফিস স্মারক

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮৫/৬৬ তারিখ: ২২/৭/১৯৮৯ ইং / ৭/৪/১৩৯৬ বাং

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশনের পরিমাণ এবং উহার হার নির্ধারণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের উপর অর্থ বিভাগের ৫-৭-৮৯ইং/ ২১-৩-৯৬ বাং তারিখের অম(বিধি-১) ৩পি-২৮/ ৮৫/ ৬৯ নং স্মারক পত্রের অনুসরণে জানানো যাইতেছে যে, যে সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী ১-৭-৮৯ইং তারিখে সরকারি চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োজিত আছেন এবং চুক্তিভিত্তিক নিয়োজিত না হইলে ১-৭-৮৯ইং তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকিতেন তাহারাও উল্লিখিত ৫-৭-৮৯ ইং/২১-৩-৯৬ বাং তারিখের স্মারক পত্রে বর্ণিত পেনশনের সর্বোচ্চ পরিমাণ এবং পেনশনের হার Emolument এর ৭০% হইতে ৮০% এ উন্নীত করণের সুবিধা নিম্নলিখিতে শর্তে প্রাপ্য হইবেন:

ক) আনুতোষিক (Gratuity) ইতিমধ্যেই উত্তোলন করিয়া থাকিলে পুনঃনির্ধারিত পেনশন/আনুতোষিকের সাথে উহার সমন্বয় সাধন করিতে হইবে,

খ) পুনঃনির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সারেন্ডার এর পূর্বেকার) চুক্তিভিত্তিক নিয়োজিত মাসিক নির্ধারিত বেতন হইতে বাদ দিতে হইবে।

২। এই আদেশ ১-৭-৮৯ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আতাউল করিম
যুগ্ম-সচিব

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮৫/৬৬(১০০) তারিখ: ২২/৭/১৯৮৯ ইং / ৭/৪/১৩৯৬ বাং

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৩। উপ রাষ্ট্রপতির একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, ঢাকা।
৫। সচিব -------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১১। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ আলাউদ্দিন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২৩৫১১১/৩৬৩৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

## স্মারক পত্র

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮৫/১০৬

তারিখ: ৪/১১/১৯৮৯ ইং / ২০/৭/১৩৯৬ বাং

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশনের পরিমাণ এবং উহার হার নির্ধারণ প্রসঙ্গে।**

এই মর্মে জানান যাইতেছে যে, অর্থ বিভাগের ৫-৭-৮৯ ইং/২১-৩-৯৬ বাং তারিখের নং-অম/বিধি-১/৩পি-২৮/৮৫/৬১ সংখ্যক পত্রের ক্রমবর্ধমান প্রচলিত পেনশন টেবলটি নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হইল:-

| পেনযোগ্য চাকরি কাল | পেনশনের পরিমাণ |
|---|---|
| ১০ বৎসর | ৩২% |
| ১১ বৎসর | ৩৫% |
| ১২ বৎসর | ৩৮% |
| ১৩ বৎসর | ৪২% |
| ১৪ বৎসর | ৪৫% |
| ১৫ বৎসর | ৪৮% |
| ১৬ বৎসর | ৫১% |
| ১৭ বৎসর | ৫৪% |
| ১৮ বৎসর | ৫৮% |
| ১৯ বৎসর | ৬১% |
| ২০ বৎসর | ৬৪% |
| ২১ বৎসর | ৬৭% |
| ২২ বৎসর | ৭০% |
| ২৩ বৎসর | ৭৪% |
| ২৪ বৎসর | ৭৭% |
| ২৫ বৎসর এবং তদূর্ধ্ব | ৮০% |

২। এই আদেশ ০১-৭-১৯৮৯ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সে মর্মে সংশ্লিষ্ট বিধিও অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আতাউল করিম
যুগ্ম-সচিব।

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮৫/১০৬(১০০০)

তারিখ: ৪/১১/১৯৮৯ ইং / ২০/৭/১৩৯৬ বাং

**অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:**

১। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। উপ-রাষ্টপতির একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, ঢাকা।
৬। সচিব -------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৮। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৯। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।

১১। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
১২। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৪। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৫। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ সিরাজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৩৬৩৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বিধি- ৪

নম্বর- অম(অবি)/বিধি- ৪/প্রঃমঃ/পেন- ১/৮৯/৪৭

তারিখ: ১৬ই আগস্ট ১৯৯০ / ৩১শে শ্রাবণ ১৩৯৭

**বিষয়: বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে অন্তর্ভুক্ত এবং সামরিক আইন আদেশানুযায়ী বেসামরিক সরকারী পদে ও বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন, স্থানীয় সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে আত্মীকৃত প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের পূর্ব পাওনা ছুটি গণনা এবং ক্যাডারভুক্ত আত্মীকৃত পদ হইতে অবসর গ্রহণকালে অবসর প্রস্তুতি ছুটি প্রাপ্যতা প্রসঙ্গে।**

বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে অন্তর্ভুক্ত এবং সামরিক আইন আদেশানুযায়ী বেসামরিক সরকারী পদে ও বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন, স্থানীয় সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে আত্মীকৃত প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা এবং কর্মচারীদের ক্যাডারভুক্ত/ আত্মীকরণ পূর্ব চাকুরীকালের পাওনা ছুটি ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদের চাকুরীকালের ছুটি সহিত গণনা এবং ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদ হইতে ৫৭ বৎসর বয়স পূর্তিতে অবসর গ্রহণ কালে সংশ্লিষ্ট চাকুরী বিধির আওতায় অবসর প্রস্তুতি ছুটি প্রাপ্যত বিষয়াদি বেশ কিছু দিন যাবৎ সরকারের সক্রিয় বিবেচনাধীন ছিল। বিষয়টি সতর্কতার সহিত পরীক্ষা নিরীক্ষা করিয়া সরকার সদয় হইয়া বিষয়টির উপর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিয়াছেন:

ক) ক্যাডারভুক্ত/ আত্মীকরণের তারিখের পূর্বের চাকুরীকালের পাওনা কোন ছুটি ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদের চাকুরীকালের অর্জিত ছুটির সহিত গণনা করা যাইবে না।

খ) ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদে ৫৭ বৎসর পূর্তিতে চাকুরী হইতে অবসর গ্রহণ কালে সংশ্লিষ্ট চাকুরী বিধির আওতায় প্রাপ্যতা সাপেক্ষে অবসর প্রস্তুতি ছুটি প্রদান করা যাইতে পারে। তবে শর্ত এই যে, প্রতিরক্ষা বাহিনীর চাকুরী হইতে অবসর গ্রহণকালে ভোগকৃত অবসর প্রস্তুতি ছুটি এবং ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদে ৫৭ বৎসর বয়স পূর্তিতে অবসর গ্রহণ কালে সংশ্লিষ্ট চাকুরী বিধির আওতায় প্রাপ্য এবং মঞ্জুরীকৃত অবসর প্রস্তুতি ছুটির মোট পরিমাণ ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদের চাকুরীকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ৬ (ছয়) মাস গড় বেতনে ছুটিসহ সর্বোচ্চ ছুটি কাল ১ (এক) বৎসর এর ঊর্ধ্বে হইবে না।

মোঃ হাবিবুর রহমান ভূঁইয়া
উপ সচিব (বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-৪

নং-সম/(বিধি-৪)/বিবিধ-১৯/৯০-৮৬/১(১০০)

তারিখ: ৩০-৮-১৯৯০ ইং / ১৪-৫-১৩৯৭ বাং।

## পরিপত্র

১৯৭৪ সালের গণকর্মচারী (অবসর) আইনের ৪ ও ৭ ধারা মোতাবেক অবসরপ্রস্তুতি ছুটি গ্রহণের ক্ষেত্রে ৫৮ বৎসর, অন্যথায় ৫৭ বৎসর পূর্তির সাথে সাথেই একজন সরকারি কর্মকর্তা কর্মচারীর অবসর গ্রহণ বাধ্যতামূলক এই অবসর গ্রহণের জন্য সরকারের পূর্বানুমতির বা অনুমতির প্রয়োজন হয় না। তবুও এই ধরণের পূর্বানুমতি প্রদানের নজির প্রায়শঃই লক্ষ্য করা যায় যাহা বিভ্রান্তিকর এই বিভ্রান্তি এড়ানোর জন্য অবসর গ্রহণ প্রস্তুতি ছুটি ব্যতীত অবসর গ্রহণের ক্ষেত্রে ৫৭ বৎসর পূর্তির সাথে সাথে এবং অবসর গ্রহণ প্রস্তুতি ছুটির ক্ষেত্রে ৫৮ বৎসর পূর্তির সাথে সাথে একজন কর্মচারী কর্মকর্তার অবসর গ্রহণ কার্যকর হইবে। এই ক্ষেত্রে সরকারের অনুমতি বা পূর্বানুমতির কোন প্রয়োজন নাই।

২। অতএব অবসর গ্রহণের আদেশে অবসর গ্রহণের জন্য 'অনুমতিক্রমে' বা 'অনুমতি প্রদান' এই ধরনের শব্দ ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

৩। উপরোক্ত ব্যাখ্যা অনুসরণ করার জন্য সকল অধীনস্থ অফিসসমূহকে নির্দেশ দানের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ করা যাইতেছে।

এম, এ, ওয়াদুদ মিঞা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ১

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮২(অংশ-২)/৪২ তারিখ: ১৯-৯-১৯৯১ ইং / ৩-৬-১৩৯৮ বাং

## স্মারক

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন পরিশোধ প্রসঙ্গে।**

সরকার সদয় হইয়া অবসরপ্রাপ্ত সামরিক ও বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি নিম্নভাবে সংশোধন করিলেন:

১লা জুলাই, ১৯৯১ইং এর পূর্বে যাহার অবসর গ্রহণ করিয়াছেন, তাহাদের ক্ষেত্রে ৩০-৬-৯১ তারিখে আহরিত নীট পেনশনের নামে উক্ত তারিখ পর্যন্ত প্রদত্ত মহার্ঘ ভাতাসমূহ যুক্ত করিয়া, মোট অংকের সাথে ১০% বৃদ্ধি করতঃ ১-৭-৯১ তারিখ হইতে নীট পেনশন পুনঃনির্ধারিত ও প্রদেয় হইবে এবং ১-৭-৯১ তারিখ হইতে পূর্বে প্রদত্ত মহার্ঘ ভাতাসমূহ বিলুপ্ত হইবে। নিম্নে প্রদত্ত উদাহরণের মাধ্যমে বিষয়টি স্পষ্টীকরণ করা হইল:

| | |
|---|---|
| ৩০-৬-৯১ ইং তারিখে নীট পেনশনের পরিমাণ | ৫০০.০০ টাকা |
| যোগ: ২৭-৭-৮৭ তারিখের অম/ অবি/ প্রবিধি-২/ মভা-১/৮৭-১২৫ স্মারকে মঞ্জুরিকৃত মহার্ঘ ভাতা | ৭৫.০০ টাকা (ন্যূনতম) |
| যোগ: ১৬-৭-৮৯ তারিখের অম/ অবি (বাস্তবায়ন)-১/৮৯/১১৫ (৩০০ স্মারকে মঞ্জুরিকৃত মহার্ঘ ভাতা | ৫০.০০ টাকা |
| যোগ: ২৩-১২-৯০ তারিখের অম/ অবি (বাস্তবায়ন)-১/৮৯ (অংশ)-৯০ (৩০০) স্মারকে মঞ্জুরিকৃত মহার্ঘ ভাতা | ৫০.০০ টাকা |
| মোট = | ৬৭৫.০০ টাকা |
| যোগ: ১০% বৃদ্ধি | ৬৭.৫০ টাকা |
| ১-৭-৯১ইং তারিখ হইতে প্রাপ্য সংশোধিত নীট পেনশনের পরিমাণ- | ৭৪২.৫০ টাকা |

১। সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা উপরোক্ত মর্মে পিপিও সংশোধন করিবেন।

২। এই স্মারকে জারিকৃত সংশোধনী ১-৭-৯১ইং হইতে কার্যকর হইবে এবং একই তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকের সংশোধনীর আওতায় সংশ্লিষ্ট বিধিসমূহ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য করা হইবে।

এইচ, আর, দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

বিতরণ-
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ----------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধ করা হইল।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার অনুরোধ করা হইল।
৭। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম.এ.জি)
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। বিভাগীয় কমিশনার ------------------------------------------------ বিভাগ।
তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক, (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা, তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার অনুরোধ করা হইল।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর, বি ভবন, চট্টগ্রাম।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।

১৪। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৫। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দুরালাপনী, ঢাকা।
১৭। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর, প্রাক্তন এ.জি, বি (সি) ভবন ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ ফিরোজ কিবরিয়া
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বিধি- ৪

নম্বরঃ অম(অবি)/বিধি- ৪/প্রঃমঃ/পেন- ৮/৮৯/৯২

তারিখ: ১৬ই নভেম্বর ১৯৯১ / ১ লা অগ্রহায়ণ ১৩৯৮

## স্মারকলিপি

**বিষয়: অবসরপ্রাপ্ত প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা/ কর্মচারীদের বেসামরিক পদে ক্যাডারভুক্ত/ আত্মীকৃত হওয়ার পর উক্ত পদ হইতে অবসর গ্রহণ কালে ছুটি নগদায়ন সুবিধা এবং তাহাদের সামরিক বাহিনী হইতে অবসর গ্রহণ ও বেসামরিক পদে যোগদান- এই দুইয়ের মধ্যবর্তী সময়ে চাকুরীর ছেদ (ব্রেক অব সার্ভিস) থাকিলে ঐ সময়কাল চাকুরীকাল হিসাবে গণনা প্রসংগে।**

বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে অন্তর্ভুক্ত এবং সামরিক আইন আদেশানুযায়ী বেসামরিক সরকারি পদে ও বিভিন্ন স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন, স্থানীয় সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের পদে আত্মীকৃত প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদ হইতে অবসর গ্রহণ কালে ছুটি নগদায়ন সুবিধা (অর্থাৎ Left over ছুটির পরিবর্তে থোক বরাদ্দ) পাইবেন কি না এবং তাঁহাদের সামরিক বাহিনী হইতে অবসর গ্রহণ ও বেসমারিক পদে যোগদান- এই দুইয়ের মধ্যবর্তী সময়ে চাকুরীর ছেদ (ব্রেক অব সার্ভিস) থাকিলে ঐ সময়কাল কিভাবে গণনা করা হইবে সেই প্রসংগে নিম্ন বর্ণিত ব্যাখ্যা প্রদান করা হইল:

ক) ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদে ৫৭ বৎসর পূর্তিতে চাকুরী হইতে অবসর গ্রহণ কালে সংশ্লিষ্ট চাকুরী বিধির আওতায় প্রাপ্যতা সাপেক্ষে অর্থ বিভাগের ২১- ১- ৮৫ইং তারিখের এম এফ/এফডি/বিধি- ২/ছুটি- ১৬/৮৪/৯ নম্বর অফিস স্মারকে বর্ণিত সরকারী সিদ্ধান্ত অনুযায়ী 'Left over' ছুটির পরিবর্তে থোক বরাদ্দ প্রাপ্য। তবে শর্ত এই যে, প্রতিরক্ষা বাহিনীর চাকুরী হইতে অবসর গ্রহণ কালে গৃহীত থোক বরাদ্দের জন্য গণনাকৃত ছুটি সময় কাল এবং ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদে ৫৭ বৎসর বয়স পূর্তিতে অবসর গ্রহণ কালে সংশ্লিষ্ট চাকুরী বিধির আওতায় প্রাপ্য এবং মঞ্জুরীকৃত থোক বরাদ্দের জন্য গণনাকৃত ছুটি সময়কাল এর যোগফল ১২ (বার) মাসের উর্ধ্বে হইবে না।

খ) প্রতিরক্ষা বাহিনী হইতে অবসর গ্রহণ ও বেসামরিক পদে যোগদান- এই দুইয়ের মধ্যবর্তী ছেদ (ব্রেক অব সার্ভিস) চাকুরীকাল হিসাবে গণ্য করা হইবে না।

২। প্রসংগত উল্লেখ্য যে, উল্লিখিত কর্মকর্তা/ কর্মচারীদের-

ক) ক্যাডারভুক্ত/ আত্মীকরণের তারিখের পূর্বের চাকুরীকালের পাওনা ছুটি গণনা ও ৫৭ বৎসর পূর্তিতে চাকুরী হইতে অবসর গ্রহণ কালে অবসর প্রস্তুতি ছুটি প্রাপ্যতা; এবং

খ) ক্যাডারভুক্ত/ আত্মীকৃত পদে বেতন নির্দ্ধারণ ও ক্যাডারভুক্ত/ আত্মীকৃতকরণের তারিখের পূর্বে চাকুরীকাল অবসর ভাতা/ অবসর সুবিধাদি প্রাপ্যতা ক্ষেত্রে চাকুরীকাল গণনা প্রসংগে সরকারী সিদ্ধান্তসমূহ যথাক্রমে অর্থ বিভাগের ১৬- ৮- ৯০ইং তারিখের অম(অবি)/ বিধি- ৪/ প্রঃমঃ/ পেন- ১/ ৮৯/ ৪৭ এবং ১৯- ৭- ৮৭ইং তারিখের এম এফ/আর- ৪/ ডেফ/ পি১/ ৮৫/ ৬২, ১৭- ৬- ৮৮ইং তারিখের এম এফ/ আর- ৪/ ডেফ/ এবিএসপি- ১/ ৮৫/ ১৮ ও ২৬- ৬- ৯০ইং তারিখের অম (অবি)/ বিধি- ৪ প্রঃ/ মঃ/ আত্মী- ৩/ ৮৮/ ৩৩ নম্বর স্মারকসমূহে জারি করা হইয়াছে।

এইচ আর দত্ত
যুগ্ম- সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/(প্রবিধি-১)৩ পি-২৮/৫০(১০০০)

তারিখ: ৪-১২-১৯৯১ ইং / ১৯-৮-১৩৯৮ বাং।

**স্মারকপত্র**

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশনের পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।**

সরকার কর্তৃক জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের প্রেক্ষিতে অর্থ বিভাগের ৫-৭-১৯৮৯ তারিখের অম/ বিধি-১/ ৩পি-২৮/ ৮৫/ ৬১ সংখ্যক স্মারক আংশিক সংশোধন করতঃ গ্রস পেনশন এর সর্বোচ্চ পরিমাণ ৫,০০০ টাকার স্থলে ৮,২০০ টাকায় নির্ধারণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উপরোক্ত স্মারকের অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকিবে।

২। এই আদেশ ০১-০৭-১৯৯১ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এইচ আর দত্ত
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

বিতরণ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য অর্থ সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন,এ,জি)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। বিভাগীয় কমিশনার --------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৪। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৫। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৭। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ ফিরোজ কিবরিয়া
সিনিয়র সহকারী সচিব

(একই নম্বর ও তারিখে জারিকৃত স্মারকের স্থলাভিষিক্ত হইবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১)৩পি-২৫/৯১-১(১০০০) তারিখ: ১-১-১৯৯২ খ্রিঃ / ১৭-০৯-১৩৯৮ বং

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের অবসর গ্রহণ, অবসরপ্রস্তুতি ছুটি (এল.পি.আর) ইত্যাদি প্রসঙ্গে।**

সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের ৫৭ (সাতান্ন) বৎসর বয়স পূর্তির তারিখ, অবসরপ্রস্তুতি ছুটির প্রারম্ভের তারিখ এবং অবসরপ্রস্তুতি ছুটিকাল পেনশনযোগ্য কিনা ইহা লইয়া বিভিন্ন ক্ষেত্রে মতদ্বৈততা দেখা দিয়েছে। বিষয়টি প্রচলিত বিধির আওতায় পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা নিরীক্ষাপূর্বক ২নং অনুচ্ছেদে উদাহরণসহ নিম্নে স্পষ্টীকরণ করা হইল:-

১) ক) প্রচলিত বিধি অনুযায়ী ৫৭ (সাতান্ন) বৎসর বয়স পূর্তির পরপরই সরকারি কর্মকর্তা-কর্মচারীকে অবসর গ্রহণ করিতে হয়। কিন্তু অবসরপ্রস্তুতি ছুটি গ্রহণ করিলে উক্ত ছুটির সময়কাল ৫৭ (সাতান্ন) বৎসর বয়স পূর্তির পরেও চলিতে পারে। তবে উহা কোনক্রমেই ৫৮ (আটান্ন) বৎসর বয়স পূর্তির তারিখ অতিক্রম করিতে পারিবে না। অর্থাৎ অবসরপ্রস্তুতি ছুটি শেষ হওয়ার পরের দিন তাহাকে অবসর গ্রহণ করিতে হইবে। ছুটি পাওনা সাপেক্ষে অবসরপ্রস্তুতি ছুটির পরিমাণ সবোর্চ্চ ১২ (বার) মাস, যাহার মধ্যে গড় বেতনে ছুটির পরিমাণ অনূর্ধ্ব ৬ (ছয়) মাস এবং বাকি সময়কাল অর্ধগড় বেতনে ছুটি হইবে।

খ) অবসরপ্রস্তুতি (এল.পি.আর) গড় বেতনে এবং অর্ধড়গ বেতনে হয় বিধায় উহা পেনশন যোগ্য চাকরি হিসাবে গণনা যোগ্য।

২) উপরোক্তবিধিগত তথ্যাদির ভিত্তিতে জনৈক ‘ক’ যাহার জন্মতারিখ ১-১-৩৫ ইং তাহার ৫৭ (সাতান্ন) বৎসর বয়স পূর্তি এবং অবসরপ্রস্তুতি ছুটি ইত্যাদি বিষয় উদাহরণপূর্বক নিম্নে স্পষ্টীকরণ করা হইল:

ক) ‘ক’ এর ৫৭ বৎসর বয়স পূর্তি হইবে ৩১-১২-১৯৯১ ইং তারিখ দিবাগত মধ্যরাত্রিতে এবং পরদিন অর্থাৎ ১-১-১৯৯২ ইং হইবে তাহার অবসর গ্রহণের তারিখ।

খ) ছুটি পাওনা সাপেক্ষে মঞ্জুরিকৃত অবসরপ্রস্তুতি ছুটি (এল.পি.আর) আরম্ভের তারিখ অবসর গ্রহণের তারিখের ন্যূনতম ১ (এক) দিন পূর্বে অর্থাৎ এই ক্ষেত্রে সর্বশেষ ৩১-১২-৯১ ইং তারিখ হইতে শুরু হইবে। যদি উক্ত তারিখ সরকারি ছুটি থাকে তবে উহার অব্যবহিত পূর্বের কর্মদিবস হইতে উক্ত ছুটি শুরু হইবে।

গ) অবসরপ্রস্তুতি ছুটি (এল.পি.আর) গ্রহণ না করিল তাহার অবসর গ্রহণের তারিখ হইবে ১-১-৯২ ইং। ৩১-১২-৯১ ইং তারিখ হইতে মঞ্জুরিকৃত ১২ মাস অবসরপ্রস্তুতি ছুটি (এল.পি.আর) ভোগ করিলে তাহার ঐ ছুটি শেষ হইবে ৩০/১২/৯২ ইং তারিখে এবং তাঁহার অবসর গ্রহণের তারিখ হইবে ৩১-১২-৯২ ইং।

ঘ) এইক্ষেত্রে মঞ্জুরিকৃত ও ভোগকৃত অবসরপ্রস্তুতি ছুটিকাল (অর্থাৎ ৩১-১২-৯১ হইতে ৩০-১২-৯২) পেনশনযোগ্য চাকরিকাল হিসাবে গণনা যোগ্য হইবে।

হাবিবুর রহমান ভুইয়া
উপ-সচিব (বিধি)

নং-অম/অবি/প্রবিধি-১)৩পি-২৫/৯১-১(১০০০) তারিখ: ১-১-১৯৯২ খ্রিঃ / ১৭-০৯-১৩৯৮ বং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য অর্থ সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৭। বিভাগীয় কমিশনার (সকল) ---------------------------------------------------------------------------------। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১১। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৪। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৫। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালাপনী, ঢাকা।
১৬। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর, প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

মোঃ ফিরোজ কিবরিয়া
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম(বিধি-১) ৩পি-২৮/৮২(অংশ-২)/৩৬ তারিখ: ২/৮/১৯৯২ ইং / ১৮/৪/১৩৯৯ বাং

**বিষয়: ১৯৯১ সনের ১লা জুলাই তারিখে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের নীট পেনশন নির্ধারণ প্রসঙ্গে।**

যে সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী ৩০-৬-৯১ তারিখে অবসরপ্রস্তুতি ছুটি শেষ করিয়া ১-৭-৯১ তারিখে অবসর গ্রহণ করিয়াছেন তাহারা একদিকে নতুন বেতন স্কেল ১৯৯১ এর সুবিধা হইতে বঞ্চিত হইতেছেন এবং অপরদিকে ১৯-৯-৯১ তারিখের অম(বিধি-১) ৩পি-২৮/ ৮২(অংশ-২/ ৪২(১০০০) নং স্মারকে বর্ণিত সুবিধাদি হইতেও বঞ্চিত হইতেছেন। ইহাতে কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন প্রাপ্তীর ক্ষেত্রে যে বৈষম্য সৃষ্টি হইয়াছে তাহা দূরীকরণার্থে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে ঐ সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের নীট পেনশনের পরিমাণ ২৯-৬-৯১ তারিখে তাহারা যদি অবসরপ্রস্তুতি ছুটি শেষ করিয়া ৩০-৬-৯১ তারিখে অবসর গ্রহণ করিতেন তাহা হইলে তাহাদের নীট পেনশনের পরিমাণ যাহা হইত, তাহাই নির্ধারিত হইবে। তবে তাহাদের গ্রস পেনশন ১-৭-৯১ইং তারিখে প্রচলিত বিধি/ আদেশ অনুযায়ী নির্ধারিত হইবে।

মোঃ আফতাব উদ্দিন
সিনিয়র সহকারী সচিব।

বিতরণ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর সচিবালয়, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন,এ,জি)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। বিভাগীয় কমিশনার --------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৪। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৫। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৭। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৬

নং-অম/অবি(বা)-৬আর(জি)-২-৮৪(অংশ-২)/৪৭

তারিখ: ১৬/০৮/১৯৯২ ইং / ১/০৫/১৩৯৯ বাং

## অফিস স্মারক

**বিষয়: জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর প্রারম্ভ তারিখে, স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানসমূহের অবসরপ্রস্তুতিমূলক ছুটি ভোগরত কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন নির্ধারণ ও আনুতোষিক প্রদান প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, জাতীয় বেতন স্কেলভুক্ত ও গ্র্যাচুইটি স্কীমের আওতাধীন যে সকল স্ব-শাসিত/ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীগণ ১-৭-৯১ ইং তারিখে সংশ্লিষ্ট সংস্থার চাকরি বিধি মোতাবেক অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেল ৯১ এর আদেশ (এস, আর ও নং-৩২৪ আইন/ ৯১, অম/অবি(বাস্ত-১)-জাঃবেঃস্কেল-৩/ ৯১-৬৬, তারিখ ২৬-১০-৯১ ইং এবং এস আর ও নং-৩২৫-আইন/ ৯১/ অম/ অবি(বাস্ত-১)/ জাঃবেঃস্কেল-৪/ ৯১-৬৭ তারিখ ২৬-১০-৯১ ইং অনুযায়ী ১-৭-৯১ ইং তারিখে তাহাদের বেতন নির্ধারণ করিতে হইবে এবং উক্ত মর্মে নির্ধারিত বেতনের ভিত্তিতে প্রচলিত বিধান অনুযায়ী তাহাদের ঐ আনুতোষিক প্রদেয় হইবে। এইরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে স্বাভাবিক বেতন বৃদ্ধির সুবিধা তাহারা প্রাপ্য হইবেন না।

হাসনুন নাহার
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ, শাখা-১

নং-অম/অবি/(বাস্ত) ১/বিবিধ ৪/৯২/১০০, তারিখ: ২৭-৬-১৩৯৯ বাং / ১২-১০-১৯৯২ ইং

**বিষয়: জাতীয় বেতন স্কেল ১৯৯১ ইং মোতাবেক পাবলিক কর্পোরেশনে আনুতোষিক প্রদান প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে আপনার স্মারক নং কবি/ আদানিশা/ মুজিব/ ৬০০, তারিখ ২-৬-১৯৯২ ইং এর প্রতি দৃষ্ট আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, জাতীয় বেতন স্কেল ১৯৯১ এর অনুচ্ছেদ-৬(৬) এর সুযোগ সুবিধাসহ শুধুমাত্র পেনশন স্কীমের আওতাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণ প্রাপ্য হইবেন। গ্র্যাচুইটি স্কীমের আওতাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণের ক্ষেত্রে উক্ত সুবিধা প্রযোজ্য নয়। তাহারা গ্র্যাচুইটি স্কীমে আওতায় প্রচলিত সুবিধাদি প্রাপ্য হইবেন। তবে গ্র্যাচুইটি স্কিমের অধীন যে সকল কর্মকর্তা/ কর্মচারী ১-৭-১৯৯১ তারিখে অবসরপ্রস্তুতি ছুটিতে ছিলেন, তাহাদের ক্ষেত্রে ১-৭-১৯৯১ তারিখে প্রথমে জাতীয় বেতন স্কেল ১৯৯১-তে বেতন নির্ধারণ করতঃ উক্ত বেতনের ভিত্তিতে গ্র্যাচুইটি প্রদেয় হইবে।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮২(অংশ-২)/২২(৫০০)

তারিখ: ১১/৩/১৯৯৩ ইং
২৭/১১/৯৯ বাং

**বিষয়: ১৯৯১ সনের ১লা জুলাই তারিখে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের নীট পেনশন নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং অম(বিধি-১) ৩পি-২৮/৮২(অংশ-২)/৩৬, তারিখ: ২/০৮/১৯৯২ ইং।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছি যে, উপরোক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের শেষ লাইন বাদ দিয়া সংশোধনক্রমে নিম্নোক্তভাবে জারি করা হইল:-

যে সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারী ৩০-৬-৯১ তারিখে অবসরপ্রস্তুতি ছুটি শেষ করিয়া ১-৭-৯১ তারিখে অবসর গ্রহণ করিয়াছেন তাহারা একদিকে নতুন বেতন স্কেল ১৯৯১ এর সুবিধা হইতে বঞ্চিত হইতেছেন এবং অপরদিকে ১৯-৯-৯১ তারিখের অম(বিধি-১)৩পি-২৮/ ৮২(অংশ-২)/৪২(১০০০) নং স্মারকে বর্ণিত সুবিধাদি হইতেও বঞ্চিত হইতেছেন। ইহাতে কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন প্রাপ্তির ক্ষেত্রে যে বৈষম্য সৃষ্টি হইয়াছে তাহা দূরীকরণার্থে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে ঐ সকল সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের নীট পেনশনের পরিমাণ ২৯-৬-৯১ তারিখে তাহারা যদি অবসরপ্রস্তুতি ছুটি শেষ করিয়া ৩০-৬-৯১ তারিখে অবসর গ্রহণ করিতেন তাহা হইলে তাহাদের নীট পেনশনের পরিমাণ যাহা হইত, তাহাই নির্ধারিত হইবে।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৩৬৩৪।

বিতরণ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর সচিবালয়, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন,এ,জি)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮। বিভাগীয় কমিশনার ---------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৪। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৫। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৭। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর, প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

কেবলমাত্র সরকারি অফিসের কাজে ব্যবহারের জন্যে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি সহজীকরণ

**জ্যৈষ্ঠ ১৪০১/ জুন ১৯৯৪**

প্রবিধি শাখা-১
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ | তারিখ: ০১-০৬-১৯৯৪ ইং / ১৮-০২-১৪০১ বাং

## স্মারক

**বিষয়: বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত বিধি/ পদ্ধতি সহজীকরণ।**

অবসরজনিত পেনশন ও পারিবারিক পেনশন সংক্রান্ত এবং প্রচলিত বিধি-বিধান ও পদ্ধতির জটিলতার কারণে অনেক ক্ষেত্রে সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি বিলম্বিত হয়। উহা নিরসনকল্পে পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি সংশোধন ও পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের মতামত গ্রহণপূর্বক সরকার নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:-

### ২.০০। অবসরজনিত পেনশন

### ২.০১। কল্যাণ কর্মকর্তা

অবসরগ্রহণকারী সরকারি চাকুরেদের পেনশন কেইস প্রক্রিয়াকরণে সহায়তা করার জন্য প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ/ কর্তৃক একজন কর্মকর্তাকে ‘কল্যাণ কর্মকর্তা’ হিসাবে মনোনয়ন করিতে হইবে। অফিস প্রধান তাঁহার কাজের বিবরণ স্থির করিয়া দিবেন।

### ২.০২। সার্ভিস বুক সংরক্ষণ

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অফিস, নন-গেজেটেড চাকুরেদের ২(দুই) কপি সার্ভিস বুক যথাযথভাবে পূরণ করিয়া প্রতি বৎসর হালনাগাদ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সার্ভিস বুকে কোন ঘষামাজা/ অস্পষ্টতা গ্রহণযোগ্য হইবে না, স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে। সার্ভিস বুক-এ জন্ম তারিখ সংখ্যায় ও কথায় লিখিতে হইবে। মূল সার্ভিস বুক নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসে রক্ষিত থাকিবে, তবে উক্ত চাকুরে বদলি হইলে সার্ভিস বুকের মূল কপিটি চাকুরের বদলিকৃত কর্মস্থলে প্রেরণ করিতে হইবে। দ্বিতীয় কপিটি সংশ্লিষ্ট চাকুরের নিকট হস্তান্তর করিতে হইবে। কোন সঙ্গত কারণ ব্যতীত ‘সার্ভিস বুক’ হালনাগাদ না থাকিলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ দায়ী কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে দায়িত্ব/ কর্তব্য অবহেলার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন। প্রতি বৎসর ফেব্রুয়ারী মাসে ‘সার্ভিস বুক’ হাল নাগাদ অবশ্যই করিতে হইবে।

### ২.০৩। কর্মকর্তাদের চাকরি বিবরণী সংরক্ষণ

প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ গেজেটেড সরকারি চাকুরেদের চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা-কর্মকর্তাদের নিয়োগ, চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, পদাবনতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড স্কেল প্রদান, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে পরিচিতি নম্বর প্রদান করিয়া সংরক্ষণ করিবেন। সম্ভব হইলে এইসব তথ্য কম্পিউটারে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

### ২.০৪। অবসর গ্রহণকারীদের তালিকা প্রণয়ন

প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর স্ব-স্ব নিয়ন্ত্রণাধীন সরকারি চাকুরেদের মধ্যে যাঁহারা পরবর্তী পঞ্জিকাবর্ষে অবসরপ্রস্তুতি ছুটিতে যাইবেন তাঁহাদের নাম, পদবী, কর্মস্থল, জন্ম তারিখ ও অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ উল্লেখপূর্বক একটি তালিকা প্রতি জানুয়ারী, এপ্রিল, জুলাই, অক্টোবর ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করিয়া তালিকার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের দপ্তর প্রধান, অডিট অফিস ও আবাসন পরিদপ্তরে (সরকারি বাসায় বসবাসকারীদের ক্ষেত্রে) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখের কমপক্ষে এক বৎসর পূর্বে প্রেরণ করিবেন। অতঃপর অফিস প্রধান উক্ত তালিকাভুক্ত চাকুরেদের নিকট হইতে পেনশন মঞ্জুরির আবেদনপত্র প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। প্রশাসনিক কর্তৃপক্ষ পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রাপ্ত পেনশন মঞ্জুরি আবেদনপত্র পাঁচ মাসের মধ্যে সংশ্লিষ্ট অডিট অফিসে আবেদনকারীকে অবগত রাখিয়া, প্রেরণ করিবেন।

### ২.০৫। অবসর গ্রহণের পূর্বে ই,এল,পি,সি (প্রত্যাশামূলক শেষ বেতনপত্র): (Expected Last Pay Certificate)

সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে গমনের ১১ (এগার) মাস পূর্বে তাঁহার অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার তারিখে এবং অবসর গ্রহণের পূর্বের তারিখে শেষ আহরণযোগ্য/ নির্ধারণযোগ্য বেতনের ভিত্তিতে অডিট অফিস/ আয়ন ও ব্যয়ন

কর্মকর্তা ই,এল,পি,সি (সংযোজনী-১) জারি করিবেন। উক্ত বেতনপত্রে অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত যদি কোন বার্ষিক বেতন বৃদ্ধি থাকে সেক্ষেত্রে বর্ধিত বেতনের পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে। অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার তারিখে প্রাপ্য ছুটি, ভবিষ্য তহবিলের সুদসহ জমা এবং সরকারের পাওনা সংক্রান্ত তথ্যাদি অগ্রিম হিসাব করিয়া উক্ত ইএলপিসি-তে উল্লেখ করিতে হইবে। ইএলপিসি প্রাপ্তির পর চাকরি সংক্রান্ত কোন পরিবর্তন ঘটিলে প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক অডিট অফিস ও সংশ্লিষ্ট চাকুরেকে অবগত রাখিতে হইবে।

**২.০৬। পেনশনের মঞ্জুরির সময়সীমা**

পেনশনের আবেদনপত্র প্রাপ্তির ৫ (পাঁচ) মাসের মধ্যে প্রশাসনিক/ পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট চাকুরেদের চাকরি বিবরণী/ সার্ভিস বুক হালনাগাদ করিবেন এবং সংশ্লিষ্ট চাকুরের চাকরীর শেষ ৩ (তিন) বছরের রেকর্ডের ভিত্তিতে তাহার নিকট সরকারের দেনা/ পাওনা অগ্রিম হিসাব করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে 'না-দাবী প্রত্যয়নপত্র' সংগ্রহ করিবেন। অতঃপর সরকারেরর পাওনা অর্থের হিসাব নিরূপণ এবং উহা আদায়ের ব্যবস্থা করিয়া কর্তৃপক্ষ পেনশন মঞ্জুরিপত্র জারি করিবেন এবং পেনশন পরিশোধপত্র (পিপিও) জারির জন্য পেনশনমঞ্জুরির কাগজপত্র সংশ্লিষ্ট অডিট অফিসে প্রেরণ করিবেন। পেনশনের পিপিওতে তাঁহার উত্তারাধিকারীর নাম, পেনশনারেরর সহিত সম্পর্ক, বৈবাহিক অবস্থা ও বয়স ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে। প্রচলিত পি,পি,ও এর প্রথম পৃষ্ঠায় উহা অন্তর্ভুক্ত থাকিবে (সংযোজনী-২)।

**২.০৭। অগ্রিম তারিখের (Post-Dated) চেক প্রদান**

অডিট অফিস পেনশন মঞ্জুরির কাগজপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে কাগজপত্র যাচাই করিয়া পেনশন সংক্রান্ত সকল অডিট আপত্তিত প্রশাসনিক কর্তৃপক্ষ ও অডিট অফিস নিষ্পত্তি করাইয়া পেনশন পরিশোধ পত্র (পিপিও) জারি করিবেন। এলপিআর আদেশের ৩ (তিন) মাস আগে বার মাসের ছুটির আর্থিক মঞ্জুরি ও প্রভিডেন্ট ফান্ডের সর্বশেষ স্থিতি প্রদানের আদেশ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর কর্তৃক) একই সাথে জারি করিতে হইবে। সংশ্লিষ্ট চাকুরে আদেশ প্রাপ্তির পর বিল দাখিল করিবেন। বিল প্রাপ্তির পর প্রাপ্য ছুটির (সর্বোচ্চ ১২ মাসের মূল বেতনের সমপরিমাণ) টাকা ও ভবিষ্য তহবিলের জমাকৃত সুদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) টাকা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার ২ (দুই) মাস পূর্বে অডিট অফিস পোষ্ট ডেটেড চেকের মাধ্যমে সংশ্লিষ্ট চাকুরের অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন। অফিস প্রধান সংশ্লিষ্ট চাকুরেকে অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার ১ (এক) মাস পূর্বে উক্ত চেক হস্তান্তর করিবেন। পিপিওসহ আনুতোষিকের টাকা অবসর গ্রহণের ৩ (তিন) মাস পূর্বে অডিট অফিস পোষ্ট ডেটেড চেকের মাধ্যমে সংশ্লষ্ট চাকুরের অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন এবং অফিস প্রধান সংশ্লিষ্ট চাকুরেকে অবসর গ্রহণের ১ (এক) মাস পূর্বে উক্ত পিপিও ও চেক আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করিবেন।

**২.০৮। কর্তব্যে অবহেলার কারণে শাস্তিমূলক ব্যবস্থা**

পেনশন মঞ্জুরির সাথে জড়িত কোন চাকুরে যদি নির্ধারিত সময়সীমা অনুযায়ী পেনশন কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে দায়িত্বহীনতা/ কর্তব্যে অবহেলার দায়ে শৃংখলা ও আপীল বিধি, অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**২.০৯। প্রেষণে থাকাকালীন সময়ে লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন**

দেশের অভ্যন্তরে বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/ কর্পোরেশন/ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যংক/ অর্থলগ্নী প্রতিষ্ঠান/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ের জন্য সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন সরকারি খাতে জমা দেওয়ার বর্তমান প্রথা বিলুপ্ত করা হইল। এই সুবিধা পূর্বের প্রেষণে নিয়োজিত সরকারি চাকুরেদের জন্যও প্রয়োজ্য হইবে। তবে বিদেশী সরকার/ সংস্থায় প্রেষণে কর্মরত সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন প্রদানের প্রথা প্রচলিত বিধি অনুযায়ী চালু থাকিবে।

**২.১০। বিতর্কিত চাকরিকাল**

বিতর্কিত চাকরিকাল বাদ দিয়া অবশিষ্ট পেনশনযোগ্য চাকরি ২৫(পঁচিশ) বৎসর অথবা তদূর্ধ্বের ক্ষেত্রে পূর্ণ হারে পেনশন মঞ্জুর করিতে হইবে। বিতর্কিত চাকরিকালের কারণে পেনশন আটকাইয়া রাখা যাইবে না।

**২.১১। পেনশন কেইস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন**

নির্ধারিত সময়সূচি অনুযায়ী পেনশন মঞ্জুরি কার্যক্রম সম্পন্ন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট প্রশাসনিক/ পেনশন মঞ্জুরকারী অফিস ও অডিট অফিসের উর্ধ্বতন কর্মকর্তা মনোনীত কল্যাণ কর্মকর্তার মাধ্যমে নিয়মিত মনিটরিং করিয়া পরিদর্শন বহিতে মন্তব্য লিপিবদ্ধ করিবেন।

## ২.১২। সাময়িক (Provisional) পেনশন প্রদান

যে সকল পেনশন কেইস 'না-দাবী প্রত্যয়নপত্র' অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে নিষ্পত্তি করা সম্ভব না হয় সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরের/ উত্তরাধিকারীর আবেদনক্রমে প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে প্রদান করিতে হইবে। পরবর্তীকালে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করিয়া পেনশন কেইসটি চূড়ান্ত করিবেন। অন্যথায় উক্ত ৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর সাময়িকভাবে প্রদত্ত নীট পেনশন, পেনশনারের নিজস্ব বিবরণীর ভিত্তিতে চূড়ান্ত করিতে হইবে এবং আনুতোষিকের বাকী অংশ পরিশোধ করিতে হইবে।

## ২.১৩। পেনশন সমর্পণ

বর্তমানে একজন চাকুরে তাঁহার গ্রস পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হন। যে সকল চাকুরে এই আদেশ কার্যকর হওয়ার তারিখে অথবা তাহার পরে অবসর গ্রহণ করিবেন, তাঁহারা ইচ্ছা প্রকাশ করিলে অবশিষ্ট গ্রস পেনশনের ৫০ ভাগও একবারে সমর্পণ করিয়া উহার পরিবর্তে প্রচলিত বিনিময় হারের অর্ধেক হারে আনুতোষিক গ্রহণ করিতে পারিবেন। উক্ত অবশিষ্ট ৫০ ভাগ গ্রস পেনশন একবারে সমর্পণের বিষয়টি পেনশনারের প্রথম আবেদনপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে, পরবর্তী সময়ে বা খন্ড খন্ড ভাবে সমর্পণের কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

## ৩.০০। পারিবারিক পেনশন

## ৩.০১। উত্তরাধিকারী মনোনয়ন

পারিবারিক পেনশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে চাকরিতে থাকা অবস্থায় অথবা পরবর্তী যে কোন সময়ে তাঁহার পরিবারের যে কোন এক বা একাধিক সদস্যকে তাঁহার পারিবারিক পেনশনের সম্পূর্ণ বা অংশ বিশেষের উত্তরাধিকারী মনোনয়ন করিতে পারিবেন। মনোনয়নের অবর্তমানে এবং মৃত পেনশনারের স্ত্রী/ অথবা পরিবারের কোন সদস্য না থাকিলে পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদানের ক্ষেত্রে তাঁহার সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উত্তরাধিকারী নির্ণয় করিবেন। মৃত পেনশনারের স্ত্রী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে স্থানীয় পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেটের ভিত্তিতে সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে (সংযোজনী-৩)। কোর্ট হইতে 'সাকসেশন সার্টিফিকেট' প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না।

## ৩.০২। পুত্র সন্তানের বয়সসীমা

পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়স সীমা ২১ হইতে ২৫ বৎসরে উন্নীত করা হইল। প্রচলিত বিধানের যেই সকল ক্ষেত্রে পুত্র সন্তানের কোন বয়সসীমা বর্তমানে উল্লেখ নাই, সেই সকল ক্ষেত্রে বয়স নির্বিশেষে সকল পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

## ৩.০৩। অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়সসীমা

পেনশনারদের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে অবশিষ্ট সময় কালের জন্য অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়স নির্বিশেষে সর্বোচ্চ ১৫ বৎসর মেয়াদ কালের অবশিষ্ট সময় কাল পূর্তি পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

## ৩.০৪। প্রতিবন্ধী সন্তান

প্রতিবন্ধিতার কারণে উপার্জনে অক্ষম সন্তান এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রতিবন্ধী সন্তানের প্রতিবন্ধিতার স্বপক্ষে প্রাপ্ত ডাক্তারী সনদপত্র প্রতিস্বাক্ষর করিয়া পেনশন পেপারের সাথে জমা দিবেন।

## ৩.০৫। বিধবা স্ত্রীর ক্ষেত্রে:

পূর্বে প্রচলিত নিয়ম অনুযায়ী যে সকল বিধবা স্ত্রী এই আদেশ কার্যকর হওয়ার তারিখে পারিবারিক পেনশন পাইতেন/ প্রাপ্য হইতেন অথবা পরবর্তী সময়ে প্রাপ্য হইবেন, তাঁহারা পুনর্বিবাহ না করিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে তাঁহারা পেনশন সমর্পণ করিতে পারিবেন না।

**৩.০৬। অবসর গ্রহণের পরে মৃত্যুর ক্ষেত্রে পারিবারিক পেনশনের হার:**

একজন চাকুরে অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে তাঁহার পরিবার যে হারে পারিবারিক পেনশন প্রাপ্য হইতেন, অবসর গ্রহণের পর মৃত্যুবরণ করিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে একই হারে তাঁহার পরিবার/ মনোনীত ব্যক্তি উত্তরাধিকারী পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৭। আত্মহত্যার ক্ষেত্রে পেনশন:**

আত্মহত্যার কারণে মৃত চাকুরের পরিবার অথবা তাহার মনোনীত (যদি থাকে) স্বাভাবিক মৃত্যুর ন্যায় প্রচলিত বিধি অনুযায়ী পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

**৪.০০। পেনশন সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী:**

**৪.০১। জরুরী ভিত্তিক পেনশন প্রদান:**

বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর, স্বেচ্ছায় অবসর, মৃত্যুজনিত কারণে পেনশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে প্রশাসনিক কর্তৃপক্ষ এবং পরবর্তী ১ (এক) মাসের মধ্যে অডিট অফিস সকল আনুষ্ঠানিকতা সমাপনান্তে পেনশন মঞ্জুরি ও পিপিও জারি করিবেন। অন্যথায় এই স্মারকের ২.১২ অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক পেনশন প্রদান করিতে হইবে।

**৪.০২। বার্ষিক গোপনীয় প্রতিবেদন**

পেনশন মঞ্জুরির ক্ষেত্রে সরকারি চাকুরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

**৪.০৩। প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ**

প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত জন্ম তারিখ, নমিনি (মনোনীত উত্তরাধিকারী), প্রতিস্বাক্ষর, নমুনা স্বাক্ষর ইত্যাদি অডিট অফিসে পুনঃযাচাই ব্যতিরেকেই গৃহীত হইবে। তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করিলে তাহা গ্রহণ যোগ্য হইবে না।

**৪.০৪। বাড়ীভাড়া সংক্রান্ত দাবী**

সরকারি চাকুরেদের ক্ষেত্রে চাকরির শেষ ৩ (তিন) বৎসরের রেকর্ডের ভিত্তিতে বাড়ী ভাড়া প্রদান সংক্রান্ত আবাসন পরিদপ্তর/ সংশ্লিষ্ট অফিস হইতে 'নাদাবী প্রত্যায়নপত্র' প্রদানের অনুরোধ ও তাহা আদায়ের দায়িত্ব প্রশাসনিক কর্তৃপক্ষ পালন করিবেন। এক মাসের মধ্যে আবাসন পরিদপ্তর প্রার্থীত 'নাদাবী প্রত্যয়ায়ন পত্র' প্রদানে ব্যর্থ হইলে উক্ত অবসরকারির নিকট বাড়ী ভাড়া সংক্রান্ত কোন পাওনা নাই বলিয়া গণ্য করা হইবে।

**৪.০৫। ডি-হাফ ও পিপিও**

অডিট অফিস ডি-হাফ (Disburser's half) এবং পিপিও যথাযথভাবে পূরণ করা নিশ্চিত করিবে। কাগজের মান উন্নত করা এবং পেনশন বইটি ভালমত বাঁধানোর ব্যবস্থা সংস্থাপন মন্ত্রণালয় গ্রহণ করিবে।

**৪.০৬। ঢাকা মহানগরীর পেনশনারগণের পেনশন প্রদান**

ঢাকা জেলা হিসাবরক্ষণ অফিস হইতে বর্তমানে যাঁহারা পেনশন উত্তোলন করেন তাঁহাদের পেনশন হিসাব মহা নিয়ন্ত্রক (সিজিএ)/ সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার (সিএও) কার্যালয় কর্তৃক প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**৪.০৭। পেনশন ফরম**

এই আদেশ জারির তারিখ হইতে সংশোধিত পেনশন ফরম (সংযোজনী-৪) এবং পারিবারিক পেনশন ফরম (সংযোজনী-৫) ব্যবহৃত হইবে। সংস্থাপন মন্ত্রণালয় প্রয়োজনীয় ও পর্যাপ্ত ফরম সরবরাহের ব্যবস্থা করিবে। ফরমে উল্লিখিত তথ্যের বাহিরে আর কোন তথ্য অবসর গ্রহণকারী/ উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না। সংযোজনী ফরম ৪ এবং ৫ ভিন্ন রং এর হইবে। নতুন ফরম না পাওয়া পর্যন্ত পুরাতন ফরম ব্যবহার করা যাইবে।

**৪.০৮। ভবিষ্য তহবিলের সুদ**

যে সকল ব্যক্তি ভবিষ্য তহবিলে জমা টাকার উপর সুদ গ্রহণ করিতে অনিচ্ছুক তাঁহাদের ভবিষ্য তহবিলের সুদ এর পরিবর্তে সরকারের তরফ হইতে চাঁদা/ অনুদান প্রদানের বিষয় পরবর্তীকালে বিবেচনা করা হইবে।

৫। এই স্মারকে বর্ণিত সিদ্ধান্তসমূহ আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

৬। এই স্মারকবলে পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি এবং আদেশ/ স্মারক ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। এই স্মারকে বর্ণিত হয় নাই এমন কোন বিষয় সম্পর্কে বর্তমানে প্রচলিত বিধি-বিধান/ পদ্ধতি/ আদেশ পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

মোতাহার হোসেন
অতিরিক্ত অর্থ সচিব (প্রশাসন)

নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭(৩০০০)

তারিখ: ০১-০৬-১৯৯৪ ইং
১৮-০২-১৪০১ বাং

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল:-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিলয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
৬। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব -------------------------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ। তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক), বাংলাদেশ, ঢাকা।
তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধ করা হইল।
৯। সিজিডিএফ (শুধু মাত্র বেসামরিক চাকুরেদের জন্য প্রযোজ্য)।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১১। বিভাগীয় কমিশনার (সকল)------------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল)-------------- -----------------------------------------------------।
তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধ করা হইল।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সিআরবি ভবন, চট্রগ্রাম।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৫। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৬। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্রগ্রাম।
১৮। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----------------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)---------------------------------------------------------।
২১। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
২৩। থানা নির্বাহী অফিসার (সকল) ---------------------------------------------------------।
২৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা)--------------------------------------------------।
২৫। গার্ড নথি/সংকলন।

মোঃ আনোয়ার উদ্দিন
উপ-সচিব (বিধি)
ফোন: ৮৬ ২৯ ৩১
২৫১৪ (নীল)

**সংযোজনী-১**

**প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)**
**Expected Last Pay Certificate (ELPC)**

**অডিট কোডের এ্যাপেনিডক্স-৩ এর ৫ অনুচ্ছেদ অনুসরণে**

১। জনাব/ বেগম --------------------------------------------------- এর প্রত্যাশিত শেষ বেতন প্রত্যায়নপত্র।

ক) পদবী:

খ) অফিস:

গ) জন্ম তারিখ:

ঘ) গ্রাহ্য চাকরিতে প্রথম যোগদানের তারিখ:

ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ:

চ) অবসর গ্রহণের তারিখ:

ছ) শেষ আহরিত বেতন স্কেলঃ

জ) পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ:

২। দেয় মাসিক বেতন ভাতার বিবরণ:

| খাত | অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ | অবসর গ্রহণের তারিখে |
|---|---|---|
| ক) মূল বেতনঃ | | |
| খ) ছুটিতে ইনক্রিমেন্টের মাসিক হার (টাকা): | | |
| গ) বিশেষ বেতনঃ | | |
| ঘ) দায়িত্ব/ বিশেষ ভাতা: | | |
| ঙ) বাড়ী ভাড়া ভাতা: | | |
| চ) চিকিৎসা ভাতা: | | |
| ছ) মহার্ঘ ভাতা: | | |
| জ) যাতায়াত ভাতা: | | |
| ঝ) ধোলাই ভাতা: | | |
| ঞ) ব্যক্তিগত ভাতা: | | |
| ট) কারিগরী ভাতা: | | |
| (ঠ) | | |

৩। **ভবিষ্য তহবিলের হিসাবঃ**

ক) হিসাব নং------------------------ বই নং------------------------- পৃষ্ঠা নং------------------------

খ) হিসাবটি সরকার প্রদত্ত সুদ/ অনুদান মুক্ত/ সহ

গ) বেতন হইতে নিয়মিত মাসিক জমার হার: টাকা -------------------------------

ঘ) বিগত ৩০ শে জুন, ১৯------- তারিখ পর্যন্ত সুদসহ মোট স্থিতি/ জমা টাকা -------------------------------

ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখে প্রত্যাশিত মোট স্থিতি/ জমা টাকা ----------------------------

চ) অবসর গ্রহণের তারিখে প্রত্যাশিত মোট স্থিতি/ জমা টাকা ----------------------

৪। আদায়যোগ্য বকেয়া ও গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট কর্তনের বিবরণ:

| খাত | গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট | মাসিক কর্তনের হার | অবসর গ্রহণের তারিখে প্রত্যাশিত অবশিষ্ট |
|---|---|---|---|
| ক) গৃহ নির্মাণ অগ্রিম | | | |
| খ) মটর কার/ সাইকেল অগ্রিম | | | |
| গ) ভ্রমণ ভাতা অগ্রিম | | | |
| ঘ) অগ্রিম বেতন | | | |
| ঙ) বাড়ী ভাড়া | | | |
| চ) গাড়ী ভাড়া | | | |
| ছ) টেলিফোন বিল | | | |
| জ) বিদ্যুৎ বিল | | | |
| ঝ) গ্যাস বিল | | | |
| ঞ) পয়ঃ ও পানি কর | | | |
| ট) পৌর কর | | | |
| ঠ) অডিট আপত্তি | | | |
| (ড) | | | |
| (ঢ) | | | |
| (ণ) | | | |

৫। অর্জিত ছুটির হিসাবঃ

| ছুটির ধরণ | মোট অর্জিত | মোট ভোগকৃত | মোট অবশিষ্ট |
|---|---|---|---|
| ক) পূর্ণ গড় বেতনে | | | |
| খ) অর্ধ-গড় বেতনে | | | |

___________________________________

ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম ও তারিখ

সীলমোহর

নং--------------------------------------------- তারিখ ----------------

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১।

২।

৩।

## সংযোজনী-২

## পিপিও-এর প্রথম পৃষ্ঠা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ বিভাগের ১লা জুন, ১৯৯৪ ইং তারিখের স্মারক অম/ অবি/ বিধি/ পেনশন/ ৩পি-২৬/ ৯৪/ ১৭ এর ২.০৬ অনুচ্ছেদ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ আমার প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারীঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

মনোনীত উত্তরাধিকারীঃ

<u>মনোয়নকারীর স্বাক্ষর ও তারিখ:</u>

নিরীক্ষা অফিসার
ট্রেজারি অফিসার

সীল মোহর ও
তারিখ

## সংযোজনী-৩
## উত্তরাধিকার সনদপত্র

(পরিবার থাকিলে)

নং------------------------------------------ তারিখ -----------------------------

পৌরসভা/ ইউনিয়ন/ ওয়ার্ডের নাম ও নং------------------------------------------------------------------ থানা ------------------------------------------------জেলা/ শহর-----------------------------------

আমি প্রত্যায়ন করিতেছি যে, মরহুম/ মরহুমা ---------------------------------------------এই এলাকার অধিবাসী ছিলেন। তাঁহার বাসা নং------------------- রাস্তা নং -------------------- রাস্তার নাম ----------------------------------- ব্লক নং ------------------------/ গ্রাম -------------------- পোস্ট অফিস ------------------------ থানা ------------------------------------------------------- জেলা -----------------------------------------------। তাঁহাকে এবং তাঁহার পরিবারের সদস্যগণকে আমি ------------ বৎসর যাবৎ চিনি। বিগত ---------------------- তারিখে তিনি মৃত্যুবরণ করিয়াছেন। মৃত্যুকালে তিনি তাঁহার পরিবারের নিম্ন বর্ণিত সদস্য রাখিয়া গিয়াছেনঃ-

| ক্রমিক নং | নাম | জন্ম তারিখ ও বয়স | সম্পর্ক | প্রতিবন্ধী অবস্থা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|

১।
২।
৩।
৪।
৫।
৬।
৭।

উল্লিখিত সদস্য/ সদস্যগণ ব্যতীত তাঁহার আর কোন উত্তরাধিকারী নাই। সরকারের বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট দেনা পাওনার বিষয় নিষ্পত্তি করার ব্যাপারে কেবলমাত্র উপরোক্ত সদস্যবৃন্দই মরহুম/ মরহুমা এর উত্তরাধিকারী বিবেচিত হইবেন।

আমি আরও প্রত্যয়ন করিতেছি যে, মরহুম -------------------------------------------------- এর স্ত্রী বেগম ------------------------------ পুনর্বিবাহ করেন নাই এবং কোন পুনর্বিবাহের অঙ্গীকারেও আবদ্ধ হন নাই।

তারিখ — স্বাক্ষর

সীল — নাম:

পূর্ণ ঠিকানা

নং — তারিখ:

প্রত্যয়ন করা হইল:

সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর, নাম ও তারিখ:

সীলমোহর ও পূর্ণ ঠিকানা

**<u>সংযোজনী-৪</u>**

বাংলাদেশ ফরম নং ২৩৯৭ (ফরম ২ সংশোধিত/ জুন, ১৯৯৪)

**পেনশন ফরম ২.১**

(চাকুরের নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য)

নাম: জনাব/ বেগম --------------------------------------------------------------

শেষ পদবী: -------------------------------------------------------------------

শেষ অফিস: ------------------------------------------------------------------

এর পেনশন সংক্রান্ত।

**নির্দেশাবলী**

১। সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার কমপক্ষে **১০** মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি তাঁহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসরপ্রস্তুতি ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করিবার জন্য কমপক্ষে **১২** মাস পূর্বে দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়ন পত্র ও মন্তব্য/ সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরি কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরি কর্তৃপক্ষ না-দাবী প্রত্যায়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম সংশ্লিষ্ট অডিট অফিসে প্রেরণ করিবেন।

৪। অডিট অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরির আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সে জন্য ফরমের যে কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

[ফরমটিতে ৯ (নয়) পৃষ্ঠা আছে]

**প্রথম অংশ**
**(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)**

সমীপে

-----------------------------------------------

-----------------------------------------------

-----------------------------------------------

**বিষয়: পেনশন পরিশোধের আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি সরকারি চাকরি হইতে --------------তারিখে অবসরপ্রস্তুতি ছুটিতে গমন করিব/ করিয়াছি এবং --------------------------তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করিব/ করিয়াছি। আমি অবসর ভাতার অর্ধেক/ সম্পূর্ণ বিনিময় করিতে চাই। সেই মতে বিধি মোতাবেক প্রাপ্য অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নে বর্ণিত মনোনীত হারে আমার বৈধ উত্তরাধিকারীদেরকে এই পারিবারিক পেনশন প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি:-

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার (%) | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১।
২।
৩।
৪।
৫।
৬।
৭।
৮।
৯।

৩। আমি এই চাকরির কোন অংশ বিশেষের জন্য পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। আমার জানামতে আমার নিকট সরকারের কোন পাওনা নাই। তথাপিও এই পেনশন পরিশোধের পর যে কোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা আমার অথবা পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/ থাকিবে।

৫। যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী, আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/ আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ আমার অথবা পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ দিতে বাধ্য থাকিব/ থাকিবে।

৬। হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ থানা/ জেলা/ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়---------------------------------------------/ সোনালী ব্যাংকের শাখা-------------------------------------------------- (পূর্ণ ঠিকানা) ------------------------------------------------------------------------------------------------হইতে আমি আমার অবসর ভাতা ও আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত ব্যাংক শাখায় আমার চলতি/ সঞ্চয়ী ব্যাংক হিসাব নং--------------------------।

৭। নিম্নে আমার তিনটি নমুনা স্বাক্ষর এবং হাতের বৃদ্ধাঙ্গুলের ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:-

| ক্রমিক নং | পূর্ণ স্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর | বাম/ ডান বৃদ্ধাঙ্গুলের ছাপ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

সত্যায়নকারীর নাম, স্বাক্ষর ও তারিখ
সীলমোহর

৮। আবেদনকারীর ডাক ঠিকানা:

ক) বর্তমান -------------------------------------------------
---------------------------------------------------------------
---------------------------------------------------------------

খ) স্থায়ী ------------------------------------------------------
---------------------------------------------------------------
---------------------------------------------------------------

আপনার অনুগত
আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

নাম:-----------------------------

পদবী:-----------------------------

শেষ কর্মস্থল:----------------------

**দ্বিতীয় অংশ**
**(দপ্তর/ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)**

১.০০ চাকুরের চাকরির বিবরণীঃ-

১.০১ নাম:

১.০২ পিতার নাম:

১.০৩ জাতীয়তা:

১.০৪ অবসরের সময়ে পদবী:

১.০৫ জন্ম তারিখ:

১.০৬ চাকরিতে যোগদানের তারিখ:

১.০৭ চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ:

১.০৮ আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী:

২.০০ চাকরির খতিয়ান:

| | | | বৎসর | মাস | দিন |
|---|---|---|---|---|---|
| ২.০১ | বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| ২.০২ | অযোগ্য চাকরি: | | | | |
| | (ক) ১৮ বৎসর বয়সের পূর্বের চাকরি:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (খ) অসাধারণ ছুটিঃ<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (গ) কর্তব্য/ ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকালঃ<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (ঘ) চাকরিতে বিরতি সময়কাল:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকরিকাল:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (চ) পদত্যাগ করিবার কারণে বাতিলকৃত চাকরিকাল:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (ছ) অননুমোদিত অনুপস্থিতি:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | | | বৎসর | মাস | দিন |
| | | মোটঃ | ----- | ----- | ----- |
| ২.০৩ | নীট চাকরিকাল: (২.০১ - ২.০২) | | বৎসর | মাস | দিন |
| ২.০৪ | অন্যান্য যোগ্য চাকরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে যোগ করিতে হইবে): | | | | |
| | (ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকরি:<br>------------------------ তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | | ----- | ----- | ----- |
| | (খ) চাকরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল: | | | | |
| | (গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে কোন চাকরিকাল | | | | |
| | | | বৎসর | মাস | দিন |
| | | মোটঃ | ----- | ----- | ----- |
| ২.০৫ | মোট যোগ্য চাকরি (২.০৩ + ২.০৪): | | | | |

৩.০ অবসর ভাতা ও আনুতোষিক:

| | | |
|---|---|---|
| ৩.০১ | অবসরের অব্যবহিত পূর্বের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন (ইএলপিসি অনুযায়ী) | টাকা: ---------------------- |
| ৩.০২ | অবসর ভাতার হার (%) | টাকা: ---------------------- |

| | | |
|---|---|---|
| ৩.০৩ মোট অবসর ভাতার পরিমাণ: | | টাকা: ---------------------- |
| ৩.০৪ মোট অবসর ভাতার অর্ধাংশ (১/ ২): | | টাকা: ---------------------- |
| ৩.০৫ আনুতোষিকের মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | | টাকা: ---------------------- |
| ৩.০৬ অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় থোক প্রাপ্য আনুতোষিক | | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| ৩.০৭ ক) নীট মাসিক অবসর ভাতার পরিমাণ | | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| **অথবা,** | | |
| খ) ১) নীট মাসিক অবসর ভাতার পরিবর্তে আনুতোষিকের জন্য দ্বিতীয় অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | | টাকা: ---------------------- |
| | (কথায়) | ------------------------------ |
| খ) ২) নীট মাসিক অবসর ভাতার বিনিময়ে থোক প্রাপ্য আনুতোষিক | | টাকা (অংকে): -------------- |
| | (কথায়) | ------------------------------ |
| ৩.০৮ ক) মোট আনুতোষিক | | টাকা (অংকে): -------------- |
| | (কথায়) | ------------------------------ |
| খ) মোট মাসিক অবসর ভাতা: | | টাকা (অংকে): -------------- |
| | (কথায়) | ------------------------------ |

৪.০০ অফিস প্রধানের মন্তব্য:

৪.০১ আবেদনকারীর নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতীত অন্য কোন পাওনা নাই:

ক)--------------------------------------------------

খ)--------------------------------------------------

গ)--------------------------------------------------

৪.০২ সুপারিশ: ------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------

বিভাগ/ দপ্তর/ অফিস প্রধানের স্বাক্ষর

নাম: ______________________________

সীলমোহর

তারিখ: ---------------------------

## তৃতীয় অংশ

৫.০০ মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ:

৫.০১ ক) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ------------------------------------------------------ এর চাকরি সম্পূর্ণরূপে সন্তোষজনক। পূর্ণ অবসরভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি যাহা অবসরভাতার বিধি মোতাবেক প্রাপ্য তাহা এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা,**

খ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ------------------------------------------------------ এর চাকরি সম্পূর্ণরূপে সন্তোষজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসরভাতা ও আনুতোষিক নিম্নরূপ পরিমাণে হ্রাস করা হইল:-

১) অবসরভাতা হ্রাসের পরিমাণ:

২) আনুতোষিক হ্রাসের পরিমাণ:

৩) এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসর ভাতা : টাকা (অংকে) ----------------------------

(কথায়) -----------------------------------

৪) এইরূপ হ্রাসের পর প্রাপ্য আনুতোষিক : টাকা (অংকে) ------------------------------

(কথায়) ---------------------------------------

৫) এইরূপ হ্রাসকৃত অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

গ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম --------------------------------------------------- এর পেনশন কেইস এর না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব না হওয়ায় উক্ত চাকুরের প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে অনুমোদন করা হইল।

৫.০২ প্রচলিত নিয়মানুযায়ী আনুতোষিক এবং --------------------------------- তারিখ হইতে অবসর ভাতা পরিশোধ করা যাইতে পারে।

৫.০৩ আবেদনকারীর অবর্তমানে আবেদনকারীর মনোনীত ব্যক্তি (আবেদনের ২ অনুচ্ছেদে বর্ণিত) বৈধ উত্তরাধিকারীগণ পেনশন সুবিধা পাইতে পারেন।

তারিখ: -----------------------------------

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

## চতুর্থ অংশ
## (অডিট অফিসে ব্যবহারের জন্য)

* ৬.০০ নিরীক্ষা কার্যালয়ের মন্তব্য:

৬.০১ প্রত্যাশিত শেষ বেতনপত্র পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-দাবী প্রত্যায়নপত্র প্রদান করিবার কারণে তাহা এই কার্যালয় কর্তৃক গৃহীত হইয়াছে।

৬.০২ পূর্ববর্তী পৃষ্ঠাসমূহে বর্ণিত হিসাব ও গণনাসমূহ পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যোগ্য চাকরির দৈর্ঘ্য নিরীক্ষাপূর্বক গৃহীত হইয়াছে।

৬.০৩ যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক ----------------------------তারিখে --------------------------------------নং পেনশন মঞ্জুরি আদেশ প্রদান করা হইয়াছে।

৬.০৪ এমতাবস্থায় নিম্নোক্ত পরিমাণ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ আদেশ জারি করা হইল:-

| | | | |
|---|---|---|---|
| ক) | মোট অবসর ভাতার পরিমাণ | : | টাকা ---------------------------- |
| খ) | মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময়ে থোক আনুতোষিকের পরিমাণ | : | টাকা (অংকে)--------------------<br>(কথায়) ------------------------------ |
| গ) | ১) নীট মাসিক অবসর ভাতার দ্বিতীয় অর্ধাংশের পরিমাণ | : | টাকা (অংকে)--------------------<br>(কথায়) -------------------------- |
| গ) | ২) থোক আনুতোষিকের পরিমাণ (দ্বিতীয় অর্ধাংশের জন্য) | | টাকা (অংকে)--------------------<br>(কথায়) --------------------------- |
| | **অথবা** | | |
| ঘ) | ১) মোট আনুতোষিক | | টাকা (অংকে)--------------------<br>(কথায়) ------------------------- |
| ঘ) | ২) নীট মাসিক অবসর ভাতা | | টাকা (অংকে)--------------------<br>(কথায়) -------------------------- |

৬.০৫ অবসর ভাতা আরম্ভের তারিখ

৬.০৬ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মাধ্যম/ স্থান:

হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ থানা/ জেলা/ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় -----------------/ সোনালী ব্যাংক শাখা -------------------------- (পূর্ণ ঠিকানা) ------------------------- ----------------------- --- ------------------------- এর চলতি সঞ্চয়ী হিসাব নং ------------------।

৬.০৭ পেনশন পরিশোধ আদেশ (পিপিও) নম্বর ----------------------তারিখ ------------------ উপরোক্ত ৬.০৬ অনুচ্ছেদে বর্ণিত শাখায়/ কার্যালয়ে প্রেরণ করা হইল।

তারিখ:--------------------------

স্বাক্ষর -----------------------------
নাম --------------------------------------------

সহকারী মহাহিসাবরক্ষক
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
(সীলমোহর)

* নোট:

১। ক) অডিট আপত্তির মূল কপি নিয়ন্ত্রণকারী বিভাগ অফিস বরাবরে জারির সাথে সাথে ইহার অনুলিপি অবগতি ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অডিট আপত্তির সাহিত সংশ্লিষ্ট চাকুরের নামে তাহার বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রত্যায়নসহ প্রেরণ করিতে হইবে।

খ) অডিট আপত্তির আরো একটি কপি অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ করিবার অনুরোধসহ তাঁহার নির্বাহী কর্মকর্তার প্রযত্নে জারি করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

২। অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের বর্তমান পোষ্টিং বা অবস্থান জানানোর জন্য সংশ্লিষ্ট বিভাগ/ মন্ত্রণালয়কে অনুরোধ করিতে হইবে এবং বিভাগ/ মন্ত্রণালয় উক্ত অবস্থান বা পোষ্টিং নিরীক্ষা অফিসকে জানাইতে বাধ্য থাকিবে।

**সংযোজনী-৫**

বাংলাদেশ ফরম নং ২৩৯৭ (ফরম ২ সংশোধিত/ জুন, ১৯৯৪)

**পারিবারিক পেনশন ফরম ২.২**

নাম : জনাব/ বেগম -------------------------- ----------------------

শেষ পদবী: -------------------------- --------------------------

শেষ অফিস: -------------------------- --------------------------

এর মৃত্যুতে পারিবারিক পেনশন সংক্রান্ত।

**নির্দেশাবলী**

১। আবেদনকারী বৈধ উত্তরাধিকার সনদপত্রসহ ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি মৃত চাকুরের শেষ অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। মনোনীত উত্তরাধিকারীগণ একক অভিভাবকত্বে একটি আবেদনপত্র দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়নপত্র ও মন্তব্য/ সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরি কর্তৃপক্ষ না-দাবী প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম সংশ্লিষ্ট অডিট অফিসে প্রেরণ করিবেন।

৪। অডিট অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরি আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সেজন্য ফরমের যে-কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

[ফরমটিতে ৯ (নয়) পৃষ্ঠা আছে]

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

**প্রথম অংশ**

**(উত্তরাধিকারী নিজে আবেদনপত্র পূরণ ও স্বাক্ষর করিবেন)**

সমীপে

----------------------

----------------------

----------------------

বিষয়: **পারিবারিক পেনশন পরিশোধের আবেদন।**

মহোদয়,

আপনার অফিসের প্রাক্তন চাকুরে জনাব/ বেগম ------------------------------------------------ পদবী ------------------------ আমার (সম্পর্কে) ------------------ ছিলেন। তিনি ------------------ তারিখে মৃত্যুবরণ করায় বিধি মোতাবেক প্রাপ্য তাঁহার চাকরির পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমি তাঁহার বৈধ উত্তরাধিকারী/ এবং পরিবারের অন্যন্য সদস্যরা আমাকে তাঁহাদের অভিভাবক নিয়োগ করিয়া এই পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করার ক্ষমতা অর্পণ করিয়াছেন (পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করা হইল)।

৩। আমি এই চাকরির কোন অংশ বিশেষের দাবীতে পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। তাঁহার নিকট সরকারের কোন পাওনা থাকিলে তাহা আমি বিধি মোতাবেক পরিশোধ করিতে সম্মত আছি। এই পেনশন পরিশোধের পরও যে-কোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা আমার পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব।

৫। যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/ আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ আমার পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ফেরৎ দিতে বাধ্য থাকিব।

৬। হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ থানা/ জেলা/ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ------------------------------------------/ সোনালী ব্যাংকের শাখা (পূর্ণ ঠিকানা) ------------------------------------------------------------------------------------------------------------------------- হইতে আমি আমার পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত ব্যাংক শাখায় আমার চলতি/ সঞ্চয়ী হিসাব নং --------------।

৭। নিম্নে আমার তিনটি নমুনাস্বাক্ষর এবং হাতের বৃদ্ধাংগুলির ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:-

| ক্রমিক নং | পূর্ণস্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর | বাম/ ডান বৃদ্ধাংগুলির ছাপ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

সত্যায়নকারীর নাম, স্বাক্ষর ও তারিখ
সীলমোহর

৮। আবেদনকারী ডাক ঠিকানা:

ক. বর্তমান
--------------------
--------------------
--------------------
খ. স্থায়ী
--------------------
--------------------
--------------------

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ ---------------------------------------------

নাম: ----------------------------------------------

মৃত চাকুরের নাম:---------------------

শেষ পদবী: -------------------------

শেষ অফিস: -------------------------

## দ্বিতীয় অংশ (কঃ পুরাতন)

(যেই ক্ষেত্রে পিপিও জারি হইয়া পেনশন ভোগ করা হইতেছিল সেইক্ষেত্রে পুরাতন পিপিও সংশোধনের জন্য এই অংশ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে। অন্যথায় পরবর্তী -খ অংশ পূরণ করিতে হইবে)।

১.০০ ইতোপূর্বে মঞ্জুরিকৃত অবসর ভাতা সম্পর্কিত তথ্যাদি :

১.০১ মৃত/ অবসরপ্রাপ্ত চাকুরের নাম :

১.০২ মৃত্যুর/ অবসরের তারিখে পদবী :

১.০৩ অবসর গ্রহণের তারিখ :

১.০৪ প্রমাণসহ পেনশনারের মৃত্যুর তারিখ :

১.০৫ প্রাপ্ত সর্বশেষ মাসিক অবসর ভাতার পরিমাণ টাকা : অংকে --------------------

কথায় ------------------------------------------

১.০৬ মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ টাকা : অংকে --------------------

কথায় ----------------------------------------

১.০৭ পুরাতন পিপিও নং ও তারিখ:-------------------- -------------------- ------------------

## দ্বিতীয় অংশ (খঃ নতুন)

(পূর্ববর্তী -ক অংশ প্রযোজ্য না হইলে পিপিও জারির জন্য এই অংশ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)

১.০০ মৃত চাকুরের চাকরির বিবরণ :-------------------- --------------------

১.০১ নাম :-------------------- --------------------

১.০২ পিতার নাম :-------------------- --------------------

১.০৩ জাতীয়তা :-------------------- --------------------

১.০৪ অবসর/ মৃত্যুর সময় পদবী :-------------------- --------------------

১.০৫ জন্ম তারিখ :-------------------- --------------------

১.০৬ চাকরিতে যোগদানের তারিখ :-------------------- --------------------

১.০৭ চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ :-------------------- --------------------

১.০৮ আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী :-------------------- --------------------

১.০৯ মৃত্যুর তারিখ (প্রমাণপত্রসহ) :-------------------- --------------------

২.০০ মৃত চাকুরের চাকরির খতিয়ান:

| | | বৎসর | মাস | দিন |
|---|---|---|---|---|
| ২.০১ | বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| ২.০২ | অযোগ্য চাকরি: | | | |
| | (ক) ১৮ বৎসর বয়সের পূর্বের চাকরি: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (খ) অসাধারণ ছুটিঃ | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (গ) কর্তব্য/ ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকালঃ | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ঘ) চাকরিতে বিরতি সময়কাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকরিকাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (চ) পদত্যাগ করিবার কারণে বাতিলকৃত চাকরিকাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ছ) অননুমোদিত অনুপস্থিতি: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | মোটঃ | ----- | ----- | ----- |

| | | বৎসর | মাস | দিন |
|---|---|---|---|---|
| ২.০৩ | নীট চাকরিকাল: (২.০১ - ২.০২) | | | |
| ২.০৪ | মৃত চাকুরেরঅন্যান্য যোগ্য চাকরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে যোগ করিতে হইবে): | | | |
| | (ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকরি: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (খ) চাকরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল: | | | |
| | (গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে কোন চাকরিকাল | | | |
| | | বৎসর | মাস | দিন |
| | মোটঃ | ----- | ----- | ----- |
| ২.০৫ | মোট যোগ্য চাকরি (২.০৩ + ২.০৪): | | | |

৩.০ <u>মৃত চাকুরের অবসর ভাতা ও আনুতোষিক:</u>

| | | |
|---|---|---|
| ৩.০১ | **অবসরের অব্যবহিত পূর্বের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন** (ইএলপিসি অনুযায়ী) | টাকা: ---------------------- |
| ৩.০২ | অবসর ভাতার হার (%) | % |
| ৩.০৩ | মোট অবসর ভাতার পরিমাণ: | টাকা: ---------------------- |
| ৩.০৪ | মোট অবসর ভাতার অর্ধাংশ (১/২): | টাকা: ---------------------- |
| ৩.০৫ | আনুতোষিকের জন্য বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | টাকা: ---------------------- |
| ৩.০৬ | অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় থোক প্রাপ্য আনুতোষিক | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| ৩.০৭ | নীট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |

৪.০ <u>অফিস প্রধানের মন্তব্য:</u>

৪.০১ জনাব/ বেগম---------- ------------------------ পদবী ---------- ---------- এই কার্যালয়ে কর্মরত ছিলেন। তিনি ---------- ------------ তারিখে মৃত্যুবরণ করিয়াছেন। তাঁহার নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতীত অন্য কোন পাওনা নাই।

ক. ---------- ------------------

খ. ---------- ------------------

গ. ---------- ------------------

---------- ------------------

---------- ------------------

৪.০২ আবেদনকারী জনাব/ বেগম ------------------------------ মৃত জনাব/ বেগম ----------------------------এর বৈধ উত্তরাধিকারী। এই কার্যালয়ে সংরক্ষিত নথি পত্রাদি এবং পৌরসভা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নের ভিত্তিতে ইহা নিশ্চিত হওয়া গিয়াছে। অন্যান্য আইনানুগ উত্তরাধিকারীগণ তাঁহাকে অভিভাবক মনোনীত করায় পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মঞ্জুরি তাঁহাকে প্রদানের জন্য সুপারিশ করা যাইতেছে।

তারিখ:---------- ----------------

বিভাগ/ দপ্তর অফিস প্রধানের স্বাক্ষর
নাম: --------------------------------
সীলমোহর

## তৃতীয় অংশ

৫.০৫ মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ:

৫.০১ ক) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ---------------------------------------------- এর চাকরি সম্পূর্ণভাবে সন্তোষজনক। পূর্ণ অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি, যাহা অবসর ভাতা বিধি মোতাবেক প্রাপ্য তাহা এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

খ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------- ---------------------------- এর চাকরি সম্পূর্ণভাবে সন্তোষজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসর ভাতা ও আনুতোষিক নিম্নরূপ পরিমাণে হ্রাস করিতে হইবে:-

১) অবসর ভাতা হ্রাসের পরিমাণ : টাকা ------------------------

২) আনুতোষিক হ্রাসের পরিমাণ : টাকা ------------------------

৩) এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসর ভাতা : টাকা (অংকে) ------------------------

(কথায়) -----------------------------------------

৪) এইরূপ হ্রাসের পর প্রাপ্য আনুতোষিক : টাকা (অংকে) ------------------------

(কথায়) -----------------------------------------

৫) এইরূপ হ্রাসকৃত অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

গ. নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------- ---------------------------- এর পেনশন কেইস এর 'না-দাবী প্রত্যয়নপত্র' অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব না হওয়ায় উক্ত চাকুরের প্রাপ্য আনুতোষিক শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে এতদ্বারা অনুমোদন করা হইল।

ঘ. মৃত চাকুরে জনাব/ বেগম -------- ---------------------- এর পারিবারিক অবসর ভাতা এবং/ বা অনুতোষিক যাহা অবসর ভাতা বিধি মোতাবেক প্রাপ্য তাহা তাহার বৈধ উত্তরাধিকারী জনাব/ বেগম ----- ----------------------- কে ৪.০২ অনুচ্ছেদের প্রস্তাব মোতাবেক প্রদানের জন্য সুপারিশ অনুমোদন করা হইল।

৫.০২ প্রচলিত নিয়মানুযায়ী আনুতোষিক এবং -------- ------------ তারিখ হইতে পারিবারিক অবসর ভাতা তাহাকে পরিশোধ করা যাইতে পারে।

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর------------------------

তারিখ:---------------------- নাম ---------------------------------------------

সীলমোহর

## চতুর্থ অংশ

(অডিট অফিসের ব্যবহারের জন্য)

* ৬.০০ **নিরীক্ষা কার্যালয়ের মন্তব্য:**

৬.০১ প্রত্যাশিত শেষ বেতনপত্র পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-দাবী প্রত্যায়নপত্র প্রদান করায় তাহা এই কার্যালয় কর্তৃক গৃহীত হইয়াছে।

৬.০২ পূর্ববর্তী পৃষ্ঠাসমূহে বর্ণিত হিসাব ও গণনাসমূহ পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যোগ্য চাকরির দৈর্ঘ্য নিরীক্ষাপূর্বক গৃহীত হইয়াছে।

৬.০৩ যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক ------------------ তারিখে ------------------ নং পেনশন মঞ্জুরি আদেশ প্রদান করা হইয়াছে।

৬.০৪ এমতাবস্থায় নিম্নোক্ত পরিমাণ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ আদেশ জারি করা হইল:-

(ক) মোট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ : টাকা (অংকে) ------------------------

(খ) মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময়ে : টাকা (অংকে) ------------------
থোক আনুতোষিকের পরিমাণ (কথায়) -----------------------------------------

(গ) নীট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ : টাকা ------------------
(কথায়) -----------------------------------------

৬.০৫ পারিবারিক মাসিক অবসর ভাতা আরম্ভের তারিখ:

৬.০৬ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মাধ্যম/ স্থানঃ
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ থানা/ জেলা/ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ----------------------------------------/ সোনালী ব্যাংক শাখা -------------------------------------------(পূর্ণ ঠিকানা) এর চলতি/ সঞ্চয়ী হিসাব নং ------------------।

৬.০৭ পেনশন পরিশোধ আদেশ (পিপিও) নম্বর ------------------ তারিখ ------------------। উপরোক্ত ৬.০৬ অনুচ্ছেদে বর্ণিত শাখায়/ কার্যালয়ে প্রেরণ করা হইল।

তারিখ------------------ স্বাক্ষর -------------------------------

নাম:-----------------------------------

সহকারী মহা হিসাবরক্ষক
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
(সীলমোহর)

---

*** নোট:**

১। ক) অডিট অফিস আপত্তির মূল কপি নিয়ন্ত্রণকারী বিভাগ অফিস বরাবরে জারির সাথে সাথে ইহার অনুলিপি অবগতি ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নামে তাহার বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রত্যয়নসহ প্রেরণ করিতে হইবে।

খ) অডিট অফিস আপত্তির আরো একটি কপি অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ করিবার অনুরোধসহ তাহার নির্বাহী কর্মকর্তার প্রযত্নে জারি করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

২। অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের বর্তমান পোস্টিং বা অবস্থান জানানোর জন্য সংশ্লিষ্ট বিভাগ মন্ত্রণালয়কে অনুরোধ করিতে হইবে এবং বিভাগ/ মন্ত্রণালয় উক্ত অবস্থান বা পোস্টিং নিরীক্ষা অফিসকে জানাইতে বাধ্য থাকিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি(প্রবিধি-১)৩পি-২৮/৮৫/২৯(১০০০) তারিখ: ২৩-০৩-১৯৯৫ ইং।

## স্মারকপত্র

**বিষয়: পেনশনের সবোর্চ্চ পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।**

১৯৯১ সালের প্রবর্তিত জাতীয় বেতন স্কেলের উপর ১-১-১৯৯৫ইং হইতে বেতন ১০% বৃদ্ধি করার প্রেক্ষিতে অর্থ বিভাগের ৪-১২-১৯৯১ইং তারিখের অম/ অবি(প্রবিধি-১) ৩পি-২৮/ ৮৫/ ৫০(১০০০) নম্বর স্মারক সংশোধন করতঃ 'গ্রস পেনশন' এর সর্বোচ্চ পরিমাণ ৮২০০ টাকার স্থলে ৯,০০০ টাকায় নির্ধারণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

২। এই আদেশের আর্থিক সুবিধা ০১-০১-১৯৯৫ ইং তারিখ হইতে বর্ধিতাংশের অর্ধেক এবং ১-৭-১৯৯৫ তারিখ হইতে পূর্ণ কার্যকর হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)।

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। অর্থ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব --------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন,এ,জি), সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। বিভাগীয় কমিশনার ---------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৩। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৪। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৫। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৬। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, হিসাব নিরীক্ষা (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৮। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
২০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম(অবি)/বিধি-১/৩পি-২৬/৮৬(অংশ-২)/৩৬(২০০০) তারিখ: ২৫/৪/৯৫ ইং

**বিষয়: বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত স্মারকের ২.১৩নং অনুচ্ছেদের আলোকে সম্পূর্ণ 'গ্রস পেনশন' সমর্পণকারীদের চিকিৎসা ভাতা প্রাপ্যতা প্রসঙ্গে।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/পদ্ধতি সহজীকরণ স্মারকের ২.১৩ অনুচ্ছেদের আলোকে অবসর গ্রহণকারী চাকুরে যিনি সম্পূর্ণ গ্রস পেনশন একবারে সমর্পণ করে আনুতোষিক গ্রহণ করবেন, তিনি অর্থ বিভাগের ২৩-৭-৯২ ইং তারিখের স্মারক নম্বর অম/ অবি/ প্রবি-২/ চিভা-৩/ ৮৫/ ৩৬(২০০) অনুযায়ী চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন এবং এ ভাতা তিনি সংশ্লিষ্ট অফিস/ ব্যাংক থেকে উত্তোলন করতে পারবে।

মোঃ আনোয়ার উদ্দিন
উপ-সচিব (প্রবিধি)
ও
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি) (চলতি দায়িত্ব)

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। সিজিডিএফ (শুধুমাত্র বেসামরিক চাকুরেদের জন প্রযোজ্য)।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১১। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল) --------------------------------------।
তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৫। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। তাঁর ৯-৩-৯৫ তারিখের পত্রসংখ্যা ৬১.৩৯.১৬.০.০.২৭.৯৪.৬৯ এর বরাতে।
১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৭। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৮। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৯। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
২০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা। -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) --------------------------------------।
২২। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮৫/৮২(১০০০) তারিখ: ১৯/৮/৯৫ ইং

**বিষয়: পেনশনের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি(বিধি-১)৩পি-২৮/৮৫/২৯(১০০০), তারিখ ২৩-৩-১৯৯৫ ইং।

উপরোক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সুত্রোল্লিখিত স্মারকের ২নং অনুচ্ছেদের শর্ত অনুসারে পেনশন নির্ধারণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হওয়ায় বিষয়টি অর্থ বিভাগের দৃষ্টিগোচর হয়েছে। বিশেষতঃ যাঁরা ০১-০১-১৯৯৫ ইং তারিখ হতে ৩০-৬-১৯৯৫ইং তারিখের মধ্যে এলপিআর বাতিলক্রমে জনস্বার্থে চুক্তিভিত্তিক নিযুক্ত হয়েছেন বা এলপিআর ভোগ না করে অবসর গ্রহণ করেছেন, তাঁরা ০১-০১-৯৫ইং তারিখে প্রাপ্য প্রথম ৫% বেতন বৃদ্ধির সুবিধা গ্রহণ করে অবশিষ্ট ৫% বেতন বৃদ্ধির সুবিধা যা ০১-৭-৯৫ ইং তারিখ হতে প্রাপ্য তা গ্রহণ করার পূর্বেই অবসর গ্রহণ করায় অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে শেষ আহরিত বেতনের হারে পেনশনের বর্ধিতাংশের পূর্ণ সুবিধা উক্ত ২নং অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রাপ্য হন না। যদি তাঁরা জনস্বার্থে চুক্তিভিত্তিক নিযুক্ত না হয়ে বা এলপিআর সমর্পণ না করে এলপিআর ভোগ শেষে অবসর গ্রহণ করতেন, তাহলে তাঁরা পূর্ণ ১০% বেতন বৃদ্ধির সুবিধা পেয়ে 'গ্রস পেনশন' এর বর্ধিতাংশের পূর্ণ সুবিধা প্রাপ্য হতেন।

ফলে, উক্ত ২নং অনুচ্ছেদের শর্তানুযায়ী তাঁরা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন।

২। এমতাবস্থায়, উক্ত স্মারকে যাই থাকুক না কেন, বর্ণিত ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলেই তাঁদের শেষ আহরিত বেতনের ভিত্তিতে প্রাপ্য সবোর্চ্চ সীমা ৯০০০/- (নয় হাজার) টাকা পর্যন্ত পূর্ণ পেনশন প্রাপ্য হবেন।

দবির উদ্দিন আহমেদ
যুগ্ম-সচিব (বাস্তঃ ও বিধি)

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। অর্থ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এন,এ,জি)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৯। বিভাগীয় কমিশনার --------------------------------------বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৩। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৪। পরিচালক, বাণিজ্যিক নিরীক্ষা, ঢাকা।
১৫। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৬। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৮। পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর প্রাক্তন এ, জি, বি (সি), ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
২০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/৯৩(২০০০) তারিখ: ৩০/৯/১৯৯৫ ইং / ১৫/০৬/১৪০২ বাং

**বিষয়: বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি সহজীকরণ স্মারকের ৩.০৫ উপ-অনুচ্ছেদে বর্ণিত বিধবা স্ত্রীর আজীবন পেনশন প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নম্বর অম/অবি/বিধি/পেনশন/৩পি-২৬/৯৪/১৭ তাং ১-৬-৯৪ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে বিধবা স্ত্রীর আজীবন পেনশন প্রাপ্যতা সম্পর্কে পরীক্ষাক্রমে সরকার নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেনঃ-

অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ০১-০৬-৯৪ ইং তারিখে বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি সহজীকরণের অম/ অবি/ বিধি/ পেনশন/ ৩পি-২৬/ ৯৪/ ১৭ নম্বর স্মারকের ৩.০৫ উপ-অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন উহা এতদ্বারা সংশোধিত বিবেচনায় পেনশন ভোগের মেয়াদকাল ও হার নির্বিশেষে বিধবা স্ত্রী পুনর্বিবাহ না করিলে ০১-০৬-৯৪ ইং তারিখ হইতে পূর্ণহারে আজীবন পেনশন প্রাপ্য হইবেন।

মোঃ আনোয়ার উদ্দিন
উপ-সচিব (প্রবিধি)
ফোন: ৮৬২৯৩১

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। সিজিডিএফ (শুধুমাত্র বেসামরিক চাকুরেদের জন প্রযোজ্য)।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১১। বিভাগীয় কমিশনার (সকল) ---------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল) ---------------------------------------।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৫। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৬। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৮। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা। --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) ---------------------------------------।
২১। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
২৩। থানা নির্বাহী অফিসার (সকল) ---------------------------------------।
২৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা) ---------------------------------------।
২৫। গার্ডনথি/সংকলন অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-অম/অবি(বাস্তঃ-১)/বিবিধ-৫/৯৫/২৩০ তারিখ: ১৯/১১/১৯৯৫ ইং। / ৫/৮/১৪০২ বাং।

## অফিস আদেশ

**বিষয়: আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের আনুতোষিক (গ্র্যাচুইটি) নির্ধারণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সমস্ত সংস্থায় [পেনশন প্রথার পরিবর্তে আনুতোষিক (গ্র্যাচুইটি) প্রথা চালু রহিয়াছে, সেই সমস্ত সংস্থায়] কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের, সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন প্রদানের ক্ষেত্রে যে ভাবে বেতন নির্ধারণ করা হয় আনুতোষিক (গ্র্যাচুইটি) প্রদানের ক্ষেত্রেও ঐ একই নিয়ম প্রযোজ্য হইবে।

২। যাহারা ১-১-১৯৯৫ ও ১-৭-১৯৯৫ইং তারিখসমূহে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন, তাহারা ঐ তারিখসমূহে ১০% বেতন বৃদ্ধির সুবিধাসহ আনুতোষিক (গ্র্যাচুইটি) প্রাপ্য হইবেন।

মোঃ ফারুক শিকদার
সিনিয়র সহকারী সচিব।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। অর্থ সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব --------------------------------------(মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪৩, কাকরাইল, সড়ক, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক), বাংলাদেশ, ঢাকা।
৮। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৯। সকল স্ব-শাসিত/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রধানগণ।
১০। ব্যবস্থাপনা পরিচালক --------------------------------------সকল রাষ্ট্রায়াত্ব ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান।
১১। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১২। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৪। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৫। অর্থ বিভাগের স্বায়ত্তশাসিত অনুবিভাগের সকল কর্মকর্তা, ঢাকা।
১৬। ব্যাংকিং বিভাগের সকল কর্মকর্তা।
১৭। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। গার্ড নথি/সংকলন/অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/০৬ তারিখ: ১৫/০১/১৯৯৭ ইং / ০২/১০/১৪০৩ বাং

**বিষয়: অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন কেইস নিষ্পত্তির বিধি/পদ্ধতি সহজীকরণ প্রসঙ্গে।**

বিএসআর-১ম খন্ডের ৪৩৭ ও ৪৪১ ধারায় সাধারণ পেনশন মঞ্জুরির বিধান বর্ণিত আছে। তৎকালীন সরকারের অর্থ রাজস্ব ডিপার্টমেন্টের ১৬-৪-১৯৫৯ ইং তারিখের ২৫৬৬(৪০) এফ নং স্মারক এর ৩নং সেকশনের ৬(১) অনুচ্ছেদ অনুযায়ী গ্র্যাচুইটি ও পারিবারিক পেনশনের ক্ষেত্রেও সাধারণ পেনশন মঞ্জুরির নীতিমালা প্রযোজ্য। এর ফলে অবসর ভাতা ভোগরত অবস্থায় পেনশনারের মৃত্যুর পর বিধবা স্ত্রী/ পরিবার পরিজনদের পুনরায় পেনশনারের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হয় এবং অনেক ক্ষেত্রে পারিবারিক পেনশন মঞ্জুরিতে বিলম্ব ঘটে।

২। পেনশন ভোগরত অবস্থায় মৃত ব্যক্তির পরিবার পরিজনদের পারিবারিক পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে বিলম্ব ও কষ্ট লাঘবের উদ্দেশ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, পারিবারিক পেনশন মঞ্জুরির জন্য মঞ্জুরিকারী কর্তৃপক্ষ যে সকল তথ্যের ভিত্তিতে পেনশন মঞ্জুর করেন, সেই সেকল তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট সিএও/ ডিএও/ টিএও-গণ বিধবা স্ত্রী/ পরিবার পরিজনদের বিধি মোতাবেক পারিবারিক পেনশন বরাদ্দ করিতে পারিবেন। তবে এই ধরনের কেইস নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী আবেদনকারীর পদবী, স্বাক্ষর/ টিপসইসহ প্রয়োজনীয় কাগজপত্র একজন গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করাইতে হইবে, যাহার স্বাক্ষর সংশ্লিষ্ট সিএও/ ডিএও/ টিএও অফিসসমূহ সনাক্ত করিতে পারিবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মানিক লাল সমাদ্দার
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

বিতরণ
১-৪। --------------------------------------
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৬-২১। --------------------------------------

বাংলাদেশ
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
অডিট হাউজ
৪৩, কাকরাইল, সড়ক, ঢাকা-১০০০।

নং-সিএজি/আরআরইউ/২১৫/৮১ তারিখ: ২১/১১/১৪০৩ বাং / ৫/০৩/১৯৯৭ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
২। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম(বিধি-১)৩পি-২৮/৮২(অংশ-২)/৭৫ তারিখ: ৩০/১০/১৯৯৭ ইং / ১৫/০৭/১৪০৪ বাং

## পরিপত্র

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন পরিশোধ প্রসঙ্গে।**

সরকার সদয় হইয়া ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পূর্বে অবসরপ্রাপ্ত সামরিক ও বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের ৩০ শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য নীট পেনশন ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ১০% বৃদ্ধি করায় এবং ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে ৫% বৃদ্ধি করায় ৩০ শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য নীট পেনশন সর্বমোট ১৫% বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পূর্বে অবসরপ্রাপ্ত সকল সামরিক ও বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের নীট পেনশন অনুরূপভাবে ১লা জুলাই, ১৯৯৭ তারিখ এবং ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে পুনঃনির্ধারিত ও প্রদেয় হইবে। নিম্নে প্রদত্ত উদাহরণের মাধ্যমে বিষয়টি স্পষ্টীকরণ করা হইল:

| | | |
|---|---|---|
| ৩০-৬-৯৭ ইং তারিখে নীট পেনশনের পরিমাণ | : | ৫০০.০০ টাকা |
| যোগঃ ১-৭-৯৭ তারিখে ১০% বৃদ্ধি | : | ৫০.০০ টাকা |
| ১-৭--৯৭ ইং তারিখে নীট পেনশনের পরিমাণ | : | মোট = ৫৫০.০০ টাকা |
| যোগ ১-৭-৯৮ইং হইতে ৩০-৬-৯৭ তারিখের নীট পেনশনের উপর ৫% বৃদ্ধি | : | ২৫.০০ টাকা |
| ১-৭-৯৮ তারিখে নটি পেনশনের পরিমাণ | : | মোট = ৫৭৫.০০ টাকা |

১। সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা উপরোক্ত মর্মে পিপিও সংশোধন করিবেন।
২। এই স্মারকে জারিকৃত সংশোধনী যথাক্রমে ১লা জুলাই, ১৯৯৭ তারিখ ও ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে কার্যকর হইয়াছে কিংবা উক্ত তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।
৩। এই স্মারকের সংশোধনীর আওতায় সংশ্লিষ্ট বিধিসমূহ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মানিক লাল সমাদ্দার
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

বিতরণ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বাংলাদেশ, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক(বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। সিজিডিএফ (শুধুমাত্র বেসামরিক চাকুরেদের জন প্রযোজ্য)।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১১। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল) --------------------------------------। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৫। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৬। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৮। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।

১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা। --------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) ---------------------------------------।
২১। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
২৩। থানা নির্বাহী অফিসার (সকল) ---------------------------------------।
২৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা) ---------------------------------------।
২৫। গার্ডনথি/সংকলন অফিস কপি।

অমূল্য প্রশাদ চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব
প্রবিধি শাখা-১
অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/(প্রবিধি-১)/৩পি-২৮/৮৫/৮০(১৫০০)

তারিখ: ১৯/১১/১৯৯৭ ইং / ০৫/০৮/১৪০৪ বাং

## স্মারক পত্র

**বিষয়: পেনশনের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।**

সরকার কর্তৃক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের প্রেক্ষিতে অর্থ বিভাগের ২৩-০৩-৯৫ ইং তারিখের অম/অবি/(প্রবিধি-১)/৩পি-২৮/৮৫/২৯(১০০০) সংখ্যক স্মারক আংশিক সংশোধন করতঃ 'গ্রস পেনশন' এর সর্বোচ্চ পরিমাণ ৯০০০/- টাকার স্থলে ১২,৫০০/- টাকায় নির্ধারণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

২। এই আদেশ ০১-০৭-৯৭ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মানিক লাল সমাদ্দার
যুগ্ম-সচিব (বাস্তঃ ও প্রবিধি)

বিতরণ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। সিজিডিএফ (শুধুমাত্র বেসামরিক চাকুরেদের জন প্রযোজ্য)।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১১। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল) --------------------------------------।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৪। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১৫। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৬। পরিচালক, বানিজ্যক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৭। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৮। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা। -------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) --------------------------------------।
২১। বাস্তবায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
২৩। থানা নির্বাহী অফিসার (সকল) --------------------------------------।
২৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা) --------------------------------------।
২৫। গার্ডনথি/সংকলন অফিস কপি।

অমূল্য প্রসাদ চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব
প্রবিধি শাখা-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

**প্রজ্ঞাপন**

নং-অম/অবি (বাস্ত-১)/ভাতা-৫/৯৯/২৫৬ তারিখ: ১৬-০৫-১৪০৬ / ৩১-০৮-১৯৯৯

অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ প্রবি-২/ চিভা-৩/ ৮৫/ ৩৬(২০০) তারিখ ৮-৪-৯৮ বাং/২৩-৭-১৯৯২ ইং এর আংশিক সংশোধনক্রমে অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা কর্মচারী এবং পারিবারিক অবসর ভাতা প্রাপ্ত ব্যক্তিবর্গের চিকিৎসা ভাতা মাসিক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হতে বৃদ্ধি করে মাসিক ২০০/- (দুইশত) টাকা করা হল।

২। এই বর্ধিত হার ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ

নং-অম/অবি (বাস্ত-১)/ভাতা-৫/৯৯/২৫৬ তারিখ: ১৬-০৫-১৪০৬ / ৩১-০৮-১৯৯৯

অনুলিপি প্রেরিত হল:

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা-তাঁর প্রশাসনিোক আওতাধীন সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগের সচিব ---------------------------------------
তার প্রশাসনিক আওতাধনি সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, ঢাকা-ইহা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তির ১০০০ (এক হাজার) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

(মোহাম্মদ ইউসুফ)
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/৩পি-২৫/৯১/১০ তারিখ: ১৫-০১-২০০১ খ্রিঃ

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের অবসর গ্রহণ, অবসরপ্রস্তুতি ছুটি (এল.পি.আর) ইত্যাদি প্রসঙ্গে।**

সরকারি ছুটির দিন/ দিনগুলির অব্যবহিত পূর্বের কর্মদিবসে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬/৬/১৯৮৩ তারিখের নং ইডি (রেগু-৪)-১৮৬/৮৩-৫৮ অফিস স্মারকে বর্ণিত অবস্থার আলোকে, অবসরপ্রস্তুতিমূলক ছুটির তারিখ নির্ধারণ সম্পর্কিত অর্থ বিভাগের স্মারক নং-অম/ অবি/ (প্রবিধি-১) ৩-পি-২৫/৯১/১ (১০০০), তাং ১-১-১৯৯২ (সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের অবসর গ্রহণ, অবসরপ্রস্তুতি ছুটি (এল, পি আর) ইত্যাদি প্রসঙ্গে) পর্যালোচনা করে অর্থ বিভাগের স্মারকের অনুচ্ছেদ ২ এর খ এর শেষ লাইন 'যদি উক্ত তারিখ সরকারি ছুটি থাকে তবে উহার অব্যবহিত পূর্বের কর্মদিবস হইতে উক্ত ছুটি কার্যকর হইবে' বাদ যাইবে বলিয়া নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাইতেছে। এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হইবে।

এম আফজালুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

নং-অম/অবি/প্রবিধি-১/৩পি-২৫/৯১/১০(৫০০) তারিখ: ১৫-০১-২০০১ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,বাংলাদেশের অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, কাকরাইল ঢাকা।
৬। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ---------------------------------------------------- (মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁহার অধীনস্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক), বাংলাদেশ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৯। সিজিডিএফ, (শুধুমাত্র বে-সামরিক চাকুরেদের জন্য প্রযোজ্য)।
১০। বিভাগীয় কমিশনার (সকল)-----------------------------।
১১। জেলা প্রশাসক (সকল) ---------------------------------------------------।
(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক সচিবালয়, সেগুনবাগিচা, ঢাকা তাহার ২১/১২/২০০০ তারিখের পত্র নং সিএণ্ড/ বেঃস্বাঃ/ ঘো/ ২১/ ৯৭৫ এর প্রক্ষিতে।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা। ------------------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১৪। জনাব মোঃ মোজাম্মেল হক, যুগ্ম-সচিব অর্থ মন্ত্রণালয় (এল.পি.আর ভোগরত)। তাঁহার ২৫-১২-২০০০ তারিখের আবেদনের প্রক্ষিতে।

এম আফজালুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

(একই নম্বর ও তারিখে জারিকৃত স্মারক পত্রের স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২৬/৮৬(অংশ ২)/১২৮ তারিখ: ১১-০৯-২০০১ ইং

## স্মারকপত্র

**বিষয়: বেসামরিক পেনশনভোগীদের বর্ধিত চিকিৎসা ভাতা পুনঃনির্ধারণ পদ্ধতি অধিকতর সহজীকরণ প্রসঙ্গে।**

যে সকল পেনশনার ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলন করে থাকেন চিকিৎসা ভাতা বৃদ্ধির কারণে প্রচলিত নিয়মানুসারে তা পুনঃনির্ধারণের জন্য তাদের পিপিও (Pension Payment Order) এবং ডি-হাফ (Disburser's half) হিসাবরক্ষণ অফিসে দাখিল করতে হয়। এর ফলে বর্ধিত চিকিৎসা ভাতা প্রাপ্তিতে বিলম্ব ঘটে।

২। এই অসুবিধা দুরীকরণের লক্ষ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যেঃ-

ক) বর্ধিত চিকিৎসা ভাতা পুনঃনির্ধারণের জন্য পেনশনারগণ নিজ নিজ পিপিও হিসাবরক্ষণ অফিসে দাখিলের পরিবর্তে সরাসরি সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করবেন।

খ) ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কোন সিনিয়র অফিসার বা তদূর্ধ্ব পর্যায়ের কোন কর্মকর্তা এতদসংক্রান্ত ভাতা বৃদ্ধির আদেশের নম্বর ও তারিখ উল্লেখপুর্বক পেনশনারের পি পি ও এবং ডি-হাফ এ বর্ধিত চিকিৎসা ভাতা পুনঃনির্ধারণ করে তার স্বাক্ষরের নীচে নিজ নাম সম্বলিত সীল মোহর প্রদান করবেন।

গ) চিকিৎসা ভাতা পুনঃনির্ধারণের তথ্যাদি পেনশন পুনঃর্ভরনের দাবী পরিশোধকারী হিসোব রক্ষণ অফিসকে সংশ্লিষ্ট ব্যাংক তাৎক্ষণিকভাবে অবহিত করবেন এবং হিসাবরক্ষণ অফিস এভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তার অফিসে এতদসংক্রান্ত কাগজাদি হাল-নাগাদ করে রক্ষণাবেক্ষণ করবেন।

৩। এই আদেশের প্রাধিকার পেনশন সংক্রান্ত বিধি/পদ্ধতির আদেশ/স্মারকের সংশ্লিষ্ট অংশ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব
বাস্তবায়ন ও প্রবিধি

বিতরণ:
জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহ এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব
(তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক), বাংলাদেশ, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহ এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। সিজিডিএফ, বাংলাদেশ, ঢাকা।
৯। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১০। বিভাগীয় কমিশনার (সকল)-----------------------------।
১১। জেলা প্রশাসক (সকল) -----(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১২।মহাপরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি, ভবন, চট্টগ্রাম।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ------------------------------------------------ (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।

১৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) ----------------------------------
(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/১০৩ তারিখ: ২৩ শে জুলাই, ২০০১ ইং / ৮ই শ্রাবণ, ১৪০৮ বাং

**বিষয়: বিধবা স্ত্রীগণের আজীবন পেনশন প্রাপ্তি সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-অব/ অবি/ বিধি-১/৩পি-২০/৯৫/৯৩ (২০০০) তারিখ: ৩০-৯-১৯৯৫ ইং।

যে সকল বিধবা স্ত্রীগণের পারিবারিক পেনশন ভোগের মেয়াদ ১-৬-১৯৯৪ তারিখের পূর্বে সমাপ্ত হয়েছে তাঁদেরকে আজীবন পেনশন প্রদানের সুযোগ সূত্রোস্থ স্মারকে প্রদান করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, এ সুযোগটি অনির্দিষ্টকাল পর্যন্ত অবারিত থাকলে এর অপব্যবহারের প্রবণতা সৃষ্টি হতে পারে।

২। বিষয়টি পর্যালোচনাক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ১-৬-১৯৯৪ তারিখের পূর্বে তৎকালীন প্রচলিত বিধান অনুযায়ী যে সকল বিধবা স্ত্রীদের পারিবারিক পেনশন ভোগের সময় সীমা (১৫ বৎসর) উত্তীর্ণ হয়েছে এবং তাঁদের মধ্যে যারা এখনও পর্যন্ত সূত্রোস্থ স্মারক অনুযায়ী আজীবন পেনশন প্রাপ্তির জন্য আবেদন করেননি, আগামী ৩১-৭-২০০১তারিখের পর তাঁদের আর পারিবারিক পেনশন প্রাপ্তির জন্য আবেদন করার সুযোগ থাকবে না এবং উক্ত তারিখের পর এ ধরনের আবেদনের ক্ষেত্রে পারিবারিক পেনশন মঞ্জুর করাও যাবে না।

৩। সূত্রোস্থ স্মারকখানি এই মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/১০৩(২০০০) তারিখ: ২৩ শে জুলাই, ২০০১ ইং / ৮ই শ্রাবন, ১৪০৮ বাং

প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,বাংলাদেশ, ১৮৯,শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী,কাকরাইল ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো) (মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বে-সামরিক), বাংলাদেশ, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। সিজিডিএফ (শুধুমাত্র বেসামরিক চাকরিদের জন্য প্রযোজ্য)।
৯। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১০। বিভাগীয় কমিশনার (সকল)---------------------------------------------------------------------------।
১১। জেলা প্রশাসক (সকল)--------------------------------------------------------------------। (তাঁর অধীনস্থ সকল জেলা ও উপজেলা হিসাবরক্ষণ অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১২। পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা-------------------------------------------- সকল মন্ত্রণালয়/ বিভাগ।
১৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)---------------------------------------------------------------। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

আঃ হাঃ মোঃ জিয়াউল হক
সিনিয়র সহকারী সচিব

কেবলমাত্র সরকারি অফিসের কাজে ব্যবহারের জন্যে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ অধিকতর পদ্ধতি সহজীকরণ

**আশ্বিন ১৪০৮/ অক্টোবর ২০০১**

**প্রবিধি শাখা-১**
**অর্থ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২৬/৮৬(অংশ-২)/১৩৫

তারিখ: ০৮-১০-২০০১ খ্রিঃ
২৩-০৬-১৪০৮ বাং

## স্মারক

**বিষয়: বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি অধিকতর সহজীকরণ প্রসঙ্গে।**

অবসর গ্রহণকারী সরকারি চাকুরে ও সরকারি চাকুরের মৃত্যুর ক্ষেত্রে তাঁহাদের পরিবারবর্গের অবসরজনিত সুবিধাদি সঠিক সময়ে প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সরকার অর্থ বিভাগের ১-৬-১৯৯৪ খ্রিঃ/ ১৮-২-১৪০১ বাংলা তারিখের স্মারক নং- অম/ অবি/ বিধি/ পেনশন/৩ পি-২৬/ ৯৪/ ৯৪/ ১৭ এর মাধ্যমে জারিকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি সহজীকরণ আদেশ পর্যালোচনাপূর্বক পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি আরও অধিকতর সহজীকরণ করিয়া উক্ত স্মারকটি নিম্নরূপভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:-

**২.০০। অবসরজনিত পেনশন**

**২.০১। কল্যাণ কর্মকর্তা**

অবসরগ্রহণকারী সরকারি চাকুরেদের পেনশন কেস প্রক্রিয়াকরণে সহায়তা করার জন্য প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর কর্তৃক পেনশন কেস প্রক্রিয়াকরণেণ সরাসরি সম্পৃক্ত একজন কর্মকর্তাকে কল্যাণ কর্মকর্তা হিসাবে মনোনয়ন করিতে হইবে। মনোনীত কল্যাণ কর্মকর্তা এই সহজীকরণ আদেশের ২.০৪ এবং ২.১১ অনুচ্ছেদে বর্ণিত কার্যাবলী সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করিবেন। ইহা ছাড়াও পেনশনারের বিষয়ে প্রাপ্ত যাবতীয় আপত্তি মিমাংসা করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।

**২.০২। সার্ভিস বুক সংরক্ষণ**

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর, নন-গেজেটেড চাকুরেদের ২(দুই) কপি সার্ভিস বুক যথাযথভাবে পূরণ করিয়া প্রতি বৎসর হালনাগাদ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সার্ভিস বুকে কোন ঘষামাজা/ অস্পষ্টতা গ্রহণযোগ্য হইবে না, সকল এন্ট্রি স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে। সার্ভিস বুক-এ জন্ম তারিখ সংখ্যায় ও কথায় লিখিতে হইবে। মূল সার্ভিস বুক নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসে রক্ষিত থাকিবে, তবে উক্ত চাকুরে বদলি হইলে সার্ভিস বুকের মূল কপিটি চাকুরের বদলিকৃত কর্মস্থলে প্রেরণ করিতে হইবে। দ্বিতীয় কপিটি সংশ্লিষ্ট চাকুরের নিকট হস্তান্তর করিতে হইবে। কোন সঙ্গত কারণ ব্যতীত সার্ভিস বুক হালনাগাদ না থাকিলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ দায়ী কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন। প্রতি বৎসর ফেব্রুয়ারী মাসে সার্ভিস বুক অবশ্যই হালনাগাদ করিতে হইবে।

**২.০৩। কর্মকর্তাদের চাকরির বিবরণী সংরক্ষণ**

প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ গেজেটেড সরকারি চাকুরেদের চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা-কর্মকর্তাদের নিয়োগ, চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড স্কেল প্রদান, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে পরিচিতি নম্বর প্রদান করিয়া সংরক্ষণ করিবেন। সম্ভব হইলে এই সব তথ্য কম্পিউটারে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা বর্ণিত তথ্যাদি সংরক্ষণ করেন বিধায় প্রয়োজনীয় তথ্য সম্বলিত চাকরি বিবরণী যথাসময়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে সরবরাহ করিবেন।

**২.০৪। অবসর গ্রহণকারীদের অগ্রিম তালিকা প্রণয়ন ও প্রেরণ**

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর স্ব-স্ব নিয়ন্ত্রণাধীন সরকারি চাকুরেদের মধ্যে যাঁহারা পরবর্তী পঞ্জিকাবর্ষে অবসরপ্রস্তুতি ছুটিতে যাইবেন তাঁহাদের নাম, পদবী, কর্মস্থল, জন্ম তারিখ, অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ, অবসর গমণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক একটি তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি জানুয়ারী, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসে) হালনাগাদ করিয়া তালিকার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের দপ্তর প্রধান, হিসাবরক্ষণ অফিস ও আবাসন পরিদপ্তরে (সরকারি বাসায় বসবাসকারীদের ক্ষেত্রে) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখের কমপক্ষে এক বৎসর পূর্বে প্রেরণ নিশ্চিত করিবেন।

## ২.০৫। অবসর গ্রহণের পূর্বে প্রত্যাশিত শেষ বেতন পত্র (ইএলপিসি) (Expected Last Pay Certificate)

একজন সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে গমনের ১১ (এগার) মাস পূর্বে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস/ আয়ন ও ব্যয়ন কর্মকর্তা তাঁহার অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে শেষ আহরণযোগ্য/ নির্ধারণযোগ্য প্রত্যাশিত বেতন উল্লেখপূর্বক ই,এল,পি,সি (সংযোজনী-১) জারি করিবেন। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক জারিকৃত নন-গেজেটেড চাকুরের ই,এল,পি,সি সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে। অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি থাকিলে তারিখসহ বর্ধিত বেতনের পরিমাণ উক্ত বেতন পত্রে উল্লেখ করিতে হইবে। অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে প্রাপ্য ছুটি, ভবিষ্য তহবিলের সুদসহ জমা এবং সরকারের পাওনা সংক্রান্ত তথ্যাদি অগ্রিম হিসাব করিয়া উক্ত ই,এল,পি,সি-তে অন্তর্ভুক্ত করিতে হইবে। ই,এল,পি,সি প্রাপ্তির পর চাকরি সংক্রান্ত কোন পরিবর্তন ঘটিলে প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক হিসাবরক্ষণ অফিস ও সংশ্লিষ্ট চাকুরেকে অবগত রাখিতে হইবে।

## ২.০৬। পেনশনের আবেদন দাখিল ও মঞ্জুরির সময়সীমা

ই,এল,পি,সি প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট চাকুরে অবসরপ্রস্তুতি ছুটি এবং পেনশন মঞ্জুরির আবেদন নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। পেনশনের আবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) মাসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/ পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ উক্ত চাকুরের চাকরি বিবরণী/সার্ভিস বহি হালনাগাদ করিবেন এবং ই,এল,পি,সি ও শেষ ৩ (তিন) বৎসরের রেকর্ডের ভিত্তিতে তাহার নিকট সরকারের দেনা-পাওনা অগ্রিম হিসাব করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে না-দাবী প্রত্যয়নপত্র সংগ্রহ করিবেন। অতঃপর সরকারের পাওনা অর্থের হিসাব নিরূপণ এবং উহা আদায়ের ব্যবস্থা করিয়া কর্তৃপক্ষ পেনশন মঞ্জুরিপত্র জারি করিবেন। এবং পেনশন পরিশোধপত্র (পিপিও) জারির জন্য পেনশন মঞ্জুরির কাগজপত্র সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

## ২.০৭। ছুটি নগদায়ন, ভবিষ্য তহবিলের জমা ও আনুতোষিকের পাওনা বাবদ অগ্রিম তারিখের (Post Dated) চেক প্রদান

ক) এল.পি.আর-এ গমনের ৩ (তিন) মাস আগে প্রাপ্যতা সাপেক্ষে ১২ (বার) মাসের ছুটির নগদায়ন অর্থ ও ভবিষ্য তহবিলের সুদসহ সর্বশেষ স্থিতি প্রদানের আদেশ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর কর্তৃক) একই সাথে জারি করিতে হইবে। সংশ্লিষ্ট চাকুরে আদেশ প্রাপ্তির পর বিল দাখিল করিবেন। বিল প্রাপ্তির পর প্রাপ্য ছুটির (সর্বোচ্চ ১২ মাসের মূল বেতনের সমপরিমাণ) টাকা ও ভবিষ্য তহবিলে জমাকৃত সুদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) টাকা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার দুই মাস পূর্বে হিসাবরক্ষণ অফিস 'পোস্ট-ডেটেড' চেকের মাধ্যমে সংশ্লিষ্ট চাকুরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন। সংশ্লিষ্ট চাকুরে আবেদনপত্রে যে তারিখে (এলপিআর এ গমনের ৬ মাসের উর্ধ্বে নয়) ভবিষ্য তহবিল বাবদ জমা ও সুদ উত্তোলনের ইচ্ছা প্রকাশ করিবেন সেই তারিখ পর্যন্ত সুদ হিসাব করিয়া উক্ত তারিখ সম্বলিত 'পোস্ট-ডেটেড' চেক এলপিআর এ গমণের ২ মাস পূর্বে জারি করিতে হইবে। আবসর প্রস্তুতি ছুটিতে গমনের তারিখ সম্বলিত ছুটির নদগায়নের অর্থের পোস্ট ডেটেড চেক এলপিআর এ গমনের ২ মাস পূর্বে জারি করিতে হইবে। অফিস প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট চাকুরেকে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক মাস পূর্বে উক্ত চেক হস্তান্তর করিবেন।

খ) পেনশন মঞ্জুরির কাগজপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে কাগজপত্র পরীক্ষা করিয়া পেনশন নির্ণয় সংক্রান্ত হিসাব যথাযথভাবে যাচাইপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস পেনশন পরিশোধ পত্র (পি,পি,ও) জারি করিবেন। পি,পি,ওসহ আনুতোষিকের টাকা অবসর গ্রহণের তিন মাস পূর্বে 'পোস্ট-ডেটেড' চেকের মাধ্যমে সংশ্লিষ্ট চাকুরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের কাছে প্রেরণ করিবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধান সংশ্লিষ্ট চাকুরের অবসর গ্রহণের ১ (এক) মাস পূর্বে পিপিও ও আনুতোষিকের চেক আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করিবেন। সংশ্লিষ্ট চাকুরে যে তারিখে অবসর গ্রহণ করিবেন সেই তারিখ এতসংক্রান্ত 'পোস্ট-ডেটেড' চেক ইস্যু করিতে হইবে। কোন কারণে উক্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা সম্ভব না হইলে কারণ ব্যাখ্যাপূর্বক বিষয়টি পরবর্তী এক মাসের মধ্যে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে অবহিত করিতে হইবে।

## ২.০৮। কর্তব্যে অবহেলার কারণে শাস্তিমূলক ব্যবস্থা

পেনশন মঞ্জুরির সাথে জড়িত কোন চাকুরে যদি নির্ধারিত সময়সীমা অনুযায়ী পেনশন কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

## ২.০৯। প্রেষণে থাকাকালীন সময়ে লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন

দেশের অভ্যন্তরে বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/ কর্পোরেশন/ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক/ অর্থলগ্নী প্রতিষ্ঠান/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ের জন্য সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন সরকারি খাতে জমা দেওয়ার বর্তমান প্রথা বিলুপ্ত করা হইল। এই সুবিধা পূর্বে প্রেষণে নিয়োজিত

সরকারি চাকুরেদের জন্যও প্রয়োজ্য হইবে। তবে বিদেশী সরকার/ সংস্থায় প্রেষণে কর্মরত সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন প্রদানের প্রথা প্রচলিত বিধি অনুযায়ী যথারীতি চালু থাকিবে।

### ২.১০। বিতর্কিত চাকরিকাল

বিতর্কিত চাকরিকাল বাদ দিয়া অবশিষ্ট পেনশনযোগ্য চাকরি ২৫(পঁচিশ) বৎসর অথবা তদূর্ধ্বের ক্ষেত্রে পূর্ণ হারে পেনশন মঞ্জুর করিতে হইবে। বিতর্কিত চাকরিকালের কারণে পেনশন আটক রাখা যাইবে না।

### ২.১১। পেনশন কেইস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন ও মনিটরিং

ক) নির্ধারিত সময়সূচি অনুযায়ী পেনশন মঞ্জুরি কার্যক্রম সম্পন্ন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট প্রশাসনিক/ পেনশন মঞ্জুরকারী অফিস ও হিসাবরক্ষণ অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তা মনোনীত কল্যাণ কর্মকর্তার মাধ্যমে নিয়মিত মনিটরিং করিয়া পরিদর্শন বহিতে মন্তব্য লিপিবদ্ধ করিবেন।

খ) সকল আয়ন ও ব্যয়ন কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত ৩ (তিন) মাসে জারিকৃত প্রত্যাশিত শেষ বেতন পত্র (ই,এল,পি,সি), পেনশন পরিশোধ আদেশ (পি,পি,ও) ও অন্যান্য তথ্য সম্বলিত (সংযোজনী-৯) একটি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি, এপ্রিল, জুলাই এবং অক্টোবর) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (হিসাবরক্ষণ অফিসগুলি সি,জি,এ-এর মাধ্যমে এবং মন্ত্রণালয়/ বিভাগগুলি স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগ এর প্রশাসন শাখার মাধ্যমে) অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে নিয়মিত প্রেরণ করিবেন।

### ২.১২। সাময়িক (Provisional) পেনশন প্রদান

যে সকল পেনশন কেইস না-দাবী প্রতায়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে নিষ্পত্তি করা সম্ভব হয় না সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরের/ উত্তরাধিকারীর আবেদনক্রমে প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে প্রদান করিতে হইবে। পরবর্তীকালে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করিয়া পেনশন কেইসটি চূড়ান্ত করিবেন। অন্যথায় উক্ত ৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর সাময়িকভাবে প্রদত্ত নীট পেনশন, পেনশনারের নিজস্ব বিবরণীর ভিত্তিতে চূড়ান্ত করিতে হইবে এবং আনুতোষিকের বাকী অংশ পরিশোধ করিতে হইবে।

### ২.১৩। পেনশন সমর্পণ

বর্তমানে একজন চাকুরে তাঁহার গ্রস পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হন। যে সকল চাকুরে ০১-০৬-১৯৯৪ তারিখে অথবা তাহার পরে অবসর গ্রহণ করিয়াছেন/ করিবেন, তাঁহারা ইচ্ছা প্রকাশ করিলে অবশিষ্ট গ্রস পেনশনের ৫০ ভাগও একবারে সমর্পণ করিয়া উহার পরিবর্তে প্রচলিত বিনিময় হারের অর্ধেক হারে আনুতোষিক গ্রহণ করিতে পারিবেন। উক্ত অবশিষ্ট ৫০ ভাগ গ্রস পেনশন একবারে সমর্পণের বিষয়টি পেনশনারের প্রথম আবেদনপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে, পরবর্তী সময়ে বা খন্ড খন্ড ভাবে কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

### ৩.০০। পারিবারিক পেনশন

### ৩.০১। উত্তরাধিকারী মনোনয়ন

পারিবারিক পেনশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে চাকরিতে থাকা অবস্থায় অথবা পরবর্তী যে কোন সময়ে তাঁহার পরিবারের যে কোন এক বা একাধিক সদস্যকে তাঁহার পারিবারিক পেনশনের সম্পূর্ণ বা অংশ বিশেষের উত্তরাধিকারী মনোনীত করিতে পারিবেন। মনোনয়নের অবর্তমানে পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদানের ক্ষেত্রে তাঁহার সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬ (৪০)-অনুসরণে উত্তরাধিকারী নির্ণয় করিবেন। মৃত পেনশনারের স্ত্রী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে স্থানীয় পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেটের ভিত্তিতে সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে (সংযোজনী-৩)। কোর্ট হইতে সাকসেশন সার্টিফিকেট প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না

### ৩.০২। পুত্র সন্তানের বয়সসীমা

পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়স সীমা ২১ হইতে ২৫ বৎসরে উন্নীত করা হইল। প্রচলিত বিধানের যেই সকল ক্ষেত্রে পুত্র সন্তানের কোন বয়সসীমা বর্তমানে উল্লেখ নাই, সেই সকল ক্ষেত্রে বয়স নির্বিশেষে সকল পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। যেমনঃ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬ (৪০)-এফ-এর অনুচ্ছেদ ৫(২)(এ)(i) মোতাবেক পেনশন গ্রহণের জন্য কোন যোগ্য ব্যক্তি না থাকিলে অনুচ্ছেদ ৫(২)(এ)(ii)-এর অনুসরণে ২৫ বৎসরের অধিক বয়স্ক জীবীত জ্যেষ্ঠপুত্র পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে,

পেনশনারের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে শুধুমাত্র উক্ত সময়কাল পূর্তি পর্যন্ত তিনি পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৩। অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়সসীমা**

পেনশনারদের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে অবশিষ্ট সময় কালের জন্য অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়স নির্বিশেষে সর্বোচ্চ ১৫ বৎসর মেয়াদ কালের অবশিষ্ট সময় কাল পূর্তি পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৪। প্রতিবন্ধী সন্তান**

বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২নং আইন) এর ২নং ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী সন্তান ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে, উক্ত আইনের ১৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্রের অনুলিপি পেনশন পেপারের সহিত জমা দিতে হইবে।

**৩.০৫। বিধবা স্ত্রীর ক্ষেত্রে**

পূর্বে প্রচলিত নিয়ম অনুযায়ী যে সকল বিধবা স্ত্রী ০১-০৬-১৯৯৪ তারিখে পারিবারিক পেনশন পাইতেন/ প্রাপ্ত হইতেন অথবা পরবর্তী সময়ে প্রাপ্য হইবেন, তাঁহারা পুনর্বিবাহ না করিলে ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে পূর্ণহারে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে তাঁহারা পেনশন সমর্পণ করিতে পারিবেন না।

**৩.০৬। অবসর গ্রহণের পরে মৃত্যুর ক্ষেত্রে পারিবারিক পেনশনের হার**

একজন চাকুরে অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে তাঁহার পরিবার যে হারে পারিবারিক পেনশন প্রাপ্য হইতেন, অবসর গ্রহণের পর মৃত্যুবরণ করিলে ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে একই হারে তাঁহার পরিবার/ মনোনীত উত্তরাধিকারী পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৭। আত্মহত্যার ক্ষেত্রে পেনশন**

আত্মহত্যার কারণে মৃত চাকুরের পরিবারকে (যদি থাকে) স্বাভাবিক মৃত্যুর ন্যায় প্রচলিত বিধি অনুযায়ী পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদান করিতে হইবে।

**৪.০০। পেনশন সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী**

**৪.০১। জরুরী ভিত্তিক পেনশন প্রদান**

বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর, স্বেচ্ছায় অবসর, মৃত্যুজনিত কারণে পেনশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে প্রশাসনিক কর্তৃপক্ষ এবং পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে হিসাবরক্ষণ অফিস সকল আনুষ্ঠানিকতা সমাপনান্তে পেনশন মঞ্জুরি ও পিপিও জারি করিবেন। অন্যথায় এই স্মারকের ২.১২ অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক পেনশন প্রদান করিতে হইবে।

**৪.০২। বার্ষিক গোপনীয় প্রতিবেদন**

পেনশন মঞ্জুরির ক্ষেত্রে সরকারি চাকুরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

**৪.০৩। প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ**

প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত জন্ম তারিখ, নমিনি (মনোনীত উত্তরাধিকারী), প্রতিস্বাক্ষর, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) ইত্যাদি হিসাবরক্ষণ অফিসে পুনঃযাচাই ব্যতিরেকেই গৃহীত হইবে। তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করিলে তাহা গ্রহণ যোগ্য হইবে না।

**৪.০৪। বাড়ীভাড়া সংক্রান্ত দাবী**

সরকারি চাকুরের ক্ষেত্রে চাকরির শেষ ৩ (তিন) বৎসরের রেকর্ডের ভিত্তিতে বাড়ী বাড়া ও অন্যান্য আনুষঙ্গিক পাওনা, যেমন- বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পয়ঃ ও পানিকর ইত্যাদি আদায়ের জন্য হিসাবরক্ষণ অফিস/ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন। অবসর গ্রহণের তারিখের পরবর্তী কোন সময়ের জন্য বাসা বরাদ্দের মেয়াদ বৃদ্ধি করা হইলে যে কর্তৃপক্ষ অনুরূপ মেয়াদ বৃদ্ধি করিবেন, উক্ত কর্তৃপক্ষই অতিরিক্ত সময়ের বাড়ী বাড়া ও অন্যান্য আনুষংগিক পাওনাসমূহ, যেমন- বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পয়ঃ ও পানিকর ইত্যাদি আদায় নিশ্চিত করিবেন।

**৪.০৫। ডি-হাফ ও পিপিও**

ক) পেনশনের পিপিও-তে তাঁহার উত্তরাধিকারীর নাম, পেনশনারের সহিত সম্পর্ক, বৈবাহিক অবস্থা ও বয়স ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে। পি,পি,ও এবং ডি-হাফ এর সহিত সংযোজনী-২ মোতাবেক উপরিউক্ত তথ্যাবলী অবশ্যই সংযুক্ত করিতে হইবে। চাকুরে/ অবসরপ্রাপ্ত চাকুরে জীবীত থাকা অবস্থায় সংযোজনী-২ মোতাবেক তথ্যাদি সরবরাহ না করিলে পারিবারিক পেনশনের আবেদনকারীকে সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি দাখিল করিতে হইবে এবং সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি পি,পি,ও এবং ডি-হাফ এর সহিত অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

খ) হিসাবরক্ষণ অফিস ডি-হাফ (Disburser's half) এবং পিপিও (Pension Payment Order) যথাযথভাবে পূরণ করা নিশ্চিত করিবে। কাগজের মান উন্নত করা এবং পেনশন বইটি ভালোমত বাঁধানোর ব্যবস্থা সংস্থাপন মন্ত্রণালয় গ্রহণ করিবে।

**৪.০৬। ঢাকা মহানগরীর পেনশনারগণের পেনশন প্রদান:**

ঢাকা জেলা হিসাবরক্ষণ অফিস হইতে বর্তমানে যাঁহারা পেনশন উত্তোলন করেন তাঁহাদের পেনশন হিসাব মহা নিয়ন্ত্রক (সিজিএ) সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার (সিএও) কার্যালয় হইতে প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**৪.০৭। পেনশন ফরমঃ**

এই আদেশ জারির তারিখ হইতে সংশোধিত পেনশন ফরম (সংযোজনী-৪) এবং পারিবারিক পেনশন ফরম (সংযোজনী-৫) ব্যবহৃত হইবে। সংস্থাপন মন্ত্রণালয় প্রয়োজনীয় পর্যাপ্ত ফরম সরবরাহের ব্যবস্থা করিবে। ফরমে উল্লিখিত তথ্যের বাহিরে আর কোন তথ্য অবসর গ্রহণকারী/ উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না। সংযোজনী ফরম-৪ এবং ৫ ভিন্ন রং এর হইবে।

**৪.০৮। অনুত্তোলিত পেনশন এবং বকেয়া পেনশন প্রদানের পদ্ধতি:**

একজন পেনশনার যদি এক বৎসর বা তদূর্ধ্ব সময়কাল পেনশন উত্তোলন করিতে না পারেন সে ক্ষেত্রে পেনশন অনুত্তোলিত/ বকেয়া থাকার কারণ সংবলিত আবেদন প্রধান/ জেলা/ থানা হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে। প্রধান/ জেলা/ থানা হিসাবরক্ষণ অফিসার তাঁহার অফিসে যথাযথভাবে প্রাপ্ত পিপিও এবং ডি-হাফ এর ভিত্তিতে অনুত্তোলিত/ বকেয়া পেনশন পরিশোধ করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নূতন করিয়া অনুমোদন/ মঞ্জুরি গ্রহণের প্রয়োজন হইবে না।

**৪.০৯। পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজ পত্রাদিঃ**

ক) চাকুরের নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নে উল্লিখিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না:

| | | |
|---|---|---|
| ১) | <u>নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে</u> চাকরির বিবরণী | ১ কপি |
| ২) | এলপিআর-এ গমনের মঞ্জুরি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি |
| ৩) | প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি |
| ৪) | পেনশন ফরম ২.১ (সংযোজনী-৪) | ১ কপি |
| ৫) | সত্যায়িত ছবি | ৪ কপি |
| ৬) | প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণা পত্র (সংযোজনী-২) | ৩ কপি |
| ৭) | নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) | ৩ কপি |
| ৮) | না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮) | ১ কপি |
| ৯) | পেনশন মঞ্জুরি আদেশ | ১ কপি |

খ) **<u>পারিবারিক পেনশনের ক্ষেত্রে:</u>** আনুতোষিক ও অবসরভাতা পাওয়ার জন্য নিম্নে উল্লিখিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না। তবে প্রতিবন্ধী সন্তানের অনুকূলে পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.০৪ অনুসরণে নিবন্ধন সম্পর্কীয় পরিচয় পত্র হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে।

**<u>খ) ১) পেনশন মঞ্জুরির পূর্বেই পেনশনারের মৃত্যু হইলেঃ</u>**

| | | |
|---|---|---|
| ১) | নন-গজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকরির বিবরণী- | ১ কপি |
| ২) | এলপিআর-এ গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি |
| ৩) | প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি |
| ৪) | পারিবারিক পেনশনের আবেদন পত্র ফরম ২.১ (সংযোজনী-৫) | ১ কপি |
| ৫) | সত্যায়িত ছবি | ৪ কপি |

| | | |
|---|---|---|
| ৬) | উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) | ৩ কপি |
| ৭) | নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) | ৩ কপি |
| ৮) | অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭) | ৩ কপি |
| ৯) | চিকিৎসক/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র | ১ কপি |
| ১০) | না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮) | ১ কপি |
| ১১) | পেনশন মঞ্জুরি আদেশ | ১ কপি |

খ) **২) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলেঃ**

| | | |
|---|---|---|
| ১. | পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)- | ১ কপি |
| ২. | সত্যায়িত ছবি | ৪ কপি |
| ৩. | উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) | ৩ কপি |
| ৪. | নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) | ৩ কপি |
| ৫. | অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করার ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭) | ৩ কপি |
| ৬. | চিকিৎসক/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র | ১ কপি |
| ৭. | পি,পি,ও এবং ডি-হাফ | ১ কপি |

**৪.১০। ভবিষ্য তহবিলের সুদঃ**

যে সকল ব্যক্তি ভবিষ্য তহবিলে জমা টাকার উপর সুদ গ্রহণ করিতে অনিচ্ছুক তাঁহাদের ভবিষ্য তহবিলের সুদ এর পরিবর্তে সরকারের তরফ হইতে চাঁদা/ অনুদান প্রদানের বিষয় পরবর্তীকালে বিবেচনা করা হইবে।

৫। এই স্মারকে বর্ণিত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হইবে।

৬। এই স্মারকবলে পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি এবং আদেশ/ স্মারক ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। এই স্মারকে বর্ণিত হয় নাই এমন কোন বিষয় সম্পর্কে বর্তমানে প্রচলিত বিধি-বিধান/ পদ্ধতি/ আদেশসমূহ পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

সৈয়দ মুশতাক
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।

নং-অম/অবি/বিধি -১/৩পি-২৬/৮৬(অংশ-২)/১৩৫(১০,০০০) তারিখ: ০৮-১০-২০০১ খ্রিঃ / ২৩-০৬-১৪০৮ বাং

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব ---------------------------------------------------------------------
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল) (মন্ত্রণালয়/ বিভাগ)।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। সিজিডিএফ, বাংলাদেশ, ঢাকা।
৯। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, যোগাযোগ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সিআরবি ভবন, চট্রগ্রাম।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১৩। বিভাগীয় কমিশনার (সকল) ------------------------------।
১৪। জেলা প্রশাসক (সকল) -------------------------------------------------------।
(তাঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)---------------------------------------------------------।
১৭। থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল থানা)-------------------------------------------------।

মোঃ খোরশেদ আলম
উপ-সচিব (প্রবিধি)
অর্থ বিভাগ

## সংযোজনী-১

### প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)
### Expected Last Pay Certificate (ELPC)

**সহজীকরণ স্মারকের ২.০৫ অনুচ্ছেদ অনুসারে**

(গেজেটেড কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসার পূরণ ও জারি করিবেন এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা পূরণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতিস্বাক্ষরে জারি করিবেন)

১। জনাব/ বেগম ------------------------------------------------------------------------------------------ এর প্রত্যাশিত শেষ বেতন প্রত্যায়নপত্র।

ক) পদবী :

খ) অফিস :

গ) জন্ম তারিখ :

ঘ) গ্রাহ্য চাকরিতে প্রথম যোগদানের তারিখ :

ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ :

চ) অবসর গ্রহণের তারিখ :

ছ) শেষ আহরিত বেতন স্কেল :

জ) পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ :

২। দেয় মাসিক বেতন ভাতার বিবরণ:

| খাত | অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে | অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে |
|---|---|---|
| ক) মূল বেতনঃ | | |
| খ) ছুটিতে ইনক্রিমেন্টের মাসিক হার (টাকা): | | |
| গ) বিশেষ বেতনঃ | | |
| ঘ) দায়িত্ব/ বিশেষ ভাতা: | | |
| ঙ) বাড়ী ভাড়া ভাতা: | | |
| চ) চিকিৎসা ভাতা: | | |
| ছ) মহার্ঘ ভাতা: | | |
| জ) যাতায়াত ভাতা: | | |
| ঝ) ধোলাই ভাতা: | | |
| ঞ) ব্যক্তিগত ভাতা: | | |
| ট) কারিগরী ভাতা: | | |
| ঠ) আপ্যায়ন ভাতা: | | |
| ড) টিফিন ভাতা: | | |

৩। **ভবিষ্য তহবিলের হিসাবঃ**

ক) হিসাব নং------------------------ বই নং---------------------------- পৃষ্ঠা নং------------------------

খ) হিসাবটি সরকার প্রদত্ত সুদ/ অনুদান মুক্ত/ সহ

গ) বেতন হইতে নিয়মিত মাসিক জমার হার: টাকা ------------------------------

ঘ) বিগত ৩০ শে জুন, ২০---------- তারিখ পর্যন্ত সুদসহ মোট স্থিতি/ জমা টাকা ----------------------

ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত মোট স্থিতি/ জমা টাকা ----------------------------

চ) আবেদনে উল্লিখিত তারিখ (এলপিআর-এ গমনের ৬মাসের উর্ধ্বে নয়) পর্যন্ত প্রত্যাশিত মোট স্থিতি/ জমা টাকা ----------------------

৪। আদায়যোগ্য বকেয়া ও গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট কর্তনের বিবরণ:

| খাত | আদায়যোগ্য বকেয়া/ গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট | মাসিক কর্তনের হার | অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত অবশিষ্ট |
|---|---|---|---|

ক) গৃহ নির্মাণ অগ্রিম
খ) মটর কার/ সাইকেল/ কম্পিউটার
গ) ভ্রমণ ভাতা অগ্রিম
ঘ) অগ্রিম বেতন
ঙ) বাড়ী ভাড়া
চ) গাড়ী ভাড়া
ছ) টেলিফোন বিল
জ) বিদ্যুৎ বিল
ঝ) গ্যাস বিল
ঞ) পয়ঃ ও পানি কর
ট) পৌর কর
ঠ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের রেকর্ডের ভিত্তিতে কর্মকর্তা/ কর্মচারীর নিকট থেকে অন্য কোন আদায়যোগ্য অর্থ (যদি থাকে)

৫। অর্জিত ছুটির হিসাবঃ

| ছুটির ধরণ | মোট অর্জিত | মোট ভোগকৃত | মোট অবশিষ্ট |
|---|---|---|---|
| ক) পূর্ণ গড় বেতনে | | | |
| খ) অর্ধ-গড় বেতনে | | | |

ভারপ্রাপ্ত কর্মকর্তার তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

নং-------------------------------------------- তারিখ ----------------

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১।

২।

৩।

## সংযোজনী-২

### প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র

সহজীকরণ স্মারকের ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী চাকুরে নিজে পূরণ করিবেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ বিভাগের -------------------------------------- তারিখের স্মারক নং-অম/ অবি/ প্রবি-১/ ৩পি-২৬/ ৮৬(অংশ-২)/ ------------------ এর ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ আমার প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারীঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার % | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা | ছবি (স্ট্যাম্প সাইজ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

মনোনীত উত্তরাধিকারীঃ

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

মনোয়নকারীর স্বাক্ষর ও তারিখ:

**সংযোজনী-৩**

**উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট**

(সহজীকরণ স্মারকের ৩.০১ অনুচ্ছেদ অনুযায়ী)

নং------------------------------------------- তারিখ --------------------------------

পৌরসভা/ ইউনিয়ন/ ওয়ার্ডের নাম ও নং------------------------------------------------------------------ থানা ---------- --------------------------------------জেলা/ শহর------------------------------------আমি প্রত্যায়ন করিতেছি যে, মরহুম/ মরহুমা ----------------------------------------------এই এলাকার অধিবাসী ছিলেন। তাঁহার বাসা নং--------------------- ---------- রাস্তা নং ------------------------------------- রাস্তার নাম -------- -------------------------------------------- ব্লক নং ------------------------/ গ্রাম -------------------- পোস্ট অফিস ------------------------ থানা -------------------- -------------------------------------- জেলা ------------------------------------------------। তাঁহাকে এবং তাঁহার পরিবারের সদস্যগণকে আমি ------------ বৎসর যাবৎ চিনি। বিগত ---------------------- তারিখে তিনি মৃত্যুবরণ করিয়াছেন। মৃত্যুকালে তিনি তাঁহার পরিবারের নিম্ন বর্ণিত সদস্য রাখিয়া গিয়াছেনঃ-

| ক্রমিক নং | নাম | জন্ম তারিখ ও বয়স | সম্পর্ক | প্রতিবন্ধী অবস্থা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

উল্লিখিত সদস্য/ সদস্যগণ ব্যতীত তাঁহার আর কোন উত্তরাধিকারী নাই। সরকারের বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট দেনা পাওনার বিষয় নিষ্পত্তি করার ব্যাপারে কেবলমাত্র উপরোক্ত সদস্য/ সদস্যাগণ মরহুম/ মরহুমা এর উত্তরাধিকারী বিবেচিত হইবেন।

আমি আরও প্রত্যয়ন করিতেছি যে, মরহুম -------------------------------------------------- এর জীবীত একমাত্র -------- ------------------------------------- স্ত্রী বেগম ----------------------------- পুনর্বিবাহ করেন নাই এবং কোন পুনর্বিবাহের অঙ্গীকারেও আবদ্ধ হন নাই।

স্বাক্ষর
পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার
সীলমোহর (নামযুক্ত)

নং----------------------------------------------- তারিখ -----------------------------------------

প্রত্যয়ন করা হইল: সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর:

সীলমোহর ও

পূর্ণ ঠিকানা ----------------------------------------------------

----------------------------------------------------

<u>সংযোজনী-৪</u>

**পেনশন ফরম ২.১**
**(চাকুরের নিজের অবসরের ক্ষেত্রে প্রযোজ্য)**

নাম: জনাব/ বেগম -------------------------------------------------------------

শেষ পদবী: -----------------------------------------------------------------

শেষ অফিস: ---------------------------------------------------------------

এর পেনশন সংক্রান্ত।

**নির্দেশাবলী**

১। সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার কমপক্ষে ১০ মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি তাঁহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসরপ্রস্তুতি ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করার জন্য কমপক্ষে ১২ মাস পূর্বে দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়ন পত্র ও মন্তব্য/ সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরি কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরি কর্তৃপক্ষ না-দাবী প্রত্যায়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

৪। হিসাবরক্ষণ অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরির আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সে জন্য ফরমের যে কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

প্রথম অংশ

**আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)**

সমীপে

------------------------------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------

**বিষয়: পেনশন পরিশোধের আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি সরকারি চাকরি হইতে --------------তারিখে অবসরপ্রস্তুতি ছুটিতে গমন করিব/ করিয়াছি এবং --------------------------তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করিব/ করিয়াছি। আমি অবসর ভাতার অর্ধেক/ সম্পূর্ণ বিনিময় করিতে চাই। সেইমতে বিধি মোতাবেক প্রাপ্য অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নে বর্ণিত মনোনীত হারে আমার বৈধ উত্তরাধিকারীদেরকে এই পারিবারিক পেনশন প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি:-

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার(%) | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

৩। আমি এই চাকরির কোন অংশ বিশেষের জন্য পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। **অংগীকারনামাঃ**

ক) আমার জানামতে আমার নিকট সরকারের কোন পাওনা নাই। তথাপিও এই পেনশন পরিশোধের পর যে কোন সময়ে অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী, ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/ থাকিবে।

খ) যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী, আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/ আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ দিতে বাধ্য থাকিব/ থাকিবে।

৫। হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ প্রধান/ জেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়----------------------------------------------------/ সোনালী ব্যাংকের শাখা-------------------------------------------------- (পূর্ণ ঠিকানা) -----------------------------------------------------------------------------------হইতে আমি আমার অবসর ভাতা ও আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত ব্যাংক শাখায় আমার চলতি/ সঞ্চয়ী ব্যাংক হিসাব নং --------------।

৬। নিম্নে আমার তিনটি নমুনা স্বাক্ষর এবং হাতের বৃদ্ধাঙ্গুলের ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:-

| ক্রমিক নং | পূর্ণ স্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর | বাম/ ডান বৃদ্ধাঙ্গুলের ছাপ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

সত্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর----------------------------
সীলমোহর (নামযুক্ত)

৭। আবেদনকারীর ডাক ঠিকানা:

ক) বর্তমান ------------------------------------------------
-------------------------------------------------
-------------------------------------------------

খ) স্থায়ী ----------------------------------------------------
-------------------------------------------------
---------------------------------------------------

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

নাম:----------------------------

পদবী:----------------------------

শেষ কর্মস্থল:----------------------

## দ্বিতীয় অংশ

**(দপ্তর/ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)**

১.০ চাকুরের চাকরির বিবরণীঃ-

১.০১ নাম :

১.০২ পিতার নাম :

১.০৩ জাতীয়তা :

১.০৪ অবসরের সময়ে পদবী :

১.০৫ জন্ম তারিখ :

১.০৬ চাকরিতে যোগদানের তারিখ :

১.০৭ চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ :

১.০৮ আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী :

| | | বৎসর | মাস | দিন |
|---|---|---|---|---|
| ২.০০ | চাকরির খতিয়ান: | | | |
| ২.০১ | বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| ২.০২ | অযোগ্য চাকরি: | | | |
| | ক) ১৮ বৎসর পূর্বের চাকরি: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | খ) অসাধারণ ছুটিঃ | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | গ) কর্তব্য/ ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকালঃ | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | ঘ) চাকরিতে বিরতির সময়কাল: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকরিকাল: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | চ) পদত্যাগ করার দরুণ বাতিলকৃত চাকরিকাল: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | ছ) অননুমোদিত অনুপস্থিতি: | | | |
| | ---------------------- তারিখ হইতে ---------------------- তারিখ পর্যন্ত | ---- | ---- | ---- |
| | মোট | ---- | ---- | ---- |

২.০৩ নীট চাকরিকাল: (২.০১- ২.০২) বৎসর মাস দিন

২.০৪ অন্যান্য যোগ্য চাকরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে -------------------------------------

-------------------------------------- -------------- যোগ করিতে হইবে):

ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকরি:

----------------------- তারিখ হইতে ----------------------- তারিখ পর্যন্ত ---- ---- ----

খ) চাকরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল:

গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে-কোন চাকরিকাল:

মোট ---- ---- ----

২.০৫ মোট যোগ্য চাকরি (২.০৩ + ২.০৪) বৎসর মাস দিন

২। এ উৎসব ভাতা অবসরপ্রাপ্ত মুসলমান পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ নীট পেনশনের ৫০% হারে বছরে দুই ঈদে দু'টি এবং অন্যান্য ধর্মাবলম্বী পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ তাঁদের স্ব-স্ব প্রধান ধর্মীয় উৎসব উপলক্ষে নীট পেনশনের সমপরিমাণ একটি উৎসব ভাতা প্রাপ্য হবেন।

৩। ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন।

৪। ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলনকারীদের এ উৎসব ভাতা নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক নং- অম/ অবি/ বিধি-১/ ৩পি-২৬/ ৮(অংশ-২) ১২৮ তারিখ ১১-৯-২০০১ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

**এ বি এম আবুল কাশেম**
যুগ্ম-সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২

তারিখ: ৮-৭-২০০৪ খ্রিঃ / ২৪-০৩-১৪১১ বাং

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০। (তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। অতিরিক্ত সচিব (সকল)/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। মহা হিসাব নিয়ন্ত্রক সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। বিভাগীয় কমিশনার (সকল) ------------------------------------------------------------------
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪। জেলা প্রশাসক (সকল) ------------------------------------------------- (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ---------------------------------------------

মোঃ শরাফত আলী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪

নং-এম/অবি/বিধি-৪/চিভা-১/২০০৪/৬৪ তারিখ: ৮-৭-২০০৪ ইং / ২৪-০৩-১৪১১ বাং

## পরিপত্র

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ এবং সামরিক বাহিনী সদস্যদের চিকিৎসা ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ এবং সামরিক বাহিনী সদস্যদের চিকিৎসা ভাতা মাসিক ৩০০ টাকা তেকে ৪০০ (চারশত) টাকায় উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ বর্ণিত চিকিৎসা ভাতা ০১-০৭-২০০৪ তারিখ হতে কার্যকর হবে।

৩। এ ভাতা পারিবারিক পেনশনভোগীসহ সকল শ্রেণীর পেনশনভোগকারী এবং ১০০% পেনশন সমর্পণকারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলনকারীদের এ বর্ধিত চিকিৎসা ভাতা নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক নং-অম/ অব/ বিধি-১/ ৩পি-২৬/ ৮৬(অংশ-২)/ ১২৮, তারিখ: ১১-০৯-২০০১ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

**এ বি এম আবুল কাশেম**
যুগ্ম-সচিব (প্রবিধি)।

নং-এম/অবি/বিধি-৪/চিভা-১/২০০৪/৬৪(৫০০) তারিখ: ৮-৭-২০০৪ ইং / ২৪-০৩-১৪১১ বাং

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। অতিরিক্ত সচিব (সকল)/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। মহা হিসাব নিয়ন্ত্রক সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (সকল) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------------------------------------
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪। জেলা প্রশাসক (সকল) --------------------------------------------------
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -----------------------------------------------

মোঃ শরাফত আলী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৬/২০০৪/১৮৪ তারিখ: ২২শে কার্তিক ১৪১১ বাং / ৬-১১-২০০৪ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।**

সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর কোন কর্মকর্তা-কর্মচারী অবসরে যাওয়ার মাসে উৎসব অনুষ্ঠিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী পূর্ববর্তী মাসে আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এ বি এম আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৬/২০০৪/১৮৪(৫০০) তারিখ: ২২শে কার্তিক ১৪১১ বাং / ৬-১১-২০০৪ খ্রিঃ

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ১৮৯ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০। (তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
(তাঁর অধীন সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ---------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৮। মহা হিসাব নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৯। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় কমিশনার (সকল) ------------------------------------------------------------------
১১। জেলা প্রশাসক (সকল) -------------------------------------------------- (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----------------------------------------------

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/বিধি-৬/প্রঃমঃ/বেতন-১/২০০৪/৭ তারিখ: ২৩/২/২০০৫ খ্রিঃ।

**বিষয়: জেএসআই-৫/২০০১ সংশোধন প্রসঙ্গে।**

সূত্র:- প্রম/ ডি-১৯/ পেন-২/২০০৩/২৯, তাং- ২৭/১/০৫ খ্রিঃ।

নির্দেশিত হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে জেএসআই-৫/২০০১ এর অনুচ্ছেদ ৮ (ক), ৯ (ক) সংশোধনের নিমিত্ত কমপেনডিয়াম অব মিলিটারী পেনশন (সিএমপি)-১৯৮১ এর ধারা ৮৩, ৮৫ ও ১০৫ এ বেসামরিক মহিলা চাকুরেদের অনুরূপ সামরিক বাহিনীর মহিলা কর্মকর্তাদের মৃত্যুতে বিপত্নীক স্বামীর পেনশন/ আনুতোষিক প্রাপ্তির বিষয়টি বিবেচনা রেখেই জেএসআই-৫/২০০১ এর প্রয়োজনীয় অংশে সংশোধনী আনয়নের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

এখানে উল্লেখ্য প্রস্তাবিত সংশোধনী শুধুমাত্র মহিলা কর্মকর্তাদের অবর্তমানে বিপত্নীক স্বামীর পেনশন/ আনুতোষিক প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

মোঃ আজহারুল ইসলাম
সহকারী সচিব
ফোন: ৭১৭০১৭৪

সচিব,
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-
১। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
১ম ১২ তলা, সরকারি অফিস ভবন
৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১

নং- অম/অবি(বাস্ত- ১)/জাঃবেঃস্কেল- ১/২০০৫/১০০ তারিখ: ৭ আষাঢ়, ১৪১২ বঙ্গাব্দ
২১ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: ০১- ০১- ২০০৫ খ্রিঃ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে মহার্ঘ ভাতার প্রাপ্যতা প্রসঙ্গে।**

চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর ১ অনুচ্ছেদের (৩) (খ) উপ- অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'জাতীয় বেতনস্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারি, ২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জানুয়ারি, ২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে'। অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকা কর্মকর্তা- কর্মচারীগণ জাতীয় বেতনস্কেল, ২০০৫- এ বেতন নির্ধারণের কোন আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না বিধায় তাঁহাদের ক্ষেত্রে উক্তরূপ সমন্বয়ের সুযোগ নাই।

২। উপরিউক্ত প্রেক্ষাপটে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, ০১- ০১- ২০০৫ খ্রিঃ তারিখ হইতে যে সকল কর্মকর্তা- কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাঁহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময়ে ৩১- ১২- ২০০৪ খ্রিঃ তারিখে আহরিত মহার্ঘ ভাতা পাইতে থাকিবেন।

জাকির আহমেদ খান
অর্থ সচিব

নং- অম/অবি(বাস্ত- ১)/জাঃবেঃস্কেল- ১/২০০৫/১০০ তারিখ: ৭ আষাঢ়, ১৪১২ বঙ্গাব্দ
২১ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/৩পি-২৮/২০০৫/৭৭ তারিখ: ১৩-০৩-১৪১২ বঙ্গাব্দ / ২৭-০৬-২০০৫ খ্রিষ্টাব্দ

## অফিস স্মারক

**বিষয়: অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন পরিশোধ প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর.ও, নং ১১৯-আইন/ ২০০৫/ অম/ অবি/ (বাস্ত-১)/ জাঃ বেঃ স্কেল-১/ ২০০৫/ ৭৩ মোতাবেক ১ জানুয়ারী, ২০০৫ তারিখ থেকে জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তন করা হয়েছে। সে আলোকে সরকারি, আধাসরকারি, স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহের অবসরপ্রাপ্ত পেনশনভোগী কর্মকর্র্তা/ কর্মচারীদের জন্য সরকার নিম্নরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন:-

১। ক) ১ জানুয়ারী, ২০০৫ তারিখ থেকে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে যাঁরা অবসর গ্রহণ করবেন তাঁদের পেনশন আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫- এর পূর্ণ সুবিধা প্রদেয় হবে।

খ) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ব্যক্তির নীট পেনশনের পরিমাণ ৪০% হারে এবং ১০০১ টাকা হতে তদূর্ধ্ব পর্যায়ে নীট পেনশনের পরিমাণ ২৫% হারে বৃদ্ধি করা হয়েছে:

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধিসহ নীট পেনশনের পরিমাণ কোন ক্রমেই ১৪০০ টাকা-এর নিম্নে হবে না।

গ) সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আনুতোষিক বা গ্র্যাচুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকবে।

ঘ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ জারির তারিখ অর্থাৎ ১ জানুয়ারী, ২০০৫ হতে মহার্ঘভাতা অবলুপ্ত করা হয়েছে বলে গণ্য হবে। সে অনুযায়ী ইতোমধ্যে কেউ যদি মহার্ঘভাতা উত্তোলন করে থাকেন, সেক্ষেত্রে নিয়মিত পেনশন থেকে তা সমন্বয় করতে হবে।

ঙ) ১ জানুয়ারী ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁর বেতন, জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হবে। এরূপ ক্ষেত্রে অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি তাঁর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তা হলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁর বেতনের সাথে যুক্ত হবে, তবে তিনি অবসরপ্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বর্তমান বেতনস্কেলের ভিত্তিতে পেতে থাকবেন।

চ) ১ জানুয়ারী, ২০০৫ তারিখ হতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরণ করলে উক্ত ব্যক্তি পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনুচ্ছেদ (ক) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হবে।

ছ) পেনশনভোগীগণ বর্তমান হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন এবং ১ জুলাই, ২০০৬ থেকে চিকিৎসা ভাতা বাবদ মাসিক ৪০০/- টাকার স্থলে ৫০০/- (পাঁচশত টাকা) প্রাপ্য হবেন।

২। সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা উপরিউক্ত মর্মে পি,পি,ও (Pay Payment Order) সংশোধন করবেন।

৩। পেনশনভোগী কর্মকর্তা/ কর্মচারীগণকে জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের পরিপ্রেক্ষিতে প্রদেয় সুবিধাদি প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:-

ক) যে সকল পেনশনভোগী প্রধান হিসাবরক্ষণ অফিস অথবা জেলা হিসাবরক্ষণ অফিস বা উপজেলা হিসাবরক্ষণ অফিস থেকে পেনশন উত্তোলন করেন তাঁদের নিজ নিজ পি,পি,ও, সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিল করবেন। উক্ত অফিস এ অফিস স্মারকের ১ অনুচ্ছেদে উল্লিখিত বর্ণিত হারে বর্ধিত পেনশন ও ভাতাদি (প্রযোজ্য ক্ষেত্রে) নির্ধারণ ও পরিশোধ করবে।

খ) যে সকল পেনশনভোগী সরাসরি ব্যাংক থেকে পেনশন উত্তোলন করেন তাঁরা নিজ নিজ পি,পি,ও, সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করবেন। ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা সিনিয়র অফিসার এতদসংক্রান্ত পেনশন বৃদ্ধির আদেশের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক পেনশনারদের পি,পি,ও, এবং ডি-হাফ-এ বর্ধিত পেনশন পুনঃনির্ধারণ করে তাঁর স্বাক্ষরের নিচে নিজ নাম স্নলিত সীলমোহর প্রদান করবেন। পেনশন পুনঃনির্ধারণ সংক্রান্ত তথ্যাদি পেনশন পুরর্ভরণের দাবী পরিশোধকারী হিসাবরক্ষণ অফিসকে সংশ্লিষ্ট ব্যাংক তাৎক্ষণিকভাবে অবহিত করবে এবং হিসাবরক্ষণ অফিস এভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তাঁর অফিসে এতদসংক্রান্ত বিলসমূহ হালনাগাদ করে রক্ষণাবেক্ষণ করবে।

৩। এ স্মারকের সংশোধনীর আলোকে সংশ্লিষ্ট বিধিসমূহ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব --------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। বিভাগীয় কমিশনার (সকল)-----------------------------।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রদান কার্যালয়, ঢাকা/ রাজশাহী। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স (সিজিডিএফ), ঢাকা। তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। জেলা প্রশাসক (সকল) ---------------------------------------------------।
(তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ------------------------------------------।
১২। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------------------ (সকল উপজেলা)।
১৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,------------------------------------------ (সকল বিভাগ)।
১৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা--------------------------------------------- (সকল জেলা)।
১৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ------------------------------------------ (সকল উপজেলা)।
১৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-২৮/৮৫/৯৯ | তারিখ: ২৪/৭/২০০৫ ইং / ০৯/০৪/১৪১২ বাং

## অফিস স্মারক

**বিষয়: পেনশনের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তনের প্রেক্ষিতে অর্থ বিভাগের ১৯-১১-১৯৯৭ তারিখের অম/অবি/(প্রবিধি-১)/৩পি-২৮/৮৫/৮০(১৫০০) সংখ্যক স্মারক আংশিক সংশোধনপূর্বক গ্রস পেনশনের সর্বোচ্চ পরিমাণ ১২,৫০০/- টাকা এর স্থলে ১৯,৫০০/- টাকা নির্ধারণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এই আদেশ ০১-০১-২০০৫ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৩। এই স্মারকপত্র যে সংশোধনের উল্লেখ করা হইয়াছে, সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

বিতরণ:
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------(সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. বিভাগীয় কমিশনার (সকল) ---------------------------------------
৬. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮. সিজিডিএফ। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. অতিরিক্ত মহাপরিচালক, অর্থ বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্র বিধি অনু বিভাগ
বাস্তাবায়ন অধিশাখা- ৪

নং-অম/অবি(বাস্ত- ৪) বিবিধ- ১৫/০৭/১২০ তারিখ: ১২- ৮- ২০০৭ ইং।

**বিষয়: এল.পি.আর ভোগরত অবস্থায় সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন কিনা এ সম্পর্কে মতামত প্রদান সংক্রান্ত।**

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং মশিবিম/প্রঃ- ৩/৭২/৮৭- ৯৪(অংশ- ১)- ৪২০, তারিখ ১৮- ০৭- ২০০৭ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এলপিআর ভোগরত অবস্থায় সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত কোন বিধি বিধান বা আদেশ নেই বিধায় মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের এলপিআর- এ ভোগরত কর্মকর্তাগণকে সিলেকশন গ্রেড প্রদান করার কোন সুযোগ নেই।

অর্দ্ধেন্দু শেখর রায়
উপ- সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-৩/২০০৫/৩৭৬

তারিখ: ১৩/১১/২০০৭ খ্রিঃ
২৯/০৩/১৪১৪ বাং

**বিষয়: বিধবা স্ত্রীগণের আজীবন পারিবারিক পেনশন প্রাপ্তি সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের ২৩/৭/২০০১ খ্রিঃ (০৮/৪/১৪০৮ বাং) তারিখের অম/ অবি/ বিধি-১/ ৩পি-২০/ ৯৫/ ১০৩ নং স্মারক।

সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের যে সকল বিধবা স্ত্রীদের পারিবারিক পেনশন ভোগের মেয়াদ ১-৬-১৯৯৪ তারিখের পূর্বে সমাপ্ত হয়েছে তাঁদেরকে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্তির সুযোগ প্রদানের জন্য অর্থ বিভাগের ২৩/৭/২০০১ তারিখের অম/ অবি/ বিধি-১/ ৩পি-২০/ ৯৫/ ১০৩ নং স্মারকের বিধান নিম্নোক্তভাবে সংশোধন করা হল।

'১-৬-১৯৯৪ তারিখের পূর্বে তৎকালীন প্রচলিত বিধান অনুযায়ী যে সকল বিধবা স্ত্রীগণের পারিবারিক পেনশন ভোগের সময়সীমা (১৫ বৎসর) উত্তীর্ণ হয়েছে এবং তাঁদের মধ্যে যারা এখন পর্যন্ত অর্থ বিভাগের ৩০/৯/১৯৯৫ তারিখের ৯৩ নং স্মারক অনুযায়ী পেনশনের সুবিধা প্রাপ্ত হননি তাঁরা আজীবন পারিবারিক পেনশনের জন্য আবেদন করতে পারবেন। তবে এ ধরণের কোন পেনশন পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:-

ক) আজীবন পারিবারিক পেনশন চালু করার নিমিত্ত যে সকল কাগজাদি/ প্রমাণক হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হবে তা সর্বশেষ নিয়ন্ত্রণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের প্রত্যয়নসহ হিসাবরক্ষণ অফিসে দাখিল করতে হবে।

খ) এ ধরণের পেনশন মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে আবেদনকারীর পরিচিতি সম্পর্কে সন্দেহ হলে স্থানীয় পুলিশ প্রশাসনের মাধ্যমে সনাক্তকরণের ব্যবস্থা নিতে হবে।

২। সূত্রস্থ স্মারকখানি এই মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

রাজিয়া বেগম এনডিসি
যুগ্ম-সচিব
বাস্তবায়ন ও প্রবিধি

নং-অম/অবি/বিধি-১/৩পি-৩/২০০৫/৩৭৬

তারিখ: ১৪/০৬/২০০৭ খ্রিঃ
৩১/০২/১৪১৪ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল:-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা
(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব (তাঁর অধীনস্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো) (মন্ত্রণালয়/ বিভাগ)
৬. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭. হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা
(তাঁর অধীনস্ত অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সিজিডিএফ, বাংলাদেশ, ঢাকা।
৯. অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১০. বিভাগীয় কমিশনার (সকল) -------------------------------------------------------
১১. জেলা প্রশাসক (সকল) -----------------------------------------------------------------
(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১২. পরিচালক, রেলওয়ে অডিট, সি,আর,বি ভবন, চট্টগ্রাম।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)--------------
(তাঁর অধীনস্ত সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

মোঃ ইউনুচ আলী খান
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/পেন-৪/২০০৭/১৪ তারিখ: ৩০/০১/২০০৮ খ্রিঃ

**বিষয়: সাময়িক (Provisional) পেনশন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-১৯/পেন-৩/২০০৬/৭৮, তাং-২৩.০৫.২০০৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর সদস্যদের সাময়িক (Provisional) পেনশন ৮০% প্রদানের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

(মমতাজ আহাম্মদ)
সহকারী সচিব
ফোন: ৭১৭৩০৫৭

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/চাঃবিঃ-৩/২০০৪/৯৯

তারিখ: ২৪-০৬-২০০৮ খ্রিঃ / ১০-৩-১৪১৫ বাং

## পরিপত্র

**বিষয়: সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্রাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের ০৮/৭/২০০৪ খ্রিঃ (২৪/৩/১৪১১ বাং) তারিখের অম/ অবি/ বিধি-১/ চাঃবিঃ-৩/২০০৪/১০২ নং পরিপত্র।

সরকার সকল শ্রেণীর সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান, স্ব-শাসিত সংস্থাসমূহ এবং সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের ২০০৮-২০০৯ অর্থ বছর হতে মাসিক নীট পেনশনের সমপরিমাণ বছরে দুইটি উৎসব ভাতা প্রদানের জন্য সূত্রোক্ত পরিপত্র নিম্নরূপে সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

২। অবসরপ্রাপ্ত মুসলমান পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ নীট পেনশনের সমপরিমাণ বছরে দুই ঈদে দুইবার এবং অন্যান্য ধর্মাবলম্বী পেনশনভোগী/ পারিবারিক পেনশনভোগীগণ তাঁদের স্ব-স্ব প্রধান ধর্মীয় উৎসব উপলক্ষে নীট পেনশনের সমপরিমাণ দুইটি উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

৩। ১০০% পেনশন সমর্পণকারীগণ ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমাণ অর্থ দুইবার উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

৪। ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলনকারীদের এ উৎসব ভাতা নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১১/০৯/২০০১ খ্রিঃ তারিখের অম/ অবি/ বিধি-১/৩পি-২৬/৮৬ (অংশ-২)/১২৮ নং স্মারকের নির্দেশনা অনুসরণীয় হবে।

রাজিয়া বেগম *এনডিসি*
যুগ্ম-সচিব (প্রবিধি)

নং-অম/অবি/বিধি-১/চাঃবিঃ-৩/২০০৪/৯৯

তারিখ: ২৪-০৬-২০০৮ খ্রিঃ / ১০-৩-১৪১৫ বাং

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল), ---------------------------------
৮. অতিরিক্ত সচিব (সকল)/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৯. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১০. সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (সকল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২. বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------
১৩. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪. জেলা প্রশাসক (সকল) -------------(তাঁর অধীসস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল), -----------------------------------

মোঃ ইউনুচ আলী খান
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৬ শাখা

নং-অম/অবি/প্রবিধি-৬/পেন-৮/২০০৮/৮৩ তারিখ: ০৩/০৯/২০০৮খ্রিঃ

**বিষয়: Compentium of Military Pension (সিএমপি)-১৯৮১ সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-১৯/পেন-২/২০০৩/ অংশ-১ (ছায়ানথি)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১৩/০৭/২০০৮ ইং তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক Compentium of Military Pension (সিএমপি)-১৯৮১ এর প্রস্তাবিত সংশোধনীসমূহে নিম্নেউল্লেখিত পরিবর্তনসহ অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

২। * Rule 78.a(2)(k) প্রস্তাবিত BAFY-1948 এর পরিবর্তে Disability Certificate for JCO/OR প্রতিস্থাপিত হবে।

* Rule 239(b) এবং 239(c) এর প্রস্তাবিত সংশোধনী পরিবর্তে নিম্নরূপে পরিবর্তন হবে:

‘(b) The applicant shall appear before a Civil or Military Board assembled under the orders of the Government of Bangladesh or an authority empowered in this behalf. The pensioner shall pay a fee of taka 16/- (sixteen) for this purpose, which shall be credited to the Government Head 1/1934/000/2541.

c) The authority competent to convene the Civil Medical Board shall when sending an intimation to the pensioners direct him/her to deposit the amount of Taka 16/-(sixteen) under the relevant Head for Medical Examination of the Government.’

সংযুক্ত: সভার কার্য বিবরণী ১৩ (তের) পাতা।

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন-৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মহার্ঘ ভাতা)
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৮/১৮১ তারিখ: ১৬/৯/২০০৮ খ্রিঃ / ০১/৬/১৪১৫ বং

**বিষয়: পেনশনভোগী সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সামরিক বাহিনীর সদস্যদের ১লা জুলাই, ২০০৮ তারিখ হইতে নীট পেনশনের উপর ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ ভাতা নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: বাস্তবায়ন-৪ শাখার ০১/৭/২০০৮ খ্রিঃ (১৭/৩/১৪১৫ বাং) তারিখের অম/ অবি/ বাস্ত-৪/ বিবিধ ২২ (মঃভাতা)/২০০৮/১০৯ (১০০০) নং পত্র।

সরকার কর্তৃক ০১/০৭/২০০৮ খ্রিঃ তারিখ হইতে ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ ভাতা ঘোষণার কারণে তাহা নির্ধারণের জন্য সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রয়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারী এবং সামরিক বাহিনীর সকল অবসরপ্রাপ্ত সদস্যদের মধ্যে যে সকল পেনশনার ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলন করিয়া থাকেন, তাদের পি,পি,ও (Personal Payment Order) এবং ডি-হাফ (Disburser's half) প্রচলিত নিয়মানুসারে হিসাবরক্ষণ অফিসে দাখিল করতে হয়। এর ফলে ঘোষিত মহার্ঘ ভাতা প্রাপ্তিতে বিলম্ব বা জটিলতা সৃষ্টি হইতে পারে:

২। পেনশনারদের অসুবিধা দূরীকরণের লক্ষ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যেঃ-

ক) ২০ (বিশ) শতাংশ মহার্ঘভাতা নির্ধারণের জন্য পেনশনারগণ নিজ নিজ পি,পি,ও সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিলের পরিবর্তে সরাসরি সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করিবেন,

খ) ব্যাংকের ক্ষমতা প্রাপ্ত কোন সিনিয়র অফিসার বা তদূর্ধ্ব পর্যায়ের কোন কর্মকর্তা এতদসংক্রান্ত ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ ভাতা প্রদানজনিত স্মারকের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক পেনশনারের পি,পি,ও এবং ডি-হাফ এ তার প্রাপ্ত নীট পেনশন এর উপর ২০ (বিশ) শতাংশ মহার্ঘ ভাতা নির্ধারণ করে তার স্বাক্ষরের নীচে নিজ নাম স্বলিত সীলমোহর প্রদান করবেন। এবং

গ) ২০ (বিশ) শতাংশ মহার্ঘ ভাতা নির্ধারণের তথ্যাদি পেনশন পুনর্ভরনের দাবী পরিশোধকারী হিসাবরক্ষণ অফিসকে সংশ্লিষ্ট ব্যাংক তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন এবং হিসাবরক্ষণ অফিসে এভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তার অফিসে এতদসংক্রান্ত কাগজাদি হালনাগাদ করিয়া রক্ষণাবেক্ষণ করিবেন।

৩। আদেশের প্রাধিকার পেনশন সংক্রান্ত বিধি/ পদ্ধতি আদেশ/ স্মারকের সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে মর্মে গণ্য হইবে।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-২)

নং-অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৮/১৮১ তারিখ: ১৬/৯/২০০৮ খ্রিঃ / ০১/৬/১৪১৫ বং

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি দেয়া হল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহাসচিব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বঙ্গভবন, ঢাকা।
৭। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৮। হিসাব নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, ৩য় ফেচ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় কমিশনার -----------------------------------------------------------------------------------
১১। ব্যবস্থাপনা পরিচালক, রাষ্টায়ত্ত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান------------------------------------।
১২। জেলা প্রশাসক (সকল)------------------------------------------------------------------------------------।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)--------------------------------------------------------------------।

মোঃ ইউনুচ আলী খান
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/পেন-৭/২০০৮/৯৩ তারিখ: ১২/১০/২০০৮ খ্রিঃ

**বিষয়: স্পেশাল পেনশনের হার বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ ডি-১৯/ পেন-৪/২০০২ (ছায়ানথি)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে সিএমপি-১৯৮১ এর ৩৬ ( (বি)-তে বর্ণিত ১০/- টাকা থেকে ৫০/- টাকায় বৃদ্ধিতে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল। তবে সিএমপি-১৯৮১ এর ৩ (এ) এবং ৩৬ (সি) এর ক্ষেত্রে আলোচ্য স্পেশাল পেনশন ৩৬ (বি) বৃদ্ধির বিষয়টি নজির হিসেবে ব্যবহার করা যাবে না।

মোঃ জালাল উদ্দিন
উপ-সচিব (প্রবিধি-২)
ফোন: ৭১৬২৯৩১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং-অম/অবি/প্রবিধি-৬/জাঃপেঃকঃ-১/২০০৫ (অংশ-১)/৪ তারিখ: ২৩/০৯/১৪১৫ বাং / ০৬/০১/২০০৯ খ্রিঃ

**বিষয়: জেএসআই ১০/২০০৫ সংশোধন/ সংযোজন ও সশস্ত্র বাহিনীর পেনশনভোগীদের জন্য রেশন ভাতা বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: (ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং-প্রম/ডি-১৯/পে-৩/২০০৪/অংশ-২ (ছায়ানথি)
খ) সেনাবাহিনী প্রধানের পত্র নং-১০৪১/১৬/সিএএস তারিখ-০৯/০৬/২০০৮ খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত অবহিতকরা হল:

১। দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে সামরিক/ বেসামরিক সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ২০% মহার্ঘভাতা প্রদান করা হয়েছে বিবেচনায় সশস্ত্র বাহিনীর পেনশনভোগীদের বিদ্যমান রেশন ভাতা ২০% বৃদ্ধি করে প্রাপ্ত বয়স্কদের জন্য ২৪৭ টাকার পরিবর্তে ২৯৭ টাকা এবং অপ্রাপ্ত বয়স্কদের জন্য ১৩৫ টাকার পরিবর্তে ১৬২ টাকায় নির্ধারণে সম্মতি জ্ঞাপন করা হ'ল।

২। সেনাবাহিনী প্রধানের পদবী পরিবর্তন করে জেনারেল করায় জেনারেল ও সমতুল্য পদে ২৭,০০০/- টাকা বেতন নির্ধারণ করা হয়েছে। সঙ্গত কারণে জেনারেল ও সমতুল্য পদে প্রাপ্য সর্বোচ্চ মাসিক মূল বেতন ২৭,০০০/- টাকার ৮০% মাসিক অবসরভাতা হিসেবে প্রদানে সম্মতি জ্ঞাপন করা হ'ল। তবে পরবর্তীতে অবসর ভাতা সংক্রান্ত বর্ণিত সুবিধাদি নিয়মিত করণের নিমিত্তে জাতীয় বেতন কমিশনের নিকট বিবেচনার জন্য প্রেরণ করতে হবে।

সৈয়দা আনোয়ারা বেগম
উপ-সচিব (প্রবিধি-১)
ফোন: ৭১৬০২৯১

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণ ভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

কেবলমাত্র সরকারি অফিসের কাজে ব্যবহারের জন্যে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি অধিকতর সহজীকরণ

**মাঘ ১৪১৫/ জানুয়ারি ২০০৯**

**প্রবিধি অনুবিভাগ**
**অর্থ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
www.mof.gov.bd

<u>সূচিপত্র</u>


| অনুচ্ছেদ নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | | |
| ২.০০ | অবসরজনিত পেনশন | |
| ২.০১ | কল্যাণ কর্মকর্তা মনোনয়ন | |
| ২.০২ | নন-গেজেটেড চাকুরেদের সার্ভিস বুক ও চাকরি বৃত্তান্ত সংরক্ষণ | |
| ২.০৩ | কর্মকর্তাদের চাকরি বৃত্তান্ত সংরক্ষণ | |
| ২.০৪ | অবসরগ্রহণকারীদের অগ্রিম তালিকা প্রণয়ন ও প্রেরণ | |
| ২.০৫ | অবসরগ্রহণের পূর্বে প্রত্যাশিত শেষ বেতনপত্র) (Expected Last Pay Certificate) (ইএলপিসি) জারি | |
| ২.০৬ | অবসরপ্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট), ভবিষ্য তহবিলের স্থিতি এবং পেনশনের আবেদন দাখিল ও মঞ্জুরির সময়সীমা | |
| ২.০৭ | ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট), ভবিষ্য তহবিলের জমা ও আনুতোষিকের পাওনা বাবদ অগ্রিম তারিখের (Post Dated) চেক প্রদান | |
| ২.০৮ | কর্তব্যে অবহেলার কারণে শাস্তিমূলক ব্যবস্থা | |
| ২.০৯ | প্রেষণে থাকাকালীন সময়ে লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন | |
| ২.১০ | বিতর্কিত চাকরিকাল | |
| ২.১১ | পেনশন কেস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন ও মনিটরিং | |
| ২.১২ | সাময়িক (Provisional) পেনশন প্রদান | |
| ২.১৩ | পেনশন সমর্পণ | |
| ৩.০০ | পারিবারিক পেনশন | |
| ৩.০১ | উত্তরাধিকারী মনোনয়ন | |
| ৩.০২ | পুত্র ও বিবাহিত কন্যা সন্তানের বয়সসীমা | |
| ৩.০৩ | অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্ত কন্যার বয়সসীমা | |
| ৩.০৪ | প্রতিবন্ধী সন্তান | |
| ৩.০৫ | বিধবা স্ত্রীর ক্ষেত্রে | |
| ৩.০৬ | অবসর গ্রহণের পরে মৃত্যুর ক্ষেত্রে পারিবারিক পেনশনের হার | |
| ৩.০৭ | আত্মহত্যার ক্ষেত্রে পেনশন | |
| ৪.০০ | পেনশন সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী | |
| ৪.০১ | জরুরী ভিত্তিক পেনশন প্রদান | |
| ৪.০২ | বার্ষিক গোপনীয় প্রতিবেদন | |
| ৪.০৩ | প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ | |
| ৪.০৪ | বাড়ীভাড়া সংক্রান্ত দাবী নিষ্পত্তি | |
| ৪.০৫ | ডি-হাফ ও পিপিও | |
| ৪.০৬ | ঢাকা মহানগরীর পেনশনারদের পেনশন প্রদান | |
| ৪.০৭ | পেনশন ফরম | |
| ৪.০৮ | অনুত্তোলিত পেনশন এবং বকেয়া পেনশন প্রদানের পদ্ধতি | |
| ৪.০৯ | পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজপত্রাদি | |
| ৪.১০ | ভবিষ্য তহবিলের সুদ | |
| ৪.১১ | অডিট আপত্তি নিষ্পত্তি | |
| ৪.১২ | পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ | |
| ৪.১৩ | বিভাগীয় মামলা নিষ্পন্নকরণ | |
| ৪.১৪ | বি.এস.আর-২৫৮, ২৬৪ ও ২৬৭ সংশোধনের ব্যবস্থা গ্রহণ | |
| ৪.১৫ | নিখোঁজ সরকারি চাকুরের উত্তরাধিকারীকে পেনশন/ আনুতোষিক ইত্যাদি প্রদান | |

# <u>সংযোজনী</u>

| সংযোজনী নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | | |
| সংযোজনী-১ | প্রত্যাশিত শেষ বেতন সনদ | |
| সংযোজনী-২ | প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র | |
| সংযোজনী-৩ | উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট | |
| সংযোজনী-৪ | চাকুরের নিজের অবসরের ক্ষেত্রে পেনশন ফরম | |
| সংযোজনী-৫ | পারিবারিক পেনশন ফরম | |
| সংযোজনী-৬ | নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ | |
| সংযোজনী-৭ | আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়নের প্রত্যায়ন পত্র | |
| সংযোজনী-৮ | না-দাবী প্রত্যায়ন পত্র | |
| সংযোজনী-৯ ক | অর্থ বিভাগে তথ্য প্রেরণের ছক | |
| সংযোজনী-৯খ | কল্যাণ কর্মকর্তা কর্তৃক অর্থ বিভাগে তথ্য প্রেরণের ছক | |
| সংযোজনী-১০ | সরকারি কর্মচারিদের চাকরি বৃত্তান্ত ছক | |
| সংযোজনী-১১ | সরকারি কর্মকর্তাদের চাকরি বৃত্তান্ত ছক | |
| সংযোজনী-১২ | কল্যাণ কর্মকর্তা কর্তৃক সংরক্ষণযোগ্য তথ্যাদির ছক | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫

তারিখ: ১৪ মাঘ ১৪১৫ / ২৭ জানুয়ারি ২০০৯

## স্মারক

**বিষয়: বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি অধিকতর সহজীকরণ প্রসঙ্গে।**

অবসর গ্রহণকারী সরকারি চাকুরে ও সরকারি চাকুরের মৃত্যুর ক্ষেত্রে তাঁহাদের পরিবারবর্গের অবসরজনিত সুবিধাদি সঠিক সময়ে প্রাপ্তি নিশ্চিত করিবার লক্ষে সরকার অর্থ বিভাগের ২৩ -০৬-১৪০৮ বং/ ০৮-১০-২০০১ খ্রিঃ তারিখের স্মারক নং- অম/ অবি/ বিধি-১/ ৩পি-২৬/ ৮৬ (অংশ-২)/ ১৩৫ এর মাধ্যমে জারিকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি সহজীকরণ আদেশ পর্যালোচনাপূর্বক পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি আরও অধিকতর সহজীকরণ করিয়া উক্ত স্মারকটি নিম্নরূপভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:-

**২.০০। অবসরজনিত পেনশন:**

**২.০১। কল্যাণ কর্মকর্তা মনোনয়ন:**

ক) অবসরগ্রহণকারী সরকারি চাকুরেদের পেনশন কেস প্রক্রিয়াকরণে সহায়তা করিবার জন্য প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর পেনশন কেস প্রক্রিয়াকরণে সরাসরি সম্পৃক্ত একজন কর্মকর্তাকে কল্যাণ কর্মকর্তা হিসাবে মনোনয়ন নিশ্চিত করিয়া অর্থ বিভাগকে অবহিত করিবে।

খ) দায়িত্বপ্রাপ্ত কল্যাণ কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল ও টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবার জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় ছক সম্বলিত নির্দেশনা জারি করিবে। কল্যাণ কর্মকর্তা পেনশনারদের অডিট আপত্তি ও বিভাগীয় মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ সহ এই সহজীকরণ আদেশের ২.০৪, ২.০৬, ২.০৭ এবং ২.১১ অনুচ্ছেদে বর্ণিত কার্যাবলী নিয়মিতভাবে সম্পাদনের/ সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করিবেন। ইহা ছাড়াও তিনি পেনশনারের বিষয়ে প্রাপ্ত যাবতীয় আপত্তি ২.০৫, ৪.১১ ও ৪.১৩ অনুচ্ছেদ অনুসারে মিমাংসা/ নিষ্পত্তি করিবার উদ্যোগ গ্রহণ করিবেন (সংযোজনী-৯খ)।

গ) কল্যাণ কর্মকর্তার সম্পাদিত কাজের পরিমাণ বিবেচনায় অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে (বি.এস.আরপার্ট-১ এর বিধি ৬২(বি) অনুসারে প্রণোদনা (Incentive) ভাতার ব্যবস্থা করিতে হইবে। কল্যাণ কর্মকর্তা প্রতি অর্থ বৎসরে অনধিক ৫টি কেস নিষ্পত্তি করিলে প্রাপ্ত মূল বেতনের ৪০%, অনধিক ১০টি কেস নিষ্পত্তি করিলে ৬০%, অনধিক ১৫টি কেস নিষ্পত্তি করিলে ৮০% এবং ১৬টি বা তদূর্ধ্ব সংখ্যক কেস নিষ্পত্তি করিলে ১০০% প্রণোদনা ভাতা পাইবেন।

**২.০২। নন-গেজেটেড চাকুরেদের সার্ভিস বুক ও চাকরি বৃত্তান্ত সংরক্ষণ:**

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর, নন-গেজেটেড চাকুরেদের ২(দুই) কপি সার্ভিস বুক যথাযথভাবে পূরণ করিয়া প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে হালনাগাদ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সার্ভিস বুক-এ কোন ঘষামাজা/ অস্পষ্টতা গ্রহণযোগ্য হইবে না, সকল এন্ট্রি স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে। সার্ভিস বুক-এ জন্ম তারিখ সংখ্যায় ও কথায় লিখিতে হইবে। মূল সার্ভিস বুক নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসে রক্ষিত থাকিবে, তবে উক্ত চাকুরে বদলি হইলে সার্ভিস বুক-এর মূল কপিটি চাকুরের বদলিকৃত কর্মস্থলে প্রেরণ করিতে হইবে। দ্বিতীয় কপিটি সংশ্লিষ্ট চাকুরের নিকট হস্তান্তর করিতে হইবে। কোন সঙ্গত কারণ ব্যতীত সার্ভিস বুক ফেব্রুয়ারি মাসের মধ্যে হালনাগাদ না করিলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ দায়ী কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

খ) সার্ভিস বুক-এর পাশাপাশি নন-গেজেটেড সরকারি চাকুরেদের কম্পিউটারইজড চাকরি বৃত্তান্ত নির্ধারিত ফরম্যাটে (সংযোজনী-১০) প্রশাসনিক কর্তৃপক্ষ সংরক্ষণ ও নিয়মিতভাবে হালনাগাদ করিবেন। সরকারি চাকুরেদের চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা: নিয়োগ, চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড, এলপিআর, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি যাবতীয় তথ্য সার্ভিস বুক-এর মতই ধারাবাহিকভাবে চাকরি বৃত্তান্তে অন্তর্ভুক্ত করিতে হইবে। চাকরি বৃত্তান্তে সরকারি চাকুরের বিরুদ্ধে উত্থাপিত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় তথ্যও যথাযথভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। সরকারি চাকুরে বদলি হইলে বদলিকৃত

কর্মস্থলে সার্ভিস বুক-এর মূল কপির সহিত প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত চাকরি বৃত্তান্তের অনুলিপিও প্রেরণ করিতে হইবে।

গ) চাকরি বৃত্তান্তে সরকারি বাড়ীভাড়া সংক্রান্ত প্রত্যয়নপত্র না থাকার তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) ও সরকারি আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।

ঘ) সংশ্লিষ্ট নন-গেজেটেড চাকুরের বদলির সময় অডিট কোড-এর এপেনডিক্স-৩ এর ৫ম অনুচ্ছেদ অনুযায়ী এলপিসি-র প্রয়োজনীয় সকল ঘর উপযুক্ত তথ্য সহকারে যথাযথভাবে পূরণ করিতে হইবে। এলপিসি যথাযথভাবে পূরণ না করিবার কারণে সরকারি পাওনা সংক্রান্ত তথ্য অনুদঘাটিত থাকিলে এলপিসি জারিকারী কর্তৃপক্ষ দায়ী হইবেন। বদলিকৃত চাকুরে কর্মস্থল হইতে অব্যাহতি প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এলপিসি পরবর্তী কর্মস্থলের হিসাবরক্ষণ অফিস ও উহার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ নিশ্চিত করিতে হইবে। কম্পিউটারাইজড চাকরি বৃত্তান্ত সংরক্ষণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের অধিক্ষেত্র বহির্ভূত স্থানে চাকুরের বদলির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত চাকরি বৃত্তান্ত বদলিকৃত কর্মস্থলের প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট প্রেরণপূর্বক অনুলিপি হিসাবরক্ষণ অফিসে একই সময়ে প্রেরণ করিতে হইবে।

**২.০৩। কর্মকর্তাদের চাকরি বৃত্তান্ত সংরক্ষণ:**

ক) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর গেজেটেড সরকারি চাকুরে/ কর্মকর্তাদের চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা-কর্মকর্তাদের নিয়োগ, চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড, এলপিআর, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী (সংযোজনী ১১) কম্পিউটারে ধারাবাহিকভাবে 'চাকরির বৃত্তান্তে' সংরক্ষণ করিবেন। প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে চাকরি বৃত্তান্ত কম্পিউটারে বাৎসরিক ভিত্তিতে হালনাগাদ করিতে হইবে।

খ) চাকরি বৃত্তান্তে সরকারি চাকুরের বিরুদ্ধে উত্থাপিত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় তথ্যও যথাযথভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। ইহাতে সরকারি বাড়ী ভাড়া সংক্রান্ত প্রত্যয়নপত্র না থাকিবার তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সরকারি আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।

গ) কর্মকর্তার বদলির সময় অডিট কোড-এর এপেনডিক্স ৩ এর ৫ম অনুচ্ছেদ অনুযায়ী এলপিসি-র প্রয়োজনীয় সকল ঘর উপযুক্ত তথ্য সহকারে যথাযথভাবে পূরণ করিতে হইবে। এলপিসি যথাযথভাবে পূরণ না করিবার কারণে সরকারি পাওনা সংক্রান্ত তথ্য অনুদঘাটিত থাকিলে এলপিসি জারিকারী কর্তৃপক্ষ দায়ী হইবেন। বদলিকৃত চাকুরে কর্মস্থল হইতে অব্যাহতি প্রাপ্তির ১০(দশ) কর্ম দিবসের মধ্যে এলপিসি পরবর্তী কর্মস্থলের হিসাবরক্ষণ অফিস ও উহার অনুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করিতে হইবে। কম্পিউটারাইজড চাকরি বৃত্তান্ত সংরক্ষণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের অধিক্ষেত্র বহির্ভূত স্থানে কর্মকর্তার বদলির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত চাকরি বৃত্তান্ত বদলিকৃত কর্মস্থলের প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট প্রেরণপূর্বক অনুলিপি হিসাবরক্ষণ অফিসে একই সময়ে প্রেরণ করিতে হইবে।

**২.০৪। অবসর গ্রহণকারীদের অগ্রিম তালিকা প্রণয়ন ও প্রেরণ:**

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরের সরকারি চাকুরেদের মধ্যে যাঁহারা পরবর্তী পঞ্জিকাবর্ষে অবসরপ্রস্তুতি ছুটিতে যাইবেন কল্যাণ কর্মকর্তা তাঁহাদের তালিকা ফরম্যাট (সংযোজনী-১২) অনুযায়ী প্রস্তুত এবং ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি জানুয়ারী, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসে) হালনাগাদ করিয়া ইহার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের দপ্তর প্রধান, হিসাবরক্ষণ অফিস ও আবাসন পরিদপ্তরে (সরকারি বাসায় বসবাসকারীদের ক্ষেত্রে) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখের কমপক্ষে এক বৎসর পূর্বে প্রেরণ নিশ্চিত করিবেন।

খ) উক্ত তালিকার সঙ্গে অডিট আপত্তি ও বিভাগীয় মামলার তথ্যসহ হালনাগাদ কম্পিউটারাইজড চাকরি বৃত্তান্তের (প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) অনুলিপি সংযোজন করিতে হইবে।

গ) অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে ২.০৫ (গ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উপযুক্ত ক্ষেত্রে কার্যকর নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট অডিট আপত্তিসমূহের তালিকা ও জড়িত কর্মকর্তা/ কর্মচারীগণের নাম, ঠিকানা ৪.১১ অনুচ্ছেদে বর্ণিত অডিট আপত্তি সেলে প্রেরণ করিতে হইবে।

**২.০৫। অবসর গ্রহণের পূর্বে প্রত্যাশিত শেষ বেতন পত্র (Expected Last Pay Certificate)(ইএলপিসি) জারি:**

ক) সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে গমনের ১১ (এগার) মাস পূর্বে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস/ আয়ন ও ব্যয়ন কর্মকর্তা তাঁহার 'অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে' এবং 'অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে' শেষ আহরণযোগ্য/ নির্ধারণযোগ্য প্রত্যাশিত বেতন উল্লেখপূর্বক ইএলপিসি (Expected Last Pay Certificate) (সংযোজনী-১) জারি_করিবেন। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক জারিকৃত নন-গেজেটেড চাকুরের ই, এল, পি, সি সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে। ইএলপিসি-র সঙ্গে ১(এক) মাস পূর্বে প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরদানক্রমে প্রেরিত চাকরি বৃত্তান্তের অনুলিপি সংযুক্ত করিতে হইবে। চাকরি বৃত্তান্তে

অনিষ্পত্তিকৃত অডিট আপত্তি, বিভাগীয় মামলার তথ্য থাকিলে তাহা ইএলপিসি-তে ক্রমিক ৪(ড)- এ লাল কালিতে উল্লেখ করিতে হইবে।

খ) অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি থাকিলে তারিখসহ বর্ধিত বেতনের পরিমাণ উক্ত বেতনপত্রে উল্লেখ করিতে হইবে। অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে প্রাপ্য ছুটি, ভবিষ্য তহবিলের সুদসহ জমা এবং সরকারের পাওনা সংক্রান্ত তথ্যাদি অগ্রিম হিসাব করিয়া উক্ত ইএলপিসি-তে অন্তর্ভুক্ত করিতে হইবে। ইএলপিসি প্রাপ্তির পর চাকরি সংক্রান্ত কোন পরিবর্তন ঘটিলে প্রশাসনিক কর্তৃপক্ষ হালনাগাদ চাকরি বৃত্তান্ত হিসাবরক্ষণ অফিস ও সংশ্লিষ্ট চাকুরের কাছে প্রেরণ নিশ্চিত করিবেন। ইএলপিসি-এর ৪ নং ক্রমিকে বর্ণিত তথ্য সম্পর্কে পরবর্তীতে আর কোন আপত্তি সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে দাবীকারী প্রতিষ্ঠান উত্থাপন করিতে পারিবে না। এই বিষয়ে ৪.০৪ অনুচ্ছেদ এর সংশিলষ্ট বর্ণনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

গ) প্রশাসনিক কর্তৃপক্ষ অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ পর্যালোচনা করিয়া নিদিষ্ট সময় সীমার মধ্যে অডিট অধিদপ্তরে (প্রযোজ্য ক্ষেত্রে) জবাব প্রেরণ করিবেন। প্রয়োজনে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সহিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এই ক্ষেত্রে অডিট অধিদপ্তরসমূহ সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিবে। কল্যাণ কর্মকর্তা এই বিষয়ে ফোকাল পয়েন্ট বিবেচিত হইবেন।

**২.০৬। অবসরপ্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট), ভবিষ্য তহবিল স্থিতি এবং পেনশনের আবেদন দাখিল ও মঞ্জুরির সময়সীমাঃ**

ক) ইএলপিসি প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট চাকুরে প্রাপ্যতা সাপেক্ষে অবসরপ্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট), ভবিষ্য তহবিলের স্থিতি ও পেনশন মঞ্জুরির আবেদন নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। পেনশনের আবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) মাসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/ পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ উক্ত চাকুরের সার্ভিস বুক (প্রযোজ্য ক্ষেত্রে) ও চাকরি বৃত্তান্ত হালনাগাদ করিবেন এবং ইএলপিসি ও এলপিআর-এ গমনের তারিখের পূর্বের ৩ (তিন) বছরের রেকর্ডের ভিত্তিতে তাহার নিকট সরকারের দেনা/ পাওনা অগ্রিম হিসাব করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে না-দাবী প্রত্যয়নপত্র সংগ্রহ করিবেন। অর্জিত ছুটির হিসাব নিরূপণক্রমে প্রাপ্য এলপিআর ও নগদায়নের জন্য ছুটির পরিমাণ নির্ধারণ করিবেন। প্রশাসনিক কর্তৃপক্ষ সরকারের আদায়যোগ্য অর্থের হিসাব নিরূপণ করিয়া তাহা আদায়ের ব্যবস্থা করিবেন।

খ) উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়া কর্তৃপক্ষ ৩ (তিন) মাসের মধ্যে সরকারি চাকুরের অবসর প্রস্ততুতি ছুটি, ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট) মঞ্জুরি ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি করিবেন। কল্যাণ কর্মকর্তাকেও অনুরূপ জারির তথ্য অবহিত করিবেন।

গ) পেনশন পরিশোধ পত্র (পিপিও) জারির জন্য পেনশন মঞ্জুরির কাগজপত্র সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

ঘ) কর্তৃপক্ষ (অফিস প্রধান) সংশ্লিষ্ট চাকুরের আবেদনপত্রে তিনি যেই তারিখে (এলপিআর-এ গমনের ৬ (ছয়) মাসের ঊর্ধ্বে নহে) ভবিষ্য তহবিল বাবদ জমা ও সুদ উত্তোলনের ইচ্ছা প্রকাশ করিবেন সেই তারিখ পর্যন্ত সুদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) ভবিষ্য তহবিল স্থিতি প্রদানের আদেশ জারি করিবেন। কল্যাণ কর্মকর্তাকে জারির তথ্য অবহিত করিতে হইবে।

ঙ) আবেদনপত্রে সংশ্লিষ্ট চাকুরে ২.১৩ অনুচ্ছেদ অনুযায়ী পেনশন সমর্পণের পরিমাণসহ তিনি হিসাবরক্ষণ অফিস বা ব্যাংক এর কোন স্থান বা শাখা হইতে পেনশন উত্তোলনে আগ্রহী তাহা উল্লেখ করিবেন। ব্যাংক হইতে উত্তোলনের ক্ষেত্রে ব্যাংক এ্যাকাউন্ট নম্বর উল্লেখ করিতে হইবে।

**২.০৭। ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট), ভবিষ্য তহবিলের জমা ও আনুতোষিকের পাওনা বাবদ অগ্রিম তারিখের (Post Dated) চেক প্রদান:**

ক) ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরি ও ভবিষ্য তহবিল স্থিতি আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট চাকুরে বিল দাখিল করিবেন। বিল প্রাপ্তির পর প্রাপ্য ছুটির (সর্বোচ্চ ১২ মাসের মূল বেতনের সমপরিমাণ) নগদায়ন অর্থাৎ লাম্প গ্রান্ট-এর অর্থ এবং সর্বমোট ভবিষ্য তহবিলের স্থিতি হিসাবরক্ষণ অফিস সংশ্লিষ্ট চাকুরের এলপিআর-এ গমনের ২ (দুই) মাস পূর্বে অগ্রিম তারিখের (Post Dated) চেকের মাধ্যমে তাঁহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধান এলপিআর-এ যাইবার ১ (এক) মাস পূর্বে উক্ত চেক সংশ্লিষ্ট চাকুরেকে হস্তান্তর করিবেন।

খ) পেনশন মঞ্জুরির কাগজপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে কাগজপত্র পরীক্ষা করিয়া পেনশন নির্ণয় সংক্রান্ত হিসাব যথাযথভাবে যাচাইপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস পেনশন পরিশোধ পত্র (পিপিও) জারি করিবেন। আনুতোষিকের টাকার চেক অবসরগ্রহণের ২ (দুই) মাস পূর্বে অগ্রিম তারিখের (Post Dated) চেকের মাধ্যমে পিপিওসহ সংশ্লিষ্ট চাকুরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধান সংশ্লিষ্ট চাকুরের অবসর গ্রহণের ১ (এক) মাস পূর্বে পিপিও ও আনুতোষিকের চেক সংশ্লিষ্ট চাকুরেকে

আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করিবেন। সংশ্লিষ্ট চাকুরে যে তারিখে অবসর গ্রহণ করিবেন সেই তারিখের উল্লেখক্রমে এই অগ্রিম তারিখের (Post Dated) চেক ইস্যু করিতে হইবে।

গ) হিসাবরক্ষণ অফিস উপর্যুক্ত সকল অগ্রিম তারিখের (Post Dated) চেক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের কাছে প্রেরণের অগ্রায়ন পত্রের (Forwarding letter) অনুলিপি সংশ্লিষ্ট সরকারি চাকুরেকে এবং কল্যাণ কর্মকর্তাকে প্রদান করিবে। উপরে বর্ণিত সময়ে অগ্রিম তারিখের (Post Dated) চেকসমূহ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধানের নিকট প্রেরণে হিসাবরক্ষণ অফিস সমর্থ না হইলে প্রতিটি কেস-এ বিলম্বের কারণ ব্যাখ্যাপূর্বক প্রাসঙ্গিক তথ্য সংশ্লিষ্ট চাকুরের এলপিআর/ অবসর-এ গমনের অনধিক ৭(সাত) দিনের মধ্যে অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ ও হিসাব মহা- নিয়ন্ত্রকের কার্যালয়কে হিসাবরক্ষণ অফিস কর্তৃক রেজিষ্টার্ড এডি যুক্ত পত্রের মাধ্যমে জানাইতে হইবে।

ঘ) তবে On line লেনদেন ব্যবস্থা চালুকরণে অবকাঠামো প্রস্তুত করিয়া সরকারি অনুমতি জারির পর মাসিক পেনশন কর্মকর্তা/ কর্মচারীগণের ব্যাংক একাউন্টে স্বয়ংক্রিয়ভাবে জমা করিবার ব্যবস্থা নেওয়া হইবে।

**২.০৮। কর্তব্যে অবহেলার কারণে শাস্তিমূলক ব্যবস্থা:**

পেনশন মঞ্জুরির সাহিত জড়িত কোন চাকুরে যদি নির্ধারিত সময়সীমা অনুযায়ী পেনশন কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**২.০৯। প্রেষণে থাকাকালীন সময়ে লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশনঃ**

দেশের অভ্যন্তরে বিভিন্ন স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/ কর্পোরেশন/ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যংক/ অর্থলগ্নী প্রতিষ্ঠান/ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ের জন্য সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন সরকারি খাতে জমা দেওয়ার বর্তমান প্রথা বিলুপ্ত করা হইল। এই সুবিধা পূর্বের প্রেষণে নিয়োজিত সরকারি চাকুরেদের জন্যও প্রয়োজ্য হইবে। তবে বিদেশী সরকার/ সংস্থায় প্রেষণে কর্মরত সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন প্রদানের প্রথা প্রচলিত বিধি অনুযায়ী যথারীতি চালু থাকিবে।

**২.১০। বিতর্কিত চাকরিকাল:**

বিতর্কিত চাকরিকাল বাদ দিয়া অবশিষ্ট পেনশনযোগ্য চাকরি ২৫(পঁচিশ) বৎসর অথবা তদূর্ধ্বের ক্ষেত্রে পূর্ণ হারে পেনশন মঞ্জুর করিতে হইবে। বিতর্কিত চাকরিকালের কারণে পেনশন আটক রাখা যাইবে না।

**২.১১। পেনশন কেইস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন ও মনিটরিং:**

ক) নির্ধারিত সময়সূচি অনুযায়ী পেনশন মঞ্জুরি কার্যক্রম সম্পন্ন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট প্রশাসনিক/ পেনশন মঞ্জুরকারী অফিস ও হিসাবরক্ষণ অফিসের উর্ধ্বতন কর্মকর্তা মনোনীত কল্যাণ কর্মকর্তার মাধ্যমে নিয়মিত মনিটরিং করিয়া পরিদর্শন বহিতে মন্তব্য লিপিবদ্ধ করিবেন।

খ) সকল আয়ন ও ব্যয়ন কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত ৩ (তিন) মাসে জারিকৃত প্রত্যাশিত শেষ বেতন পত্র (ই, এল, পি, সি), পেনশন পরিশোধ আদেশ (পি,পি,ও) ও অন্যান্য তথ্য সম্বলিত (সংযোজনী-৯ক) একটি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি, এপ্রিল, জুলাই এবং অক্টোবর) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (হিসাবরক্ষণ অফিসগুলি সি, জি, এ-এর মাধ্যমে এবং মন্ত্রণালয়/ বিভাগগুলি স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগ এর প্রশাসন শাখার মাধ্যমে) অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগে নিয়মিত প্রেরণ করিবেন।

**২.১২। সাময়িক (Provisional) পেনশন প্রদান:**

যে সকল পেনশন কেইস না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে নিষ্পত্তি করা সম্ভব হয় না সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরের/ উত্তরাধিকারীর আবেদনক্রমে প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে প্রদান করিতে হইবে। পরবর্তীকালে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করিয়া পেনশন কেইসটি চূড়ান্ত করিবেন। অন্যথায় উক্ত ৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর সাময়িকভাবে প্রদত্ত নীট পেনশন, পেনশনারের নিজস্ব বিবরণীর ভিত্তিতে চূড়ান্ত করিতে হইবে এবং আনুতোষিকের বাকী অংশ পরিশোধ করিতে হইবে।

**২.১৩। পেনশন সমর্পণঃ**

বর্তমানে একজন চাকুরে তাঁহার গ্রস পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হন। যে সকল চাকুরে ০১-০৬-১৯৯৪ তারিখে অথবা তাহার পরে অবসর গ্রহণ করিয়াছেন/ করিবেন, তাঁহারা ইচ্ছা প্রকাশ করিলে অবশিষ্ট গ্রস পেনশনের ৫০ ভাগও একবারে সমর্পণ করিয়া উহার পরিবর্তে প্রচলিত বিনিময় হারের

অর্ধেক হারে আনুতোষিক গ্রহণ করিতে পারিবেন। উক্ত অবশিষ্ট ৫০ ভাগ গ্রস পেনশন একবারে সমর্পণের বিষয়টি পেনশনারের প্রথম আবেদনপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে, পরবর্তী সময়ে বা খন্ড খন্ড ভাবে কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

**৩.০০। পারিবারিক পেনশন:**

**৩.০১। উত্তরাধিকারী মনোনয়ন:**

পারিবারিক পেনশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে চাকরিতে থাকা অবস্থায় অথবা পরবর্তী যে কোন সময়ে তাঁহার পরিবারের যে কোন এক বা একাধিক সদস্যকে তাঁহার পারিবারিক পেনশনের সম্পূর্ণ বা অংশ বিশেষের উত্তরাধিকারী মনোনীত করিতে পারিবেন। মনোনয়নের অবর্তমানে পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদানের ক্ষেত্রে তাঁহার সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬ (৪০)-এফ অনুসরণে উত্তরাধিকারী নির্ণয় করিবেন। মৃত পেনশনারের **স্ত্রী/ স্বামী** পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে স্থানীয় পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে কাউন্সিলর-এর সার্টিফিকেটের ভিত্তিতে সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে (সংযোজনী-৩)। কোর্ট হইতে সাকসেশন সার্টিফিকেট প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না

**৩.০২। পুত্র ও বিবাহিতা কন্যা সন্তানের বয়সসীমা:**

পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়স সীমা ২১ হইতে ২৫ বৎসরে উন্নীত করা হইল। প্রচলিত বিধানের যেই সকল ক্ষেত্রে পুত্র সন্তানের কোন বয়সসীমা বর্তমানে উল্লেখ নাই, সেই সকল ক্ষেত্রে বয়স নির্বিশেষে সকল পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। যেমনঃ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬ (৪০)-এফ-এর অনুচ্ছেদ ৫(২)(এ)(i) মোতাবেক পেনশন গ্রহণের জন্য কোন যোগ্য ব্যক্তি না থাকিলে অনুচ্ছেদ ৫(২)(এ)(ii)-এর অনুসরণে ২৫ বৎসরের অধিক বয়স্ক জীবীত জ্যেষ্ঠপুত্র পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে, পেনশনারের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে শুধুমাত্র উক্ত সময়কাল পূর্তি পর্যন্ত তিনি পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। ২৫ বৎসরের উর্ধ্বে পুত্র সন্তানের প্রাপ্যতার অনুরূপ শর্তে মৃত বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারির বিবাহিতা কন্যা/ কন্যাগণ প্রচলিত বিধিগত পদ্ধতিতে ও হারে পেনশন/ আনুতোষিক প্রাপ্য হইবেন।

**৩.০৩। অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়সসীমা:**

পেনশনারদের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে অবশিষ্ট সময় কালের জন্য অবিবাহিতা/ বিধবা/ তালাকপ্রাপ্তা কন্যার বয়স নির্বিশেষে সর্বোচ্চ ১৫ বৎসর মেয়াদ কালের অবশিষ্ট সময় কাল পূর্তি পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৪। প্রতিবন্ধী সন্তানঃ**

বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২নং আইন) এর ২নং ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী সন্তান ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে, উক্ত আইনের ১৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্রের অনুলিপি পেনশন পেপারের সহিত জমা দিতে হইবে।

**৩.০৫। বিধবা স্ত্রীর ক্ষেত্রে:**

পূর্বে প্রচলিত নিয়ম অনুযায়ী যে সকল বিধবা স্ত্রী ০১-০৬-১৯৯৪ তারিখে পারিবারিক পেনশন পাইতেন/ প্রাপ্ত হইতেন অথবা পরবর্তী সময়ে প্রাপ্য হইবেন, তাঁহারা পুনর্বিবাহ না করিলে ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে পূর্ণহারে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে তাঁহারা পেনশন সমর্পণ করিতে পারিবেন না।

**৩.০৬। অবসর গ্রহণের পরে মৃত্যুর ক্ষেত্রে পারিবারিক পেনশনের হার:**

একজন চাকুরে অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে তাঁহার পরিবার যে হারে পারিবারিক পেনশন প্রাপ্য হইতেন, অবসর গ্রহণের পর মৃত্যুবরণ করিলে ০১-০৬-১৯৯৪ তারিখ হইতে একই হারে তাঁহার পরিবার/ মনোনীত উত্তরাধিকারী পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

**৩.০৭। আত্মহত্যার ক্ষেত্রে পেনশন:**

আত্মহত্যার কারণে মৃত চাকুরের পরিবারকে (যদি থাকে) স্বাভাবিক মৃত্যুর ন্যায় প্রচলিত বিধি অনুযায়ী পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদান করিতে হইবে।

## ৪.০০। পেনশন সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী:

### ৪.০১। জরুরী ভিত্তিক পেনশন প্রদান:

বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর, স্বেচ্ছায় অবসর, মৃত্যুজনিত কারণে পেনশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে প্রশাসনিক কর্তৃপক্ষ এবং পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে হিসাবরক্ষণ অফিস সকল আনুষ্ঠানিকতা সমাপনান্তে পেনশন মঞ্জুরি ও পিপিও জারি করিবেন। অন্যথায় এই স্মারকের ২.১২ অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক পেনশন প্রদান করিতে হইবে।

### ৪.০২। বার্ষিক গোপনীয় প্রতিবেদন:

পেনশন মঞ্জুরির ক্ষেত্রে সরকারি চাকুরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

### ৪.০৩। প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ:

প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত জন্ম তারিখ, নমিনি (মনোনীত উত্তরাধিকারী), প্রতিস্বাক্ষর, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) ইত্যাদি হিসাবরক্ষণ অফিসে পুনঃযাচাই ব্যতিরেকেই গৃহীত হইবে। তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করিলে তাহা গ্রহণ যোগ্য হইবে না।

### ৪.০৪। বাড়ীভাড়া সংক্রান্ত দাবী নিষ্পত্তি:

ক) অবসরপ্রস্তুতি ছুটির আদেশ জারির এক মাসের মধ্যে হিসাবরক্ষণ অফিস/ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সকল দেনা-পাওনার হিসাব প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট কর্মচারি সর্বশেষ তিন বছর যেই সকল দপ্তরে কাজ করিয়াছেন অনাপত্তির জন্য সেই সকল দপ্তরে এবং আবাসন, বিদ্যুৎ (সরকারি বাসায় বসবাস করিলে), টেলিফোন ইত্যাদির ক্লিয়ারেন্স এর জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করিবে। সংশ্লিষ্ট দপ্তর পত্র প্রাপ্তির ২১ দিনের মধ্যে অনাপত্তি পত্র দিবে বা পাওনা/ আপত্তি থাকলে তাহা বিস্তারিত জানাইবে। পাওনাদি থাকিলে উক্ত পাওনাদি পরিশোধের পর ২১ দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করিতে হইবে। ২১দিনের মধ্যে ক্লিয়ারেন্স সার্টিফিকেট অথবা মতামত প্রদান না করিলে পাওনাদি যথাযথভাবে পরিশোধিত হইয়াছে গণ্য করিয়া পেনশন মঞ্জুর করিতে হইবে। সরকারি পাওনার বিষয় যথাসময়ে না জানানো হইলে সংশ্লিষ্ট দপ্তরের এই বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিই দায়ী থাকিবেন। ঐ দপ্তরের অনাপত্তি পাওয়া গেলে ২১ দিনের মধ্যে, ও না পাওয়া গেলে তাহা উল্লেখসহ পরবর্তি ৭ (সাত) দিনের মধ্যে পেনশন মঞ্জুরি পত্র হিসাবরক্ষণ অফিসে পাঠাইতে হইবে।

খ) সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক বাড়ীভাড়া আদায় নিশ্চিত করিতে হইবে। অবসর গ্রহণের তারিখের পর অতিরিক্ত সময়ের জন্য বাসা বরাদ্দ প্রদান করা হইলে আবাসন পরিদপ্তর/ বাসা বরাদ্দকারী সংস্থা অনাপত্তি পত্র প্রদান করিবে। এই ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখের পরবর্তী সময়ে বাসার সংশ্লিষ্ট সরকারি পাওনা আদায় ঐ সংস্থা নিশ্চিত করিবে।

### ৪.০৫। ডি-হাফ ও পিপিও:

ক) পেনশনের পিপিও-তে তাঁহার উত্তরাধিকারীর নাম, পেনশনারের সহিত সম্পর্ক, বৈবাহিক অবস্থা ও বয়স ইতাদি উল্লেখ থাকিতে হইবে। পি,পি,ও এবং ডি-হাফ এর সহিত সংযোজনী-২ মোতাবেক উপরিউক্ত তথ্যাবলী অবশ্যই সংযুক্ত করিতে হইবে। চাকুরে/ অবসরপ্রাপ্ত চাকুরে জীবীত থাকা অবস্থায় সংযোজনী-২ মোতাবেক তথ্যাদি সরবরাহ না করিলে পারিবারিক পেনশনের আবেদনকারীকে সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি দাখিল করিতে হইবে এবং সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি পি,পি,ও এবং ডি-হাফ এর সহিত অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

খ) হিসাবরক্ষণ অফিস ডি-হাফ (Disburser’s half) এবং পিপিও (Pension Payment Order) যথাযথভাবে পূরণ করা নিশ্চিত করিবে। কাগজের মান উন্নত করা এবং পেনশন বইটি ভালোভাবে বাঁধানোর ব্যবস্থা সংস্থাপন মন্ত্রণালয় গ্রহণ করিবে।

### ৪.০৬। ঢাকা মহানগরীর পেনশনারগণের পেনশন প্রদান:

ঢাকা জেলা হিসাবরক্ষণ অফিস হইতে বর্তমানে যাঁহারা পেনশন উত্তোলন করেন তাঁহাদের পেনশন হিসাব মহা নিয়ন্ত্রক (সিজিএ) সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার (সিএও) কার্যালয় কর্তৃক প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

### ৪.০৭। পেনশন ফরমঃ

এই আদেশ জারির তারিখ হইতে সংশোধিত পেনশন ফরম (সংযোজনী-৪) এবং পারিবারিক পেনশন ফরম (সংযোজনী-৫) ব্যবহৃত হইবে। সংস্থাপন মন্ত্রণালয় প্রয়োজনীয় ও পর্যাপ্ত ফরম সরবরাহের ব্যবস্থা করিবে। ফরমে উল্লিখিত তথ্যের বাহিরে আর কোন তথ্য অবসর গ্রহণকারী/ উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না। সংযোজনী ফরম-৪ এবং ৫ ভিন্ন রং এর হইবে। পারিবারিক পেনশনের জন্য উত্তরাধিকারীর নমুনা-স্বাক্ষর পেনশন ফরমে সংযোজন করা হইবে।

**৪.০৮। অনুত্তোলিত পেনশন এবং বকেয়া পেনশন প্রদানের পদ্ধতিঃ**

ক) পেনশনার কোন কারণে এক বৎসর বা তদূর্ধ্ব সময় পেনশনের টাকা উত্তোলন করিতে না পারিলে এবং পরবর্তীতে তাহা উত্তোলন করিতে চাহিলে পেনশন অনুত্তোলিত/ বকেয়া থাকিবার কারণ সংবলিত আবেদন প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে যিনি তাঁহার অফিসে প্রাপ্ত পিপিও এবং ডি-হাফ-এর ভিত্তিতে অনুত্তোলিত বকেয়া পেনশন পরিশোধ করিতে পারিবেন। এই ক্ষেত্রে পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নূতনভাবে অনুমোদন/ মঞ্জুরি গ্রহণের প্রয়োজন হইবে না।

খ) যে সকল পেনশনার ব্যাংক হইতে পেনশন উত্তোলন করেন তাঁহাদের ক্ষেত্রে প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ অফিসার আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবেন অথবা মতামত প্রদান করিবেন। উক্ত সময়ের মধ্যে নিষ্পত্তি বা মতামত প্রদান না করিলে আবেদনকারীর আবেদন মোতাবেক যুক্তিসঙ্গত দাবী পরিশোধ করিতে হইবে। বর্ণিত ৭ (সাত) দিনের মধ্যে মতামত না দেওয়ার কারণে সরকারের কোন আর্থিক ক্ষতি হইলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/ কর্মচারীর নিকট হইতে ব্যাখ্যা চাওয়া যাইতে পারে।

**৪.০৯। পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজ পত্রাদিঃ**

ক) **চাকুরের নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে:** আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না:

১) নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকরির বিবরণী — ১ কপি
(২) এলপিআর-এ গমনের মঞ্জুরি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) — ১ কপি
(৩) প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) — ১ কপি
৪) পেনশন ফরম ২.১ (সংযোজনী-৪) — ১ কপি
(৫) সত্যায়িত ছবি — ৪ কপি
(৬) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণা পত্র (সংযোজনী-২) — ৩ কপি
(৭) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- — ৩ কপি
(৮) না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮)- — ১ কপি
৯) পেনশন মঞ্জুরি আদেশ- — ১ কপি

খ) **পারিবারিক পেনশনের ক্ষেত্রে:** আনুতোষিক ও অবসরভাতা পাইবার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না। তবে প্রতিবন্ধী সন্তানের অনুকূলে পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.০৪ অনুসরণে নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্র হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে।

**খ) ১) পেনশন মঞ্জুরির পূর্বেই পেনশনারের মৃত্যু হইলেঃ**

১) নন-গজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকরির বিবরণী- — ১ কপি
২) এলপিআর-এ গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) — ১ কপি
৩) প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) — ১ কপি
৪) পারিবারিক পেনশনের আবেদন পত্র ফরম ২.১ (সংযোজনী-৫) — ১ কপি
(৫) সত্যায়িত ছবি - — ৪ কপি
৬) উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) - — ৩ কপি
৭) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- — ৩ কপি
৮) অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)- — ৩ কপি
৯) চিকিৎসক/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র - — ১ কপি
১০) না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮) - — ১ কপি
১১) পেনশন মঞ্জুরি আদেশ- — ১ কপি

**খ) (২) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলেঃ**

১. পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)- — ১ কপি
২. সত্যায়িত ছবি - — ৪ কপি
৩. উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) - — ৩ কপি
৪. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- — ৩ কপি
৫. অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)- — ৩ কপি
৬. চিকিৎসক/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র - — ১ কপি
৭. পিপিও এবং ডি-হাফ - — ১ কপি

**৪.১০। ভবিষ্য তহবিলের সুদঃ**

যে সকল ব্যক্তি ভবিষ্য তহবিলে জমা টাকার উপর সুদ গ্রহণ করিতে অনিচ্ছুক তাঁহাদের ভবিষ্য তহবিলের সুদ এর পরিবর্তে সরকারের তরফ হইতে চাঁদা/ অনুদান প্রদানের বিষয় পরবর্তীকালে বিবেচনা করা হইবে।

**৪.১১। অডিট আপত্তি নিষ্পত্তি:**

ক) ২.০৫ অনুচ্ছেদে বর্ণিত ব্যবস্থা ছাড়াও অবসরে গমনকারী সরকারি চাকুরেদের অনিষ্পত্তিকৃত অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষে সি এন্ড এজি অফিসের দায়িত্বশীল কর্মকর্তার নেতৃত্বে কেন্দ্রীয়ভাবে একটি ভিন্ন অডিট সেল গঠন করিয়া ৩ (তিন) মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির সময়সীমা বাঁধিয়া দিতে হইবে। তবে কোন কারণে আপত্তি নিস্পত্তিযোগ্য না হলে ইহার কারণ প্রশাসনিক কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট চাকুরেকে অডিট সেল অবহিত করিবে। সাধারণভাবে ৩ (তিন) মাসের মধ্যে কোন মতামত পাওয়া না গেলে পেনশন মঞ্জুরি প্রদান করিতে হইবে। অডিট আপত্তিতে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক যদি কোন ব্যক্তিকে দায়ী করা না হয় তবে উক্ত আপত্তির জন্য কোন ব্যক্তির পেনশন আটকাইয়া রাখা যাইবে না। অডিট সেল গঠনের বিষয়টি অবিলম্বে বাস্তবায়ন করিতে হইবে। অডিট সেল আগামী ৩ (তিন) মাসের মধ্যে পুরাতন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিবে।

খ) কেন্দ্রীয় অডিট সেল প্রতিটি অডিট অধিদপ্তরের অডিট নিষ্পত্তি কার্যক্রমের অগ্রগতি প্রতিমাসে পর্যালোচনাক্রমে উপযুক্ত নির্দেশনা প্রদান করিবে।

**৪.১২। পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণঃ**

অর্থ বিভাগ কর্তৃক ২০০৫ সনে জারিকৃত আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ আদেশের ৩৫ ও ৩৬ নং অনুচ্ছেদ সংশোধনক্রমে পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হইবে।

১) পরিচালক পর্যায়ের নিচের সকলের ক্ষেত্রে পরিচালক পর্যায়ে, পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে মহাপরিচালক/ চেয়ারম্যান এবং মহাপরিচালক/ চেয়ারম্যান পর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় অবসর ও পেনশন মঞ্জুরির আদেশ প্রদান করিবেন।

২) যেই সকল ক্যাডারের ব্যবস্থাপনা প্রশাসনিক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেই সকল ক্যাডারের ক্ষেত্রে যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব কর্মকর্তাদের অবসর ও পেনশন মঞ্জুরি আদেশ অতিরিক্ত সচিব/ সচিব প্রদান করিবেন। অন্যান্য সকল কর্মকর্তার অবসর ও পেনশন মঞ্জুরির আদেশ যুগ্ম-সচিব প্রদান করিবেন।

৩) মন্ত্রণালয়ের সকল কর্মচারীর অবসর ও পেনশন মঞ্জুরি সংক্রান্ত ক্ষমতা উপ-সচিবকে প্রদান করা হইবে।

**৪.১৩। বিভাগীয় মামলা নিষ্পন্নকরণ:**

ক) অবসরে গমনকারী চাকুরের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা থাকিলে কল্যাণ কর্মকর্তা সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষের সহিত যোগাযোগক্রমে অনুচ্ছেদ ২.০৪ অনুযায়ী বিভাগীয় মামলা শুরুর এক বৎসরের মধ্যে তাহা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিবেন। এক বৎসরের মধ্যে বিভাগীয় মামলা (আর্থিক সংশ্লেষ সম্পন্ন বিভাগীয় মামলা ব্যতীত) নিষ্পত্তি না হইলে তাঁহাকে পেনশন প্রদান করিতে হইবে। তবে বিভাগীয় মামলা চলিতে থাকিবে। মামলায় দোষী সাব্যস্ত হইলে প্রচলিত আইন/ বিধি মোতাবেক তাঁহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে। এলপিআর-এ গমনের তারিখের পূর্বের এক বছরের মধ্যে বিভাগীয় মামলা শুরু হইলে তাহা এলপিআর-এ থাকাকালীন এবং চাকুরে যদি এলপিআর ভোগ না করেন অথবা তাঁহার অবসর প্রস্তুত ছুটি পাওনা না থাকে সেই ক্ষেত্রে অবসর কালীন সময়েও অনূর্ধ্ব এক বছর মামলা চলিতে পারে। তবে মামলা শুরু হওয়ার এক বছরের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান না করা হইলে মামলা নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও পেনশন মঞ্জুর করিতে হইবে।

খ) ইহাতে সরকারের কোন ক্ষতি হইলে বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তি না করার জন্য দায়ী ব্যক্তি/ ব্যক্তিদের নিকট হইতে উদ্ভূত ক্ষতি আদায় করিতে হইবে। এই ক্ষেত্রে বি.এস.আর-এর সংশ্লিষ্ট বিধি এবং অবসর গ্রহণ আইন, ১৯৭৪ এর ১০ ধারা সংশোধন করা হইবে।

**৪.১৪। বি.এস.আর-২৫৮, ২৬৪ ও ২৬৭ সংশোধনের ব্যবস্থা গ্রহণ:**

রাজস্বখাতে স্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োজিত এবং অন্যূন ১০ (দশ) বছর চাকরি করিয়াছেন এমন কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন প্রাপ্তির জন্য বিএসআর পার্ট-১ এর বিদ্যমান বিধি ২৫৮, ২৬৪ ও ২৬৭ সংশোধন করা হইবে।

**৪.১৫। নিখোঁজ সরকারি চাকুরের উত্তরাধিকারীকে পেনশন/ আনুতোষিক ইত্যাদি প্রদান:**

ক) ৪.১৪ অনুচ্ছেদের বিধান ও পেনশন প্রাপ্তির জন্য ন্যূনতম চাকরিকাল সম্পাদন সাপেক্ষে নিখোঁজ সরকারি চাকুরের উত্তরাধিকারী/ উত্তরাধিকারীবৃন্দ নিকটসহ থানায় এ সম্পর্কিত জিডি এন্ট্রির অনুলিপিসহ পেনশন প্রাপ্তির আবেদন

করিলে প্রশাসনিক কর্তৃপক্ষ ২(দুই)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিকে নিখোঁজ হওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করিবেন। বিজ্ঞপ্তি প্রকাশের পর ৬ (ছয়) মাস অতিবাহিত হইলে উত্তরাধিকারীকে বিধি মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর করা যাইবে।

খ) পূর্বে পরিশোধিত না হইলে নিখোঁজ হইবার অন্যূন ৩ (তিন) বছর পর প্রচলিত আইন অনুযায়ী যোগ্য আদালত কর্তৃক সাব্যস্তকৃত উত্তরাধিকার সার্টিফিকেট দাখিল করা হইলে দেনা-পাওনা সমন্বয় সাপেক্ষে নিখোঁজ সরকারি চাকুরের ভবিষ্য তহবিলের স্থিতি, লাম্প গ্রান্ট ও আনুতোষিকের অর্থ প্রদান করা যাইবে।

গ) অনুচ্ছেদ 'ক' মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর শেষে সংশ্লিষ্ট সরকারি চাকুরে ফিরিয়া আসিলে তিনি নিখোঁজ হইবার পূর্বে অবসরে গমন না করিলেও তাঁহার পূর্ব চাকরিতে পুনর্বহালযোগ্য হইবেন না।

৫। এই স্মারকে বর্ণিত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হইবে।

৬। এই স্মারকবলে পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি/ পদ্ধতি এবং আদেশ/ স্মারক ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। এই স্মারকে বর্ণিত হয় নাই এমন কোন বিষয় সম্পর্কে বর্তমানে প্রচলিত বিধি-বিধান/ পদ্ধতি/ আদেশসমূহ পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

প্রণব চক্রবর্তী
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৭১৬৪৫২২

নং-অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫(১০,০০০)

তারিখ: ১৪ মাঘ ১৪১৫ / ২৭ জানুয়ারি ২০০৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল:-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব/ ভারপ্রাপ্ত সচিব/ অতিরিক্ত সচিব ---------------------------------
(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৭। যুগ্ম-সচিব ----------------------------(অর্থ বিভাগের সকল অনুবিভাগ)।
(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৮। বিভাগীয় কমিশনার (সকল)-----------------------------------------(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক, সিজিএ ভবন, ঢাকা--------------------------------।
১০। সিজিডিএফ, বাংলাদেশ, ঢাকা।
১১। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, যোগাযোগ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সিআরবি ভবন, চট্রগ্রাম।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), সিআরবি ভবন, রাজশাহী।
১৪। জেলা প্রশাসক (সকল)--------------------------------------------------------------------।
(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) ----------------------------------------------------------।
(তাঁহার অধীনস্ত সকল অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল মন্ত্রণালয়/ বিভাগ)----------------------------------------------।
১৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)-------------------------------------------------------।
১৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপজেলা)-----------------------------------------------।

মোঃ জালাল উদ্দীন
উপ-সচিব(প্রবিধি-২)

## সংযোজনী-১

### প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)
### Expected Last Pay Certificate (ELPC)

**সহজীকরণ স্মারকের ২.০৫ অনুচ্ছেদ অনুসারে**

(গেজেটেড কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসার পূরণ ও জারি করিবেন এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা পূরণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতিস্বাক্ষরে জারি করিবেন)

১। জনাব/ বেগম ------------------------------------------------------------------------------------------ এর প্রত্যাশিত শেষ বেতন প্রত্যায়নপত্র।

ক) পদবী :

খ) অফিস :

গ) জন্ম তারিখ :

ঘ) গ্রাহ্য চাকরিতে প্রথম যোগদানের তারিখ :

ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ :

চ) অবসর গ্রহণের তারিখ :

ছ) শেষ আহরিত বেতন স্কেল :

জ) পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ :

২। দেয় মাসিক বেতন ভাতার বিবরণ:

| খাত | অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে | অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে |
|---|---|---|
| ক) মূল বেতন : | | |
| খ) ছুটিতে ইনক্রিমেন্টের মাসিক হার (টাকা) : | | |
| গ) বিশেষ বেতন : | | |
| ঘ) দায়িত্ব/ বিশেষ ভাতা : | | |
| ঙ) বাড়ী ভাড়া ভাতা : | | |
| চ) চিকিৎসা ভাতা : | | |
| ছ) মহার্ঘ ভাতা : | | |
| জ) যাতায়াত ভাতা : | | |
| ঝ) ধোলাই ভাতা : | | |
| ঞ) ব্যক্তিগত ভাতা : | | |
| ট) কারিগরী ভাতা : | | |
| ঠ) আপ্যায়ন ভাতা : | | |
| ড) টিফিন ভাতা : | | |

৩। **ভবিষ্য তহবিলের হিসাব:**

ক) হিসাব নং------------------------- বই নং----------------------------- পৃষ্ঠা নং-------------------------
খ) হিসাবটি সরকার প্রদত্ত সুদ/ অনুদান মুক্ত/ সহ
গ) বেতন হইতে নিয়মিত মাসিক জমার হার:
টাকা ------------------------------
ঘ) বিগত ৩০ শে জুন, ২০---------- তারিখ পর্যন্ত সুদসহ মোট স্থিতি/ জমা টাকা --------------------------------
ঙ) অবসরপ্রস্তুতি ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত মোট স্থিতি/ জমা
টাকা ----------------------------
চ) আবেদনে উল্লিখিত তারিখ (এলপিআর-এ গমনের ৬ মাসের ঊর্ধ্বে নয়) পর্যন্ত প্রত্যাশিত মোট স্থিতি/ জমা
টাকা ----------------------

৪। আদায়যোগ্য বকেয়া ও গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট কর্তনের বিবরণ:

| খাত | আদায়যোগ্য বকেয়া/ গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট | মাসিক কর্তনের হার | অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত অবশিষ্ট |
|---|---|---|---|

ক) গৃহ নির্মাণ অগ্রিম

খ) মটর কার/ সাইকেল/ কম্পিউটার

গ) ভ্রমণ ভাতা অগ্রিম

ঘ) অগ্রিম বেতন

ঙ) বাড়ী ভাড়া

চ) গাড়ী ভাড়া

ছ) *

জ) *

ঝ) গ্যাস বিল

ঞ) পয়ঃ ও পানি কর

ট) পৌর কর

ঠ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের রেকর্ডের ভিত্তিতে কর্মকর্তা/ কর্মচারীর নিকট থেকে অন্য কোন আদায়যোগ্য অর্থ (যদি থাকে)

ড) প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি(যদি থাকে)

৫। অর্জিত ছুটির হিসাবঃ

| ছুটির ধরণ | মোট অর্জিত | মোট ভোগকৃত | মোট অবশিষ্ট |
|---|---|---|---|

ক) পূর্ণ গড় বেতনে

খ) অর্ধ-গড় বেতনে

ভারপ্রাপ্ত কর্মকর্তার তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

নং-------------------------------------------- তারিখ ----------------
জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১।

২।

৩।

**সংযোজনী-২**

## প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র

সহজীকরণ স্মারকের ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী চাকুরে নিজে পূরণ করিবেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ বিভাগের -------------------------------------- তারিখের স্মারক নং-অম/ অবি/ প্রবি-১/ ৩পি-২/ ২০০৫(অংশ-১)/ ------------------ এর ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ আমার প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারীঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার % | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা | ছবি (স্ট্যাম্প সাইজ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

মনোনীত উত্তরাধিকারীঃ

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

মনোয়নকারীর স্বাক্ষর ও তারিখ:

**সংযোজনী-৩**

**উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট**

(সহজীকরণ স্মারকের ৩.০১ অনুচ্ছেদ অনুযায়ী)

নং------------------------------------------ তারিখ --------------------------------

পৌরসভা/ ইউনিয়ন/ ওয়ার্ডের নাম ও নং---------------------------------------------------------------------------- উপজেলা ------------------------------------------------জেলা/ শহর------------------------------------আমি প্রত্যায়ন করিতেছি যে, মরহুম/ মরহুমা -------------------------------------------------------এই এলাকার অধিবাসী ছিলেন।

তাঁহার বাসা নং------------------------------- রাস্তা নং ------------------------ রাস্তার নাম -------- ---------------------- ---------------------- ব্লক নং ------------------------/ গ্রাম ---------------------------------------------- পোস্ট অফিস - --------------------------------------- উপজেলা ---------------------------------------------- জেলা --------------------- ---------------------------। তাঁহাকে এবং তাঁহার পরিবারের সদস্যগণকে আমি ---------- বৎসর যাবৎ চিনি। বিগত ---- ------------------ তারিখে তিনি মৃত্যুবরণ করিয়াছেন। মৃত্যুকালে তিনি তাঁহার পরিবারের নিম্ন বর্ণিত সদস্য রাখিয়া গিয়াছেনঃ-

| ক্রমিক নং | নাম | জন্ম তারিখ ও বয়স | সম্পর্ক | প্রতিবন্ধী অবস্থা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

উল্লিখিত সদস্য/ সদস্যগণ ব্যতীত তাঁহার আর কোন উত্তরাধিকারী নাই। সরকারের বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট দেনা পাওনার বিষয় নিষ্পত্তি করার ব্যাপারে কেবলমাত্র উপরোক্ত সদস্য/ সদস্যাগণ মরহুম/ মরহুমা এর উত্তরাধিকারী বিবেচিত হইবেন।

আমি আরও প্রত্যয়ন করিতেছি যে, মরহুম ------------------------------------------------------- এর জীবীত একমাত্র ---- ----------------------------------------- স্ত্রী বেগম ------------------------------ পুনর্বিবাহ করেন নাই এবং কোন পুনর্বিবাহের অঙ্গীকারেও আবদ্ধ হন নাই।

স্বাক্ষর
পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড
কাউন্সিলর
সীলমোহর (নামযুক্ত)

নং------------------------------------------------ তারিখ -----------------------------------------

প্রত্যয়ন করা হইল: সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর:

সীলমোহর ও

পূর্ণ ঠিকানা -----------------------------------------------------

-----------------------------------------------------

<u>সংযোজনী-৪</u>

**পেনশন ফরম ২.১**
**(চাকুরের নিজের অবসরের ক্ষেত্রে প্রযোজ্য)**

নাম: জনাব/ বেগম ------------------------------------------------------------

শেষ পদবী: ------------------------------------------------------------------

শেষ অফিস: -----------------------------------------------------------------

এর পেনশন সংক্রান্ত।

**নির্দেশাবলী**

১। সরকারি চাকুরে অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার কমপক্ষে **১০** মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া **৩** (তিন) কপি তাঁহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসরপ্রস্তুতি ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করিবার জন্য কমপক্ষে **১২** মাস পূর্বে দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়ন পত্র ও মন্তব্য/ সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরি কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরি কর্তৃপক্ষ না-দাবী প্রত্যায়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ **১** (এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

৪। হিসাবরক্ষণ অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরির আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সে জন্য ফরমের যে কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

# প্রথম অংশ

**(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)**

| |
|---|
| সপোর্ট সাইজের সত্যায়িত ছবি |

সমীপে

-------------------------------------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------

**বিষয়: পেনশন পরিশোধের আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি সরকারি চাকরি হইতে --------------তারিখে অবসরপ্রস্তুতি ছুটিতে গমন করিব/ করিয়াছি এবং --------------------------তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করিব/ করিয়াছি। আমি অবসর ভাতার অর্ধেক/ সম্পূর্ণ বিনিময় করিতে চাই। সেই মতে বিধি মোতাবেক প্রাপ্য অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নে বর্ণিত মনোনীত হারে আমার বৈধ উত্তরাধিকারীদেরকে এই পারিবারিক পেনশন প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি:-

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার(%) | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধিতা | উত্তরাধিকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

৩। আমি এই চাকরির কোন অংশ বিশেষের জন্য পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। **অংগীকারনামাঃ**

(ক) আমার জানামতে আমার নিকট সরকারের কোন পাওনা নাই। তথাপিও এই পেনশন পরিশোধের পর যে কোন সময়ে অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী, ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/ থাকিবে।

(খ) যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী, আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/ আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ দিতে বাধ্য থাকিব/ থাকিবে।

৫। হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়-----------------------------

---------------------- ব্যাংকের শাখা--------------------------------------------------- (পূর্ণ ঠিকানা) ---------------------

---------------------------------------------------------------------- হইতে মি আমার অবসর ভাতা ও আনুতোষিক

গ্রহণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত ব্যাংক শাখায় আমার চলতি/ সঞ্চয়ী হিসাব নং ----------------------------------------।

৬। নিম্নে আমার তিনটি নমুনা স্বাক্ষর এবং হাতের বৃদ্ধাঙ্গুলের ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:-

| ক্রমিক নং | | পূর্ণ স্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর | বাম/ ডান বৃদ্ধাঙ্গুলের ছাপ |
|---|---|---|---|---|

১।

২।

৩।

সত্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

৭। আবেদনকারীর ডাক ঠিকানা:

(ক) বর্তমান -------------------------------------------------
---------------------------------------------------
---------------------------------------------------

(খ) স্থায়ী -----------------------------------------------------
---------------------------------------------------
-----------------------------------------------------

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

নাম:----------------------------

পদবী:----------------------------

শেষ কর্মস্থল:----------------------

# দ্বিতীয় অংশ
**(দপ্তর/ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)**

১.০ চাকুরের চাকরির বিবরণীঃ-

১.০১ নাম:

১.০২ পিতার নাম:

১.০৩ জাতীয়তা:

১.০৪ অবসরের সময়ে পদবী:

১.০৫ জন্ম তারিখ:

১.০৬ চাকরিতে যোগদানের তারিখ:

১.০৭ চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ:

১.০৮ আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী:

২.০০ চাকরির খতিয়ান:

| | | বৎসর | মাস | দিন |
|---|---|---|---|---|
| ২.০১ | বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| ২.০২ | অযোগ্য চাকরি: | | | |
| | (ক) ১৮ বৎসর বয়সের পূর্বের চাকরি: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (খ) অসাধারণ ছুটিঃ | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (গ) কর্তব্য/ ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকালঃ | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ঘ) চাকরিতে বিরতি সময়কাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকরিকাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (চ) পদত্যাগ করিবার কারণে বাতিলকৃত চাকরিকাল: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | (ছ) অননুমোদিত অনুপস্থিতি: | | | |
| | ------------------------ তারিখ হইতে -------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| | | বৎসর | মাস | দিন |
| | মোটঃ | | | |
| ২.০৩ | নীট চাকরিকাল: (২.০১ - ২.০২) | বৎসর | মাস | দিন |

২.০৪ অন্যান্য যোগ্য চাকরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে ------------------------------------

--------------------------------------------যোগ করিতে হইবে):

(ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকরি:

| | | | |
|---|---|---|---|
| ----------------------- তারিখ হইতে ------------------তারিখ পর্যন্ত | ----- | ----- | ----- |
| (খ) চাকরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল: | ----- | ----- | ----- |
| (গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে কোন চাকরিকাল | ----- | ----- | ----- |
| মোটঃ | বৎসর | মাস | দিন |

২.০৫ মোট যোগ্য চাকরি (২.০৩ + ২.০৪):

৩.০ <u>অবসর ভাতা ও আনুতোষিক:</u>

| | | |
|---|---|---|
| ৩.০১ | **অবসরের অব্যবহিত পূর্বের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন** (ইএলপিসি অনুযায়ী) | টাকা: ---------------------- |
| ৩.০২ | অবসর ভাতার হার (%) | টাকা: ---------------------- |
| ৩.০৩ | মোট অবসর ভাতার পরিমাণ: | টাকা: ---------------------- |
| ৩.০৪ | মোট অবসর ভাতার অর্ধাংশ (১/২): | টাকা: ---------------------- |
| ৩.০৫ | আনুতোষিকের মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | টাকা: ---------------------- |
| ৩.০৬ | অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় থোক প্রাপ্য আনুতোষিক | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| ৩.০৭ | (ক)নীট মাসিক অবসর ভাতার পরিমাণ | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| | খ) ১) নীট মাসিক অবসর ভাতার পরিবর্তে আনুতোষিকের জন্য দ্বিতীয় অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | টাকা: ---------------------- |
| | **অথবা,** | |
| | খ) ২) নীট মাসিক অবসর ভাতার বিনিময়ে থোক প্রাপ্য | টাকাঃ (অংকে)--------------- |
| | আনুতোষিক (কথায়) | ------------------------------ |
| ৩.০৮ | ক) মোট আনুতোষিক | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |
| | খ) মোট মাসিক অবসর ভাতা: | টাকাঃ (অংকে)--------------- |
| | (কথায়) | ------------------------------ |

৪.০০ অফিস প্রধানের মন্তব্য:

৪.০১ আবেদনকারীর নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতীত অন্য কোন পাওনা নাই:

(ক)--------------------------------------------------

(খ)--------------------------------------------------

(গ)--------------------------------------------------

৪.০২ সুপারিশ: ---------------------------------------------------------------------------------
-------------------------------------------------------------------------------------
-------------------------------------------------------------------------------------

মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর প্রধানের
স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

তারিখ: --------------------------------

# তৃতীয় অংশ

৫.০০ মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ:

৫.০১ (ক) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ------------------------------------------------------ এর চাকরি সম্পূর্ণরূপে সন্তোষজনক। পূর্ণ অবসরভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি যাহা অবসরভাতার বিধি মোতাবেক প্রাপ্য তাহা এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা,**

**খ)** নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------------------------------------------------------- এর চাকরি সম্পূর্ণরূপে সন্তোষজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসরভাতা ও আনুতোষিক নিম্নরূপ পরিমাণে হ্রাস করা হইল:-

| | | |
|---|---|---|
| ১) অবসরভাতা হ্রাসের পরিমাণ | : | টাকা (অংকে) ------------------------ |
| | | (কথায়) ................................................. |
| (২) আনুতোষিক হ্রাসের পরিমাণ | : | টাকা (অংকে) -------------------------- |
| | | (কথায়) -------------------------------- |
| (৩) এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসর ভাতা | : | টাকা (অংকে) ---------------------------- |
| | | (কথায়) ------------------------------ |
| (৪) এইরূপ হ্রাসের পর প্রাপ্য আনুতোষিক | : | টাকা (অংকে) ------------------------------ |
| | | (কথায়) ---------------------------------- |

(৫) এইরূপ হ্রাসকৃত অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

(গ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------------------------------------------------------- এর পেনশন কেইস এর না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব না হওয়ায় উক্ত চাকুরের প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য নীট পেনশন সাময়িকভাবে এতদদ্বারা অনুমোদন করা হইল।

৫.০২ প্রচলিত নিয়মানুযায়ী আনুতোষিক এবং ---------------------------------- তারিখ হইতে অবসর ভাতা পরিশোধ করা যাইতে পারে।

৫.০৩ আবেদনকারীর অবর্তমানে আবেদনকারীর মনোনীত ব্যক্তি (আবেদনের ২ অনুচ্ছেদে বর্ণিত) বৈধ উত্তরাধিকারীগণ পেনশন সুবিধা পাইতে পারেন।

তারিখ: ------------------------------------

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

# চতুর্থ অংশ
## (হিসাবরক্ষণ অফিসে ব্যবহারের জন্য)

* ৬.০০ হিসাবরক্ষণ কার্যালয়ের মন্তব্য:

৬.০১ প্রত্যাশিত শেষ বেতনপত্র পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-দাবী প্রত্যায়নপত্র প্রদান করিবার কারণে তাহা এই কার্যালয় কর্তৃক গৃহীত হইয়াছে।

৬.০২ পূর্ববর্তী পৃষ্ঠাসমূহে বর্ণিত হিসাব ও গণনাসমূহ পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যোগ্য চাকরির দৈর্ঘ্য নিরীক্ষাপূর্বক গৃহীত হইয়াছে।

৬.০৩ যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক ----------------------------তারিখে --------------------------------------নং পেনশন মঞ্জুরি আদেশ প্রদান করা হইয়াছে।

৬.০৪ এমতাবস্থায় নিম্নোক্ত পরিমাণ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ আদেশ জারি করা হইল:-

| | | |
|---|---|---|
| ক) মোট অবসর ভাতার পরিমাণ | : | টাকা ........................................... |
| খ) মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের | : | টাকা (অংকে) ................................. |
| বিনিময়ে থোক আনুতোষিকের পরিমাণ | : | (কথায়) ............................................. |
| গ) ১) নীট মাসিক অবসর ভাতার | : | টাকা (অংকে) ................................... |
| দ্বিতীয় অর্ধাংশের পরিমাণ | : | (কথায়) ............................................ |
| গ) ২) থোক আনুতোষিকের পরিমাণ | : | টাকা (অংকে) ................................... |
| (দ্বিতীয় অর্ধাংশের জন্য) | : | (কথায়) ........................................... |
| | অথবা | |
| ঘ) ১) মোট আনুতোষিক | : | টাকা (অংকে) .................................... |
| | : | (কথায়) .......................................... |
| ঘ) ২) মোট মাসিক অবসর ভাতা | : | টাকা (অংকে) .................................. |
| | : | (কথায়) ............................................. |

৬.০৫ অবসর ভাতা আরম্ভের তারিখ

৬.০৬ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মাধ্যম/ স্থান:

হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়

------------------/ ব্যাংক শাখা -------------------------- পূর্ণ ঠিকানা

-------------------------- -------------------------- --------------------------

এর চলতি সঞ্চয়ী হিসাব নং --------------------------।

৬.০৭ পেনশন পরিশোধ আদেশ (পিপিও) নম্বর ----------------------তারিখ ------------------

উপরোক্ত ৬.০৬ অনুচ্ছেদে বর্ণিত শাখায়/ কার্যালয়ে প্রেরণ করা হইল।

তারিখ:-------------------------- স্বাক্ষর --------------------------

সহকারী মহাহিসাবরক্ষক
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
সীলমোহর (নামযুক্ত)

* নোট:

১। ক) হিসাবরক্ষণ অফিসের আপত্তির মূল কপি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর বরাবরে জারির সাথে সাথে ইহার অনুলিপি অবগতি ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অডিট আপত্তির সাহিত সংশ্লিষ্ট চাকুরের নামে তাহার বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রত্যায়নসহ প্রেরণ করিতে হইবে।

খ) হিসাবরক্ষণ অফিসের আপত্তির আরো একটি কপি অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ করিবার অনুরোধসহ তাঁহার নির্বাহী কর্মকর্তার প্রযত্নে জারি করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

২। হিসাররক্ষণ অফিসের আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের বর্তমান পোষ্টিং বা অবস্থান জানানোর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরকে অনুরোধ করিতে হইবে এবং মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর উক্ত অবস্থান বা পোষ্টিং নিরীক্ষা অফিসকে জানাইতে বাধ্য থাকিবে।

সংযোজনী-৫

## পারিবারিক পেনশন ফরম ২.২

নাম : জনাব/ বেগম -------------------------- ----------------------

শেষ পদবী: -------------------------- --------------------------

শেষ অফিস: -------------------------- --------------------------

এর মৃত্যুতে পারিবারিক পেনশন সংক্রান্ত।

### নির্দেশাবলী

১। আবেদনকারী বৈধ উত্তরাধিকার সনদপত্রসহ ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি মৃত চাকুরের শেষ অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। মনোনীত উত্তরাধিকারীগণ একক অভিভাবকত্বে একটি আবেদনপত্র দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া দা-দাবী প্রত্যয়নপত্র ও মন্তব্য/ সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরকারী কর্তৃপক্ষ না-দাবী প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

৪। হিসাবরক্ষণ অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরি আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সেজন্য ফরমের যে-কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

# প্রথম অংশ

**(উত্তরাধিকারী নিজে আবেদনপত্র পূরণ ও স্বাক্ষর করিবেন)**

সমীপে

----------------------

----------------------

----------------------

**বিষয়: পারিবারিক পেনশন পরিশোধের আবেদন।**

মহোদয়,

আপনার অফিসের প্রাক্তন চাকুরে জনাব/ বেগম ----------------------------------------------------------- পদবী ---------------------- আমার (সম্পর্কে) ------------------ছিলেন। তিনি ------------------তারিখে মৃত্যুবরণ করিবার কারণে বিধি মোতাবেক প্রাপ্য তাঁহার চাকরির পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমি তাঁহার বৈধ উত্তরাধিকারী/ এবং পরিবারের অন্যান্য সদস্যরা আমাকে তাঁহাদের অভিভাবক নিয়োগ করিয়া এই পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করার ক্ষমতা অর্পণ করিয়াছেন (পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করা হইল)।

৩। আমি এই চাকরির কোন অংশ বিশেষের দাবীতে পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। <u>অংগীকারনামাঃ</u>

ক) তাঁহার নিকট সরকারের কোন পাওনা থাকিলে তাহা আমি বিধি মোতাবেক পরিশোধ করিতে সম্মত আছি। এই পেনশন পরিশোধের পরও যে-কোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা আমার পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব।

খ) যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/ আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ আমার পারিবারিক অবসর ভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ফেরৎ দিতে বাধ্য থাকিব।

৫। হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় -------------------- ------ --------------/ ব্যাংকের শাখা (পূর্ণ ঠিকানা) ------------------ --------------------------------------- ------------------- ------------- ----------------------------------------- হইতে আমি আমার পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত ব্যাংক শাখায় আমার চলতি/ সঞ্চয়ী হিসাব নং --------------------।

৬। নিম্নে আমার তিনটি নমুনাস্বাক্ষর এবং হাতের বৃদ্ধাংগুলির ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:-

| ক্রমিক নং | পূর্ণস্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর | বাম/ ডান বৃদ্ধাংগুলির ছাপ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

তারিখসহ সত্যায়নকারীর স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

৭। আবেদনকারী ডাক ঠিকানা:

ক) বর্তমান
--------------------
--------------------
--------------------

খ) স্থায়ী
--------------------
--------------------
--------------------

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ ----------------------

নাম: ------------------------------

মৃত চাকুরের নাম:---------------------

শেষ পদবী: ------------------------

শেষ অফিস: ------------------------

## দ্বিতীয় অংশ (কঃ পুরাতন)

(যেই ক্ষেত্রে পিপিও জারি হইয়া পেনশন ভোগ করা হইতেছিল সেইক্ষেত্রে পুরাতন পিপিও সংশোধনের জন্য এই অংশ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে। অন্যথায় পরবর্তী -খ অংশ পূরণ করিতে হইবে)।

| | | | |
|---|---|---|---|
| ১.০০ | ইতঃপূর্বে মঞ্জুরিকৃত অবসর ভাতা সম্পর্কিত তথ্যাদি | | : |
| ১.০১ | মৃত/ অবসরপ্রাপ্ত চাকুরের নাম | | : |
| ১.০২ | মৃত্যুর/ অবসরের তারিখে পদবী | | : |
| ১.০৩ | অবসর গ্রহণের তারিখ | | : |
| ১.০৪ | প্রমাণসহ পেনশনারের মৃত্যুর তারিখ | | : |
| ১.০৫ | প্রাপ্ত সর্বশেষ মাসিক অবসর ভাতার পরিমাণ | টাকাঃ | অংকে -------------------- |
| | | | কথায় -------------------- |
| ১.০৬ | মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ | টাকাঃ | অংকে -------------------- |
| | | | কথায় -------------------- |

১.০৭ পুরাতন পিপিও নং ও তারিখ:-------------------- -------------------- ------------------

## দ্বিতীয় অংশ (খঃ নতুন)

(পূর্ববর্তী -ক অংশ প্রযোজ্য না হইলে পিপিও জারির জন্য এই অংশ অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)

| | | |
|---|---|---|
| ১.০০ | মৃত চাকুরের চাকরির বিবরণ | :-------------------- -------------------- |
| ১.০১ | নাম | :-------------------- -------------------- |
| ১.০২ | পিতার নাম | :-------------------- -------------------- |
| ১.০৩ | জাতীয়তা | :-------------------- -------------------- |
| ১.০৪ | অবসর/ মৃত্যুর সময় পদবী | :-------------------- -------------------- |
| ১.০৫ | জন্ম তারিখ | :-------------------- -------------------- |
| ১.০৬ | চাকরিতে যোগদানের তারিখ | :-------------------- -------------------- |
| ১.০৭ | চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ | :-------------------- -------------------- |
| ১.০৮ | আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী | :-------------------- -------------------- |
| ১.০৯ | মৃত্যুর তারিখ (প্রমাণপত্রসহ) | :-------------------- -------------------- |

২.০০ মৃত চাকুরের চাকরির খতিয়ান: বৎসর মাস দিন

২.০১ বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য:

-------------------- তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

২.০২ অযোগ্য চাকরি:

ক) ১৮ বৎসর পূর্বের চাকরি:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

খ) অসাধারণ ছুটিঃ

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

গ) কর্তব্য/ ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকালঃ

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

ঘ) চাকরিতে বিরতির সময়কাল:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকরিকাল:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

চ) পদত্যাগ করিবার কারণে বাতিলকৃত চাকরিকাল:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

ছ) অননুমোদিত অনুপস্থিতি:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

মোটঃ

২.০৩ নীট চাকরিকাল: (২.০- ২.০২) : ---------- ------------------

২.০৪ মৃত চাকুরের অন্যান্য যোগ্য চাকরি (যাহা প্রয়োজনীয় ক্ষেত্রে যোগ করিতে হইবে) <u>বৎসর</u> <u>মাস</u> <u>দিন</u>

ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকরি:

------------------তারিখ হইতে -------------------- তারিখ পর্যন্ত ------------------

খ) চাকরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল :

গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে-কোন চাকরিকাল:

------------------------------------

মোট

--------------------------------------

২.০৫ মোট যোগ্য চাকরি (২.০৩ + ২.০৪) <u>বৎসর</u> <u>মাস</u> <u>দিন</u>

৩.০ <u>মৃত চাকুরের অবসর ভাতা ও আনুতোষিক।</u>

**৩.০১ অবসরের অব্যবহিত পূর্বের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন**
(এল পি সি অনুযায়ী) টাকা:---------- ------------------

৩.০২ অবসর ভাতার হার %

৩.০৩ মোট অবসর ভাতার পরিমাণ: টাকা:---------- ------------------

৩.০৪ মোট অবসর ভাতার অর্ধাংশ (১/ ২) টাকা:---------- ------------------

৩.০৫ আনুতোষিকের জন্য বিনিময় হার:

(প্রতি এক টাকার পরিবর্তে) টাকা:---------- ------------------

৩.০৬ অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময়ে থোক প্রাপ্য আনুতোষিক

টাকা:---------- ------------------

৩.০৭ নীট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ:

টাকা:---------- ------------------

৪.০ <u>অফিস প্রধানের মন্তব্য:</u>

৪.০১ জনাব/ বেগম---------- ------------------------------ পদবী ---------- ---------- এই কার্যালয়ে কর্মরত ছিলেন। তিনি ---------- ------------ তারিখে মৃত্যুবরণ করিয়াছেন। তাঁহার নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতীত অন্য কোন পাওনা নাই।

ক. ---------- ------------------
খ. ---------- ------------------
গ. ---------- ------------------
---------- ------------------
---------- ------------------

৪.০২ আবেদনকারী জনাব/ বেগম ------------------------------ মৃত জনাব/ বেগম ---------------------------এর বৈধ উত্তরাধিকারী। এই কার্যালয়ে সংরক্ষিত নথি পত্রাদি এবং পৌরসভা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নের ভিত্তিতে ইহা নিশ্চিত হওয়া গিয়াছে। অন্যান্য আইনানুগ উত্তরাধিকারীগণ তাঁহাকে অভিভাবক মনোনীত করিবার কারণে পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মঞ্জুরি তাঁহাকে প্রদানের জন্য সুপারিশ করা যাইতেছে।

তারিখ:---------- ---------------- মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর
প্রধানের স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

## তৃতীয় অংশ

৫.০৫ মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ:

৫.০১ ক) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ------------------------------------------------ এর চাকরি সম্পূর্ণভাবে সন্তোষজনক। পূর্ণ অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি, যাহা অবসর ভাতা বিধি মোতাবেক প্রাপ্য তাহা এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

খ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------- ---------------------------- এর চাকরি সম্পূর্ণভাবে সন্তোষজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসর ভাতা ও আনুতোষিক নিম্নরূপ পরিমাণে হ্রাস করিতে হইবে:-

১) অবসর ভাতা হ্রাসের পরিমাণ : টাকা ----------------------------------------

২) আনুতোষিক হ্রাসের পরিমাণ : টাকা ----------------------------------------

৩) এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসর ভাতা : টাকা (অংকে) ----------------------------------------
(কথায়) ----------------------------------------

৪) এইরূপ হ্রাসের পর প্রাপ্য আনুতোষিক : টাকা (অংকে) ----------------------------------------
(কথায়) ----------------------------------------

৫) এইরূপ হ্রাসকৃত অবসর ভাতা এবং/ বা আনুতোষিকের মঞ্জুরি এতদ্বারা অনুমোদন করা হইল।

**অথবা**

গ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম -------- ---------------------------- এর পেনশন কেইস এর না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব না হওয়ার কারণে উক্ত চাকুরের প্রাপ্য আনুতোষিক শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে এতদ্বারা অনুমোদন করা হইল।

ঘ) মৃত চাকুরে জনাব/ বেগম -------- ---------------------- এর পারিবারিক অবসর ভাতা এবং/ বা অনুতোষিক যাহা অবসর ভাতা বিধি মোতাবেক প্রাপ্য তাহা তাহার বৈধ উত্তরাধিকারী জনাব/ বেগম ----- ---------------------- কে ৪.০২ অনুচ্ছেদের প্রস্তাব মোতাবেক প্রদানের জন্য সুপারিশ অনুমোদন করা হইল।

৫.০২ প্রচলিত নিয়মানুযায়ী আনুতোষিক এবং ----------------------------- তারিখ হইতে পারিবারিক অবসর ভাতা তাহাকে পরিশোধ করা যাইতে পারে।

তারিখ: মঞ্জুরকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর

সীলমোহর (নামযুক্ত)

# চতুর্থ অংশ

(হিসাবরক্ষণ অফিসের ব্যবহারের জন্য)

* ৬.০০ **হিসাবরক্ষণ কার্যালয়ের মন্তব্য:**

৬.০১ প্রত্যাশিত শেষ বেতনপত্র পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-দাবী প্রত্যায়নপত্র প্রদান করিবার কারণে তাহা এই কার্যালয় কর্তৃক গৃহীত হইয়াছে।

৬.০২ পূর্ববর্তী পৃষ্ঠাসমূহে বর্ণিত হিসাব ও গণনাসমূহ পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যোগ্য চাকরির দৈর্ঘ্য নিরীক্ষাপূর্বক গৃহীত হইয়াছে।

৬.০৩ যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক ------------------ তারিখে ------------------ নং পেনশন মঞ্জুরি আদেশ প্রদান করা হইয়াছে।

৬.০৪ এমতাবস্থায় নিম্নোক্ত পরিমাণ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ আদেশ জারি করা হইল:-

ক) মোট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ: টাকা ------------------

খ) মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময়ে থোক আনুতোষিকের পরিমাণ:

টাকা (অংকে): ------------------

(কথায়):------------------

গ) নীট মাসিক পারিবারিক অবসর ভাতার পরিমাণ টাকা (অংকে) ------------------

(কথায়)................................

৬.০৫ পারিবারিক মাসিক অবসর ভাতা আরম্ভের তারিখ:

৬.০৬ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মাধ্যম/ স্থানঃ
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/ প্রধান/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ----------------- ---- --------------/ ব্যাংক শাখা -------------------------------------------(পূর্ণ ঠিকানা) এর চলতি/ সঞ্চয়ী হিসাব নং ------------------।

৬.০৭ পেনশন পরিশোধ আদেশ (পিপিও) নম্বর ------------------ তারিখ ------------------। উপরোক্ত ৬.০৬ অনুচ্ছেদে বর্ণিত শাখায়/ কার্যালয়ে প্রেরণ করা হইল।

তারিখ------------------ স্বাক্ষর ------------------

সহকারী মহা হিসাবরক্ষক
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
সীলমোহর (নামযুক্ত)

**<u>* নোট:</u>**

১। ক) হিসাবরক্ষণ অফিস আপত্তির মূল কপি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর বরাবরে জারির সাথে সাথে ইহার অনুলিপি অবগতি ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নামে তাহার বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রত্যয়নসহ প্রেরণ করিতে হইবে।

খ) হিসাবরক্ষণ অফিস আপত্তির আরো একটি কপি আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ করিবার অনুরোধসহ তাহার নির্বাহী কর্মকর্তার প্রযত্নে জারি করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

২। হিসাবরক্ষণ অফিস আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের বর্তমান পোস্টিং বা অবস্থান জানানোর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তরকে অনুরোধ করিতে হইবে এবং মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর উক্ত অবস্থান বা পোস্টিং হিসাবরক্ষণ অফিসকে জানাইতে বাধ্য থাকিবে।

সংযোজনী-৬

## নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ

১। নিম্নে আনুতোষিক ও অবসর ভাতার আবেদনকারী জনাব/ বেগম ----------------------------------------------- পদবী (প্রযোজ্য ক্ষেত্রে) ---------------------------------- পিতা/ স্বামী ----------------------------------------------- এর তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িত করা হইল।

| ক্রমিক নং | পূর্ণ স্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর |
|---|---|---|
| ১) | | |
| (২) | | |
| (৩) | | |

তবে শর্ত থাকে যে, কোনো চাঁদাদাতা পূর্বে বলবৎ ভবিষ্য তহবিল বিধি অনুযায়ী যে পলিসি গ্রহণ করিয়াছেন, সেই পলিসি পূর্বের সেই বিধিমালার বিধান সাপেক্ষে গ্রহণযোগ্য হইবে।

**পলিসি গৃহীত হওয়ার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে:**

১৮। ১) তহবিল হইতে প্রথম অর্থ উত্তোলনের তিন মাসের মধ্যে অথবা বিমা কর্তৃপক্ষের সদর দপ্তর বাংলাদেশের বাহিরে হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নির্ধারিত অতিরিক্ত সময়ের মধ্যে পলিসি গৃহীত হওয়ার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে। হিসাবরক্ষণ কর্মকর্তা পলিসি গ্রহণান্তে তাহা চাঁদাদাতার নিকট ফেরত পাঠাইবেন।

২) তহবিল হইতে অর্থ প্রদানের জন্য হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক একবার পলিসি গৃহীত হওয়ার পর হিসাবরক্ষণ কর্মকর্তার পূর্বানুমোদন ব্যতীত উক্ত পলিসির শর্ত পরিবর্তন বা অন্য কোনো পলিসির সহিত বিনিময় করা যাইবে না। পূর্বানুমোদন সাপেক্ষে তাহা করা হইলে তাহার নিকট নূতন পলিসির বা পরিবর্তনের বিস্তারিত তথ্য প্রদান করিতে হইবে।

৩) উপবিধি ১ -এর অধীনে কথিত সময়কালের মধ্যে অথবা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নির্ধারিত অতিরিক্ত সময়ের মধ্যে পলিসি গৃহীত হওয়ার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করা না হইলে বা পলিসি বাতিল হইয়া গেলে পলিসি সম্পর্কিত তহবিল হইতে উত্তোলনকৃত অর্থ বিধি-১২ -এ বর্ণিত হারে সুদ [১] [অথবা বৃদ্ধি] সহ অচিরেই চাঁদাদাতা কর্তৃক তহবিলে পরিশোধ করিতে হইবে বা পরিশোধে ব্যর্থ হইলে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নির্দেশ মতে কিস্তিতে বা অন্যভাবে চাঁদাদাতার বেতন হইতে কর্তনের মাধ্যমে আদায়ের জন্য হিসাবরক্ষণ কর্মকর্তা আদেশ দিবেন।

**পলিসির পুনঃঅ্যাসাইনমেন্ট:**

১৯। এই বিধিমালা বলবৎ হওয়ার পূর্বে বলবৎ কোনো বিধির অধীনে রাষ্ট্রপতি বা গভর্নর -এর বরাবরে অ্যাসাইনকৃত কোনো চাঁদাদাতার পলিসি এখন পুনঃঅ্যাসাইন করিতে চাঁদাদাতার নিকট, বা প্রযোজ্য হইলে চাঁদাদাতা ও যুগ্ম-বিমাকৃত'র নিকট বিমা কর্তৃপক্ষের বরাবরে স্বাক্ষরিত পুনঃঅ্যাসাইনমেন্ট নোটিশ সহ চতুর্থ তফশিলে প্রদত্ত ফরমের মাধ্যমে হস্তান্তর করিতে হইবে।

**তহবিলে সঞ্চিত অর্থ চূড়ান্তভাবে উত্তোলন:**

২০। চাঁদাদাতা চাকরি ত্যাগ করিলে বা অবসর ছুটিতে গেলে বা অবকাশকালীন ছুটি সহ অবসর প্রস্তুতি ছুটিতে গেলে বা ছুটিতে থাকাকালীন সময়ে অবসর গ্রহণের অনুমতি প্রাপ্ত হইলে বা যথাযথ মেডিক্যাল কর্তৃপক্ষ কর্তৃক পুনঃচাকরির জন্য অক্ষম বলিয়া ঘোষিত হইলে তহবিলে চাঁদাদাতার জমারূপে স্থিত অর্থ তাহার প্রাপ্য হইবে;

তবে শর্ত থাকে যে, তহবিলে জমারূপে স্থিত অর্থ উত্তোলনের পর ৫২ বৎসর বয়সে উপনীত হওয়ার পূর্বে চাঁদাদাতা যদি পুনর্বহাল বা পুনঃনিয়োগের মাধ্যমে চাকরিতে প্রত্যাবর্তন করেন তবে মঞ্জুরকারী কর্তৃপক্ষ নির্দেশ প্রদান করিলে তাহাকে বিধি ১২ -এ বর্ণিত হারে সুদ [১] [অথবা বৃদ্ধি] সহ পূর্বে উত্তোলনকৃত অর্থ কর্তৃপক্ষের নির্ধারিত পদ্ধতিতে তহবিলে ফেরৎ প্রদান করিতে হইবে।

**চাঁদাদাতার মৃত্যুতে তহবিলের [1] অর্থ প্রদান:**

২১। তহবিলে জমা অর্থ প্রদেয় হওয়ার পূর্বে অথবা প্রদেয় হওয়ার পর চাঁদাদাতা মৃত্যুবরণ করিলে-

১) চাঁদাদাতার পরিবার থাকিলে-

ক) বিধি ৬ এবং ইতিপূর্বে বলবৎ কোনো বিধির অধীনে চাঁদাদাতা তাহার পরিবারের কোনো সদস্যকে বা সদস্যবর্গকে তহবিলে তাহার জমারূপে স্থিত অর্থ বা ইহার অংশ বিশেষের জন্য মনোনয়ন দান করিয়া থাকিলে তাহা উক্ত মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়নে বর্ণিত অংশ অনুসারে প্রদেয় হইবে;

খ) যদি পরিবারের কোনো সদস্য বা সদস্যবর্গের অনুকূলে কোনো মনোনয়ন না থাকে বা মনোনয়ন থাকা সত্ত্বেও যদি তাহা অবৈধ হয় এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ -এর ধারা ৫(১) (খ) -এর অধীনে তাহা অকার্যকারী হয় অথবা উক্ত মনোনয়ন যদি তহবিলে তাহার জমা অর্থের অংশ বিশেষের জন্য হইয়া থাকে তাহা হইলে তাহার পরিবারের সদস্য ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের অনুকূলে মনোনয়ন থাকা সত্ত্বেও তহবিলে তাহার জমা উহার সমুদয় অর্থ বা উহার যে অংশের জন্য মনোনয়ন নাই ঐ অংশ তাহার পরিবারের সদস্যদেরকে সমহারে প্রদেয় হইবে;

তবে শর্ত থাকে যে, পরিবারের অন্য কোনো সদস্য থাকিলে নিম্নোক্ত সদস্যগণ কোনো অংশ পাইবেন না-

ক) আইনগতভাবে প্রাপ্তবয়স্ক পুত্র যিনি শারীরিক বা মানসিকভাবে অক্ষম নন এবং জীবীকা নির্বাহেও অসমর্থ নন;

খ) মৃত পুত্রের আইনগতভাবে প্রাপ্তবয়স্ক পুত্র যিনি শারীরিকভাবে অক্ষম নন এবং জীবীকা নির্বাহেও অসমর্থ নন;

গ) বিবাহিতা কন্যা, যাহার স্বামী জীবীত এবং যিনি অন্য কোনোভাবে পরিত্যক্ত বা স্বামীর ভরণ-পোষণ হইতে বঞ্চিত নহেন;

ঘ) মৃত পুত্রের বিবাহিতা কন্যা, যাহার স্বামী জীবীত এবং যিনি অন্য কোনোভাবে পরিত্যক্ত বা স্বামীর ভরণ-পোষণ হইতে বঞ্চিত নহেন;

তবে শর্ত থাকে যে, মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ এবং সন্তান বা সন্তানগণ মৃত পুত্র জীবীত থাকিলে তাহাদের যে অংশ প্রাপ্য হইত কেবল ঐ পরিমাণ অংশই তাহাদের সকলের সমহারে প্রাপ্য হইবে এবং তাহাদের ক্ষেত্রে ১ম শর্তের দফা (ক) -এর বিধান কার্যকর হইবে না।

২) চাঁদাদাতার যদি কোনো পরিবার না থাকে এবং, তিনি যদি বিধি ৬ মোতাবেক বা ইতিপূর্ব হইতে বলবৎ বিধি মোতাবেক অন্য কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের অনুকূলে মনোনয়ন প্রদান করিয়া থাকেন, তাহা হইলে, তহবিলে তাহার জমা অর্থ বা উহার যে অংশের জন্য মনোনয়ন দেওয়া হইয়াছে ঐ অংশ উক্ত মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে প্রদেয় হইবে।

টীকা: ১। এই বিধি অনুসারে চাঁদাদাতার পরিবারের কোনো সদস্যকে প্রদেয় অর্থ ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ -এর ধারা- ৩ -এর উপধারা- ২ -এর অধীনে এইরূপ সদস্যকে প্রদেয় হইবে।

২। কোনো মনোনীত ব্যক্তি ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ -এর ধারা-২ -এর দফা (গ) -এর সংজ্ঞা মতে চাঁদাদাতার উপর নির্ভরশীল ব্যক্তি হইলে তহবিলের অর্থ উক্ত আইনের ধারা-৩ -এর উপধারা (২) -এর অধীনে মনোনীত ব্যক্তিকে প্রদেয় হইবে।

৩। চাঁদাদাতার যদি কোনো পরিবার না থাকে এবং তিনি যদি বিধি ৬ -এর বিধান মোতাবেক মনোনয়ন না করিয়া থাকেন বা তহবিলে তাহার জমা অর্থের অংশবিশেষের জন্য মনোনয়ন করিয়া থাকেন, তাহা হইলে তহবিলে তাহার জমা সমুদয় অর্থের ক্ষেত্রে বা উহার যে অংশের উপর মনোনয়ন সম্পর্কিত নহে উহার ক্ষেত্রে ভবিষ্য তহবিল আইন, ১৯২৫-এর ধারা-৪ -এর উপধারা (১) -এর দফা (খ) এবং দফা (গ) -এর উপদফা (২) প্রযোজ্য হইবে।

**পরিশোধ:**

২২। ১) তহবিলে চাঁদাদাতার জমারূপে স্থিত অর্থ প্রদেয় হইলে, হিসাবরক্ষণ কর্মকর্তার দায়িত্ব হইবে প্রদেয় হওয়ার কথা চাঁদাদাতাকে বা তাঁহার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীগণকে অবহিত করা এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ এর ধারা-৪ -এ বর্ণিত পদ্ধতিতে জমা অর্থ প্রদান করা।

২) এই বিধিমালার অধীনে যে ব্যক্তিকে অর্থ প্রদান করা হইবে অথবা বিধি ১৯ অনুযায়ী বিমা পলিসি পুনঃঅ্যাসাইন করা হইবে, উক্ত ব্যক্তি অপ্রকৃতিস্থ হইলে তাহাকে প্রদান না করিয়া অপ্রকৃতিস্থতা আইন, ১৯১২

[1] ১৯ অক্টোবর ২০০৯ তারিখে প্রজ্ঞাপিত এস.আর.ও নং- ২৩৪-আইন/ ২০০৯ ধারা(খ) দ্বারা সন্নিবেশিত।

-এর অধীনে ম্যানেজার নিয়োগকৃত হইলে উক্ত অপ্রকৃতস্থকে অর্থ প্রদান বা পুনঃঅ্যাসাইন না করিয়া উক্ত ম্যানেজারকে প্রদান বা অ্যাসাইন করিতে হইবে।

৩) এই বিধির অধীনে অর্থের দাবি করিতে হইলে হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে লিখিত আবেদন করিতে হইবে। প্রদেয় অর্থ বাংলাদেশের মধ্যে টাকায় প্রদেয় হইবে।

টীকা: ১। তহবিলে চাঁদাদাতার জমারূপে স্থিত অর্থ বিধি-২০ ও ২১ -এর অধীনে প্রদেয় হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা প্রদেয় [1] অর্থের যে অংশ সম্পর্কে কোনো সন্দেহ বা বিরোধ নাই তাহা প্রদানের জন্য তরিৎ ব্যবস্থ গ্রহণ করিবেন, এবং অবশিষ্টাংশ যথাশীঘ্র সম্ভব সমন্বয় করিতে হইবে।

২। কোনো মনোনয়ন বা বৈধ মনোনয়ন না থাকার ক্ষেত্রে তহবিলে চাঁদাদাতার জমা অর্থের পরিমাণ ৫,০০০/- টাকা বা উহার কম হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা যথাযথ তদন্তের পরে চাঁদাদাতার সেই উত্তরাধিকারীগণকে অর্থ প্রদান করিতে পারিবেন যাহাদিগকে তাহার নিকট অন্যভাবেও উহার পাইবার অধিকারী বলিয়া মনে হয়।

৩। তহবিলে তাহার অবসরগ্রহণের সময়ে তাহার পুঞ্জীভূত অর্থ হইতে তাহাদিগকে প্রদেয় বা চাঁদাদাতার মনোনীত ব্যক্তিকে বা উত্তরাধিকারীগণকে চাকরিতে থাকা অবস্থায় চাঁদাদাতার মৃত্যু ঘটিলে বা তাহার অবসর গ্রহণের পরে তাহার পুঞ্জীভূত অবণ্টিত অর্থ হইতে চাঁদাদাতা কর্তৃক প্রদেয় বলিয়া নির্ধারিত অর্থের কোনো বিয়োজন সরকারের পক্ষে ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ -এর ধারা ৩ -এর উপধারা ১ -এর সহিত অসামঞ্জস্যপূর্ণ হইবে। সর্বোত্তম পন্থা হইতেছে পুনঃপ্রদানকে একটি দ্বিতীয় লেনদেন হিসাবে গণ্য করা।

**প্রদেয় ভবিষ্য তহবিল হইতে স্থানান্তর:**

২৩। ১) প্রদেয় ভবিষ্য তহবিলের চাঁদাদাতা কোনো সরকারি কর্মচারী সরকারের অধীনে কোনো পেনশনযোগ্য চাকরিতে স্থায়ীভাবে বদলি হইলে তিনি উক্ত চাকরিতে নিজ পছন্দ অনুযায়ী-

ক) প্রদেয় ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিতে পারিবেন এবং এই ক্ষেত্রে তিনি কোনো পেনশন লাভের অধিকারী হইবেন না বা সাধারণ ভবিষ্য তহবিলেও চাঁদা প্রদান করিতে পারিবেন না, অথবা

খ) চাকরি পেনশনের জন্য গণনা করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে তাহাকে প্রদেয় ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বন্ধ করিতে এবং সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান শুরু করিতে হইবে। প্রদেয় ভবিষ্য তহবিলে তাহার চাঁদা এবং সরকারের দান মিলিতভাবে তদুপরি সুদ [অথবা বৃদ্ধি] [১] সমেত তাহার অনুকূলে জমারূপে স্থিত সমগ্র অর্থ তাহার সাধারণ ভবিষ্য তহবিল হিসাব-এ জমা হইবে এবং তাঁহার বদলি-পরবর্তী চাকরিকাল পেনশনের জন্য গণনা করা হইবে। অবশ্য কোনো ক্ষেত্রে সরকার যদি বিশেষ বিবেচনায় যে অতীত চাকরিকালে প্রদেয় ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিয়াছেন তাহাও গণনা করার সিদ্ধান্ত গ্রহণ করে তাহা হইলে উক্ত ক্ষেত্রে প্রদেয় ভবিষ্য তহবিলে শুধু তাঁহার প্রদত্ত সুদ [১] [অথবা বৃদ্ধি]সমেত তাহার ভবিষ্য তহবিলের হিসাব-এ স্থানান্তরিত হইবে এবং সরকারের প্রদত্ত অর্থ উহার সুদ [১] [অথবা বৃদ্ধি] সমেত সরকারকে ফেরৎ দিতে হইবে এবং তাহা সাধারণ রাজস্ব খাতে জমা দিতে হইবে।

২) পেনশনযোগ্য চাকরিতে তাঁহাকে স্থায়ীভাবে বদলির আদেশের তারিখের ছয় মাসের মধ্যে চাঁদাদাতা উপ বিধি (১) -এর অধীনে তাঁহার পছন্দের কথা পত্র দ্বারা হিসাবরক্ষণ কর্মকর্তাকে জানাইবেন, ঐ সময়কালের মধ্যে হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসে তাহা প্রাপ্ত না হইলে ধরিয়া লওয়া হইবে যে, চাঁদাদাতা প্রদেয় ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখার পক্ষে তাঁহার পছন্দ প্রয়োগ করিয়াছেন।

**প্রদেয় ভবিষ্য তহবিলে প্রবেশ লাভ:**

২৪। তহবিলের কোনো চাঁদাদাতা পরবর্তী সময়ে প্রদেয় তহবিলে প্রবেশলাভ করিলে তাহার প্রদত্ত চাঁদা তদুপরি সুদ [১] [অথবা বৃদ্ধি]সহ প্রদেয় ভবিষ্য তহবিলে তাহার হিসাবে স্থানান্তরিত হইবে। যে সময়কালে তিনি প্রদেয় ভবিষ্য তহবিলের সুবিধা পাইবেন তাহা পেনশনের জন্য গণনাযোগ্য হইবে না।

**পদ্ধতি সংক্রান্ত বিধি:**

২৫। এই বিধিমালার অধীনে তহবিলে প্রদত্ত সমুদয় অর্থ সাধারণ ভবিষ্য তহবিল নামের সরকারি হিসাব বহিতে জমা হইবে। এই বিধিমালা অনুসারে প্রদেয় হওয়ার পর ছয় মাসের মধ্যে এবং হিসাবরক্ষণ অফিস কর্তৃক অবহিতকরণের পর ছয় মাসের মধ্যে যে সকল অর্থ গ্রহণ করা হয় নাই তাহা বৎসরের শেষে 'আমানতসমূহ' খাতে স্থানান্তরিত হইবে এবং আমানতসমূহ সংক্রান্ত প্রচলিত সাধারণ বিধিসমূহের অধীনে তাহা পরিচালিত হইবে।

---

[1] ১৯ অক্টোবর ২০০৯ তারিখে প্রজ্ঞাপিত এস.আর.ও নং- ২৩৪-আইন/ ২০০৯ ধারা(খ) দ্বারা সন্নিবেশিত।

**চাঁদাদাতা হিসাব নম্বর:**

২৬। বেতন হইতে কর্তন দ্বারা হউক বা নগদ অর্থে হউক চাঁদা প্রদানের সময় হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক জ্ঞাপনকৃত তহবিলস্থ তাঁহার হিসাবের নম্বরটি উল্লেখ করিতে হইবে। হিসাব নম্বরের যে কোনো পরিবর্তনও একইভাবে হিসাবরক্ষণ কর্মকর্তা চাঁদাদাতাকে জ্ঞাপন করিবেন।

**চাঁদাদাতার হিসাব বিবরণী:**

২৭। ১) প্রতিটি বৎসরের শেষে যত শীঘ্র সম্ভব হিসাবরক্ষণ কর্মকর্তা প্রত্যেক চাঁদাদাতার নিকট তহবিলে চাঁদাদাতার হিসাবের একটি বিবরণী প্রেরণ করিবেন। তাহাতে উক্ত বৎসরের প্রথম দিনের প্রারম্ভিক জের গোটা বৎসরটিতে চাঁদাদাতার জমাকৃত বা বিয়োজিত মোট অর্থ, ৩০শে জুনে সুদ [১] [অথবা বৃদ্ধি] বাবদ জমার মোট পরিমাণ এবং উক্ত তারিখের সমাপনী জের দেখাইতে হইবে। হিসাবরক্ষণ কর্মকর্তা হিসাব বিবরণীর সহিত নিম্নোক্ত তথ্যাদি সম্পর্কে জানিতে চাহিয়া অনুসন্ধান পত্র সংযুক্ত করিবেন-

ক) তিনি মনোনয়ন প্রেরণ করিয়াছেন কি না অথবা মনোনয়ন বিধি- ৬ বা আগে বলবৎ ছিল এমন বিধি অনুসারে ইতিপূর্বে প্রেরিত মনোনয়নে কোনো পরিবর্তন করিতে আগ্রহী কি না;

খ) বিধি- ৬ -এর উপ-বিধি (১) -এর প্রবিধি অনুসারে চাঁদাদাতা তাঁহার পরিবারের কোনো সদস্যের পক্ষে মনোনয়ন প্রদান করেন নাই এমন ক্ষেত্রে, তাহার কোনো পরিবার হইয়াছে কি না।

২) চাঁদাদাতার বাৎসরিক হিসাব বিবরণীর শুদ্ধতা সম্পর্কে স্বয়ং নিশ্চিত হওয়া এবং কোনো ভুল বিবরণী প্রাপ্তির ছয় মাসের মধ্যে হিসাবরক্ষণ কর্মকর্তার গোচরে আনা কর্তব্য।

৩) হিসাবরক্ষণ কর্মকর্তা চাহিলে চাঁদাদাতা সর্বশেষ যে মাসের হিসাব লিখিত হইয়াছে তাহার শেষে তহবিলে তাহার জমারূপে স্থিত মোট অর্থের পরিমাণ চাঁদাদাতাকে অবহিত করিবেন।

## প্রথম তফশিল
## মনোনয়ন ফরম

i. যখন চাঁদাদাতার পরিবার থাকিবে এবং তিনি পরিবারের একজন সদস্যকে মনোনয়ন প্রদানের ইচ্ছা পোষণ করেন:

আমি স্বজ্ঞানে নিম্নোক্ত ব্যক্তিকে মনোনীতক নিয়োগ করিলাম, যিনি আমার পরিবারের অন্তর্ভুক্ত, যাহার বিষয়ে সাধারণ ভবিষ্য তহবিল ও প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা, ১৯৭৯ তে উল্লেখ করা হইয়াছে এবং যিনি আমার মৃত্যুতে মৃত্যুকালীন সময় পর্যন্ত আমার হিসাবে জমাকৃত চাঁদা এবং সুদ [অথবা বৃদ্ধি] [1] যাহা আমাকে প্রদানযোগ্য সেই অর্থ গ্রহণের অধিকারী হইবেন।

| মনোনীতকের নাম ও ঠিকানা | চাঁদাদাতার সহিত সম্পর্ক | বয়স |
|---|---|---|
| | | |

তারিখ: দিন --------------- মাস -------------- বছর --------------- স্থান ---------------------------------।

দুইজন স্বাক্ষীর স্বাক্ষর, পদবী ও ঠিকানা:

১। -------------------------------------------------
-------------------------------------------------।

২। -------------------------------------------------
-------------------------------------------------।

চাঁদাদাতার স্বাক্ষর:

ii. যখন চাঁদাদাতার পরিবার থাকে এবং তিনি পরিবারের একাধিক সদস্যকে মনোনয়ন প্রদান করিতে ইচ্ছা প্রকাশ করেন:

আমি স্বজ্ঞানে নিম্নোক্ত ব্যক্তিবর্গকে মনোনীতক নিয়োগ করিলাম, যাহারা আমার পরিবারের অন্তর্ভুক্ত, যাহাদেও বিষয়ে সাধারণ ভবিষ্য তহবিল ও প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা, ১৯৭৯ তে উল্লেখ করা হইয়াছে এবং যাহারা আমার মৃত্যুতে মৃত্যুকালীন সময় পর্যন্ত আমার হিসাবে জমাকৃত চাঁদা [১]এবং সুদ [১] [অথবা বৃদ্ধি] যাহা আমাকে প্রদানযোগ্য সেই অর্থ গ্রহণের অধিকারী হইবেন।

| মনোনীতকের নাম ও ঠিকানা | চাঁদাদাতার সহিত সম্পর্ক | বয়স | *মনোনীতকগণের প্রাপ্য অংশ |
|---|---|---|---|
| | | | |

তারিখ: দিন --------------- মাস -------------- বছর --------------- স্থান ---------------------------------।

দুইজন স্বাক্ষীর স্বাক্ষর, পদবী ও ঠিকানা:

১। -------------------------------------------------
-------------------------------------------------।

২। -------------------------------------------------
-------------------------------------------------।

চাঁদাদাতার স্বাক্ষর:

টীকা: নির্দিষ্ট সময়ে তহবিলে চাঁদদাতার হিসাবে জমা অঙ্কের সম্পূর্ণ অংশের বণ্টন উল্লেখপূর্বক এই ফরম পূরণ করিতে হইবে।

iii. যখন চাঁদাদাতার পরিবার নাই এবং তিনি কোনো ব্যক্তিকে মনোনয়ন প্রদানের ইচ্ছা পোষণ করেন:

[1] ১৯ অক্টোরবর ২০০৯ তারিখে প্রজ্ঞাপিত এস.আর নং- ২৩৪-আইন/ ২০০৯ ধারা(খ) দ্বারা সন্নিবেশিত।

সাধারণ/প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী আমার কোনো পরিবার নাই বিধায় আমি নিম্নোক্ত ব্যক্তিকে মনোনীত করিলাম, যিনি আমার মৃত্যুতে মৃত্যুকালীন সময় পর্যন্ত আমার হিসাবে জমাকৃত চাঁদা ও সুদ [১] [অথবা বৃদ্ধি]যাহা আমাকে প্রদানযোগ্য সেই অর্থ গ্রহণের অধিকারী হইবেন:

| মনোনীতকের নাম ও ঠিকানা | চাঁদাদাতার সহিত সম্পর্ক | বয়স |
|---|---|---|
| | | |

তারিখ: দিন --------------- মাস -------------- বছর --------------- স্থান ---------------------------------।

দুইজন স্বাক্ষীর স্বাক্ষর, পদবী ও ঠিকানা:

১। --------------------------------------------------
--------------------------------------------------।

২। --------------------------------------------------
--------------------------------------------------।

চাঁদাদাতার স্বাক্ষর:

**দ্বিতীয় তফশিল**

প্রযোজ্য ক্ষেত্রে মনোনীতক বাতিলের ফরম

আমার অধিকারের হানি না করিয়া সাধারণ/প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী আমার প্রদত্ত -------------- তারিখে মনোনয়নের ক্ষেত্রে প্রবিধানমালা অনুযায়ী পরিবারের সদস্য যিনি আমার মনোনীতক যদি আমার পূর্বেই মৃত্যুবরণ করেন, তবে সাথে সাথেই এই মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে।

তারিখ: দিন --------------- মাস -------------- বছর --------------- স্থান ---------------------------------।

দুইজন স্বাক্ষীর স্বাক্ষর, পদবী ও ঠিকানা:

১। -------------------------------------------------
-------------------------------------------------।

২। -------------------------------------------------
-------------------------------------------------।

চাঁদাদাতার স্বাক্ষর:

## তৃতীয় তফশিল

সাধারণ ভবি‍ষ্য তহবিল হইতে অগ্রিম গ্রহণের আবেদনপত্র

বরাবর
----------------------------------------------,
----------------------------------------------,
----------------------------------------------,
জনাব,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক আমার সাধারণ ভবিষ্য তহবিল (একাউন্ট নং -------------------------------) এ জমাকৃত মোট টাকা হইতে টা. ------------------------------------------------------------------------------ প্রদানের জন্য আবেদন করিতেছি। আমি নিম্নে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক জবাব প্রদান করিয়াছে:

আপনার বিশ্বস্থ

তারিখ: --------------------------------------

স্থান: ---------------------------------------।

স্বাক্ষর
----------------------------------------

পদবী
---------------------------------------

ঠিকানা
---------------------------------------

**প্রশ্ন** **উত্তর**

১। পূর্ববর্তী বৎসরের ৩ শে জুন আপনার হিসাবে কত টাকা জমা ছিল? (মহা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সর্বশেষ হিসাব রশিদ দাখিল করিতে হইবে, যাহা পরীক্ষা শেষে ফেরৎ প্রদান করা হইবে।)

২। কী কারণে অগ্রিম আবশ্যক হইয়াছে? (প্রয়োজনে পৃথকভাবে বর্ণনা করা হইবে।)

৩। আপনার বর্তমান বেতন কত?

৪। ক) পূর্বে কি কোনো অগ্রিম গ্রহণ করিয়াছেন?
খ) যদি গ্রহণ করিয়া থাকেন, তবে তাহা সম্পূর্ণ পরিশোধিত হইয়াছে কি?

গ) যদি গ্রহণ করিয়া থাকেন, তবে শেষ কিস্তি (সুদ [অথবা বৃদ্ধি][1] সহ) কখন পরিশোধ করিয়াছেন?

ঘ) যদি পূর্বের গৃহীত অগ্রিম সম্পূর্ণ পরিশোধিত না হইয়া থাকে, তবে কয়টি কিস্তি বাকি রহিয়াছে?

৫। কতটি কিস্তিতে অগ্রিম (সুদের ১ [অথবা বৃদ্ধির] কিস্তিসহ) পরিশোধ করিবেন?

৬। তহবিলে জমাকৃত আপনার হিসাব কোনো রকমের সুদ ১ [অথবা বৃদ্ধি] বহন করিতেছে কি?

[1] ১৯ অক্টোরবর ২০০৯ তারিখে প্রজ্ঞাপিত এস.আর নং- ২৩৪-আইন/ ২০০৯ ধারা(খ) দ্বারা সন্নিবেশিত।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF FINANCE
FINANCE DIVISION
REGULATION WING
SECTION – II

# NOTIFICATION

No.MF/R-II/PF-15/78-51(500) Dated: 9.4.81

**Subject: Prompt payment of final withdrawal of General provident fund accumulations.**

The General Provident Fund Rules provide that the amount standing at the credit of a subscriber becomes payable on his death or when he proceeds on leave preparatory to retirement or quits the service; and it is the duty of the Audit Office to intimate to the subscriber or his nominee or heirs that the amount standing at the credit of the subscriber is due for payment and shall make the payment promptly. But these provisions of the rules are not being properly observed. There is a general complaint that the final payment of provident fund accumulation is inordinately delayed as the accounts are not generally finalised are held up causing much harassment and hardship to the recipients.

2. In order to ensure prompt payment of final withdrawal of provident fund accumulation, the following procedure is to be observed henceforth by all concerned.

1) One year before the due date of retirement or the commencement of leave preparatory to retirement, a Government servant will exercise option to discountinue subscription to the fund, if not already done, Under the provision of Rule 5 (2) of the General Provident Fund Rule 1979 and apply for final withdrawal of the fund accumulation.

2) The head of the Ministry/ Division/ Department, in the case of a non-gazetted Government servant or any officer authorised in this behalf will then ask the Audit office to make the final accounts of the G.P. fund of the Government servant ready. If necessary, he as well as the Government servant concerned will make personal efforts to settle with the audit office the matters relating to missing credits etc.

3) The Audit office will expeditiously finalise the G.P. Fund account sufficiently in advance, so that the final payment can be made to the government servant immediately on his retirement or his proceeding on leave preparatory to retirement.

4) When a Government servant retires or otherwise quits the service gefore attaining the age of superannuation or if he expires while in service the Head of the Ministry/ Division/ Department or the Head of the Office as the case may be will request the Audit office to finalise the G.P. Fund accounts of the Government servant on TOP PRIORITY basis and make personal efforts to settle the matters relating to mission credit etc. so that final payment of G.P. Fund accumulation can be made within two months of quitting the service or death of the subscriber.

3. The case, if any, where peculiar difficulties stand in the way of timely payment of final withdrawal of G.P. Fund accumulation, may please be brought to the notice of the Ministry of Finance.

K.M. Ahmed
Joint Secretary
Ministry of Finance, Finance Division

Distribution:

1. All Ministries/ Divisions.
2. All Private Secretaries to Hon'ble President/ Vice-President/ Minister/ State Ministers/ Deputy Minister.
3. All Head of Department/ Directorates.
4. All Commissioners of Divisions.
5. All officers of the Ministry of Finance including Financial Advisers/ Deputy Financial Advisers/ Assistant Financial Advisers.
6. Comptroller and Auditor-General, Bangladesh, Dacca.
7. Accountant General (Civil), Bangladesh, Dacca/ Accountant General, Railway, Chittagong/ Accountant General, Military, Dacca/ Accountant General, Works and WAPDA, Dacca.
8. Additional Accountant General, Foreign Affairs, Dacca.
9. Accountant General, Post, Telegraph and Telephone, Dacca.
10. All Treasury Officers/ District Accounts Officers.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF ESTABLISHMENT
Finance Division

## NOTIFICATION

Dhaka, the 10th August, 1985

No-MF(FD)/R-II/PF-5/85/151-In partial modification of the notification no. MF (RU)/ 1 (5)/ 79/ 28, dated August 8, 1979, the Government have been pleased to re-fix the minimum rates of subscription to the General Provident Fund by the Government servants as follows:

| | | |
|---|---|---|
| i) | Pay up to Tk. 600 per month | 2% |
| ii) | Pay from Tk. 601 to Tk. 1000 per month | 4% |
| iii) | Pay from Tk. 1001 to Tk. 1500 per month | 6% |
| iv) | Pay from Tk. 1501 to Tk. 4, 000 per month | 8% |
| (v) | Pay exceeding Tk. 4, 000 per month | 10% |

The subscription shall be expressed in whole Taka and for this purpose fraction of a Taka shall be rounded to the next higher Taka.
These rates are effective from the 1st July, 1985.
The General Provident Fund Rules, 1979 will be amended accordingly in due course.

By order of the President

G. HOSSAIN
Joint Secretary.

No.MF(FD)/R-II/PF-5/85/151(1000) dated the 10th August, 1985.

Copy forwarded to ----------------------- for information and necessary action.

K.M. KARIM
Senior Scale Section Officer.
Phone No. 235111/ 3688

Distribution:
1. Private Secretary to the President, Banga Bhaban, Dhaka.
2. Principal Staff Officer to the CMLA, Old Assembly House, Tejgaon, Dhaka.
3. Private Secretaries to the Ministers/ State Ministers/ Deputy Minister/ Adviser.
4. All Ministries/ Division (Section-wise)
5. Comptroller and Auditor General, Dhaka.
6. Accountant General (Civil), Bangladesh, Dhaka.
7. Accountant General (Railway), Bangladesh, Chittagong.
8. Accountant General (Military), Bangladesh, Dhaka.
9. Accountant General (Works & WAPDA), Bangladesh, Dhaka.
10. Additional Accountant General (Foreign Affairs), Bangladesh, Dhaka.
11. Accountant General (P.T&T), Bangladesh, Dhaka.
12. Chief Accounts Officers (all Ministries).
13. All Head of the Departments.
14. All Divisional Commissioners.
15. All Deputy Commissioners.
16. All District Accounts Officers.
17. Principal Information Officer, Ministry of Information and Broadcasting.
18. All District Treasury Officers.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ কার্তিক ১৪১৬ বঙ্গাব্দ/ ১৯ অক্টোবর ২০০৯ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং—২৩৪-আইন/২০০৯।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি General provident Fund Rules, 1979 এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:-

উপরিউক্ত Rules এর --

ক) rules 2 এর sub-rules (1) এর clause (d) এর পর নিম্নরূপ নূতন clause (dd) সন্নিবেশিত হইবে, যথা:--
‘(dd) ‘Increment’ means any grant, premium or share declared by the Government’;

খ) সর্বত্র ‘interest’ শব্দের পরিবর্তে, যেখানেই উল্লিখিত হউক, যথাক্রমে ‘interest or increment’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ তারেক
অর্থ সচিব।

# ভবিষ্য তহবিলের সুদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/পি,এফ-২/৮৫/৫৫ তারিখ: ১০/৪/৮৬ইং।

## সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর ১/৭/৮৫ইং তারিখ হইতে সুদের হার ১৪$\frac{১}{২}$ % বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবের অন্তর্ভুক্ত।

স্বাক্ষর/- এ, কে, এম, রশিদ উদ্দিন
উপ-সচিব (প্রবিধি)

নং-অম(অবি)/প্রবি-২/পি,এফ-২/৮৫/৫৫(২০০০) তারিখ: ১০/৪/৮৬ইং।

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি -------------------------------- সমীপে প্রেরিত হইল।

কে, এম, করিম
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-২৩০০০/৩৬৮৮

বন্টন:

১। প্রধান সামরিক আইন প্রশাসক মহোদয়ের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। রাষ্ট্রপতি/ উপ-প্রধান সামরিক আইন প্রশাসক/ মন্ত্রী/ উপদেষ্টা মহোদয়গণের ব্যক্তি. সচিব।
৩। সকল মন্ত্রণালয়/ বিভাগ।
৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। মহা হিসাবরক্ষক (সিভিল), সেগুনবাগিচা, ঢাকা।
৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স, ঢাকা।
৭। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান।
৮। সকল বিভাগীয় কমিশনার।
৯। মহা হিসাব নিরীক্ষক (রেলওয়ে), চট্টগ্রাম।
১০। মহা হিসাব নিরীক্ষক (ওর্য়াকস এণ্ড ওয়াপদা), ঢাকা।
১১। মহা হিসাব নিরীক্ষক (পি, টি এণ্ড টি), ঢাকা।
১২। সকল মন্ত্রণালয়ের চীফ একাউন্টস অফিসার।
১৩। সকল জেলা প্রশাসক।
১৪। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
১৫। সকল উপজেলা একাউন্টস অফিসার।
১৬। সকল উপজেলা নির্বাহী অফিসার।
১৭। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। অর্থ বিভাগের সকল অফিসার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/পি,এফ-২/৮৫/৭৫ তারিখ: ২০/৪/৮৫ইং।

## সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর ১/৭/৮৪ইং তারিখ হইতে সুদের হার ১৪$\frac{১}{২}$% বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল:-

ক) সাধারণ ভবিষ্য তহবিল

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবের অন্তর্ভুক্ত।

স্বাক্ষর/- এ, কে, এম, রশিদ উদ্দিন
উপ-সচিব
২০/৪/৮৫

নং-অম(অবি)/প্রবি-২/পি,এফ-২/৮৫/৭৫(১০০০) তারিখ: ২০/৪/৮৫ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য --------------------------------------------------- সমীপে প্রেরিত হইল।

কে, এম, করিম
উর্ধ্বতন শাখা প্রদান
ফোন নং ২৩০০০/৩৬৮৮

বন্টন:-
১। প্রধান সামরিক আইন প্রশাসকের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁ, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
৩। উপ-প্রধান সামরিক আইন প্রশাসকবৃন্দের একান্ত সচিববৃন্দ।
৪। সকল মন্ত্রী মহোদয়/ উপদেষ্টাগণের একান্ত সচিববৃন্দ।
৫। সকল মন্ত্রণালয়/ বিভাগসমূহ।
৬। মহাহিসাব নিয়ামক ও হিসাব নিরীক্ষক, বাংলাদেশ, ঢাকা।
৭। মহানিয়ন্ত্রক প্রতিরক্ষা অর্থ, বাংলাদেশ, ঢাকা।
৮। সকল দপ্তর/ পরিদপ্তরসমূহের প্রধানগণ।
৯। সকল বিভাগীয় কমিশনার।
১০। মহাহিসাবরক্ষক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
১১। মহাহিসাবরক্ষক (রেলওয়ে), চট্টগ্রাম।
১২। মহাহিসাবরক্ষক (ওয়ার্কস এণ্ড ওয়াপদা), বাংলাদেশ, ঢাকা।
১৩। অতিরিক্ত মহাহিসাবরক্ষক (পররাষ্ট্র বিষয়ক), ঢাকা।
১৪। মহাহিসাবরক্ষক (ডাক, তার ও টেলিফোন), বাংলাদেশ, ঢাকা।
১৫। সকল ডেপুটি কমিশনার।
১৬। সকল জেলা হিসাব কর্মকর্তা।
১৭। সকল উপ-জেলা নির্বাহী কর্মকর্তা।
১৮। প্রিন্সিপাল তথ্য অফিসার, তথ্য ও বেতার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/ভবিষ্য তহবিল-৩/৮৬/১৭৯ তারিখ: ৬/১১/৮৬ইং

## সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারী জমাকৃত টাকার উপর ১/৭/৮৬ইং তারিখ হইতে সুদের হার ১৪$\frac{১}{২}$% বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল:-

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবের অর্ন্তভুক্ত।

এ, কে, এম, রশিদ উদ্দিন
উপ-সচিব (প্রবিধি)

নং-অম(অবি)/প্রবি-২/ভবিষ্য তহবিল-৩/৮৬/১৭৯(২০০০) তারিখ: ৬/১১/৮৬ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ------------------------------------------- সমীপে প্রেরিত হইল।

কে, এম, করিম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২৩৫১১১/৩৬৮৮

বন্টন:

১। প্রধান সামরিক আইন প্রশাসক মহোদয়ের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। রাষ্ট্রপতি মহোদয়ের একান্ত সচিব, বঙ্গ ভবন, ঢাকা।
৩। প্রধান সামরিক আইন প্রশাসক মহোদয়গণের ব্যক্তিগত সচিব।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
১০। সচিব সকল মন্ত্রণালয়/ বিভাগ।
১১। মহা হিসাব নিরীক্ষক (বেসামরিক), সেগুনবাগিচা, ঢাকা।
১২। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
১৩। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান
১৪। সকল বিভাগীয় কমিশনার।
১৫। মহা হিসাব নিরীক্ষক (রেলওয়ে), চট্টগ্রাম।
১৬। মহা হিসাব নিরীক্ষক (পি, টিএন্ডটি), ঢাকা।
১৭। মহা হিসাব নিরীক্ষক (ওয়ার্কস এণ্ড ওয়াপদা), ঢাকা।
১৮। সকল মন্ত্রালয়ের চীফ একাউন্টস অফিসার।
১৯। সকল জেলা প্রশাসক।
২০। সকল জেলা হিসাবরক্ষণ অফিসর।
২১। সকল উপজেলা নির্বাহী অফিসার।
২২। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
২৩। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি শাখা- ২

নং-অম (অবি)/প্রবি-২/ভবিষ্য তহবিল-৩/৮৬/১৪১ তারিখ: ৯/৫/৯৪ বাং / ২৬/৮/৮৭ ইং

## সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারী জমাকৃত টাকার উপর ১/৭/৮৭ইং তারিখ হইতে সুদের হার ১৪$\frac{১}{২}$% বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল:-

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবের অর্ন্তভুক্ত।

এম, এম, রহমান
উপ-সচিব (বিধি)

নং-অম (অবি)/প্রবি-২/ভবিষ্য তহবিল-৩/৮৬/১৪১(২০০০) তারিখ: ৯/৫/৯৪ বাং / ২৬/৮/৮৭ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ------------------------------------------ কে প্রেরণ করা হইল।

এম, এ, রহিম মিয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২৩৫১১১/৩৬৮৮

বন্টন:
১। রাষ্ট্রপতির মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গ ভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
১০। সচিব ------------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
১১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
১২। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স, ঢাকা।
১৪। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১৫। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১৬। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
১৭। সকল মন্ত্রালয়ের প্রধান হিসাবরক্ষণ অফিসার।
১৮। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান
১৯। সকল বিভাগীয় কমিশনার।
২০। সকল জেলা প্রশাসক।
২১। সকল জেলা হিসাবরক্ষণ অফিসর।
২২। সকল উপজেলা নির্বাহী অফিসার।
২৩। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
২৪। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। অর্থ বিভাগের সকল অফিসার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি শাখা- ২

নং-অম (অবি)/প্রবি-২/ভবিষ্য তহবিল-৩/৮৬/৮৭ তারিখ: ১১/৭/৮৮ ইং / ২৮/৩/৯৫ বাং

**সিদ্ধান্ত**

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারী জমাকৃত টাকার উপর ১/৭/৮৮ইং তারিখ হইতে সুদের হার $১৪\frac{১}{২}$% বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল:-

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবের অর্ন্তভুক্ত।

মোহাম্মদ সাদেক
উপ-সচিব (প্রবিধি)

নং-অম (অবি)/ প্রবি-২/ ভবিষ্য তহবিল-৩/৮৬/৮৭(১০০০) তারিখ: ১১/৭/৮৮ ইং / ২৮/৩/৯৫ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ------------------------------------------ কে প্রেরণ করা হইল।

মোঃ সিরাজুল ইসলাম
সিঃ সহকারী সচিব (প্রবিধি-২)
ফোন: ২৩৫১১১/৩৬৮৮

১। রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রপতির সচিবালয় (পার্সোনেল বিভাগ), বঙ্গ ভবন, ঢাকা।
২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। সচিব ------------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইনান্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১১। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০/৫৪ তারিখ: ১৯-০৭-৯৪ ইং।

## সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারী জমাকৃত টাকার উপর ১-৭-৯৪ইং তারিখ হইতে সুদের হার ১৩.৫০% এ পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হইল:-

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব।
ফোন: ৩৬৩৪

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০/৫৪ তারিখ: ১৯-০৭-৯৪ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা-কে প্রেরণ করা হইল।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব।

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০/৫৪ তারিখ: ১৯-০৭-৯৪ ইং।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে দেওয়া হইল:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউস, মগবাজার, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত/অতি: সচিব -------------------------------------- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১১। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা, ঢাকা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল মন্ত্রণালয়/ বিভাগ), ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি শাখা- ১

নং- অম(অবি)প্রবিধি- ১/ভবিষ্য- ২/৯০/৬৮(৫০০) তারিখ: ২০/০৭/১৯৯৫ ইং

# সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারী জমাকৃত টাকার উপর ০১/০৭/১৯৯৫ ইং তারিখ হইতে সুদের হার ১৩.৫০% এ পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হইল:

ক) সাধারণ ভবিষ্য তহবিল

খ) প্রদেয় ভবিষ্য তহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত।

০২। এই সুদের হার পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অপরিবর্তিত থাকিবে।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৩৬৩৪

নং- অম(অবি)প্রবিধি- ১/ভবিষ্য- ২/৯০/৬৮(৫০০) তারিখ: ২০/০৭/১৯৯৫ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকাকে প্রেরণ করা হইল।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব

নং- অম(অবি)প্রবিধি- ১/ভবিষ্য- ২/৯০/৬৮(৫০০) তারিখ: ২০/০৭/১৯৯৫ ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইলঃ

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত/অতিরিক্ত সচিব.......................... (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
৭। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, শেরে- বাংলা নগর, ঢাকা।
৯। হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ) চট্টগ্রাম।
১০। হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
১১। হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), কাকরাইল, ঢাকা।
১২। পরিচালক, বাণিজ্য নিরীক্ষা, ঢাকা।
১৩। পরিচালক, স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল মন্ত্রণালয়/ বিভাগ), ঢাকা।
১৫। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।

বিমল কান্তি বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি(প্রবিধি-১)/ভবিষ্য-২/৯০(অংশ-১)/ তারিখ: ৬/৮/২০০১ খ্রীঃ

# সিদ্ধান্ত

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সরকার ২০০১-২০০২ অর্থ বছরের সুদের হার ১৩% বহাল রাখিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:

(ক) সাধারণ ভবিষ্য তহবিল।
(খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভূক্ত।

মোঃ শামসুজ্জোহা
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
ফোন: ৮৬১৯৫০৭

নং-অম/অবি(প্রবিধি-১)/ভবিষ্য-২/৯০(অংশ-১)/ তারিখ: ৬/৮/২০০১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
৯। জেলা প্রশাসক ---------------------------------------------------- সকল। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল মন্ত্রণালয়/ বিভাগ), ঢাকা।
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা---------------------------------------------------- (সকল জেলা)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১২। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।

আঃ হাঃ মোঃ জিয়াউল হক
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১০৯ তারিখ: ১২-৮-২০০২ খ্রিঃ / ২৮-৪-১৪০৯ বাং

সিদ্ধান্ত

সরকার ২০০২-২০০৩ অর্থ বছরের জন্য নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

এ, বি, এম, আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৮৬১৬৮০৩

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১০৯(৫০০) তারিখ: ১২-৮-২০০২ খ্রিঃ / ২৮-৪-১৪০৯ বাং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৬। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, কাকরাইল, ঢাকা।
৭। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৯। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
১০। জেলা প্রশাসক ( --------------------------------------সকল)।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল মন্ত্রণালয়/ বিভাগ), ঢাকা।
১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা -------------------------------------- (সকল জেলা)।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৩। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।

(মোঃ শরাফত আলী)
সহকারী সচিব
ফোন: ৮৬২১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১০৭ তারিখ: ২৫-৮-২০০৩ খ্রিঃ / ১০-৫-১৪১০ বাং

## সিদ্ধান্ত

সরকার ২০০৩-২০০৪ অর্থ বছরের জন্য নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

এ, বি, এম, আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৭১৬৬৮০৩

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১০৭(৫০০) তারিখ: ২৫-৮-২০০৩ খ্রিঃ / ১০-৫-১৪১০ বাং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, কাকরাইল, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ। সচিবালয় ভবন (৩য় ফেজ) সেগুনবাগিচা, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৯। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম ১২ তলা অফিস ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১০। অতিরিক্ত মহা পরিচালক(অর্থ) বাংলাদেশ রেলওয়ে, বেলভবন আঃ গণি রোড, ঢাকা।
১১। বিভাগীয় কমিশনার ---------------------------------------।
১২। অর্থ বিভাগের সকল অনুবিভাগ ( --------------------------------------)।
১৩। জেলা প্রশাসক ( --------------------------------------সকল)।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -------------------------------------- সকল মন্ত্রণালয়/ বিভাগ), ঢাকা।
১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, --------------------------------------------------- (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৮৬২১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১২৩ তারিখ: ২১-৮-২০০৪ খ্রিঃ / ৬ই ভাদ্র, ১৪১১ বাং

## সিদ্ধান্ত

সরকার ২০০৪-২০০৫ অর্থ বছরের জন্য নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

এ, বি, এম, আবুল কাশেম
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোন: ৭১৩৯৬৪৫

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/৯০(অংশ-১)/১২৩(৫০০) তারিখ: ২১-৮-২০০৪ খ্রিঃ / ৬ই ভাদ্র, ১৪১১ বাং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে দেওয়া হইল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, কাকরাইল, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। অতিরিক্ত সচিব (সকল)।/অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (সকল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। বিভাগীয় কমিশনার --------------------------------------।
১৩। জেলা প্রশাসক ( --------------------------------------সকল)।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) -------------------------------------।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৮৬২১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/১১৮ তারিখ: ২৬-০৪-১৪১২ বঙ্গাব্দ / ১০-৮-২০০৫ খ্রিষ্টাব্দ

## অফিস স্মারক

সরকার ২০০৫-২০০৬ অর্থ বছরের জন্য নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

মোহাম্মদ আলী খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/১১৮ তারিখ: ২৬-০৪-১৪১২ বঙ্গাব্দ / ১০-৮-২০০৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব --------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৫। বিভাগীয় কমিশনার (সকল) ---------------------------------------------------।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকি, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। অতিরিক্ত মহা পরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক -------------------------------------- (সকল বিভাগ) তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) --------------------------------------।

তপন কান্তি মজুমদার
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/১১২ তারিখ: ২৯-০৫-১৪১৩ বাংলা / ১৩-০৯-২০০৬ খ্রিঃ

## অফিস স্মারক

নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সরকার ২০০৬-২০০৭ অর্থ বছরের জন্য সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

মোঃ কুদ্দুস খান
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/১১২(৪৩) তারিখ: ২৯-০৫-১৪১৩ বাংলা / ১৩-০৯-২০০৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৫। বিভাগীয় কমিশনার (সকল) --------------------------------------।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকি, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। অতিরিক্ত মহা পরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক -------------------------------------- (সকল বিভাগ) তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) --------------------------------------।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/ তারিখ: ১৪/১১/২০০৭ খ্রিঃ / ৩০/০৭/১৪১৪ বাং

## অফিস স্মারক

সরকার ২০০৭-২০০৮ অর্থ বছরের জন্য নিম্নলিখিত তহবিলের আমানত ও চাঁদা প্রদানকারীর জমাকৃত টাকার উপর সুদের হার ১২.৫০% নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) সাধারণ ভবিষ্য তহবিল।

খ) প্রদেয় ভবিষ্য কহবিল যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাব অন্তর্ভুক্ত।

রাজিয়া বেগম এনডিসি
যুগ্ম-সচিব
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

নং-অম/অবি/প্রবিধি-১/ভবিষ্য-২/২০০৫/ তারিখ: ১৪/১১/২০০৭ খ্রিঃ / ৩০/০৭/১৪১৪ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অডিট হাউজ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব ---------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৫। বিভাগীয় কমিশনার (সকল) ----------------------------------------------------।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকি, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৮। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। অতিরিক্ত মহা পরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক -------------------------------------------------- (সকল বিভাগ)
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ---------------------------------------------------।

মোঃ ইউনুছ আলী খান
সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৭

নং-অম/অবি/প্রবিধি-৭/ভবিষ্য তহবিল-২/২০০৮/০২ তারিখ: ০৪/০৬/১৪১৫ বাং / ১৯/১০/২০০৮ খ্রিঃ

## অফিস স্মারক

